# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 27, 1865.

মঙ্গলবার ১৮৬৫ সাল ২৭ জুন।

## HOME DEPARTMENT.

### LEGISLATIVE.

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 15th March 1865, and is hereby promulgated for general information :—

### ACT No. XI OF 1865.

*An Act to consolidate and amend the Law relating to Courts of Small Causes beyond the local limits of the ordinary original Civil jurisdiction of the High Courts of Judicature.*

[Preamble.]

WHEREAS it is expedient to consolidate and amend the law relating to Courts of Small Causes beyond the local limits of the ordinary original Civil jurisdiction of the High Courts of Judicature; It is enacted as follows :—

I. In this Act, unless there be something repugnant in the subject or context—

[Number.]

Words importing the singular number include the plural, and words importing the plural number include the singular.

## হোম ডিপার্টমেণ্ট।

### ব্যবস্থাপক।

মন্ত্রিসভাগত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত পশ্চাৎ লিখিত আইনে উক্ত মহিমবর ১৮৬৫ সালের ১৫ মার্চ তারিখে আপন সম্মতি দিলেন, অতএব তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

### ১৮৬৫ সালের ১১ আইন।

ধর্ম্মাধিকরণ নির্ব্বাহক হাই কোর্টের সাধারণ প্রথম-স্থলীয় দেওয়ানী বিচারাধিপত্যের স্থানীয় সীমার বহির্ভূত ক্ষুদ্র মোকদ্দমার আদালত বিষয়ক ব্যবস্থা সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন।

[হেতুবাদ।]

ধর্ম্মাধিকরণ নির্ব্বাহক হাই কোর্টের সাধারণ প্রথম-স্থলীয় দেওয়ানী বিচারাধিপত্যের স্থানীয় সীমার বহির্ভূত ক্ষুদ্র মোকদ্দমার আদালত বিষয়ক ব্যবস্থা সংগ্রহ ও সংশোধন করা বিহিত, এই হেতু পশ্চাৎ লিখিত বিধান প্রচার করা গেল।

[অর্থ করণের ধারা।]

১ ধারা। বিষয়ের কি পূর্ব্বাপর কথা বুঝিয়া অসঙ্গত বোধ না হইলে এই আইনে—

[বচন।]

একবচনান্ত শব্দে সেই অর্থের বহুবচনান্ত শব্দ, ও বহুবচনান্ত শব্দে সেই অর্থের একবচনান্ত শব্দও বুঝাইবে।

[Gender.]

Words importing the masculine gender include females.

[" Judge."]

" Judge" includes an Acting Judge.

[" Section."]

" Section" means a Section of this Act.

[" Court of Small Causes."]

" Court of Small Causes" means a Court constituted under this Act.

[" Local Government." " High Court."]

And, in every part of British India in which this Act operates, " Local Government" denotes the person authorized to administer the Executive Government in such part, and " High Court" denotes the highest Civil Court of Appeal having jurisdiction therein.

[Repeal of Acts XLII of 1860 and XII of 1861.]

II. Act XLII of 1860 *(for the establishment of Courts of Small Causes beyond the local limits of the jurisdiction of the Supreme Courts of Judicature established by Royal Charter)* and Act XII of 1861 *(to amend Act XLII of 1860)* are hereby repealed: Provided that any Courts of Small Causes now in existence which shall have been constituted under Act No. XLII of 1860 shall be considered as constituted under this Act within the territorial limits of the jurisdiction assigned to such Courts under the said Act XLII of 1860 or which may hereafter be assigned to them under the next following Section, and shall be subject to all the provisions contained herein; and all suits and proceedings pending in any such Courts shall be heard and determined in the same manner as suits and proceedings are required to be heard and determined under this Act; but this Act shall not in any way invalidate or alter the effect of anything which shall have been done in any such suit or proceeding prior to the commencement of this Act.

[Constitution of Small Cause Courts. Limits of their territorial jurisdiction to be fixed by Local Government.]

III. The Local Government may, with the previous sanction of the Governor General of India in Council, constitute, for the trial of suits under this Act, Courts of Small Causes with such establishment of Officers as may be necessary, at any places within the Territories under such Government. Whenever a Court of Small Causes shall be so constituted, the Local Government shall fix the territorial limits of the jurisdiction of such Court, and may from time to time alter the limits so fixed. The Local Government may abolish any Court of Small Causes.

[লিঙ্গ।]

পুংলিঙ্গবোধক শব্দে স্ত্রীলোককেও বুঝাইবে।

["জজ"।]

"জজ" শব্দে একুটিং জজকেও বুঝাইবে।

["ধারা"।]

"ধারা" শব্দে এই আইনের ধারা বুঝাইবে।

["ক্ষুদ্র মোকদ্দমার আদালত"।]

"ক্ষুদ্র মোকদ্দমার আদালত" নামে এই আইনমতে স্থাপিত আদালত বুঝাইবে।

["স্থানীয় গবর্ণমেন্ট" ও "হাই কোর্ট"।]

এবং ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন অংশে এই আইন প্রবল হইবে, "স্থানীয় গবর্ণমেন্ট" এই কথাতে সেই অংশে রাজকার্য্য নির্ব্বাহ করিতে ক্ষমতাপন্ন ব্যক্তিকে বুঝাইবে, ও "হাই কোর্ট" এই কথাতে তথায় বিচারাধিপত্যবিশিষ্ট উচ্চতম দেওয়ানি আপীল আদালত বুঝাইবে ইতি।

[১৮৬০ সালের ৪২ আইন ও ১৮৬১ সালের ১২ আইন রহিত হইবার কথা।]

২ ধারা। ১৮৬০ সালের ৪২ আইন (অর্থাৎ রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত সুপ্রিম কোর্টের এলাকার সীমানার বাহিরে ক্ষুদ্র মোকদ্দমার আদালত স্থাপন করিবার আইন) এবং ১৮৬১ সালের ১২ আইন (অর্থাৎ ১৮৬০ সালের ৪২ আইন সংশোধন করিবার আইন,) এই ২ আইন ইহাদ্বারা রহিত হইল, তথাপি ক্ষুদ্র মোকদ্দমার যে কোন আদালত ১৮৬০ সালের ৪২ আইনমতে স্থাপিত হইয়া অদ্যাপি বর্ত্তমান আছে, তাহা উক্ত ১৮৬০ সালের ৪২ আইনের বলে তদ্রূপ আদালতকে প্রদত্ত কি ইহার অব্যবহিত পর ধারার বলে দাতব্য বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে এই আইনমতে স্থাপিত আদালত বলিয়া জ্ঞান হইবে, এবং ইহাতে প্রকাশিত সকল বিধানের অধীন হইবে। এবং তদ্রূপ কোন আদালতে যদি কোন মোকদ্দমা কি বিচারকার্য্য মুলতবী থাকে, তবে মোকদ্দমা প্রভৃতি বিচারকার্য্য শুনিবার ও নিষ্পন্ন করিবার যে প্রথা এই আইনের বলে অবলম্বন করিতে হয়, সেই প্রথানুসারে তাহা শুনিতে ও নিষ্পন্ন করিতে হইবে। কিন্তু তদ্রূপ কোন মোকদ্দমা কি বিচারকার্য্যক্রমে এই আইন প্রবল হইবার আরম্ভকালের পুর্ব্বে যাহা করা গিয়াছে, তাহা এই আইনেতে কোন মতে অসিদ্ধ হইবে না ও তাহার সফলতা হ্রাস পাইবে না ইতি।

[ক্ষুদ্র মোকদ্দমার আদালত স্থাপনের কথা, ও স্থানীয় গবর্ণমেন্টদ্বারা তাহার স্থানীয় বিচারাধিপত্যের সীমা নিরূপণীয় হইবার কথা।]

৩ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট অগ্রে মন্ত্রিসভাগত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি লইয়া আপনার অধীন প্রদেশের অন্তর্গত কোন স্থানে এই আইনমতে মোকদ্দমার বিচারার্থে ক্ষুদ্র মোকদ্দমার আদালত স্থাপন করিতে পারিবেন, ও সেই আদালতকে প্রয়োজনীয় সংখ্যার আমলা প্রভৃতি কর্ম্মচারিদিগকে দিতে পারিবেন। তদ্রূপ ক্ষুদ্র মোকদ্দমার আদালত স্থাপিত হইলে স্থানীয় গবর্ণমেন্ট সেই আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমা অবধারণ করিবেন, ও তদ্রূপ অবধারিত সীমা সময়ে২ পরিবর্ত্তন করিতে পারিবেন। স্থানীয় গবর্ণমেন্ট ক্ষুদ্র মোকদ্দমার কোন আদালত উঠাইয়া দিতে পারিবেন ইতি।

[Seal of the Court. Court to be generally subject to the High Court.]

IV. Every Court of Small Causes shall use a seal bearing the following inscription in English and in the language of the Court—"Court of Small Causes of         "—and shall be subject to the general control and orders of High Court.

[Places where Courts to be held.]

V. Courts of Small Causes shall be held at such place or places within the local limits of their respective jurisdictions as shall from time to time be appointed by the Local Government.

[Suits cognizable by Small Cause Courts. Proviso.]

VI. The following are the suits which shall be cognizable by Courts of Small Causes, namely, claims for money due on bond or other contract, or for rent, or for personal property, or for the value of such property, or for damages when the debt, damage, or demand does not exceed in amount or value the sum of five hundred Rupees whether on balance of account or otherwise: Provided that no action shall lie in any such Court:—

(1.) On a balance of partnership account, unless the balance shall have been struck by the parties or their agents:

(2.) For a share or part of a share under an intestacy, or for a legacy or part of a legacy under a Will:

(3.) For the recovery of damages on account of an alleged personal injury, unless actual pecuniary damage shall have resulted from the injury:

(4.) For any claim for the rent of land or other claim for which a suit may now be brought before a Revenue Officer, unless, as regards arrears of rent for which such suit may be brought, the Judge of the Court of Small Causes shall have been expressly invested by the Local Government with jurisdiction over claims to such arrears.

[Power to extend jurisdiction of Small Cause Courts to Rupees 1,000.]

VII. The Local Government may extend the jurisdiction of any Court of Small Causes in suits of the nature described in the last preceding Section and thereby made cognizable by Courts of Small Causes to an amount not exceeding one thousand Rupees.

[Jurisdiction of the Courts.]

VIII. Courts of Small Causes may try all such suits as are described in the sixth Section and thereby made cognizable by Courts of Small Causes if the defendant, at the time of

[ঐ আদালতের মোহরের কথা, ও সামান্যতঃ ঐ আদালত হাই কোর্টের অধীন হইবার কথা।]

৪ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার প্রত্যেক আদালত একং মোহর ব্যবহার করিবেন, তাহাতে ইংরাজী ভাষাতে ও আদালতের চলিত ভাষাতে খোদিত "অমুক স্থানের ক্ষুদ্র মোকদ্দমার আদালত" এই কথা থাকিবে, ও তদ্রূপ প্রত্যেক আদালত হাই কোর্টের সাধারণ কর্তৃত্বের ও আজ্ঞার অধীন থাকিবে ইতি।

[আদালতের অধিবেশন যে স্থানে হইবে তাহার কথা।]

৫ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার একং আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার অন্তর্গত যে এক কি অধিক স্থান সময়েং স্থানীয় গবর্ণমেন্টদ্বারা নিরূপিত হইবে, তথায় ঐ আদালতের অধিবেশন হইবে ইতি।

[যেং মোকদ্দমা ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য তাহার কথা ও উপনিয়ম।]

৬ ধারা। পশ্চাৎ লিখিত সকল বিষয়ের মোকদ্দমা ক্ষুদ্র মোকদ্দমার আদালতে বিচার্য্য হইবে, অর্থাৎ খতের কি অন্য বন্দোবস্তের বলে পাওনা টাকার, কি খাজানার কি ভাড়ার কি অস্থাবর সম্পত্তির কি তদ্রূপ সম্পত্তির মূল্যের কি ক্ষতিপূরণের দাওয়া, কিন্তু সেই পাওনা টাকা কি ক্ষতিপূরণ কি দাওয়ার মোট কি মূল্য, হিসাবের বাকী হউক কি প্রকারান্তরের হউক, যেন পাঁচ শত টাকার অধিক না হয়। পরন্তু তদ্রূপ কোন আদালতে পশ্চাৎ লিখিত কএক বিষয়ের মোকদ্দমা বিচার্য্য হইবে না, অর্থাৎ—

(১) সমুয়সমুত্থানের হিসাবের বাকী। কিন্তু পক্ষ ব্যক্তিরা কি তাঁহাদের এজেন্টেরা এমত বাকী স্থির করিলে তাহা বিচার্য্য বিষয় হইতে পারিবে।

(২) চরমপত্রাভাবঘটিত অংশ কি এমত অংশের ভাগ, কিম্বা চরমপত্রের বলে চরমদান কি চরমদানের কোন অংশ পাইবার দাওয়া।

(৩) শারীরিক হানি প্রতীয়মান হইলে তৎপ্রযুক্ত ক্ষতিপূরণের দাওয়া। কিন্তু সেই শারীরিক হানিতে যদি বাস্তবিক টাকার ক্ষতি হইয়া থাকে, তবে তাহা বিচার্য্য বিষয় হইতে পারিবে।

(৪) ভূমির খাজানাঘটিত প্রভৃতি যেং প্রকারের দাওয়ার জন্যে এখন রাজস্ব সম্পর্কীয় কার্য্যকারকের সম্মুখে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারে এমত কোন দাওয়া। কিন্তু যদি স্থানীয় গবর্ণমেন্ট ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজকে বাকী খাজানা জন্য দাওয়া বিষয়ক বিচারাধিপত্য স্পষ্টাক্ষরে দিয়া থাকেন, তবে বাকী খাজানার বিষয়ে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে ইতি।

[ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচারাধিপত্য এক সহস্র টাকা পর্য্যন্ত বাড়াইবার ক্ষমতার কথা।]

৭ ধারা। যেং প্রকারের মোকদ্দমা ইহার অব্যবহিত পূর্ব্ব ধারাতে বর্ণিত করিয়া তদ্দ্বারা ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য করা গিয়াছে, তাহার বিষয়ে ক্ষুদ্র মোকদ্দমার কোন আদালতের বিচারাধিপত্য এক সহস্রের অনধিক টাকা পর্য্যন্ত বাড়াইতে স্থানীয় গবর্ণমেন্ট ক্ষমতাপন্ন হইবেন ইতি।

[আদালতের বিচারাধিপত্যের কথা।]

৮ ধারা। যেং প্রকারের মোকদ্দমা ৬ ধারাতে বর্ণনা করিয়া ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য করা গিয়াছে, ক্ষুদ্র মোকদ্দমার আদালত সেইং প্রকারের সকল মোকদ্দমার বিচার করিতে পারিবেন। কিন্তু

the commencement of the suit, shall dwell, or personally work for gain or carry on business, within the local limits of the jurisdiction of such Court; or if the cause of action arose within the said local limits, and the defendant, at the time of the commencement of the suit, shall, by his servant or agent, carry on business or work for gain within those limits.

*Explanations.*—(*a.*) Where a person has a permanent dwelling at one place, and also a lodging at another place for a temporary purpose only, he shall be deemed to dwell at both places in respect of any cause of action arising at the place where he has such temporary lodging.

(*b.*) A Corporation or Company shall be deemed to carry on business at its sole or principal office, or at any place where it has also a subordinate office in respect of any cause of action arising at such place.

(*c.*) The 'business' contemplated in this Section must be carried on at some fixed place for at least a certain time.

[Suits against Government.]

IX. Suits against the Local Government or against the Government of India shall be brought in the Court having jurisdiction at the place which is the seat of such Government.

[Suits against the Secretary of State.]

X. Suits against the Secretary of State shall be brought in the Court having jurisdiction at the place which is the seat of the Local Government for the Territories in which the cause of action arose.

[Substituted service of summons.]

XI. Service of a summons issued under this Act on any servant or agent by whom the defendant may carry on business or work for gain shall be deemed to be good service upon the defendant provided that such agent or servant himself, at the time of such service, personally carries on the business or work for gain for the defendant within the local limits of the jurisdiction of the Court in which the suit is brought.

[Suits cognizable by a Court of Small Causes not to be heard by any other Court having jurisdiction within the local limits. Saving of jurisdiction of Magistrates as to debts. Of Village Moonsiffs and Village or District Panchayats in Madras. Of Military Courts of Requests. Of Officers appointed to try small suits in Madras and Bombay. Or of Millitary Panchayats in Madras.]

XII. Wherever a Court of Small Causes is constituted under this Act, no suit cognizable by

ইহার নিমিত্তে আবশ্যক যে মোকদ্দমার আরম্ভকালে প্রতিবাদী সেই আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে বাস করে কি আপনি লাভার্থ কর্ম্ম করে কি ব্যবসা চালায়, অথবা উক্ত স্থানীয় সীমার মধ্যে বিবাদের হেতু উৎপন্ন হয়, ও মোকদ্দমার আরম্ভকালে প্রতিবাদী আপন চাকর কি এজেণ্ট দ্বারা সেই সীমার মধ্যে ব্যবসা কি লাভার্থ কর্ম্ম চালায়।

ব্যাখ্যা।—(ক) যে ব্যক্তির এক স্থানে নিত্য বসতি আছে, তাহার যদি অচিরস্থায়ি কোন অভিপ্রায়ে অন্য কোন স্থানে বাসাও থাকে, তবে তাহার সেই অচিরস্থায়ি বাসার স্থানে উৎপন্ন কোন বিবাদের হেতুর সম্পর্কে তাহাকে ঐ উভয় স্থানের নিবাসী বলিয়া জ্ঞান করিতে হইবে।

(খ) চার্টরপ্রাপ্ত কি প্রকারান্তরের সমাজ একমাত্র কি প্রধান কার্য্যালয়ে ব্যবসাকারী বলিয়া জ্ঞান হইতে পারিবে, কিম্বা অন্য স্থানে তাহার ছোট কার্য্যালয়ও থাকিলে যদি তথায় বিবাদের হেতু উৎপন্ন হয়, তবে তৎসম্পর্কে সেই স্থানেও ব্যবসাকারী বলিয়া গণ্য হইতে পারিবে।

(গ) এই ধারাতে যে ব্যবসায়ের কথা হইতেছে তাহা যে অবধারিত কোন স্থানে ন্যূনকল্পে বিশেষ পরিমাণের কাল পর্য্যন্ত চালিত হয় ইহা আবশ্যক ইতি।

[গবর্ণমেণ্টের বিপক্ষ মোকদ্দমার কথা।]

৯ ধারা। স্থানীয় গবর্ণমেণ্টের বিপক্ষে কি ভারতবর্ষের গবর্ণমেণ্টের বিপক্ষে মোকদ্দমা উপস্থিত করিতে হইলে যে আদালত উক্ত গবর্ণমেণ্টের অধিবেশনস্থানে বিচারাধিপত্য বিশিষ্ট, তাঁহার সম্মুখে ঐ মোকদ্দমা উপস্থিত করিতে হইবে ইতি।

[শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের বিপক্ষ মোকদ্দমার কথা।]

১০ ধারা। শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের বিপক্ষে মোকদ্দমা উপস্থিত করিতে হইলে বিবাদের হেতু যে প্রদেশে উৎপন্ন হইয়াছে তথাকার স্থানীয় গবর্ণমেণ্টের অধিবেশনস্থানে বিচারাধিপত্যবিশিষ্ট আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে ইতি।

[সমনের প্রতিনিধিঘটিত অর্পণের কথা।]

১১ ধারা। এই আইনমতে সমন জারী হইলে প্রতিবাদী যে চাকর কি এজেণ্টদ্বারা ব্যবসা কি লাভার্থ কর্ম্ম চালায় তাহার প্রতি সমন অর্পণ করিলে তাহা প্রতিবাদির প্রতি উত্তম অর্পণ বলিয়া জ্ঞান হইবে। কিন্তু ইহার নিমিত্তে আবশ্যক যে ঐ মোকদ্দমা যে আদালতে উপস্থিত করা যায় তাঁহার বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে ঐ এজেণ্ট কি চাকর উক্ত অর্পণের সময়ে আপনি প্রতিবাদির পক্ষে ব্যবসা কি লাভার্থ কর্ম্ম চালায় ইতি।

[ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য যে মোকদ্দমা তাহা সেই স্থানের সীমার মধ্যে বিচারাধিপত্য বিশিষ্ট অন্য কোন আদালত শুনিবেন না ইহার কথা, এবং ঋণের সম্পর্কে মাজিষ্ট্রেটদের বিচারাধিপত্য, এবং মান্দ্রাজে গ্রামের মুনসেফদের ও গ্রামের কি জিলার পঞ্চায়তের ও সৈন্য সম্পর্কীয় কোর্ট রিক্বেষ্টের এবং মান্দ্রাজে ও বোম্বাইয়ে ক্ষুদ্র মোকদ্দমার বিচারার্থে নিযুক্ত সেনাপতিদের এবং মান্দ্রাজের সৈন্য সম্পর্কীয় পঞ্চায়তের ক্ষমতা রক্ষণার্থ বর্জ্জিত স্থলের কথা।]

১২ ধারা। এই আইনমতে কোন স্থানে ক্ষুদ্র মোকদ্দমার আদালত স্থাপিত হইলে পর যে কোন মোক-

such Court shall be heard or determined in any other Court having jurisdiction within the local limits of the jurisdiction of such Court of Small Causes: Provided that nothing in this Act shall be held to take away the jurisdiction which a Magistrate, or a person exercising the powers of a Magistrate, or an Assistant or Deputy Magistrate can now exercise in regard to debts or other claims of a Civil nature: or the jurisdiction which can be exercised by Village Moonsiffs or Village or District Punchâyats, under the provisions of the Madras Code; or by Military Courts of Requests, or by Cantonment Joint Magistrates invested with Civil jurisdiction under Act III of 1859 *(for conferring Civil Jurisdiction in certain cases upon Cantonment Joint Magistrates and for constituting those Officers Registers of Deeds)*; or by a single Officer duly authorized and appointed under the Rules in force in the Presidencies of Madras and Bombay respectively for the trial of small suits in Military Bazars, in Cantonments, and Stations occupied by the troops of those Presidencies respectively; or by Punchâyats in regard to suits against Military persons, according to the Rules in force in the Presidency of Madras.

[Judge of Court.]

XIII. Every Court of Small Causes shall (except as hereinafter provided) be held before a Judge appointed by the Local Government, and who shall receive such salary as the Governor General of India in Council may from time to time determine. Such Judge shall be the Judge either of one such Court or of two or more such Courts as the Local Government shall appoint, but, except as hereinafter provided, he shall not exercise any Civil jurisdiction except under the provisions of this Act.

[Power to Judge of several Courts to fix times and dates of circuits and sittings.]

XIV. It shall be lawful for any Judge who is the Judge of two or more Courts of Small Causes to fix, subject to the orders of the Local Government, or, in Territories under the immediate administration of the Government of India, of the Chief Commissioner or other principal Civil Authority, the times at which he will go on Circuit, and the dates on which his sittings in the several Courts of which he is Judge shall commence. Notice of such times and dates shall be published in the Official Gazette and at such places and in such manner as the Local Government or Chief Commissioner or other Authority aforesaid shall think fit to direct in that behalf.

দ্দমা সেই আদালতের বিচার্য্য হয়, তাহা উক্ত ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে বিচারাধিপত্যবিশিষ্ট অন্য কোন আদালতদ্বারা শ্রুত কি নিষ্পন্ন হইতে পারিবে না। তথাপি ঋণের বিষয়ে কি অন্য দেওয়ানী দাওয়ার বিষয়ে মাজিষ্ট্রেট কি মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্মকারি কোন ব্যক্তি কি আসিস্টান্ট কি ডেপুটী মাজিষ্ট্রেট এখন যাহা প্রয়োগ করিতে পারেন, সেই বিচারাধিপত্য, কিম্বা মান্দ্রাজের ব্যবস্থাসংগ্রহের বিধানমতে গ্রামের মুন্সেফেরা কিম্বা গ্রামের কি জিলার পঞ্চায়ত যাহা ব্যবহার করিতে পারেন, কিম্বা সৈন্য সম্পর্কীয় কোর্ট রিকেষ্ট, কিম্বা ১৮৫৯ সালের ৩ আইন (অর্থাৎ সৈন্যদের ছাউনী স্থানের জাইন্ট মাজিষ্ট্রেট সাহেবদিগকে কোন২ স্থানে দেওয়ানী কার্য্য করিবার ক্ষমতা দেওনের ও তাঁহাদিগকে দলীল দস্তাবেজের রেজিষ্টর করণের আইন) মতে দেওয়ানী বিচারাধিপত্য বিশিষ্ট ছাউনী সম্পর্কীয় জাইন্ট মাজিষ্ট্রেট সাহেবেরা যাহা প্রয়োগ করিতে পারেন, কিম্বা মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর সৈন্য যে২ কান্টনমেন্টে ও মোকামে থাকে তথাকার পল্টনের বাজারে ক্ষুদ্র২ মোকদ্দমার বিচারার্থে ঐ২ রাজধানীর চলিত বিধিমতে উচিত ক্ষমতাপ্রাপ্ত ও নিযুক্ত এক২ জন সেনাপতি যাহা প্রয়োগ করিতে পারেন, কিম্বা মান্দ্রাজ রাজধানীর চলিত বিধিমতে পল্টনের লোকদের নামে যে মোকদ্দমা হয় তদ্বিষয়ে পঞ্চায়ত যাহা প্রয়োগ করিতে পারেন, সেই২ বিচারাধিপত্য যে এই আইনের কোন কথাদ্বারা লুপ্ত হইয়াছে এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

[আদালতের জজের কথা।]

১৩ ধারা। ইহার পশ্চাৎ নির্দ্দিষ্ট বর্জ্জিত স্থল ভিন্ন অন্য সকল স্থলে ক্ষুদ্র মোকদ্দমার প্রত্যেক আদালতের কর্ম্ম স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত এক জজের সম্মুখে নির্ব্বাহিত হইবে, তিনি যত বেতন পাইবেন তাহা মন্ত্রিসভাগত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেব সময়ে২ নিরূপণ করিবেন। স্থানীয় গবর্ণমেণ্ট যে আদেশ করিবেন তদনুসারে সেই প্রকারের এক জজ তদ্রূপ এক কি দুই কি অধিক আদালতের জজ হইতে পারিবেন, কিন্তু ইহার পশ্চাৎ নির্দ্দিষ্ট বর্জ্জিত স্থল না হইলে তিনি এই আইনের বিধানানুযায়ি ভিন্ন অন্য দেওয়ানী বিচারাধিপত্য প্রয়োগ করিবেন না ইতি।

[যিনি অনেক আদালতের জজ তিনি পর্য্যায়ের ও অধিবেশনের সময় ও তারিখ অবধারণের ক্ষমতাপ্রাপ্ত হইবেন ইহার কথা।]

১৪ ধারা। যে জজ ক্ষুদ্র মোকদ্দমার দুই কি অধিক আদালতের জজ হন তিনি যে২ সময়ে পর্য্যায়ার্থে পরিভ্রমণ করিবেন সেই২ সময়, ও আপনি যাহার জজ এমত প্রত্যেক আদালতে আপনার অধিবেশনের আরম্ভের তারিখ স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞার অধীনে, কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টের অব্যবহিত কর্ত্তৃত্বাধীন প্রদেশ হইলে তথাকার প্রধান কমিস্যনর সাহেবের কি অন্য প্রধান দেওয়ানী কর্ত্তৃপক্ষের আজ্ঞার অধীনে অবধারণ করিতে ক্ষমতাপন্ন হইবেন। উক্ত সময়ের ও তারিখের সংবাদ রাজকীয় গেজেটে প্রকাশ করিতে হইবে, এবং স্থানীয় গবর্ণমেণ্ট কি প্রধান কমিস্যনর সাহেব কি পূর্ব্বোক্ত প্রকারের অন্য কর্ত্তৃপক্ষ তদুপলক্ষে উপযুক্ত জানিয়া যে২ স্থান ও যে২ রীতি নিরূপণ করিবেন সেই২ স্থানে ও সেই২ রীতিমতে তাহা প্রকাশ করিতে হইবে ইতি।

[Local Government may invest any person for a limited period with powers of Judge of Court of Small Causes. Powers to be exercised by persons so invested.]

XV. The Local Government may from time to time invest any person with the powers of a Judge of a Court of Small Causes under this Act for a limited period or for specific periods in each year only, and declare in what Court or Courts of Small Causes such powers shall be exercised by such person. Any person so invested shall, in all Courts in which the Local Goverument shall have declared that he shall exercise the said powers, have all such powers as might in such Courts be exercised by a Judge of the said Courts appointed under the thirteenth Section.

[Jurisdiction to be exercised by persons so invested in Court in which there is a Judge.]

XVI. If it shall be declared by the Local Government that any person invested under the last preceding Section with the powers of a Judge of a Court of Small Causes shall exercise those powers in a Court of which there is a Judge appointed under the thirteenth Section, the person so invested shall exercise a jurisdiction concurrent with that of such Judge. The Local Government shall from time to time make Rules to provide for the distribution of business between any person so invested and any Judge in whose Court it may be declared that such person shall execise his powers, and generally for regulating and defining the duties and relative positions of Judges of Courts of Small Causes and persons so invested as aforesaid: Provided always that no such Rule shall be in any way inconsistent with the provisions of this Act.

[Remuneration of Judges and of persons invested with powers of Small Causes Court Judge, and restriction from practising within the limits.]

XVII. Every person invested with the powers of a Judge of a Court of Small Causes under the fifteenth Section shall receive such remuneration as the Governor General in Council shall from time to time determine. It shall not be lawful for any such person to practise as a Barrister, Attorney, Vakeel, Pleader, or Law Agent in any District or place within the territorial limits of which he is empowered to exercise the powers with which he is invested.

[Summons.]

XVIII. In all suits under this Act the summons to the defendant shall be for the final disposal of the suit, and no written statement other than the plaint shall be received unless required by the Court.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ২৭ জুন।]

[স্থানীয় গবর্ণমেণ্ট যে কোন ব্যক্তিকে পরিমিত কালপর্য্যন্ত ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা দিতে পারিবেন ইহার কথা, ও তদ্রূপ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি যে২ ক্ষমতা প্রয়োগ করিবেন তাহার কথা।]

১৫ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে কোন ব্যক্তিকে পরিমিত কাল পর্য্যন্ত কিম্বা এক২ বৎসরের বিশেষ২ নির্দ্দিষ্ট কাল পর্য্যন্ত এই আইনমতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা দিতে, ও উক্ত ব্যক্তি ক্ষুদ্র মোকদ্দমার এক কি অধিক যে আদালতে তদ্রূপ ক্ষমতা প্রয়োগ করিবেন তাহাও প্রকাশ করিতে পারিবেন। স্থানীয় গবর্ণমেণ্ট এমত কোন ব্যক্তিকে যে সকল আদালতে উক্ত ক্ষমতা প্রয়োগ করিবার যোগ্য বলিয়া প্রকাশ করেন, সেই সকল আদালতে ১৩ ধারামতে নিযুক্ত তদ্রূপ আদালতের কোন জজ যে২ ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন, উক্ত ব্যক্তির প্রতি সেই সকল ক্ষমতা বর্ত্তিবে ইতি।

[আদালতের জজ থাকিলে সেই আদালতে তদ্রূপ ক্ষমতাপন্ন ব্যক্তি যে বিচারাধিপত্য প্রয়োগ করিবেন তাহার কথা।]

১৬ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব ধারামতে যে কোন ব্যক্তি ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন তাঁহার বিষয়ে যদি স্থানীয় গবর্ণমেণ্ট ইহা প্রকাশ করেন যে ১৩ ধারামতে নিযুক্ত এক জজ যে আদালতে আছেন সেই আদালতে ঐ ব্যক্তি উক্ত ক্ষমতা প্রয়োগ করিবেন, তবে তদ্রূপ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি উক্ত জজের বিচারাধিপত্যের সহকারি বিচারাধিপত্য প্রয়োগ করিবেন। এবং তদ্রূপ ক্ষমতাপন্ন ব্যক্তির ও যে আদালতে তাঁহার ক্ষমতাপ্রয়োগ করিতে হইবার সংবাদ প্রকাশিত হয় সেই আদালতের জজের মধ্যে বিচারকার্য্য বিভাগ করিবার বিধি, এবং ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজদের ও পূর্ব্বোক্ত মতে ক্ষমতাপন্ন ব্যক্তিদের কর্ত্তব্য কর্ম্মের ও পরস্পর সম্পর্কের নিয়ম ও বর্ণনা করণার্থ বিধি স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ করিবেন। কিন্তু এমত কোন বিধি যেন কোন ক্রমে এই আইনের কোন বিধানের প্রতিকূল না হয় ইতি।

[জজদের এবং ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিদের বেতনের কথা ও সীমার মধ্যে উকীল প্রভৃতির কর্ম্ম করিবার নিষেধ।]

১৭ ধারা। যে কোন ব্যক্তিকে ১৫ ধারামতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা দেওয়া যায় তিনি যে বেতন পাইবেন তাহা মন্ত্রিসভাগত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ অবধারণ করিবেন। এমত কোন ব্যক্তি যে ক্ষমতা পাইয়াছেন তাহা যে স্থানীয় সীমার মধ্যে প্রয়োগ করিবার ক্ষমতা তাঁহার আছে, তদন্তর্গত কোন জিলাতে কি স্থানে বারিষ্টর কি টর্ণী কি উকীল কি প্লীডর কি মোক্তারস্বরূপে কর্ম্ম করা তাঁহার পক্ষে ব্যবস্থাসিদ্ধ হইবে না ইতি।

[সমনের কথা।]

১৮ ধারা। এই আইনমতের যাবতীয় মোকদ্দমাক্রমে প্রতিবাদির নামে যে সমন হয় তাহা মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে হইবে, এবং আদালত আজ্ঞা না করিলে নালিশপত্র ভিন্ন অন্য কোন লিখিত বৃত্তান্ত গ্রাহ্য করিতে হইবে না ইতি।

[In suits cognizable by Small Cause Courts, Court may, on the judgment-creditor's application, direct immediate execution against the judgment-debtor's person or moveable property.]

XIX. When a decree is passed in any suit of the nature and amount cognizable under this Act, the Court passing the decree, may, at the same time that it passes the decree, on the verbal application of the party in whose favor the decree is given, order immediate execution thereof by the issue of a warrant directed either against the person of the judgment-debtor if he is within the local limits of the jurisdiction of the Court passing the decree, or against the moveable property of the judgment-debtor within the same limits. If the warrant be directed against the moveable property of the judgment-debtor, it may be general against any personal property of the judgment-debtor wherever it may be found within the local limits of the jurisdiction of the Court, or special against any personal property belonging to the judgment-debtor within the same limits, and which shall be indicated by the judgment-creditor.

[Execution against immoveable property if moveable property not sufficient.]

XX. In the execution of a decree under this Act, if after the sale of the moveable property of a judgment-debtor any portion of a judgment-debt shall remain due, and the holder of the judgment desire to issue execution upon any immoveable property belonging to the judgment-debtor, the Court, on the application of the holder of such judgment, shall grant him a copy of the judgment and a certificate of any sum remaining due under it, and on the presentation of such copy and certificate to any Court of Civil Judicature having general jurisdiction in the place in which the immoveable property of the judgment-debtor is situate, such Court shall proceed to enforce such judgment according to its own rules and mode of procedure in like cases.

[Decision in suits tried under this Act to be final. *Ex parte* decree may be set aside. New trial. On deposit of debt and cost.]

XXI. In suits tried under this Act all decisions and orders of the Court shall be final: Provided that in any case in which a decree shall be passed *ex parte* against a defendant, he may, within thirty days after any process for enforcing the decree has been executed, give notice to the Court by which the decree was passed of his intention to apply to the Court at its next sitting for an order to set it aside: and if, on the application being made to the Court at its next sitting, it shall be proved to the satisfaction of the Court,

[*Government Gazette*, 27*th June* 1865.]

[ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য মোকদ্দমাক্রমে ডিক্রীঘটিত উত্তমর্ণ প্রার্থনা করিলে আদালত সেই ডিক্রীঘটিত অধমর্ণের উপর কি তাহার অস্থাবর সম্পত্তির উপর অবিলম্বে ডিক্রী সাধনের আজ্ঞা করিতে পারেন ইহার কথা।]

১৯ ধারা। যে কোন মোকদ্দমা স্বরূপ ও মূল্য বুঝিয়া এই আইনমতে বিচার্য্য হয়, এমত মোকদ্দমাক্রমে ডিক্রী জারী হইলে যে আদালত সেই ডিক্রী জারী করেন তাঁহার নিকটে উক্ত ডিক্রী যে ব্যক্তির পক্ষে হয় সেই ব্যক্তি বাচনিক প্রার্থনা করিলে, আদালত ডিক্রী করণ সময়ে একেবারে তাহা প্রবল করিবার আজ্ঞাও করিতে পারিবেন, অর্থাৎ ডিক্রীঘটিত অধমর্ণ যদি ডিক্রী প্রচারকারি আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে থাকে তবে তাহার নামে, নতুবা সেই ডিক্রীঘটিত অধমর্ণের যে অস্থাবর সম্পত্তি ঐ সীমার মধ্যে আছে তাহার উপর পরওয়ানা জারী করিতে পারিবেন। যদি ডিক্রীঘটিত অধমর্ণের অস্থাবর সম্পত্তির উপর পরওয়ানা হয়, তবে সেই আদালতের বিচারাধিপত্যের সীমার অন্তর্গত কোন স্থানে ঐ ডিক্রীঘটিত অধমর্ণের যে কোন অস্থাবর সম্পত্তি পাওয়া যায় নির্ব্বিশেষে তাহার উপর, নতুবা উক্ত সীমার মধ্যে ঐ ডিক্রীঘটিত অধমর্ণের যে কোন অস্থাবর সম্পত্তি ডিক্রীঘটিত উত্তমর্ণ নির্দ্দিষ্ট করে বিশেষমতে তাহার উপর পরওয়ানা দেওয়া যাইতে পারিবে ইতি।

[অস্থাবর সম্পত্তি না কুলাইলে স্থাবর সম্পত্তির উপর ডিক্রী সাধনের কথা।]

২০ ধারা। এই আইনমতের ডিক্রী সাধনক্রমে ডিক্রীঘটিত অধমর্ণের অস্থাবর সম্পত্তি বিক্রয় হইলে পর যদি ডিক্রীঘটিত ঋণের কোন অংশ পাওনা থাকে, এবং ডিক্রীপ্রাপ্ত ব্যক্তি যদি ডিক্রীঘটিত অধমর্ণের কোন স্থাবর সম্পত্তির উপর ডিক্রী সাধনের আজ্ঞা জারী হইবার ইচ্ছা করে, তবে আদালত সেই ডিক্রী প্রাপ্ত ব্যক্তির প্রার্থনাক্রমে তাহাকে ডিক্রীর প্রতিলিপি ও তাহার বলে বাকী পাওনা টাকা বিষয়ক সর্টিফিকট দিবেন, তাহাতে ঐ ডিক্রীঘটিত অধমর্ণের স্থাবর বিষয় যে স্থানে আছে, সেই স্থানে সাধারণ বিচারাধিপত্য বিশিষ্ট দেওয়ানী ধর্ম্মাধিকরণ নির্ব্বাহক কোন আদালতে উক্ত প্রতিলিপি ও সর্টিফিকট দাখিল করিলে, এমত স্থলে উক্ত আদালতের যে বিধি ও কার্য্য প্রণালী বর্ত্তে সেই আদালত তদনুসারে ঐ ডিক্রী সাধনে প্রবৃত্ত হইবেন ইতি।

[এই আইনমতের মোকদ্দমার যে নিষ্পত্তি হয় তাহা চূড়ান্ত হইবে, তথাপি একতরফা নিষ্পত্তি রহিত হইতে পারে ইহার কথা. এবং নূতন বিচার ও তদুপলক্ষে ঋণের ও খরচের টাকা দাখিল করিবার কথা।।

২১ ধারা। এই আইনমতে বিচারিত মোকদ্দমাক্রমে আদালতের যত নিষ্পত্তি ও আজ্ঞা হয় তাহা চূড়ান্ত হইবে। তথাপি যদি কোন মোকদ্দমাক্রমে প্রতিবাদির বিপক্ষ একতরফা ডিক্রী জারী হয়, তবে সেই ডিক্রী প্রবল করণার্থে কোন হুকুমনামা জারী হওন অবধি ত্রিশ দিনের মধ্যে তিনি সেই ডিক্রী প্রচারকারি আদালতের নিকটে এই আবেদন করিতে পারিবেন যে তৎপরে প্রথম বার আদালত বসিলে আমি তাঁহার নিকটে ঐ ডিক্রী রহিত করিবার প্রার্থনা করিব, তাহাতে সেই প্রথম অধিবেশনকালে আদালতের নিকটে প্রার্থনা করা গেলে যদি আদালতের হৃদ্বোধ-

that the summons was not duly served, or that the defendant was prevented, by any sufficient cause, from appearing when the suit was heard, the Court shall pass an order setting aside the decree and shall appoint a day for proceeding with the suit upon such terms as to costs or otherwise as shall to the Court seem proper: Provided also that it shall be competent to the Court if it shall think fit, in any case not falling within the proviso last aforesaid, to grant a new trial, if notice of the intention to apply for the same at the next sitting of the Court be given to the Court within the period of seven days from the date of the decision, and if the same be applied for at the next sitting of the Court; but no such new trial shall be granted where the party applying for same is the defendant or one of the defendants, unless he shall, with his notice of application, deposit in Court the amount for which a decree shall have been passed against him, including the costs (if any) of the opposite party.

[Power to refer questions of law, &c., to High Court.]

XXII. If in the trial of any suit under this Act any question of law, or usage having the force of law, or any question as to the construction of a document which construction may affect the merits of the decision, shall arise, the Court, in suits for an amount not exceeding five hundred Rupees, may either of its own motion or on the application of any of the parties to the suit, and in suits for an amount greater than five hundred Rupees, shall draw up a statement of the case and refer it, with the Court's own opinion, for the decision of the High Court.

[Power to pass decree contingent upon the opinion of the High Court.]

XXIII. The Court may proceed in the case notwithstanding such reference, and may pass a decree contingent upon the opinion of the High Court on the point referred; but no execution shall be issued in any case in which a reference shall have been made until the receipt of the order of the High Court.

[High Court to fix day for the hearing.]

XXIV. The High Court shall fix an early day for the hearing of the case, and shall cause notice of such day to be placed in the Court House.

[Parties may appear and be heard in person or by Pleader.]

XXV. The parties to the case may appear and be heard in the High Court in person or by Pleader.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ২৭ জুন।]

মতে ইহা প্রমাণ হয় যে সমন উচিতরূপে অর্পিত হয় নাই কিম্বা মোকদ্দমা শ্রবণ সময়ে উপস্থিত হওয়া পর্য্যাপ্ত কারণে প্রতিবাদির অসাধ্য ছিল, তবে আদালত সেই ডিক্রী রহিত করিবার আজ্ঞা করিয়া ঐ মোকদ্দমাতে অগ্রসর হইবার জন্যে বিশেষ কোন দিন নিরূপণ করিবেন, এবং খরচ দিবার কি না দিবার যে নিয়ম করা আদালত উপযুক্ত জ্ঞান করিবেন এমত নিয়ম করিতে পারিবেন। পরন্তু ইহার অব্যবহিত পূর্ব্বোক্ত উপনিয়মের স্থল না হইলেও যদি আদালত নূতন বিচারের অনুমতি দেওয়া উপযুক্ত জ্ঞান করেন, তবে তাহা দিতে পারিবেন, কিন্তু ইহার নিমিত্তে আবশ্যক যে আদালতের প্রথম অধিবেশনে নূতন বিচার প্রার্থনা করিবার মনস্থ নিষ্পত্তির তারিখ অবধি সাত দিনের মধ্যে আদালতকে জ্ঞাত করা যায়, ও তৎপশ্চাৎ আদালতের প্রথম অধিবেশনে তদনুসারে প্রার্থনা করা যায়। কিন্তু সেই প্রার্থনাকারি ব্যক্তি যদি প্রতিবাদী হয় কি প্রতিবাদিদের এক জন হয়, তবে যত টাকার ডিক্রী তাহার বিপক্ষে জারী হইয়াছে তত টাকা, এবং বিপক্ষ পক্ষের খরচা হইলে সেই খরচার টাকাও ঐ প্রার্থনা বিষয়ক সংবাদের সহিত আদালতে দাখিল না করিলে তদ্রূপ নূতন বিচার হইবার অনুমতি দিতে হইবে না ইতি।

[ব্যবস্থাঘটিত প্রভৃতি প্রশ্ন হাই কোর্টে পাঠাইবার ক্ষমতার কথা।]

২২ ধারা। এই আইনমতে কোন মোকদ্দমার যে বিচার হয় তৎক্রমে যদি ব্যবস্থাঘটিত কি ব্যবস্থাবৎ বলবিশিষ্ট দেশাচারঘটিত কোন প্রশ্ন, কিম্বা যাহার অর্থবিশেষক্রমে নিষ্পত্তির গুণাগুণ অন্যথা হইতে পারে এমত কোন কাগজপত্রের অর্থ করণঘটিত কোন প্রশ্নের উত্থাপন হয়, তবে সেই বিবাদাস্পদের বৃত্তান্ত লিখিয়া আদালতের নিজ মতের সহিত হাই কোর্টের নিষ্পত্তি জানিবার আশয়ে প্রশ্ন প্রেরণ করিতে পাঁচ শত টাকার অনধিক মূল্যের মোকদ্দমাতে আদালতের নিজ যত্নক্রমে কিম্বা মোকদ্দমার পক্ষ কোন ব্যক্তির প্রার্থনাক্রমে আদালত ক্ষমতাপন্ন হইবেন, ও পাঁচ শত টাকার অধিক মূল্যের মোকদ্দমা হইলে তাহা করা আদালতের উচিত হইবে ইতি।

[হাই কোর্টের মতের অধীনে ডিক্রী জারী করিবার ক্ষমতার কথা।]

২৩ ধারা। আদালত উক্ত প্রকারে প্রশ্ন প্রেরণ করিলেও মোকদ্দমার বিচারে অগ্রসর হইয়া ঐ প্রেরিত প্রশ্ন বিষয়ক হাই কোর্টের মতের অধীনে ডিক্রী জারী করিতে পারিবেন, কিন্তু যে মোকদ্দমাক্রমে তদ্রূপ প্রশ্ন প্রেরণ হয়, হাই কোর্টের আজ্ঞা না পাওয়া পর্য্যন্ত এমত মোকদ্দমাক্রমে ডিক্রী সাধনের কোন আজ্ঞা জারী করিতে হইবে না ইতি।

[শ্রবণের তারিখ নিরূপণ করা হাই কোর্টের কর্ত্তব্য ইহার কথা।]

২৪ ধারা। হাই কোর্ট ঐ বিচার্য্য কথা শ্রবণার্থে অগৌণের দিন নিরূপণ করিবেন ও সেই দিনের সংবাদ আদালতঘরে লটকাইয়া দিবেন ইতি।

[পক্ষ ব্যক্তিরা স্বয়ং কি প্লীডরের দ্বারা উপস্থিত হইতে ও তাহাদের কথা শুনা যাইতে পারে ইহার কথা।]

২৫ ধারা। মোকদ্দমার পক্ষ ব্যক্তিরা স্বয়ং কি প্লীডরের দ্বারা হাই কোর্টে উপস্থিত হইতে পারিবেন, ও তাহাদের কথা শুনা যাইতে পারিবে ইতি।

[Decision of High Court to be transmitted.]

XXVI. The High Court, when it has heard and considered the case, shall send a copy of its jugdment, under the seal of the Court, to the Court by which the reference was made, and such Court shall, on the receipt of the copy, proceed to dispose of the case conformably to the decision of the High Court.

[হাই কোর্টের নিষ্পত্তি পাঠাইবার কথা।]

২৬ ধারা। হাই কোর্ট ঐ বিচার্য্য কথা শুনিয়া তাহার বিচার করিয়া যে নিষ্পত্তি করেন তাহার একখান প্রতিলিপি প্রস্তুত ও আপনার মোহরে মোহরাঙ্কিত করাইয়া যে আদালতহইতে প্রশ্ন প্রেরিত হইয়াছিল সেই আদালতের নিকটে পাঠাইবেন। তাহাতে উক্ত আদালত ঐ প্রতিলিপি পাইবামাত্র হাই কোর্টের নিষ্পত্ত্যনুসারে ঐ মোকদ্দমাক্রমে যাহা করিবার তাহা করিবেন ইতি।

[Costs of reference to High Court.]

XXVII. Costs, if any, consequent on the reference of a case for the opinion of the High Court shall be costs in the suit.

[হাই কোর্টের নিকটে প্রশ্ন পাঠাইবার খরচের কথা।]

২৭ ধারা। কোন মোকদ্দমার বিষয়ে হাই কোর্টের মত জানিবার জন্যে তাঁহার নিকটে প্রশ্ন পাঠাইতে যদি খরচ লাগে, তবে তাহা মোকদ্দমার খরচ বলিয়া গণ্য হইবে ইতি।

[Power to High Court to alter or set aside order or decree made in the matter.]

XXVIII. When a case is referred to the High Court under the twenty-second Section, the High Court may alter, cancel, or set aside any order or decree which the Court stating the case may have made in the suit out of which the reference arose, and may make such order as the justice of the case may require.

[উক্ত প্রকারের মোকদ্দমাক্রমে যে আজ্ঞা কি ডিক্রী করা গিয়াছে, হাই কোর্ট তাহা অন্যথা কি অসিদ্ধ করিতে ক্ষমতাপন্ন ইহার কথা।]

২৮ ধারা। কোন মোকদ্দমাবিষয়ক প্রশ্ন ২২ ধারামতে হাই কোর্টের নিকটে প্রেরিত হইলে যে মোকদ্দমাক্রমে প্রশ্নের উত্থাপন হয়, তদ্বিষয়ে ঐ প্রশ্নের বর্ণনাকারি আদালত যে কোন আজ্ঞা কি ডিক্রী প্রণীত করিয়াছিলেন, হাই কোর্ট তাহা অন্যথা কি অসিদ্ধ কি রহিত করিতে পারিবেন, ও সেই মোকদ্দমাক্রমে যেরূপ আজ্ঞা করা ন্যায়োপলক্ষে উচিত বোধ হয় তদ্রূপ আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[Power to appoint one of the Courts of a District to be the Principal Court.]

XXIX. Whenever more Courts than one are constituted in any District under this Act, the Local Government may appoint one of the same Courts to be the Principal Court of Small Causes in such District.

[এক জিলার অন্তর্গত কএক আদালতের মধ্যে একেকে প্রধান আদালত বলিয়া নিরূপণ করিবার ক্ষমতার কথা।]

২৯ ধারা। যদি কোন জিলাতে এই আইনমতের কএক আদালত স্থাপিত হয়, তবে স্থানীয় গবর্ণমেণ্ট তাহার মধ্যে বিশেষ এক আদালতকে সেই জিলার অন্তর্গত ক্ষুদ্র মোকদ্দমার প্রধান আদালত বলিয়া নিরূপণ করিতে পারিবেন ইতি।

[Judge of Principal Court may sit with Judge of any other Court in the District for the trial of reserved suits.]

XXX. The Judge of the Principal Court of Small Causes in any District may sit with the Judge of any other Court of Small Causes in the same District, or with a person invested with the powers of a Judge as aforesaid in such Court, for the trial and determination of any suit cognizable under this Act, and shall so sit for the trial and determination of any such suit which the Judge of such other Court or other person as aforesaid may reserve for trial by himself and the Judge of the Principal Court of Small Causes.

[প্রধান আদালতের জজ রক্ষিত বিশেষ২ মোকদ্দমার বিচারার্থে সেই জিলার অন্তর্গত অন্য কোন আদালতের জজের সহিত বসিতে পারিবেন ইহার কথা।]

৩০ ধারা। কোন জিলার অন্তর্গত ক্ষুদ্র মোকদ্দমার প্রধান আদালতের যে জজ তিনি এই আইনমতে বিচার্য্য কোন মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করণের আশয়ে সেই জিলার অন্তর্গত ক্ষুদ্র মোকদ্দমার অন্য আদালতের বিচারকর্ত্তার সহিত, কিম্বা তদ্রূপ আদালতে পূর্ব্বোক্ত মতে জজের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির সহিত বসিতে পারিবেন, বিশেষতঃ সেই অন্য আদালতের জজ কি পূর্ব্বোক্ত প্রকারের ব্যক্তি তদ্রূপ যে কোন মোকদ্দমা আপনার দ্বারা ও ক্ষুদ্র মোকদ্দমার প্রধান আদালতের জজের দ্বারা বিচারিত হইবার জন্যে রাখেন, এমত কোন মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করিবার জন্যে তিনি উক্ত প্রকারে বসিবেন ইতি।

[Procedure when two Judges sit together for trial of certain suits.]

XXXI. The Local Government may from time to time make Rules providing that, in such cases as shall be prescribed in such Rules, two Judges or a Judge and a person invested with the powers of a Judge as aforesaid shall sit together and hear and dispose of suits and applications.

[বিশেষ২ মোকদ্দমার বিচারার্থে দুই জন জজ একত্র বসিবার স্থলের কার্য্য প্রণালীর কথা।]

৩১ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ বিধি প্রণীত করত এমত বিধান করিতে পারিবেন যে সেই বিধিতে নির্দ্দিষ্ট মতের মোকদ্দমা হইলে দুই জন জজকে, কিম্বা এক জন জজকে ও পূর্ব্বোক্ত প্রকারে জজের ক্ষমতাপ্রাপ্ত এক ব্যক্তিকে একত্র বসিয়া মোকদ্দমা ও প্রার্থনা শুনিয়া তদ্বিষয়ে যাহা করিবার তাহা করিতে হইবে ইতি।

[Procedure when two Judges differ on a point of law.]

XXXII. If two Judges, or a Judge and a person invested with the powers of a Judge as aforesaid, sit together and they concur in the decision or order to be passed, such decision or order shall be the decision or order of the Court; but if they shall differ on a point of law, or usage having the force of law, or in construing a document the construction of which may affect the merits of the decision, they shall submit a case for the opinion of the High Court on the point of difference between them in the manner prescribed in the twenty-second Section of this Act; and the provisions applicable to a reference to the High Court contained in the twenty-second, twenty-third, twenty-fourth, twenty-fifth and twenty-sixth Sections of this Act shall be applicable to every reference made under this Section.

[Casting voice in case of difference between two Judges on a question of fact.]

XXXIII. If two Judges differ on any matter other than the matters above-mentioned, the Judge who is senior in respect of date of appointment as a Judge of a Court of Small Causes shall have the casting voice.

[Casting voice in case of difference on a question of fact between a Judge and a person invested with a Judge's powers.]

XXXIV. If a Judge and a person invested with the powers of a Judge as aforesaid differ on any matter other than the matters abovementioned, the Judge shall have the casting voice.

[Appointment of Registrar.]

XXXV. It shall be lawful for the Local Government to appoint to any Court of Small Causes an Officer who shall be called the Registrar of the Court, and who shall be paid such salary as shall from time to time be authorized in that behalf by the Governor General of India in Council.

[Duties of Registrar.]

XXXVI. The Registrar of every Court of Small Causes shall be the chief Ministerial Officer of the Court. In addition to any other duties and powers herein imposed or conferred upon the Registrar he shall, subject to the provisions contained in the next following Section, receive all plaints presented to the Court; issue notice of suit to the defendants; receive any documents which the parties may wish to put in; and issue process for the attendance of their witnesses. He shall likewise keep lists of all causes coming on for trial, and fix such days for their being heard respectively as may seem to him fit. He may

[ব্যবস্থাঘটিত কোন কথার বিষয়ে দুই জজের অনৈক্য হইবার স্থলের কার্য্যপ্রণালীর কথা।]

৩২ ধারা। দুই জন জজ, কিম্বা এক জন জজ ও পূর্ব্বোক্ত প্রকারে জজের ক্ষমতাপ্রাপ্ত এক ব্যক্তি একত্র বসিয়া, যে নিষ্পত্তি কি আজ্ঞা জারী করিতে হয়, তদ্বিষয়ে যদি একমনা হন, তবে সেই নিষ্পত্তি কি আজ্ঞা আদালতের নিষ্পত্তি কি আজ্ঞা হইবে। কিন্তু ব্যবস্থাঘটিত কোন কথার কি ব্যবস্থাবৎ বলবিশিষ্ট কোন দেশাচারের বিষয়ে, কিম্বা যে কাগজপত্রের অর্থ করণদ্বারা নিষ্পত্তির গুণাগুণ অন্যথা হইতে পারে তাহার অর্থ করণ বিষয়ে যদি তাঁহাদের মধ্যে মতের অনৈক্য হয়, তবে এই আইনের ২২ ধারার নির্দ্দিষ্ট মতে তাঁহারা আপনাদের অনৈক্যস্থলের বিষয়ে হাই কোর্টের মত জানিবার আশয়ে তাহার বৃত্তান্ত প্রেরণ করিবেন, তাহাতে এই আইনের ২২ ও ২৩ ও ২৪ ও ২৫ ও ২৬ ধারাতে পরিগৃহীত যেং বিধান হাই কোর্টে প্রশ্ন প্রেরণের প্রতি বর্ত্তে, সে সকল এই ধারামতে প্রেরিত প্রত্যেক কথার প্রতিও বর্ত্তিবে ইতি।

[ঘটনা সম্পর্কীয় কোন কথার বিষয়ে দুই জন জজের মধ্যে অনৈক্য হইলে যাঁহার মত প্রবল হইবে তাহার কথা।]

৩৩ ধারা। পূর্ব্বোল্লিখিত কএক বিষয় ভিন্ন অন্য কোন বিষয়ে যদি দুই জন জজের মধ্যে মতের অনৈক্য হয়, তবে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের পদে নিযুক্ত হইবার তারিখ ধরিয়া যাঁহাকে বড় বোধ হয়, সেই জজের মত প্রবল হইবে ইতি।

[এক জন জজ ও জজের ক্ষমতাপ্রাপ্ত এক ব্যক্তি, ইহাঁদের মধ্যে ঘটনা সম্পর্কীয় কোন কথার বিষয়ে মতের অনৈক্য হইলে যাঁহার মত প্রবল হইবে তাহার কথা।]

৩৪ ধারা। এক জন জজ ও পূর্ব্বোক্ত প্রকারে জজের ক্ষমতাপ্রাপ্ত এক ব্যক্তি, এই দুইয়ের মধ্যে যদি পূর্ব্বোল্লিখিত কএক বিষয় ভিন্ন অন্য কোন বিষয়ে মতের অনৈক্য হয়, তবে জজের মত প্রবল হইবে ইতি।

[রেজিষ্ট্রারকে নিযুক্ত করিবার কথা।]

৩৫ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট ক্ষুদ্র মোকদ্দমার প্রত্যেক আদালতে সেইং আদালতের রেজিষ্ট্রার বলিয়া একং কার্য্যকারককে নিযুক্ত করিতে পারিবেন, তিনি যত বেতন পাইবেন তাহা সময়েং মন্ত্রিসভাগত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি লইয়া স্থির করিতে হইবে ইতি।

[রেজিষ্ট্রারের কর্ত্তব্য কর্ম্মের কথা।]

৩৬ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার আদালতের রেজিষ্ট্রার সেই আদালতের প্রধান আমলা হইবেন। অন্য যে সকল কর্ম্মের ভার ও যে সকল ক্ষমতা ইহাদ্বারা সেই রেজিষ্ট্রারের প্রতি সমর্পিত হয়, তদ্ব্যতিরেকে তিনি ইহার অব্যবহিত পশ্চাতের ধারার বিধানের অধীনে সেই আদালতে যত নালিশপত্র দাখিল করা যায় তৎসমুদয় গ্রহণ করিবেন, ও প্রতিবাদিদের উপর মোকদ্দমার সংবাদ জারী করিবেন, ও পক্ষ ব্যক্তিরা কোন নিদর্শনপত্র দাখিল করিতে ইচ্ছা করিলে তাহা গ্রহণ করিবেন, ও সাক্ষিদের উপস্থিত হইবার হুকুমনামা জারী করিবেন। অধিকন্তু যে সকল মোকদ্দমা বিচারিত হইবার উপলক্ষে উপস্থিত হইবে তাহার ফর্দ্দ তিনি রাখিবেন, ও তাহার মধ্যে যে মোকদ্দমা শুনিবার

also receive notices under the twenty-first Section.

[Procedure where Registrar thinks plaint defective in certain particulars. Proviso.]

XXXVII. If, when the Judge is absent on duty and there is no person invested with the powers of a Judge as aforesaid, the Registrar shall be of opinion that any plaint presented to the Court is defective in any of the particulars mentioned in Sections twenty-seven to thirty-two, both inclusive, of the Code of Civil Procedure, he may reject the same. But it shall be lawful for the Judge, or for any person invested with the powers of a Judge as aforesaid, to reject any plaint which may have been received by the Registrar, and to receive any plaint which may have been rejected by him: Provided that such reception or rejection (as the case may be) by the Registrar shall, in the opinion of such Judge or other person empowered as aforesaid, have been erroneous, and that an application to set the same aside shall be made at the first subsequent sitting in the said Court of a Judge or other person duly empowered as aforesaid.

[Registrar may receive and enter up judgments by confession. Proviso.]

XXXVIII. If a suit shall have been instituted in a Court of Small Causes, and the defendant shall have been duly summoned to appear and answer therein, and if before the day appointed for the hearing of such suit the defendant, or his agent duly authorized in that behalf, shall appear before the Registrar of the Court and admit the plaintiff's claim and apply for leave to confess judgment, it shall be lawful for the Registrar, if the Judge be absent on duty and there be no person invested with the powers of a Judge as aforesaid, to enter on the record a decree for the plaintiff by confession, and such decree shall have the like force and effect as a decree for the plaintiff would have had if the suit had been heard by the Judge and a decree passed by him for the plaintiff: Provided that in every case, before passing a decree under this Section, it shall be the duty of the Registrar fully to satisfy himself of the service of the summons, of the identity of the parties, and of their good faith in appearing before him.

[Execution of decrees by Registrar.]

XXXIX. The Registrar, if the Judge be absent on duty and there be no person invested with the powers of a Judge as aforesaid, shall also receive applications for the execution of decrees passed by the Judge, or other person empowered

যে দিন তিনি উপযুক্ত জ্ঞান করিবেন, তাহার জন্যে সেই দিন অবধারণ করিবেন। আরো তিনি ২১ ধারামতের সংবাদ গ্রহণ করিতে পারিবেন ইতি।

[রেজিষ্ট্রার যখন নালিশপত্র কোন২ বিষয়ে অসম্পূর্ণ জ্ঞান করেন, তখন যাহা কর্ত্তব্য তাহার কথা ও উপনিয়ম।]

৩৭ ধারা। জজ আপন কর্ম্ম করণক্রমে অনুপস্থিত থাকিলে ও পূর্ব্বোক্ত প্রকারে জজের ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি না থাকিলে যদি রেজিষ্ট্রারের এমত বোধ হয় যে আদালতে সমর্পিত কোন নালিশপত্র দেওয়ানী কার্য্যবিধানের আইনের ২৭—৩২ এই ছয় ধারাতে নির্দ্দিষ্ট কোন বিষয়ে অসম্পূর্ণ আছে, তবে তিনি তাহা অগ্রাহ্য করিতে পারিবেন। কিন্তু রেজিষ্ট্রার যে নালিশপত্র গ্রাহ্য করিয়াছেন তাহা অগ্রাহ্য করিতে, ও তিনি যে নালিশপত্র অগ্রাহ্য করিয়াছেন তাহা গ্রাহ্য করিতে জজ কিম্বা পূর্ব্বোক্ত প্রকারে জজের ক্ষমতাপ্রাপ্ত অন্য ব্যক্তি ক্ষমতাপন্ন হইবেন। পরন্তু ইহার নিমিত্তে আবশ্যক যে উক্ত জজ কি পূর্ব্বোক্ত মতে ক্ষমতাপ্রাপ্ত অন্য ব্যক্তি রেজিষ্ট্রারের সেই গ্রাহ্য অথবা অগ্রাহ্য করণ ভ্রমমূলক জ্ঞান করেন, ও তৎপরে প্রথম বার যখন সেই আদালতের জজ কি পূর্ব্বোক্তমতে উচিত ক্ষমতাপন্ন অন্য ব্যক্তি বসিবেন তখন ঐ গ্রাহ্য কি অগ্রাহ্য করণ রহিত করিবার প্রার্থনা করা যায় ইতি।

[দোষ স্বীকারক্রমে নিষ্পত্তি গ্রাহ্য করিতে ও কাগজপত্রে তুলিয়া লইতে রেজিষ্ট্রার ক্ষমতাপন্ন হইবেন ইহার কথা ও উপনিয়ম।]

৩৮ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার আদালতে উপস্থাপিত কোন মোকদ্দমাক্রমে প্রতিবাদিকে উপস্থিত হইয়া নালিশের উত্তর দিবার সমন উচিত রূপে দত্ত হইলে, যদি সেই মোকদ্দমা শ্রবণের নিরূপিত দিনের পূর্ব্বে প্রতিবাদী কি তদর্থে উচিত মতে ক্ষমতাপন্ন তাহার এজেণ্ট আদালতের রেজিষ্ট্রারের সম্মুখে উপস্থিত হইয়া বাদির দাওয়া স্বীকার করিয়া নিষ্পত্তির বশ্যতায় সম্মতি প্রকাশ করিবার প্রার্থনা করে, তবে জজ স্বীয় কর্ম্মক্রমে অনুপস্থিত থাকিলে ও পূর্ব্বোক্ত প্রকারে জজের ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি না থাকিলে, রেজিষ্ট্রার বাদির পক্ষে দোষ স্বীকারঘটিত ডিক্রী রিকার্ডে লিখিতে পারিবেন, তাহাতে জজ মোকদ্দমা শুনিয়া বাদির পক্ষ ডিক্রী জারী করিলে তাহা যেমন প্রবল ও ফলবৎ হইত, ঐ ডিক্রী তেমনি বাদির পক্ষ ডিক্রী বলিয়া প্রবল ও ফলবৎ হইবে। পরন্তু এই ধারামতে কোন ডিক্রী জারী করিবার পূর্ব্বে প্রত্যেক স্থলে রেজিষ্ট্রারের উচিত যে সমন সমর্পিত হইয়াছে ও সেই ব্যক্তিরা বাস্তবিক মোকদ্দমার পক্ষ লোক ও সরলভাবে তাঁহার সম্মুখে উপস্থিত হইয়াছে, এই সকল কথা তিনি নিতান্ত হৃদ্বোধমতে অবগত হন ইতি।

[রেজিষ্ট্রারদ্বারা ডিক্রী সাধনের কথা।]

৩৯ ধারা। জজ আপন কর্ম্ম করণ ক্রমে অনুপস্থিত থাকিলে ও পূর্ব্বোক্ত মতে জজের ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি না থাকিলে, রেজিষ্ট্রারের কর্ত্তব্য অন্য কর্ম্ম এই হইবে যে তিনি যে আদালতের রেজিষ্ট্রার তাহার জজদ্বারা কি পূর্ব্বোক্ত মতে ক্ষমতাপন্ন অন্য ব্যক্তি দ্বারা

as aforesaid, of the Court of which he is the Registrar, and, subject to any orders which he may receive from the Judge or such other person, shall execute such decrees in the same manner as the Judge might execute them. No appeal shall lie from any order passed by the Registrar under this Section; but the Judge, or other person empowered as aforesaid, may, within three calendar months from the making of the order, of his own motion reverse or modify it.

[Power to invest Registrar with jurisdiction of Small Cause Court Judge in certain cases.]

XL. The Local Government may invest any Registrar with the powers of a Judge of a Court of Small Causes in suits arising within the local limits of the jurisdiction of the Court of which he is the Registrar provided that the amount or value of the claim shall not exceed twenty Rupees. The Registrar shall exercise such powers subject to the general control of the Judge, or when there is no Judge, of any person invested with the powers of a Judge as aforesaid.

[Hearing of suits cognizable by Registrar. Transfer from Registrar's to Judge's file.]

XLI. The suits cognizable by the Registrar under the last preceding Section shall be set down for hearing before such Registrar, and he shall hear and determine such suits and execute the decrees made therein, in such manner in all respects as the Judge of the Court might hear, determine, and execute the same respectively: Provided that the Judge, or, when there is no Judge, the person invested with the powers of a Judge, whenever he thinks proper, may transfer to his own file any suit on the file of the Registrar and may hear and determine the same.

[No appeal from decision of Registrar under last Section; but in cases of doubt he may submit statement for opinion of Judge. Provisions applicable to such reference.]

XLII. No appeal shall lie from any order or decision made or passed by the Registrar in any case heard or disposed of by him; but in any case in which the Registrar shall entertain any doubt upon any question of law or usage having the force of law, or as to the construction of a document which construction may affect the merits of the decision, he shall be at liberty to state a case for the opinion of the Judge, or, when there is no Judge, of the person invested with the powers of a Judge as aforesaid, in like manner as the Judge may, under the twenty-second Section of this Act, state a case for the opinion of the

প্রচারিত ডিক্রী সাধনের প্রার্থনা গ্রাহ্য করিয়া ঐ জজের কি পূর্ব্বোক্ত প্রকারের অন্য ব্যক্তির স্থানে যে কোন আজ্ঞা পাইবেন, তদধীনে ঐ ডিক্রীর সাধন যেমন জজের দ্বারা করা যাইত তেমনি করেন। রেজিষ্ট্রার এই ধারামতে যে কোন আজ্ঞা জারী করেন, তাহার উপর আপীল হইবে না, কিন্তু ঐ জজ কি পূর্ব্বোক্তমতে ক্ষমতাপন্ন অন্য ব্যক্তি আজ্ঞা জারী হওন অবধি পঞ্জিকানুযায়ি তিন মাসের মধ্যে নিজ প্রবৃত্তিক্রমে তাহা রহিত কি অন্যথা করিতে পারিবেন ইতি।

[বিশেষ২ মোকদ্দমাতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের বিচারাধিপত্য রেজিষ্ট্রারকে দিবার ক্ষমতার কথা।]

৪০ ধারা। যিনি ক্ষুদ্র মোকদ্দমার যে আদালতের রেজিষ্ট্রার তাঁহাকে স্থানীয় গবর্ণমেণ্ট সেই আদালতের স্থানীয় সীমার মধ্যে উৎপন্ন মোকদ্দমার উপলক্ষে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা দিতে পারিবেন, কিন্তু ইহার নিমিত্তে আবশ্যক যে দাওয়ার মোট কি মূল্য বিংশতি টাকার অধিক না হয়। এই ক্ষমতামতে কর্ম্ম করণে রেজিষ্ট্রার জজের, অথবা জজ না থাকিলে পূর্ব্বোক্ত মতে জজের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির সাধারণ তত্ত্বাবধানের অধীন থাকিবেন ইতি।

[রেজিষ্ট্রারের বিচার্য্য মোকদ্দমা শুনিবার কথা, ও রেজিষ্ট্রারের নথীহইতে মোকদ্দমা উঠাইয়া জজের নথীতে দিবার কথা।]

৪১ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব ধারামতে যে২ মোকদ্দমা রেজিষ্ট্রারের বিচার্য্য, তাহা উক্ত রেজিষ্ট্রারের সম্মুখে শুনা যাইবে বলিয়া তাহা লিখিয়া দিলে পর, আদালতের জজ যেমন সেই মোকদ্দমা শুনিয়া নিষ্পন্ন করিতে ও তদ্ঘটিত ডিক্রী সাধন করিতে পারিতেন, ঐ রেজিষ্ট্রার সর্ব্বতোভাবে তেমনি তাহা শুনিয়া নিষ্পন্ন করিতে ও তদ্ঘটিত ডিক্রী সাধন করিতে পারিবেন। তথাপি জজ, কিম্বা জজ না থাকিলে জজের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি যখনই উপযুক্ত জ্ঞান করেন, তখনই রেজিষ্ট্রারের নথীহইতে কোন মোকদ্দমা উঠাইয়া আপনার নথীতে দিয়া শুনিতে ও নিষ্পন্ন করিতে পারিবেন ইতি।

[পূর্ব্ব ধারামতে রেজিষ্ট্রারের কৃত নিষ্পত্তির উপর কোন আপীল নাই, কিন্তু সন্দেহ স্থলে তিনি জজের মত জানিবার নিমিত্তে বিশেষ বৃত্তান্ত প্রস্তুত করিয়া তাঁহার নিকটে প্রশ্ন পাঠাইতে পারেন ইহার কথা, ও তদ্রূপ প্রশ্ন প্রেরণ বিষয়ক বিধান।]

৪২ ধারা। কোন রেজিষ্ট্রার যে মোকদ্দমা শুনিয়া নিষ্পত্তি করেন তৎক্রমে যে কোন আজ্ঞা কি নিষ্পত্তি প্রচার করেন তাহার উপর আপীল হইবে না, কিন্তু যে কোন স্থলে ব্যবস্থাঘটিত কোন কথার কি ব্যবস্থাবৎ বলবিশিষ্ট কোন দেশাচারের বিষয়ে, কিম্বা যাহার অর্থ করণদ্বারা নিষ্পত্তির গুণাগুণ অন্যথা হইতে পারে এমত কোন কাগজপত্রের অর্থ করণ বিষয়ে রেজিষ্ট্রারের সন্দেহ জন্মে, এমত স্থলে যেমন এই আইনের ২২ ধারামতে জজ বিশেষ কথার বৃত্তান্ত প্রস্তুত করিয়া হাইকোর্টের মত জানিবার নিমিত্তে প্রশ্ন পাঠাইতে পারেন, ঐ রেজিষ্ট্রারও তেমনি জজের মত, কিম্বা জজ না থাকিলে পূর্ব্বোক্ত প্রকারে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির মত জানিবার নিমিত্তে প্রশ্নের বৃত্তান্ত প্রেরণ করিতে

High Court; and all the provisions herein contained relative to the stating of a case by the Judge shall apply, *mutatis mutandis*, to the stating of a case by the Registrar.

[Setting aside decree by a Registrar under Section 38.]

**XLIII.** A decree passed by a Registrar under the thirty-eighth Section may be set aside by the Judge of the Court, or, when there is no Judge, by the person invested with the powers of a Judge as aforesaid, in such manner and on such grounds only as it might be set aside if it were a decree passed at the hearing of the cause by the Judge or other person empowered as aforesaid.

[Appointment and removal of Clerk of the Court.]

**XLIV.** An Officer to be styled the Clerk of the Court may be appointed to any Court of Small Causes on such salary as shall be authorized by the Governor General of India in Council. The appointment and removal of such Officer shall rest with the Court, subject to the approval of the Local Government, or, in Territories under the immediate administration of the Government of India, of the Chief Commissioner or other principal Civil Authority. The Registrar of any Court of Small Causes may also be the Clerk of the Court.

[Duties of Clerk.]

**XLV.** When a Clerk is appointed to any Court of Small Causes such Clerk shall, subject to the orders of the Court and of the Registrar, if there be a Registrar, issue all Summonses, Warrants, Orders, and Writs of Execution, and keep an account of all proceedings of the Court, and shall take charge of and keep an account of all monies payable or paid into or out of Court, and shall enter an account of all such monies in a book belonging to the Court to be kept by such Clerk for that purpose.

[High Court empowered to make rules of practice, &c.]

**XLVI.** The High Court shall have power to make and issue general rules for regulating the practice and proceedings of Courts of Small Causes, and also to prescribe forms for every proceeding in the said Courts for which it shall think that forms should be provided, and for keeping all books, entries, and accounts to be kept by the Officers, and from time to time to alter any such rule or form; provided that such rules and forms be not inconsistent with the provisions of this Act or of any other law for the time being in force.

পারিবেন, এবং এই আইনের যত বিধান জজের প্রস্তুত বৃত্তান্তে বর্ত্তে, পরিবর্ত্তনীয়ের পরিবর্ত্তন করিলে সেই সকল বিধান রেজিষ্ট্রার দ্বারা প্রস্তুত বৃত্তান্ত প্রেরণের প্রতিও বর্ত্তিবে ইতি।

[৩৮ ধারামতে রেজিষ্ট্রারের কৃত নিষ্পত্তি অসিদ্ধ করিবার কথা।]

৪৩ ধারা। কোন রেজিষ্ট্রার ইহার ৩৮ ধারামতে যে কোন ডিক্রী জারী করেন, তাহা মোকদ্দমা শ্রবণক্রমে জজের কি পূর্ব্বোক্ত মতে জজের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির প্রচারিত ডিক্রী হইলে যে২ প্রকারে ও যে২ হেতুতে অসিদ্ধ করা যাইতে পারিত, কেবল সেই২ প্রকারে ও সেই২ হেতুতে সেই আদালতের জজদ্বারা, কিম্বা জজ না থাকিলে পূর্ব্বোক্তমতে জজের ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি দ্বারা অসিদ্ধ করা যাইতে পারিবে ইতি।

[আদালতের ক্লার্ককে নিযুক্ত ও পদচ্যুত করিবার কথা।]

৪৪ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার প্রত্যেক আদালতে, আদালতের ক্লার্ক বলিয়া এক কার্য্যকারক নিযুক্ত হইতে পারিবেন, তিনি যত বেতন পাইবেন তাহা মন্ত্রিসভাগত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি লইয়া স্থির করিতে হইবে। উক্ত কার্য্যকারককে নিযুক্ত কি পদচ্যুত করিবার ক্ষমতা আদালতের প্রতি বর্ত্তিবে, কিন্তু স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনের অধীন থাকিবে, অথবা ভারতবর্ষের গবর্ণমেণ্টের অব্যবহিত কর্ত্তৃত্বাধীন প্রদেশ হইলে তাহা তথাকার প্রধান কমিস্যনর সাহেবের কি অন্য প্রধান দেওয়ানী কর্ত্তৃপক্ষের অনুমোদনের অধীন থাকিবে। যে ব্যক্তি ক্ষুদ্র মোকদ্দমার কোন আদালতের রেজিষ্ট্রার, তিনি সেই আদালতের ক্লার্কও হইতে পারিবেন ইতি।

[ক্লার্কের কর্ত্তব্য কর্ম্ম।]

৪৫ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার কোন আদালতে যদি ক্লার্ক নিযুক্ত হন, তবে আদালতের আজ্ঞার অধীনে, কিম্বা রেজিষ্ট্রার থাকিলে রেজিষ্ট্রারের আজ্ঞার অধীনে সেই ক্লার্ক যাবদীয় সমন ও ওয়ারণ্ট ও আজ্ঞা ও ডিক্রী সাধনার্থ পরওয়ানা জারী করিবেন, ও সেই আদালতের সকল বিচারকার্য্যের বৃত্তান্ত রাখিবেন, এবং সেই আদালতে যত টাকা জমা কি খরচ করা যায় কি করিতে হইবে, তাহার হিসাব রাখিবেন, ও তদ্রূপ সকল টাকার হিসাব আদালতের বিশেষ এক বহীতে তুলিয়া লইবেন। উক্ত ক্লার্ক সেই অভিপ্রায়ে ঐ বহী রাখিবেন ইতি।

[প্রণালী প্রভৃতির বিধি প্রণীত করিবার ক্ষমতা হাই কোর্টের থাকিবে ইহার কথা।]

৪৬ ধারা। হাই কোর্ট ক্ষুদ্র মোকদ্দমার আদালতের কার্য্যপ্রণালী ও বিচারকার্য্য বিষয়ক সাধারণ বিধি প্রণীত করিয়া প্রচার করিতে, ও উক্ত আদালত সম্পর্কীয় যে কোন বিচারকার্য্যের বিশেষ পাঠ নির্দ্দিষ্ট করা উপযুক্ত জ্ঞান করেন তাহার জন্যে, বিশেষতঃ আমলাদের রক্ষণীয় বহী ও হিসাব প্রভৃতি লিপি রাখিবার বিশেষ২ পাঠ নির্দ্দিষ্ট করিতে, ও সময়ে২ উক্ত কোন বিধির কি পাঠের পরিবর্ত্তন করিতে ক্ষমতাপন্ন হইবেন। কিন্তু ইহার নিমিত্তে আবশ্যক যে তাহার কোন বিধি কি পাঠ এই আইনের কি সময়ক্রমে প্রবল অন্য কোন আইনের প্রতিকূল না হয় ইতি।

[Provisions of Section 26 of Act X of 1862, and of Act VIII. of 1859 made applicable to cases cognizable under this Act.]

XLVII. The twenty-sixth Section of Act X of 1862 (*to consolidate and amend the Law relating to Stamp Duties*), and, except as hereinbefore provided, the provisions of the Code of Civil Procedure, shall, so far as the same are or may be applicable, extend to all suits and proceedings under this Act.

[Saving of Act XI of 1841, Section 17.]

XLVIII. Nothing in the second Section of the said Act No. III of 1859, or the sixth, seventh, and eighth Sections of Act No. XXII of 1864 (*to make provision for the Administration of Military Cantonments*), relating to the establishment of Courts of Small Causes in Military Cantonments, shall be held to affect so much of Act No. XI of 1841 *for consolidating and amending the Regulations concerning Military Courts of Requests for Native Officers and Soldiers in the service of the East India Company*) as declares that in places beyond the frontier of the Territories of the East India Company, actions of debt and other personal actions may be brought before the Military Courts therein mentioned, against persons so amenable as therein mentioned, for any amount of demand.

[Saving of jurisdiction of Courts of Requests.]

XLIX. Nothing in this Act, nor in the sixth, seventh, and eighth Sections of the said Act XXII of 1864 shall be held to affect the jurisdiction of any Court of Requests convened under the hundred and third Section of the Statute 27 Vic., cap. 3, or the corresponding Section in any other Statute for the time being in force, for punishing mutiny and desertion, and for the better payment of the Army and their quarters, or the powers of a Commanding Officer, under any such Statute to assemble such Courts.

[Reference in previous Acts to Act XLII of 1860 to be read as applying to this Act.]

L. When in any Act passed prior to the coming into operation of this Act reference is made to Act XLII of 1860, such reference shall be read as applying to this Act, and when any procedure is directed to be in accordance with the provisions of Act XLII of 1860, such procedure shall be deemed to be directed to be in accordance with the provisions of this Act.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ২৭ জুন।]

[এই আইনমতে বিচার্য্য মোকদ্দমার প্রতি ১৮৬২ সালের ১০ আইনের ২৬ ধারা ও ১৮৫৯ সালের ৮ আইনের বিধান বর্ত্তিবে ইহার কথা।]

৪৭ ধারা। ১৮৬২ সালের ১০ আইনের (অর্থাৎ ইষ্টাম্পের মাসুল সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের) ২৬ ধারা ও পূর্ব্বোল্লিখিত সকল বর্জ্জিত স্থল ছাড়া দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধান এই আইনমতের যাবদীয় মোকদ্দমাতে ও বিচারকার্য্যে যে পর্য্যন্ত বর্ত্তে কি বর্ত্তান যাইতে পারে, সেই পর্য্যন্ত তাহার প্রতি বর্ত্তিবে ইতি।

[১৮৪১ সালের ১১ আইনের ১৭ ধারার রক্ষা করণার্থ কথা।]

৪৮ ধারা। উক্ত ১৮৫৯ সালের ৮ আইনের ২ ধারায় কিম্বা ১৮৬৪ সালের ২২ আইনের (অর্থাৎ সৈনিক ছাউনি স্থানের কার্য্য নির্ব্বাহের বিধান করণার্থ আইনের) ৬ কি ৭ কি ৮ ধারা সৈনিক ছাউনি স্থানে ক্ষুদ্র মোকদ্দমার আদালত স্থাপনের বিষয়ে যে২ কথা আছে, তাহাতে ১৮৪১ সালের ১১ আইনের (অর্থাৎ ইষ্ট-ইণ্ডিয়া কোম্পানীর অধীন দেশীয় সেনাপতি ও সেনাদের নিমিত্ত সৈন্যসম্পার্কীয় কোর্ট রিকেষ্ট বিষয়ি আইন সুধরণপূর্ব্বক এক আইনে সংগ্রহ করণের আইনের) যে কোন কথাতে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানির অধীন দেশের সীমার বহির্ভূত স্থানে ঐ আইনের বর্ণনামতে দায়ি ব্যক্তিদের নামে, দাওয়ার যে কোন মূল্য হউক, ঋণবিষয়ক কি ব্যক্তিবিশেষ সম্পার্কীয় মোকদ্দমা সেই আইনে উল্লিখিত সৈনিক আদালতে উপস্থিত করা যাইতে পারিবে, তাহার কোন কথা যে হ্রাস পায়, এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

[কোর্ট অফ রিকেষ্টের বিচারাধিপত্যের রক্ষা করণার্থ কথা।]

৪৯ ধারা: শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ২৭ বৎসরেব ব্যবস্থার তৃতীয় অধ্যায়ের ১০৩ ধারামতে কি সময়ক্রমে প্রবল অন্য কোন ব্যবস্থাতে পরিগৃহীত তদনুরূপ ধারার বলে একত্রীকৃত কোর্ট অফ রিকেষ্টের প্রতি বিদ্রোহের কি সৈন্যহইতে পলায়নের দণ্ড করণ কি সৈনিক পুরুষদের বেতন ও বাসাদিতে প্রয়োজনীয় অর্থব্যয়ের বিধান সংশোধন বিষয়ে যে বিচারাধিপত্য বর্ত্তে, কিম্বা তদ্রূপ কোন আইনের বলে সেই প্রকারের কোর্ট অফ রিকেষ্ট একত্র করিবার যে ক্ষমতা নিয়ন্তা সেনাপতির প্রতি বর্ত্তে, তাহার কোন হ্রাস যে এই আইনের কোন কথাদ্বারা কি উক্ত ১৮৬৪ সালের ২২ আইনের ৬ কি ৭ কি ৮ ধারার কোন কথাদ্বারা হইয়াছে এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

[পূর্ব্বের কোন আইনে ১৮৬০ সালের ৪২ আইনের উল্লেখ হইলে এই আইনের উল্লেখ হইল বলিয়া তাহার অর্থ করিতে হইবার কথা।]

৫০ ধারা। এই আইন প্রবল হইবার পূর্ব্বে প্রচারিত কোন আইনে যদি ১৮৬০ সালের ৪২ আইনের উল্লেখ হয়, তবে এই আইনের উল্লেখ হইল বলিয়া তাহার অর্থ করিতে হইবে, এবং ১৮৬০ সালের ৪২ আইনের বিধানানুসারে কোন কার্য্য করিবার আদেশ হইলে এই আইনের বিধানানুসারে সেই কার্য্য করিবার আদেশ হইল বলিয়া জ্ঞান করিতে হইবে ইতি।

[Power to give a Small Cause Court Judge the powers of a Principal Sudder Ameen or a Magistrate.]

LI. Whenever the state of business in any Court of Small Causes, the Judge of which shall be the Judge of such Court only, is not sufficient to occupy his time fully, the Local Government may invest him whithin such limits as it shall from time to time appoint, in addition to his powers as such Judge, with the powers of a Magistrate as defined in the Code of Criminal Procedure, or, in the Regulation Provinces, with the powers of a Principal Sudder Ameen, or, in the Non-Regulation Provinces, with the powers of an Officer exercising the like or nearly the like powers as those of a Principal Sudder Ameen.

[Power to give Small Cause Court Judge jurisdiction to hear claims under Act X of 1859.]

LII. In the places in which the provisions of Act X of 1859 (*to amend the Law relating to the recovery of Rent in the Presidency of Fort William in Bengal*), are in force, the Local Government may empower any Judge of a Court of Small Causes to hear and determine, under the rules contained in the said Act X of 1859 applicable to trials before a Collector, and subject to the same regular and special appeal, the claims cognizable under such Act arising within the local limits of the jurisdiction of such Court. Any Judge so empowered shall exercise all the powers of a Collector under the said Act X of 1859 except the power of hearing appeals.

[Small Cause Courts to furnish records, &c, called for by Local Government of High Court.]

LIII. Courts of Small Causes shall comply with such requisitions as may from time to time be made by the Local Government or the High Court for records, returns, and statement in such from and manner as such Government or Court may deem proper.

WHITLEY STOKES,

*Offg. Asst. Secy. to the Govt. of India, Home Dept. (Legislative.)*

[*Government Gazette, 27th June* 1865.]

[প্রধান সদর আমীনের কি মাজিষ্ট্রেটের ক্ষমতা ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজকে দিবার ক্ষমতার কথা।]

৫১ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার যে আদালতের জজ কেবল সেই এক আদালতের জজ আছেন, তৎসম্পর্কীয় বিচারকার্য্য যদি সেই জজের সকল সময় পূর্ণ করিবার মত প্রচুর না হয়, তবে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে সীমা নিরূপণ করিবেন সেই সীমার মধ্যে তদ্রূপ জজের ক্ষমতা ব্যতিরেকে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনে নির্দ্দিষ্ট মাজিষ্ট্রেটের ক্ষমতা, কিম্বা আইনের অধীন প্রদেশে প্রধান সদর আমীনের ক্ষমতা, কি আইনবহির্ভূত প্রদেশে প্রধান সদর আমীনের ক্ষমতার তুল্য কি প্রায় তুল্য ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারকের ক্ষমতাও তাঁহাকে দিতে পারিবেন ইতি।

[১৮৫৯ সালের ১০ আইনমতের দাওয়া শুনিবার বিচারাধিপত্য ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজকে দিবার ক্ষমতার কথা।]

৫২ ধারা। ১৮৫৯ সালের ১০ আইনের (অর্থাৎ বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশে খাজানা আদায় করিবার আইন সংশোধন করিবার আইনের) বিধান যে২ স্থানে প্রবল আছে, তথাকার স্থানীয় গবর্ণমেণ্ট ক্ষুদ্র মোকদ্দমার আদালতের কোন জজকে উক্ত আইনমতের দাওয়া, অর্থাৎ ঐ আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে উৎপন্ন যে২ দাওয়া উক্ত আইনমতে বিচার্য্য হয়, সেই২ দাওয়া শুনিয়া নিষ্পন্ন করিবার ক্ষমতা দিতে পারিবেন। সেই ক্ষমতার প্রয়োগ কালেক্টরের সম্মুখস্থ মোকদ্দমার উপলক্ষে ঐ ১৮৫৯ সালের ১০ আইনের নির্দ্দিষ্ট বিধির অধীন ও সেই প্রকারের নিয়মিত কি বিশেষ আপীলের অধীন হইবে। উক্ত ১৮৫৯ সালের ১০ আইনমতে কালেক্টর সাহেবের যে সকল ক্ষমতা আছে, তাহা তদ্রূপ ক্ষমতাপন্ন কোন জজের প্রতিও বর্ত্তিবে, কেবল আপীল শুনিবার ক্ষমতা তাঁহার থাকিবে না ইতি।

[স্থানীয় গবর্ণমেণ্টের কিম্বা হাই কোর্টের আজ্ঞাক্রমে কাগজপত্র প্রভৃতি পাঠান ক্ষুদ্র মোকদ্দমার আদালতের কর্ত্তব্য ইহার কথা।]

৫৩ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার আদালত সময়ে২ স্থানীয় গবর্ণমেণ্টের কিম্বা হাই কোর্টের স্থানে রিকার্ড কি রিটর্ণ কি কৈফিয়ৎ পাঠাইবার আজ্ঞা পাইলে যে পাঠে ও রীতি উক্ত গবর্ণমেণ্টের কি কোর্টের উপযুক্ত বোধ হইবে সেই পাঠে ও সেই রীতিমতে তাহা পাঠাইবেন ইতি।

উইট্‌লি ষ্টোক্‌স,

হোম (অথচ ব্যবস্থাপক) ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটারী।

J. WENGER, *Offg. Bengalee Translator.*

# CIRCULAR ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

*(Civil Side.)*

**No. 10.**

From H. T. Prinsep, Esq., Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to all Civil Judges,—(dated Calcutta, the 19th May 1865.)

As from certain irregularities that have recently been brought to their notice, the Court believe that plaints presented in Civil Courts are not examined without delay, and either registered (Section 38,) or dealt with in one of the modes described in Sections 29, 30, 31, 32, 34, 35, Act VIII of 1859, and Sections 3 and 4, Act XXI of 1861, but are for some time allowed to remain neglected by the Judge before whom they have been presented, the Court think it necessary to remind all Civil Judges of the extreme importance of complying without delay with the provisions of the law above quoted.

2. No plaint should ordinarily remain unregistered for more than one day, for it is obviously the duty of every Judge to take up at latest on the day following their presentation all plaints filed in his Court. If such a practice is not rigidly observed, the Court can have no confidence that in other respects the procedure laid down in Act VIII of 1859 is acted up to. Such an irregularity cannot be too strongly condemned, for not only does it tend to encourage corruptness among the Court Amla, but it causes deception by misrepresenting the files which should be correctly exhibited on the statements periodically submitted to the Court.

3. The Court, therefore, in reminding Judges of the existence of such irregularities, desire to record their determination to adopt the severest possible measures, not only towards their repression, but to signify their extreme displeasure at the conduct of any Officers who, after this warning, may neglect to conform to the law which recognises no delay in such simple matters of form.

4. The Court rely upon the exertions of the superior local Courts to check such irregularities

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৬৫ । ২৭ জুন ।]

# বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই. কোর্টের সরকুলরের অর্ডর ।

দেওয়ানী পক্ষ ।

১০ নম্বর ।

দেওয়ানী সকল জজ সাহেবের নিকটে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত এচ টি প্রিন্‌সেপ সাহেবের পত্র ।

কলিকাতা ১৮৬৫ সাল ১৯ মে ।

অল্প দিন হইল বিশেষ২ বিশৃঙ্খলতার কথা হাই কোর্টের জ্ঞানগোচর করা গিয়াছে, তাহাতে উক্ত কোর্টের বোধ হয় যে দেওয়ানী আদালতে নালিশপত্র দাখিল করা গেলে অবিলম্বে তাহার নিরীক্ষণক্রমে তাহা যে (১৮৫৯ সালের ৮ আইনের ৩৮ ধারামতে) রেজিস্টরী করা যায়, অথবা সেই ৮ আইনের ২৯ ও ৩০ ও ৩১ ও ৩২ ও ৩৪ ও ৩৫ ধারাতে ও ১৮৬১ সালের ২১ আইনের ৩ ও ৪ ধারাতে বর্ণিত কোন মতে তাহা লইয়া কার্য্য করা যায় তাহা দূরে থাকুক, বরং যে বিচারকর্ত্তার সম্মুখে তাহা দাখিল করা গিয়াছে, তাঁহার অবহেলা প্রযুক্ত তাহা দীর্ঘকাল পর্য্যন্ত অমনি পড়িয়া থাকে, অতএব ব্যবস্থার যে২ বিধান পূর্ব্বে উল্লিখিত হইল তদনুসারে কর্ম্ম করিতে বিলম্ব না করা যে কেমন গুরুতর বিষয়, তাহা সকল দেওয়ানী বিচারকর্ত্তাদিগকে স্মরণ করান এই আদালতের আবশ্যক বোধ হইল ।

২ । সামান্যতঃ কোন নালিশপত্র এক দিনের অধিক কাল পর্য্যন্ত রেজিস্টরী না করিয়া থাকিতে দেওয়া অবিহিত, কেননা কোন বিচারকর্ত্তার আদালতে যে কোন নালিশপত্র দাখিল করা যায়, তাহার বিষয়ে অত্যধিক বিলম্ব করিলে সেই দাখিল হইবার পরদিবসে তাহা লইয়া কার্য্য আরম্ভ করা তাঁহার স্পষ্ট কর্ত্তব্য । অতি দৃঢ়রূপে এই প্রণালী অবলম্বন না করিলে অন্য২ বিষয়ে ১৮৫৯ সালের ৮ আইনের নির্দ্দিষ্ট প্রণালীমতে কার্য্য যে চলে, এই আদালতের এমত বিশ্বাস জন্মিতে পারে না । এমত বিশৃঙ্খলতা যে কেমন দূষণীয় তাহার বর্ণনা করণে অত্যুক্তির কোন সম্ভাবনা নাই, কেননা তদ্দ্বারা আদালতের আমলাদিগকে উৎকোচ গ্রহণে আশ্বাস দেওয়া যায়, এবং প্রবঞ্চনাও উৎপাদিত হয়, ফলতঃ সময়ে২ আদালতের নিকটে প্রেরণীয় কৈফিয়তে নথীর প্রকৃত অবস্থা প্রকাশ করা উচিত, কিন্তু ঐ বিশৃঙ্খলতাপ্রযুক্ত নথীর অবস্থার বর্ণনা অসত্য হয় ।

৩ । উক্ত প্রকারের বিশৃঙ্খলতা যে হইয়া থাকে ইহা বিচারকর্ত্তাদিগকে স্মরণ করাইবার সময়ে হাই কোর্ট ইহাও প্রকাশ করিতেছেন, যে তদ্রুক্ত মহোদয়েরা উক্ত প্রকারের বিশৃঙ্খলতা নিবারণার্থে সাধ্যমতে কঠিন উপায় অবলম্বন করিবার প্রতিজ্ঞা করিয়াছেন, কেবল তাহা নয়, বরং এই ভর্ৎসনার পরে যদি কোন কার্য্যকারকেরা ব্যবস্থার আদেশমতে কর্ম্ম করিতে ত্রুটি করেন, তবে তাঁহাদের এমত আচার ব্যবহারেতে আপনাদের অসন্তোষ অতি সুস্পষ্টরূপে প্রকাশ করিবেন, কেননা কার্য্যপ্রণালীর উক্ত প্রকারের সহজ বিষয়ে ব্যবস্থা কোন বিলম্বের অনুমতি দেয় না ।

৪ । উচ্চতর শ্রেণীর স্থানীয় আদালত সকল আপনাদের অধীন বিচারকর্ত্তাদের কার্য্যের সূক্ষ্ম তত্ত্বাব-

by a strict supervision over the proceedings of their subordinates, such as is afforded to them as Courts of Appeal or in visits of inspection enjoined by Circular Order No. 15, dated 14th May last.

By Order of the High Court,
H. T. PRINSEP,
*Registrar.*

---

## ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 3963.

APPOINTMENTS.

*The 22nd April* 1865

Dr. J. G. French is re-appointed to be Civil Assistant Surgeon of Mymensing.

*The 10th June* 1865.

Sub-Assistant Surgeon Dwarkanath Chatterjee to officiate as Medical Officer of Serampore, during the absence, on leave, of Dr. T. Bray, or until further orders.

Dr. O'Sullivan to be Medical Officer of the Port of Canning.

Mr. R. H. Wilson, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-Division of Cox's Bazar, and to exercise the powers of a Magistrate in Chittagong.

Mr. J. A. Hopkins to be an Assistant Commissioner in Maunbhoom, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, described in Section XXII. of the Code of Criminal Procedure, (Act XXV. of 1861,) and the powers of a Deputy Collector, in that District.

*The 12th June* 1865.

Baboo Gooroo Churn Dass, Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Jungbypore, and to exercise the powers of a Magistrate [illegible] Moorshedabad.

Mr. R. DeCourcy to be Vice-Chairman of the Municipal Commissioners for the Town of Purneah.

Dr. J. Macleod Cameron to be a Municipal Commissioner for the Town of Monghyr.

*The 13th June* 1865.

The following Deputy Collectors of Survey are vested with the powers of a Collector, under Regulation VII. of 1822, in the District of Maldah, *viz.*:—

Moulvy Ahsan Ahmed.
Baboo Hursahoy Sing.

ধারণ করত উক্ত প্রকারের বিশৃঙ্খলতা নিবারণ করিতে যত্নবান হইবেন, হাই কোর্ট এমত দৃঢ় প্রত্যাশা করিতেছেন। তাঁহারা আপীল আদালতস্বরূপে, কিম্বা গত মে মাসের ১৪ তারিখের ১৫ নং সরকুলার অর্ডরের আদেশানুসারে পরিদর্শনার্থ পরিভ্রমণক্রমে তদ্রূপ তত্ত্বাবধারণ করিতে ক্ষমতাপন্ন আছেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

J. WENGER, *Offg. Bengalee Translator.*

---

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৩৯৬৩ নম্বর।

নিয়োগ।

১৮৬৫ সাল ২২ আপ্রিল।

ডাক্তর শ্রীযুত জে জি ফ্রেঞ্চ সাহেব ময়মনসিংহের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকের পদে পুনর্ব্বার নিযুক্ত হইয়াছেন।

১৮৬৫ সাল ১০ জুন।

ডাক্তর শ্রীযুত টি ব্রে সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত দ্বারকানাথ চট্টোপাধ্যায় শ্রীরামপুরের চিকিৎসকের কর্ম্ম করিবেন।

ডাক্তর শ্রীযুত ওসল্লিবান সাহেব কানিং বন্দরের চিকিৎসক হইবেন।

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আর এচ উইলসন সাহেব কক্সবাজার জিলাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, ও চাটিগাঁয়ে মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে এ হপ্‌কিন্‌স সাহেব মানভূমে আসিষ্টাণ্ট কমিসানর হইবেন, ও ঐ জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫ আইনের) ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে এবং ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন।

১৮৬৫ সাল ১২ জুন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গুরুচরণ দাস জঙ্গীপুর জিলাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং মুরশিদাবাদে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত আর ডিকর্সি সাহেব পুরণিয়া শহরের মুনিসিপাল কমিসানরদিগের প্রতিনিধি সভাপতি হইবেন।

ডাক্তর শ্রীযুত জে মাক্লৌড ক্যামরন্ সাহেব মুঙ্গের শহরের এক জন মুনিসিপাল কমিসানর হইবেন।

১৮৬৫ সাল ১৩ জুন।

জরীপ সম্পর্কীয় পশ্চাৎ লিখিত ডেপুটী কালেক্টরেরা মালদহ জিলাতে ১৮২২ সালের ৭ আইনমতে কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন, অর্থাৎ—

শ্রীযুত মৌলবী আহসান আহমদ।
শ্রীযুত বাবু হরসহায় সিংহ।

*The* 14*th June* 1865.

Mr. T. E. Ravenshaw to officiate as Commissioner of Revenue and Circuit of the Cuttack Division and Superintendent of the Tributary Mehals, during the absence, on leave, of Mr. R. N. Shore, or until further orders. Mr. Ravenshaw will make over charge of his present duties to the Principal Sudder Ameen of Beerbhoom.

Mr. E. C. Craster to officiate as Civil and Session Judge of Beerbhoom.

The following gentlemen to be Deputy Registrars of Assurances under Act XVI. of 1864 in the Districts mentioned, and to be also Deputy Magistrates under Act XV. of 1843, and Deputy Collectors under Regulation IX. of 1833, in those Districts respectively, where they will exercise the powers of a Subordinate Magistrate of the Second Class, described in Section XXII. of the Code of Criminal Procedure, (Act XXV. of 1861.) :—

| | | |
|---|---|---|
| Baboo Prem Chand Burral | ... | 24-Pergunnahs and Sealdah. |
| ,, Nittololl Dé | ... | Burdwan. |
| ,, Gooroopersaud Sen, M. A. and B. L. | | Patna. |
| ,, Gopaul Chunder Dass | ... | Tirhoot. |
| ,, Doorgagutty Bannerjee | ... | Behar. |

Mr. P. D. Dickens, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-Division of Busseerhaut, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, described in Section XXII. of the Code of Criminal Procedure, (Act XXV. of 1861.) and the powers of a Deputy Collector, in the 24-Pergunnahs. Mr. Dickens is also empowered, under Section XXXVIII. of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or by the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose.

Mr. G. E. Makgill will take charge of the Sub-Division until the arrival of Mr. Dickens, or until further orders.

Baboo Calicadass Dutt, B. L., Deputy Magistrate and Deputy Collector, to have charge of the Sub-Division of Jehanabad, and to exercise the powers of a Magistrate in Hooghly and Burdwan.

Pundit Sreesh Chunder Vidyarutno, Deputy Magistrate and Deputy Collector of Junghypore, is transferred to Mymensing, and is vested with the powers of a Magistrate in that District.

১৮৬৫ সাল ১৪ জুন।

শ্রীযুত আর এন শোর সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত টি ই রেবন্‌শা সাহেব কটক এলাকার রাজস্বের ও দায়ের সায়েরীর কমিস্যনরের ও পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন। তিনি আপন বর্ত্তমান কর্ম্মের ভার বীরভূমের প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিবেন।

শ্রীযুত ই সি ক্রাষ্টর সাহেব বীরভূমের সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা নিম্নলিখিত জিলাতে ১৮৬৪ সালের ১৬ আইনমতে নিদর্শনপত্রাদির ডেপুটী রেজিষ্ট্রার হইবেন, এবং আপনহ নামের পার্শ্বে লিখিত জিলাতে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরও হইবেন, ও তথায় ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫ আইনের) ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন, অর্থাৎ—

| | | |
|---|---|---|
| ২৪ পরগনায় ও শিয়ালদহে | ... | শ্রীযুত বাবু প্রেমচাঁদ বড়াল। |
| বর্দ্ধমানে | ... | ,, বাবু নৃত্যলাল দে। |
| পাটনায় | ... | ,, বাবু গুরুপ্রসাদ সেন এম, এ, ও বি, এল,। |
| ত্রিহুতে | ... | ,, বাবু গোপালচন্দ্র দাস। |
| বেহারে | ... | ,, বাবু দুর্গাগতি বন্দ্যোপাধ্যায়। |

আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত পি ডি ডিকিন্স সাহেব বশীরহাট জিলাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, এবং ২৪ পরগনায় ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫ আইনের) ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন। আরো ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ৩৮ ধারামতে তিনি সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথমস্থলীয় অনুসন্ধান লইতে, ও উক্ত সেশন আদালতের কি হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কি তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

শ্রীযুত ডিকিন্স সাহেব যত কাল না পঁহুছেন কি অন্য আজ্ঞা না হয়, তত কাল শ্রীযুত জি ই মাকগিল সাহেব সেই জিলাখণ্ডের কর্ম্মের ভার লইবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালিকাদাস দত্ত বি, এল, জাহানাবাদ জিলাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং হুগলাতে ও বর্দ্ধমানে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

জঙ্গীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত পণ্ডিত শ্রীশচন্দ্র বিদ্যারত্ন ময়মনসিংহে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ২৭ জুন।]

## LEAVE OF ABSENCE.

*The 10th June* 1865.

Moulvy Azharool Huq, Deputy Magistrate and Deputy Collector of Cox's Bazar, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

*The 12th June* 1865.

Moulvy Abdool Jubber, Deputy Magistrate and Deputy Collector of Pubna, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Mr. E. O. White, Officiating District Superintendent of Police, Eastern Dooars of Bootan, for three months, under the Financial Notification dated the 31st July 1863, from the date on which he may have availed himself of the leave.

*The 13th June* 1865.

Major E. P. Lloyd, Deputy Commissioner of Kamroop, for four days, on private affairs, in extension of the leave granted to him on the 10th November last.

Major J. Emerson, Cantonment Magistrate of Dinapore, is allowed three days preparatory leave of absence in extension of that sanctioned on the 24th April last.

Baboo Bunkim Chunder Chatterjee, Deputy Magistrate and Deputy Collector of Barripore, for nine days, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from any date after the 15th instant on which he may avail himself of the leave, making over charge of his duties to the Magistrate of 24-Pergunnahs.

*The 14th June* 1865.

Mr. J. Beames, Officiating Magistrate and Collector of Purneah, for two months, under Section 8 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Sub-Assistant Surgeon Mohesh Chunder Ghose, on sick leave at the Presidency, for three months, under paragragh 11 of the Uncovenanted Service Absentee Rules, in extension of that which he obtained from the Government of the North-Western Provinces in May 1864.

Mr. W. Ivey, Assistant Revenue Surveyor, Second Division, Lower Provinces, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

*The 15th June* 1865.

Dr. T. Bray, Medical Officer of Serampore, is allowed seven days' leave of absence preparatory to proceeding to Europe on Medical Certificate.

[*Government Gazette, 27th June* 1865.]

## ছুটী।

১৮৬৫ সাল ১০ জুন।

কক্সস বাজারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আজহরলহক অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৫ সাল ১২ জুন।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আবদুল জব্বার যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

ভুটানের পূর্ব্ব দুয়ারের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ই ও হোয়াইট সাহেব যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন, সেই তারিখ অবধি ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৩ সালের ৩১ জুলাই তারিখের বিজ্ঞাপনমতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৫ সাল ১৩ জুন।

কামরূপের ডেপুটী কমিসনর মেজর শ্রীযুত ই পি লয়ড্ সাহেব গত নবেম্বর মাসের ১০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত নিজ প্রয়োজনের জন্যে চারি দিনের ছুটী পাইয়াছেন।

দানাপুরের কাণ্টনমেণ্ট মাজিষ্ট্রেট মেজর শ্রীযুত জে এমর্সন সাহেবের যে ছুটী গত আপ্রিল মাসের ২৪ তারিখে অনুমোদিত হয়, তদতিরিক্ত তিনি প্রস্তুত হইবার নিমিত্তে তিন দিনের ছুটী পাইয়াছেন।

বারুইপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় এই মাসের ১৫ তারিখের পর যে কোন তারিখে ছুটী লইতে আরম্ভ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে নয় দিনের ছুটী পাইয়াছেন। তিনি আপন কর্ম্মের ভার ২৪ পরগনার মাজিষ্ট্রেটের প্রতি অর্পণ করিবেন।

১৮৬৫ সাল ১৪ জুন।

পূরণিয়ার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে বীমস্ সাহেব যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৮ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

পীড়াজন্য ছুটীক্রমে রাজধানীতে অবস্থিত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত মহেশচন্দ্র ঘোষ ১৮৬৪ সালের মে মাসে উত্তর পশ্চিম দেশের গবর্ণমেণ্টের স্থানে যে ছুটী পান, তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

নিম্নতর প্রদেশের দ্বিতীয় খণ্ডের আসিষ্টাণ্ট রেবিনিউ সরবেয়র শ্রীযুত ডবলিউ আইবি সাহেব যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন, সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৫ সাল ১৫ জুন।

শ্রীরামপুরের চিকিৎসক ডাক্তর শ্রীযুত টি ব্রে সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার নিমিত্তে সাত দিনের ছুটী পাইয়াছেন।

### Declaration under Section II. of Act VI. of 1857.

Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at a public expense, for a public purpose, *viz.* for the Calcutta Water-works, it is hereby declared that, for the above purpose, a plot of land, measuring seventeen beegahs ten cottahs, more or less, the property of Radhamadhub Boral and others, situated in Mouzah Tallah, and recorded as Holding No. 73, Sub-Division XVIII., Grand Division I. of Khas Mehal Dhee Punchannogram, is required.

It is bounded on the North by Holding No. 72, the property of Buro Modoosoodun Chatterjee; on the South by a public lane and Holdings Nos. 74, 75, and 77, the properties of Bassandy Dossee, Buro Modoosoodun Chatterjee, and Ram Doolaul Sircar respectively; on the East by Holdings Nos. 67 and 70-1, the properties of Denoobundoo Paul and Rajah Jadub Kisto Bahadoor; and on the West by the Barrackpore Road.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

---

### Declaration under Section II. of Act VI. of 1857.

Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at a public expense, for a public purpose, *viz.* for the Calcutta Water-works, it is hereby declared that, for the above purpose, a piece of land in Mouzah Moneerampore, Pergunnah Calcutta, District 24-Pergunnahs, measuring 450 beegahs, more or less, is required.

It is bounded on the North and West by the River Hooghly; on the South by the River Alluvial and Peyparah Road; and on the East by the Kurbulla Ghaut and Dheetarah Road. Also a strip of land, about 1,400 feet in length and 20 feet in width, running through gardens along the North of the Dheetarah Road and connecting the land defined above with the Cantonment Road.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

JOHN GEOGHEGAN,
*Under-Secy. to the Govt. of Bengal.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ২৭ জুন।]

### ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বিবেচনানুসারে বোধ হয় যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতায় জল আনয়নাদির উপায়কল্পনার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ১৭৷৷০ কাঠা ভূমির প্রয়োজন। ঐ ভূমি রাধামাধব বড়াল প্রভৃতির সম্পত্তি ও টাল্লা মৌজার অন্তর্গত ও খাস মহাল ডিহী পঞ্চানন গ্রামের অর্থাৎ ১ মহাবিভাগের ১৮ উপবিভাগের ৭৩ নং যোত বলিয়া উল্লিখিত।

ইহার উত্তর সীমা বড় মধুসূদন চট্টোপাধ্যায়ের সম্পত্তি ৭২ নং যোত। দক্ষিণ সীমা রাজকীয় গলিপথ ও বাসাণ্ডী দাসী ও বড় মধুসূদন চট্টোপাধ্যায় ও রামতুলাল সরকার এই প্রত্যেকের সম্পত্তি ৭৪ ও ৭৫ ও ৭৭ নং যোত। পূর্ব্ব সীমা দীনবন্ধু পাল ও রাজা যাদবকৃষ্ণ বাহাদুরের সম্পত্তি ৬৭ ও ৭০-১ নং যোত। পশ্চিম সীমা বারাকপুর গমনের পথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদিগকে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

---

### ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের বিবেচনানুসারে বোধ হয় যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ কলিকাতায় জল আনয়নাদির উপায়কল্পনার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ২৪ পরগনা জিলার অন্তর্গত কলিকাতা পরগনার মণিরামপুর মৌজাতে ন্যূনাধিক ৪৫০ বিঘা ভূমির প্রয়োজন।

ইহার উত্তর ও পশ্চিম সীমা হুগলী নদী, দক্ষিণ সীমা ঐ নদীর চড়া ও দেপাড়ার পথ, ও পূর্ব্ব সীমা করবালা ঘাট ও ধীতাড়ার পথ। আর কাণ্টনমেণ্টের পথের সহিত পূর্ব্ব নির্দ্দিষ্ট ভূমি সংযোগকারি ১৪০০ ফুট দীর্ঘ ও ২০ ফুট প্রশস্ত এক খণ্ড ভূমি। ইহা ধীতাড়া পথের উত্তর পার্শ্বস্থ বাগানের মধ্য দিয়া যায়।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদিগকে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

জান গিওঘিগান,
বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী।

# PUBLIC WORKS DEPARTMENT.

AGRICULTURAL.

No. 234.

*The 20th June* 1865.

With reference to Notification in this Department No. 156, dated the 19th April 1865, it is hereby declared that, under Section VI. of the "Canals' Act, 1864," the Lieutenant-Governor of Bengal has been pleased to fix the following rates for the levy of tolls at the undermentioned places on the "Midnapore Canal" and on the "Balasore Canal" for one year from the 1st July 1865:—

*Schedule of Rates of Toll to be charged on the*

## MIDNAPORE CANAL.

| Description. | | Entering from the East. | | | | | Entering from the West. | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | At Oolabaria. | At Kooltaparah. | At Dianan | At Panchkoorah. | At Debrah. | At Midnapore. | At Debrah. | At Panchkoorah. | At Kantapookeira. | At Bansberia. |
| | | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. |
| Vessels ... | per 100 mds. | 0 6 0 | 0 8 0 | 0 10 0 | 0 12 0 | 0 12 0 | 0 12 0 | 0 12 0 | 0 10 0 | 0 8 0 | 0 6 0 |
| Timber in rafts ... | per timber.. | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 |
| Bamboos in floats ... | per 100 bamboos ... | 0 4 0 | 0 4 0 | 0 4 0 | 0 4 0 | 0 4 0 | 0 4 0 | 0 4 0 | 0 4 0 | 0 4 0 | 0 4 0 |

PASSENGER BOATS.—A charge of ¼ (a quarter) pie per head per mile over and above the toll leviable from the boats by measurement by the rules passed under Notification No. 235 of this day's date.

*N. B.*—This charge will be leviable from the owners of the boat and not from the passengers.

[*Government Gazette, 27th June* 1865.]

## পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

কৃষিকার্য্য সম্পর্কীয়।

২৩৪ নম্বর।

১৮৬৫ সাল ২০ জুন।

এই ডিপার্টমেণ্টের ১৮৬৫ সালের ১৯ আপ্রিল তারিখের ১৫৬ নম্বরের বিজ্ঞাপনের সম্বন্ধে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৪ সালের খাল বিষয়ক আইনের ৬ ধারামতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬৫ সালের জুলাই মাসের ১ তারিখ অবধি এক বৎসর পর্য্যন্ত "মেদিনীপুর খালের" ও "বালেশ্বর খালের" নিম্ন লিখিত সকল স্থানে নৌকাদির মাসুল আদায় করিবার পশ্চাৎ লিখিত হার স্থির করিয়াছেন, অর্থাৎ—

### মেদিনীপুর খালে

যত মাসুল লওয়া যাইবে তাহার হারের তফসীল।

| নৌকাদির বর্ণনা। | | পূর্ব্ব দিগহইতে প্রবেশ করিলে। | | | | | পশ্চিম দিগহইতে প্রবেশ করিলে। | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | উলুবেড়িয়ায়। | কুলতাপাড়ায়। | দয়ানালে। | পাঁচ কুড়ায়। | নেব্রায়। | মেদিনীপুরে। | নেব্রায়। | পাঁচকুড়ায়। | কাস্তাপুকুরিয়ায়। | বাঁশবেড়িয়ায়। |
| | | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা |
| নৌকা ... | ১০০ মণ প্রতি | ।৵০ | ॥০ | ॥৵০ | ৸০ | ৸০ | ৸০ | ৸০ | ॥৵০ | ॥০ | ।৵০ |
| কাষ্ঠের চালি | কাষ্ঠ প্রতি ... | ৵০ | ৵০ | ৵০ | ৵০ | ৵০ | ৵০ | ৵০ | ৵০ | ৵০ | ৵০ |
| বাঁশের মাড় | ১০০ বাঁশপ্রতি | ।০ | ।০ | ।০ | ।০ | ।০ | ।০ | ।০ | ।০ | ।০ | ।০ |

গওয়ারি নৌকা।—অদ্যকার ২৩১ নম্বরের বিজ্ঞাপনমতে প্রণীত বিধি অনুসারে কৃত পরিমাণক্রমে নৌকার উপর যে মাসুল লওয়া যায় তদতিরিক্ত মাইল প্রতি প্রত্যেক জনের জন্যে সিকি পাই মাসুল লওয়া যাইবে।

**মন্তব্য। এই মাসুল নৌকার স্বামির স্থানে লওয়া যাইবে, আরোহির স্থানে নয়।**

**[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ২৭ জুন।]**

[Government Gazette, 27th June 1865.]

*Schedule of the Rates of Toll to be charged on the*

## BALASORE CANAL.

| Description. | | Entering from the North | | | | | | | | | Entering from the South. | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | At Banka. | At the Huldee River. | At Goolpookeriah. | At Chowmook. | At Doobda. | At Jokee. | At the Soobunreka. | At Nunglassur. | At Koelsackree. | At Boorabullung. | At Koelsackree. | At Nunglassur. | At the Soobunreka. | At Jokee. | At Doobda. | At Russoolpoor. | At Goolpookeriah. | At the Huldee River. |
| | | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. | R. A. P. |
| Vessels ... | per 100 maunds ... | 0 8 0 | 0 8 0 | 0 10 0 | 0 10 0 | 0 10 0 | 0 12 0 | 0 10 0 | 0 10 0 | 0 10 0 | 0 10 0 | 0 10 0 | 0 10 0 | 0 12 0 | 0 10 0 | 0 10 0 | 0 10 0 | 0 8 0 | 0 8 0 |
| Timber in rafts ... | per timber ... | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 | 0 2 0 |
| Bamboos in floats ... | per 100 bamboos ... | 0 4 0 | 0 4 0 | 0 4 0 | 0 4 0 | 0 4 0 | 0 4 0 | 0 4 0 | 0 1 0 | 0 4 0 | 0 4 0 | 0 4 0 | 0 4 0 | 0 4 0 | 0 4 0 | 0 4 0 | 0 1 0 | 0 4 0 | 0 4 0 |

Passenger Boats.—A charge of a ¼ (a quarter) pie per head per mile over and above the toll leviable from the boats by measurement by the Rules passed under Notification No. 235 of this day's date.

*N.B.*—This charge will be leviable from the owners of the boats and not from passengers.

2. The Lieutenant-Governor of Bengal, under the power vested in him by Section VIII. of the said "*Canals' Act*, 1864," hereby appoints the Agent and Manager of the East India Irrigation and Canal Company for the time being to collect tolls on the navigable channels aforesaid, *viz*. the Midnapore Canal and the Balasore Canal.

## বালেশ্বর খালে

যত মাস্থল লওয়া যাইবে তাহার হারের তফসীল।

| নৌকাদির বর্ণনা। | | উত্তর দিগহইতে প্রবেশ করিলে; | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | কাঁকাতে। | হুলদী নদীতে। | গুলপুকুরিয়ায়। | চৌমুহে। | দুবদায়। | জোকীতে। | সুবর্ণরেখায়। | নংগ্লাশরে। | কোওল সাক্রীতে। |
| | | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা |
| নৌকা .. | ১০০ মণ প্রতি ... | ।।০ | ।।০ | ।।৵০ | ।।৵০ | ।।৵০ | ৸০ | ।।৵০ | ।।৵০ | ।।৵০ |
| কাষ্ঠের চালি ... | কাষ্ঠ প্রতি .. | ৵০ | ৵০ | ৵০ | ৵০ | ৵০ | ৵০ | ৵০ | ৵০ | ৵০ |
| বাঁশের মাড় ... | ১০০ বাঁশ প্রতি ... | ।০ | ।০ | ।০ | ।০ | ।০ | ।০ | ।০ | ।০ | ।০ |

| নৌকাদির বর্ণনা। | | দক্ষিণ দিগহইতে প্রবেশ করিলে। | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | দুবাবলাঙ্গে। | কোওল সাক্রীতে। | নংগ্লাশরে। | সুবর্ণরেখায়। | জোকীতে। | দুবদায়। | রসূলপুরে। | গুলপুকুরিয়ায়। | হুলদী নদীতে। |
| | | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা |
| নৌকা .. | ১০০ মণ প্রতি ... | ।।৵০ | ।।৵০ | ।।৵০ | ৸০ | ।।৵০ | ।।৵০ | ।।৵০ | ।।০ | ।।০ |
| কাষ্ঠের চালি ... | কাষ্ঠ প্রতি .. | ৵০ | ৵০ | ৵০ | ৵০ | ৵০ | ৵০ | ৵০ | ৵০ | ৵০ |
| বাঁশের মাড় ... | ১০০ বাঁশ প্রতি ... | ।০ | ।০ | ।০ | ।০ | ।০ | ।০ | ।০ | ।০ | ।০ |

সওয়ারি নৌকা। অদ্যকার ২৩৫ নম্বরের বিজ্ঞাপনমতে প্রণীত বিধি অনুসারে কৃত পরিমাণক্রমে নৌকার উপর যে মাস্থল লওয়া যায় তদতিরিক্ত মাইলপ্রতি প্রত্যেক জনের জন্যে সিকি পাই মাস্থল লওয়া যাইবে।

মন্তব্য। এই মাস্থল নৌকার স্বামির স্থানে লওয়া যাইবে, আরোহির স্থানে নয়।

২। ১৮৬৪ সালের খালবিষয়ক উক্ত আইনের ৮ ধারামতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইরাছে, তদনুসারে তিনি ইহাদ্বারা পূর্ব্বোক্ত নৌকাগম্য খালদ্বয়ে অর্থাৎ মেদিনীপুর ও বালেশ্বর খালে মাস্থল আদায় করণার্থে যিনি যে সময়ে ইষ্ট ইণ্ডিয়া ইরিগেশন ও কেনাল কোম্পানির এজেন্ট ও মানেজর সেই ব্যক্তিকে নিযুক্ত করিলেন।

No. 235.

*The following Rules having reference to the* MIDNAPORE CANAL *and the* BALASORE CANAL *have been passed this day by the Lieutenant-Governor of Bengal under the provisions of Sections XI. and XII of the* "CANALS' ACT, 1864,"—*(No V., B. L. C.)*

I. EVERY Vessel on entering either of the above Canals shall be liable to measurement for the purpose of ascertaining the amount of toll the Vessel should pay according to the Schedule of rates authorized by Government to be charged on the Canal.

II. The tonnage of every Vessel, whether laden or empty, shall, for the purposes of the "Canals' Act, 1864," and of these Rules, be determined by the following measurements :—

*a.* The product of half the length of the Vessel from stem to stern measured along the water line, multiplied by the interior greatest breadth of the Vessel, multiplied by the depth from the water line to the bottom of the Vessel, is to be taken as the number of maunds upon which toll shall be levied.

*b.* The measurement of the length is to be made in feet rejecting inches, and the measurement of the breadth and depth in feet and quarters of feet rejecting portions of less than a quarter of a foot.

*c.* In calculating the amount of toll to be levied on Vessels exceeding 100 maunds tonnage, any fraction of 100 maunds less than 25 maunds is to be omitted; exceeding 25 and not exceeding 50 maunds is to be charged as 25 maunds only; exceeding 50 and not exceeding 75 maunds to be charged as 50 maunds only; and exceeding 75 maunds as 75 maunds only. Above one thousand maunds no fraction of 100 maunds is to be charged. Toll will be charged on Vessels under 100 maunds tonnage on the actual measurement of the Vessels, omitting fractions of tens of maunds.

III. Every Vessel entering either of the above Canals shall be furnished with a ticket on paying the prescribed toll. The ticket shall specify the Station at which it has been issued, the name of the person in charge of the Vessel, the date the Vessel entered the Canal, the point to which it may proceed in the Canal, the maundage of the Vessel, the amount of toll charged, and the number of days for which the Vessel may remain in the Canal, and the date of such last day. The number of days which the Vessel may remain in the Canal without additional payment shall be calculated at the rate of one day for every eight miles or portion of eight miles to be traversed.

২৩৫ নং।

পশ্চাৎ লিখিত যে বিধি মেদিনীপুর খালের ও বালেশ্বর খালের প্রতি বর্ত্তে তাহা ১৮৬৪ সালের খালবিষয়ক আইনের (অর্থাৎ বঙ্গদেশের ব্যবস্থাপক মন্ত্রিসভার ৫ আইনের) ১১ ও ১২ ধারার বিধানমতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবদ্বারা অদ্য প্রচারিত হইল।

১। প্রত্যেক নৌকা যখন উক্ত দুই খালের মধ্যে কোন খালে প্রবেশ করে, তখন গবর্ণমেন্টের অনুমতিক্রমে সেই খালে আদায় হইবার যোগ্য মাস্থলের হারের তফসীল অনুসারে সেই নৌকার উপর যে মাস্থল লাগে তদবধারণার্থে তাহা মাপ করিতে হইবে।

২। বোঝাই কি খালী হউক, নৌকাতে যত মণ বোঝাই ধরে তাহা খাল বিষয়ক আইনের ও এই বিধির অভিপ্রায় সাধনার্থে পশ্চাৎ লিখিত মতে পরিমাণ করণদ্বারা নিশ্চয় করা যাইবে, অর্থাৎ—

(ক) গলুই অবধি পশ্চাদ্ভাগ পর্য্যন্ত জলের রেখা ধরিয়া পরিমাণ করিলে নৌকার যে দীর্ঘতা হয় তাহার অর্দ্ধেক, ও নৌকার খোলের অতি প্রশস্ত স্থানের প্রস্থ, এবং জলরেখা অবধি নৌকার তলপর্য্যন্ত গভীরতা, এই তিনের সংখ্যা পরস্পর গুণ করিলে যে ফলিতাঙ্ক হয় তাহা মণের সংখ্যা বলিয়া সেই সংখ্যার মণের উপর মাস্থল ধার্য্য করিতে হইবে।

(খ) দীর্ঘতা পরিমাণ করিতে গেলে ইঞ্চি ছাড়িয়া কেবল ফুট ধরিতে হইবে, এবং প্রস্থের ও গভীরতার পরিমাণ করিতে গেলে ফুটের চতুর্থাংশ অপেক্ষা ক্ষুদ্রাংশ ছাড়িয়া ফুট ও ফুটের চতুর্থাংশ ধরিতে হইবে।

(গ) যে নৌকায় ১০০/ মণ বোঝাই ধরে, তাহার কত মাস্থল লইতে হইবে ইহা হিসাব করিতে গেলে ১০০/ মণের যে ভগ্নাংশ ২৫/ মণ অপেক্ষা কম তাহা ধরিতে হইবে না। ২৫এর অধিক, কিন্তু ৫০এর অনধিক মণ হইলে কেবল ২৫/ মণ ধরিতে হইবে। ও ৫০এর অধিক ও ৭৫এর অনধিক মণ হইলে কেবল ৫০/ মণ ধরিতে হইবে। ও ৭৫এর অধিক মণ হইলে কেবল ৭৫/ মণ ধরিতে হইবে। ১০০০এর অধিক মণ হইলে ১০০ মণের ভগ্নাংশ সকল ত্যাগ করিতে হইবে। যে নৌকাতে ১০০/ মণের ন্যূন বোঝাই ধরে, তাহার প্রকৃত পরিমাণ ধরিয়া দশ মণের ভগ্নাংশ ছাড়িয়া মাস্থল আদায় করা যাইবে।

৩। যে প্রত্যেক নৌকা উক্ত দুই খালের কোন খালে প্রবেশ করে, নির্দ্দিষ্ট মাস্থল দিলে তাহার একখান টিকিট দেওয়া যাইবে। যে কুতঘাটে টিকিট দেওয়া গেল তাহার নাম, ও নৌকার ভারপ্রাপ্ত ব্যক্তির নাম, ও নৌকা খালে প্রবেশ করিবার তারিখ, ও খালের যে স্থান তাহার গন্তব্য তাহার নাম, ও যত মণী নৌকা, ও যত মাস্থল দেওয়া গেল, ও নৌকা যত দিন খালে থাকিতে পারিবে, ও তাহার মধ্যে শেষ দিনের তারিখ, এই সকল কথা ঐ টিকিটে লেখা থাকিবে। নৌকা অতিরিক্ত মাস্থল না দিয়া যত দিন খালে থাকিতে পারে তাহা গণনা করিবার জন্যে দিন প্রতি ৮ মাইলের পথ কি ৮ মাইলের কোন অংশ পরিমিত পথ ধরিতে হইবে।

IV. Toll may be paid at the first Station either for the entire number of Toll Stations on the line of navigation, or for any less number of Stations.

V. The tickets thus given may be demanded for inspection by any duly authorized Canal Officer, and must be kept on board and at hand for that purpose. They must be shewn at each Toll Station the Vessel has to pass as a passport that no further payment of toll is to be demanded. The tickets shall be delivered up at the last Toll Station.

VI. Owners of Vessels may compound by the payment of a fixed sum for the use of the whole or a portion of either of the above Canals for any period that may be agreed upon, not exceeding one year. Each Vessel so compounded for shall be furnished with a ticket shewing the amount of toll paid, the period for which the toll has been compounded for, and the limits of the Canal within which the Vessel may pass; such ticket shall be kept on board the Vessel and shall be produced when required under Rule V., but shall be given up only on the date of the expiry of the period from which granted and at the Station from whence issued.

VII. Duplicates of lost tickets, of which the numbers and the dates of entry can be satisfactorily established, will be granted by Officers in charge of Toll Stations on payment of a fee of one Rupee.

VIII. Vessels remaining in the Canals for a period exceeding that allowed under Rule III. will pay a demurrage of eight annas per 100 maunds per diem for each day or part of a day that they may remain in excess.

IX. No boats above 18 feet beam over all, and no rafts or floats of more than 10 feet width and 150 feet in length will be allowed to enter the Canals.

X. It will not be compulsory for the locks to be opened to single Vessels of less than 500 maunds burden, except in the case of mail or dispatch boats; but the locks shall be opened for the passage of boats at least twice a day.

XI. Vessels must have their masts fitted so that they can be let down with ease and speed and when under sail Vessels must always keep in the middle of the Canal; when being tracked Vessels are, as far as praticable, to keep to their port or left side of the Canals.

XII. All Vessels anchoring at night are to keep to their port or left bank of the Canals.

XIII. Only one Vessel shall be allowed to make fast along, and in a line with the Canal

৪। গমনীয় জলপথে যত কুতঘাট আছে তৎসমুদায়ের জন্যে কি তদপেক্ষা অল্প কুতঘাটের জন্যে প্রথম কুতঘাটে মাসুল দেওয়া যাইতে পারিবে।

৫। সেই যে টিকিট দেওয়া যায়, তাহা খাল সম্পর্কীয় উচিত ক্ষমতাপন্ন প্রত্যেক কার্য্যকারক চাহিতে ও নিরীক্ষণ করিতে পারেন, তজ্জন্য তাহা নৌকায় নিকটে রাখিতে হইবে। একং কুতঘাটের নিকট দিয়া নৌকার গমনকালে অধিক মাসুল লইতে না হইবার প্রমাণস্বরূপ ছাড়চিঠী বলিয়া ঐ টিকিট দেখাইতে হইবে। শেষ যে কুতঘাটে যাওয়া যায়, তথায় টিকিট প্রত্যর্পণ করিতে হইবে।

৬। নৌকার স্বামিরা অবধারিত পরিমাণের টাকা দিয়া এক বৎসরের অনধিক যত কালের বিষয়ে নিয়ম হয় তত কাল পর্য্যন্ত উক্ত কোন খালের সমুদয় কি কোন অংশ ব্যবহার করিবার জন্যে বন্দোবস্ত করিতে পারিবেন। যে কোন নৌকার বিষয়ে তদ্রূপ বন্দোবস্ত হয় তাহার এক খান টিকিট দেওয়া যাইবে। যত মাসুল দেওয়া গিয়াছে, ও যত কালের জন্যে মাসুল বিষয়ক বন্দোবস্ত হইয়াছে, ও খালের যে সীমার মধ্যে নৌকা গমনাগমন করিতে পারে, এই সকল কথা সেই টিকিটে লেখা থাকিবে। সেই টিকিট নৌকাতে রাখিয়া যখন পঞ্চম বিধিমতে তাহা দেখাইবার আজ্ঞা হয় তখন দেখাইতে হইবে। কিন্তু যত কালের জন্যে তাহা দেওয়া গিয়াছে সেই কালের শেষ তারিখের পূর্ব্বে তাহা প্রত্যর্পণ করিতে হইবে না, ও তাহা যে কুতঘাটে জারী হইয়াছিল সেই কুতঘাটে তাহা প্রত্যর্পণ করিতে হইবে।

৭। কোন টিকিট হারাইলে যদি তাহার নম্বর ও প্রবেশের তারিখ হৃদোধমতে নিশ্চয় করিতে পারা যায়, তবে কুতঘাটে নিযুক্ত কার্য্যকারকেরা এক টাকা ফী লইয়া তৎপরিবর্ত্তে অন্য টিকিট দিবেন।

৮। তৃতীয় বিধিমতে যত কাল পর্য্যন্ত খালে থাকিবার অনুমতি হয়, তদতিরিক্ত কাল যদি কোন নৌকা খালে থাকে, তবে সেই অতিরিক্ত কালের একং দিনের জন্যে কি দিনের কোন অংশের জন্যে শত মণ প্রতি আট আনা বিলম্বজন্য মাসুল দিতে হইবে।

৯। সর্ব্বসুদ্ধ আঠার ফুট অপেক্ষা অধিক প্রশস্ত কোন নৌকা, এবং দশ ফুট অপেক্ষা অধিক প্রশস্ত কি দেড় শত ফুট অধিক দীর্ঘ কোন চালি কি মাড় খালে প্রবেশ করিতে দেওয়া যাইবে না।

১০। পাঁচশত মণ অপেক্ষা ন্যূন পরিমাণের একমাত্র নৌকার জন্যে জলসংযমোপযোগি কপাট খুলিবার আবশ্যকতা হইবে না। কেবল ডাকের কি রাজকীয় পত্রবাহি নৌকার জন্যে তাহা খুলিতে হইবে। এবং উক্ত কপাট দিয়া নৌকার গমনাগমনার্থে অন্ততঃ দিনের মধ্যে দুই বার সেই সকল কপাট খুলিতে হইবে।

১১। প্রত্যেক নৌকার মাস্তুল এমন প্রস্তুত করিতে হইবে যে তাহা অনায়াসে ত্বরায় নামান যাইতে পারে। যে নৌকা পাইলভরে যায় তাহা সর্ব্বদা খালের মধ্যস্থানে থাকিবে, ও যে নৌকা গুণ টানিয়া যায় তাহা গমন কালে সাধ্য হইলে সর্ব্বদা খালের বাম দিগে চলিবে।

১২। যে সকল নৌকা রাত্রিতে লঙ্গর করে তাহারা খালের বাম পার্শ্বে থাকিবে।

১৩। খালের ধারের পার্শ্বে অথচ সমান্তরালে কেবল একং নৌকা বাঁধিবার অনুমতি হইবে, এবং ঐরূপে বাঁধা

banks, and no Vessel shall be made fast, or be placed outside of Vessels so secured without the permission of a Canal Officer. No Vessel shall, however, be placed in such a position as to endanger the safety of other Vessels, to obstruct their passage, or to impede the navigation ; and no bamboos or poles shall be allowed to be erected on Vessels when at anchor : any infringement of this rule will be punishable by a fine not exceeding Rupees 5 for each offence.

XIV. Every Vessel when put to shall be securely fastened and shall at all times have some person in attendance on board of it : any infringement of this rule will be punishable by a fine not exceeding 5 Rupees for each offence.

XV. In every case of wreck or obstruction of the channel by sunken Vessels, the Canal Officers may call upon the person in charge of the Vessel to remove the same without delay, and shall give every reasonable assistance towards so doing. But should the owner of the Vessel or Raft be not forthcoming, or should he not use reasonable expedition in removing the obstruction, or should he decline or fail to use proper assistance which may be offered to him by the Canal Officers, these Officers may undertake the removal of the obstruction themselves at the cost of the owner of the boat, recovering the expense in the manner laid down in Section IX. of "the Canals' Act, 1864."

XVI. If the Canal Officers be unable to ascertain the name and place of business or of abode of the owner of the cargo of any Vessel or Boat seized under the Canals' Act, he shall notify the seizure in the most public manner available.

XVII. In the event of any damage or injury being occasioned to the Canal works by wilfulness or negligence on the part of any person in charge of a Vessel, the Canal Officers may detain the Vessel within the Canal for a period not exceeding twenty-four hours, provided that within that period the Canal Officers shall lodge a complaint against such person in charge of the Vessel before a Magistrate under Section XVI. of the Canals' Act.

XVIII. The banks or berms of the Canals shall not be used as wharves for the deposit of goods under a penalty of 10 Rupees for each offence; but except in special cases, when the permission of the Canal Officers will be necessary, all articles shall be removed to the outer bank of the Canals, and all such articles as shall not be finally removed from within the boundaries of the Canals within a period of six days after being so deposited shall be liable to a charge of four annas per 100 maunds.

[*Government Gazette, 27th June* 1865.]

নৌকার বাহিরে খাল সম্পর্কীয় কার্য্যকারকের অনুমতি বিনা কোন নৌকা বাঁধিতে কি রাখিতে হইবে না। যে স্থানে রাখিলে অন্য নৌকার হানি কি গমনের বাধা জন্মিবার কি পথ রুদ্ধ হইবার সম্ভাবনা হয় এমত স্থানে কোন নৌকা রাখিতে হইবে না। এবং নৌকা যাবৎ লঙ্গর ফেলিয়া আছে তাবৎ তাহার উপর বাঁশ কি মাস্তুলাকার কাষ্ঠ তোলা নিষিদ্ধ হইবে। এই বিধি লঙ্ঘন করিলে একং অপরাধের জন্যে পাঁচ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

১৪। কোন নৌকা লাগাইলে তাহা দৃঢ় করিয়া বাঁধিতে হইবে, ও তাহার তত্ত্বাবধারণার্থে সর্ব্বদা কোন এক ব্যক্তি নৌকার মধ্যে থাকিবে। এই বিধি লঙ্ঘন করিলে একং অপরাধের জন্যে পাঁচ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

১৫। কোন নৌকা ভাঙ্গিলে কি জলমগ্ন নৌকাদ্বারা জলপথ রুদ্ধ হইলে খালসম্পর্কীয় কার্য্যকারকেরা সেই নৌকার ভারপ্রাপ্ত ব্যক্তিকে এমন আজ্ঞা দিবেন যে তাহা অবিলম্বে স্থানান্তর করিতে হইবে, এবং তাহা করিবার জন্যে তাঁহার যুক্তিযুক্ত সর্ব্বপ্রকার সাহায্যও করিবেন। কিন্তু সেই নৌকার কি চালির স্বামিকে যদি না পাওয়া যায়, কিম্বা যদি সে বাধা স্থানান্তর করিতে যুক্তিযুক্ত ত্বরা না করে, কিম্বা খালসম্পর্কীয় কার্য্যকারকেরা উপযুক্ত সাহায্য করিতে অঙ্গীকার করিলেও যদি সে তাহা অগ্রাহ্য করে কিম্বা তাহা ব্যবহার না করে, তবে উক্ত কার্য্যকারকেরা আপনারা নৌকার স্বামির খরচে সেই বাধা স্থানান্তর করিবার উদ্যোগ করিতে পারিবেন তাহা করিলে যে অর্থব্যয় হয় তাহা ১৮৬৪ সালের খাল বিষয়ক আইনের ৯ ধারার নির্দ্দিষ্ট মতে আদায় হইতে পারিবে।

১৬। খাল সম্পর্কীয় কার্য্যকারক যদি খালবিষয়ক আইনমতে ধৃত কোন নৌকাদির মালের স্বামির নাম ও বাণিজ্য কি বাসস্থান জানিতে না পারেন, তবে সেই নৌকাদি ধৃত হওনের সংবাদ সর্ব্বসাধারণকে জানাইবার সর্ব্বোত্তম যে উপায় পাওয়া যায়, তাহা অবলম্বন করিয়া তাহা প্রকাশ করিবেন।

১৭। নৌকার ভারপ্রাপ্ত কোন ব্যক্তির স্বেচ্ছাতে কি শৈথিল্যে যদি খাল প্রভৃতির কোন হানি কি ক্ষতি হয়, তবে খাল সম্পর্কীয় কার্য্যকারকেরা ২৪ ঘণ্টার অনধিক কাল পর্য্যন্ত সেই নৌকা খালে রাখিতে পারিবেন। কিন্তু তাহা করিলে উক্ত সময়ের মধ্যে খালবিষয়ক আইনের ১৭ ধারামতে কোন মাজিষ্ট্রেটের সম্মুখে নৌকার ভারপ্রাপ্ত সেই ব্যক্তির নামে নালিশ উপস্থিত করা খাল সম্পর্কীয় কার্য্যকারকদের কর্ত্তব্য।

১৮। মাল তুলিবার ঘাটের ন্যায় খালের ধার কি কাছাড় ব্যবহার করিতে হইবে না। করিলে একং অপরাধের জন্যে ১০৲ টাকা অর্থদণ্ড হইতে পারিবে। অত্যাবশ্যক হইলে খাল সম্পর্কীয় কার্য্যকারকদের অনুমতি লইতে হইবে, এমত বিশেষ স্থল ভিন্ন অন্য সকল স্থলে সকল দ্রব্য খালের বাহিরের ধারে লইয়া যাইতে হইবে। ও যত দ্রব্য তথায় তোলা যায় তাহা ছয় দিনের মধ্যে খালের সীমার অভ্যন্তরহইতে নিতান্ত স্থানান্তরীকৃত না হইলে তাহার উপর একশত মণ প্রতি চারি আনা মাসুল লাগিবে।

XIX. The Canals may be closed once a year for effecting the necessary repairs to them on one month's notice of the intention so to close them, but in the event of any sudden emergency the Canal may be closed at any time without prior notice, and no claim shall be made in such case by owners of Vessels or others for compensation on account of detention.

১৯। প্রয়োজনীয় মেরামৎ করিবার জন্যে খাল বৎসরের মধ্যে এক বার বন্ধ হইতে পারিবে, কিন্তু সামান্যতঃ এক মাস অগ্রে তাহা বন্ধ করিবার সংবাদ দিতে হইবে। যদি হঠাৎ সেই খাল একেবারে বন্ধ করা নিতান্ত আবশ্যক হয়, তবে যে কোন সময়ে হউক, তাহা বন্ধ করা যাইতে পারিবে। এমত স্থলে অগ্রে সংবাদ দিতে হইবে না, এবং নৌকার স্বামী প্রভৃতি লোকেরা বিলম্ব জন্য ক্ষতিপূরণের কোন দাওয়া করিতে পারিবে না।

XX. All offences against the provisions of these Rules shall be punishable as provided for in Section XVIII. of the "Canals' Act, 1864," and all fines imposed may be recovered in the manner mentioned in Section XVII. of the same Act.

২০। ইহার কোন বিধি লঙ্ঘন হইলে ১৮৬৪ সালের খালবিষয়ক আইনের ১৮ ধারার বিধানমতে তাহার দণ্ড হইতে পারিবে, তাহাতে যত অর্থদণ্ডের আজ্ঞা হইবে, তাহা উক্ত আইনের ১৭ ধারাতে নির্দ্দিষ্ট মতে আদায় করা যাইতে পারিবে।

XXI. The term "Canal Officers" in the foregoing Rules shall include the persons alluded to in Section VIII. of "the Canals' Act, 1864," and any other persons who may be specially appointed to exercise such powers by the person appointed to collect the tolls.

২১। পূর্ব্ব লিখিত বিধিতে "খাল সম্পর্কীয় কার্য্যকারক" এই নামে ১৮৬৪ সালের খালবিষয়ক আইনের ৮ ধারাতে নির্দ্দিষ্ট ব্যক্তিদিগকে ও মাসুল আদায় করণে নিযুক্ত ব্যক্তিকর্ত্তৃক তদ্রূপ ক্ষমতামতে কর্ম্ম করণে বিশেষরূপে নিযুক্ত অন্য সকল ব্যক্তিদিগকে বুঝাইবে ইতি।

---

## LOCAL.

## স্থানীয়।

---

No. 236.

২৩৬ নম্বর।

It is hereby notified that Section 2, Clause C. of the Rules having reference to certain navigable channels in the District of Chittagong, which were passed by Notification No. 190 of this Department, dated the 15th ultimo, and published in the *Calcutta Gazette* of the 17th, 24th, and 31st idem, is amended by the Lieutenant-Governor as follows:—

ইহাতে প্রকাশ করা যাইতেছে যে এই ডিপার্টমেণ্টের প্রচারিত গত মাসের ১৫ তারিখের ১৯০ নম্বরের যে বিজ্ঞাপন মে মাসের ২৩ তারিখের বাঙ্গলা গেজেটের ৫১৬ পৃষ্ঠায় প্রকাশিত হয়, তদ্দ্বারা চাটিগাঁ জিলার অন্তর্গত বিশেষ২ নৌকাগম্য খাল সম্পর্কীয় যে বিধি জারী হইয়াছে তাহার ২ ধারার (গ) চিহ্নিত প্রকরণ শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের দ্বারা পশ্চাৎ লিখিত মতে সংশোধিত হইয়াছে, অর্থাৎ—

*Section II., Clause C.*—In calculating the amount of toll to be levied on Vessels above 100 maunds burthen, any fraction of 100 maunds less than 50 maunds is to be omitted; and a fraction exceeding 50 maunds is to be charged as 50 maunds only. All Vessels of less than 100 maunds burthen will be charged as 50 maunds only.

"২ ধারার (গ) প্রকরণ। কত মাসুল লইতে হইবে তাহার হিসাব করিতে গেলে যে নৌকাতে ১০০/ মণের অধিক বোঝাই ধরে, তাহার ১০০/ মণের যে ভগ্নাংশ ৫০/ মণের ন্যূন তাহা ত্যাগ করিতে হইবে, এবং ৫০/ মণের অধিক যে ভগ্নাংশ তাহা কেবল ৫০/ মণ বলিয়া ধরিতে হইবে। যে সকল নৌকাতে ১০০/ মণের ন্যূন বোঝাই ধরে, তাহা কেবল ৫০/ মণের নৌকা বলিয়া মাসুল অবধারণ করিতে হইবে।"

J. E. T. NICOLLS, *Lt.-Col., R. E.,*
*Offg. Secy. to the Govt. of Bengal,*
*P. W. D.*

জে ই টি নিকলস্, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ২৭ জুন।]

## অশুদ্ধ সংশোধন।

---

১৮৬৫ সালের জুন মাসের ৬ তারিখের বাঙ্গলা গেজেটে লবণবিষয়ক যে বিধি প্রকাশ করা গিয়াছে তন্মধ্যে কএক কথা অশুদ্ধ হইয়াছে, পাঠকেরা অনুগ্রহ করিয়া পশ্চাৎ লিখিত মতে তাহা সংশোধন করিবেন। উক্ত কথা এই২ অর্থাৎ—

| স্থান | | | | | | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|---|---|
| ৫৭৬ | পৃষ্ঠায় | ১১ | বিধির | ৯ | পংক্তিতে | ... ৯ ধারামতে | ... ৯ বিধিমতে। |
| ঐ | ঐ | ১৫ | ঐ | ১ | ঐ | .. ধারামতে | .. বিধিমতে। |
| ৫৭৭ | ঐ | ১৮ | ঐ | ১০ | ঐ | ... ৯ ধারামতে | ... ৯ বিধিমতে। |
| ঐ | ঐ | ঐ | ঐ | ১৩ | ঐ | ... কথার মত সূচক | ... মত সূচক কথার। |
| ৫৭৮ | ঐ | ২৩ | ঐ | ৫ | ঐ | . পাঁচ টাকা | ... পাঁচ শত টাকা। |
| ৫৭৯ | ঐ | ২৯ | ঐ | ৬ | ঐ | ... পরওয়ানা | ... রওয়ানা। |
| ৫৮০ | ঐ | ৩৭ | ঐ | ১ | ঐ | ... ধারার | ... বিধির। |
| ৫৮১ | ঐ | ৩০ | ঐ | ৫ | ঐ | .. পাঠাইবেন | .. পাঠাইতে হইবে। |
| ৫৮২ | ঐ | তফসীলের | | ২ | ঐ | ... মেদিনীপুর | ... চট্টগ্রাম। |

---

## ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

### LEAVE OF ABSENCE.

*The 19th June 1865.*

Baboo Joogul Pershad, Moonsiff of Sewun, Zillah Sarun, for one month, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules, in extension of the leave granted on the 22nd March last.

*The 22nd June 1865.*

Baboo Kedarnath Banerjee, late Moonsiff of Ousgram, Zillah East Burdwan, for 4 days, from the 25th May 1864, under paragraph 12, Clause 1 of the Revised Uncovenanted Absentee Rules.

H. T. Prinsep,
*Registrar.*

## বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

### ছুটী।

১৮৬৫ সাল ১৯ জুন।

জিলা সারণের অন্তর্গত সেওয়ানের মুনসেফ শ্রীযুত যুগলপ্রসাদ বাবু গত মার্চ মাসের ২২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৫ সাল ২২ জুন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের অন্তর্গত আউস গাঁয়ের ভূতপূর্ব্ব মুনসেফ শ্রীযুত বাবু কেদারনাথ বন্দ্যোপাধ্যায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর সংশোধিত বিধির ১২ ধারার ১ প্রকরণমতে ১৮৬৪ সালের মে মাসের ২৫ তারিখঅবধি চারি দিনের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্‌সেপ,
রেজিষ্ট্রার।

নং ৬৯০

## সংশোধিত ইস্তাহার।

ফোর্ট উইলিয়ম।

তারিখ ২৫ আপ্রিল সন ১৮৬৫ সাল।

এই দফ্তরখানার ১৮৬৪ সালের ৩ মার্চ তারিখের ইস্তেহার অনুসারে সংবাদ দেওয়া যাইতেছে যে আগামি ৫ জুলাই তারিখে হাসিয়ার লিখিত মোকাম হায়ে মৌজুদ ১৫০১০০০/ পোনেরো লক্ষ মোন সরকারি পাঙ্গ নেমক বিক্রয়ার্থে প্রকাশ্য নীলামে ধরা যাইবেক।

| মোকাম। | |
|---|---|
| হিজিলী রসুলপুর সন ১২৬৭। ১২৬৮। ১২৬৯ সালের ... | ১১১০০০/ |
| কৃষ্ণনগর সন ১২৬৪। ১২৬৫। ১২৬৮ সালের ... | ১৫৯০০০/ |
| শামনগর সন ১২৬৮ সালের ... | ১০৪০০০/ |
| কালীনগর সন ১২৬৭। ১২৬৮। ১২৬৯ সালের ... | ১৮৫০০০/ |
| পুরিঘাটা সন ১২৬৮ সালের ... ... | ৩৬০০০/ |
| | ৫৯৫০০০/ |
| তমলুক নারায়ণপুরঘাটে মৌজুদ রসুলপুর নেমক সন ১২৬৭ ১২৬৮ সালের ... | ২৮০০০/ |
| চট্টোগ্রাম সদর ঘাট এজেন্সীর নেমক সন ১২৬৮ সালের এবং আরাকেন নেমক সন ১৮৬১। ৬২ এবং ১৮৬২। ৬৩ সালের ... ... ... | ৫১০০০/ |
| উড়িষ্যা পুরি সন ১২৬৮। ১২৬৯ সালের ... | ২৪০০০০/ |
| প্রেসিডেন্সী মোকাম সালিখা গোলার বালেশ্বর নেমক সন ১২৬৫। ১২৬৬। ১২৬৭। ১২৬৮ সালের ... | ৫৮৬০০০/ |
| | ১৫০০০০০/ |

মন্তব্য। যে সকল পরিমাণে নেমক এই স্থানে লেখা গেল তাহা ১ জুলাই তারিখে মৌজুদ থাকিবেক হিসাব করা হইয়াছে. ঐ তারিখহইতে মফস্বল বিক্রয় আএন্দা হুকুমতক বন্দ করা হইয়াছে যদ্যপি কোন সালের নেমক কমি হয় তবে অন্য সালের সেই রকম নেমক সেই মোকাম হইতে দেওয়া যাইবেক অথবা দাখিলী টাকা ফেরত দেওয়া যাইবেক।

মোকাম কলিকাতায় উক্ত নীলাম হইবেক কিন্তু যে স্থানে হইবেক তাহা পরে সংবাদ দেওয়া যাইবেক।

নীলামের সরত সকল নিম্নে লেখা গেল।

১ দফা। সেই সময়ের বাজারের অবস্থা অনুসারে যে দর স্থির করা হইবেক সেই দরে উক্ত নেমক বিক্রয়ার্থে ধরা যাইবেক এবং ঐ দরের উপর যে ব্যক্তির ডাক সর্ব্বাপেক্ষা উচ্চ হইবেক তাহাকেই বিক্রয় করা যাইবেক।

২ দফা। উপরোক্ত তারিখে বেলা ১১ ঘণ্টার সময় নীলাম আরম্ভ হইবেক এবং দুই প্রহর ৫ ঘণ্টার অতিরিক্ত হইবেক না কিন্তু যদ্যপি এই সময়ের মধ্যে বিক্রয়ের জন্য ইস্তেহার দেওয়া লাটের মধ্যে কোন লাট অবিক্রীত থাকে তাহা হইলে সাহেবান বোর্ডের ইচ্ছানুসারে হয় পর দিবস রবিবার কিম্বা সাধারণের বন্দের দিবস না হইলে বেলা ১১ ঘণ্টার সময় পুনরায় নীলাম আরম্ভ হইবেক এবং যে পর্য্যন্ত সমুদয় বক্রী লাট বিক্রয় না হয় সেই পর্য্যন্ত এই প্রকার ক্রমাগত নীলাম হইবেক অথবা যদ্যপি নির্দ্ধারিত দিনে ইস্তেহারের লিখিত সমুদয় নেমক বিক্রয় না হয় তাহা হইলে সাহেবান বোর্ড বক্রী লাট সকল ভবিষ্যৎ নীলামে বিক্রয় করিতে পারিবেন।

৩ দফা। ৮০ তোলার সেরে ৪০ সেরে যে এক মোন হয় এমত এক হাজার মোন প্রত্যেক লাটে থাকিবেক।

৪ দফা। যে যে মোকামে মৌজুদ আছে সেই সেই মোকাম হইতে নেমক ওজন দেওয়া যাইবেক।

৫ দফা। নীলামের ঘরে এবং সেল বহিতে লাট লেখা হইবার অগ্রে খরিদারের নিকট হইতে প্রত্যেক লাটের উপর ডিপাজিট অর্থাৎ আমানত স্বরূপ একশত টাকার প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া লওয়া হইবেক, খরিদারগণকে বাঙ্গাল বেঙ্করসিদ অথবা তাহার বদলে অন্য কোন রকম সরকারি মাতব্বরি দস্তাবেজাৎ এই দপ্তরখানায় নীলামের পর পঞ্চম দিবসে বেলা দুই প্রহর ৪ ঘণ্টার সময় কিম্বা ইহার অগ্রে দাখিল করিয়া উক্ত প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক খালাস করিয়া লইতে হইবেক যদ্যপি উক্ত সময়ের মধ্যে তমসুক এই প্রকার খালাস করা না হয় তাহা হইলে যে লাট কিম্বা লাট হায়ের জন্য উপরোক্ত বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ অথবা অন্য কোন সরকারি মাতব্বরী দস্তাবেজাৎ দাখিল করা না হইবেক সেই লাট কিম্বা লাট হায় পুনর্ব্বার বিক্রয় করা যাইবেক, পুনঃ বিক্রয়ের সময় ও সরত সাহেবান বোর্ড যেমত ভাল বিবেচনা করিবেন সেই মত হইবেক, এই প্রকার পুনর্ব্বার বিক্রয় করিলে যে কোন ক্ষতি ও খরচা হইবেক তাহা খেলাপী খরিদারগণকে দিতে হইবেক এবং তাহা হইতে যে লভ্য হইবেক তাহা সরকারে জমা হইবেক।

৬ দফা। শেষ দফার শরত মত নীলামের দিন যে প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া লওয়া হইবেক তাহা যদ্যপি নীলামের পর পঞ্চম দিবসে বেলা চারি ঘণ্টা পর্য্যন্ত খালাস করিয়া লইতে বাকী থাকে তাহা হইলে সেই সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক আদায়ের কারণ সরকারি উকিলের হস্তে অর্পণ করা যাইবেক।

৭ দফা। যে নেমকের জন্য নীলামের পর দিন হইতে পঞ্চম দিবসের বেলা ৪ ঘণ্টা পর্য্যন্ত নিয়মিত আমানত দাখিল করা না হইবেক সেই নেমকের জন্য পরে আর টাকা কি বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ কি সরকারী মাতব্বরী দস্তাবেজাৎ লওয়া যাইবেক না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ২৭ জুন।]

৮ দফা। নেমকের দরের টাকা নীলামের দিন হইতে পোনের দিবসের মধ্যে দাখিল করিতে হইবেক এবং যদ্যপি কোন লাটের বাবত সরকারী মাসুল এইরূপ দাখিল ও নিষ্পত্তি করা না হয় তাহা হইলে পঞ্চম সরত মত সেই লাটের জন্য যে টাকা কি সরকারী মাতবব্বরী দস্তাবেজাৎ আমানত করিবেক তাহা বাজেয়াপ্ত হইবেক এবং ঐ নেমক সরকারের হিসাবে বিক্রয় করা যাইবেক, যে সময়ে ও যে প্রকারে বিক্রয় হইবেক তাহা সাহেবান বোর্ড যেমত ভাল বিবেচনা করিবেন সেই মত হইবেক। আর ইহাতে যে ক্ষতি হইবেক অর্থাৎ পুনঃবিক্রয়ের মূল্য ও প্রথম যে টাকায় খরিদ করা হয় ইহার মধ্যে যে তফাত হইবেক তাহা প্রথম খরিদারকে দিতে হইবেক এবং পুনঃবিক্রয় হইতে যে লভ্য হইবেক তাহাতে তাহার কোন দাবি থাকিবেক না।

৯ দফা। খরিদার নেমক বান করিতে ইচ্ছা না করিলে তাহার উপর সরকারী মাসুল নিলামের দিন হইতে ষাইট দিবসের মধ্যে দাখিল করিতে হইবেক, যে সকল লাট বান করা হইবেক তাহা ব্যতীত আরং লাট যাহা উপরোক্ত ষাইট দিবসের মধ্যে গোলা হইতে খালাস করিয়া না লওয়া হইবে তাহার উপর উক্ত সময়ের পর মাসিক একশত মোনে ৪ টাকা হিসাবে গোলা ভাড়া ধরা যাইবেক।

১০ দফা। জাহাজি আমদানি নেমক বান অর্থাৎ গোলাজাত করিবার যেমত নিয়ম আছে সেই নিয়ম মত উক্ত নেমক সরকারী কিম্বা প্রাইবেট গোলায় বান করা হইতে পারিবেক।

১১ দফা। পঞ্চম শরতের লিখিত সময়ের মধ্যে ও তদনুসারে আমানতি টাকা দাখিল করিলে খরিদারদিগকে শারটিফিকেট দেওয়া যাইবেক তাহাতে খরিদার কি খরিদারগণের নাম যত লাট বিক্রয় করা হইয়াছে ও যে রকম নেমক খরিদ করা হইয়াছে তাহা লেখা থাকিবেক এবং এই রকম যে প্রত্যেক শারটিফিকেট দেওয়া যাইবেক তদনুযায়িক নেমক ওজন দিবার হুকুম এবং রওয়ানা পাইবার অগ্রে সেই শারটিফিকেট বোর্ডের দপ্তরখানায় অবশ্যই ফেরত দিতে হইবেক।

১২ দফা। যে পর্য্যন্ত কোন লাটের নেমকের দরের ও মাসুলের বেবাক টাকা দাখিল করা না হয় সেই পর্য্যন্ত তাহার ওজন দিবার হুকুম কি রওয়ানা দেওয়া যাইবেক না।

১৩ দফা। ১৮৬৪ সালের ৭ আইনের ১১ ধারার সরতমত বাঙ্গাল গবর্ণমেণ্টের দ্বারা প্রচলিত নিয়মের ২৭ নিয়মঅনুসারে রওনার ফিজ দিতে হইবেক।

১৪ দফা। যে ব্যক্তির নাম সেলবহিতে খরিদার বলিয়া লেখা হইবেক তাহার অথবা তাহার ক্ষমতা বিশিষ্ট মোক্তারের নিকট ভিন্ন আর কাহারো নিকট হইতে পঞ্চম শরতের লিখিত সরকারী মাতব্বরী দস্তাবেজাৎ এই দপ্তরখানায় আমানৎ লওয়া যাইবেক না সরকারী মাতব্বরী দস্তাবেজাৎ আমানত করা হইলে তাহার রসিদ কেবল ঐ খরিদারের নামে দেওয়া যাইবেক এবং টাকা দাখিল করিলে তাহাকে কিম্বা এবং ক যাহাকে তিনি বরাৎ দিবেন তাহাকে উক্ত দস্তাবেজাৎ ফেরত দেওয়া যাইবেক।

১৫ দফা। পঞ্চম সরত অনুসারে যে পরিমাণ টাকা প্রমিস্সরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিতে হইবেক সেই পরিমাণে টাকা কয় ইণ্ডিয়া গবর্ণমেণ্ট নোট বা বাঙ্গাল ব্যাঙ্ক রসিদ কিম্বা সরকারী মাতব্বরী দস্তাবেজাতে যে কোন খরিদার হউক তলব করিলে সেই সময় দিতে না পারিলে যে কর্ম্মচারি সাহেবান বোর্ডের তরফ নীলামে উপস্থিত থাকিয়া তদারক করিবেন তিনি আপন ইচ্ছামত তাহার ডাক না মঞ্জুর করিতে সক্ষম হইবেন।

১৬ দফা। যদিস্যাৎ ৫০ লাট হইতে পারে এমত উপযুক্ত সংখ্যা লাট থাকে তাহা হইলে যে কোন খরিদার হউক ইচ্ছা করিলে এক রকম নেমক পর পর সমান দরে ও সমান শরত মত পঞ্চাশ লাট পর্য্যন্ত ডাক দিয়া খরিদ করিতে পারিবেক।

১৭ দফা। এই ইস্তেহার ভুক্ত নেমক বিক্রয়ের দরুণ কিম্বা তাহার হিসাব মিটাইতে যদি কোন বিষয় বা কথার জন্য কোন মামলা অথবা কথান্তর হয় তাহা হইলে বাঙ্গলা প্রদেশের ফোর্ট উলিয়ম মোকামের হাই কোর্টে তাহার মোকদ্দমা ও মীমাংসা হইবেক।

T. BRUCE LANE,
*Junior Secretary.*

বমৌজিম হুকুম সাহেবান আলীশান বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম সন ১৮৬৫ সাল তারিখ ২৫ আপ্রিল।
পুনশ্চ। ৮ ও ৯ দফায় যে সকল সরত লেখা আছে, তাহা মনোযোগপূর্ব্বক দেখা আবশ্যক।

---

নং ৬২২
ইস্তেহার।

১ দফা। এই দপ্তরখানার ২৫ এপ্রেল তারিখের ৫৮৯ নম্বরের ইস্তেহার অনুসারে সংবাদ দেওয়া যাইতেছে যে আগত ৫ জুলাই তারিখে যে পোনেরো লক্ষ মোন সরকারী পাঙ্গা নিমক বিক্রয় করিবার ইস্তেহার দেওয়া হইয়াছে উক্ত নিমকের প্রকাশ্য নীলাম বেঙ্কশাল ঘাটের নিকট গঙ্গার ধারের রাস্তার উপর ১৩ এ নম্বরের নূতন আফিসগুদামে হইবেক।

২ দফা। ৫ জুলাই তারিখে বুধবার দিবা ১১ ঘন্টার সময়ে নীলাম আরম্ভ হইবেক সেই নীলামের সরত সকল যেমত পূর্ব্বে ইস্তেহার দেওয়া হইয়াছে সেইমত হইবেক।

৩ দফা। নীলামের পঞ্চম সরত অনুসারে নিয়মিত ডিপজিট অর্থাৎ আমানত টাকার জন্য যে প্রমিস্সরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া লওয়া যাইবেক তাহা সন ১৮৬৫ সালের ১০ জুলাই তারিখে সোমবার বেলা ৫ ঘন্টার সময় অথবা তৎপূর্ব্বে লিখিতরূপে খালাস করিতে হইবেক।

৪ দফা। খরিদারগণ নিমক বান করিতে ইচ্ছা না করিলে নীলামের অষ্টম সরত অনুসারে মাসুল দাখিল ও হিসাব নিষ্পত্তি করিবার জন্য যে ষাইট দিবসের মুদ্দত দেওয়া হইয়াছে তাহা ১৮৬৫ সালের ৪ সেপ্টেম্বর তারিখে সোমবার দিবা দুই প্রহর ৪ ঘন্টার সময় শেষ হইবেক।

টি ব্রুস লেন। ছোট সেক্রেটারী।

বমৌজিব হুকুম সাহেবান আলীশান বোর্ড রিবিনিউ। তারিখ ৩১ মে ১৮৬৫ সাল।

[*Government Gazette, 27th June* 1865.]

নং ৩২২

## আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৫ সাল তারিখ ১০ জুলাই সোমবার পুর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময়ে মোং কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৩। ৬৪ সালের উৎপন্ন আফিমের সপ্তম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৫৩৫৫ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ২৯২০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ২৪৩৫
জুমলা সিন্দুক ———
৫৩৫৫

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল চলিত মত গবর্ণমেন্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৪ সালের ১০ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহার দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দফ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়ারেন্স অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬৫ সালের ১৫ এবং ২৫ জুলাই এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামী খরিদারগণ যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা অন্য কোন রকম সরকারী মাতব্বরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬৫ সালের ১৫ জুলাই শনিবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিম্মতের পূরা টাকার দরুণ বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ সন ১৮৬৫ সালের ২৫ জুলাই মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরোক্ত এই নীলামের ইশ্‌তেহারের লিখিত পরিমান আফিম ভিন্ন বর্ত্তমান বর্ষে সন ১৮৬৩। ৬৪ সালের উৎপন্ন নীচের লিখিত পরিমাণ বেহারের ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখ হারে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতু যুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যক মতে তারিখ বদল করিবেন।

| | | | | | বেহারের সিন্দুক | বানারসের সিন্দুক | জুমলা সিন্দুক |
|---|---|---|---|---|---|---|---|
| সন ১৮৬৫ সাল | তারিখ | ১০ আগস্ট | বৃহস্পতিবার | অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ২৯২০ | ২৪৩৫ | ৫৩৫৫ |
| ঐ | ঐ | ৬ সেপ্টেম্বর | বুধবার | ঐ | ২৯২০ | ২৪৩৫ | ৫৩৫৫ |
| ঐ | ঐ | ১১ আক্টোবর | বুধবার | ঐ | ২৯২০ | ২৪৩৫ | ৫৩৫৫ |
| ঐ | ঐ | ১০ নবেম্বর | শুক্রবার | ঐ | ২৯২০ | ২৪৩৫ | ৫৩৫৫ |
| ঐ | ঐ | ৮ ডিসেম্বর | শুক্রবার | ঐ | ২৯১৭ | ২৪৪৫ | ৫৩৬২ |
| | | | | একুন | ১৪,৫৯৭ | ১২,১৮৫ | ২৬,৭৮২ |

টি ক্রুস লেন।
ছোট সেক্রেটারী।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ।
ফোর্ট উইলিয়ম সন ১৮৬৫ সাল তারিখ ২০ জুন

## LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা বীরভূম।

ইস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা বীরভূম এই যে।

| | |
|---|---|
| পরগনে শাহালামপুরদিগর। | জামীনদার মধুসূদন নাএক। |
| ইজার্দ্দার তারাচরণ মুখোপাধ্যায়। | ঈশানচন্দ্র সেন। |

যে হেতুক নাবালগ বাবু রামরঞ্জন চক্রবর্ত্তির উক্ত ইস্টেটের ইজার্দ্দারের স্থানে সন ১২৭১ সালের সালতামামী বাকী মায় সুদ ৩৫০১২।।৵৯ টাকা আদায় না হওয়ায় জামীনদারগণের জামীনীর আবদ্ধীয় বস্তু নীলাম বিক্রয়দ্বারা বাকী টাকা আদায় করা আবশ্যক, এমতে সর্ব্বসাধারণের জ্ঞাতজন্য অত্র ইস্তাহার প্রচার করিয়া প্রকাশ করা যায় যে উক্ত জামীনদারের নীচের লিখিত বন্ধকী সম্পত্তি সন ১৮৬৫। ২৮ জুন মং সন ১২৭২ সাল ১৫ আষাঢ় রোজ বুধবার জেলা বীরভূমের কালেক্টরী কাছারীতে বিনা ওজর নীলাম বিক্রয় হইবেক যে ব্যক্তি অধিক ডাকিবেক তাহাকেই বিক্রয় করা যাইবেক আর যত টাকা মূল্যে নীলাম সমাপ্ত হইবেক তৎক্ষণাৎ শতকরা

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ২৭ জুন।]

# অতিরিক্ত গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JUNE 27, 1865.

মঙ্গলবার ১৮৬৫ সাল ২৭ জুন।


## HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE following Act of the Governor-General of India in Council received the assent of His Excellency the Governor-General on the 16th March 1865, and is hereby promulgated for general information:—

Act No. X of 1865.

*An Act to amend and define the Law of Intestate and Testamentary Succession in British India.*

[Preamble.]

WHEREAS it is expedient to amend and define the rules of law applicable to Intestate and Testamentary Succession in British India; It is enacted as follows:—

PART I.

*Preliminary.*

[Short Title.]

I. This Act may be cited as "The Indian Succession Act, 1865."

[This Act to constitute the law of British India in cases of Intestate or Testamentary Succession.]

II. Except as provided by this Act, or by any other law for the time being in force, the rules herein contained shall constitute the law of British India applicable to all cases of Intestate or Testamentary Succession.

## হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

মন্ত্রিসভাগত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর্ জেনরল সাহেবের পশ্চাৎ লিখিত আইন প্রচলিত হওন বিষয়ে মহিমবর শ্রীযুত গবর্ণর্ জেনরল সাহেব ১৮৬৫ সালের ১৬ মার্চ তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। অতএব তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৫ সালের ১০ আইন।

ব্রিটনীয় ভারতবর্ষে চরমপত্রাভাবঘটিত কি চরমপত্রসিদ্ধ উত্তরাধিকারিত্ব বিষয়ক ব্যবস্থা নিরূপণ ও সংশোধনার্থ আইন।

[হেতুবাদ।]

ব্রিটনীয় ভারতবর্ষে চরমপত্রাভাবঘটিত কি চরমপত্রসিদ্ধ উত্তরাধিকারিত্ব বিষয়ক ব্যবস্থার বিধি সংশোধন ও নিরূপণ করা বিহিত, এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান প্রচার করা গেল।

প্রথম খণ্ড।

পরিভাষা।

[আইনের সংক্ষেপ নাম।]

১ ধারা। এই আইন "১৮৬৫ সালের ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইন" নামে খ্যাত হইবে, ও এই নামে ইহার উল্লেখ হইতে পারিবে ইতি।

[এই আইন ভারতবর্ষীয় চরমপত্রাভাবঘটিত কি চরমপত্রসিদ্ধ উত্তরাধিকারিত্বের স্থলের ব্যবস্থা হইবে ইহার কথা।]

২ ধারা। এই আইনে কিম্বা সময়ক্রমে প্রবল অন্য কোন আইনে তদ্বিপরীত বিধান না থাকিলে এই আইনের বিধি চরমপত্রাভাবঘটিত কি চরমপত্রসিদ্ধ উত্তরাধিকারিত্বের সকল স্থলে বর্ত্তিবার যোগ্য ব্রিটনীয় ভারতবর্ষের ব্যবস্থা হইবে ইতি।

[Interpretation Clause.]

III. In this Act, unless there be something repugnant in the subject or context—

["Number." "Gender."]

Words importing the singular number include the plural; words importing the plural number include the singular; and words importing the male sex include females.

["Person."]

"Person" includes any Company or Association, or body of persons, whether incorporated or not.

["Year." Month."]

"Year" and "month" respectively mean a year and month reckoned according to the British Calendar.

["Immoveable property."]

"Immoveable property" includes land, incorporeal tenements and things attached to the earth, or permanently fastened to anything which is attached to the earth.

["Moveable property."]

"Moveable property" means property of every description except immoveable property.

["Province."]

"Province" includes any Division of British India having a Court of the last resort.

["British India."]

"British India" means the territories which are or may become vested in Her Majesty or her successors by the Statute 21 and 22 Vic., Cap. 106, other than the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca.

["District Judge."]

"District Judge" means the Judge of a principal Civil Court of original jurisdiction.

["Minor." "Minority."]

"Minor" means any person who shall not have completed the age of eighteen years, and "minority" means the status of such person.

["Will."]

"Will" means the legal declaration of the intentions of the testator with respect to his property which he desires to be carried into effect after his death.

["Codicil."]

"Codicil" means an instrument made in relation to a Will, and explaining, altering, or adding to its dispositions. It is considered as forming an additional part of the Will.

[অর্থ করিবার ধারা।]

৩ ধারা। প্রসঙ্গ কি পূর্ব্বাপর কথাক্রমে অসঙ্গত বোধ না হইলে এই আইনে—

[বচন ও লিঙ্গ।]

একবচনের শব্দে সেই অর্থের বহুবচনান্ত শব্দ, এবং পুংলিঙ্গবোধক শব্দে স্ত্রী লোককেও বুঝাইবে।

["ব্যক্তি"]

"ব্যক্তি" শব্দে চার্টরপ্রাপ্ত কি প্রকারান্তরের কোন কোম্পানি কি সমাজ কি লোকসম্প্রদায়ও বুঝাইবে।

["সাল" কি "বৎসর" কি "মাস।"]

"সাল" কি "বৎসর" কি "মাস" শব্দে ইংলণ্ডীয় পঞ্জিকামতের সাল কি বৎসর কি মাস বুঝাইবে।

["স্থাবর সম্পত্তি।"]

"স্থাবর সম্পত্তি" এই কথার মধ্যে ভূমি ও প্রজার নিরবয়ব অধিকার ও ভূমিতে সংলগ্ন বস্তু কি ভূমিতে সংলগ্ন কোন বস্তুর সহিত চিরকালের জন্যে বদ্ধ বস্তু বুঝাইবে।

["অস্থাবর সম্পত্তি।"]

"অস্থাবর সম্পত্তি" এই কথাতে স্থাবর সম্পত্তি ভিন্ন অন্য যাবদীয় প্রকারের সম্পত্তি বুঝাইবে।

["প্রদেশ।"]

"প্রদেশ" শব্দে ব্রিটনীয় ভারতবর্ষের যে বিভাগে উচ্চতম শ্রেণীর আদালত থাকে, এমত কোন বিভাগও বুঝাইবে।

["ব্রিটনীয় ভারতবর্ষ।"]

প্রিন্স অফ ওয়েলস দ্বীপ ও সিংহপুর ও মালাক্কা এই উপনিবেশভিন্ন অন্য যত দেশ মহারাণী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের ব্যবস্থার ১০৬ অধ্যায়ের বলে শ্রীশ্রীমতী মহারাণীর কি তাঁহার উত্তরাধিকারিদের প্রতি অর্শে কি অর্শিতে পারে, "ব্রিটনীয়" ভারতবর্ষ শব্দে সেই সমুদয় দেশ বুঝাইবে।

["জিলার জজ।"]

"জিলার জজ" এই কথাতে প্রথমস্থলীয় বিচারাধিপত্য বিশিষ্ট কোন প্রধান দেওয়ানী আদালতের বিচারকর্ত্তাকে বুঝাইবে।

["অপ্রাপ্তব্যবহার ব্যক্তি" ও "অপ্রাপ্তব্যবহার কাল।"]

যাহার সম্পূর্ণ আঠার বৎসর বয়ক্রম হয় নাই, "অপ্রাপ্তব্যবহার ব্যক্তি" এই কথাতে এমন ব্যক্তিকে বুঝাইবে, ও "অপ্রাপ্তব্যবহার কাল" এই কথাতে এমত ব্যক্তির অবস্থা বুঝাইবে।

["উইল" বা "চরমপত্র।"]

চরমপত্রকারি ব্যক্তি নিজ সম্পত্তি বিষয়ক যে মনস্থ আপনার মৃত্যুর পরে সিদ্ধ হইবার বাঞ্ছা করেন, সেই মনস্থ প্রকাশক আইনসিদ্ধ তাঁহার আবেদনকে "উইল" বা "চরমপত্র" বলে।

["কডিসিল।"]

"কডিসিল" (অর্থাৎ ক্রোড়পত্র) চরমপত্র বিষয়ক এমত নিদর্শনপত্র, যদ্দ্বারা তাহার অর্থ করা যায়, কি তাহা অন্যথা করা যায়, কি তাহার বিধানের সহিত নূতন বিধান সংযোগ করা যায়। তাহা চরমপত্রের অতিরিক্তাংশ বলিয়া জ্ঞান হয়।

["Probate."]

"Probate" means the copy of a Will certified under the seal of a Court of competent jurisdiction, with a grant of administration to the estate of the testator.

["Executor."]

"Executor" means a person to whom the execution of the last Will of a deceased person is, by the testator's appointment, confided.

["Administrator."]

"Administrator" means a person appointed by competent authority to administer the estate of a deceased person when there is no executor.

["Local Government." "High Court."]

And, in every part of British India to which this Act shall extend, "Local Government" shall mean the person authorized by law to administer Executive Government in such part; and "High Court" shall mean the highest Civil Court of Appeal therein.

[Interests and powers not acquired nor lost by marriage.]

IV. No person shall, by marriage, acquire any interest in the property of the person whom he or she marries, nor become incapable of doing any act in respect of his or her own property which he or she could have done if unmarried.

## PART II.

### *Of Domicile.*

[Law regulating succession to a deceased person's immoveable and moveable property, respectively.]

V. Succession to the immoveable property in British India of a person deceased is regulated by the law of British India wherever he may have had his domicile at the time of his death. Succession to the moveable property of a person deceased is regulated by the law of the country in which he had his domicile at the time of his death.

*Illustrations.*

(*a*) A, having his domicile in British India, dies in France, leaving moveable property in France, property in England, and property, both moveable and immoveable, in British India. The succession to the whole is regulated by the law of British India.

(*b*) A, an Englishman, having his domicile in France, dies in British India, and leaves property, both moveable and immoveable, in British India. The succession to the moveable property is regulated by the rules which govern in France the succession to the moveable property of an

["প্রবেট।"]

উপযুক্ত বিচারাধিপত্য বিশিষ্ট আদালতের মোহরদ্বারা সপ্রমাণীকৃত চরমপত্রের যে প্রতিলিপির সহিত চরমপত্রকারি ব্যক্তির সম্পদের নির্ব্বাহ করণের ক্ষমতা দত্ত হয়, তাহাকে "প্রবেট" অর্থাৎ প্রামাণিক পত্র বলে।

["এক্জিকিউটর।"]

চরমপত্রকারি ব্যক্তির নিয়োগের বলে কোন মৃত ব্যক্তির চরমপত্রের সাধন যে ব্যক্তির প্রতি সমর্পিত হয়, তাহাকে "এক্জিকিউটর" অর্থাৎ চরমপত্রসাধক বা অছি বলে।

["আডমিনিষ্ট্রেটর।"]

এক্জিকিউটর না থাকিলে যে ব্যক্তি উপযুক্ত ক্ষমতাপন্ন কর্তৃপক্ষদ্বারা কোন মৃত ব্যক্তির সম্পদ নির্ব্বাহ করণে নিযুক্ত হন, তাঁহাকে "আডমিনিষ্ট্রেটর" অর্থাৎ ধনাধ্যক্ষ বলে।

["স্থানীয় গবর্ণমেণ্ট" ও "হাই কোর্ট।"]

ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন অংশে এই আইন প্রবল হইবে, সেই অংশে যে ব্যক্তি আইন অনুসারে রাজকর্তৃত্বকার্য্য নির্ব্বাহ করিতে ক্ষমতাপন্ন, "স্থানীয় গবর্ণমেণ্ট" এই কথাতে সেই ব্যক্তিকে বুঝাইবে। ও "হাই কোর্ট" শব্দে তথাকার উচ্চতম দেওয়ানী আপীল আদালত বুঝাইবে ইতি।

[বিবাহদ্বারা সম্পর্কের ও ক্ষমতার উদ্ভব কি লোপ না হইবার কথা।]

৪ ধারা। যে ব্যক্তি যাঁহাকে বিবাহ করেন কিম্বা যে ব্যক্তির সহিত যাঁহার বিবাহ হয়, তিনি বিবাহ প্রযুক্ত যে তাঁহার সম্পত্তিতে কোন সম্পর্ক লাভ করেন, কিম্বা সেই বিবাহ না হইলে নিজ সম্পত্তি সম্পর্কীয় যে কোন কর্ম্ম করিতে পারিতেন তাহা করিতে অক্ষম হন, এমত নহে ইতি।

## দ্বিতীয় খণ্ড।

### নিবাসস্বত্বের কথা।

[মৃত ব্যক্তির স্থাবর কি অস্থাবর সম্পত্তির উত্তরাধিকারিত্ব বিষয়ক ব্যবস্থার কথা।]

৫ ধারা। মরণকালে কোন ব্যক্তির নিবাসস্বত্ব যে কোন দেশে হউক, ব্রিটনীয় ভারতবর্ষে স্থিত তাঁহার স্থাবর সম্পত্তির উত্তরাধিকারিত্ব ব্রিটনীয় ভারতবর্ষের ব্যবস্থাদ্বারা নির্ণীত হইবে। মরণকালে কোন ব্যক্তির নিবাসস্বত্ব যে দেশে ছিল, তাঁহার অস্থাবর সম্পত্তির উত্তরাধিকারিত্ব সেই দেশের ব্যবস্থাদ্বারা নির্ণীত হইবে।

উদাহরণ।

(ক) এবিয়টের নিবাসস্বত্ব ব্রিটনীয় ভারতবর্ষে আছে, কিন্তু তিনি ফ্রান্সদেশে প্রাণত্যাগ করেন। তিনি ফ্রান্স ও ইংলণ্ড দেশে অস্থাবর সম্পত্তি এবং ব্রিটনীয় ভারতবর্ষে স্থাবর ও অস্থাবর উভয় প্রকারের সম্পত্তি রাখিয়া যান। এই স্থলে সমুদয় সম্পত্তির উত্তরাধিকারিত্ব ব্রিটনীয় ভারতবর্ষের ব্যবস্থাদ্বারা নির্ণীত হয়।

(খ) গ্রীণ এক জন ইংরাজ, ফ্রান্স দেশে তাঁহার নিবাসস্বত্ব, ও তিনি ব্রিটনীয় ভারতবর্ষে স্থাবর ও অস্থাবর উভয় প্রকারের সম্পত্তি রাখিয়া ব্রিটনীয় ভারতবর্ষে প্রাণত্যাগ করেন। ফ্রান্স দেশে নিবাস-

Englishman dying domiciled in France, and the succession to the immoveable property is regulated by the law of Britsh India.

স্বত্ববিশিষ্ট ইংরাজ লোক মরিলে তাঁহার অস্থাবর সম্পত্তির অধিকারিত্ব ফ্রান্স দেশে প্রবল যে বিধির অধীন আছে সেই বিধিদ্বারা ঐ গ্রীণের অস্থাবর সম্পত্তির উত্তরাধিকারিত্ব নির্ণীত হয়, কিন্তু স্থাবর সম্পত্তির উত্তরাধিকারিত্ব ব্রিটনীয় ভারতবর্ষের ব্যবস্থাদ্বারা নির্ণীত হয় ইতি।

[One domicile only affects succession to moveables.]

VI. A person can only have one domicile for the purpose of succession to his moveable property.

[একমাত্র নিবাসস্বত্ত্বের বলে অস্থাবর সম্পত্তির উত্তরাধিকারিত্বের নির্ণয় হইবার কথা।]

৬ ধারা। কোন ব্যক্তির অস্থাবর সম্পত্তির উত্তরাধিকারিত্বের উপলক্ষে তাঁহার একমাত্র নিবাসস্বত্ব থাকিতে পারে ইতি।

[Domicile of origin of person of legitimate birth.]

VII. The domicile of origin of every person of legitimate birth is in the country in which, at the time of his birth, his father was domiciled; or, if he is a posthumous child, in the country in which his father was domiciled at the time of the father's death.

*Illustration.*

At the time of the birth of A his father was domiciled in England. A's domicile of origin is in England, whatever may be the country in which he was born.

[ধর্ম্মজ ব্যক্তির জন্মঘটিত নিবাসস্বত্ত্বের কথা।]

৭ ধারা। ধর্ম্মজ কোন ব্যক্তির জন্মকালে যে দেশে তাঁহার পিতার নিবাসস্বত্ব ছিল, সেই দেশে ঐ ধর্ম্মজ ব্যক্তির জন্মঘটিত নিবাসস্বত্ব হয়। কিম্বা যদি পিতার মৃত্যুর পরে সেই ব্যক্তি ভূমিষ্ঠ হইয়া থাকেন, তবে মরণকালে তাঁহার পিতার যে দেশে নিবাসস্বত্ব ছিল, সেই দেশে ঐ ব্যক্তির জন্মঘটিত নিবাসস্বত্ব হয়।

উদাহরণ।

এবিয়টের জন্মকালে ইংলণ্ডে তাঁহার পিতার নিবাসস্বত্ব ছিল। অতএব এবিয়টের জন্ম যে কোন দেশে হউক, ইংলণ্ডে তাঁহার জন্মঘটিত নিবাসস্বত্ব হয় ইতি।

[Domicile of origin of illegitimate child.]

VIII. The domicile of origin of an illegitimate child is in the country in which, at the time of his birth, his mother was domiciled.

[কামজ সন্তানের জন্মঘটিত নিবাসস্বত্ত্বের কথা।]

৮ ধারা। কামজ সন্তানের জন্মকালে যে দেশে তাহার মাতার নিবাসস্বত্ব ছিল, সেই দেশে ঐ কামজ ব্যক্তির জন্মঘটিত নিবাসস্বত্ব হয় ইতি।

[Continuance of domicile of origin.]

IX. The domicile of origin prevails until a new domicile has been acquired.

[জন্মঘটিত নিবাসস্বত্ব কত কাল থাকিবে তাহার কথা।]

৯ ধারা। নূতন নিবাসস্বত্ব লাভ না হওন পর্য্যন্ত জন্মঘটিত নিবাসস্বত্ব প্রবল থাকে ইতি।

[Acquisition of new domicile.]

X. A man acquires a new domicile by taking up his fixed habitation in a country which is not that of his domicile of origin.

*Explanation.*—A man is not to be considered as having taken up his fixed habitation in British India merely by reason of his residing there in Her Majesty's Civil or Military Service, or in the exercise of any profession or calling.

*Illustrations*

(*a*) A, whose domicile of origin is in England, proceeds to British India, where he settles as a Barrister or a Merchant, intending to reside there during the remainder of his life. His domicile is now in British India.

(*b*) A, whose domicile is in England, goes to Austria and enters the Austrian service, intending to remain in that service. A has acquired a domicile in Austria.

(*c*) A, whose domicile of origin is in France, comes to reside in British India under an engagement with the British Indian Government for a certain number of years. It is his intention to return to France at the end of that period. He does not acquire a domicile in British India.

[নূতন নিবাসস্বত্ব লাভ হইবার কথা।]

১০ ধারা। জন্মঘটিত নিবাসস্বত্ত্বের দেশ ভিন্ন অন্য দেশে কোন ব্যক্তির চিরস্থায়ি বসতি করণদ্বারা তাঁহার নূতন নিবাসস্বত্ব লাভ হয়।

ব্যাখ্যা। কোন ব্যক্তি শ্রীশ্রীমতী মহারাণীর সিবিল কি মিলিটারী কার্য্যে নিযুক্ত হইয়া কিম্বা কোন ব্যবসায় কি কর্ম্ম নির্ব্বাহ করত ভারতবর্ষে বাস করাতেই যে তথায় চিরস্থায়ি বসতি করিয়াছেন এমত জ্ঞান করিতে হইবে না।

উদাহরণ।

(ক) ইংলণ্ডে এবিয়টের জন্মঘটিত নিবাসস্বত্ব, তিনি জীবনের অবশিষ্ট কাল যাপন করিবার মানসে ব্রিটনীয় ভারতবর্ষে আসিয়া বারিষ্টর কি বণিক্‌রূপে বসতি করেন। ইহাতে ব্রিটনীয় ভারতবর্ষে তাঁহার নিবাসস্বত্ব হয়।

(খ) ইংলণ্ডে এবিয়টের নিবাসস্বত্ব, তিনি অষ্ট্রিয়া দেশে গমন করিয়া অষ্ট্রিয়া দেশের সামরিক কার্য্যে নিযুক্ত থাকিবার অভিপ্রায়ে সেই কার্য্যে নিযুক্ত হন। ইহাতে এবিয়টের অষ্ট্রিয়া দেশে নিবাসস্বত্ব লাভ হইল।

(গ) ফ্রান্স দেশে এবিয়টের জন্মঘটিত নিবাসস্বত্ব। তিনি ব্রিটনীয় ভারতবর্ষের গবর্ণমেন্টের সহিত চুক্তি করিয়া তদনুসারে কতক বৎসরের জন্যে ব্রিটনীয় ভারতবর্ষে আসিয়া বসতি করেন। তাঁহার মানস এই যে সেই কাল অবসান হইলে ফ্রান্স দেশে ফিরিয়া যাইবেন। ইহাতে ব্রিটনীয় ভারতবর্ষে তাঁহার নিবাসস্বত্ব লাভ হইল না।

(*d*) A, whose domicile is in England, goes to reside in British India for the purpose of winding up the affairs of a partnership which has been dissolved, and with the intention of returning to England as soon as that purpose is accomplished. He does not by such residence acquire a domicile in British India however long the residence may last.

(ঘ) ইংলণ্ডে এবিয়টের নিবাসস্বত্ব, তিনি অসিদ্ধীকৃত কোন সমুয়সমুত্থানের শেষ হিসাবের নিষ্পত্তি করণাভিপ্রায়ে ব্রিটনীয় ভারতবর্ষে আসিয়া বসতি করেন, কিন্তু উক্ত কার্য্য সম্পন্ন হইলে ইংলণ্ডে প্রত্যাগমন করিতে তাঁহার মানস আছে। তিনি যত কাল থাকুন না কেন, তদ্রূপ বসতি করাতে ব্রিটনীয় ভারতবর্ষে তাঁহার নিবাসস্বত্ব লাভ হয় না।

(*e*) A having gone to reside in British India under the circumstances mentioned in the last preceding illustration, afterwards alters his intention and takes up his fixed habitation in British India. A has acquired a domicile in British India.

(ঙ) ইহার অব্যবহিত পূর্ব্ব উদাহরণে উল্লিখিত অবস্থামতে এবিয়ট ব্রিটনীয় ভারতবর্ষে গিয়া বসতি করেন। পরে মানস পরিবর্ত্তন করিয়া ভারতবর্ষে চিরস্থায়ি বসতি করেন। ইহাতে ব্রিটনীয় ভারতবর্ষে এবিয়টের নিবাসস্বত্ব লাভ হইল।

(*f*) A, whose domicile is in the French Settlement of Chandernagore, is compelled by political events to take refuge in Calcutta, and resides in Calcutta for many years in the hope of such political changes as may enable him to return with safety to Chandernagore. He does not by such residence acquire a domicile in British India.

(চ) ফ্রেঞ্চ লোকদের উপনিবেশ চন্দননগরে এবিয়টের নিবাসস্বত্ব আছে। তিনি রাজনীতি সম্পর্কীয় ঘটনা প্রযুক্ত কলিকাতায় আশ্রয় লইতে বাধিত হন, ও অনেক বৎসর পর্য্যন্ত কলিকাতায় বাস করেন, কিন্তু রাজনীতির শুভ পরিবর্ত্তন হইলে আমি চন্দননগরে ফিরিয়া যাইব, এমত নিত্য প্রত্যাশা তাঁহার আছে। ইহাতে ব্রিটনীয় ভারতবর্ষে তদ্রূপ বসতি করাতে তাঁহার নিবাসস্বত্ব লাভ হয় না।

(*g*) A, having come to Calcutta under the circumstances stated in the last preceding illustration, continues to reside there after such political changes have occurred as would enable him to return with safety to Chandernagore, and he intends that his residence in Calcutta shall be permanent. A has acquired a domicile in British India.

(ছ) ইহার অব্যবহিত পূর্ব্ব উদাহরণে উল্লিখিত অবস্থামতে এবিয়ট কলিকাতায় আসিয়া রাজনীতির যেরূপ পরিবর্ত্তনক্রমে তিনি নির্ভয়ে চন্দননগরে ফিরিয়া যাইতে পারিতেন, তদ্রূপ পরিবর্ত্তন হইলে পরেও কলিকাতায় বাস করিতে থাকেন, ও কলিকাতায় চিরস্থায়ি বসতি করিবার মানস করেন। ইহাতে ব্রিটনীয় ভারতবর্ষে এবিয়টের নিবাসস্বত্ব লাভ হয় ইতি।

[Special mode of acquiring domicile in British India.]

XI. Any person may acquire a domicile in British India by making and depositing in some Office in British India (to be fixed by the Local Government) a declaration in writing under his hand of his desire to acquire such domicile, provided that he shall have been resident in British India for one year immediately preceding the time of his making such declaration.

[ব্রিটনীয় ভারতবর্ষে নিবাসস্বত্ব পাইবার উপায়বিশেষের কথা।]

১১ ধারা। কোন ব্যক্তি ব্রিটনীয় ভারতবর্ষে নিবাসস্বত্ব পাইবার ইচ্ছাসূচক কথাসম্বলিত পত্র লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া ব্রিটনীয় ভারতবর্ষের যে কার্য্যালয় স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক নিরূপিত হয় এমত কোন কার্য্যালয়ে দাখিল করণদ্বারা ব্রিটনীয় ভারতবর্ষে নিবাসস্বত্ব পাইতে পারিবেন, কিন্তু ইহাতে আবশ্যক যে সেই ভাবের কথা প্রকাশ করিবার সময়ের অব্যবহিত পূর্ব্বে এক বৎসর পর্য্যন্ত ব্রিটনীয় ভারতবর্ষে তাঁহার বসতি হইয়া থাকে ইতি।

[Domicile not acquired by residence in a country merely as the representative of a foreign Government, or by residence with him as part of his family or as a servant.]

XII. A person who is appointed by the Government of one country to be its ambassador, consul, or other representative in another country does not acquire a domicile in the latter country by reason only of residing there in pursuance of his appointment; nor does any other person acquire such domicile by reason only of residing with him as part of his family or as a servant.

[পরদেশীয় গবর্ণমেণ্টের প্রতিনিধিরূপে কোন দেশে বাস করাতে, কিম্বা এমত প্রতিনিধির পরিবারের অংশ কি চাকর বলিয়া তাঁহার সঙ্গে বাস করাতে, কোন ব্যক্তির নিবাসস্বত্ব লাভ না হইবার কথা।]

১২ ধারা। এক দেশের গবর্ণমেণ্ট যে ব্যক্তিকে অন্য দেশে আপনার রাজদূত কি কন্সল কি প্রকারান্তরের প্রতিনিধি হইবার জন্যে নিযুক্ত করেন, সেই ব্যক্তি কেবল আপনার ঐ নিয়োগক্রমে সেই অন্য দেশে বাস করাতে তথায় নিবাসস্বত্ব প্রাপ্ত হন না, এবং অন্য কোন ব্যক্তি তাঁহার পরিবারের অংশরূপে কি ভৃত্যরূপে তাঁহার সঙ্গে বাস করাতে উক্ত নিবাসস্বত্ব লাভ করেন না ইতি।

[Continuance of new domicile.]

XIII. A new domicile continues until the former domicile has been resumed, or another has been acquired.

[নূতন নিবাসস্বত্ব যত কাল থাকিবে তাহার কথা।]

১৩ ধারা। পূর্ব্ব নিবাসস্বত্ব পুনর্গ্রহণ কি অন্য নিবাসস্বত্ব লাভ না করণ পর্য্যন্ত নূতন নিবাসস্বত্ব প্রবল থাকে ইতি।

[Minor's domicile.]

XIV. The domicile of a minor follows the domicile of the parent from whom he derived his domicile of origin.

*Exception.*—The domicile of a minor does not change with that of his parent if the minor is married or holds any office or employment in the service of Her Majesty, or has set up, with the consent of the parent, in any distinct business.

[Domicile acquired by a woman or marriage.]

XV. By marriage a woman acquires the domicile of her husband if she had not the same domicile before.

[Wife's domicile during marriage.]

XVI. The wife's domicile during the marriage follows the domicile of her husband.

*Exception.*—The wife's domicile no longer follows that of her husband if they be separated by the sentence of a competent Court, or if the husband is undergoing a sentence of transportation.

[Except in cases stated, minor cannot acquire a new domicile.]

XVII. Except in the cases above provided for, a person cannot during minority acquire a new domicile.

[Lunatic's acquisition of new domicile.]

XVIII. An insane person cannot acquire a new domicile in any other way than by his domicile following the domicile of another person.

[Succession to a person's moveable property in British India in absence of proof of his domicile elsewhere.]

XIX. If a man dies leaving moveable property in British India, in the absence of proof of any domicile elsewhere succession to the property is regulated by the law of British India.

PART III.

*Of Consanguinity.*

[Kindred or consanguinity.]

XX. Kindred or consanguinity is the connexion or relation of persons descended from the same stock or common ancestor.

[Lineal consanguinity.]

XXI. Lineal consanguinity is that which subsist between two persons, one of whom is descended in a direct line from the other, as between a man and his father, grandfather, and great-grandfather, and so upwards in the direct ascending line; or between a man, his son, grandson, great-grandson,

[অপ্রাপ্তব্যবহার ব্যক্তির নিবাসস্বত্বের কথা।]

১৪ ধারা। অপ্রাপ্তব্যবহার ব্যক্তির নিবাসস্বত্ব তাঁহার পিতা কি মাতা যাঁহাহইতে তিনি জন্মঘটিত নিবাসস্বত্ব পাইয়াছিলেন তাঁহার নিবাসস্বত্বের অনুগত হয়।

বর্জ্জিত স্থল। অপ্রাপ্তব্যবহার ব্যক্তির বিবাহ হইলে, কিম্বা শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর কার্য্যে তিনি কোন পদ কি কর্ম্ম প্রাপ্ত হইলে, কিম্বা সেই পিতার কি মাতার অনুমতি লইয়া স্বতন্ত্র কোন ব্যবসায় করিতে প্রবৃত্ত হইলে পিতার কি মাতার নিবাসস্বত্বের পরিবর্ত্তন হইলেও তাঁহার নিবাসস্বত্বের পরিবর্ত্তন হয় না ইতি।

[বিবাহদ্বারা স্ত্রীর নিবাসস্বত্ব লাভের কথা।]

১৫ ধারা। বিবাহের পূর্ব্বে ভিন্ন২ দেশে নিবাসস্বত্ব থাকিলে যে দেশে পতির নিবাসস্বত্ব আছে, বিবাহদ্বারা স্ত্রীরও সেই দেশে নিবাসস্বত্ব লাভ হয় ইতি।

[বিবাহিতা থাকিতে পত্নীর নিবাসস্বত্বের কথা।]

১৬ ধারা। বিবাহিতা থাকিতে পত্নীর নিবাসস্বত্ব পতির নিবাসস্বত্বের অনুগত হয়।

বর্জ্জিত স্থল। উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতের আজ্ঞাক্রমে পতিপত্নীর বিয়োগ হইলে, কিম্বা পতি দ্বীপান্তরে প্রেরিত হওন দণ্ডভোগ করিলে, পত্নীর নিবাসস্বত্ব পতির নিবাসস্বত্বের আর অনুগত হয় না ইতি।

[উল্লিখিত স্থল ভিন্ন অন্য স্থলে অপ্রাপ্তব্যবহার ব্যক্তির নূতন নিবাসস্বত্ব লাভ না হইবার কথা।]

১৭ ধারা। পূর্ব্ব নির্দ্দিষ্ট কএক স্থল ভিন্ন অন্য কোন স্থলে অপ্রাপ্তব্যবহার কালে কোন ব্যক্তির নূতন নিবাসস্বত্ব লাভ হইতে পারে না ইতি।

[ক্ষিপ্ত ব্যক্তির নূতন নিবাসস্বত্ব লাভ হইবার কথা।]

১৮ ধারা। ক্ষিপ্ত ব্যক্তির নিবাসস্বত্ব অপর কোন ব্যক্তির নিবাসস্বত্বের অনুগত হইলে সেই অনুগমনদ্বারা ক্ষিপ্ত ব্যক্তির নূতন নিবাসস্বত্ব লাভ হইতে পারে, নতুবা নয় ইতি।

[কোন ব্যক্তির অন্যত্র নিবাসস্বত্ব থাকিবার প্রমাণাভাবে ব্রিটনীয় ভারতবর্ষে স্থিত তাঁহার অস্থাবর সম্পত্তির উত্তরাধিকারিত্বের কথা।]

১৯ ধারা। যদি কোন ব্যক্তি ব্রিটনীয় ভারতবর্ষে অস্থাবর সম্পত্তি রাখিয়া মরেন, তবে অন্যত্র তাঁহার নিবাসস্বত্ব থাকিবার প্রামাণাভাবে তাঁহার সেই সম্পত্তির উত্তরাধিকারিত্ব ব্রিটনীয় ভারতবর্ষের ব্যবস্থাদ্বারা নিরূপিত হইবে ইতি।

তৃতীয় খণ্ড।

সগোত্রতার কথা।

[জ্ঞাতি কি সগোত্রতার কথা।]

২০ ধারা। এক গোত্রে অর্থাৎ এক পূর্ব্বপুরুষের বংশে জাত ব্যক্তিদের মধ্যে পরস্পর যে সম্বন্ধ কি সম্পর্ক আছে তাহাকে জ্ঞাতি কি সগোত্রতা বলা যায় ইতি।

[বংশানুক্রমিক সগোত্রতার কথা।]

২১ ধারা। দুই ব্যক্তির মধ্যে যদি এক ব্যক্তি ঋজু ক্রমানুসারে অন্য ব্যক্তির বংশে জন্মিয়া থাকেন, তবে সেই দুই ব্যক্তির মধ্যে বংশানুক্রমিক সগোত্রতা সম্বন্ধ আছে। পিতা কি পিতামহ কি প্রপিতামহ প্রভৃতি ঊর্দ্ধতন ঋজু ক্রমের কোন পূর্ব্বপুরুষের সহিত কোন ব্যক্তির সম্বন্ধ, কিম্বা পুত্র পৌত্র প্রপৌত্র প্রভৃতি অধ-

and so downwards in the direct descending line. Every generation constitutes a degree either ascending or descending. A man's father is related to him in the first degree, and so likewise is his son; his grandfather and grandson in the second degree; his great-grandfather and great-grandson in the third.

[Collateral consanguinity.]

XXII. Collateral consanguinity is that which subsists between two persons who are descended from the same stock or ancestor, but neither of whom is descended in a direct line from the other. For the purpose of ascertaining in what degree of kindred any collateral relative stands to a person deceased, it is proper to reckon upwards from the person deceased to the common stock, and then downwards to the collateral relative, allowing a degree for each person, both ascending and descending.

[Persons held for purpose of succession to be similarly related to the deceased.]

(খ) এবিয়ট চরমপত্রদ্বারা "কৃষ্ণপুর নামে আপনার তালুক" ব্রৌণকে দেন। সেই চরমদানের বিষয় কি, অর্থাৎ চরমপত্রকারি ব্যক্তির কোন্ তালুক কৃষ্ণপুর নামে খ্যাত, তাহা নিশ্চয় করণার্থে আদালতকর্ত্তৃক প্রমাণ লওয়া আবশ্যক হইতে পারে।

(গ) এবিয়ট চরমপত্রদ্বারা "কার্টরহইতে ক্রীত আপনার তালুক" ব্রৌণকে দেন। ইহাতে সেই চরমপত্রকারি ব্যক্তির কোন্ তালুক কার্টরের নিকটহইতে ক্রীত হইয়াছিল, তাহা নিশ্চয় করিবার জন্যে প্রমাণ লওয়া আবশ্যক হইতে পারে ইতি।

[পাত্রের অযথার্থ নাম কি বর্ণনা করিবার কথা।]

৬৩ ধারা। চরমদানের পাত্রকে কি তদীয় শ্রেণীকে বর্ণনা কি নির্দ্দিষ্ট করিবার জন্যে চরমপত্রে যে কথা ব্যবহার হয়, তাহার তাৎপর্য্য যদি উপযুক্তমতে স্পষ্ট হয়, তবে নামের কি বর্ণনার ভ্রম থাকিলেও সেই চরমদান বিফল হইবে না। চরমদানের যে পাত্র তাহার নামের ভ্রম থাকিলে বর্ণনাদ্বারা, কিম্বা বর্ণনার ভ্রম থাকিলে নামদ্বারা তাহার সংশোধন হইতে পারে।

উদাহরণ।

(ক) এবিয়ট চরমপত্রদ্বারা "আপনার ভ্রাতা জানের দ্বিতীয় পুত্র তামসকে" চরমদান দিবার আদেশ করেন। সেই চরমপত্রকারি ব্যক্তির জান নামে একমাত্র ভ্রাতা আছেন। তাঁহার তামস নামে কোন পুত্র নাই, কিন্তু দ্বিতীয় পুত্রের নাম উলিয়ম। সেই উলিয়ম ঐ চরমদান পাইবেন।

(খ) এবিয়ট চরমপত্রদ্বারা "আপনার ভ্রাতা জানের দ্বিতীয় পুত্র তামসকে" চরমদান দিবার আদেশ করেন। সেই চরমপত্রকারি ব্যক্তির জান নামে একমাত্র ভ্রাতা আছেন। তাঁহার প্রথম পুত্রের নাম তামস, দ্বিতীয় পুত্রের নাম উলিয়ম। তামসও চরমদান পাইবেন।

(গ) এবিয়ট চরমপত্রদ্বারা "আলবর্ট ঐ বার্ব্বারা নামে কার্টরের দুই জন ধর্ম্মজ সন্তানকে" আপনার সম্পত্তি দান করেন। কার্টরের ধর্ম্মজ সন্তান নাই, কিন্তু আলবর্ট ও বার্ব্বারা নামে কামজ দুই সন্তান আছে। কামজ হইলেও ইহাদের পক্ষে সেই চরমদান সফল হইবে।

(*d*) The testator gives his residuary estate to be divided among "his seven children," and proceeding to enumerate them mentions six names only. This omission shall not prevent the seventh child from taking a share with the others.

(*e*) The testator having six grandchildren, makes a bequest to "his six grandchildren," and proceeding to mention them by their Christian names mentions one twice over, omitting another altogether. The one whose name is not mentioned shall take a share with the others.

(*f*) The testator bequeaths "1,000 Rupees to each of the three children of A." At the date of the Will A has four children. Each of these four children shall, if he survives the testator, receive a legacy of 1,000 Rupees.

[When words may be supplied.]

LXIV. Where any word material to the full expression of the meaning has been omitted it may be supplied by the context.

*Illustration.*

The testator gives a legacy of "five hundred" to his daughter A, and a legacy of "five hundred Rupees" to his daughter B. A shall take a legacy of five hundred Rupees.

[Rejection of erroneous particulars in description of subject.]

LXV. If the thing which the testator intended to bequeath can be sufficiently identified from the description of it given in the Will, but some parts of the description do not apply, such parts of the description shall be rejected as erroneous and the bequest shall take effect.

*Illustrations.*

(*a*) A bequeaths to B "his marsh lands lying in L and in the occupation of X." The testator had marsh lands lying in L, but had no marsh lands in the occupation of X. The words "in the occupation of X" shall be rejected as erroneous and the marsh lands of the testator lying in L, shall pass by the bequest.

(*b*) The testator bequeaths to A "his zamíndárí of Rampore." He had an estate at Rampore, but it was a taluk and not a zamíndárí. The taluk passes by this bequest.

[When part of description may not be rejected as erroneous.]

LXVI. If the Will mentions several circumstances as descriptive of the thing which the testator intends to bequeath, and there is any property of his in respect of which all those circumstances exist, the bequest shall be considered as limited to such property, and it shall not be

(ঘ) চরমপত্রকারি ব্যক্তি আপনার অবশিষ্ট সম্পত্তি বিভক্ত হইবার নিমিত্তে "আপনার সাত সন্তানকে" দান করেন। পরে একে২ তাহাদের নাম উল্লেখ করিতে প্রবৃত্ত হইয়া কেবল ছয় জনের নাম লেখেন। এই ক্রটিতে অন্য সকলের ন্যায় নিজ অংশ পাইতে সপ্তম সন্তানের বাধা জন্মিবে না।

(ঙ) চরমপত্রকারি ব্যক্তির পুত্রকন্যার ছয়টি সন্তান আছে। তিনি "আপনার পুত্রকন্যার ছয় জন সন্তানের পক্ষে" চরমদানের আদেশ দিয়া একে২ তাহাদের নাম উল্লেখ করিতে প্রবৃত্ত হইয়া এক জনের নাম দুই বার লেখেন, আর এক জনের নাম লিখিতে ক্রটি করেন। যাহার নাম লেখা হয় নাই, সেও অন্য সকলের ন্যায় আপন অংশ পাইবে।

(চ) চরমপত্রকারি ব্যক্তি "এবিয়টের তিন সন্তানের মধ্যে প্রত্যেককে একং সহস্র টাকা" দিবার আদেশ করেন। সেই চরমপত্রের তারিখের সময়ে এবিয়টের চারিটি সন্তান ছিল। ইহারা সকলে সেই চরমপত্রকারি ব্যক্তির উত্তরজীবী হইলে প্রত্যেকে একং সহস্র টাকার চরমদান পাইবে ইতি।

[অলিখিত শব্দ কি কথা যোগ করিবার কথা।]

৬৪ ধারা। সম্পূর্ণ অর্থ প্রকাশ করণার্থে যাহা আবশ্যক, এমত কোন শব্দ কি কথা লিখিবার ক্রটি হইলে পূর্ব্বাপর কথা বুঝিয়া তাহা যোগ করা যাইতে পারিবে।

উদাহরণ।

চরমপত্রকারি ব্যক্তি চরমদানরূপে আপনার কন্যা এন্নীকে "পাঁচ শত" দেন, ও আপনার কন্যা বর্থাকে "পাঁচ শত টাকা" দেন। ইহাতে এন্নী পাঁচ শত টাকা চরমদান পাইবেন ইতি।

[বিষয়ের বর্ণনার মধ্যে যে কথা ভ্রমমূলক তাহা ত্যাজ্য হইবার কথা।]

৬৫ ধারা। চরমদানরূপে যে বিষয় দিতে চরমপত্রকারি ব্যক্তির অভিপ্রায় ছিল তাহা যদি চরমপত্রের বর্ণনাদ্বারা উপযুক্তরূপে নিশ্চয় করা যাইতে পারে, তবে সেই বর্ণনার কোন২ কথা না খাটিলে বর্ণনার সেই সকল কথা ভ্রমমূলক বলিয়া ত্যাজ্য হইবে ও চরমদান সিদ্ধ হইবে।

উদাহরণ।

(ক) এবিয়ট "লক্ষ্মীপুরে স্থিত আপনার যে জলা ভূমি যত্নর দখলে আছে" তাহা চরমদানরূপে ব্রোণকে দেন। লক্ষ্মীপুরে সেই চরমপত্রকারি ব্যক্তির জলা ভূমি ছিল বটে, কিন্তু তাঁহার কোন জলা ভূমি যত্নর দখলে ছিল না। অতএব "যত্নর দখলে" এই কথা অশুদ্ধ বলিয়া ত্যাজ্য হইবে, ও সেই চরমপত্রকারি ব্যক্তির যে জলা ভূমি লক্ষ্মীপুরে আছে তাহা এই চরমদানের বলে হস্তান্তর হইবে।

(খ) চরমপত্রকারি ব্যক্তি "আপনার রামপুর জমীদারী" চরমদানরূপে এবিয়টকে দেন। রামপুরে তাহার ভূমি ছিল, কিন্তু তাহা তালুক, জমীদারী নয়। এই চরমদানের বলে সেই তালুক হস্তান্তর হইবে ইতি।

[যে স্থলে বর্ণনার বিশেষ কোন অংশ অশুদ্ধ বলিয়া ত্যাজ্য হইবে না তাহার কথা।]

৬৬ ধারা। যে বিষয় চরমদানরূপে দিতে চরমপত্রকারি ব্যক্তির অভিপ্রায় ছিল, তাহার যত লক্ষণ চরমপত্রে উল্লিখিত থাকে, সেই সমুদয় লক্ষণ ঐ ব্যক্তির যে সম্পত্তিতে মিলে, এমত কোন সম্পত্তি যদি থাকে, তবে চরমদান কেবল সেই সম্পত্তির সম্বন্ধে সফল জ্ঞান হইবে। চরমপত্রকারি ব্যক্তির অন্য সম্পত্তিতে ঐ

lawful to reject any part of the description as erroneous because the testator had other property to which such part of the description does not apply.

*Explanation.*—In judging whether a case falls within the meaning of this Section, any words which would be liable to rejection under the sixty-fifth Section are to be considered as struck out of the Will.

*Illustrations.*

(*a*) A bequeaths to B "his marsh lands lying in L and in the occupation of X." The testator had marsh lands lying in L, some of which were in the occupation of X, and some not in the occupation of X. The bequest shall be considered as limited to such of the testator's marsh lands lying in L as were in the occupation of X.

(*b*) A bequeaths to B "his marsh lands lying in L and in the occupation of X, comprising 1,000 beegahs of land." The testator had marsh lands lying in L, some of which were in the occupation of X, and some not in the occupation of X. The measurement is wholly inapplicable to the marsh lands of either class, or to the whole taken together. The measurement shall be considered as struck out of the Will, and such of the testator's marsh lands lying in L as were in the occupation of X shall alone pass by the bequest.

[Extrinsic evidence admissible in case of latent ambiguity.]

LXVII. Where the words of the Will are unambiguous, but it is found by extrinsic evidence that they admit of applications, one only of which can have been intended by the testator, extrinsic evidence may be taken to shew which of these applications was intended.

*Illustrations.*

(*a*) A man having two cousins of the name of Mary bequeaths a sum of money to "his cousin Mary." It appears that there are two persons, each answering the description in the Will. That description, therefore, admits of two applications, only one of which can have been intended by the testator. Evidence is admissible to shew which of the two applications was intended.

(*b*) A, by his Will, leaves to B "his estate called Sultânpur Khurd." It turns out that he had two estates called Sultânpur Khurd. Evidence is admissible to shew which estate was intended.

বর্ণনার বিশেষ কোন অংশ মিলে না ইহা বলিয়া বর্ণনার সেই অংশ অশুদ্ধ বলিয়া ত্যাগ করা আইন বিরুদ্ধ কর্ম্ম হইবে।

ব্যাখ্যা। এই ধারার তাৎপর্য্য কোন বিশেষ স্থলে খাটে কি না, তাহার বিচার করিতে গেলে ৬৫ ধারামতে যে কোন কথা ত্যাজ্য হইবার যোগ্য তাহা চরমপত্রহইতে কাটা গিয়াছে, এমত জ্ঞান করিতে হইবে।

উদাহরণ।

(ক) এবিয়ট "লক্ষ্মীপুরে স্থিত আপনার যে জলা ভূমি যদুর দখলে আছে" তাহা চরমদানরূপে ব্রৌণকে দেন। লক্ষ্মীপুরে সেই চরমপত্রকারি ব্যক্তির জলা ভূমি ছিল, তাহার মধ্যে কোন ভূমি যদুর দখলে আছে, অন্য কোন ভূমি যদুর দখলে নয়। চরমপত্রকারি ব্যক্তির লক্ষ্মীপুরে স্থিত জলা ভূমির মধ্যে যে ভূমি যদুর দখলে ছিল, চরমদান কেবল তাহার সম্বন্ধে সফল জ্ঞান হইবে।

(খ) এবিয়ট "লক্ষ্মীপুরে স্থিত আপনার ১০০০/ বিঘা পরিমিত যে জলা ভূমি যদুর দখলে আছে" তাহা চরমদানরূপে ব্রৌণকে দেন। লক্ষ্মীপুরে সেই চরমপত্রকারি ব্যক্তির জলা ভূমি ছিল, তাহার মধ্যে কোন ভূমি যদুর দখলে আছে, অন্য কোন ভূমি যদুর দখলে নয়। উক্ত পরিমাণ না প্রথম প্রকারের না দ্বিতীয় প্রকারের না উভয় প্রকারের সংগৃহীত ভূমির প্রতি খাটে। সেই পরিমাণের কথা চরমপত্রহইতে কাটা গিয়াছে এমত জ্ঞান হইবে, এবং চরমপত্রকারি ব্যক্তির লক্ষ্মীপুরে স্থিত জলা ভূমির মধ্যে যে ভূমি যদুর দখলে ছিল তাহাইমাত্র এই চরমদানের বলে হস্তান্তর হইবে ইতি।

[প্রচ্ছন্ন সন্দিগ্ধতার স্থলে বাহিরের প্রমাণ গ্রাহ্য হইবে ইহার কথা।]

৬৭ ধারা। চরমপত্রের শব্দ স্পষ্টার্থ হইলেও যদি বাহিরের প্রমাণদ্বারা জানা যায় যে তাহার নানা প্রয়োগ হইতে পারে, কিন্তু তাহার মধ্যে একমাত্র প্রয়োগ চরমপত্রকারির অভিপ্রেত হইতে পারে, তবে উক্ত [illegible] মধ্যে কোন্ প্রয়োগ তাঁহার অভিপ্রেত ইহা [illegible] আশয়ে বাহিরের প্রমাণ গ্রাহ্য হইতে পারিবে।

উদাহরণ।

(ক) কোন ব্যক্তির মেরী নাম্নী দুই জন জ্ঞাতি আছেন। তিনি "আপনার জ্ঞাতি মেরীকে" চরমদানরূপে বিশেষ পরিমাণের টাকা দেন। ইহাতে জানা যায় যে চরমপত্রের বর্ণনা দুই জনের প্রতি বর্ত্তে, অর্থাৎ সেই বর্ণনার দুই প্রকার প্রয়োগ হইতে পারে, কিন্তু তাহার মধ্যে একমাত্র প্রয়োগ চরমপত্রকারির অভিপ্রেত ইহাতে সন্দেহ নাই। অতএব ঐ দুইয়ের মধ্যে কোন্ প্রয়োগ তাহার অভিপ্রেত, ইহা দেখাইবার জন্যে প্রমাণ গ্রাহ্য হইতে পারিবে।

(খ) এবিয়ট চরমপত্রদ্বারা "সুলতানপুর খর্দ্দ নামে আপনার তালুক" ব্রৌণকে দান করেন। কিন্তু সুলতানপুর খর্দ্দ নামে তাহার দুই তালুক ছিল, ইহা প্রকাশ পায়। সেই দুইয়ের মধ্যে কোন্‌টা দিতে তাহার অভিপ্রায় ছিল, ইহা দেখাইবার জন্যে প্রমাণ গ্রাহ্য হইতে পারিবে ইতি।

[Extrinsic evidence inadmissible in cases of patent ambiguity or deficiency.]

**LXVIII.** Where there is an ambiguity or deficiency on the face of the Will, no extrinsic evidence as to the intentions of the testator shall be admitted.

*Illustrations.*

(*a*) A man has an aunt Caroline and a cousin Mary, and has no aunt of the name of Mary. By his Will he bequeaths 1,000 Rupees to "his aunt Caroline" and 1,000 Rupees to "his cousin Mary," and afterwards bequeaths 2,000 Rupees to "his before-mentioned aunt Mary." There is no person to whom the description given in the Will can apply, and evidence is not admissible to shew who was meant by "his before-mentioned aunt Mary." The bequest is therefore void for uncertainty under the seventy-sixth Section.

(*b*) A bequeaths 1,000 Rupees to , leaving a blank for the name of the legatee. Evidence is not admissible to shew what name the testator intended to insert.

(*c*) A bequeaths to B Rupees, or "his estate of ." Evidence is not admissible to shew what sum or what estate the testator intended to insert.

[সপ্রকাশ সন্দিগ্ধতার কিঅসম্পূর্ণতার স্থলে বাহিরের প্রমাণ অগ্রাহ্য হইবে ইহার কথা।]

৬৮ ধারা। চরমপত্র দৃষ্টে যদি তাহার সন্দিগ্ধতা কি অসম্পূর্ণতা সপ্রকাশ হয়, তবে চরমপত্রকারির অভিপ্রায় বিষয়ক বাহিরের কোন প্রমাণ গ্রাহ্য হইবে না।

উদাহরণ।

(ক) কোন ব্যক্তির কারোলাইন নাম্নী এক পিসী (কি মাসী) এবং পিতার কি মাতার মেরী নাম্নী এক ভ্রাতুষ্পুত্রী (কি ভাগিনেয়ী) আছে, কিন্তু মেরী নামে তাঁহার পিসী কি মাসী নাই। তিনি চরমপত্রদ্বারা "আপনার পিসী (কি মাসী) কারোলাইনকে" এক সহস্র টাকা, ও "আপনার জ্ঞাতি মেরীকে" এক সহস্র টাকা দেন, পরে "আপনার পূর্ব্বোক্ত পিসী (কি মাসী) মেরীকে" দুই সহস্র টাকা দেন। চরমপত্রের এই বর্ণনা যাহার প্রতি খাটে এমত কেহ নাই, ও "আপনার পূর্ব্বোক্ত পিসী (কি মাসী) মেরী" এই কথাদ্বারা কে নির্দ্দিষ্ট হয়, তাহা দেখাইবার জন্যে প্রমাণ গ্রাহ্য হয় না। সুতরাং ৭৬ ধারার বলে এই চরমদান সন্দিগ্ধার্থ প্রযুক্ত অসিদ্ধ হয়।

(খ) এবিয়ট চরমদানরূপে কে (অর্থাৎ পাত্রের নামের স্থান শূন্য রাখিয়া) এক সহস্র টাকা দেন। এই স্থলে কাহার নাম লিখিতে চরমপত্রকারির অভিপ্রায় ছিল, তাহা দেখাইবার জন্যে প্রমাণ গ্রাহ্য হয় না।

(গ) এবিয়ট চরমপত্রদ্বারা ব্রৌণকে টাকা কিম্বা "আপনার নামে তালুক" দান করেন। ইহাতে কত টাকা কিম্বা কোন্ তালুকের নাম লিখিতে চরমপত্রকারির অভিপ্রায় ছিল, তাহা দেখাইবার জন্যে প্রমাণ গ্রাহ্য হয় না ইতি।

[Meaning of any clause to be collected from entire Will.]

**LXIX.** The meaning of any clause in a Will is to be collected from the entire instrument, and all its parts are to be construed with reference to each other, and for this purpose a Codicil is to be considered as part of the Will.

*Illustrations.*

(*a*) The testator gives to B a specific fund or property at the death of A, and by a subsequent clause gives the whole of his property to A. The effect of the several clauses taken together is to vest the specific fund or property in A for life, and after his decease in B, it appearing from the bequest to B that the testator meant to use in a restricted sense the words in which he describes what he gives to A.

(*b*) Where a testator having an estate, one part of which is called Black Acre, bequeaths the whole of his estate to A, and in another part of his Will bequeaths Black Acre to B, the latter bequest is to be read as an exception out of the first, as if he had said. "I give Black Acre to B, and all the rest of my estate to A."

[সমুদয় চরমপত্র বুঝিয়া বিশেষ কোন প্রকরণের অর্থ নিরূপণ করিতে হয় তাহার কথা।]

৬৯ ধারা। চরমপত্রের বিশেষ কোন প্রকরণের অর্থ নিরূপণ করিতে গেলে সমুদয় চরমপত্র দেখিয়া তাহা নিরূপণ করিতে হইবে, এবং তাহার সকল অংশ মিলাইয়া প্রত্যেক অংশের অর্থ করিতে হইবে, এবং এই অভিপ্রায় সাধনার্থে কডিসিল চরমপত্রের অংশ জ্ঞান হইবে।

উদাহরণ।

(ক) চরমপত্রকারি ব্যক্তি এবিয়টের মরণানন্তর ভোগ করণার্থে বিশেষ কোন তহবীল কি সম্পত্তি ব্রৌণকে দেন, পরে অন্য প্রকরণদ্বারা আপনার সর্ব্বস্ব এবিয়টকে দেন। ভিন্ন প্রকরণ মিলাইবার ফল এই, যে ঐ বিশেষ তহবীল কি সম্পত্তি এবিয়টের জীবনকাল পর্য্যন্ত তাঁহাকে, এবং তাঁহার মরণানন্তর ব্রৌণকে দিতে হয়, কেননা ব্রৌণের পক্ষ ঐ চরমদান করাতে ইহা প্রকাশ পায় যে চরমপত্রকারি ব্যক্তি এবিয়টকে যাহা দেন তাহার বর্ণনাকারি কথার অর্থের সীমা নিরূপণ করা তাঁহার অভিপ্রায় ছিল।

(খ) কোন ব্যক্তির এক মহাল আছে, তাহার এক অংশের নাম কৃষ্ণপুর। তিনি চরমপত্রদ্বারা আপনার সমুদয় মহাল এবিয়টকে দেন, পরে সেই চরমপত্রের অন্য অংশে কৃষ্ণপুর ব্রৌণকে দেন। ইহাতে এই শেষ চরমদান প্রথমের বর্জ্জিত অংশ জ্ঞান করিতে হইবে, অর্থাৎ তাহার আদেশের এইরূপ অর্থ করিতে হইবে, যথা, "আমি কৃষ্ণপুর ব্রৌণকে, ও আমার অবশিষ্ট সমুদয় মহাল এবিয়টকে দি" ইতি।

[When words may be understood in a restricted sense, and when in a sense wider than usual.]

[যেহ স্থলে কোন কথার সঙ্কুচিত অর্থ, অথবা সামান্য অর্থ অপেক্ষা অধিক বিস্তারিত অর্থ করা যাইতে পারে তাহার কথা।]

LXX. General words may be understood in a restricted sense where it may be collected from the Will that the testator meant to use them in a restricted sense; and words may be understood in a wider sense than that which they usually bear where it may be collected from the other words of the Will that the testator meant to use them in such wider sense.

৭০ ধারা। চরমপত্রকারি ব্যক্তি নির্ব্বিশেষার্থ কোন শব্দের কি কথার সঙ্কুচিত অর্থ করিয়া প্রয়োগ করিয়াছেন ইহা যদি চরমপত্র দেখিয়া বুঝা যায়, তবে সেই নির্ব্বিশেষার্থ শব্দের কি কথার সঙ্কুচিত অর্থ করা যাইতে পারিবে। এবং সামান্যতঃ যে শব্দের কি কথার যে অর্থ হয়, চরমপত্রকারি ব্যক্তি সেই শব্দের কি কথার তদপেক্ষা বিস্তারিত অর্থ করিয়া প্রয়োগ করিয়াছেন, ইহা যদি চরমপত্রের অন্য কথা দেখিয়া বুঝা যায়, তবে তাহার সেই বিস্তারিত অর্থ করা যাইতে পারিবে।

*Illustrations.*

উদাহরণ।

(*a*) A testator gives to A "his farm in the occupation of B," and to C "all his marsh lands in L." Part of the farm in the occupation of B consists of marsh lands in L, and the testator also has other marsh lands in L. The general words, "all his marsh lands in L," are restricted by the gift to A. A takes the whole of the farm in the occupation of B, including that portion of the farm which consist of marsh lands in L.

(ক) চরমপত্রকারি ব্যক্তি "আপনার যে তালুক ভোলানাথের দখলে আছে" তাহা এবিয়টকে দেন, এবং লক্ষ্মীপুরে স্থিত আপনার সমুদয় জলা ভূমি কার্টরকে দেন; ভোলানাথের দখলে যে তালুক আছে তাহার এক অংশ লক্ষ্মীপুরে স্থিত জলা ভূমি, কিন্তু চরমপত্রকারি ব্যক্তির লক্ষ্মীপুরে অন্য জলা ভূমি আছে। ইহাতে এবিয়টের পক্ষে যে চরমদান করা যায় তদ্দারা "লক্ষ্মীপুরে স্থিত তাবৎ জলা ভূমি" এই কথার অর্থের সীমা নিরূপণ হয়; ভোলানাথের দখলে যে তালুক আছে তাহার লক্ষ্মীপুরে স্থিত জলা ভূমিরূপ অংশ সুদ্ধ সমুদয় এবিয়ট পাইবেন।

(*b*) The testator, a sailor on ship-board, bequeathed to his mother his gold ring, buttons, and chest of clothes, and to his friend A, (a shipmate) his red box, clasp-knife, and all things not before bequeathed. The testator's share in a house does not pass to A under this bequest.

(খ) জাহাজারূঢ় কোন নাবিক চরমপত্র করিয়া আপনার স্বর্ণময় অঙ্গুরীয়ক ও সমুদয় বোতাম ও পোশাকের সিন্দুক আপনার মাতাকে, এবং আপনার লাল রঙ্গের সিন্দুক ও চাকু ছুরী ও যত বিষয় পূর্ব্বে দান করে নাই, তাহা সমুদয় আপনার সহনাবিক আর্থর নামে এক জন বন্ধুকে দেয়। সেই চরমপত্রকারি ব্যক্তির কোন গৃহের অধিকারের যে অংশ আছে, তাহা এই চরমদানের বলে ঐ আর্থরের প্রতি বর্ত্তে না।

(*c*) A, by his Will, bequeathed to B all his household furniture, plate, linen, china, books, pictures, and all other goods of whatever kind, and afterwards bequeathed to B a specified part of his property. Under the first bequest B is entitled only to such articles of the testator's as are of the same nature with the articles therein enumerated.

(গ) এবিয়ট চরমপত্রদ্বারা আপনার সমুদয় ঘরের আসবাব ও রূপার পাত্র ও চাদর ও চীনের বাসন ও পুস্তক ও ছবি ও অন্য যাবদীয় প্রকারের সামগ্রী ব্রৌণকে দেন। পরে আপন সম্পত্তির বিশেষ এক অংশ নির্দ্দিষ্ট করিয়া ব্রৌণকে দেন। ঐ চরমপত্রকারি ব্যক্তির প্রথম চরমদানে উল্লিখিত প্রকারের যেহ বস্তু ছিল, কেবল সেইং প্রকারের বস্তুর অধিকার ঐ প্রথম চরমদানের বলে ব্রৌণের প্রতি বর্ত্তিবে ইতি।

[Where a clause is open to two constructions, that which has some effect is to be preferred.]

[যে প্রকরণের দুই অর্থ হইতে পারে তাহার মধ্যে ফলবৎ অর্থ গ্রাহ্য হইবে তাহার কথা।]

LXXI. Where a clause is susceptible of two meanings, according to one of which it has some effect, and according to the other it can have none, the former is to be preferred.

৭১ ধারা। যে প্রকরণের দুই অর্থ হইতে পারে, তাহার এক অর্থ করিলে যদি তাহা ফলবৎ হয় ও অন্য অর্থ করিলে যদি কোন মতে ফলবৎ হইতে না পারে, তবে সেই প্রথম অর্থ গ্রাহ্য হইবে ইতি।

[No part of Will to be rejected if reasonable construction can be put on it.]

[যুক্তিযুক্ত অর্থ করা অসাধ্য না হইলে চরমপত্রের কোন অংশ অগ্রাহ্য না হইবার কথা।]

LXXII. No part of a Will is to be rejected as destitute of meaning if it is possible to put a reasonable construction upon it.

৭২ ধারা। চরমপত্রের যে অংশের যুক্তিযুক্ত অর্থ করিতে পারা যায়, এমত কোন অংশ অর্থহীন বলিয়া অগ্রাহ্য করিতে হইবে না ইতি।

[Interpretaion of words repeated in different parts of Will.]

[চরমপত্রের নানা স্থানে একই কথা বারং লিখিত হইলে তাহার অর্থ নিরূপণের কথা।]

LXXIII. If the same words occur in different parts of the same Will, they must be taken to

৭৩ ধারা। একই চরমপত্রের নানা স্থানে যদি একই শব্দ কি কথা থাকে, তবে বিপরীত অভিপ্রায় প্রকাশ না

have been used everywhere in the same sense unless there appears an intention to the contrary.

[Testator's intention to be effectuated as far as possible.]

LXXIV. The intention of the testator is not to be set aside because it cannot take effect to the full extent, but effect is to be given to it as far as possible.

*Illustration.*

The testator, by a Will made on his death-bed, bequeathed all his property to C D for life, and after his decease to a certain hospital. The intention of the testator cannot take effect to its full extent because the gift to the hospital is void under the hundred and fifth Section, but it shall take effect so far as regards the gift to C D.

[The last of two inconsistent clauses prevails.]

LXXV. Where two clauses or gifts in a Will are irreconcileable, so that they cannot possibly stand together, the last shall prevail.

*Illustrations.*

(*a*) The testator, by the first clause of his Will, leaves his estate of Rámnagar "to A," and by the last clause of his Will leaves it "to B and not to A." B shall have it.

(*b*) If a man, at the commencement of his Will, gives his house to A, and at the close of it directs that his house shall be sold and the proceeds invested for the benefit of B, the latter disposition shall prevail.

[Will or bequest void for uncertainty.]

LXXVI. A Will or bequest not expressive of any definite intention is void for uncertainty.

*Illustration.*

If a testator says—"I bequeath goods to A;" or "I bequeath to A," or "I leave to A all the goods mentioned in a Schedule," and no Schedule is found; or "I bequeath 'money,' 'wheat,' 'oil,' or the like," without saying how much, this is void.

[Words describing subject refer to property answering that description at testator's death.]

LXXVII. The description contained in a Will of property the subject of gift shall, unless a contrary intention appear by the Will, be deemed to refer to and comprise the property answering that description at the death of the testator.

পাইলে সেই সকল স্থানে একই অর্থে ঐ শব্দের কি কথার প্রয়োগ হইল এমত জ্ঞান করিতে হইবে ইতি।

[চরমপত্রকারি ব্যক্তির অভিপ্রায় সাধ্য পর্য্যন্ত সফল করিতে হইবার কথা।]

৭৪ ধারা। চরমপত্রকারি ব্যক্তির অভিপ্রায় সম্পূর্ণরূপে সাধন করা অসাধ্য হইলে তৎপ্রযুক্ত যে তাহা অসিদ্ধ করিতে হইবে এমত নয়, কিন্তু যে পর্য্যন্ত তাহা সাধন করিতে পারা যায় সেই পর্য্যন্ত তাহা সাধন করিতে হইবে।

উদাহরণ।

কোন ব্যক্তি মুমূর্ষদশাতে চরমপত্র করিয়া তদ্দ্বারা আপনার সমস্ত সম্পত্তি চার্লস ডডের যাবজ্জীবন তাঁহাকে, ও তাঁহার মরণানন্তর কোন বিশেষ হস্পিটাল-কে দেন। ১০৫ ধারার বলে হস্পিটালের পক্ষ ঐ দান অসিদ্ধ, অতএব চরমপত্রকারি ব্যক্তির অভিপ্রায় সম্পূর্ণরূপে সাধন করা অসাধ্য, কিন্তু ঐ চার্লস ডডকে যে দান করা যায় সেই দানের উপলক্ষে তাহা সাধন করিতে হইবে ইতি।

[পরস্পর বিরোধি দুই প্রকরণের মধ্যে পশ্চাতের প্রকরণ গ্রাহ্য হইবার কথা।]

৭৫ ধারা। কোন চরমপত্রের দুই প্রকরণ কি চরমদান যদি পরস্পর এমত বিরোধী হয়, যে কোন মতে উভয় সফল হইতে পারে না, তবে তাহার মধ্যে পশ্চাতের প্রকরণ কি দান বলবৎ থাকিবে।

উদাহরণ।

(ক) চরমপত্রকারি ব্যক্তি চরমপত্রের প্রথম প্রকরণে আপনার রামনগর তালুক "এবিয়টকে" দেন, পরে চরমপত্রের শেষ প্রকরণে তাহা "এবিয়টকে" নয়, কিন্তু ব্রৌণকে" দেন। ব্রৌণ তাহা পাইবেন।

(খ) কোন ব্যক্তি চরমপত্রের আরম্ভে আপনার বাটী এবিয়টকে দেন, কিন্তু তাহার শেষে সেই বাটী বিক্রয় করিয়া ব্রৌণের হিতার্থে তাহার মূল্য দিয়া মূল্যবান্ কাগজ কিনিবার আদেশ করেন। এই পশ্চাতের আদেশ বলবৎ হইবে ইতি।

[অনিশ্চিতার্থ প্রযুক্ত চরমপত্র কি চরমদান অসিদ্ধ হইবার কথা।]

৭৬ ধারা। যে চরমপত্র কি চরমদান নিশ্চিত অভিপ্রায়সূচক নয়, তাহা অনিশ্চিতার্থ প্রযুক্ত অসিদ্ধ হইবে।

উদাহরণ।

"আমি এবিয়টকে চরমদানরূপে মাল দি," কিম্বা "আমি এবিয়টের পক্ষে চরমদান করি," কিম্বা "আমি তফসীলে নির্দ্দিষ্ট সকল মাল এবিয়টের জন্যে রাখিয়া যাই," এই২ প্রকার কথা যদি চরমপত্রকারি ব্যক্তি কহেন, কিন্তু কোন তফসীল না পাওয়া যায়, কিম্বা "আমি চরমদানরূপে টাকা কি গোধূম কি তৈল দি," ইত্যাদি দানের কথা কহিয়া যত দেন তাহা নির্দ্দিষ্ট না করেন, তবে সেই দান অসিদ্ধ হইবে ইতি।

[চরমপত্রকারি ব্যক্তির মরণকালে যে সম্পত্তি ছিল দানের বিষয়ের বর্ণনা তাহার প্রতি বর্ত্তে ইহার কথা।]

৭৭ ধারা। কোন চরমপত্রে দানের বিষয় কোন সম্পত্তির যে বর্ণনা আছে তাহার অর্থ বিষয়ক বিপরীত অভিপ্রায় চরমপত্রে প্রকাশ না পাইলে চরমপত্রকারি ব্যক্তির মরণকালে সেই বর্ণনার অনুরূপ যে সম্পত্তি ছিল, ঐ বর্ণনা তাহারই প্রতি বর্ত্তে ও তাহা পরিগ্রহণ করে এমত জ্ঞান হইবে ইতি।

[Power of appointment executed by general bequest.]

LXXVIII. Unless a contrary intention shall appear by the Will, a bequest of the estate of the testator shall be construed to include any property which he may have power to appoint by Will to any object he may think proper, and shall operate as an execution of such power; and a bequest of property described in a general manner, shall be construed to include any property to which such description may extend which he may have power to appoint by Will to any object he may think proper, and shall operate as an execution of such power.

[Implied gift to the objects of a power in default of appointment.]

LXXIX. Where property is bequeathed to or for the benefit of such of certain objects as a specified person shall appoint, or for the benefit of certain objects in such proportions as a specified person shall appoint, and the Will does not provide for the event of no appointment being made; if the power given by the Will be not exercised, the property belongs to all the objects of the power in equal shares.

*Illustration.*

A, by his Will, bequeaths a fund to his wife for her life, and directs that at her death it shall be divided among his children in such proportions as she shall appoint. The widow dies without having made any appointment. The fund shall be divided equally among the children.

[Bequest to "heirs," &c., of particular person without qualifying terms.]

LXXX. Where a bequest is made to the "heirs," or "right heirs," or "relations," or "nearest relations," or "family," or "kindred," or "nearest of kin" or "next of kin," of a particular person, without any qualifying terms, and the class so designated forms the direct and independent object of the bequest, the property bequeathed shall be distributed as if it had belonged to such person and he had died intestate in respect of it, leaving assets for the payment of his debts independently of such property.

*Illustrations.*

(a) A leaves his property "to his own nearest relations." The property goes to those who would be entitled to it if A had died intestate, leaving assets for the payment of his debts independently of such property.

[সাধারণ চরমদানদ্বারা নিরূপণের ক্ষমতা প্রয়োগ হয় ইহার কথা।]

৭৮ ধারা। চরমপত্রে যদি বিপরীত অভিপ্রায় প্রকাশ না পায়, তবে চরমপত্রকারি ব্যক্তি চরমবিধানদ্বারা নিজ সম্পদ দান করিলে, চরমপত্রদ্বারা নিজ বিবেচনামতে উপযুক্ত অভিপ্রায়ে যে কোন সম্পত্তি নিরূপণের ক্ষমতা তাঁহার আছে, সেই সমস্ত সম্পত্তি ঐ চরমদানে পরিগৃহীত এমত অর্থ করিতে হইবে, এবং চরমদান ঐ ক্ষমতার প্রয়োগ বলিয়া বলবৎ হইবে। এবং নির্ব্বিশেষ বর্ণনাতে নির্দ্দিষ্ট সম্পত্তির চরমদান করিলে চরমপত্রদ্বারা নিজ বিবেচনামতে উপযুক্ত অভিপ্রায়ে সেই বর্ণনার অনুরূপ যে কোন সম্পত্তি নিরূপণের ক্ষমতা তাঁহার আছে সেই সমুদয় সম্পত্তি ঐ চরমদানে পরিগৃহীত এমত অর্থ করিতে হইবে, এবং চরমদান ঐ ক্ষমতার প্রয়োগ বলিয়া বলবৎ হইবে ইতি।

[নিরূপণের অভাবেও ক্ষমতার পাত্রের পক্ষ দান হইলে এমত জ্ঞান করিতে হইবার কথা।]

৭৯ ধারা। নির্দ্দিষ্ট কোন ব্যক্তিকর্ত্তৃক নিরূপণীয় বিশেষ কোন২ পাত্রের জন্যে কি হিতার্থে, কিম্বা নির্দ্দিষ্ট কোন ব্যক্তিকর্ত্তৃক নিরূপণীয় হারানুসারে বিশেষ২ পাত্রের হিতার্থে যদি চরমপত্রদ্বারা কেহ সম্পত্তি দান করেন, কিন্তু ঐ নিরূপণের ত্রুটি হইলে যাহা কর্ত্তব্য তদ্বিষয়ক কোন বিধান চরমপত্রে না থাকে, তবে চরমপত্রের দত্ত ক্ষমতার প্রয়োগ না হইলে সেই সম্পত্তি সমান২ অংশ করিয়া ঐ ক্ষমতার সকল পাত্রকে দিতে হইবে।

উদাহরণ।

এবিয়ট আপন চরমপত্রের আদেশানুসারে নিজ পত্নীর যাবজ্জীবন ভোগার্থে বিশেষ সংস্থান রাখিয়া যান, এবং তাঁহার মরণানন্তর তাঁহারই নিরূপণীয় হারানুসারে আপন সন্তানদের মধ্যে তাহা বিভাগ করণের বিধান করেন। তাঁহার বিধবা পত্নী তদ্রূপ নিরূপণ না করিয়া প্রাণত্যাগ করেন। সেই সংস্থান সমান২ অংশ করিয়া সন্তানদিগকে দিতে হইবে ইতি।

[সবিশেষ বর্ণনা বিনা কোন ব্যক্তির উত্তরাধিকারিদিগের পক্ষে চরমদান করিবার ফলের কথা।]

৮০ ধারা। যদি সবিশেষ বর্ণনা ব্যতিরেকে কোন ব্যক্তির উত্তরাধিকারিদিগকে কি প্রকৃত উত্তরাধিকারিদিগকে কি তৎসম্পর্কীয় লোকদিগকে কি অত্যাসন্ন সম্পর্কীয় লোকদিগকে কি পরিবারকে কি জ্ঞাতিদিগকে কি অতি নিকট জ্ঞাতিদিগকে কি অত্যাসন্ন জ্ঞাতিদিগকে চরমদানরূপে সম্পত্তি দেওয়া যায়, ও সেই বর্ণনাতে নির্দ্দিষ্ট জনশ্রেণী চরমদানের প্রথম ও স্বতন্ত্র পাত্র হয়, তবে উক্ত ব্যক্তি ঐ সম্পত্তির স্বামী হইয়া আপন ঋণ পরিশোধের উপায়রূপে সেই সম্পত্তি ভিন্ন অন্য সংস্থান রাখিয়া সেই সম্পত্তি বিষয়ক চরমবিধান না করিয়া মরিলে যেমন করিতে হইত তেমনি ঐ দত্ত সম্পত্তি বিভাগ করিতে হইবে।

উদাহরণ।

(ক) এবিয়ট চরমপত্রের আদেশানুসারে নিজ সম্পত্তি আপনার অতি নিকট সম্পর্কীয়দিগকে দেন। এবিয়ট আপনার সকল ঋণ পরিশোধার্থে ঐ সম্পত্তি ভিন্ন প্রচুর অন্য সংস্থান রাখিয়া চরমপত্র না করিয়া মরিলে যাহারা সেই সম্পত্তি পাইতে স্বত্ববান্ হইত তাহারা তাহা পাইবে।

(*b*) A bequeaths 10,000 Rupees "to B for his life, and after the death of B, to his own right heirs." The legacy after B's death belongs to those who would be entitled to it if it had formed part of A's unbequeathed property.

(খ) এবিয়ট চরমপত্রদ্বারা দশসহস্র টাকা "ব্রৌণের যাবজ্জীবন ভোগার্থে তাঁহাকে, ও ব্রৌণের মরণানন্তর আপনার প্রকৃত উত্তরাধিকারিদিগকে" দেন। সেই সম্পত্তি এবিয়টের চরমদানের বিষয় ভিন্ন অন্য সম্পত্তির অংশ হইলে যাহারা তাহা পাইতে স্বত্ববান্ হইত তাহারা ব্রৌণের মরণানন্তর তাহা পাইবে।

(*c*) A leaves his property to B, but if B dies before him, to B's next of kin. B dies before A, the property devolves as if it had belonged to B and he had died intestate, leaving assets for the payment of his debts independently of such property.

(গ) এবিয়ট চরমপত্রদ্বারা আপনার সম্পত্তি ব্রৌণকে, কিম্বা ব্রৌণ তাঁহার অগ্রে মরিলে ব্রৌণের অতি নিকটবর্ত্তি জ্ঞাতিকে দেন। ব্রৌণ এবিয়টের পূর্ব্বে মরেন। ব্রৌণ সেই সম্পত্তির স্বামী হইয়া আপনার সকল ঋণ পরিশোধার্থে সেই সম্পত্তি ভিন্ন অন্য সংস্থান রাখিয়া চরমপত্র না করিয়া মরিলে সেই সম্পত্তি যাহাদের প্রতি বর্ত্তিত তাহাদের প্রতি বর্ত্তিবে।

(*d*) A leaves 10,000 Rupees "to B for his life, and after his decease to the heirs of C." The legacy goes as if it had belonged to C and he had died intestate, leaving assets for the payment of his debts independently of the legacy.

(ঘ) এবিয়ট চরমপত্রদ্বারা দশসহস্র টাকা যাবজ্জীবন ভোগার্থে ব্রৌণকে, এবং তাঁহার মরণানন্তর কার্টরের উত্তরাধিকারিদিগকে দেন। কার্টর সেই দত্ত সম্পত্তির স্বামী হইয়া আপনার সকল ঋণ পরিশোধার্থে তদ্ভিন্ন অন্য সংস্থান রাখিয়া চরমপত্র না করিয়া মরিলে সেই টাকা যাহাদের প্রতি বর্ত্তিত তাহাদের প্রতি বর্ত্তিবে ইতি।

[Bequest to "representatives," &c., of a particular person.]

**LXXXI.** Where a bequest is made to the "representatives," or "legal representatives," or "personal representatives," or "executors or administrators" of a particular person, and the class so designated forms the direct and independent object of the bequest, the property bequeathed shall be distributed as if it had belonged to such person and he had died intestate in respect of it.

[ব্যক্তিবিশেষের প্রতিনিধির পক্ষ চরমদানের কথা।]

৮১ ধারা। কোন বিশেষ ব্যক্তির প্রতিনিধিদের কি আইনসিদ্ধ প্রতিনিধিদের কি নিজ প্রতিনিধিদের কি অছিদের কি ধনাধ্যক্ষদিগের পক্ষে চরমদান করা গেলে যদি তদ্রূপ বর্ণিত জনশ্রেণী সেই চরমদানের প্রথম ও স্বতন্ত্র পাত্র হয়, তবে ঐ ব্যক্তি সেই সম্পত্তির স্বামী হইয়া তদ্বিষয়ে চরমপত্র না করিয়া মরিলে সেই দত্ত সম্পত্তি যেরূপ বিভাগ করিতে হইত, তদ্রূপ তাহা বিভাগ করিতে হইবে।

*Illustration.*

(*a*) A bequest is made to the "legal representatives of A." A has died intestate and insolvent. B is his administrator. B is entitled to receive the legacy, and shall apply it in the first place to the discharge of such part of A's debts as may remain unpaid: if there be any surplus, A shall pay it to those persons who at A's death would have been entitled to receive any property of A's which might remain after payment of his debts, or to the representatives of such persons.

উদাহরণ।

এবিয়টের আইনসিদ্ধ প্রতিনিধিদের পক্ষে চরমদান করা যায়। সেই এবিয়ট অকৃতচরমপত্র ও যোত্রহীন হইয়া মরিয়াছেন। ব্রৌণ তাঁহার ধনাধ্যক্ষ। ব্রৌণ সেই দত্ত সম্পত্তি লইতে স্বত্ববান্। এবিয়টের যে ঋণ পরিশোধ হয় নাই এমত কোন ঋণ থাকিলে প্রথমে তাহা পরিশোধ করণে ঐ সম্পত্তি প্রয়োগ করা ব্রৌণের কর্ত্তব্য। তাহাতে যদি অতিরিক্ত কিছু থাকে, তবে এবিয়টের সকল ঋণ পরিশোধ হইলে যাহারা তাঁহার মরণানন্তর তাঁহার সম্পত্তি পাইতে স্বত্ববান্ হইত তাহাদিগকে কিম্বা তাহাদের প্রতিনিধিদিগকে তাহা দিতে হইবে ইতি।

[Bequest without words of limitation.]

**LXXXII.** Where property is bequeathed to any person, he is entitled to the whole interest of the testator therein, unless it appears from the Will that only a restricted interest was intended for him.

[সীমানিরূপক কথাবর্জ্জিত চরমদানের বিষয়।]

৮২ ধারা। যে ব্যক্তির পক্ষে চরমপত্রদ্বারা যে সম্পত্তি দেওয়া যায়, তাঁহাকে ন্যূন সম্পর্ক দিবার অভিপ্রায় চরমপত্রে প্রকাশ না পাইলে সেই সম্পত্তিতে চরমপত্রকারি ব্যক্তির যে সম্পর্ক ছিল তিনি সেই সমুদয় সম্পর্কের অধিকারী হইবেন ইতি।

[Bequest in the alternative.]

**LXXXIII.** Where property is bequeathed to a person, with a bequest in the alternative to another person or to a class of persons;—if a contrary intention does not appear by the Will, the legatee first named shall be entitled to the legacy if he be alive at the time when it takes

[বিকল্পাধীন চরমদানের কথা।]

৮৩ ধারা। কোন ব্যক্তির পক্ষে চরমপত্রদ্বারা সম্পত্তি দত্ত হইলে যদি বিকল্পে অন্য কোন ব্যক্তির কি জনশ্রেণীর পক্ষে চরমদান করা যায়, তবে চরমপত্রে বিপরীত অভিপ্রায় প্রকাশ না পাইলে চরমদানের ফলবৎ হওন সময়ে তাহার প্রথম নির্দ্দিষ্ট পাত্র উত্তরজীবী হইলে সেই চরমদান পাইবেন, কিন্তু তৎকালে

effect; but if he be then dead, the person or class of persons named in the second branch of the alternative shall take the legacy.

তিনি মৃত হইলে দ্বিতীয় অর্থাৎ বিকল্পে নির্দ্দিষ্ট ব্যক্তি কি জনশ্রেণী চরমদান পাইবেন।

*Illustrations.*

(*a*) A bequest is made to A or to B. A survives the testator. B takes nothing.

(*b*) A bequest is made to A or to B. A dies after the date of the Will, and before the testator. The legacy goes to B.

(*c*) A bequest is made to A or to B. A is dead at the date of the Will. The legacy goes to B.

(*d*) Property is bequeathed to A or his heirs. A survives the testator. A takes the property absolutely.

(*e*) Property is bequeathed to A or his nearest of kin. A dies in the lifetime of the testator. Upon the death of the testator the bequest to A's nearest of kin takes effect.

(*f*) Property is bequeathed to A for life, and after his death to B or his heirs. A and B survive the testator. B dies in A's lifetime. Upon A's death the bequest to the heirs of B takes effect.

(*g*) Property is bequeathed to A for life, and after his death to B or his heirs. B dies in the testator's lifetime. A survives the testator. Upon A's death the bequest to the heirs of B takes effect.

উদাহরণ।

(ক) এবিয়টের অথবা ব্রৌণের পক্ষে চরমদান করা গিয়াছে। এবিয়ট চরমপত্রকারি ব্যক্তির উত্তরজীবী হন। ব্রৌন কিছুই পান না।

(খ) এবিয়টের অথবা ব্রৌণের পক্ষে চরমদান করা গিয়াছে। চরমপত্রের তারিখের পরে অথচ চরমপত্রকারি ব্যক্তির পূর্ব্বে এবিয়টের মৃত্যু হয়। সেই চরমদান ব্রৌণের প্রতি বর্ত্তে।

(গ) এবিয়টের অথবা ব্রৌণের পক্ষে চরমদান করা গিয়াছে। চরমপত্রের তারিখের পূর্ব্বে এবিয়টের মৃত্যু হয়। সেই চরমদান ব্রৌণের প্রতি বর্ত্তে।

(ঘ) চরমপত্রদ্বারা এবিয়টকে অথবা তাঁহার উত্তরাধিকারিদিগকে সম্পত্তি দত্ত হয়। এবিয়ট চরমপত্রকারি ব্যক্তির উত্তরজীবী হন। তিনি সেই সম্পত্তি অপরিচ্ছিন্নরূপে প্রাপ্ত হন।

(ঙ) চরমপত্রদ্বারা এবিয়টকে অথবা তাঁহার অত্যাসন্ন জ্ঞাতিকে সম্পত্তি দত্ত হয়। এবিয়ট চরমপত্রকারি ব্যক্তির জীবৎকালে মরেন। চরমপত্রকারি ব্যক্তির মরণানন্তর এবিয়টের নিকটবর্ত্তি জ্ঞাতির পক্ষে ঐ চরমদান ফলবৎ হইবে।

(চ) চরমপত্রদ্বারা যাবজ্জীবন ভোগার্থে এবিয়টকে, ও তাঁহার মরণানন্তর ব্রৌণকে কিম্বা তাঁহার উত্তরাধিকারিদিগকে সম্পত্তি দত্ত হয়। এবিয়ট ও ব্রৌণ উভয়ে চরমপত্রকারি ব্যক্তির উত্তরজীবী হন। এবিয়টের জীবৎকালে ব্রৌণ মরেন। এবিয়টের মরণানন্তর ব্রৌণের উত্তরাধিকারিদের পক্ষে ঐ চরমদান ফলবৎ হইবে।

(ছ) চরমপত্রদ্বারা যাবজ্জীবন ভোগার্থে এবিয়টকে ও তাঁহার মরণানন্তর ব্রৌণকে কিম্বা তাঁহার উত্তরাধিকারিদিগকে সম্পত্তি দত্ত হয়। চরমপত্রকারি ব্যক্তির জীবৎকালে ব্রৌণ মরেন। এবিয়ট সেই চরমপত্রকারি ব্যক্তির উত্তরজীবী হন। এবিয়টের মরণানন্তর ব্রৌণের উত্তরাধিকারিদের পক্ষে ঐ চরমদান ফলবৎ হইবে ইতি।

[Effect of words describing a class added to a bequest to a person.]

**LXXXIV.** Where property is bequeathed to a person, and words are added which describe a class of persons, but do not denote them as direct objects of a distinct and independent gift, such person is entitled to the whole interest of the testator therein, unless a contrary intention appears by the Will.

[চরমদানের পাত্রের নামে জনশ্রেণীসূচক শব্দ যোগ করিবার ফলের কথা।]

৮৪ ধারা। চরমপত্রদ্বারা যে ব্যক্তির পক্ষে সম্পত্তি দেওয়া যায়, তাহার নামের সহিত যদি জনশ্রেণীসূচক শব্দ কি কথা যোগ করা যায়, কিন্তু ভিন্ন ও স্বতন্ত্র চরমদানের প্রথম পাত্রের ন্যায় তাহাদের বর্ণনা না করা যায়, তবে চরমপত্রে বিপরীত অভিপ্রায় প্রকাশ না পাইলে সেই সম্পত্তিতে চরমপত্রকারি ব্যক্তির যে সম্পর্ক ছিল, ঐ ব্যক্তি সেই সমুদয় সম্পর্কের অধিকারী হইবে।

*Illustrations.*

(*a*) A bequest is made—
to A and his children,
to A and his children by his present wife,
to A and his heirs,
to A and the heirs of his body,
to A and the heirs male of his body,

উদাহরণ।

(ক) এবিয়টকে ও তাঁহার সন্তানদিগকে,
এবিয়টকে ও বর্ত্তমান ভার্য্যোৎপন্ন তাঁহার সন্তানদিগকে,
এবিয়টকে ও তাঁহার উত্তরাধিকারিদিগকে,
এবিয়টকে ও তাঁহার ঔরস উত্তরাধিকারিদিগকে,
এবিয়টকে ও তাঁহার ঔরস পুং উত্তরাধিকারিদিগকে,

to A and the heirs female of his body,

এবিয়টকে ও তাঁহার ঔরস স্ত্রী উত্তরাধিকারিণীদিগকে,

to A and his issue,

এবিয়টকে ও তাঁহার বংশকে,

to A and his family,

এবিয়টকে ও তাঁহার পরিবারকে,

to A and his descendants,

এবিয়টকে ও বংশোৎপন্ন সকলকে,

to A and his representatives,

এবিয়টকে ও তাঁহার প্রতিনিধিদিগকে,

to A and his personal representatives,

এবিয়টকে ও তাঁহার নিজের প্রতিনিধিদিগকে,

to A, his executors and administrators.

এবিয়টকে ও তাঁহার অছি ও ধনাধ্যক্ষদিগকে,

In each of these cases A takes the whole interest which the testator had in the property.

এই২ প্রকারের চরমদান করা গেলে সেই সম্পত্তিতে চরমপত্রকারি ব্যক্তির যে সম্পর্ক ছিল, এবিয়ট সেই সমুদয় সম্পর্ক পাইবেন।

(b) A bequest is made to A and his brothers. A and his brothers are jointly entitled to the legacy.

(খ) এবিয়টের ও তাঁহার ভ্রাতৃগণের পক্ষে চরমদান করা যায়। ইহাতে এবিয়ট ও তাঁহার ভ্রাতৃগণ সকলে সেই দত্ত সম্পত্তি অংশ করিয়া লইতে স্বত্ববান্।

(c) A bequest is made to A for life, and after his death to his issue. At the death of A the property belongs in equal shares to all persons who shall then answer the description of issue of A.

(গ) চরমপত্রদ্বারা যাবজ্জীবন ভোগার্থে এবিয়টকে, ও তাঁহার মরণানন্তর তাঁহার বংশকে সম্পত্তি দেওয়া যায়। এবিয়টের মরণানন্তর যে সকল লোকের প্রতি এবিয়টের বংশ এই বর্ণনা বর্ত্তিবে তাহারা সমানং অংশ করিয়া সেই সম্পত্তি পাইবে ইতি।

[Bequest to a class of persons under a general description only.]

[নির্ব্বিশেষ বর্ণনাতে নির্দ্দিষ্ট জনশ্রেণীর পক্ষ চরমদানের কথা।]

LXXXV. Where a bequest is made to a class of persons under a general description only, no one to whom the words of the description are not in their ordinary sense applicable shall take the legacy.

৮৫ ধারা। নির্ব্বিশেষ বর্ণনাদ্বারা নির্দ্দিষ্ট জনশ্রেণীর পক্ষে চরমদান করা গেলে সেই বর্ণনার কথার সামান্যতঃ যে অর্থ হয় তাহা যে কোন ব্যক্তির প্রতি না খাটে, এমত কোন ব্যক্তি ঐ চরমদানের বিষয় পাইবে না ইতি।

[Construction of terms.]

[বিশেষং শব্দের অর্থ।]

LXXXVI. The word "children" in a Will applies only to lineal descendants in the first degree; the word "grandchildren" applies only to lineal descendants in the second degree of the person whose "children," or "grandchildren," are spoken of; the words "nephews" and "nieces" apply only to children of brothers or sisters; the words "cousins" or "first cousins," or "cousins-german" apply only to children of brothers or of sisters of the father or mother of the person whose "cousins," or "first cousins," or "cousins-german" are spoken of; the words "first cousins once removed" apply only to children of cousins-german or to cousins-german of a parent of the person whose "first cousins once removed" are spoken of; the words "second cousins" apply only to grandchildren of brothers or of sisters of the grandfather or grandmother of the person whose "second cousins" are spoken of; the words "issue" and "descendants" apply to all lineal descendants whatever of the person whose "issue" or "descendants" are spoken of. Words expressive of collateral relationship apply alike to relatives of full and of half blood. All words expressive of relationship apply to a child in the womb who is afterwards born alive.

৮৬ ধারা। কোন চরমপত্রে "চিল্‌ড্রেন" (অর্থাৎ সন্তানসন্ততি) শব্দে কেবল এক পুরুষে সম্পর্কীয় বংশ, ও "গ্রাণ্ড চিল্‌ড্রেন্" (অর্থাৎ পৌত্র বা পৌত্রী এবং দৌহিত্র বা দৌহিত্রী) শব্দে কেবল দুই পুরুষে সম্পর্কীয় বংশ, ও "নেফিউ" কি "নীস" শব্দে কেবল ভ্রাতার কি ভগিনীর সন্তান, এবং যে ব্যক্তির "কসিন" বা "ফর্ষ্ট কসিন" বা "কসিন জর্ম্মান" (অর্থাৎ প্রথম শ্রেণীর জ্ঞাতি) উল্লেখ হয়, ঐ শব্দে কেবল সেই ব্যক্তির পিতার কি মাতার ভাতুষ্পুত্র বা ভাতুষ্পুত্রী বা ভাগিনেয় বা ভাগিনেয়ী, এবং যে ব্যক্তির "ফর্ষ্ট কসিনস্ ওয়ান্স রিমুবড্" (অর্থাৎ প্রথম শ্রেণী অপেক্ষা এক ক্রম দূরতর জ্ঞাতি) উল্লেখ হয়, ঐ শব্দে কেবল সেই ব্যক্তির কসিন জর্ম্মানের সন্তান কিম্বা সেই ব্যক্তির পিতার কি মাতার কসিন জর্ম্মান, এবং যে ব্যক্তির "সেকণ্ড কসিন" (অর্থাৎ দ্বিতীয় শ্রেণীর জ্ঞাতি) উল্লেখ হয়, ঐ শব্দে সেই ব্যক্তির পিতার কি মাতার কোন পিতৃব্যের কি পিসীর কি মাতুলের কি মাসির পৌত্র কি পৌত্রী বা দৌহিত্র বা দৌহিত্রী বুঝাইবে। এবং যে ব্যক্তির "বংশ" বা "বংশোৎপন্ন লোক" উল্লেখ হয়, ঐ শব্দে সেই ব্যক্তির আত্মজ কি বংশজ সকলকে বুঝাইবে। জ্ঞাতিসূচক শব্দে সহোদর ও বৈমাত্রেয় এবং এক জনকহইতে উৎপন্ন কি বৈপিত্রেয় জ্ঞাতিকে বুঝাইবে। এবং গর্ভে ব্যবস্থিত যে সন্তান পশ্চাৎ জীবদবস্থাতে ভূমিষ্ঠ হয় জ্ঞাতিসূচক তাবৎ শব্দ তাহার প্রতিও খাটিবে ইতি।

[Words expressing relationship denote only legitimate relatives, or failing such, relatives reputed legitimate.]

**LXXXVII.** In the absence of any intimation to the contrary in the Will, the term "child," "son," or "daughter," or any word which expresses relationship, is to be understood as denoting only a legitimate relative, or where there is no such legitimate relative, a person who has acquired, at the date of the Will, the reputation of being such relative.

*Illustrations.*

(*a*) A, having three children, B, C, and D, of whom B and C are legitimate and D is illegitimate, leaves his property to be equally divided among "his children." The property belongs to B and C in equal shares to the exclusion of D.

(*b*) A, having a niece of illegitimate birth, who has acquired the reputation of being his niece, and having no legitimate niece, bequeaths a sum of money to his niece. The illegitimate niece is entitled to the legacy.

(*c*) A, having in his Will enumerated his children, and named as one of them B, who is illegitimate, leaves a legacy to "his said children." B will take a share in the legacy along with the legitimate children.

(*d*) A leaves a legacy to the "children of B." B is dead and has left none but illegitimate children. All those who had, at the date of the Will, acquired the reputation of being the children of B are objects of the gift.

(*e*) A bequeathed a legacy to "the children of B." B. never had any legitimate child. C and D had, at the date of the Will, acquired the reputation of being children of B. After the date of the Will, and before the death of the testator, E and F were born and acquired the reputation of being children of B. Only C and D are objects of the bequest.

(*f*) A makes a bequest in favor of his child by a certain woman, not his wife. B had acquired at the date of the Will the reputation of being the child of A by the woman designated. B takes the legacy.

(*g*) A makes a bequest in favor of the child to be born of a woman who never becomes his wife. The bequest is void.

(*h*) A makes a bequest in favor of the child of which a certain woman, not married to him, is pregnant. The bequest is valid.

[জ্ঞাতিসূচক শব্দে কেবল ধর্ম্মজত্বমূলক জ্ঞাতিকে বুঝাইবে, নতুবা এমত জ্ঞাতির অভাবে ধর্ম্মজ জ্ঞাতি-রূপে কীর্ত্তিত ব্যক্তিকে বুঝাইবে ইহার কথা।]

৮৭ ধারা। চরমপত্রে বিপরীত আদেশের অভাবে "সন্তান" কি "পুত্র" কি "কন্যা" কি জ্ঞাতি-সূচক কোন শব্দ কেবল ধর্ম্মজত্বমূলক জ্ঞাতিকে বুঝাইবে, এমত অর্থ করিতে হইবে, কিম্বা ধর্ম্মজত্বমূলক তদ্রূপ কোন জ্ঞাতি না থাকিলে যে ব্যক্তি চরমপত্রের তারিখে তাদৃশ জ্ঞাতিরূপে কীর্ত্তিত তাহাকে বুঝাইবে।

উদাহরণ।

(ক) এবিয়টের তিনটি সন্তান আছে। তাহাদের নাম বেঞ্জামিন ও চার্লস ও ডনাল্ড। ইহাদের মধ্যে বেঞ্জামিন ও চার্লস ধর্ম্মজ, কিন্তু ডনাল্ড কামজ। তিনি আপন সন্তানদের মধ্যে সমানং অংশে বিভক্ত হওনার্থে নিজ সম্পত্তি রাখিয়া যান। ইহাতে বেঞ্জা-মিন ও চার্লস সমানং অংশ করিয়া সেই সম্পত্তি পাই-বেন ডনাল্ড কিছুই পাইবেন না।

(খ) এবিয়টের ধর্ম্মজা ভ্রাতৃষ্পুত্রী কি ভাগিনেয়ী নাই, কিন্তু তাঁহার কামজা এক ভ্রাতুষ্পুত্রী আছে, সে তাঁহার ভ্রাতুষ্পুত্রীরূপে কীর্ত্তিতা হইয়াছে। তিনি চরমপত্রদ্বারা আপনার ভ্রাতুষ্পুত্রীকে বিশেষ পরিমা-ণের টাকা দেন। সেই কামজা ভ্রাতুষ্পুত্রী সেই চরম-দান পাইতে স্বত্ববতী।

(গ) এবিয়ট নিজ চরমপত্রে একেং আপন সন্তান-দের নাম করিয়া, বিশেষতঃ তাহাদের মধ্যে বেঞ্জামিন নামে এক জন কামজ পুত্রের নামও উল্লেখ করিয়া আপনার উক্ত সন্তানদিগের পক্ষে চরমদান করেন। ইহাতে ধর্ম্মজ সন্তানদের সহিত ঐ বেঞ্জামিনও সেই চরমদানের অংশী হইবে।

(ঘ) এবিয়ট ব্রৌণের সন্তানদের পক্ষে চরমদান করেন। ব্রৌণ কেবল কএক জন কামজ সন্তান রাখিয়া মরিয়াছেন। ইহাতে চরমপত্রের তারিখে যাহারা ব্রৌ-ণের সন্তান বলিয়া কীর্ত্তিত হইয়াছিল, তাহারা সকলে সেই চরমদানের পাত্র হইবে।

(ঙ) এবিয়ট চরমপত্রদ্বারা ব্রৌণের সন্তানদের পক্ষে চরমদান করেন। ব্রৌণের ধর্ম্মজ কোন সন্তান কখন হয় নাই। চরমপত্রের তারিখে চার্লস ও ডনাল্ড ব্রৌণের সন্তান বলিয়া কীর্ত্তিত ছিল। চরমপত্রের তারি-খের পরে অথচ চরমপত্রকারি ব্যক্তির মৃত্যুর পূর্ব্বে, এডওয়ার্ড ও ফ্রাঙ্ক জন্মে, ও ব্রৌণের সন্তান বলিয়া কীর্ত্তিত হয়। ইহাতে কেবল চার্লস ও ডনাল্ড সেই চরমদানের পাত্র হইবে।

(চ) যে স্ত্রী এবিয়টের পত্নী নয় এমত স্ত্রী বিশেষের গর্ব্ভে তাঁহার যে সন্তান হইয়াছে, তাহার পক্ষে তিনি চরমদান করেন। চরমপত্রের তারিখে বেঞ্জামিন সেই স্ত্রীতে এবিয়টের সন্তান বলিয়া কীর্ত্তিত হইয়াছিল। বেঞ্জামিন সেই চরমদান পাইবেন।

(ছ) অমুক স্ত্রীতে এবিয়টের যে সন্তান জন্মিবে, তাহার পক্ষে তিনি চরমদান করেন। সেই স্ত্রী কখন তাঁহার পত্নী হয় না। ঐ চরমদান অসিদ্ধ।

(জ) এবিয়টের সহিত যাহার বিবাহ হয় নাই, এমত স্ত্রী বিশেষের গর্ব্ভস্থ আপন সন্তানের পক্ষে তিনি চরমদান করেন। এই চরমদান সিদ্ধ ইতি।

[Rules of construction where a Will purports to make two bequests to the same person.]

**LXXXVIII.** Where a Will purports to make two bequests to the same person, and a question arises whether the testator intended to make the second bequest instead of, or in addition to, the first; if there is nothing in the Will to shew what he intended, the following rules shall prevail in determining the construction to be put upon the Will:—

*First.*—If the same specific thing is bequeathed twice to the same legatee in the same Will, or in the Will and again in a Codicil, he is entitled to receive that specific thing only.

*Second.*—Where one and the same Will or one and the same Codicil purports to make in two places a bequest to the same person of the same quantity or amount of anything, he shall be entitled to one such legacy only.

*Third.*—Where two legacies of unequal amount are given to the same person in the same Will, or in the same Codicil, the legatee is entitled to both.

*Fourth.*—Where two legacies, whether equal or unequal in amount, are given to the same legatee, one by a Will and the other by a Codicil, or each by a different Codicil, the legatee is entitled to both legacies.

*Explanation.*—In the four last rules the word Will does not include a Codicil.

*Illustrations.*

(*a*) A having ten shares, and no more, in the Bank of Bengal, made his Will, which contains, near its commencement, the words, "I bequeath my ten shares in the Bank of Bengal to B." After other bequests the Will concludes with the words, "and I bequeath my ten shares in the Bank of Bengal to B." B is entitled simply to receive A's ten shares in the Bank of Bengal.

(*b*) A having one diamond ring, which was given him by B, bequeathed to C the diamond ring which was given him by B. A afterwards made a Codicil to his Will, and thereby, after giving other legacies, he bequeathed to C the diamond ring which was given him by B. C can claim nothing except the diamond ring which was given to A by B.

(*c*) A, by his Will, bequeaths to B the sum of 5,000 Rupees, and afterwards, in the same Will, repeats the bequest in the same words. B is entitled to one legacy of 5,000 Rupees only.

(*d*) A, by his Will, bequeaths to B the sum of 5,000 Rupees, and afterwards, by the same Will, bequeaths to B

[কোন চরমপত্রে এক ব্যক্তির পক্ষ দুই চরমদান প্রতীয়মান হইলে অর্থ করিবার বিধি।]

৮৮ ধারা। কোন চরমপত্রে একই ব্যক্তির পক্ষে দুই চরমদান করা গিয়াছে, এমত প্রতীয়মান হইলে দ্বিতীয় চরমদান প্রথমের পরিবর্ত্তে কি অতিরিক্ত, ইহার মধ্যে চরমপত্রকারি ব্যক্তির কোন্ অভিপ্রায় ছিল, এই বিষয়ের প্রশ্ন যদি উত্থাপন হয়, তবে চরমপত্রে অভিপ্রায়সূচক কথার অভাবে সেই চরমপত্রের অর্থ করণের পশ্চাৎ লিখিত বিধি বর্ত্তিবে।

প্রথম। একই চরমপত্রে দুই বার, কিম্বা চরমপত্রে এক বার ও কডিসিলে অন্য বার যদি একই বস্তুবিশেষ একই দানের পাত্রকে দেওয়া যায়, তবে তিনি কেবল সেই বস্তুবিশেষ পাইতে স্বত্ববান হইবেন।

দ্বিতীয়। একই চরমপত্রে কি একই কডিসিলের দুই স্থানে যদি একই ব্যক্তির পক্ষে একই পরিমাণের কি মোটের কোন বস্তুর বা দ্রব্যের চরমদান প্রতীয়মান হয়, তবে সেই ব্যক্তি তদ্রূপ কেবল এক চরমদান পাইতে স্বত্ববান হইবেন।

তৃতীয়। একই চরমপত্রে কি একই কডিসিলে একই ব্যক্তির পক্ষে অসমান পরিমাণের দুই চরমদানের বিধান থাকিলে চরমদানের পাত্র উভয়ই পাইতে স্বত্ববান হইবেন।

চতুর্থ। সমান কি অসমান পরিমাণের দুই চরমদানের মধ্যে যদি একটা চরমপত্রে, অন্যটা কডিসিলে কিম্বা একং টা ভিন্নং কডিসিলে একই পাত্রকে দেওয়া যায়, তবে তিনি সেই উভয় দান পাইতে স্বত্ববান হইবেন।

ব্যাখ্যা। এই শেষ চারি বিধিতে "চরমপত্র" শব্দের অর্থের মধ্যে কডিসিল পরিগৃহীত নয়।

উদাহরণ।

(ক) এবিয়টের বাঙ্গাল বেঙ্কের সর্ব্বসুদ্ধ দশখান শ্যার আছে। তিনি চরমপত্র করিয়া প্রায় তাহার আরম্ভে এই কথা লেখেন, যথা, "বাঙ্গাল বেঙ্কের আমার দশখান শ্যার আমি ব্রৌণকে দি।" অন্যান্য চরমদানের কথার পরে চরমপত্রের উপসংহারস্থলে এই কথা দেখা যায়, যথা, আর বাঙ্গাল বেঙ্কের আমার দশ খান শ্যার আমি ব্রৌণকে দি।" ইহাতে বাঙ্গাল বেঙ্কের এবিয়টের যে দশখান শ্যার আছে, ব্রৌণ কেবল তাহাই পাইতে স্বত্ববান হইবেন।

(খ) ব্রৌণের দত্ত হীরকখচিত এক মাত্র অঙ্গুরীয়ক এবিয়টের আছে, তিনি চরমপত্রে ব্রৌণের দত্ত আপনার হীরকখচিত অঙ্গুরীয়কটি কার্টরকে দেন। পরে এবিয়ট আপন চরমপত্রের এক কডিসিল করিয়া তদ্দ্বারা অন্যান্য চরমদানের পরে ব্রৌণের দত্ত আপনার হীরকখচিত অঙ্গুরীয়কটি কার্টরকে দেন। ইহাতে ব্রৌণ যে হীরকখচিত অঙ্গুরীয়কটি এবিয়টকে দিয়াছিলেন, কার্টর তদ্ব্যতিরেকে আর কিছু দাওয়া করিতে পারিবেন না।

(গ) এবিয়ট আপন চরমপত্রদ্বারা ব্রৌণকে পাঁচ সহস্র টাকা দেন। পরে সেই চরমপত্রের মধ্যে সেই চরমদানের সেই কথা আর এক বার লেখেন। ব্রৌণ পাঁচ সহস্র টাকার একমাত্র চরমদান পাইতে স্বত্ববান হইবেন।

(ঘ) এবিয়ট আপন চরমপত্রদ্বারা ব্রৌণকে পাঁচ সহস্র টাকা দেন, পরে সেই চরমপত্রে ব্রৌণকে ছয়

the sum of 6,000 Rupees. B is entitled to 11,000 Rupees.

(e) A, by his Will, bequeaths to B 5,000 Rupees, and by a Codicil to the Will he bequeaths to him 5,000 Rupees. B is entitled to receive 10,000 Rupees.

(f) A, by one Codicil to his Will, bequeaths to B 5,000 Rupees, and by another Codicil bequeaths to him 6,000 Rupees. B is entitled to receive 11,000 Rupees.

(g) A, by his Will, bequeaths "500 Rupees to B because she was his nurse," and in another part of the Will bequeaths 500 Rupees to B "because she went to England with his children." B is entitled to receive 1,000 Rupees.

(h) A, by his Will, bequeaths to B the sum of 5,000 Rupees, and also, in another part of the Will, an annuity of 400 Rupees. B is entitled to both legacies.

(i) A, by his Will, bequeaths to B the sum of 5,000 Rupees, and also bequeaths to him the sum of 5,000 Rupees if he shall attain the age of 18. B is entitled absolutely to one sum of 5,000 Rupees, and takes a contingent interest in another sum of 5,000 Rupees.

[Construction of residuary legatee.]

LXXXIX. A residuary legatee may be constituted by any words that shew an intention on the part of the testator that the person designated shall take the surplus or residue of his property.

*Illustrations.*

(a) A makes her Will, consisting of several testamentary papers, in one of which are contained the following words:—"I think there will be something left, after all funeral expenses, &c., to give to B, now at school, towards equipping him to any profession he may hereafter be appointed to." B is constituted residuary legatee.

(b) A makes his Will, with the following passage at the end of it —"I believe there will be found sufficient in my "banker's hands to defray and discharge my debts, which I "hereby desire B to do and keep the residue for her own "use and pleasure." B is constituted the residuary legatee.

(c) A bequeaths all his property to B, except certain stocks and funds, which he bequeaths to C. B is the residuary legatee.

[Property to which a residuary legatee is entitled.]

XC. Under a residuary bequest the legatee is entitled to all property belonging to the testator

সহস্র টাকা দেন। ইহাতে ব্রৌণ এগারো সহস্র টাকা পাইতে স্বত্ববান হইবেন।

(ঙ) এবিরট আপন চরমপত্রদ্বারা ব্রৌণকে পাঁচ সহস্র টাকা দেন। পরে সেই চরমপত্রের কডিসিলদ্বারা তাঁহাকে পাঁচ সহস্র টাকা দেন। ইহাতে ব্রৌণ দশ সহস্র টাকা পাইতে স্বত্ববান হইবেন।

(চ) এবিরট আপন চরমপত্রের এক কডিসিলদ্বারা ব্রৌণকে পাঁচ সহস্র টাকা দেন, ও অন্য কডিসিল দ্বারা তাহাকে ছয় সহস্র টাকা দেন। ইহাতে ব্রৌণ এগারো সহস্র টাকা পাইতে স্বত্ববান হইবেন।

(ছ) এবিরট আপনার চরমপত্রদ্বারা বেৎসী তাঁহার ধাত্রী ছিল বলিয়া তাঁহাকে পাঁচ শত টাকা দেন, এবং চরমপত্রের অন্য অংশে বেৎসী তাঁহার সন্তানদের সঙ্গে ইংলণ্ডে গিয়াছিল বলিয়া তাহাকে পাঁচ শত টাকা দেন। ইহাতে বেৎসী এক সহস্র টাকা পাইতে স্বত্ববর্তী হইবে।

(জ) এবিরট আপন চরমপত্রদ্বারা ব্রৌণকে পাঁচ সহস্র টাকা দেন। এবং চরমপত্রের অন্য অংশে তাহাকে চারি শত টাকা বার্ষিক বৃত্তি দেন। ব্রৌণ এই উভয় চরমদান পাইতে স্বত্ববান।

(ঝ) এবিরট আপন চরমপত্রদ্বারা ব্রৌণকে পাঁচ সহস্র টাকা দেন, এবং তিনি যদি অষ্টাদশ বর্ষ বয়স্ক হন, তবে তাঁহাকে পাঁচ সহস্র টাকা দেন। ইহাতে ব্রৌণ পাঁচ সহস্র টাকা অপরিচ্ছিন্নরূপে পাইতে স্বত্ববান, ও অপর পাঁচ সহস্র টাকার ঘটনাধীন সম্পর্ক বিশিষ্ট হন ইতি।

[শেষ সম্পাদবিষয়ক চরমদানের পাত্রকে নিযুক্ত করিবার কথা।]

৮৯ ধারা। নির্দ্দিষ্ট ব্যক্তি চরমপত্রকারির অতিরিক্ত কি শেষ সম্পত্তি পাইবেন, চরমপত্রকারি ব্যক্তির এমত অভিপ্রায়সূচক কোন কথাদ্বারা শেষ সম্পদ বিষয়ক চরমদানের পাত্র নিযুক্ত হইতে পারেন ইতি।

উদাহরণ।

(ক) আরাবেলা যে চরমপত্র করেন, তাহাতে চরমবিধান সম্বলিত নানা কাগজের মধ্যে একখান কাগজে এই কথা পাওয়া যায়, যথা, কবর দিবার প্রভৃতির সকল ব্যয় করিলে পরে বোধ হয় যাহাতে বিদ্যালয়ে অবস্থিত বেঞ্জামিন কার্য্যযোগ্যতার উপযোগি জ্ঞানোপার্জ্জন করিতে পারিবেন, এমত কিছু অর্থ অবশিষ্ট থাকিবে। ইহাতে বেঞ্জামিন শেষ সম্পাদ বিষয়ক চরমদানের পাত্র নিযুক্ত হন।

(খ) এবিরট যে চরমপত্র করেন তাহার শেষে এই কথা পাওয়া যায়, যথা, বোধ হয় আমার সকল ঋণ পরিশোধ করিবার মত উপযুক্ত টাকা আমার দালালের নিকটে আছে। আমার বাঞ্ছা এই যে বর্থা তাহা লইয়া আমার ঋণ পরিশোধ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে তাহা ইচ্ছামতে আপনার প্রয়োগার্থে রাখেন। ইহাতে বর্থা শেষ সম্পাদ বিষয়ক চরমদানের পাত্রী হইলেন।

(গ) এবিরট বিশেষ২ গবর্ণমেণ্ট কাগজ প্রভৃতি কোন সংস্থান কার্টরকে দিয়া তদ্ব্যতিরেকে আপনার সমুদয় সম্পত্তি চরমপত্রদ্বারা ব্রৌণকে দেন। ব্রৌণ শেষ সম্পাদবিষয়ক চরমদানের পাত্র হন ইতি।

[শেষ সম্পাদবিষয়ক চরমদানের পাত্র যে সম্পত্তি পাইতে স্বত্ববান তাহার কথা।]

৯০ ধারা। যাহা সফল হইতে পারে এমত অন্য চরমবিধান যে সম্পত্তির বিষয়ে চরমপত্রকারি ব্যক্তি

at the time of his death of which he has not made any other testamentary disposition which is capable of taking effect.

*Illustration.*

A, by his Will, bequeaths certain legacies, one of which is void under the hundred and fifth Section, and another lapses by the death of the legatee. He bequeaths the residue of his property to B. After the date of his Will B purchases a zamindári, which belongs to him at the time of his death. B is entitled to the two legacies and the zamindári as part of the residue.

[Time of vesting of legacy in general terms.]

XCI. If a legacy be given in general terms without specifying the time when it is to be paid, the legatee has a vested interest in it from the day of the death of the testator, and if he dies without having received it, it shall pass to his representatives.

[In what case a legacy lapses.]

XCII. If the legatee does not survive the testator, the legacy cannot take effect, but shall lapse and form part of the residue of the testator's property, unless it appear by the Will that the testator intended that it should go to some other person. In order to entitle the representatives of the legatee to receive the legacy, it must be proved that he survived the testator.

*Illustrations.*

(a) The testator bequeaths to B "500 Rupees which B owes him." B dies before the testator; the legacy lapses.

(b) A bequest is made to A and his children. A dies before the testator, or happens to be dead when the Will is made. The legacy to A and his children lapses.

(c) A legacy is given to A, and in case of his dying before the testator, to B. A dies before the testator. The legacy goes to B.

(d) A sum of money is bequeathed to A for life, and after his death to B. A dies in the lifetime of the testator; B survives the testator. The bequest to B takes effect.

(e) A sum of money is bequeathed to A on his completing his eighteenth year, and in case he should die before he completes his eighteenth year, to B. A completes his eighteenth year, and dies in the lifetime of the testator.

করিয়াছেন তদ্ভিন্ন মরণকালে তাঁহার যে সম্পত্তি ছিল, শেষ সম্পাদবিষয়ক চরমদানের বলে সেই দানের পাত্র সেই সমুদয় সম্পত্তি পাইতে স্বত্ববান্ হন।

উদাহরণ।

(ক) এবিয়ট আপন চরমপত্রদ্বারা কোন চরমদান করেন, তাহার মধ্যে একটা ১০৫ ধারার বলে অসিদ্ধ হয়, আর একটা দানপাত্রের মৃত্যু প্রযুক্ত হীন হয়। তিনি আপনার শেষ সম্পাদ ব্রোণকে দেন। সেই চরমপত্রের তারিখের পরে এবিয়ট একটা জমীদারী ক্রয় করেন, তাহা মরণকালে তাঁহারই ছিল। ইহাতে ব্রোণ শেষ সম্পাদের অংশরূপে উক্ত দুই চরমদান ও জমীদারী পাইতে স্বত্ববান্ হন ইতি।

[নির্ব্বিশেষ কথাতে নির্দ্দিষ্ট চরমদান যে সময়ে স্থির স্বত্বের বিষয় হয় তাহার কথা।]

৯১ ধারা। যে চরমদানের নির্ব্বিশেষ বর্ণনা হয় অর্থাৎ যাহার পরিশোধ করণের সময় নির্দ্দিষ্ট হয় নাই, সেই চরমদানের পাত্র চরমপত্রকারি ব্যক্তির মরণদিন অবধি তাহাতে স্থির সম্পর্ক বিশিষ্ট হন, এবং তিনি যদি তাহা না পাইয়া মরেন, তবে তাহা তাঁহার প্রতিনিধিদের প্রতি বর্ত্তিবে ইতি।

[চরমদান হীন হইবার কথা।]

৯২ ধারা। চরমদানের পাত্র যদি চরমপত্রকারি ব্যক্তির উত্তরজীবী না হন, তবে সেই চরমদান ফলবৎ হইতে পারিবে না, কিন্তু হীন হইবে। এবং তাহা অন্য কোন ব্যক্তির প্রতি যে বর্ত্তে চরমপত্রকারি ব্যক্তির এমত অভিপ্রায় ছিল, ইহা চরমপত্রে প্রকাশ না পাইলে তাহা চরমপত্রকারি ব্যক্তির শেষ ধনের অংশ হইবে। চরমদানের পাত্রের প্রতিনিধিরা যেন চরমদান পাইতে স্বত্ববান হইতে পারেন, তন্নিমিত্তে ইহা আবশ্যক যে ঐ পাত্র চরমপাত্রকারি ব্যক্তির উত্তরজীবী ছিল ইহার প্রমাণ দেওয়া যায়।

উদাহরণ।

(ক) ব্রোণ চরমপত্রকারি ব্যক্তির যে পাঁচশত টাকা ধারেন তাহা তিনি চরমপত্রদ্বারা তাঁহাকে দেন। ব্রোণ সেই চরমপত্রকারি ব্যক্তির পূর্ব্বে মরেন। ইহাতে চরমদান হীন হয়।

(খ) এবিয়টের ও তাঁহার সন্তানদের পক্ষে চরমদান করা যায়। এবিয়ট চরমপত্রকারি ব্যক্তির পূর্ব্বে মরেন, কিম্বা চরমপত্র করিবার পূর্ব্বে তাঁহার মৃত্যু হইয়াছিল। ইহাতে এবিয়টের ও তাঁহার সন্তানদের পক্ষ সেই চরমদান হীন হয়।

(গ) এবিয়টের পক্ষে অথবা তিনি চরমপত্রকারি ব্যক্তির পূর্ব্বে মরিলে ব্রোণের পক্ষে চরমদান করা যায়। এবিয়ট চরমপত্রকারি ব্যক্তির পূর্ব্বে মরেন। ইহাতে সেই চরমদান ব্রোণের প্রতি বর্ত্তিবে।

(ঘ) কোন চরমপত্রদ্বারা বিশেষ পরিমাণের টাকা এবিয়টের যাবজ্জীবন ভোগার্থে তাঁহাকে ও তাঁহার মরণান্তর ব্রোণকে দেওয়া যায়। এবিয়ট চরমপত্রকারি ব্যক্তির পূর্ব্বে মরেন, কিন্তু ব্রোণ তাঁহার উত্তরজীবী হন। ব্রোণের পক্ষ এই চরমদান ফলবৎ হইবে।

(ঙ) কোন চরমপত্রের আদেশক্রমে এবিয়টকে পূর্ণ অষ্টাদশ বৎসর বয়স্ক হওন অবধি বিশেষ পরিমাণের টাকা দেওয়া যায়, ও তিনি সম্পূর্ণ অষ্টাদশ বর্ষ বয়স্ক না হইয়া মরিলে সেই টাকা ব্রোণকে দেওয়া যায়।

The legacy to A lapses and the bequest to B does not take effect.

(f) The testator and the legatee perished in the same shipwreck. There is no evidence to shew which died first. The legacy will lapse.

[A legacy does not lapse if one of two joint legatees die before the testator.]

XCIII. If a legacy be given to two persons jointly, and one of them die before the testator, the other legatee takes the whole.

*Illustration.*

The legacy is simply to a A and B. A dies before the testator. B takes the legacy.

[Effect in such a case of words shewing testator's intention that the shares should be distinct.]

XCIV. But where a legacy is given to legatees in words which shew that the testator intended to give them distinct shares of it, then if any legatee die before the testator, so much of the legacy as was intended for him shall fall into the residue of the testator's property.

*Illustration.*

A sum of money is bequeathed to A, B, and C, to be equally divided among them. A dies before the testator. B and C shall only take so much as they would have had if A had survived the testator.

[When lapsed share goes as undisposed of.]

XCV. Where the share that lapses is a part of the general residue bequeathed by the Will, that share shall go as undisposed of.

*Illustration.*

The testator bequeaths the residue of his estate to A, B, and C, to be equally divided between them. A dies before the testator. His one-third of the residue goes as undisposed of.

[When a bequest to testator's child or lineal descendant does not lapse on his death in testator's lifetime.]

XCVI. Where a bequest shall have been made to any child or other lineal descendant of the testator, and the legatee shall die in the lifetime of the testator, but any lineal descendant of his shall survive the testator, the bequest shall not lapse, but shall take effect as if the death of the legatee had happened immediately after the death

এবিয়ট সম্পূর্ণ অষ্টাদশ বর্ষের বয়স পান, পরে চরমপত্রকারি ব্যক্তি জীবৎ থাকিতে তাঁহার মৃত্যু হয়, ইহাতে এবিয়টের পক্ষ চরমদান হীন হয়, এবং ব্রৌণের পক্ষ চরমদানও ফলবৎ হয় না।

(চ) চরমপত্রকারি ব্যক্তি ও চরমদানের পাত্র উভয়ে একই নৌকাভঙ্গে নষ্ট হয়। তাহাদের মধ্যে কে কাহার উত্তরজীবী তাহা দেখাইবার মত কোন প্রমাণ নাই। ইহাতে চরমদান হীন হইবে ইতি।

[চরমদানের দুই সহপাত্রের মধ্যে এক জন চরমপত্রকারির অগ্রে মরিলে চরমদান হীন হয় না ইহার কথা।]

৯৩ ধারা। দুই জন সহপাত্রের পক্ষে কোন চরমদান করা গেলে যদি তাহাদের মধ্যে এক জন পাত্র চরমপত্রকারি ব্যক্তির পূর্ব্বে মরে, তবে চরমদানের অন্য পাত্র সমুদয় পাইবে।

উদাহরণ।

চরমদান অতি ঋজুমতে এবিয়ট ও ব্রৌণের পক্ষে করা যায়। এবিয়ট চরম পত্রকারি ব্যক্তির অগ্রে মরেন। ব্রৌণ সমুদয় চরমদান পাইবেন ইতি।

[তদ্রূপ স্থলে ভিন্ন২ অংশ দিতে চরমপত্রকারির অভিপ্রায় ছিল এতৎসূচক কথা থাকিলে তাহার ফল।]

৯৪ ধারা। যে কথাদ্বারা কোন চরমদান তদীয় পাত্রদিগকে দেওয়া যায়, তদ্দ্বারা যদি তাহা ভিন্ন২ অংশ করিয়া তাঁহাদিগকে দিতে চরমপত্রকারির অভিপ্রায় প্রকাশ পায়, তবে দানের পাত্রদের মধ্যে এক জন চরমপত্রকারি ব্যক্তির অগ্রে মরিলে সেই চরমদানের যে অংশ তাঁহাকে দিবার অভিপ্রায় ছিল, তাহা চরমপত্রকারি ব্যক্তির শেষ ধনের মধ্যে পড়িবে।

উদাহরণ।

সমান২ অংশে বিভক্ত হওনার্থে বিশেষ পরিমাণের টাকা চরমদানরূপে এবিয়টকে ও ব্রৌণকে ও কার্টরকে দেওয়া যায়। এবিয়ট চরমপত্রকারি ব্যক্তির পূর্ব্বে মরেন, কিন্তু তিনি তাঁহার উত্তরজীবী হইলে ব্রৌণ ও কার্টর যাহা পাইতেন কেবল তাহাই তাঁহারা পাইবেন ইতি।

[যে অংশ হীন হয় তাহা যে স্থলে অনিরূপিত বলিয়া গণ্য হইবে তাহার কথা।]

৯৫ ধারা। যে অংশ হীন হয় তাহা যদি চরমপত্রের নির্দ্দিষ্ট সাধারণ শেষ ধনের অংশ হয়, তবে সেই অংশ অনিরূপিত বলিয়া গণ্য হইবে।

উদাহরণ।

চরমপত্রকারি ব্যক্তি আপনার শেষ ধন সমান২ অংশে বিভক্ত হওনার্থে এবিয়টকে ও ব্রৌণকে ও কার্টরকে দেন। এবিয়ট চরমপত্রকারির অগ্রে মরেন। শেষ ধনের যে তৃতীয়াংশ তিনি পাইতেন তাহা অনিরূপিত বলিয়া গণ্য হইবে ইতি।

[চরমপত্রকারি ব্যক্তির সন্তানের কি বংশোৎপন্ন ব্যক্তির পক্ষে যে চরমদান হয় তাহার পাত্র চরমপত্রকারির জীবৎকালে মরিলে যে স্থলে সেই চরমদান হীন না হয় তাহার কথা।]

৯৬ ধারা। চরমপত্রকারি ব্যক্তির কোন সন্তানের কি বংশোদ্ভব অন্য ব্যক্তির পক্ষে যে চরমদান করা যায়, তাহার পাত্র চরমপত্রকারি ব্যক্তির জীবৎকালে মরিলে যদি তাহার বংশোদ্ভব কোন ব্যক্তি ঐ চরমপত্রকারির উত্তরজীবী হয়, তবে চরমদান হীন হইবে না, কিন্তু যদি চরমপত্রে বিপরীত অভিপ্রায় প্রকাশ না পায়, তবে চরমপত্রকারি ব্যক্তির মৃত্যুর অব্যবহিত পরে

of the testator, unless a contrary intention shall appear by the Will.

*Illustration.*

A makes his Will, by which he bequeaths a sum of money to his son B for his own absolute use and benefit. B dies before A, leaving a son C, who survives A, and having made his Will whereby he bequeaths all his property to his widow D. The money goes to D.

[Bequest to A for the benefit of B does not lapse by A's death in testator's lifetime.]

XCVII. Where a bequest is made to one person for the benefit of another, the legacy does not lapse by the death, in the testator's lifetime, of the person to whom the bequest is made.

[Survivorship in case of bequest to a described class.]

XCVIII. Where a bequest is made simply to a described class of persons, the thing bequeathed shall go only to such as shall be alive at the testator's death.

*Exception.*—If property is bequeathed to a class of persons described as standing in a particular degree of kindred to a specified individual, but their possession of it is deferred until a time later than the death of the testator by reason of a prior bequest or otherwise, the property shall at that time go to such of them as shall be then alive, and to the representatives of any of them who have died since the death of the testator.

*Illustrations.*

*(a)* A bequeaths 1,000 Rupees to "the children of B" without saying when it is to be distributed among them. B had died previous to the date of the Will, leaving three children, C, D, and E. E died after the date of the Will, but before the death of A. C and D survive A. The legacy shall belong to C and D to the exclusion of the representatives of E.

*(b)* A bequeaths a legacy to the children of B. At the time of the testator's death B has no children. The bequest is void.

*(c)* A lease for years of a house was bequeathed to A for his life, and after his decease to the children of B. At the death of the testator B had two children living, C and D, and he never had any other child. Afterwards, during the lifetime of A, C died, leaving E his executor. D has survived A. D and E are jointly entitled to so much of the leasehold term as remains unexpired.

সেই চরমদানের পাত্র মরিলে তাহা যেরূপ ফলবৎ হইত তদ্রূপ ফলবৎ হইবে।

উদাহরণ।

এবিয়ট আপনার চরমপত্রদ্বারা বিশেষ পরিমাণের টাকা আপন পুত্র বেঞ্জামিনকে অপরিচ্ছিন্নরূপে তাহার নিজ ভোগ ও উপকারার্থে দেন। বেঞ্জামিন চার্লস নামে এক পুত্রকে রাখিয়া এবিয়টের পূর্ব্বে মরেন, কিন্তু মরণের পূর্ব্বে চরমপত্র করিয়া আপন সমস্ত সম্পত্তি আপন পত্নী দরথীকে দেন। তাঁহার পুত্র এবিয়টের উত্তরজীবী হন, তথাপি সেই টাকা দরথীর প্রতি বর্ত্তে ইতি।

[এবিয়টের পক্ষে ব্রৌণের হিতার্থে যে চরমদান করা যায়, চরমপত্রকারির জীবৎকালে এবিয়টের মৃত্যু হওয়া প্রযুক্ত তাহা হীন হয় না ইহার কথা।]

৯৭ ধারা। এক ব্যক্তির পক্ষে অন্য ব্যক্তির হিতার্থে যদি চরমদান করা যায়, তবে চরমপত্রকারির জীবৎকালে সেই চরমদানের পাত্র মরিলেও চরমদান হীন হইবে না ইতি।

[বর্ণিত জনশ্রেণীর পক্ষে চরমদান করা গেলে উত্তরজীবী হইবার কথা।]

৯৮ ধারা। ঋজু বর্ণনাতে নির্দ্দিষ্ট জনশ্রেণীর পক্ষে যদি চরমদান করা যায়, তবে চরমপত্রকারি ব্যক্তির মরণকালে যাহারা জীবৎ আছে, কেবল তাহাদের প্রতি সেই চরমদান বর্ত্তিবে।

বর্জ্জিত স্থল। ব্যক্তিবিশেষের বিশেষ নৈকট্যের জ্ঞাতিরূপে বর্ণিত জনশ্রেণীর পক্ষে চরমপত্রদ্বারা সম্পত্তি দত্ত হইলে যদি পূর্ব্বের কোন চরমদান প্রযুক্ত কি প্রকারান্তরের কোন কারণে চরমপত্রকারি ব্যক্তির মরণানন্তর কোন সময় পর্য্যন্ত তাহার ভোগ পাইতে সেই জনগণের বিলম্ব করিতে হয়, তবে সেই সময়ে তাহাদের মধ্যে যাহারা জীবৎ থাকিবে তাহাদের প্রতি, ও চরমপত্রকারি ব্যক্তির মরণানন্তর যাহারা মরিয়াছে তাহাদের প্রতিনিধিদের প্রতি সেই চরমদানের সম্পত্তি বর্ত্তিবে।

উদাহরণ।

(ক) এবিয়ট চরমপত্রদ্বারা ব্রৌণের সন্তানদিগকে এক সহস্র টাকা দেন, কিন্তু কোন্ সময়ে তাহাদের মধ্যে তাহা বিভাগ করিতে হয় তাহা বলেন না। ব্রৌণ সেই চরমপত্রের তারিখের পূর্ব্বে চার্লস ও ডেবিড ও এডওয়ার্ড এই তিন সন্তান রাখিয়া মরেন। চরমপত্রের তারিখের পর কিন্তু এবিয়টের মৃত্যুর পূর্ব্বে এডওয়ার্ডও মরেন। চার্লস ও ডেবিড এবিয়টের উত্তরজীবী হয়। ইহাতে চার্লস ও ডেবিড এই দুই জন সেই চরমদান পাইবে, এডওয়ার্ডের প্রতিনিধিরা কিছুই পাইবে না।

(খ) এবিয়ট ব্রৌণের সন্তানদিগের পক্ষে চরমদান করেন। চরমপত্রকারি ব্যক্তির মরণ কাল পর্য্যন্ত ব্রৌণের কোন সন্তান হয় নাই। সেই চরমদান অসিদ্ধ।

(গ) কোন গৃহের অনেক বৎসরের পাট্টা চরমপত্রদ্বারা আলবর্টের যাবজ্জীবন ভোগার্থে তাহাকে ও তাহার মরণানন্তর বেঞ্জামিনের সন্তানদিগকে দত্ত হয়। চরমপত্রকারি ব্যক্তির মরণকালে বেঞ্জামিনের জীবৎ দুই সন্তান ছিল, তাহাদের নাম চার্লস ও ডেবিড। তদ্ভিন্ন তাহার অন্য সন্তান হয় না। পরে আলবর্টের জীবৎ কালে চার্লসের মৃত্যু হয়, এডওয়ার্ড তাহার অছি। ডেবিড আলবর্টের উত্তরজীবী হয়। ইহাতে পাট্টার মিয়াদের যে কাল অবশিষ্ট আছে, তাহা ভোগ করিতে ডেবিডের ও এডওয়ার্ডের সমান অধিকার হইবে।

*(d)* A sum of money was bequeathed to A for her life, and after her decease to the children of B. At the death of the testator B had two children living, C and D, and after that event two children, E and F, were born to B. C and E died in the lifetime of A, C having made a Will, E having made no Will. A has died, leaving D and F surviving her. The legacy is to be divided into four equal parts, one of which is to be paid to the executor of C, one to D, one to the administrator of E, and one to F.

(ঘ) বিশেষ পরিমাণের টাকা চরমবিধানদ্বারা এন্নীর যাবজ্জীবন ভোগার্থে তাহাকে ও তাহার মৃত্যুর পরে বেঞ্জামিনের সন্তানদিগকে দত্ত হয়। চরমপত্রকারি ব্যক্তির মরণকালে বেঞ্জামিনের জীবৎ দুই সন্তান ছিল, তাহাদের নাম চার্লস ও ডেবিড। তৎপরে এডওয়ার্ড ও ফ্রাঙ্ক নামে বেঞ্জামিনের আর দুই সন্তান জন্মে। চার্লস ও এডওয়ার্ড এন্নীর জীবৎকালে মরেন। চার্লস চরমপত্র করিয়া, কিন্তু এডওয়ার্ড না করিয়া করেন। পরে এন্নীর মৃত্যু হয়, এবং ডেবিড ও ফ্রাঙ্ক তাহার উত্তর-জীবী। এই চরমদান সমান২ চারি অংশ করিয়া বিভাগ করিতে হইবে। তাহার মধ্যে চার্লসের অছিকে এক অংশ, ও ডেবিডকে এক অংশ, ও এডওয়ার্ডের ধনা-ধ্যক্ষকে এক অংশ, ও ফ্রাঙ্ককে এক অংশ দিতে হইবে।

*(e)* A bequeaths one-third of his lands to B for his life, and after his decease to the sisters of B. At the death of the testator B had two sisters living, C and D, and after that event another sister, E, was born. C died during the life of B; D and E have survived B. One-third of A's lands belongs to D, E, and the representative of C in qual shares.

(ঙ) এবিয়ট চরমবিধানদ্বারা আপন ভূমির তৃতী-য়াংশ ব্রৌণের যাবজ্জীবন ভোগার্থে তাহাকে, ও তাহার মরণানন্তর ব্রৌণের ভগিনীদিগকে দেন। চরমপত্র-কারি ব্যক্তির মরণ কালে ব্রৌণের জীবিতা দুই ভগিনী ছিল, তাহাদের নাম সারলট ও দরথী। সেই ঘটনার পর এমিলী নাম্নী তাহার আর এক ভগিনী জন্মে। সারলট ব্রৌণের জীবৎকালে মরেন, কিন্তু দরথী ও এমিলী ব্রৌণের উত্তরজীবিনী হন। ইহাতে এবিয়টের ভূমির তৃতীয়াংশ সমান২ অংশে বিভক্ত হইয়া দরথী ও এমিলীর প্রতি ও সারলটের প্রতিনিধিদের প্রতি বর্ত্তিবে।

*(f)* A bequeaths 1,000 Rupees to B for life, and after his death to be divided equally among the children of C. Up to the death of B C had not had any child. The bequest after the death of B is void.

(চ) এবিয়ট চরমবিধানদ্বারা এক সহস্র টাকা ব্রৌণের যাবজ্জীবন ভোগার্থে তাঁহাকে, ও তাঁহার মরণান্তর সমান২ অংশ কার্টরের সন্তানদিগকে দেন। ব্রৌণের মরণকাল পর্য্যন্ত কার্টরের কোন সন্তান হয় নাই। ব্রৌণের মরণোত্তর কাল সম্পর্কীয় সেই চরমবিধান অসিদ্ধ হয়।

*(g)* A bequeaths 1,000 Rupees to "all the children born or to be born" of B, to be divided among them at the death of C. At the death of the testator B has two children living, D and E. After the death of the testator, but in the lifetime of C, two other children, F and G, are born to B. After the death of C another child is born to B. The legacy belongs to D, E, F, and G to the exclusion of the after-born child of B.

(ছ) এবিয়ট চরমবিধানদ্বারা এক সহস্র টাকা বর্থার গর্ব্ভে যত সন্তান জন্মিয়াছে কি জন্মিবে তাহাদিগকে চার্লসের মৃত্যুর পরে সমান২ অংশ করিয়া দিবার আদেশ করেন। সেই চরমপত্রকারির মরণকালে বর্থার জীবৎ দুই সন্তান ছিল, তাহাদের নাম ডেবিড ও এলেন। চরমপত্রকারি ব্যক্তির মরণানন্তর অথচ চার্লসের জীবৎ কালে বর্থার ফেনী ও জর্জ্জ নামে আর দুই সন্তান জন্মে। পরে চার্লসের মরণানন্তর বর্থার আর এক সন্তান জন্মে। এই চরমদান ডেবিড ও এলেন ও ফেনী ও জর্জ্জ এই চারি জনের প্রতি বর্ত্তিবে। বর্থার গর্ব্ভে শেষে যে সন্তান জন্মে সে কিছুই পাইবে না।

*(h)* A bequeaths a fund to the children of B, to be divided among them when the eldest shall attain majority. At the testator's death B had one child living, named C. He afterwards had two other children, named D and E. E died, but C and D were living when C attained majority. The fund belongs to C, D, and the representatives of E to the exclusion of any child who may be born to B after C's attaining majority.

(জ) এবিয়ট চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকা ব্রৌণের সন্তানদিগকে দিয়া এই আদেশ করেন যে তাহাদের জ্যেষ্ঠ যখন প্রাপ্তব্যবহার হইবে, তখন তা-হাদের মধ্যে সেই ধন বিভাগ করিতে হইবে। চরমপত্র-কারি ব্যক্তির মরণকালে ব্রৌণের চার্লস নামে একমাত্র জীবৎ সন্তান ছিল। পরে ডেবিড ও এমিলী নামে তাঁহার আর দুই সন্তান জন্মে। এমিলীর প্রাণত্যাগ হইল, কিন্তু চার্লস ও ডেবিড জীবৎ থাকিতে চার্লস প্রাপ্তব্যবহার হইলেন। সেই ধন চার্লসের ও ডেবি-ডের প্রতি ও এমিলীর প্রতিনিধিদের প্রতি বর্ত্তিবে। চার্লসের প্রাপ্তব্যবহার হওনানন্তর ব্রৌণের অন্য সন্তান জন্মিলে সেই সন্তান কিছুই পাইবে না ইতি।

## PART XII.

### *Of void Bequests.*

[Bequest to a person by a particular description who is not in existence at the testator's death.]

XCIX. Where a bequest is made to a person by a particular description, and there is no person in existence at the testator's death who answers the description, the bequest is void.

*Exception.*—If property is bequeathed to a person described as standing in a particular degree of kindred to a specified individual, but his possession of it is deferred until a time later than the death of the testator by reason of a prior bequest or otherwise; and if a person answering the description is alive at the death of the testator, or comes into existence between that event and such later time, the property shall, at such later time, go to that person, or if he be dead, to his representatives.

*Illustrations.*

*(a)* A bequeaths 1,000 Rupees to the eldest son of B. At the death of the testator B has no son. The bequest is void.

*(b)* A bequeaths 1,000 Rupees to B for life, and after his death to the eldest son of C. At the death of the testator C had no son. Afterwards, during the life of B, a son is born to C. Upon B's death the legacy goes to C's son.

*(c)* A bequeaths 1,000 Rupees to B for life, and after his death to the eldest son of C. At the death of the testator C had no son. Afterwards, during the life of B, a son named D is born to C. D dies, then B dies. The legacy goes to the representative of D.

*(d)* A bequeaths his estate of Green Acre to B for life, and at his decease to the eldest son of C. Up to the death of B C has had no son. The bequest to C's eldest son is void.

*(e)* A bequeaths 1,000 Rupees to the eldest son of C, to be paid to him after the death of B. At the death of the testator C has no son, but a son is afterwards born to him during the life of B and is alive at B's death. C's son is entitled to the 1,000 Rupees.

[Bequest to a person not in existence at the testator's death, subject to a prior bequest.]

C. Where a bequest is made to a person not in existence at the time of the testator's death

## দ্বাদশ খণ্ড।

### অসিদ্ধ চরমদানের কথা।

[চরমপত্রকারির মরণকালে যে ব্যক্তির উদ্ভব হয় নাই, বিশেষ বর্ণনাতে নির্দ্দিষ্ট এমত ব্যক্তির পক্ষ চরমদানের কথা।]

৯৯ ধারা। বিশেষ বর্ণনাদ্বারা কোন ব্যক্তির পক্ষে চরমদান করা গেলে যদি চরমপত্রকারি ব্যক্তির মরণকালে সেই বর্ণনার অনুরূপ কোন ব্যক্তির উদ্ভব না হইয়া থাকে, তবে সেই চরমদান অসিদ্ধ হইবে।

বর্জ্জিত স্থল। ব্যক্তিবিশেষের বিশেষ নৈকট্যের জ্ঞাতিরূপে বর্ণিত কোন ব্যক্তির পক্ষে চরমপত্রদ্বারা সম্পত্তি দত্ত হইলে যদি পূর্ব্বের কোন চরমদান প্রযুক্ত কি প্রকারান্তরের কোন কারণে চরমপত্রকারি ব্যক্তির মরণোত্তর কোন সময় পর্য্যন্ত তাহা ভোগ করিতে তাহার বিলম্ব করিতে হয়, এমত স্থলে যদি সেই বর্ণনার অনুরূপ কোন ব্যক্তি চরমপত্রকারির মরণকালে জীবৎ আছে কিম্বা সেই মরণের ও উক্ত পশ্চাতের সময়ের মধ্যে জন্ম গ্রহণ করে, তবে এই পশ্চাতের সময়ে সেই সম্পত্তি সেই ব্যক্তির প্রতি, কিম্বা তাহার মৃত্যু হইলে তাহার প্রতিনিধিদের প্রতি বর্ত্তিবে।

উদাহরণ।

(ক) এবিয়ট চরমবিধানদ্বারা ব্রৌণের জ্যেষ্ঠ পুত্রকে এক সহস্র টাকা দেন। চরমপত্রকারি ব্যক্তির মরণকালে ব্রৌণের পুত্র হয় নাই। সেই চরমদান অসিদ্ধ।

(খ) এবিয়ট চরমবিধানদ্বারা এক সহস্র টাকা ব্রৌণের যাবজ্জীবন ভোগার্থে তাহাকে, ও তাহার মৃত্যু হইলে পর কার্টরের জেষ্ঠ্য পুত্রকে দেন। চরমপত্রকারি ব্যক্তির মরণকালে কার্টরের পুত্র হয় নাই, পরে ব্রৌণ জীবৎ থাকিতে কার্টরের এক পুত্র জন্মে। ব্রৌণের মরণানন্তর সেই চরমদান কার্টরের পুত্রের প্রতি বর্ত্তিবে।

(গ) এবিয়ট চরমদানদ্বারা এক সহস্র টাকা ব্রৌণের যাবজ্জীবন ভোগার্থে তাঁহাকে, ও তাঁহার মৃত্যু হইলে পর কার্টরের জ্যেষ্ঠ পুত্রকে দেন। চরমপত্রকারি ব্যক্তির মরণকালে কার্টরের পুত্র হয় নাই, পরে ব্রৌণ জীবৎ থাকিতে ডেবিড নামে কার্টরের এক পুত্র জন্মে। সেই ডেবিড মরে, পরে ব্রৌণও মরেন। সেই চরমদান ডেবিডের প্রতিনিধির প্রতি বর্ত্তিবে।

(ঘ) এবিয়ট চরমবিধানদ্বারা আপনার হরিৎপুর নামক মহাল ব্রৌণের যাবজ্জীবন ভোগার্থে তাহাকে, ও তাহার মরণানন্তর কার্টরের জ্যেষ্ঠ পুত্রকে দেন। ব্রৌণের মরণকালপর্য্যন্ত কার্টরের পুত্র হয় নাই। কার্টরের জ্যেষ্ঠ পুত্রের পক্ষ সেই চরমদান অসিদ্ধ।

(ঙ) এবিয়ট চরমবিধানদ্বারা এক সহস্র টাকা কার্টরের জ্যেষ্ঠ পুত্রকে দিয়া, ব্রৌণের মরণানন্তর তিনি তাহা পাইতে পারিবেন এমত আদেশ করেন। চরমপত্রকারি ব্যক্তির মরণ কালে কার্টরের পুত্র হয় নাই, কিন্তু পশ্চাৎ অর্থাৎ ব্রৌণ জীবৎ থাকিতে তাঁহার এক পুত্র জন্মে ও সে ব্রৌণের উত্তরজীবী হয়। কার্টরের পুত্র সেই এক সহস্র টাকা পাইতে স্বত্ববান ইতি।

[চরমপত্রকারি ব্যক্তির মরণকালে যাহার উদ্ভব হয় নাই এমত ব্যক্তির পক্ষ যে চরমদান চরমপত্রে নির্দ্দিষ্ট পূর্ব্বের কোন চরমদানের অধীন তাহার কথা।]

১০০ ধারা। চরমপত্রকারি ব্যক্তির মরণ সময়ে যাহার উদ্ভব হয় নাই এমত কোন ব্যক্তির পক্ষে যদি সেই

subject to a prior bequest contained in the Will, the latter bequest shall be void, unless it comprises the whole of the remaining interest of the testator in the thing bequeathed.

চরমপত্রে নির্দ্দিষ্ট পূর্ব্বের কোন চরমদানের অধীন চরমদান করা যায়, তবে দত্ত বিষয়ে চরমপত্রকারি ব্যক্তির সমুদয় শেষ সম্পর্ক তাহাতে পরিগৃহীত না হইলে সেই পশ্চাতের চরমদান অসিদ্ধ হইবে।

*Illustrations.*

(*a*) Property is bequeathed to A for his life, and after his death to his eldest son for life, and after the death of the latter to his eldest son. At the time of the testator's death A has no son. Here the bequest to A's eldest son is a bequest to a person not in existence at the testator's death. It is not a bequest of the whole interest that remains to the testator. The bequest to A's eldest son for his life is void.

(*b*) A fund is bequeathed to A for his life, and after his death to his daughters. A survives the testator. A has daughters some of whom were not in existence at the testator's death. The bequest to A's daughters comprises the whole interest that remains to the testator in the thing bequeathed. The bequest to A's daughters is valid.

(*c*) A fund is bequeathed to A for his life, and after his death to his daughters, with a direction that if any of them marries under the age of eighteen her portion shall be settled, so that it may belong to herself for life and may be divisible among her children after her death. A has no daughters living at the time of the testator's death, but has daughters born afterwards who survive him. Here the direction for a settlement has the effect in the case of each daughter who marries under eighteen of substituting for the absolute bequest to her a bequest to her merely for her life, that is to say, a bequest to a person not in existence at the time of the testator's death of something which is less than the whole interest that remains to the testator in the thing bequeathed. The direction to settle the fund is void.

(*d*) A bequeaths a sum of money to B for life, and directs that upon the death of B the fund shall be settled upon his daughters, so that the portion of each daughter may belong to herself for life, and may be divided among her children after her death. B has no daughter living at the time of the testator's death. In this case the only bequest to the daughters of B is contained in the direction to settle the fund, and this direction amounts to a bequest, to persons not yet born, of a life-interest in the fund, that is to say, of something which is less than the whole interest that remains to the testator in

উদাহরণ।

(ক) কোন চরমবিধানদ্বারা কোন সম্পত্তিবিশেষ এবিয়টের যাবজ্জীবন ভোগার্থে তাঁহাকে, ও তাঁহার মরণানন্তর তাঁহার জ্যেষ্ঠ পুত্রের যাবজ্জীবন ভোগার্থে সেই পুত্রকে, ও পুত্রের মরণানন্তর তাঁহার জ্যেষ্ঠ পুত্রকে (অর্থাৎ এবিয়টের পৌত্রকে) দত্ত হয়। চরমপত্রকারির মরণকালে এবিয়টের পুত্র হয় নাই। ইহাতে এবিয়টের জ্যেষ্ঠ পুত্রের পক্ষে যে চরমদান হইল তাহা চরমপত্র-কারি ব্যক্তির মরণকালে যাহার উদ্ভব হয় নাই এমত ব্যক্তির পক্ষে হইল। তাহা চরমপত্রকারি ব্যক্তির সমুদয় শেষ সম্পর্কের চরমদান নয়। এবিয়টের জ্যেষ্ঠ পুত্রের যাবজ্জীবন ভোগার্থ সেই চরমদান অসিদ্ধ।

(খ) কোন চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকা এবিয়টের যাবজ্জীবন ভোগার্থে তাঁহাকে, ও তাঁহার মরণানন্তর তাঁহার কন্যাদিগকে দেওয়া যায়। এবিয়ট চরমপত্রকারি ব্যক্তির উত্তরজীবী হন। এবিয়টের কএক জন কন্যা আছে। চরমপত্রকারি ব্যক্তির মরণকালে তাহাদের মধ্যে কাহারোং উদ্ভব হয় নাই। ইহাতে এবিয়টের কন্যাদের পক্ষে যে চরমদান হইল তন্মধ্যে দত্ত সম্পত্তিতে চরমপত্রকারির সমুদয় শেষ সম্পর্ক পরিগৃহীত হইল। এবিয়টের কন্যাদের পক্ষে সেই চরমদান সিদ্ধ।

(গ) কোন চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকা এবিয়টের যাবজ্জীবন ভোগার্থে তাঁহাকে, ও তাঁহার মরণানন্তর তাঁহার কন্যাদিগকে দেওয়া যায়, এবং সেই চরমবিধানে এই আদেশ করা যায়, যে ঐ কন্যাদের মধ্যে কোন কন্যা যদি অষ্টাদশ বৎসরের ন্যূন বয়সে বিবাহিতা হয়, তবে তাহার অংশ বিষয়ক এমত নিয়ম করিতে হইবে যে তাহার যাবজ্জীবন ভোগার্থে সেই অংশ তাহারই থাকিবে, ও তাহার মরণানন্তর তাহার সন্তানদের মধ্যে বিভক্ত হইবে। চরমপত্রকারি ব্যক্তির মরণকালে এবিয়টের জীবিতা কন্যা নাই, পশ্চাৎ তাঁহার কএক জন কন্যা জন্মে ও তাঁহার উত্তরজীবিনী হয়। ইহাতে উক্ত নিয়ম বিষয়ক আদেশের এই ফল হয়, যে তাহাদের মধ্যে যে কোন কন্যা অষ্টাদশ বৎসরের ন্যূন বয়সে বিবাহিতা হয় তাহার পক্ষে অপরিচ্ছিন্ন চরমদানের পরিবর্ত্তে কেবল যাবজ্জীবন ভোগার্থ চরম-দান করা যায়। এমন হওয়াতে চরমপত্রকারি ব্যক্তির মরণকালে যাহার উদ্ভব হয় নাই এমত ব্যক্তির পক্ষে চরমদান হইল ও দত্ত সম্পত্তিতে চরমপত্রকারি ব্যক্তির সমুদয় শেষ সম্পর্ক অপেক্ষা ন্যূন বিষয় দান করা গেল। ঐ টাকা বিষয়ক সেই নিয়ম করিবার আদেশ অসিদ্ধ।

(ঘ) কোন চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকা ব্রৌণের যাবজ্জীবন ভোগার্থে তাঁহাকে দেওয়া যায়, ও ব্রৌণের মরণানন্তর তাঁহার কন্যাদিগকে সেই টাকা দেওনের এমত নিয়মের আদেশ করা যায় যে প্রত্যেক কন্যার অংশ যাবজ্জীবন ভোগার্থে তাহারই থাকিবে, ও তাহার মরণানন্তর তাহার সন্তানদের মধ্যে বিভক্ত হইবে। চরমপত্রকারি ব্যক্তির মরণকালে ব্রৌণের জীবিতা কন্যা নাই। এই স্থলে সেই টাকার নিয়ম করণবিষয়ক

the thing bequeathed. The direction to settle the fund upon the daughters of B is void.

[Rule against perpetuity.]

CI. No bequest is valid whereby the vesting of the thing bequeathed may be delayed beyond the lifetime of one or more persons living at the testator's decease, and the minority of some person who shall be in existence at the expiration of that period, and to whom, if he attains full age, the thing bequeathed is to belong.

*Illustrations.*

(*a*) A fund is bequeathed to A for his life, and after his death to B for his life, and after B's death to such of the sons of B as shall first attain the age of 25. A and B survive the testator. Here the son of B who shall first attain the age of 25 may be a son born after the death of the testator; such son may not attain 25 until more than 18 years have elapsed from the death of the longer liver of A and B, and the vesting of the fund may thus be delayed beyond the lifetime of A and B and the minority of the sons of B. The bequest after B's death is void.

(*b*) A fund is bequeathed to A for his life, and after his death to B for his life, and after B's death to such of B's sons as shall first attain the age of 25. B dies in the lifetime of the testator, leaving one or more sons. In this case the sons of B are persons living at the time of the testator's decease, and the time when either of them will attain 25 necessarily falls within his own lifetime. The bequest is valid.

(*c*) A fund is bequeathed to A for his life, and after his death to B for his life, with a direction that after B's death it shall be divided amongst such of B's children as shall attain the age of 18; but that if no child of B shall attain that age, the fund shall go to C. Here the time for the division of the fund must arrive at the latest at the expiration of 18 years from the death of B, a person living at the testator's decease. All the bequests are valid.

(*d*) A fund is bequeathed to trustees for the benefit of the testator's daughters, with a direction that if any of them

আদেশ ভিন্ন ব্রৌণের কন্যাদের পক্ষে অন্য চরমদান হয় না, ও সেই আদেশে যে চরমদান হয় তদ্দ্বারা অজাত ব্যক্তিদিগকে সেই টাকাতে যাবজ্জীবন ভোগরূপ সম্পর্ক দেওয়া যায়, অর্থাৎ দত্ত বিষয়ে চরমপত্রকারি ব্যক্তির সমুদয় শেষ সম্পর্ক অপেক্ষা ন্যূন বিষয় দান করা যায়। ব্রৌণের কন্যাদের পক্ষে ঐ টাকা বিষয়ক তদ্রূপ নিয়ম করিবার আদেশ অসিদ্ধ ইতি।

[চিরস্থায়িত্ব নিষেধক বিধি।]

১০১ ধারা। চরমপত্রকারি ব্যক্তির মরণকালে বিদ্যমান এক কি অধিক জনের জীবৎকালাতিরিক্ত ও সেই কালের অবসানে প্রাপ্তোক্তব যে ব্যক্তি প্রাপ্তব্যবহার হইলে দত্ত সম্পত্তির স্বামী হইবে, এমত অন্য কোন ব্যক্তির অপ্রাপ্তব্যবহারকালাতিরিক্ত বিলম্ব না করিলে দত্ত সম্পত্তিতে স্থির স্বত্ব পাইবার সম্ভাবনা যাহাতে না হয়, এমত কোন চরমদান সিদ্ধ হইবে না।

উদাহরণ।

(ক) কোন চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকা যাবজ্জীবন ভোগার্থে এবিয়টকে, ও তাহার মরণানন্তর যাবজ্জীবন ভোগার্থে ব্রৌণকে, ও ব্রৌণের মরণানন্তর তাঁহার পুত্রদের মধ্যে যে ব্যক্তি সর্ব্বাগ্রে পঁচিশ বৎসর বয়স্ক হইবে তাহাকে দেওয়া যায়। এবিয়ট ও ব্রৌণ সেই চরমপত্রকারি ব্যক্তির উত্তরজীবী হন। ইহাতে ব্রৌণের যে পুত্র সর্ব্বাগ্রে পঁচিশ বৎসর বয়স্ক হইবে, কি জানি তাহার জন্ম চরমপত্রকারির মৃত্যুর পরে হয়, এবং এবিয়ট ও ব্রৌণের মধ্যে যে ব্যক্তি অতি দীর্ঘায়ু হয় তাহারও মরণ অবধি সেই পুত্রের পঁচিশ বর্ষ বয়স্ক হওন পর্য্যন্ত অষ্টাদশ বর্ষের অধিক কাল অতীত হইতে পারে। তাহা হইলে সেই টাকাতে স্থির স্বত্ব জন্মিবার যে বিলম্ব তাহা এবিয়টের ও ব্রৌণের জীবৎকালাতিরিক্ত ও ব্রৌণের পুত্রদের বাল্যকালাতিরিক্ত হইবে। ব্রৌণের মরণোত্তর কালবিষয়ক সেই চরমদান অসিদ্ধ।

(খ) কোন চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকা যাবজ্জীবন ভোগার্থে এবিয়টকে, ও তাঁহার মরণানন্তর যাবজ্জীবন ভোগার্থে ব্রৌণকে, ও ব্রৌণের মরণানন্তর তাঁহার পুত্রদের মধ্যে যে ব্যক্তি সর্ব্বাগ্রে পঁচিশ বৎসর বয়স্ক হইবে তাহাকে দেওয়া যায়। সেই চরমপত্রকারি ব্যক্তি জীবৎ থাকিতে ব্রৌণ এক কি অধিক পুত্রকে রাখিয়া মরেন। এই স্থলে ব্রৌণের পুত্রেরা চরমপত্রকারি ব্যক্তির মরণে বিদ্যমান লোক, ও তাহাদের মধ্যে যে ব্যক্তি হউক তাহার পঁচিশ বৎসর বয়ঃপ্রাপ্ত হইবার সময় অবশ্য তাহার জীবৎকালের মধ্যে পড়িবে। সেই চরমদান সিদ্ধ।

(গ) কোন চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকা যাবজ্জীবন ভোগার্থে এবিয়টকে, ও তাঁহার মরণানন্তর যাবজ্জীবন ভোগার্থে ব্রৌণকে দেওয়া যায়, ও ব্রৌণের মৃত্যুর পরে তাঁহার সন্তানদের মধ্যে যাহারা অষ্টাদশ বর্ষ বয়স্ক হইবে অংশাংশ করিয়া তাহাদিগকে দিবার, এবং ব্রৌণের কোন সন্তানের যদি অষ্টাদশ বৎসর বয়স না হয়, তবে সমুদয় টাকা কার্টরকে দিবার আদেশ করা যায়। এই স্থলে চরমপত্রকারির মরণকালে বিদ্যমান ব্যক্তির অর্থাৎ ব্রৌণের মরণ অবধি সেই টাকা বিভাগ করিবার সময় পর্য্যন্ত অষ্টাদশ বর্ষের অধিক বিলম্ব হইতে পারে না। সেই সকল চরমদান সিদ্ধ।

(ঘ) কোন চরমবিধানদ্বারা চরমপত্রকারি ব্যক্তির কন্যাদের উপকারার্থে বিশেষ পরিমাণের টাকা কএক

marry under age her share of the fund shall be settled so as to devolve, after her death, upon such of her children as shall attain the age of 18. Any daughter of the testator to whom the direction applies must be in existence at his decease and any portion of the fund which may eventually be settled as directed must vest not later than 18 years from the death of the daughter whose share it was. All these provisions are valid.

জন ট্রষ্টীকে দেওয়া যায়, ও সেই কন্যাদের মধ্যে কোন কন্যা প্রাপ্তবয়বহার না হইয়া যদি বিবাহিতা হয়, তবে ঐ টাকার যে অংশ সেই কন্যা পাইবে তদ্বিষয়ক এমত নিয়ম করিতে হইবে যে তাহার মরণানন্তর তাহার যে২ সন্তান অষ্টাদশ বর্ষ বয়স্ক হইবে ঐ অংশ তাহাদের প্রতি বর্ত্তিবে, এমত আদেশও করা যায়। এই চরমপত্রকারি ব্যক্তির যে কোন কন্যার প্রতি এই আদেশ বর্ত্তে সে অবশ্য তাঁহার মরণ কালে বিদ্যমানা হইবে, এবং শেষকালে ঐ আদেশানুযায়ি নিয়ম ঐ টাকার যে কোন অংশের বিষয়ে করিতে হইবে, তাহা যে কন্যার অংশ ছিল তাহার মরণ অবধি তাহাতে বলবৎ স্বত্ব উদ্ভব হওন পর্য্যন্ত অষ্টাদশ বর্ষের অধিক বিলম্ব হইতে পারিবেনা। সেই সকল বিধান সিদ্ধ ইতি।

[Bequest to a class some of whom may come under the rules in the Sections 100, 101.]

[১০০ ও ১০১ ধারার বিধির অধীন লোক যাহার মধ্যে থাকে এমত জনশ্রেণীর পক্ষে যে চরমদান তাহার কথা।]

CII. If a bequest is made to a class of persons with regard to some of whom it is inoperative by reason of the rules contained in the two last preceding Sections, or either of them, such bequest shall be wholly void.

১০২ ধারা। কোন জনশ্রেণী বিশেষের পক্ষে চরমদান করা গেলে যদি ইহার অব্যবহিত পূর্ব্ব দুই ধারাতে কি তাহার মধ্যে অন্যতর ধারাতে নির্দ্দিষ্ট বিধির বলে সেই চরমদান ঐ জনশ্রেণীর কোন২ লোকের বিষয়ে নিষ্ফল হয়, তবে সেই চরমদান সর্ব্বতোভাবে অসিদ্ধ হইবে।

*Illustrations.*

উদাহরণ।

(a) A fund is bequeathed to A for life, and after his death to all his children who shall attain the age of 25. A survives the testator and has some children living at the testator's death. Each child of A's living at the testator's death must attain the age of 25 (if at all) within the limits allowed for a bequest. But A may have children after the testator's decease some of whom may not attain the age of 25 until more than 18 years have elapsed after the decease of A. The bequest to A's children, therefore, is inoperative as to any child born after the testator's death; and as it is given to all his children as a class, it is not good as to any division of that class, but is wholly void.

(ক) কোন চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকা যাবজ্জীবন ভোগার্থে এবিয়টকে, ও তাঁহার মরণানন্তর তাঁহার যত সন্তানদের পঁচিশ বৎসর বয়স হইবে তাহাদিগকে দেওয়া যায়। এবিয়ট চরমপত্রকারি ব্যক্তির উত্তরজীবী হন, এবং তাঁহার কএক সন্তান সেই চরমপত্রকারির মরণ কালে জীবৎ আছে। চরমপত্রকারি ব্যক্তির মরণকালে জীবৎ সেই সন্তানদের মধ্যে প্রত্যেক সন্তান চরমদান প্রাপ্তির জন্যে নিরূপিত কালের মধ্যে যে পঁচিশ বৎসর বয়স্ক হয় ইহা নিতান্ত আবশ্যক। কিন্তু কি জানি সেই চরমপত্রকারি ব্যক্তির মরণানন্তর এবিয়টের অন্য২ সন্তান জন্মিলে এবিয়টের মরণ অবধি তাহাদের পঁচিশ বৎসর বয়ঃপ্রাপ্তি পর্য্যন্ত অষ্টাদশ বৎসরের অধিক বিলম্ব হইতে পারে। অতএব চরমপত্রকারি ব্যক্তির মরণের পরে এবিয়টের সন্তান জন্মিলে তাহার বিষয়ে ঐ চরমদান বিফল হইবে, ও জনশ্রেণী বলিয়া তাঁহার সন্তানগণের পক্ষে সেই চরমদান করা গিয়াছে, এই হেতুক তাহা উক্ত জনশ্রেণীর কোনই অংশের পক্ষে সিদ্ধ না হইয়া সর্ব্বতোভাবে অসিদ্ধ হয়।

(b) A fund is bequeathed to A for his life, and after his death to B, C, D, and all other the children of A who shall attain the age of 25. B, C, D are children of A living at the testator's decease. In all other respects the case is the same as that supposed in Illustration (a). The mention of B, C, and D by name does not prevent the bequest from being regarded as a bequest to a class, and the bequest is wholly void

(খ) কোন চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকা যাবজ্জীবন ভোগার্থে এবিয়টকে, ও তাঁহার মরণানন্তর বেঞ্জামিন ও সার্লট ও ডেবিড প্রভৃতি এবিয়টের যত সন্তানের পঁচিশ বৎসর বয়স হইবে তাহাদিকে দেওয়া যায়। চরমপত্রকারি ব্যক্তির মরণকালে এবিয়টের ঐ বেঞ্জামিন ও সার্লট ও ডেবিড নামে তিন সন্তান জীবৎ আছে, অন্য সকল বিষয়ে এই কল্পিত স্থল ঠিক (ক) চিহ্নিত স্থলের সমান। বেঞ্জামিন ও সার্লট ও ডেবিডের নাম উল্লেখ হইলেও সেই চরমদান জনশ্রেণীবিশেষের পক্ষে কৃত চরমদান বলিয়া গণ্য, সুতরাং সর্ব্বতোভাবে অসিদ্ধ ইতি।

[Bequest to take effect on failure of bequest void under Sections 100, 101, or 102.]

CIII. Where a bequest is void by reason of any of the rules contained in the three last preceding Sections, any bequest contained in the same Will, and intended to take effect after or upon failure of such prior bequest, is also void.

*Illustrations.*

(*a*) A fund is bequeathed to A for his life, and after his death to such of his sons as shall first attain the age of 25 for his life, and after the decease of such son, to B. A and B survive the testator. The bequest to B is intended to take effect after the bequest to such of the sons of A as shall first attain the age of 25, which bequest is void under Section 101. The bequest to B is void.

(*b*) A fund is bequeathed to A for his life, and after his death to such of his sons as shall first attain the age of 25, and if no son of A shall attain that age, to B. A and B survive the testator. The bequest to B is intended to take effect upon failure of the bequest to such of A's sons as shall first attain the age of 25, which bequest is void under Section 101. The bequest to B is void.

[১০০ কি ১০১ কি ১০২ ধারার বলে বিশেষ কোন চরমদান অসিদ্ধ হইলে অন্য চরমদান সিদ্ধ হইবে, এই আশয়ে যে চরমদান করা যায় তাহার কথা।]

১০৩ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব তিন ধারাতে নির্দ্দিষ্ট কোন বিধির বলে যে চরমদান অসিদ্ধ হয়, সেই চরমদানের পশ্চাৎ বিশেষতঃ তাহা বিফল হইলে ইহা সফল হইবে, এই আশয়ে কৃত অন্য কোন চরমদান যদি সেই চরমপত্রে লিখিত থাকে, তবে তাহাও অসিদ্ধ হইবে।

উদাহরণ।

(ক) কোন চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকা যাবজ্জীবন ভোগার্থে এবিয়টকে, ও তাঁহার মরণানন্তর তাঁহার যে পুত্র সর্ব্বাগ্রে পঁচিশ বৎসর বয়স্ক হইবে যাবজ্জীবন ভোগার্থে সেই পুত্রকে, ও তাঁহার মরণান্তর ব্রৌণকে দেওয়া যায়। এবিয়ট ও ব্রৌণ চরমপত্রকারির উত্তরজীবী হন। এবিয়টের যে পুত্র সর্ব্বাগ্রে পঁচিশ বৎসর বয়স্ক হইবে তাহার পক্ষে যে চরমদান করা যায় তাহার পশ্চাৎ ফলবৎ হইবার আশয়ে ব্রৌণের পক্ষ ঐ চরমদান করা গেল। কিন্তু এবিয়টের পুত্রের পক্ষ ঐ চরমদান ১০১ ধারার বলে অসিদ্ধ। ব্রৌণের পক্ষ যে চরমদান তাহাও অসিদ্ধ হয়।

(খ) কোন চরমবিধান দ্বারা বিশেষ পরিমাণের টাকা যাবজ্জীবন ভোগার্থে এবিয়টকে, ও তাঁহার মরণানন্তর তাঁহার যে পুত্র সর্ব্বাগ্রে পঁচিশ বৎসর বয়স্ক হইবে তাঁহাকে, ও তত বৎসর বয়স্ক যে হইবে এবিয়টের এমত পুত্রের অভাবে ব্রৌণকে দেওয়া যায়। এবিয়ট ও ব্রৌণ চরমপত্রকারির উত্তরজীবী হন। এই স্থলে এবিয়টের যে পুত্র সর্ব্বাগ্রে পঁচিশ বৎসর বয়স্ক হইবে তাহার পক্ষে ঐ চরমদান বিফল হইলে ব্রৌণের পক্ষে চরমদান ফলবৎ হইবে, এই অভিপ্রায়ে তাহা করা গেল। কিন্তু ১০১ ধারার বলে এবিয়টের পুত্রের পক্ষ ঐ চরমদান অসিদ্ধ। ব্রৌণের পক্ষ যে চরমদান তাহাও অসিদ্ধ হয় ইতি।

[Effect of direction for accumulation.]

CIV. A direction to accumulate the income arising from any property shall be void, and the property shall be disposed of as if no accumulation had been directed.

*Exception.*—Where the property is immoveable, or where accumulation is directed to be made from the death of the testator, the direction shall be valid in respect only of the income arising from the property within one year next following the testator's death, and at the end of the year such property and income shall be disposed of respectively as if the period during which the accumulation has been directed to be made had elapsed.

*Illustrations.*

(*a*) The Will directs that the sum of 10,000 Rupees shall be invested in Government securities and the income accumulated for 20 years, and that the principal, together with the accumulations, shall then be divided between A, B, and C. A, B, and C are entitled to receive the sum of 10,000 Rupees at the end of the year from the testator's death.

[উপস্বত্ব জমা করিবার আদেশের যে ফল হয় তাহার কথা।]

১০৪ ধারা। কোন সম্পত্তিহইতে যে উপস্বত্ব উৎপন্ন হয় তাহা জমা করিবার আদেশ অসিদ্ধ হইবে, এবং জমা করিবার আদেশ না হইবার ন্যায় সেই সম্পত্তির চূড়ান্ত নিষ্পত্তি করিতে হইবে ইতি।

বর্জ্জিত স্থল। স্থাবর সম্পত্তি হইলে কিম্বা চরমপত্রকারির মরণাবধি জমা করিবার আদেশ হইলে চরমপত্রকারি ব্যক্তির মরণাবধি প্রথম বৎসরের মধ্যে সেই সম্পত্তিহইতে যে উপস্বত্ব উৎপন্ন হয় কেবল তাহার বিষয়ে সেই আদেশ বলবৎ হইবে, ও সেই বৎসর শেষ হইলে যে কালের নিমিত্তে জমা করিবার আদেশ করা গেল, সেই সমুদয় কাল অতীত হইবার ন্যায় ঐ সম্পত্তি ও উপস্বত্ব বিষয়ক চূড়ান্ত নিষ্পত্তি করা যাইবে।

উদাহরণ।

(ক) চরমপত্রের আদেশ এই যে দশ সহস্র টাকা দিয়া গবর্ণমেন্ট কাগজ ক্রয় করিয়া তাহার উপস্বত্ব বিংশতি বৎসর পর্য্যন্ত জমা করিতে হইবে, তাহার শেষে জমা করা সেই উপস্বত্ব সুদ্ধ আসল টাকা এবিয়ট ও ব্রৌণ ও কার্টর, এই তিন জনের মধ্যে বিভাগ করিতে হইবে। এবিয়ট ও ব্রৌণ ও কার্টর চরমপত্রকারি ব্যক্তির মৃত্যুর পরে প্রথম বৎসরের পরিণামে দশ সহস্র টাকা পাইতে স্বত্ববান হন।

(*b*) The Will directs that 10,000 Rupees shall be invested and the income accumulated until A shall marry, and shall then be paid to him. A is entitled to receive 10,000 Rupees at the end of a year from the testator's death.

(খ) চরমপত্রের আদেশ এই যে দশ সহস্র টাকা দিয়া মূল্যবান কাগজ ক্রয় করিয়া এবিয়টের বিবাহ পর্য্যন্ত তাহার উপস্বত্ব জমা করিয়া সেই সময়ে তাঁহাকে দিতে হইবে। এবিয়ট চরমপত্রকারি ব্যক্তির মরণানন্তর প্রথম বৎসরের পরিণামে দশ সহস্র টাকা পাইতে স্বত্ববান হন।

(*c*) The Will directs that the rents of the farm of Sultânpur shall be accumulated for ten years, and that the accumulation shall be then paid to the eldest son of A. At the death of the testator A has an eldest son living, named B. B shall receive, at the end of one year from the testator's death, the rents which have accrued during the year, together with any interest which may have been made by investing them.

(গ) চরমপত্রের আদেশ এই যে সুলতানপুর তালুকের সমুদয় খাজানা দশ বৎসর পর্য্যন্ত জমা করিয়া সেই কালের অবসানে এবিয়টের জ্যেষ্ঠ পুত্রকে দিতে হইবে। চরমপত্রকারি ব্যক্তির মরণকালে এবিয়টের জ্যেষ্ঠ পুত্র জীবিত আছে, তাহার নাম বেঞ্জামিন। চরমপত্রকারি ব্যক্তির মরণানন্তর প্রথম বৎসরের পরিণামে বেঞ্জামিন সেই বৎসরের মধ্যে জমা করা সমুদয় খাজানা অথবা তাহার মধ্য কোন খাজানাতে কাগজ ক্রয় করা গেলে তদুৎপন্ন সুদ সকলও পাইবে।

(*d*) The Will directs that the rents of the farm of Sultânpur shall be accumulated for ten years, and that the accumulations shall then be paid to the eldest son of A. At the death of the testator A has no son. The bequest is void.

(ঘ) চরমপত্রের আদেশ এই যে সুলতানপুর তালুকের সমুদয় খাজানা দশ বৎসর পর্য্যন্ত জমা করিয়া তাহার অবসানে এবিয়টের জ্যেষ্ঠ পুত্রকে দিতে হইবে। চরমপত্রকারি ব্যক্তির মরণকালে এবিয়টের পুত্র হয় নাই। সেই চরদান অসিদ্ধ।

(*e*) A bequeaths a sum of money to B, to be paid to him when he shall attain the age of 18, and directs the interest to be accumulated till he shall arrive at that age. At A's death the legacy becomes vested in B, and so much of the interest as is not required for his maintenance and education is accumulated, not by reason of the direction contained in the Will, but in consequence of B's minority.

(ঙ) এবিয়ট চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকা ব্রৌণকে দিয়া এই আদেশ করেন যে তাঁহার অষ্টাদশ বৎসর বয়স হইলে তিনি তাহা পাইবেন, ও তাঁহার সেই বয়স না হওন পর্য্যন্ত ঐ টাকার সুদ জমা করিতে হইবে। এবিয়টের মরণ অবধি সেই চরমদানে ব্রৌণের স্বত্ব স্থির হয়, এবং তাহার সুদের মধ্যে যাহা তাঁহার ভরণপোষণ ও বিদ্যোপার্জ্জনার্থে প্রয়োগ্য না হয় তাহা জমা করা যায়, কিন্তু চরমপত্রের আদেশ সেই জমা করিবার কারণ নয়, ব্রৌণের অপ্রাপ্তব্যবহারাবস্থা তাহার কারণ ইতি।

[Bequest to religious or charitable uses.]

CV. No man having a nephew or niece or any nearer relative shall have power to bequeath any property to religious or charitable uses, except by a Will executed not less than twelve months before his death, and deposited, within six months from its execution, in some place provided by law for the safe custody of the Wills of living persons.

[ধর্ম্মার্থ ও সাধারণের হিতার্থ চরমদানের কথা।]

১০৫ ধারা। যাহার ভ্রাতুষ্পুত্র কি ভ্রাতুষ্পুত্রী কিম্বা ভাগিনেয় কি ভাগিনেয়ী কিম্বা তদপেক্ষা নিকটবর্ত্তী কোন জ্ঞাতি আছে, এমত কোন ব্যক্তি মরণের অন্যূন বারো মাস পূর্ব্বে চরমপত্রে দস্তখৎ করিয়া জীবৎ লোকদের চরমপত্র নির্ব্বিঘ্নে রক্ষা করিবার জন্যে যে স্থান আইনের বিধানমতে নিরূপিত, এমত কোন স্থানে ঐ দস্তখৎ করণাবধি ছয় মাসের মধ্যে তাহা গচ্ছিত করিয়া ধর্ম্ম কিম্বা সাধারণের হিত সম্পর্কীয় প্রয়োগার্থে চরমবিধানদ্বারা সম্পত্তি দান করিলে করিতে পারেন, কিন্তু তদ্ভিন্ন অন্য কোন মতে তাহা করিতে ক্ষমতাপন্ন হইবেন না।

*Illustration.*

A having a nephew makes a bequest by a Will not executed nor deposited as required—

For the relief of poor people;
For the maintenance of sick soldiers;
For the erection or support of a hospital;
For the education and preferment of orphans;
For the support of scholars;
For the erection or support of a school;
For the building and repairs of a bridge;
For the making of roads;

উদাহরণ।

(ক) এবিয়টের এক জন ভ্রাতুষ্পুত্র কি ভাগিনেয় আছে। তিনি চরমপত্র করেন, কিন্তু আইনের বিধানানুসারে তাহাতে দস্তখৎ করেন না ও তাহা গচ্ছিত করেন না। সেই চরমপত্রদ্বারা তিনি নিম্নলিখিত মতের চরমদান করেন, অর্থাৎ—

দরিদ্র লোকদের উপকারার্থে।
রোগি সৈন্যদের প্রতিপালনার্থে।
কোন চিকিৎসালয় নির্ম্মাণ কি তাহার কার্য্যনির্ব্বাহার্থে।
অনাথ বালকদের শিক্ষাদান ও কর্ম্ম প্রাপ্ত্যর্থে।
বিদ্যার্থিদের প্রতি পালনার্থে।
কোন পাঠশালার নির্ম্মাণ কি কার্য্যনির্ব্বাহার্থে।
সাঁকো নির্ম্মাণ ও মেরামৎ করণার্থে।
রাজপথ প্রস্তুত করণার্থে।

For the erection or support of a church;

For the repairs of a church;

For the benefit of ministers of religion;

For the formation or support of a public garden.

All these bequests are void.

## PART XIII.

### *Of the Vesting of Legacies.*

[Date of vesting of legacy when payment or possession postponed.]

CVI. Where, by the terms of a bequest, the legatee is not entitled to immediate possession of the thing bequeathed, a right to receive it at the proper time shall, unless a contrary intention appears by the Will, become vested in the legatee on the testator's death, and shall pass to the legatee's representatives if he dies before that time and without having received the legacy. And in such cases the legacy is, from the testator's death, said to be vested in interest.

*Explanation.*—An intention that a legacy to any person shall not become vested in interest in him is not to be inferred merely from a provision whereby the payment or possession of the thing bequeathed is postponed, or whereby a prior interest therein is bequeathed to some other person, or whereby the income arising from the fund bequeathed is directed to be accumulated until the time of payment arrives, or from a provision that if a particular event shall happen the legacy shall go over to another person.

*Illustrations.*

(*a*) A bequeaths to B 100 Rupees, to be paid to him at the death of C. On A's death the legacy becomes vested in interest in B, and if he dies before C, his representatives are entitled to the legacy.

(*b*) A bequeaths to B 100 Rupees, to be paid to him upon his attaining the age of 18. On A's death the legacy becomes vested in interest in B.

(*c*) A fund is bequeathed to A for life, and after his death to B. On the testator's death the legacy to B becomes vested in interest in B.

(*d*) A fund is bequeathed to A until B attains the age of 18, and then to B. The legacy to B is vested in interest from the testator's death.

কোন গিরজাঘর নির্ম্মাণ কি তাহার কার্য্যনির্ব্বাহার্থে।

কোন গিরজাঘর মেরামৎ করণার্থে।

ধর্ম্মোপদেশকদের উপকারার্থে।

সর্ব্বসাধারণের বিহারার্থ উদ্যান প্রস্তুত কি রক্ষা করিবার জন্যে।

এই সকল চরমদান অসিদ্ধ ইতি।

## ত্রয়োদশ খণ্ড।

### চরমদান স্থির সম্পর্কের বিষয় হইবার কথা।

[টাকা কি অধিকার পাইবার বিলম্ব হইলে যে তারিখে চরমদান স্থির সম্পর্কের বিষয় হয় তাহার কথা।]

১০৬ ধারা। কোন চরমদানের নিয়মানুসারে যদি তাহার পাত্র একেবারে সেই দত্ত বিষয়ের দখল পাইতে স্বত্ত্ববান না হন, তবে চরমপত্রে তদ্বিপরীত অভিপ্রায় প্রকাশ না পাইলে উপযুক্ত সময়ে সেই বিষয় পাইবার স্বত্ব চরমপত্রকারি ব্যক্তির মরণ অবধি সেই দানের পাত্রের পক্ষে স্থির হইবে. ও সেই দানের পাত্র ঐ চরমদান না পাইয়া উক্ত সময়ের পূর্ব্বে মরিলে তাঁহার সেই স্বত্ব তাঁহার প্রতিনিধিদের প্রতি বর্ত্তিবে। এমত সকল স্থলে সেই চরমদান চরমপত্রকারি ব্যক্তির মরণ অবধি স্থির সম্পর্কের বিষয় বলা যায়।

ব্যাখ্যা। যদ্দ্বারা দত্ত বিষয়ের আদায় কি দখলের বিলম্ব হইবার আদেশ হয়, কি যদ্দ্বারা সেই বিষয়ে অন্য কোন ব্যক্তিকে অগ্রগণ্য সম্পর্ক দত্ত হয়, কি যদ্দ্বারা পরিশোধের সময় উপস্থিত না হওন পর্য্যন্ত দত্ত বিষয়ের উপস্বত্ব জমা করিবার আদেশ হয়, কি যদ্দ্বারা বিশেষ কোন ঘটনার স্থলে অন্য কোন ব্যক্তির প্রতি চরমদান বর্ত্তান যায়, এই২ প্রকারের কোন বিধান থাকিলেও কোন চরমদান তদীয় পাত্রের পক্ষে স্থির সম্পর্কের বিষয় হইতে না দিবার অভিপ্রায় ছিল, হঠাৎ এমত অনুমান করা অকর্ত্তব্য।

উদাহরণ।

(ক) এবিয়ট চরমপত্রদ্বারা ব্রৌণকে এক শত টাকা দিয়া তাহা কার্টরের মরণানন্তর তাঁহাকে দিবার আদেশ করেন। সেই চরমদান এবিয়টের মরণ অবধি ব্রৌণের পক্ষে স্থির সম্পর্কের বিষয় হয়, ও যদি তিনি কার্টরের পূর্ব্বে মরেন, তবে তাঁহার প্রতিনিধিরা সেই চরমদান পাইতে স্বত্ববান হইবেন।

(খ) এবিয়ট চরমপত্রদ্বারা ব্রৌণকে এক শত টাকা দিয়া এই আদেশ করেন যে তাঁহার অষ্টাদশ বৎসর বয়স হইলে তিনি তাহা পাইবেন। সেই চরমদান এবিয়টের মরণ অবধি ব্রৌণের পক্ষে স্থির সম্পর্কের বিষয় হয়।

(গ) কোন চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকা যাবজ্জীবন ভোগার্থে এবিয়টকে ও তাঁহার মরণান্তর ব্রৌণকে দেওয়া যায়। ব্রৌণের পক্ষ সেই চরমদান চরমপত্রকারি ব্যক্তির মরণাবধি ব্রৌণের পক্ষে স্থির সম্পর্কের বিষয় হয়।

(ঘ) কোন চরমবিধানদ্বারাবিশেষ পরিমাণের টাকা ব্রৌণের অষ্টাদশ বৎসর বয়স না হওন পর্য্যন্ত এবিয়টকে ও তৎপরে ব্রৌণকে দেওয়া যায়। ব্রৌণের পক্ষ সেই চরমদান চরমপত্রকারি ব্যক্তির মরণ অবধি স্থির সম্পর্কের বিষয় হয়।

(*e*) A bequeaths the whole of his property to B upon trust to pay certain debts out of the income, and then to make over the fund to C. At A's death the gift to C becomes vested in interest in him.

(*f*) A fund is bequeathed to A, B, and C in equal shares, to be paid to them on their attaining the age of 18 respectively, with a proviso that, if all of them die under the age of 18, the legacy shall devolve upon D. On the death of the testator the shares vest in interest in A, B, and C, subject to be devested in case A, B, and C shall all die under 18, and upon the death of any of them (except the last survivor) under the age of 18, his vested interest passes, so subject, to his representatives.

[Date of vesting when legacy is contingent upon a specified uncertain event.]

CVII. A legacy bequeathed in case a specified uncertain event shall happen does not vest until that event happens. A legacy bequeathed in case a specified uncertain event shall not happen does not vest until the happening of that event becomes impossible. In either case, until the condition has been fulfilled, the interest of the legatee is called contingent.

*Exception.*—Where a fund is bequeathed to any person upon his attaining a particular age, and the Will also gives to him absolutely the income to arise from the fund before he reaches that age, or directs the income, or so much of it as may be necessary, to be applied for his benefit, the bequest of the fund is not contingent.

*Illustrations.*

(*a*) A legacy is bequeathed to D in case A, B, and C shall all die under the age of 18. D has a contingent interest in the legacy until A, B, and C all die under 18, or one of them attains that age.

(*b*) A sum of money is bequeathed to A "in case he shall attain the age of 18," or, "when he shall attain the age of 18." A's interest in the legacy is contingent until the condition shall be fulfilled by his attaining that age.

(ঙ) এবিয়েট চরমপত্রদ্বারা আপনার সর্ব্বস্ব ন্যাসের বিষয়রূপে ব্রোণকে দিয়া তাহার উপস্বত্বহইতে বিশেষ২ ঋণ পরিশোধ করিবার ও মূলধন কার্টরকে দিবার আদেশ করেন। কার্টরের পক্ষ সেই দান এবিয়েটের মরণাবধি স্থির সম্পর্কের বিষয় হয়।

(চ) কোন চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকা সমান২ অংশে বিভক্ত করিবার অভিপ্রায়ে আল-বর্ট ও বেঞ্জামিন ও চার্লসকে দেওয়া যায়, ফলতঃ তাঁহারা প্রত্যেকে অষ্টাদশ বৎসর বয়স্ক হইলে আপন২ অংশ পাইবেন। কিন্তু সেই দানের এক উপনিয়ম এই যে তাঁহারা সকলে যদি অষ্টাদশ বৎসর বয়স্ক না হইয়া মরেন, তবে সেই চরমদান ডেবিডের প্রতি বর্ত্তিবে। ইহাতে চরমপত্রকারি ব্যক্তির মরণ অবধি সেই দানের তিন অংশ আলবর্ট ও বেঞ্জামিন ও চার্লসের পক্ষে স্থির সম্পর্কের বিষয় হয়, কিন্তু আলবর্ট ও বেঞ্জামিন ও চার্লস তিন জনে যদি অষ্টাদশ বৎসর বয়স্ক না হইয়া মরেন, তাহা হইলে সেই তিন অংশ হীনসম্পর্ক হইবে, ও উক্ত তিন জনের মধ্যে সর্ব্বাপেক্ষা দীর্ঘজীবি এক জন ভিন্ন আর এক জন অষ্টাদশ বর্ষ বয়স্ক না হইয়া মরিলে তাঁহার স্থির সম্পর্ক সেই নিয়মের অধীনে তাঁহার প্রতিনিধিদের প্রতি বর্ত্তিবে ইতি।

[অনিশ্চিত কোন ঘটনাবিশেষের অধীনে যে চরম-দান করা যায় তাহা যে তারিখে স্থির স্বত্বের বিষয় হইবে তাহার কথা।]

১০৭ ধারা। অনিশ্চিত কোন বিশেষ ঘটনা হইবার অধীনে যে চরমদান করা যায়, তাহা সেই ঘটনা না হওন পর্য্যন্ত স্থির স্বত্বের বিষয় হইবে না। ও যে চরমদান অনিশ্চিত কোন বিশেষ ঘটনা না হইবার অধীনে করা যায়, তাহা সেই ঘটনা হইবার সম্ভাবনা নিতান্ত লুপ্ত না হওন পর্য্যন্ত স্থির স্বত্বের বিষয় হইবে না। এই দুই স্থলে যাবৎ দানের নিয়ম সাধন না হয়, তাবৎ দানের পাত্রের যে সম্পর্ক তাহা ঘটনাধীন বলা যায়।

বর্জ্জিত স্থল। চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকা কোন ব্যক্তির বিশেষ বয়স প্রাপ্ত হইবার অধীনে তাহাকে দেওয়া গেলে যদি সেই চরমপত্রদ্বারা ঐ বয়স প্রাপ্ত হইবার পূর্ব্বেও অপরিচ্ছিন্নরূপে সেই টাকার উপস্বত্ব দেওয়া যায়, কিম্বা তাহার উপকারার্থে সেই উপস্বত্ব কি তাহার প্রয়োজনীয় অংশ প্রয়োগ করিবার আদেশ করা যায়, তবে সেই টাকা বিষয়ক চরমদান ঘটনাধীন দান নয়।

উদাহরণ।

(ক) কোন চরমবিধানের এই নিয়ম আছে যে আল-বর্ট ও বেঞ্জামিন ও চার্লস এই তিন জন যদি সকলে অষ্টাদশ বর্ষ বয়স্ক না হইয়া মরেন, তবে ডেবিড চরমদান পাইবেন। ইহাতে যাবৎ আলবর্ট ও বেঞ্জামিন ও চার্লস এই তিন জন সকলে অষ্টাদশ বর্ষের ন্যূন বয়সে না মরেন কিম্বা তাঁহাদের এক জন অষ্টাদশ বর্ষ বয়স্ক না হন, তাবৎ সেই চরমদানে ডেবিডের স্বত্ব ঘটনাধীন থাকে।

(খ) কোন চরমবিধান দ্বারা বিশেষ পরিমাণের টাকা এবিয়েটকে এই নিয়মে দেওয়া যায়, যে তিনি অষ্টাদশ বৎসর বয়স্ক হইলে সেই টাকা পাইবেন। এই চরমদানের নিয়মের সাধন অর্থাৎ এবিয়েটের অষ্টাদশ বৎসর বয়ঃপ্রাপ্তি যাবৎ না হয়, তাবৎ চরম-দানে তাঁহার সম্পর্ক ঘটনাধীন

(c) An estate is bequeathed to A for life, and after his death to B, if B shall then be living, but if B shall not be then living, to C. A, B, and C survive the testator. B and C each take a contingent interest in the estate until the event which is to vest it in one or in the other shall have happened.

(গ) চরমপত্রদ্বারা কোন মহাল যাবজ্জীবন ভোগার্থে এবিয়টকে, ও তাঁহার মরণকালে ব্রৌণ জীবৎ থাকিলে ব্রৌণকে, ও ব্রৌণ তৎকালে জীবৎ না থাকিলে কার্টরকে দেওয়া যায়। এবিয়ট ও ব্রৌণ ও কার্টর সকলে চরমপত্রকারি ব্যক্তির উত্তরজীবী হয়। সেই মহালে হয় ব্রৌণের নয় কার্টরের স্থির সম্পর্ক যে ঘটনাক্রমে জন্মিবে, সেই ঘটনা না হওন পর্য্যন্ত ঐ মহালে তাঁহাদের দুই জনের সম্পর্ক ঘটনাধীন।

(d) An estate is bequeathed as in the case last supposed. B dies in the lifetime of A and C. Upon the death of B, C acquires a vested right to obtain possession of the estate upon A's death.

(ঘ) চরমবিধানদ্বারা পূর্ব্বের কল্পিত স্থলের নির্দ্দিষ্ট নিয়মানুসারে কোন মহাল দেওয়া যায়। ব্রৌণ এবিয়টের ও কার্টরের জীবৎকালে মরেন। এবিয়টের মরণানন্তর সেই মহালের অধিকারী হইবার স্বত্ব ব্রৌণের মৃত্যু হওনাবধি কার্টরের পক্ষে স্থির হয়।

(e) A legacy is bequeathed to A when she shall attain the age of 18, or shall marry under that age with the consent of B, with a proviso that if she shall not attain 18, or marry under that age with B's consent, the legacy shall go to C. A and C each take a contingent interest in the legacy. A attains the age of 18. A becomes absolutely entitled to the legacy although she may have married under 18 without the consent of B.

(ঙ) এন্নীর পক্ষে এই নিয়মের অধীনে চরমদান করা যায় যে তিনি অষ্টাদশ বর্ষ বয়স্কা হইলে কিম্বা সেই বয়সের পূর্ব্বে ব্রৌণের অনুমতি লইয়া বিবাহিতা হইলে সেই টাকা পাইবেন, কিন্তু যদি তাঁহার আঠার বৎসর বয়স না হয়, কিম্বা সেই বয়সের পূর্ব্বে তিনি ব্রৌণের অনুমতি লইয়া বিবাহিতা না হন, তবে চার্লস সেই চরমদান পাইবেন। এই চরমদানে এন্নী ও চার্লস উভয়ের সম্পর্ক ঘটনাধীন। পরে এন্নী আঠার বৎসর বয়স্কা হন। ইহাতে সেই চরমদানে অপরিচ্ছিন্ন স্বত্ব তাঁহার প্রতি বর্ত্তে। আঠার বৎসরের পূর্ব্বে ব্রৌণের অনুমতি বিনা তাঁহার বিবাহ হইলেও সেই স্বত্বের কোন বাধা হয় না।

(f) An estate is bequeathed to A until he shall marry, and after that event to B. B's interest in the bequest is contingent until the condition shall be fulfilled by A's marrying.

(চ) কোন চরমপত্রদ্বারা কোন মহাল এবিয়টের বিবাহ না হওন পর্য্যন্ত তাঁহাকে, ও তৎপরে ব্রৌণকে দেওয়া যায়। ইহাতে যদবধি এবিয়টের বিবাহদ্বারা নিয়মের সাধন না হয়, তদবধি সেই চরমদানে ব্রৌণের সম্পর্ক ঘটনাধীন।

(g) An estate is bequeathed to A until he shall take advantage of the Act for the Relief of Insolvent Debtors, and after that event to B. B's interest in the bequest is contingent until A takes advantage of the Act.

(ছ) এবিয়ট যাবৎ যোত্রহীন অধমর্ণদিগের উপকারার্থে আইনের আশ্রয় না লন, তাবৎ কোন মহাল চরমবিধানদ্বারা এবিয়টকে, ও তৎপরে ব্রৌণকে দেওয়া যায়। ইহাতে এবিয়ট যাবৎ উক্ত আইনের আশ্রয় না লন, তাবৎ সেই চরমদানে ব্রৌণের সম্পর্ক ঘটনাধীন।

(h) An estate is bequeathed to A if he shall pay 500 Rupees to B. A's interest in the bequest is contingent until he has paid 500 Rupees to B.

(জ) কোন চরমবিধানদ্বারা এই আদেশ করা যায় যে এবিয়ট যদি ব্রৌণকে পাঁচ শত টাকা দেন, তবে অমুক মহাল পাইবেন। ইহাতে এবিয়ট যাবৎ ব্রৌণকে সেই পাঁচ শত টাকা না দেন, তাবৎ ঐ চরমদানে তাঁহার সম্পর্ক ঘটনাধীন।

(i) A leaves his farm of Sultânpur Khurd to B if B shall convey his own farm of Sultânpur Buzurg to C. B's interest in the bequest is contingent until he has conveyed the latter farm to C.

(ঝ) এবিয়টের চরমপত্রের আদেশ এই যে ব্রৌণ আপনার সুলতানপুর বুসর্গ নামক তালুক হস্তান্তর করিয়া কার্টরকে দিলে তিনি আমার সুলতানপুর খোর্দ্দ তালুক পাইবেন। ইহাতে ব্রৌণ যাবৎ সেই প্রথমোক্ত তালুক হস্তান্তর করিয়া কার্টরকে না দেন, তাবৎ ঐ চরমদানে তাঁহার সম্পর্ক ঘটনাধীন।

(j) A fund is bequeathed to A if B shall not marry C within five years after the testator's death. A's interest in the legacy is contingent until the condition shall be fulfilled by the expiration of the five years without B's having married C, or by the occurrence, within that period, of an event which makes the fulfilment of the condition impossible.

(ঞ) কোন চরমবিধানদ্বারা এই আদেশ করা যায়, যে চরমপত্রকারি ব্যক্তির মরণ অবধি পাঁচ বৎসরের মধ্যে যদি বেঞ্জামিন সারলটকে বিবাহ না করেন, তবে বিশেষ পরিমাণের টাকা আলবর্টের প্রতি বর্ত্তিবে। ইহাতে বেঞ্জামিন সারলটকে বিবাহ না করিতে পাঁচ বৎসর অতীত হওনেতে যাবৎ সেই নিয়মের সাধন না হয়, কিম্বা সেই নিয়মের সাধন যদ্দ্বারা অসাধ্য হয় এমত কোন ঘটনা সেই পাঁচ বৎসরের মধ্যে যাবৎ না হয়, তাবৎ সেই চরমদানে আলবর্টের সম্পর্ক ঘটনাধীন।

(*k*) A fund is bequeathed to A if B shall not make any provision for him by Will. The legacy is contingent until B's death.

(ট) কোন চরমবিধানদ্বারা এই আদেশ করা যায় যে ব্রোণ আপনার চরমপত্রদ্বারা এবিয়টের প্রতিপালনের উপায় না করিলে বিশেষ পরিমাণের টাকা এবিয়টকে দিতে হইবে। ইহাতে ব্রোণের মরণকাল পর্য্যন্ত সেই চরমদান ঘটনাধীন থাকে।

(*l*) A bequeaths to B 500 Rupees a year upon his attaining the age of 18, and directs that the interest, or a competent part thereof, shall be applied for his benefit until he reaches that age. The legacy is vested.

(ঠ) এবিয়ট চরমপত্রদ্বারা এই আদেশ করেন যে ব্রোণ অষ্টাদশ বৎসর বয়স্ক হওনানন্তর বার্ষিক পাঁচ শত টাকা পাইবেন, ও যাবৎ তাঁহার তত বয়স না হয় তাবৎ ঐ টাকার উপস্বত্ব কি তাহার উপযুক্ত অংশ তাঁহার উপকারার্থে প্রয়োগ করিতে হইবে। সেই চরমদান স্থির স্বত্বের বিষয়।

(*m*) A bequeaths to B 500 Rupees when he shall attain the age of 18, and directs that a certain sum out of another fund shall be applied for his maintenance until he arrives at that age. The legacy is contingent.

(ড) এবিয়ট চরমপত্রদ্বারা এই আদেশ করেন যে ব্রোণের অষ্টাদশ বৎসর বয়স হইলে তিনি পাঁচ শত টাকা পাইবেন, ও যাবৎ তাঁহার তত বৎসর বয়স না হয় তাবৎ অন্য তহবিলহইতে বিশেষ পরিমাণের টাকা তাঁহার প্রতিপালনার্থে প্রয়োগ করিতে হইবে। এই চরমদান ঘটনাধীন ইতি।

[Vesting of interest in a bequest to such members of a class as shall have attained a particular age.]

[কোন জনশ্রেণীর বিশেষ বয়ঃপ্রাপ্ত অংশিদের পক্ষে যে চরমদান হয় তাহা স্থির সম্পর্কের বিষয় হইবার কথা।]

CVIII. Where a bequest is made only to such members of a class as shall have attained a particular age, a person who has not attained that age cannot have a vested interest in the legacy.

১০৮ ধারা। কোন বিশেষ জনশ্রেণীর মধ্যে যে ব্যক্তিরা বিশেষ বয়ঃপ্রাপ্ত হয়, কেবল তাহাদের পক্ষে চরমদান করা গেলে ঐ চরমদানে স্থির সম্পর্ক সেই বয়স অপ্রাপ্ত কোন লোকের হইতে পারিবে না।

*Illustration.*

A fund is bequeathed to such of the children of A as shall attain the age of 18, with a direction that while any child of A shall be under the age of 18 the income of the share to which, it may be presumed, he will be eventually entitled shall be applied for his maintenance and education. No child of A who is under the age of 18 has a vested interest in the bequest.

উদাহরণ।

(ক) কোন চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকার বিষয়ে এই আদেশ করা যায় যে এবিয়টের যত সন্তান অষ্টাদশ বৎসর বয়স্ক হইবে সেই সকল সন্তানকে ঐ টাকা দেওয়া যাইবে, ও এবিয়টের সন্তানদের মধ্যে যে ব্যক্তি শেষে যে অংশ পাইবে তাহার অষ্টাদশ বৎসর বয়স না হওন পর্য্যন্ত সেই অংশের উপস্বত্ব তাহার প্রতিপালনে ও বিদ্যোপার্জ্জনে প্রয়োগ করিতে হইবে। ইহাতে এবিয়টের যে কোন সন্তানের অষ্টাদশ বৎসর বয়স হয় নাই, তাহার সেই চরমদানে স্থির সম্পর্ক নাই ইতি।

## PART XIV.

## চতুর্দ্দশ খণ্ড।

### *Of Onerous Bequests.*

### ভারযুক্ত চরমদানের কথা।

[Onerous bequest.]

[ভারযুক্ত চরমদান কি তাহার কথা।]

CIX. Where a bequest imposes an obligation on the legatee, he can take nothing by it unless he accepts it fully.

১০৯ ধারা। চরমদানের পাত্র কোন বিশেষ কর্ম্ম করিতে চরমদানের বলে বদ্ধ হইলে যদি তাহা অবিকল গ্রাহ্য না করেন, তবে তাহার বলে কিছুই পাইতে পারিবেন না।

*Illustration.*

A having shares in (X) a prosperous joint stock company and also shares in (Y) a joint stock company in difficulties, in respect of which shares heavy calls are expected to be made, bequeaths to B all his shares in joint stock companies. B refuses to accept the shares in (Y). He forfeits the shares in (X).

উদাহরণ।

(ক) চিত্রপুরের শ্রীমান এক জাইণ্ট-ষ্টাক কোম্পানি, এবং যাহা চালাইবার নিমিত্তে শ্যার ভারির কিস্তি চাহিবার সম্ভাবনা আছে, রঘুপুরের শ্রীহীন এমত আর এক জাইণ্ট-ষ্টাক কোম্পানি, এই দুই কোম্পানির কএক শ্যার এবিয়টের আছে। তিনি চরমপত্রদ্বারা আপনার যাবদীয় জাইণ্ট-ষ্টাক কোম্পানির শ্যার ব্রোণকে দান করেন। ব্রোণ রঘুপুরের শ্যার লইতে অস্বীকার করেন। ইহাতে চিত্রপুরের শ্যার লইতে তাঁহার অধিকার নষ্ট হয় ইতি।

[One of two separate and independent bequests to same person may be accepted, and the other refused.]

CX. Where a Will contains two separate and independent bequests to the same person, the legatee is at liberty to accept one of them and refuse the other, although the former may be beneficial and the latter onerous.

*Illustration.*

A having a lease for a term of years of a house at a rent which he and his representatives are bound to pay during the term, and which is higher than the house can be let for, bequeaths to B the lease and a sum of money. B refuses to accept the lease. He shall not by this refusal forfeit the money.

## Part XV.

### *Of Contingent Bequests.*

[Bequests contingent upon a specified uncertain event, no time being mentioned for its occurrence.]

CXI. Where a legacy is given if a specified uncertain event shall happen, and no time is mentioned in the Will for the occurrence of that event, the legacy cannot take effect unless such event happens before the period when the fund bequeathed is payable or distributable.

*Illustrations.*

(*a*) A legacy is bequeathed to A, and in case of his death to B. If A survives the testator the legacy to B does not take effect.

(*b*) A legacy is bequeathed to A, and in case of his death without children, to B. If A survives the testator or dies in his lifetime leaving a child, the legacy to B does not take effect.

(*c*) A legacy is bequeathed to A when and if he attains the age of 18, and in case of his death, to B. A attains the age of 18. The legacy to B does not take effect.

(*d*) A legacy is bequeathed to A for life, and after his death to B, and "in case of B's death without children," to C. The words "in case of B's death without children" are to be understood as meaning in case B shall die without children during the lifetime of A.

(*e*) A legacy is bequeathed to A for life, and after his death to B, and "in case of B's death," to C. The words "in case of B's death" are to be considered as meaning "in case B shall die in the lifetime of A."

[এক ব্যক্তির পক্ষ ভিন্ন২ স্বতন্ত্র দুই চরমদানের একটা গ্রাহ্য, অন্যটা অগ্রাহ্য করা যাইতে পারে ইহার কথা।

১১০ ধারা। কোন চরমপত্রে যদি এক ব্যক্তির পক্ষে ভিন্ন২ স্বতন্ত্র দুই চরমদান থাকে, তবে একটা হিতজনক ও অন্যটা ভারযুক্ত হইলেও সেই দানের পাত্র তাহার একটা গ্রাহ্য করিতেও অন্যটা অগ্রাহ্য করিতে ক্ষমতাপন্ন হইবেন।

উদাহরণ।

(ক) এবিয়ট বিশেষ মিয়াদের নিমিত্তে এক ঘর ভাড়া লইয়া যে ভাড়া দিতে স্বীকার করেন তাহা তিনি ও তাঁহার প্রতিনিধিরা দিতে বদ্ধ আছেন, কিন্তু সেই বাটীর জন্যে অন্য প্রজার নিকটে তত ভাড়া পাওয়া যাইতে পারে না। এবিয়ট চরমপত্রদ্বারা সেই বাটীর ভাড়াপত্র ও বিশেষ পরিমাণের টাকা ব্রৌণকে দেন। ব্রৌণ সেই ভাড়াপত্র লইতে অস্বীকার করেন, অস্বীকার করাতে ঐ টাকা পাইতে তাঁহার অধিকর নষ্ট হয় না ইতি।

## পঞ্চদশ খণ্ড।

### ঘটনাধীন চরমদানের কথা।

[অনিশ্চিত কোন বিশেষ ঘটনার অধীনে সেই ঘটনার সময় নির্দ্দিষ্ট না করিয়া যে চরমদান করা যায় তাহার কথা।]

১১১ ধারা। অনিশ্চিত কোন বিশেষ ঘটনা হইবার অধীনে কোন চরমদান করা গেলে যদি সেই ঘটনার সময় চরমপত্রে নির্দ্দিষ্ট না থাকে, তবে দত্ত টাকা পরিশোধ কি অংশ করিবার উপযুক্ত সময়ের পূর্ব্বে সেই ঘটনা না হইলে চরমদান ফলবৎ হইতে পারিবে না।

উদাহরণ।

(ক) কোন চরমদান এবিয়টকে, অথবা তিনি মরিলে ব্রৌণকে দেওয়া যায়। ইহাতে এবিয়ট যদি চরমপত্রকারি ব্যক্তির উত্তরজীবী হন, তবে ব্রৌণের পক্ষ সেই চরমদান ফলবৎ হইবে না।

(খ) কোন চরমদান এবিয়টকে, অথবা তিনি নিঃসন্তান হইয়া মরিলে ব্রৌণকে দেওয়া যায়। ইহাতে যদি এবিয়ট চরমপত্রকারি ব্যক্তির উত্তরজীবী হন কিম্বা তাঁহার জীবৎকালে সন্তান রাখিয়া মরেন, তবে ব্রৌণের পক্ষ সেই চরমদান ফলবৎ হইবে না।

(গ) কোন চরমদানের নিয়ম এই যে এবিয়ট অষ্টাদশ বৎসর বয়স্ক হইলে তাহা পাইবেন, অথবা তিনি মরিলে ব্রৌণ তাহা পাইবেন। এবিয়ট অষ্টাদশ বৎসর বয়স প্রাপ্ত হন, সুতরাং ব্রৌণের পক্ষ সেই চরমদান ফলবৎ হয় না।

(ঘ) কোন চরমদান যাবজ্জীবন ভোগার্থে এবিয়টকে, ও তাঁহার মরণান্তর বেকরকে, অথবা বেকর নিঃসন্তান হইয়া মরিলে কার্টরকে দেওয়া যায়। ইহাতে "বেকর নিঃসন্তান হইয়া মরিলে" এই কথার অর্থ এই, যথা, যদি এবিয়টের জীবৎকালে বেকর নিঃসন্তান হইয়া মরেন।

(ঙ) কোন চরমদানের নিয়ম এই যে তাহা যাবজ্জীবন ভোগার্থে এবিয়টকে, ও তাঁহার মরণানন্তর বেকরকে, অথবা বেকরের মৃত্যু হইলে কার্টরকে দেওয়া যায়। ইহাতে "বেকরের মৃত্যু হইলে" এই কথার অর্থ এই, যথা, এবিয়টের জীবৎকালে যদি বেকর মরেন।

[Bequests to such of certain persons as shall be surviving at some period not specified.]

[বিশেষ ব্যক্তিদের মধ্যে যাঁহারা অনিরূপিত কোন সময়ে জীবৎ থাকিবেন তাঁহাদের পক্ষে যে চরমদান করা যায় তাহার কথা।]

CXII. Where a bequest is made to such of certain persons as shall be surviving at some period, but the exact period is not specified, the legacy shall go to such of them as shall be alive at the time of payment or distribution, unless a contrary intention appear by the Will.

১১২ ধারা। যে সময় সূক্ষ্মরূপে নিরূপিত নয় এমত সময়ে বিশেষ ব্যক্তিদের মধ্যে যাহারা জীবৎ থাকিবে তাহাদের পক্ষে চরমদান করা গেলে, যদি চরমপত্রে বিপরীত অভিপ্রায় প্রকাশ না পায়, তবে তাহাদের মধ্যে যাহারা পরিশোধ কি অংশ করণের সময়ে জীবৎ থাকিবে সেই চরমদান তাহাদের প্রতি বর্ত্তিবে।

*Illustrations.*

উদাহরণ।

(*a*) Property is bequeathed to A and B, to be equally divided between them, or to the survivor of them. If both A and B survive the testator, the legacy is equally divided between them. If A dies before the testator, and B survives the testator, it goes to B.

(ক) আলবর্টের ও বেঞ্জামিনের পক্ষে চরমদান করা যায়। তদ্বিষয়ক নিয়ম এই যে সমান২ অংশ করিয়া সেই সম্পত্তি তাহাদিগকে দিতে হইবে, নতুবা তাহাদের মধ্যে যে ব্যক্তি অন্যের উত্তরজীবী সে তাহা পাইবে। ইহাতে যদি আলবর্ট ও বেঞ্জামিন উভয়ে সেই চরমপত্রকারি ব্যক্তির উত্তরজীবী হয়, তবে সমান২ অংশ করিয়া তাহাদের মধ্যে সেই চরমদান বিভাগ করিতে হইবে। আলবর্ট চরমপত্রকারি ব্যক্তির পূর্ব্বে মরিলে যদি বেঞ্জামিন সেই ব্যক্তির উত্তরজীবী হয়, তবে চরমদান বেঞ্জামিনের প্রতি বর্ত্তিবে।

(*b*) Property is bequeathed to A for life, and after his death to B and C, to be equally divided between them, or to the survivor of them. B dies during the life of A; C survives A. At A's death the legacy goes to C.

(খ) কোন চরমবিধানদ্বারা কোন সম্পত্তি যাবজ্জীবন ভোগার্থে আলবর্টকে, ও তাহার মরণানন্তর সমান২ অংশ লইবার নিয়মে বেঞ্জামিনকে ও চার্লসকে, নতুবা তাহাদের মধ্যে যে ব্যক্তি অন্যের উত্তরজীবী তাহাকে দেওয়া যায়। আলবর্ট জীবৎ থাকিতে বেঞ্জামিনের মৃত্যু হয়। চার্লস আলবর্টের উত্তরজীবী হয়। আলবর্টের মরণানন্তর সেই চরমদান চার্লসের প্রতি বর্ত্তিবে।

(*c*) Property is bequeathed to A for life, and after his death to B and C, or the survivor, with a direction that if B should not survive the testator, his children are to stand in his place. C dies during the life of the testator; B survives the testator, but dies in the lifetime of A. The legacy goes to the representative of B.

(গ) চরমবিধানদ্বারা কোন সম্পত্তি যাবজ্জীবন ভোগার্থে এবিয়টকে, ও তাঁহার মরণানন্তর ব্রৌণকে ও কার্টরকে, কিম্বা তাহাদের যে ব্যক্তি অন্যের উত্তরজীবী তাহাকে দেওয়া যায়, কিন্তু তদ্বিষয়ক এক আদেশ এই যে চরমপত্রকারি ব্যক্তির পূর্ব্বে যদি ব্রৌণ মরে, তবে তাহার সন্তানেরা তাহার প্রতিনিধিরূপে গণ্য হইবে। চরমপত্রকারি ব্যক্তি জীবৎ থাকিতে কার্টর মরে। ব্রৌণ সেই ব্যক্তির উত্তরজীবী হয়, কিন্তু এবিয়টের জীবৎকালে মরে। সেই চরমদান ব্রৌণের প্রতিনিধিদের প্রতি বর্ত্তিবে।

(*d*) Property is bequeathed to A for life, and after his death to B and C, with a direction that in case either of them dies in the lifetime of A the whole shall go to the survivor. B dies in the lifetime of A. Afterwards C dies in the lifetime of A. The legacy goes to the representative of C.

(ঘ) চরমবিধানদ্বারা কোন সম্পত্তি যাবজ্জীবন ভোগার্থে এবিয়টকে, ও তাঁহার মরণানন্তর বেকর ও কার্টরকে দেওয়া যায়, এবং তদ্বিষয়ক আদেশ এই যে যদি তাহাদের এক জন এবিয়টের জীবৎকালে মরে, তবে অন্য জন সমস্তই পাইবে। বেকর এবিয়টের জীবৎকালে মরে। পরে কার্টরও এবিয়টের জীবৎকালে মরে। তথাপি সেই চরমদান কার্টরের প্রতিনিধির প্রতি বর্ত্তিবে ইতি।

## PART XVI.

## ষোড়শ খণ্ড।

### *Of Conditional Bequests.*

### পণাধীন চরমদানের কথা।

[Bequest upon impossible condition.]

[অসাধনীয় পণের অধীন চরমদানের কথা।]

CXIII. A bequest upon an impossible condition is void.

১১৩ ধারা। যে চরমদান অসাধনীয় কোন পণের উপর নির্ভর করে তাহা অসিদ্ধ।

*Illustrations.*

উদাহরণ।

(*a*) An estate is bequeathed to A on condition that he shall walk one hundred miles in an hour. The bequest is void.

(ক) কোন চরমবিধানদ্বারা এক ঘণ্টার মধ্যে এক শত মাইল পর্য্যন্ত হাঁটিয়া যাইবার পণে কোন মহাল এবিয়টকে দেওয়া যায়। সেই চরমদান অসিদ্ধ।

(*b.*) A bequeaths 500 Rupees to B on condition that he shall marry A's daughter. A's daughter was dead at the date of the Will. The bequest is void.

(খ) কোন চরমবিধানদ্বারা এবিয়টের কন্যাকে বিবাহ করিবার পণে বেকরকে পাঁচ শত টাকা দেওয়া যায়। চরমপত্রের তারিখের পূর্ব্বে এবিয়টের কন্যার মৃত্যু হইয়াছিল। সেই চরমদান অসিদ্ধ ইতি।

[Bequest upon illegal or immoral condition.]

[ব্যবস্থাবিরুদ্ধ কি ঔচিত্যবিরুদ্ধ পণের অধীন চরমদানের কথা।]

**CXIV.** A bequest upon a condition the fulfilment of which would be contrary to law or to morality is void.

১১৪ ধারা। যে পণের সাধন ব্যবস্থাবিরুদ্ধ কি ঔচিত্যবিরুদ্ধ, এমত পণের উপরে নির্ভরকারি চরমদান অসিদ্ধ।

*Illustration.*

(*a*) A bequeaths 500 Rupees to B on condition that he shall murder C. The bequest is void.

(*b*) A bequeaths 5,000 Rupees to his niece if she will desert her husband. The bequest is void.

উদাহরণ।

(ক) এবিয়ট চরমবিধানদ্বারা পাঁচ শত টাকা কার্টিরকে বধ করিবার পণে বেকরকে দেন। সেই চরমদান অসিদ্ধ।

(খ) এবিয়ট চরমবিধানদ্বারা পাঁচ সহস্র টাকা স্বামিকে পরিত্যাগ করিবার পণে আপনার ভাগিনেয়ীকে দেন। সেই চরমদান অসিদ্ধ ইতি।

[Fulfilment of condition precedent to the vesting of a legacy.]

[চরমদান স্থির স্বত্বের বিষয় হইবার অগ্রে পণপালনের কথা।]

**CXV.** Where a Will imposes a condition to be fulfilled before the legatee can take a vested interest in the thing bequeathed, the condition shall be considered to have been fulfilled if it has been substantially complied with.

১১৫ ধারা। অগ্রে কোন বিশেষ পণ পালন না করিলে চরমদানে তদীয় পাত্রের স্থির সম্পর্ক হইতে পারিবে না, এমত আদেশ যদি চরমপত্রে থাকে, তবে সেই পণের সারভাব পালন করিলে তাহা পালন করা গেল এমত জ্ঞান হইবে।

*Illustrations.*

(*a*) A legacy is bequeathed to A on condition that he shall marry with the consent of B, C, D, and E. A marries with the written consent of B. C is present at the marriage. D sends a a present to A previous to the marriage. E has been personally informed by A of his intentions and has made no objection. A has fulfilled the condition.

উদাহরণ।

(ক) কোন চরমবিধানের আদেশ এই যে এবিয়ট যদি ব্রৌণ ও কার্টির ও ডড ও এল্লিস এই চারি জনের সম্মতি লইয়া বিবাহ করেন, তবে বিশেষ চরমদান তাঁহার প্রতি বর্ত্তিবে। এবিয়ট ব্রৌণের লিখিত সম্মতি লইয়া বিবাহ করেন। কার্টির বিবাহকালে উপস্থিত হন। ডড বিবাহের পূর্ব্বে এবিয়টকে উপঢৌকন পাঠান। এল্লিস এবিয়টের প্রমুখাৎ তাঁহার বিবাহ বিষয়ক মনস্থ শুনিয়া তাহাতে কোন আপত্তি করেন নাই। ইহাতে এবিয়ট সেই পণ পালন করিয়াছেন।

(*b*) A legacy is bequeathed to A on condition that he shall marry with the consent of B, C, and D. D dies. A marries with the consent of B and C. A has fulfilled the condition.

(খ) কোন চরমবিধানদ্বারা এই আদেশ করা যায়, যে এবিয়ট যদি বেকর ও কার্টির ও ডড ইহাদের সম্মতি লইয়া বিবাহ করেন, তবে বিশেষ চরমদান পাইবেন। ডডের মৃত্যু হয়। পরে এবিয়ট বেকরের ও কার্টিরের সম্মতি লইয়া বিবাহ করেন। এবিয়ট সেই পণ পালন করিয়াছেন।

(*c*) A legacy is bequeathed to A on condition that he shall marry with the consent of B, C, and D. A marries in the lifetime of B, C, and D with the consent of B and C only. A has not fulfilled the condition.

(গ) কোন চরমবিধানের আদেশ এই যে এবিয়ট যদি বেকর ও কার্টির ও ডড ইহাদের সম্মতি লইয়া বিবাহ করেন, তবে বিশেষ চরমদান পাইবেন। বেকর ও কার্টির ও ডড জীবৎ থাকিতে এবিয়ট কেবল বেকরের ও কার্টিরের সম্মতি লইয়া বিবাহ করেন। তিনি সেই পণ পালন করেন নাই।

(*d*) A legacy is bequeathed to A on condition that he shall marry with the consent of B, C, and D. A obtains the unconditional assent of B, C, and D to his marriage with E. Afterwards B, C, and D capriciously retract their consent. A marries E. A has fulfilled the condition.

(ঘ) কোন চরমবিধানের আদেশ এই যে এবিয়ট যদি বেকর ও কার্টির ও ডডের সম্মতি লইয়া বিবাহ করেন, তবে বিশেষ চরমদান পাইবেন। এবিয়ট এমিলীকে বিবাহ করণের বিষয়ে বেকরের ও কার্টিরের ও ডডের অপরিচ্ছিন্ন সম্মতি পান, পশ্চাৎ বেকর ও কার্টির ও ডড চাঞ্চল্য প্রযুক্ত আপনং সম্মতি ব্যর্থ বলিয়া অস্বীকার করেন, তথাপি এবিয়ট এমিলীকে বিবাহ করেন। এবিয়ট সেই পণ পালন করিয়াছেন।

(*e*) A legacy is bequeathed to A on condition that he shall marry with the consent of B, C, and D. A marries without the

(ঙ) কোন চরমবিধানের আদেশ এই যে এবিয়ট যদি বেকর ও কার্টির ও ডডের সম্মতি লইয়া বিবাহ

consent of B, C, and D, but obtains their consent after the marriage. A has not fulfilled the condition.

করেন, তবে বিশেষ চরমদান পাইবেন। এবিয়ট বেকরের ও কার্টরের ও ডডের সম্মতি না লইয়া বিবাহ করেন, কিন্তু বিবাহ হইলে পর তাঁহাদের সম্মতি পান। এবিয়ট সেই পণ পালন করেন নাই।

(*f*) A makes his Will, whereby he bequeaths a sum of money to B if B shall marry with the consent of A's executors. B marries during the lifetime of A, and A afterwards expresses his approbation of the marriage. A dies. The bequest to B takes effect.

(চ) এবিয়ট নিজ চরমপত্রে এই আদেশ করেন যে বেকর যদি আমার অছিদিগের সম্মতি লইয়া বিবাহ করেন, তবে এত টাকা পাইবেন। এবিয়ট জীবৎ থাকিতে বেকর বিবাহ করেন, তৎপশ্চাৎ এবিয়ট বাক্যদ্বারা সেই বিবাহের অনুমোদন করেন। পরে এবিয়ট মরেন। বেকরের পক্ষ ঐ চরমদান ফলবৎ হইবে।

(*g*) A legacy is bequeathed to A if he executes a certain document within a time specified in the Will. The document is executed by A within a reasonable time, but not within the time specified in the Will. A has not performed the condition and is not entitled to receive the legacy.

(ছ) কোন চরমবিধানের আদেশ এই যে চরমপত্রে নিরূপিত বিশেষ সময়ের মধ্যে যদি এবিয়ট কোন বিশেষ নিদর্শনপত্রে দস্তখৎ করেন, তবে চরমদান পাইবেন। এবিয়ট যুক্তিসিদ্ধ সময়ের মধ্যে সেই চরমপত্রে দস্তখৎ করেন বটে, তথাপি চরমপত্রের নিরূপিত সময়ের মধ্যে নয়। তিনি পণ পালন করেন নাই, সুতরাং সেই চরমদান পাইতে স্বত্ববান হন না ইতি।

[Bequest to A, and on failure of the prior bequest to B.]

**CXVI.** Where there is a bequest to one person and a bequest of the same thing to another if the prior bequest shall fail, the second bequest shall take effect upon the failure of the prior bequest, although the failure may not have occurred in the manner contemplated by the testator.

[আলবর্টের পক্ষে যে চরমদান করা যায় তাহা বিফল হইলে বেঞ্জামিনের পক্ষে চরমদান করিবার কথা।]

১১৬ ধারা। যে চরমদানদ্বারা যে বিষয় এক জনকে দেওয়া যায় তাহা বিফল হইলে যদি অন্য চরমদানদ্বারা সেই বিষয় অন্য জনকে দেওয়া যায়, তবে চরমপত্রকারি ব্যক্তি যে প্রকারে ঐ মুখ্য চরমদান বিফল হওয়া সম্ভাবিত জ্ঞান করিয়াছিলেন তদ্ভিন্ন অন্য প্রকারে সেই মুখ্য চরমদান বিফল হইলেও গৌণ চরমদান ফলবৎ হইবে।

*Illustrations.*

(*a*) A bequeaths a sum of money to his own children surviving him, and if they all die under 18, to B. A dies without having ever had a child. The bequest to B takes effect.

উদাহরণ।

(ক) এবিয়ট চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকা আপনার উত্তরজীবি নিজ সন্তানদিগকে, ও যদি তাহারা সকলে আঠারো বৎসর বয়স্ক না হইয়া মরে, তবে বেকরকে দেন। এবিয়টের মরণকালে তাঁহার কোন সন্তান হয় নাই। ইহাতে বেকরের পক্ষ ঐ চরমদান ফলবৎ হয়।

(*b*) A bequeaths a sum of money to B, on condition that he shall execute a certain document within three months after A's death, and if he should neglect to do so, to C. B dies in the testator's lifetime. The bequest to C takes effect.

(খ) এবিয়ট চরমবিধানদ্বারা এই আদেশ করেন যে বেকর যদি আমার মৃত্যু অবধি তিন মাসের মধ্যে কোন বিশেষ নিদর্শনপত্রে দস্তখৎ করেন, তবে বিশেষ চরমদান পাইবেন, যদি না করেন, তবে সেই চরমদান কার্টরের প্রতি বর্ত্তিবে। সেই চরমপত্রকারি ব্যক্তি জীবৎ থাকিতে বেকরের মৃত্যু হয়। কার্টরের পক্ষ সেই চরমদান ফলবৎ হয় ইতি।

[Case in which the second bequest shall not take effect on failure of the first.

**CXVII.** Where the Will shews an intention that the second bequest shall take effect only in the event of the first bequest failing in a particular manner, the second bequest shall not take effect unless the prior bequest fails in that particular manner.

[মুখ্য চরমদান বিফল হইলেও গৌণ চরমদান ফলবৎ হইবে না, এমত স্থলের কথা।]

১১৭ ধারা। মুখ্য চরমদান কেবল বিশেষ কোন প্রকারে বিফল হইলে গৌণ চরমদান ফলবৎ হইবে, এমত অভিপ্রায় যদি চরমপত্রে প্রকাশ পায়, তবে মুখ্য চরমদান সেই বিশেষ প্রকারে বিফল না হইলে গৌণ চরমদান ফলবৎ হইবে না।

*Illustration.*

A makes a bequest to his wife, but in case she should die in his lifetime, bequeaths to B that which he had bequeathed to her. A and his wife perish together under circumstances which make it impossible to prove that she died before him. The bequest to B does not take effect.

উদাহরণ।

এবিয়ট আপন পত্নীর পক্ষে চরমদান করিয়া এই আদেশ করেন যে আমি জীবৎ থাকিতে যদি তাঁহার মৃত্যু হয়, তবে তাঁহাকে যাহা দান করিলাম তাহা বর্থা পাইবেন। এবিয়ট ও তাঁহার পত্নী এক সঙ্গে প্রাণ ত্যাগ করেন, কিন্তু তাঁহার পত্নী তাঁহার অগ্রে মরিয়াছেন কি না ইহার প্রমাণ পাওয়া সেই ঘটনার বিশেষ স্বরূপ প্রযুক্ত অসাধ্য। বর্থার পক্ষ সেই চরমদান ফলবৎ হইবে না ইতি।

[Bequest over, conditional upon the happening or not happening of a specified uncertain event.]

**CXVIII.** A bequest may be made to any person with the condition superadded that in case a specified uncertain event shall happen the thing bequeathed shall go to another person; or, that in case a specified uncertain event shall not happen, the thing bequeathed shall go over to another person. In each case the ulterior bequest is subject to the rules contained in Sections 107, 108, 109, 110, 111, 112, 113, 114, 116, 117.

*Illustrations.*

(*a*) A sum of money is bequeathed to A, to be paid to him at the age of 18, and if he shall die before he attains that age, to B. A takes a vested interest in the legacy, subject to be devested and to go to B in case A shall die under 18.

(*b*) An estate is bequeathed to A with a proviso that if A shall dispute the competency of the testator to make a Will, the estate shall go to B. A disputes the competency of the testator to make a Will. The estate goes to B.

(*c*) A sum of money is bequeathed to A for life, and after his death to B, but if B shall then be dead, leaving a son, such son is to stand in the place of B. B takes a vested interest in the legacy, subject to be devested if he dies leaving a son in A's lifetime.

(*d*) A sum of money is bequeathed to A and B, and if either should die during the life of C, then to the survivor living at the death of C. A and B die before C. The gift over cannot take effect, but the representative of A takes one-half of the money and the representative of B takes the other half.

(*e*) A bequeaths to B the interest of a fund for life, and directs the fund to be divided, at her death, equally among her three children, or such of them as shall be living at her death. All the children of B die in B's lifetime. The bequest over cannot take effect, but the interests of the children pass to their representatives.

[পরের প্রতি বর্ত্তিবার যোগ্য যে চরমদান অনিশ্চিত কোন বিশেষ ঘটনা হইবার কি না হইবার অধীন তাহার কথা।]

১১৮ ধারা। কোন এক ব্যক্তির পক্ষে চরমদান করিলে তাহা এমত নিয়মের অধীন করা যাইতে পারে, যে অনিশ্চিত কোন বিশেষ ঘটনা হইলে ঐ দানের বিষয় অন্য কোন ব্যক্তির প্রতি বর্ত্তিবে, কিম্বা অনিশ্চিত কোন বিশেষ ঘটনা না হইলে ঐ দানের বিষয় অন্য কোন ব্যক্তির প্রতি বর্ত্তিবে। এমত প্রত্যেক স্থলে সেই গৌণ চরমদান ১০৭, ১০৮, ১০৯, ১১০, ১১১, ১১২, ১১৩, ১১৪, ১১৬, ও ১১৭ ধারাতে নির্দ্দিস্ট বিধির অধীন হইবে।

উদাহরণ।

(ক) কোন চরমবিধানের আদেশ এই যে এবিয়টের আঠারো বৎসর বয়স হইলে তাহাকে বিশেষ পরিমাণের টাকা দেওয়া যাইবে, ও যদি তিনি তত বৎসর বয়স্ক না হইয়া মরেন, তবে সেই টাকা বেকরকে দেওয়া যাইবে। সেই চরমদানে এবিয়টের স্থির সম্পর্ক হয়, কিন্তু তাহা এই নিয়মের অধীন যে তিনি আঠারো বৎসর বয়স্ক না হইয়া মরিলে ঐ সম্পর্ক হীন হইয়া বেকরের প্রতি বর্ত্তিবে।

(খ) কোন চরমবিধানদ্বারা এক মহাল এবিয়টকে দেওয়া যায়, কিন্তু তদ্বিষয়ক আদেশ এই যে এবিয়ট যদি চরমপত্র করণে চরমপত্রকারির অধিকার বিষয়ে বিবাদ করেন, তবে সেই মহাল বেকরের প্রতি বর্ত্তিবে। এবিয়ট চরমপত্র করণে চরমপত্রকারির অধিকার বিষয়ে বিবাদ করেন। মহাল বেকরের প্রতি বর্ত্তিবে।

(গ) কোন চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকা যাবজ্জীবন ভোগার্থে এবিয়টকে, ও তাঁহার মরণানন্তর বেকরকে দেওয়া যায়, এবং তৎকালে বেকর মৃত হইলে যদি তাঁহার পুত্র থাকে, তবে সেই পুত্র বেকরের প্রতিনিধি হইবে, এমত আদেশও করা যায়। সেই চরমদানে বেকরের স্থির সম্পর্ক হয়, কিন্তু যদি তিনি এবিয়টের জীবৎকালে পুত্র রাখিয়া মরেন, তবে সেই সম্পর্ক হীন হইবে।

(ঘ) চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকা এবিয়ট ও বেকরকে দেওয়া যায়, কিন্তু তদ্বিষয়ক আদেশ এই যে যদি কার্টরের জীবৎকালে তাহাদের এক জন মরে, তবে তদুত্তরজীবি ব্যক্তি কার্টরের মরণকালে জীবৎ থাকিলে তাহা পাইবে। এবিয়ট ও বেকর উভয়ে কার্টরের অগ্রে মরেন। ইহাতে পরের প্রতি বর্ত্তনীয় দান ফলবৎ হইতে পারিবে না, কিন্তু এবিয়টের প্রতিনিধি সেই টাকার অর্দ্ধেক ও বেকরের প্রতিনিধি অন্য অর্দ্ধেক পাইবে।

(ঙ) এবিয়ট চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকার উপস্বত্ব যাবজ্জীবন ভোগার্থে বর্থাকে দেন, এবং এই আদেশও করেন যে তাঁহার মরণকালে আসল টাকা সমানং অংশে তাঁহার তিন সন্তানকে কিম্বা তাহাদের মধ্যে যে এক কি দুই সন্তান তাঁহার মরণকালে জীবৎ থাকিবে তাহাকে কি তাহাদিগকে দিতে হইবে। বর্থার তাবৎ সন্তান তাঁহার জীবৎকালে মরে। ইহাতে পরের প্রতি বর্ত্তনীয় দান ফলবৎ হইতে পারে না, কিন্তু সেই সন্তানদের সম্পর্ক তাহাদের প্রতিনিধিদের প্রতি বর্ত্তিবে ইতি।

[Condition must be strictly fulfilled.]

CXIX. An ulterior bequest of the kind contemplated by the last preceding Section cannot take effect unless the condition is strictly fulfilled.

*Illustrations.*

(*a*) A legacy is bequeathed to A, with a proviso that if he marries without the consent of B, C, and D the legacy shall go to E. D dies. Even if A marries without the consent of B and C, the gift to E does not take effect.

(*b*) A legacy is bequeathed to A, with a proviso that if he marries without the consent of B, the legacy shall go to C. A marries with the consent of B. He afterwards becomes a widower and marries again without the consent of B. The bequest to C does not take effect.

(*c*) A legacy is bequeathed to A, to be paid at 18, or marriage, with a proviso that if A dies under 18, or marries without the consent of B, the legacy shall go to C. A marries under 18 without the consent of B. The bequest to C takes effect.

[Original bequest not affected by invalidity of second.]

CXX. If the ulterior bequest be not valid, the original bequest is not affected by it.

*Illustrations.*

(*a*) An estate is bequeathed to A for his life, with a condition superadded that if he shall not on a given day walk 100 miles in an hour the estate shall go to B. The condition being void, A retains his estate as if no condition had been inserted in the Will.

(*b*) An estate is bequeathed to A for her life, and if she do not desert her husband, to B. A is entitled to the estate during her life as if no condition had been inserted in the Will.

(*c*) An estate is bequeathed to A for life, and if he marries, to the eldest son of B for life. B at the date of the testator's death had not had a son. The bequest over is void under Section 92, and A is entitled to the estate during his life.

[Bequest conditioned that it shall cease to have effect in case a specified uncertain event shall happen or not happen.]

CXXI. A bequest may be made with the condition superadded that it shall cease to have

[পণের সম্পূর্ণ সাধন আবশ্যক ইহার কথা।]

১১৯ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব ধারাতে লক্ষিত গৌণ চরমদানের পণ সম্পূর্ণরূপে সাধন না হইলে সেই চরমদান ফলবৎ হইতে পারিবে না।

উদাহরণ।

(ক) এবিয়টের পক্ষে চরমদান করা যায়, কিন্তু তাহার উপনিয়ম এই যে তিনি বেকরের ও কার্টরের ও ডডের সম্মতি না লইয়া বিবাহ করিলে সেই চরমদান এল্লিসের প্রতি বর্ত্তিবে। ডডের মৃত্যু হয়। এবিয়ট যদ্যপি বেকরের ও কার্টরের সম্মতি না লইয়া বিবাহ করেন, তথাপি এল্লিসের পক্ষে সেই চরমদান ফলবৎ হইবে না।

(খ) এবিয়টের পক্ষে চরমদান করা যায়, তাহার উপনিয়ম এই যে তিনি বেকরের সম্মতি না লইয়া বিবাহ করিলে সেই চরমদান কার্টরের প্রতি বর্ত্তিবে। এবিয়ট বেকরের সম্মতি লইয়া বিবাহ করেন। পরে তাঁহার পত্নীর মৃত্যু হইলে তিনি বেকরের সম্মতি না লইয়া পুনরায় বিবাহ করেন। কার্টরের পক্ষ সেই চরমদান ফলবৎ হয় না।

(গ) এন্নী'র পক্ষে চরমদান হয়। তাহার নিয়ম এই যে আঠারো বৎসর বয়ঃক্রমে কিম্বা বিবাহকালে এন্নী তাহা পাইবেন, কিন্তু যদি তিনি আঠারো বৎসর বয়স্কা না হইয়া মরেন, কিম্বা বেকরের সম্মতি বিনা তাঁহার বিবাহ হয়, তবে সেই চরমদান চার্লসের প্রতি বর্ত্তিবে। এন্নীর আঠারো বৎসর বয়স না হইতে বেকরের সম্মতি বিনা তাঁহার বিবাহ হয়। সেই চরমদান চার্লসের পক্ষে ফলবৎ হইবে ইতি।

[গৌণ চরমদান অসিদ্ধ হইলে মুখ্য চরমদানের সিদ্ধতার হ্রাস বৃদ্ধি না হইবার কথা।]

১২০ ধারা। গৌণ চরমদানের অসিদ্ধতাতে মুখ্য চরমদানের সিদ্ধতার হ্রাস বৃদ্ধি হইবে না।

উদাহরণ।

(ক) চরমবিধানদ্বারা কোন মহাল যাবজ্জীবন ভোগার্থে এবিয়টেকে দত্ত হয়, কিন্তু তাহাতে এই পণ যোগ করা যায় যে তিনি কোন বিশেষ তারিখে এক ঘন্টার মধ্যে এক শত মাইল না হাঁটিয়া গেলে সেই মহাল ব্রোণের প্রতি বর্ত্তিবে। সেই পণ অসিদ্ধ। অতএব তাহা চরমপত্রে লিখিত না হইবার স্থলের ন্যায় সেই মহাল এবিয়টের থাকিবে।

(খ) চরমবিধানদ্বারা কোন মহাল যাবজ্জীবন ভোগার্থে এন্নীকে, ও তিনি নিজ পতিকে ত্যাগ না করিলে বেঞ্জামিনকে দেওয়া যায়। চরমপত্রে কোনই পণ লিখিত না হইবার স্থলের ন্যায় এন্নী যাবজ্জীবন সেই মহাল ভোগ করিতে স্বত্ববতী।

(গ) চরমবিধানদ্বারা কোন মহাল যাবজ্জীবন ভোগার্থে এবিয়টকে, ও তিনি বিবাহ করিলে যাবজ্জীবন ভোগার্থে ব্রোণের জ্যেষ্ঠ পুত্রেকে দেওয়া যায়। চরমপত্রকারি ব্যক্তির মরণকালে ব্রোণের পুত্র হয় নাই। পরের প্রতি বর্ত্তনীয় সেই চরমদান ৯২ ধারার বলে অসিদ্ধ। অতএব এবিয়ট যাবজ্জীবন সেই মহাল ভোগ করিতে স্বত্ববান্ ইতি।

[অনিশ্চিত কোন বিশেষ ঘটনা হইলে অথবা না হইলে যে চরমদান আর ফলবৎ থাকিবে না তাহার কথা।]

১২১ ধারা। যখন কোন চরমদান করা যায় তখন তাহাতে এই উপনিয়ম যোগ করা যাইতে পারে, যে

effect in case a specified uncertain event shall happen, or in case a specified uncertain event shall not happen.

*Illustrations.*

(*a*) An estate is bequeathed to A for his life, with a proviso that in case he shall cut down a certain wood the bequest shall cease to have any effect. A cuts down the wood; he loses his life-interest in the estate.

(*b*) An estate is bequeathed to A, provided that if he marries under the age of 25 without the consent of the executors named in the Will the estate shall cease to belong to him. A marries under 25 without the consent of the executors. The estate ceases to belong to him.

(*c*) An estate is bequeathed to A, provided that if he shall not go to England within three years after the testator's death his interest in the estate shall cease. A does not go to England within the time prescribed. His interest in the estate ceases

(*d*) An estate is bequeathed to A, with a proviso that if she becomes a Nun she shall cease to have any interest in the estate. A becomes a Nun. She loses her interest under the Will.

(*e*) A fund is bequeathed to A for life, and after his death to B, if B shall be then living, with a proviso that if B shall become a Nun the bequest to her shall cease to have any effect. B becomes a Nun in the lifetime of A. She thereby loses her contingent interest in the fund.

[Such condition must not be invalid under Section 107.]

CXXII. In order that a condition that a bequest shall cease to have effect may be valid it is necessary that the event to which it relates be one which could legally constitute the condition of a bequest as contemplated by the one hundred and seventh Section.

[Result of legatee rendering impossible or indefinitely postponing an act for which no time is specified and on the non-performance of which the subject-matter is to go over.]

CXXIII. Where a bequest is made with a condition supperadded that, unless the legatee shall perform a certain act, the subject-matter of the bequest shall go to another person, or the bequest shall cease to have effect, but no time is specified for the performance of the act, if the legatee takes any step which renders impossible or indefinitely postpones the performance of the act

অনিশ্চিত কোন বিশেষ ঘটনা হইলে অথবা অনিশ্চিত কোন বিশেষ ঘটনা না হইলে সেই চরমদান ফলবৎ থাকিবে না।

উদাহরণ।

(ক) চরমবিধানদ্বারা কোন মহাল যাবজ্জীবন ভোগার্থে এবিয়টকে দেওয়া যায়, কিন্তু তাহার উপনিয় এই যে তিনি বিশেষ কোন উপবন কাটিলে সেই চরমদান ফলবৎ থাকিবে না। এবিয়ট সেই উপবন কাটেন। ইহাতে সেই মহালে তাঁহার যাবজ্জীবনের সম্পর্ক লুপ্ত হয়।

(খ) চরমবিধানদ্বারা কোন মহাল এবিয়টকে দেওয়া যায়, কিন্তু তাহার উপনিয়ম এই যে তিনি যদি পঁচিশ বৎসর বয়স্ক না হইয়া চরমপত্রে নির্দ্দিষ্ট অছিদের সম্মতি বিনা বিবাহ করেন, তবে সেই মহালে তাঁহার স্বত্ব থাকিবে না। এবিয়ট পঁচিশ বৎসর না হইয়া সেই অছিদের সম্মতি বিনা বিবাহ করেন। ইহাতে ঐ মহালে তাঁহার স্বত্ব লোপ হয়।

(গ) চরমবিধানদ্বারা কোন মহাল এবিয়টকে দেওয়া যায়, কিন্তু তাহার উপনিয়ম এই যে তিনি চরমপত্রকারি ব্যক্তির মৃত্যু অবধি তিন বৎসরের মধ্যে ইংলণ্ডে না গেলে ঐ মহালে তাঁহার সম্পর্ক লুপ্ত হইবে। এবিয়ট সেই নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ইংলণ্ডে গমন করেন না, সুতরাং ঐ মহালে তাঁহার সম্পর্ক লুপ্ত হয়।

(ঘ) চরমবিধানদ্বারা কোন মহাল এন্নীকে দেওয়া যায়, কিন্তু তাহার উপনিয়ম এই যে তিনি নুন অর্থাৎ মঠনিবাসিনী হইলে সেই মহালে তাঁহার কোন সম্পর্ক থাকিবে না। এন্নী মঠনিবাসিনী হন, সুতরাং সেই চরমপত্রমূলক তাঁহার সেই সম্পর্ক লুপ্ত হয়।

(ঙ) চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকা আলবর্টকে, ও তাঁহার মরণানন্তর বর্থা জীবিতা থাকিলে বর্থাকে দেওয়া যায়, কিন্তু তাহার উপনিয়ম এই যে যদি বর্থা মঠনিবাসিনী হন, তবে তাঁহার পক্ষ সেই চরমদান ফলবৎ থাকিবে না। আলবর্ট জীবৎ থাকিতে বর্থা মঠনিবাসিনী হন। ইহাতে সেই টাকাতে তাঁহার ঘটনাধীন সম্পর্ক লুপ্ত হয় ইতি।

[পূর্ব্বোক্ত নিয়ম ১০৭ ধারার বলে যে অসিদ্ধ না হয় ইহার আবশ্যকতার কথা।]

১২২ ধারা। চরমদান ফলবৎ থাকিবে না এমত নিয়ম যেন সিদ্ধ হইতে পারে, তন্নিমিত্তে ইহা আবশ্যক যে তন্নির্দ্দিষ্ট ঘটনা ১০৭ ধারার অভিপ্রায়ানুসারে আইনমতে চরমদানের পণ হইতে পারে ইতি।

[যাহা সাধন না করিলে দানের বিষয় অন্যের প্রতি বর্ত্তে এমত ক্রিয়ার সময় নিরূপিত না হইলে যদি দানের পাত্র সেই ক্রিয়া অসাধনীয় করেন কিম্বা তৎসাধনে অলক্ষ্য কাল পর্য্যন্ত বিলম্ব করেন, তবে তাহার ফলের কথা।।

১২৩ ধারা। কোন চরমদানে যদি এইরূপ নিয়ম যোগ করা যায় যে দানের পাত্র বিশেষ কোন ক্রিয়া সাধন না করিলে দানের বিষয় অন্য ব্যক্তির প্রতি বর্ত্তিবে কিম্বা চরমদান ফলবৎ থাকিবে না, কিন্তু যদি সেই ক্রিয়া সাধনের সময় নিরূপিত না হয়, তাহা হইলে যদ্দ্বারা সেই আজ্ঞাপিত ক্রিয়ায় সাধন অশক্য হয় কিম্বা অলক্ষ্য কাল পর্য্যন্ত তাহার বিলম্ব জন্মে, চরমদানের পাত্র এমত কিছু যদি করেন, তবে তিনি

required, the legacy shall go as if the legatee had died without performing such act.

*Illustrations.*

(*a*) A bequest is made to A, with a proviso that unless he enters the army the legacy shall go over to B. A takes holy orders, and thereby renders it impossible that he should fulfil the condition. B is entitled to receive the legacy.

(*b*) A bequest is made to A, with a proviso that it shall cease to have any effect if he does not marry B's daughter. A marries a stranger and thereby indefinitely postpones the fulfilment of the condition. The bequest ceases to have effect.

[Performance of condition, precedent or subsequent, within specified time. Further time allowed in case of fraud.]

CXXIV. Where the Will requires an act to be performed by the legatee within a specified time either as a condition to be fulfilled before the legacy is enjoyed, or as a condition upon the non-fulfilment of which the subject-matter of the bequest is to go over to another person, or the bequest is to cease to have effect, the act must be performed within the time specified, unless the performance of it be prevented by fraud, in which case such further time shall be allowed as shall be requisite to make up for the delay caused by such fraud.

সেই ক্রিয়া সাধন না করিয়া প্রাণত্যাগ করিলে সেই চরমদানের বিষয় যাহার প্রতি বর্ত্তিত তাহারই প্রতি বর্ত্তিবে।

উদাহরণ।

(ক) এবিয়টের পক্ষে চরমদান করা যায়, কিন্তু তাহার উপনিয়ম এই যে তিনি সৈনিক বৃত্তি অবলম্বন না করিলে সেই দানের বিষয় ব্রৌণের প্রতি বর্ত্তিবে। এবিয়ট ধর্ম্মোপদেশকের পদে নিযুক্ত হন, ইহাতে সেই নিয়ম সাধন করা তাঁহার অসাধ্য হয়। ব্রৌণ সেই দানের বিষয় পাইতে স্বত্ববান হন।

(খ) এবিয়টের পক্ষে চরমদান করা যায়, তাহার উপনিয়ম এই যে তিনি ব্রৌণের কন্যাকে বিবাহ না করিলে সেই দান ফলবৎ থাকিবে না। এবিয়ট অপর কোন স্ত্রীকে বিবাহ করেন ও তদ্দ্বারা ঐ নিয়ম সাধনের অলক্ষ্য কাল পর্য্যন্ত বিলম্ব জন্মান। ইহাতে সেই চরমদান ফলবৎ থাকে না ইতি।

[অগ্রের কি পশ্চাতের সময় হউক, নিরূপিত সময়ের মধ্যে নিয়মঘটিত ক্রিয়া সাধনের কথা, ও প্রতারণাজন্য বাধার স্থলে অধিক অবকাশ দিবার কথা।]

১২৪ ধারা। চরমদানের পাত্র নির্দ্দিষ্ট সময়ের মধ্যে বিশেষ কোন ক্রিয়া অগ্রে সাধন না করিলে তিনি সেই চরমদানের বিষয় পাইবেন না, কিম্বা বিশেষ কোন ক্রিয়া সাধন করিতে ত্রুটি করিলে সেই চরমদানের বিষয় অন্য কোন ব্যক্তির প্রতি বর্ত্তিবে, কিম্বা চরমদান ফলবৎ থাকিবে না, এমত নিয়ম যদি চরমপত্রে করা যায়, তবে প্রতারণাক্রমে সেই ক্রিয়া সাধনের বাধা না জন্মিলে ঐ নির্দ্দিষ্ট সময়ের মধ্যে তাহা সাধন করা আবশ্যক হইবে। প্রতারণাক্রমে সাধনের বাধা জন্মিলে তজ্জন্য বিলম্বের প্রতিকারার্থে অধিক যত অবকাশ দেওয়া প্রয়োজনীয় তত অবকাশ দেওয়া যাইতে পারিবে ইতি।

## PART XVII.

*Of Bequests with Directions as to Application or Enjoyment.*

[Direction that funds be employed in a particular manner following an absolute bequest of the same to or for the benefit of any person.]

CXXV. Where a fund is bequeathed absolutely to or for the benefit of any person, but the Will contains a direction that it shall be applied or enjoyed in a particular manner, the legatee shall be entitled to receive the fund as if the Will had contained no such direction.

*Illustration.*

A sum of money is bequeathed towards purchasing a country residence for A, or to purchase an annuity for A, or to purchase a commission in the army for A, or to place A in any business. A chooses to receive the legacy in money. He is entitled to do so.

## সপ্তদশ খণ্ড।

প্রয়োগ কি ভোগ বিষয়ক আদেশ সম্বলিত চরমদানের কথা।

[চরমবিধানদ্বারা কোন ব্যক্তিকে কি তাহার উপকারার্থে অপরিচ্ছিন্নরূপে টাকা দত্ত হইলে পর বিশেষ কোন প্রকারে সেই টাকা প্রয়োগ করণ বিষয়ক আদেশের কথা।]

১২৫ ধারা। কোন চরমবিধানদ্বারা যে টাকা অপরিচ্ছিন্নরূপে কোন ব্যক্তিকে কি তাহার উপকারার্থে দেওয়া যায়, তাহা বিশেষরূপে প্রয়োগ কি ভোগ করিবার আদেশ যদ্যপি চরমপত্রে করা যায়, তথাপি চরমপত্রে সেই আদেশ না থাকিবার স্থলের ন্যায় চরমদানের পাত্র সেই টাকা পাইতে স্বত্ববান্ হইবেন।

উদাহরণ।

আলবর্টের জন্যে মফঃসলে বসতি বাটী ক্রয় করণার্থে, কিম্বা আলবর্টের জন্যে বার্ষিক বৃত্তি ক্রয় করণার্থে, কিম্বা আলবর্টের জন্যে সেনাপতিপদদায়ক ক্ষমতাপত্র ক্রয় করণার্থে, কিম্বা আলবর্টের জন্যে বাণিজ্য করিবার উপায় করণার্থে চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকা দেওয়া যায়। আলবর্ট সেই দানের বিষয় নগদ লইতে চাহেন। তিনি তাহা করিতে স্বত্ববান ইতি।

**[Direction that a mode of employment of absolute bequest is to be restricted to secure a specified benefit for the legatee.]**

CXXVI. Where a testator absolutely bequeaths a fund so as to sever it from his own estate, but directs that the mode of enjoyment of it by the legatee shall be restricted so as to secure a specified benefit for the legatee; if that benefit cannot be obtained for the legatee, the fund belongs to him as if the Will had contained no such direction.

*Illustrations.*

(*a*) A bequeaths the residue of his property to be divided equally among his daughters, and directs that the shares of the daughters shall be settled upon themselves, respectively, for life, and be paid to their children after their death. All the daughters die unmarried, the representatives of each daughter are entitled to her share of the residue.

(*b*) A directs his trustees to raise a sum of money for his daughter, and he then directs that they shall invest the fund and pay the income arising from it to her during her life, and divide the principal among her children after her death. The daughter dies without having ever had a child. Her representatives are entitled to the fund.

[Bequest of a fund for certain purposes, some of which cannot be fulfilled.]

CXXVII. Where a testator does not absolutely bequeath a fund, so as to sever it from his own estate, but gives it for certain purposes, and part of those purposes cannot be fulfilled, the fund, or so much of it as has not been exhausted upon the objects contemplated by the Will, remains a part of the estate of the testator.

*Illustrations.*

(*a*) A directs that his trustees shall invest a sum of money in a particular way, and shall pay the interest to his son for life, and at his death shall divide the principal among his children; the son dies without having ever had a child. The fund, after the son's death, belongs to the estate of the testator.

(*b*) A bequeaths the residue of his estate to be divided equally among his daughters, with a direction that they are to have the interest only during their lives, and that at their decease the fund shall go to their children. The daughters have no children. The fund belongs to the estate of the testator.

[চরমবিধানদ্বারা যে টাকা অপরিচ্ছিন্নরূপে দত্ত হয় তাহা দানপাত্রের বিশেষ প্রকারের উপকারজনক বিশেষ মতেই ভোগ করিবার আদেশের কথা।]

১২৬ ধারা। চরমপত্রকারি ব্যক্তি যে টাকা আপন সম্পদহইতে পৃথক্ করিয়া অপরিচ্ছিন্নরূপে দান করেন, তদ্দ্বারা দানপাত্রের বিশেষ উপকার উৎপাদনের আশয়ে তাঁহাকে বিশেষ কোন মতে তাহা ভোগ করিবার আদেশ করিলে, যদি দানপাত্রের পক্ষে ঐ উপকার উৎপাদন অসাধ্য হয়, তবে চরমপত্রে তদ্রূপ কোন আদেশ না থাকিবার ন্যায় সেই টাকা তাঁহারই হইবে।

উদাহরণ।

(ক) এবিয়ট চরমপত্রদ্বারা আপন শেষ ধন সমান২ অংশে আপন কন্যাদিগের মধ্যে বিভক্ত হওনার্থে দেন, ও তদ্বিষয়ে এমত নিয়ম করিতে আদেশ করেন যে তাঁহার কন্যাদের মধ্যে যিনি যে অংশ পাইবেন তিনি যাবজ্জীবন তাহা ভোগ করিলে পর তাঁহার মরণানন্তর তাঁহার সন্তানদিগকে তাহা দেওয়া যায়। তাঁহার কন্যারা সকলে অনূঢ়াবস্থাতে মরেন। ইহাতে যিনি ঐ শেষ ধনের যে অংশ পাইতেন তাঁহার প্রতিনিধিরা সেই অংশ পাইতে স্বত্ববান হইবেন।

(খ) এবিয়ট আপনার ট্রষ্টিদিগকে আপন কন্যার জন্যে বিশেষ ধন সঞ্চয় করিবার আজ্ঞা দিয়া এমত আদেশ করেন যে তাঁহারা সেই ধনে গবর্ণমেণ্ট কাগজ ক্রয় করিয়া সেই কন্যাকে যাবজ্জীবন তাঁহার উপস্বত্ব দেন, ও তাঁহার মরণানন্তর মূলধন তাঁহার সন্তানদিগের মধ্যে বিভাগ করেন। তাঁহার কন্যা নিঃসন্তানা হইয়া মরেন। সেই কন্যার প্রতিনিধিরা ঐ ধন পাইতে স্বত্ববান হইবেন ইতি।

[চরমবিধানদ্বারা বিশেষ২ যে অভিপ্রায় সাধনার্থে টাকা দত্ত হয়, তাহার কোন২ অভিপ্রায় সাধন করা যে স্থলে অসাধ্য এমত স্থলের কথা।]

১২৭ ধারা। চরমপত্রকারি ব্যক্তি যে টাকা অপরিচ্ছিন্নরূপে দান না করিয়া, বিশেষতঃ নিজ সম্পদহইতে পৃথক্ না করিয়া বিশেষ২ অভিপ্রায় সাধনার্থে দেন, তাঁহা দিবার সেই অভিপ্রায়ের সকল অংশ সাধন করা যদি অসাধ্য হয়, তবে সেই টাকা কিম্বা তাহার যে অংশ চরমপত্রে নির্দ্দিষ্ট অভিপ্রায় সাধনে ব্যয় হয়, তাহা চরমপত্রকারি ব্যক্তির সম্পদের অংশস্বরূপ থাকিবে।

উদাহরণ।

(ক) এবিয়ট আপনার ট্রষ্টিদিগকে এমত আজ্ঞা দেন যে তাহারা বিশেষ পরিমাণের টাকাতে উপস্বত্বজনক বিশেষ সম্পত্তি ক্রয় করিয়া তাহার উপস্বত্ব যাবজ্জীবন ভোগার্থে তাঁহার পুত্রকে দেন, ও সেই পুত্রের মরণানন্তর মূল টাকা তাঁহার সন্তানদের মধ্যে বিভাগ করেন। কিন্তু তাঁহার পুত্রের কোন সন্তান হয় না, অতএব পুত্রের মরণ অবধি সেই টাকা চরমপত্রকারি ব্যক্তির সম্পদের অংশস্বরূপ হয়।

(খ) এবিয়ট চরমবিধানদ্বারা আপনার শেষ সম্পদ সমান২ অংশে বিভক্ত হওনার্থে আপন কন্যাদিগকে দেন, ও তৎসম্পর্কীয় এই আদেশ করেন যে তাহারা যাবজ্জীবন কেবল তাহার উপস্বত্ব পাইবে ও তাহাদের মরণানন্তর সেই টাকা তাহাদের সন্তানদের প্রতি বর্ত্তিবে। তাঁহার কন্যাদের কোন সন্তান হয় না। সেই টাকা চরমপত্রকারি ব্যক্তির সম্পদের অংশস্বরূপ হইবে ইতি।

## Part XVIII.

*Of Bequests to an Executor.*

[Legatee named as executor cannot take unless he shews intention to act as executor.]

CXXVIII. If a legacy is bequeathed to a person who is named an executor of the Will, he shall not take the legacy unless he proves the Will or otherwise manifests an intention to act as executor.

*Illustration.*

A legacy is given to A, who is named an executor. A orders the funeral according to the directions contained in the Will and dies a few days after the testator without having proved the Will. A has manifested an intention to act as executor.

## অষ্টাদশ খণ্ড।

অছির পক্ষে চরমদানের কথা।

[চরমদানের যে পাত্র অছিরূপে নিযুক্ত হন তিনি অছির কর্ম্ম করিবার মনস্থ না দেখাইলে দানের বিষয় পাইতে পারেন না ইহার কথা।]

১২৮ ধারা। অছি বলিয়া যে ব্যক্তির নাম নির্দ্দিষ্ট হইয়াছে তাঁহার পক্ষে চরমদান করা গেলে যদি তিনি চরমপত্র সপ্রমাণ না করেন কি প্রকারান্তরে অছির কর্ম্ম করিবার মনস্থ না দেখান, তবে চরমদানের বিষয় পাইতে পারিবেন না।

উদাহরণ।

চরমপত্রে অছি বলিয়া এবিয়টের নাম নির্দ্দিষ্ট হইয়াছে ও তাঁহার পক্ষে চরমদান করা গিয়াছে। চরমপত্রের আদেশানুসারে তিনি কবর দেওন বিষয়ক আজ্ঞা করেন, তথাপি চরমপত্র সপ্রমাণ না করিয়া চরমপত্রকারি ব্যক্তির মরণানন্তর অল্প দিনের মধ্যে প্রাণত্যাগ করেন। এবিয়ট অছির কর্ম্ম করিবার মনস্থ দেখাইয়াছেন ইতি।

## Part XIX.

*Of Specific Legacies.*

[Specific legacy defined.]

CXXIX. Where a testator bequeaths to any person a specified part of his property, which is distinguished from all other parts of his property, the legacy is said to be specific.

*Illustrations.*

(a) A bequeaths to B—

"The diamond ring presented to him by C."

"His gold chain."

"A certain bale of wool."

"A certain piece cloth."

"All his household goods which shall be in or about his dwelling-house in M. Street, in Calcutta, at the time of his death."

"The sum of 1,000 Rupees in a certain chest."

"The debt which B owes him."

"All his bills, bonds, and securities belonging to him lying in his lodgings in Calcutta."

"All his furniture in his house in Calcutta."

"All his goods on board a certain ship then lying in the River Hooghly."

"2,000 Rupees which he has in the hands of C."

"The money due to him on the bond of D."

"His mortgage on the Rampore factory."

"One-half of the money owing to him on his mortgage of Rampore factory."

"1,000 Rupees, being part of a debt due to him from C."

## ঊনবিংশ খণ্ড।

বিশেষ চরমদানের কথা।

[বিশেষ চরমদান এই শব্দের অর্থ।]

১২৯ ধারা। চরমপত্রকারি ব্যক্তি যদি কোন জনকে আপন সম্পত্তির বিশেষরূপে নির্দ্দিষ্ট অথচ সেই সম্পত্তির অন্য সকল অংশহইতে ভিন্ন কোন অংশ দান করেন, তবে তাহাই বিশেষ চরমদান বলে।

উদাহরণ।

(ক) এবিয়ট চরমবিধানদ্বারা ব্রৌণকে নিম্ন লিখিত সকল বিষয় দান করেন।

কার্টরের দত্ত আমার হীরকখচিত অঙ্গুরীয়ক।

আমার স্বর্ণ শৃঙ্খল।

পশমের বিশেষ এক গাঁইট।

বস্ত্রের বিশেষ এক থান।

কলিকাতার ধর্ম্মতলার রাস্তাতে আমার বসতিবাটীর মধ্যে কি নিকটে আমার মরণকালে যাহা থাকে আমার সেই গৃহের আসবাব।

বিশেষ কোন সিন্দুকের মধ্যে যে এক সহস্র টাকা আছে তাহা।

ব্রৌণ আমার যে টাকা ধারে তাহা।

কলিকাতায় আমার বাসাতে আমার যে সকল হুণ্ডি ও খৎ ও গবর্ণমেন্ট কাগজ আছে তাহা।

কলিকাতায় আমার বাটীতে যে সকল ঘরের সামগ্রী আছে তাহা।

সম্প্রতি হুগলি নদীতে লঙ্গর করা বিশেষ কোন জাহাজে আমার যত মাল আছে তাহা।

কার্টরের হাতে আমার যে দুই সহস্র টাকা আছে তাহা।

ডডের খৎ অনুসারে আমার যে টাকা পাওনা তাহা।

রামপুরের নীল কুঠীতে আমার যে বন্ধকী স্বত্ব আছে তাহা।

রামপুরের নীল কুঠীতে বন্ধকী স্বত্বের বলে যে টাকা আমার পাওনা তাহার অর্দ্ধেক।

কার্টর আমার যে টাকা ধারে তাহার এক সহস্র টাকা পরিমিত এক অংশ।

"His capital Stock of 1,000*l.* in East India Stock."

"His promissory notes of the Government of India for 10,000 Rupees in their 4 per cent. loan."

"All such sums of money as his executors may, after his death, receive in respect of the debt due to him from the insolvent firm of D. and Company."

"All the wine which he may have in his cellar at the time of his death."

"Such of his horses as B may select."

"All his shares in the Bank of Bengal."

"All the shares in the Bank of Bengal which he may possess at the time of his death."

"All the money which he has in the 5½ per cent. loan of the Government of India."

"All the Government securities he shall be entitled to at the time of his decease."

Each of these legacies is specific.

(*b*) A having Government promissory notes for 10,000 Rupees, bequeaths to his executors "Government promissory notes for 10,000 Rupees in trust to sell" for the benefit of B. The legacy is specific.

(*c*) A having property at Benares, and also in other places, bequeaths to B all his property at Benares.

The legacy is specific.

(*d*) A bequeaths to B—

His house in Calcutta.

His zamindári of Rampore.

His taluk of Rámnagar.

His lease of the Indigo factory of Sulkea.

An annuity of 500 Rupees out of the rents of his zamindári of W.

A directs his zamindári of X to be sold and the proceeds to be invested for the benefit of B.

Each of these bequests is specific.

(*e*) A by his Will charges his zamindári of Y with an annuity of 1,000 Rupees to C during his life, and subject to this charge he bequeaths the zamindári to D. Each of these bequests is specific.

(*f*) A bequeaths a sum of money to buy a house in Calcutta for B.

To buy an estate in Zillah Fureedpore for B.

To buy a diamond ring for B.

To buy a horse for B.

To be invested in shares in the Bank of Bengal for B.

ইষ্টইণ্ডিয়া ষ্টাকে আমার এক সহস্র পৌণ্ডের যে আসল ষ্টাক আছে তাহা।

ভারতবর্ষের গবর্ণমেন্টের শত করা চারি টাকা সুদের নানা কর্জ্জের দশ সহস্র টাকার জন্যে আমার গবর্ণমেন্ট কাগজ সকল।

যোত্রহীন ডি কোম্পানি আমার যাহা ধারে তাহার হিসাবে আমার মরণানন্তর আমার অছি ব্যক্তিরা যত টাকা পাইবেন তাহা।

আমার মরণকালে আমার পাতাল ঘরে যে সকল ওয়াইন শরাব থাকিবে তাহা।

আমার সকল ঘোড়ার মধ্যে ব্রৌণ যেহ ঘোড়া বাছিয়া লইবেন তাহা।

আমার বাঙ্গাল বেঙ্কের সকল শ্যার।

আমার মরণকালে আমার বাঙ্গাল বেঙ্কের যত শ্যার থাকিবে তাহা।

ভারতবর্ষের গবর্ণমেন্টের শত করা সাড়ে পাঁচ টাকা সুদের কর্জ্জে আমার যত টাকা আছে তাহা।

আমার মরণকালে যত গবর্ণমেন্ট কাগজে আমার স্বত্ব থাকিবে তাহা।

এই সকলের মধ্যে প্রত্যেক দান বিশেষ চরমদান।

(খ) এবিয়টের দশ সহস্র টাকার গবর্ণমেন্ট কাগজ আছে। তিনি চরমবিধানদ্বারা আপনার অছিদিগকে ন্যাসের বিষয়রূপে দশ সহস্র টাকার গবর্ণমেন্ট কাগজ দিয়া ব্রৌণের উপকারার্থে বিক্রয় করিতে আদেশ করেন। ইহা বিশেষ চরমদান।

(গ) বারাণসীতে ও অন্যান্য স্থানে এবিয়টের সম্পত্তি আছে। তিনি বারাণসীতে স্থিত আপনার সমস্ত সম্পত্তি চরমদানরূপে ব্রৌণকে দেন। ইহা বিশেষ চরমদান।

(ঘ) এবিয়ট চরমবিধানদ্বারা ব্রৌণকে নিম্ন লিখিত সকল বিষয় দেন।

কলিকাতায় স্থিত তাঁহার বাটী।

রামপুর নামে তাঁহার জমীদারী।

রামনগর নামে তাঁহার তালুক।

শালিখার নীলকুঠীর তাঁহার পাট্টা।

তাঁহার ভদ্রপুর নামে জমীদারীর খাজানাহইতে বার্ষিক পাঁচ শত টাকা বৃত্তি।

এবিয়ট আপনার ছত্রপুর নামক তালুক বিক্রয় করিবার ও তাহার মূল্য দিয়া ব্রৌণের উপকারার্থে গবর্ণমেন্টের কাগজ ক্রয় করিবার আদেশ করেন।

ইহার মধ্যেও প্রত্যেক দান বিশেষ চরমদান।

(ঙ) এবিয়ট আপন চরমপত্রদ্বারা আপনার জয়পুর নামক জমীদারীর উপস্বত্বহইতে বার্ষিক এক সহস্র টাকা বৃত্তি যাবজ্জীবন কাটরকে দিবার আদেশ করিয়া এই নিয়মের অধীনে সেই জমীদারী ডডকে দান করেন। এই দুইয়ের মধ্যে প্রত্যেক দান বিশেষ চরমদান।

(চ) এবিয়ট চরমবিধানদ্বারা নিম্ন লিখিত টাকা দান করেন, অর্থাৎ—

ব্রৌণের জন্যে কলিকাতায় এক বাটী ক্রয় করণার্থে।

ব্রৌণের জন্যে ফরিদপুর জিলাতে এক মহাল ক্রয় করণার্থে।

ব্রৌণের জন্যে হীরকখচিত এক অঙ্গুরীয় ক্রয় করণার্থে।

ব্রৌণের জন্যে একটা ঘোড়া ক্রয় করণার্থে।

ব্রৌণের জন্যে বাঙ্গাল বেঙ্কের শ্যার ক্রয় করণার্থে।

To be invested in Government securities for B.

A bequeaths to B—

"A diamond ring."

"A horse."

"10,000 Rupees worth of Government securities."

"An annuity of 500 Rupees."

"2,000 Rupees, to be paid in cash."

"So much money as will produce 5,000 Rupees 4 per cent. Government securities."

These bequests are not specific.

(g) A, having property in England and property in India, bequeaths a legacy to B, and directs that it shall be paid out of the property which he may leave in India. He also bequeaths a legacy to C, and directs that it shall be paid out of the property which he may leave in England.

No one of these legacies is specific.

ব্রোণের জন্যে গবর্ণমেন্টের কাগজ ক্রয় করণার্থে।

এবিয়ট চরমবিধানদ্বারা ব্রোণকে এই২ সকল বিষয় দেন, অর্থাৎ—

হীরকখচিত একটি অঙ্গুরীয়।

একটা ঘোড়া।

দশ সহস্র টাকার গবর্ণমেন্টের কাগজ।

পাঁচ শত টাকা বার্ষিক বৃত্তি।

নগদ দুই সহস্র টাকা।

যাহাতে শতকরা চারি টাকা সুদের পাঁচ সহস্র টাকার গবর্ণমেন্টের কাগজ হইতে পারে তত টাকা।

ইহার মধ্যে বিশেষ চরমদান একটিও নাই।

(ছ) এবিয়টের ইংলণ্ডে সম্পত্তি আছে এবং ভারতবর্ষেও সম্পত্তি আছে। তিনি ব্রোণের পক্ষে চরমদান করিয়া এমত আদেশ করেন যে ভারতবর্ষে তিনি যে সম্পত্তি রাখিয়া যান তাহাহইতে সেই চরমদান পরিশোধ করা যায়। তিনি কার্টরের পক্ষেও চরমদান করিয়া এই আদেশ করেন যে তিনি ইংলণ্ডে যে সম্পত্তি রাখিয়া যান তাহাহইতে তাহা পরিশোধ করা যায়। এই দুইয়ের মধ্যে কোনই চরমদান বিশেষ নয় ইতি।

[Bequest of a sum certain where the stock, &c., in which it is invested are described.]

CXXX. Where a sum certain is bequeathed, the legacy is not specific merely because the stocks, funds, or securities in which it is invested are described in the Will.

*Illustration.*

A bequeaths to B—

"10,000 Rupees of his funded property."

"10,000 Rupees of his property now invested in Shares of the East Indian Railway Company."

"10,000 Rupees at present secured by mortgage of Rampore factory."

No one of these legacies is specific.

[নির্দ্দিষ্ট বিশেষ পরিমাণের টাকা চরমবিধানদ্বারা দত্ত হইলে সেই টাকা যে ষ্টাক ইত্যাদির হয় তাহার বর্ণনা যে স্থলে করা যায় তাহার কথা।]

১৩০ ধারা। নির্দ্দিষ্ট বিশেষ পরিমাণের টাকা চরমবিধানদ্বারা দত্ত হইলে, সেই টাকা যে ষ্টাকের কি ফণ্ডের কি উপস্বত্বদায়ক কাগজের হয়, চরমপত্রে তাহার বর্ণনা থাকাতে সেই দান বিশেষ চরমদান হয় না।

উদাহরণ।

(ক) এবিয়ট চরমবিধানদ্বারা ব্রোণকে নিম্নলিখিত কএক বিষয় দান করেন, অর্থাৎ—

তাঁহার গবর্ণমেন্ট কাগজের মধ্যে দশ সহস্র টাকা।

সম্প্রতি যাহা ইষ্ট ইণ্ডিয়া রেইলওয়ে কোম্পানির শ্যার ক্রয় করণে প্রয়োগ হইয়াছে তাঁহার সেই সম্পত্তির মধ্যে দশ সহস্র টাকা।

সম্প্রতি রামপুরের নীলকুঠীর বন্ধকী খতে নিবদ্ধ দশ সহস্র টাকা।

এই সকল দানের মধ্যে বিশেষ চরমদান একটীও নাই ইতি।

[Bequest of stock where the testator had at the date of his Will an equal or greater amount of stock of the same kind.]

CXXXI. Where a bequest is made in general terms of a certain amount of any kind of stock, the legacy is not specific merely because the testator was, at the date of his Will, possessed of stock of the specified kind to an equal or greater amount than the amount bequeathed.

*Illustration.*

A bequeaths to B 5,000 Rupees five per cent. Government securities. A had at the date of the Will five per cent. Government securities for 5,000 Rupees.

The legacy is not specific.

[বিশেষ পরিমাণের ষ্টাক চরমবিধানদ্বারা দত্ত হইলে চরমপত্রের তারিখে চরমপত্রকারি ব্যক্তির সেই প্রকারের তত কি অধিক ষ্টাক যে স্থলে ছিল তাহার কথা।]

১৩১ ধারা। কোন চরমবিধানে বিশেষ পরিমাণের বিশেষ কোন প্রকারের ষ্টাক দিবার সাধারণ আদেশ থাকিলে, যদ্যপি সেই বিশেষ প্রকারের যত ষ্টাক চরমদানের বিষয় হয়, তত কি ততোধিক ষ্টাক চরমপত্রের তারিখে চরমপত্রকারি ব্যক্তির ছিল, তথাপি তদ্দ্বারাতেই সেই দান বিশেষ চরমদান হয় না।

উদাহরণ।

এবিয়ট চরমবিধানদ্বারা ব্রোণকে শতকরা পাঁচ টাকা সুদের পাঁচ সহস্র টাকার গবর্ণমেন্ট কাগজ দেন। চরমপত্রের তারিখে ঐ শতকরা পাঁচ টাকা সুদের পাঁচ সহস্র টাকার গবর্ণমেন্ট কাগজ এবিয়টের ছিল, তথাপি ইহা বিশেষ চরমদান নয় ইতি।

[Bequest of money where it is not to be paid until some part of the testator's property shall have been disposed of in a certain way.]

CXXXII. A money legacy is not specific merely because the Will directs its payment to be postponed until some part of the property of the testator shall have been reduced to a certain form, or remitted to a certain place.

*Illustration.*

A bequeaths to B 10,000 Rupees, and directs that this legacy shall be paid as soon as A's property in India shall be realized in England.

The legacy is not specific.

[চরমপত্রকারি ব্যক্তির সম্পাত্তির বিশেষ কোন অংশের বিশেষ প্রকারে প্রয়োগ যাবৎ সিদ্ধ না হয়, তাবৎ টাকার যে চরমদান পরিশোধ করিতে বিলম্ব করিবার আদেশ হয়, তাহার কথা।]

১৩২ ধারা। চরমপত্রকারি ব্যক্তির সম্পাত্তির বিশেষ কোন অংশ বিশেষমতে প্রকারান্তরীকৃত কি বিশেষ কোন স্থানে প্রেরিত না হওন পর্য্যন্ত টাকার যে কোন চরমদান পরিশোধ করিতে বিলম্ব করিবার আদেশ চরমপত্রে আছে, তাহা সেই আদেশ প্রযুক্ত বিশেষ চরমদান হয় না।

উদাহরণ।

এবিয়ট চরমবিধানদ্বারা ব্রোণকে দশ সহস্র টাকা দিয়া তদ্বিষয়ে এই আদেশ করেন যে এবিয়টের ভারতবর্ষে স্থিত সম্পাত্ত্যুৎপন্ন ধন ইংলণ্ডে হস্তগত হইবামাত্রে সেই টাকা পরিশোধ করিতে হইবে। ইহাতে বিশেষ চরমদান হয় না ইতি।

[When enumerated articles are not to be deemed to be specifically bequeathed.]

CXXXIII. Where a Will contains a bequest of the residue of the testator's property along with an enumeration of some items of property not previously bequeathed, the articles enumerated shall not be deemed to be specifically bequeathed.

[দানের বিষয় একে২ নাম করিয়া উল্লিখিত হইলেও যে স্থলে বিশেষ চরমদানের বিষয়রূপে গণ্য নয় তাহার কথা।]

১৩৩ ধারা। চরমপত্রকারি ব্যক্তির শেষধন দিবার বিধান যে চরমপত্রে থাকে, তাহার মধ্যে সম্পাত্তির যে২ অংশ দিবার কোন বিধান পূর্ব্বে হয় নাই এমত কোন২ অংশ একে২ নাম করিয়া যদি উল্লিখিত হয়, তবে সেই সকল অংশ বিশেষ চরমদানের বিষয় বলিয়া গণ্য হইবে না ইতি।

[Retention in form of specific bequest to several persons in succession.]

CXXXIV. Where property is specifically bequeathed to two or more persons in succession, it shall be retained in the form in which the testator left it, although it may be of such a nature that its value is continually decreasing.

*Illustrations.*

(*a*) A having a lease of a house for a term of years, 15 of which were unexpired at the time of his death, has bequeathed the lease to B for his life, and after B's death to C. B is to enjoy the property as A left it, although if B lives for 15 years C can take nothing under the bequest.

(*b*) A having an annuity during the life of B, bequeaths it to C for his life, and after C's death to D. C is to enjoy the annuity as A left it, although, if B dies before D, D can take nothing under the bequest.

[ক্রমাগত কএক ব্যক্তির পক্ষে কৃত বিশেষ চরমদানের বিষয়ের যে অবস্থা আছে সেই অবস্থাতে তাহা রক্ষা করিবার কথা।]

১৩৪ ধারা। বিশেষ চরমদানের যে বিষয় চরমবিধানের বলে ক্রমাগত দুই কি অধিক জনের ভোগার্থে দত্ত হয়, তাহার স্বরূপ প্রযুক্ত উত্তরোত্তর অপকর্ষ হইবার সম্ভাবনা থাকিলেও চরমপত্রকারি ব্যক্তি যে অবস্থাতে তাহা রাখিয়া গিয়াছেন, সেই অবস্থাতে তাহা রক্ষা করিতে হইবে।

উদাহরণ।

(ক) এবিয়ট কোন বাটীর দীর্ঘকালের ভাড়ার নিয়মপত্র করিয়াছিলেন, তাঁহার মরণকালে পনেরো বৎসর বাকী ছিল। তিনি চরমবিধানদ্বারা সেই ভাড়াপত্র যাবজ্জীবন ভোগার্থে ব্রোণকে, ও ব্রোণের মরণানন্তর কার্টরকে দেন। ইহাতে ব্রোণ আর পনেরো বৎসর বাঁচিলে যদ্যপি কার্টরের প্রতি সেই চরমদানের কোন ফল না বর্ত্তে, তথাপি এবিয়ট সেই সম্পাত্তি যে অবস্থাতে রাখিয়া যান, ব্রোণ সেই অবস্থাতে তাহা রক্ষা করিয়া ভোগ করিবেন।

(খ) ব্রোণের যাবজ্জীবন বিশেষ বার্ষিক বৃত্তিতে এবিয়টের স্বত্ব থাকে, তিনি চরমবিধানদ্বারা সেই স্বত্ব যাবজ্জীবন ভোগার্থে কার্টরকে ও কার্টরের মরণানন্তর ডডকে দেন। ইহাতে ডডের পূর্ব্বে ব্রোণের মৃত্যু হইলে যদ্যপি সেই চরমদান ডডের পক্ষে বিফল হয়, তথাপি এবিয়ট সেই বৃত্তির স্বত্ব যে অবস্থাতে রাখিয়া যান, সেই অবস্থাতে তাহা রক্ষা করিয়া ভোগ করা কার্টরের কর্ত্তব্য ইতি।

[Sale and investment of proceeds of property bequeathed to two or more persons in succession.]

CXXXV. Where property comprised in a bequest to two or more persons in succession is

[ক্রমাগত দুই কি অধিক জনের ভোগার্থে যে চরমদান করা যায় তন্নির্দ্দিষ্ট সম্পাত্তি বিক্রয় করিয়া উপস্বত্বোৎপাদক কাগজ ক্রয় করিবার কথা।]

১৩৫ ধারা। ক্রমাগত দুই কি অধিক জনের ভোগার্থে যে চরমদান করা যায়, তৎপরিগৃহীত সম্পাত্তি

not specifically bequeathed, it shall, in the absence of any direction to the contrary, be sold and the proceeds of the sale shall be invested in such securities as the High Court may, by any general rule to be made from time to time, authorize or direct, and the fund thus constituted shall be enjoyed by the successive legatees according to the terms of the Will.

*Illustration.*

[illegible]g a lease for a term of years, bequeaths "all his [illegible]erty [illegible] B for life, and after B's death to C. The lease [illegible] proceeds invested as stated in the text, and the annual [illegible] from the fund is to be paid to B [illegible] B's death [illegible] the fund is to be paid to C.

[Where there is a [illegible] legacies, specific legacy not [illegible] general legacies.]

CXXXVI. If there be a deficiency of [illegible] to pay legacies, a specific legacy is not liable to abate with the general legacies.

## PART XX.

### *Of Demonstrative Legacies.*

[Demonstrative legacy defined.]

CXXXVII. Where a testator bequeaths a certain sum of money or a certain quantity of any other commodity, and refers to a particular fund or stock so as to constitute the same the primary fund or stock out of which payment is to be made, the legacy is said to be demonstrative.

*Explanation.*—The distinction between a specific legacy and a demonstrative legacy consists in this, that where specified property is given to the legatee the legacy is specific; where the legacy is directed to be paid out of specified property, it is demonstrative.

*Illustrations.*

(*a*) A bequeaths to B 1,000 Rupees, being part of a debt due to him from W. He also bequeaths to C 1,000 Rupees to be paid out of the debt due to him from W. The legacy to B is specific; the legacy to C is demonstrative.

(*b*) A bequeaths to B ten bushels of the corn which shall grow in his field of "Green Acre."

যদি বিশেষ চরমদানের বিষয় না হয়, তবে বিপরীত আদেশের অভাবে তাহা বিক্রয় করিতে হইবে, এবং হাই কোর্ট সময়ে২ প্রচারিত সাধারণ বিধিদ্বারা এমত স্থলে যেরূপ উপস্বত্বদায়ক কাগজ ক্রয় করণের অনুমতি কি আজ্ঞা দেন, তদ্রূপ উপস্বত্বদায়ক কাগজ ক্রয় করণে ঐ বিক্রয়োৎপন্ন ধন প্রয়োগ করিতে হইবে। পরে ক্রমাগত দানপাত্রেরা চরমপত্রের নিয়মানুসারে তদন্তর্গত ফণ্ড ভোগ করিবেন।

উদাহরণ।

এবিয়টের অনেক বৎসরের এক পাট্টা আছে। তিনি চরমবিধানদ্বারা আপনার "সর্ব্বস্ব" জাবজ্জীবন ভোগার্থে ব্রৌণকে ও ব্রৌণের মরণানন্তর কার্টরকে দান করেন। ইহাতে সেই পাট্টা বিক্রয় করিয়া ধারার নির্দ্দিষ্ট মতে তাহার মূল্য দিয়া উপস্বত্বদায়ক কাগজ ক্রয় করিতে হইবে। সেই ফণ্ডহইতে উৎপন্ন বার্ষিক উপস্বত্ব ব্রৌণের যাবজ্জীবন তাঁহাকে দিতে হইবে, ও [illegible] পরিশেষে ফণ্ডের মূলধন কার্টরকে দিতে হইবে

[illegible] ন্যূন না কুলাইলে সাধারণ [illegible] হ্রাস পাইবে না [illegible]

[illegible]

ন্যায় [illegible]

ইতি।

## বিংশতিতম

### নির্দ্দেশক চরমদানের কথা।

[নির্দ্দেশক চরমদান কি তাহার নির্ণয়।]

১৩৭ ধারা। চরমপত্রকারি কোন ব্যক্তি বিশেষ পরিমাণের টাকা কি বিশেষ পরিমাণের অন্য কোন দ্রব্য দান করণকালে যদি বিশেষ কোন ফণ্ড কি ষ্টাক নির্দ্দিষ্ট করিয়া আদৌ তাহাহইতে পরিশোধ করিবার আদেশ করেন, তবে সেই চরমদানকে নির্দ্দেশক চরমদান বলা যায়।

ব্যাখ্যা। বিশেষ চরমদানের ও নির্দ্দেশক চরমদানের মধ্যে প্রভেদ এই যে দানের পাত্রকে বিশেষরূপে নির্দ্দিষ্ট কোন সম্পত্তি দান করিলে বিশেষ চরমদান হয়, কিন্তু বিশেষরূপে নির্দ্দিষ্ট সম্পত্তিহইতে চরমদান পরিশোধ করিবার আদেশ করিলে নির্দ্দেশক চরমদান হয়।

উদাহরণ।

(ক) এবিয়ট চরমবিধানদ্বারা ব্রৌণকে এক সহস্র টাকা দেন। ওয়াকরের নিকটে তাঁহার যে ঋণ পাওনা আছে ঐ টাকা তাহার অংশ বিশেষ। আরো তিনি কার্টরকে এক সহস্র টাকা দান করিয়া ওয়াকরের নিকটে তাঁহার যে ঋণ পাওনা আছে, তাহাহইতে তাহা পরিশোধ করিবার আদেশ করেন। ইহাতে তিনি ব্রৌণের পক্ষে বিশেষ চরমদান ও কার্টরের পক্ষে নির্দ্দেশক চরমদান করেন।

(খ) এবিয়ট চরমবিধানদ্বারা ব্রৌণকে নিম্নলিখিত বিষয় দেন, অর্থাৎ—

তাঁহার হরিৎপুর ক্ষেত্রে যে শস্য জন্মিবে তাহার দশ বিশ।

"80 chests of the Indigo which shall be made at his factory of Rampore."

"10,000 Rupees out of his five per cent. promissory notes of the Government of India."

An annuity of 500 Rupees "from his funded property."

"1,000 Rupees out of the sum of 2,000 Rupees due to him by C."

A bequeaths to B an annuity, and directs it to be paid out of the rents arising from his taluk of Rámnagar.

A bequeaths to B "10,000 Rupees out of his estate at Rámnagar, or charges it on his estate at Rámnagar.

"10,000 Rupees, being his share of the capital embarked in a certain business."

Each of those bequests is demonstrative.

[Order of payment when legacy is directed to be paid out of a fund the subject of a specific legacy.]

CXXXVIII. Where a portion of a fund is specifically bequeathed and a legacy is directed to be paid out of the same fund, the portion specifically bequeathed shall first be paid to the legatee, and the demonstrative legacy shall be paid out of the residue of the fund, and, so far as the residue shall be deficient, out of the general assets of the testator.

*Illustration.*

A bequeaths to B 1,000 Rupees, being part of a debt due to him from W. He also bequeaths to C 1,000 Rupees to be paid out of the debt due to him from W. The debt due to A from W is only 1,500 Rupees; of these 1,500 Rupees, 1,000 Rupee belong to B, and 500 Rupees are to be paid to C. C is also to receive 500 Rupees out of the general assets of the testator.

PART XXI.

*Of Ademption of Legacies.*

[Ademption explained.]

CXXXIX. If anything which has been specifically bequeathed does not belong to the testator at the time of his death, or has been converted into property of a different kind, the legacy is adeemed, that is, it cannot take effect by reason of the subject-matter having been withdrawn from the operation of the Will.

রামপুরের কুঠীতে যে নীল প্রস্তুত হইবে তাহার আশী বাক্স।

শতকরা পাঁচ টাকা সুদের তাঁহার যে গবর্ণমেন্টের কাগজ আছে তাহার মধ্যে দশ সহস্র টাকা।

উপস্বত্বদায়ক কাগজস্বরূপ তাঁহার যে সম্পত্তি আছে তাহাহইতে বার্ষিক পাঁচ শত টাকা বৃত্তি।

কার্টর তাঁহার যে দুই সহস্র টাকা ধারে তাহাহইতে এক সহস্র টাকা।

এবিয়ট চরমবিধানদ্বারা ব্রৌণকে বার্ষিক বৃত্তি দান করিয়া এই আদেশ করেন যে তাঁহার রামনগর তালুকের খাজানাহইতে তাহা পরিশোধ করিতে হইবে।

এবিয়ট চরমবিধানদ্বারা ব্রৌণকে আপনার রামনগর তালুকহইতে দশ সহস্র টাকা দেন, কিম্বা তাহা পরিশোধ করিবার ভার ঐ রামনগর তালুকের উপর অর্পণ করেন।

কোন বিশেষ বাণিজ্য কার্য্যেতে যে মূলধন প্রয়োগ করা গিয়াছে তাহার মধ্যে দশ সহস্র টাকা পরিমিত তাঁহার অংশ।

ইহার মধ্যে প্রত্যেক দান নির্দ্দেশক চরমদান ইতি।

[যে ফণ্ড বিশেষ চরমদানের বিষয় তাহাহইতে কোন চরমদান পরিশোধ করিবার আদেশ যদি করা যায়, তবে যে ক্রমে দান শোধ করিতে হইবে ইহার কথা।]

১৩৮ ধারা। যে ফণ্ডের কোন অংশ বিশেষ চরমদানের বিষয় হয়, সেই ফণ্ডহইতে অন্য চরমদান পরিশোধ করিবার আদেশ যদি করা যায়, তবে তাহার যে অংশ বিশেষ চরমদানের বিষয় আছে, প্রথমে তাহাই চরমদানের পাত্রকে দিতে হইবে। পরে সেই ফণ্ডের অবশিষ্টাংশহইতে, এবং সেই অবশিষ্টাংশে যে পর্য্যন্ত না কুলায় সেই পর্য্যন্ত চরমপত্রকারি ব্যক্তির সাধারণ সংস্থানহইতে, ঐ নির্দ্দেশক চরমদান পরিশোধ করিতে হইবে।

উদাহরণ।

এবিয়ট চরমবিধানদ্বারা ব্রৌণকে এক সহস্র টাকা দেন, ওয়াকরের নিকটে তাঁহার যে ঋণ পাওনা আছে ঐ টাকা তাহার অংশবিশেষ। তদ্ভিন্ন তিনি কার্টরকে এক সহস্র টাকা দিয়া এই আদেশ করেন যে ওয়াকরের নিকটে আপনার পাওনা টাকাহইতে তাহা পরিশোধ করিতে হইবে। ওয়াকরের নিকটে এবিয়টের কেবল দেড় সহস্র টাকা পাওনা আছে। সেই দেড় সহস্র টাকার মধ্যে এক সহস্র টাকা ব্রৌণের প্রতি বর্ত্তে, ও পাঁচ শত টাকা কার্টরকে দিতে হইবে, তদ্ভিন্ন কার্টর সেই চরমপত্রকারি ব্যক্তির সাধারণ সংস্থানহইতে পাঁচ শত টাকা পাইবেন ইতি।

একবিংশ খণ্ড।

চরমদান পূর্ব্বে গ্রহণের কথা।

[পূর্ব্বে গ্রহণ কি তাহার নির্ণয়।]

১৩৯ ধারা। বিশেষ চরমদানের কোন বিষয় যদি চরমপত্রকারি ব্যক্তির মরণকালে তাঁহার সম্পত্তি না থাকে কিম্বা প্রকারান্তরীকৃত হইয়া অন্য প্রকারের সম্পত্তি হইয়া থাকে, তবে সেই চরমদান পূর্ব্বগৃহীত হইল, অর্থাৎ সেই দানের বিষয় চরমপত্রের প্রভাবহইতে বহির্ভূত হওয়াতে সেই দান ফলবৎ হইতে পারে না।

*Illustrations.*

(a) A bequeaths to B—

"The diamond ring presented to him by C."

"His gold chain."

"A certain bale of wool."

"A certain piece of cloth."

"All his household goods which shall be in or about his dwelling-house in M. Street, in Calcutta, at the time of his death."

A, in his lifetime,—

Sells or gives away the ring.

Converts the chain into a cup.

Converts the wool into cloth.

Makes the cloth into a garment.

Takes another house into which he removes all his goods. Each of these legacies is adeemed.

(b) A bequeaths to B—

"The sum of 1,000 Rupees in a certain chest."

"All the horses in his stable."

At the death of A no money is found in the chest, and no horses in the stable.

[illegible]

উদাহরণ।

(ক) এবিয়ট চরমবিধানদ্বারা ব্রৌণকে নিম্নলিখিত সকল বিষয় দান করেন, অর্থাৎ—

"কার্টরের দত্ত আমার হীরকখচিত অঙ্গুরীয়ক।

"আমার সুবর্ণ শৃঙ্খল।

"পশমের বিশেষ এক গাঁইট।

"বস্ত্রের বিশেষ এক থান।

"কলিকাতার ধর্ম্মতলার রাস্তাতে আমার বসতি বাটীর মধ্যে কি নিকটে আমার মরণকালে যাহা থাকে আমার সেই গৃহসামগ্রী সকল।"

অপর এবিয়ট জীবৎ থাকিতে আপনি—

সেই অঙ্গুরীয়ক বিক্রয় করেন কি কোন ব্যক্তিকে দান করেন।

সেই শৃঙ্খল ভাঙ্গিয়া পানপত্র প্রস্তুত করান।

সেই পশমে বস্ত্র বুনান।

সেই বস্ত্রে পোশাক প্রস্তুত করান।

অন্য স্থানে বাটী করিয়া তাহার মধ্যে আপনার সকল গৃহসামগ্রী আনান।

ইহাতে ঐ সকল চরমদান পূর্ব্বগৃহীত হইয়াছে।

(খ) এবিয়ট চরমবিধানদ্বারা ব্রৌণকে নিম্নলিখিত বিষয় দেন।

বিশেষ সিন্দুকের মধ্যে স্থিত এক সহস্র টাকা।

তাঁহার আস্তাবলে স্থিত সকল ঘোড়া।

এবিয়টের মরণকালে না সেই সিন্দুকে টাকা, না [illegible]

[illegible] হইয়াছে হাও।

[Non-ademption of demonstrative legacy.]

CXL. A demonstrative legacy is not adeemed by reason that the property on which it is charged by the Will does not exist at the time of the death of the testator, or has been converted into property of a different kind; but it shall in such case be paid out of the general assets of the testator.

[নির্দ্দেশক চরমদান যে স্থলে পূর্ব্বগৃহীত হয় না, তাহার কথা।]

১৪০ ধারা। যে বিশেষ সম্পত্তিহইতে কোন নির্দ্দেশক চরমদানের পরিশোধ হইবার আদেশ চরমপত্রে আছে, সেই সম্পত্তি চরমপত্রকারি ব্যক্তির মরণকালে না থাকিলে কিম্বা প্রকারান্তরের সম্পত্তি হইয়া গেলে ঐ চরমদান পূর্ব্বগৃহীত বলিয়া গণ্য হইবে না, কিন্তু এমত স্থলে চরমপত্রকারি ব্যক্তির সাধারণ সংস্থানহইতে তাহা পরিশোধ করিতে হইবে ইতি।

[Ademption of specific bequest of right to receive something from a third party.]

CXLI. Where the thing specifically bequeathed is the right to receive something of value from a third party, and the testator himself receives it, the bequest is adeemed.

[তৃতীয় কোন ব্যক্তির নিকটে কিছু পাইবার স্বত্ব বিশেষ চরমদানের বিষয় হইলে যে স্থলে তাহা পূর্ব্বগৃহীত হয় তাহার কথা।]

১৪১ ধারা। তৃতীয় কোন ব্যক্তির নিকটে মূল্যবিশিষ্ট কোন দ্রব্য পাইবার স্বত্ব যদি বিশেষ চরমদানের বিষয় হয়, তবে চরমপত্রকারি ব্যক্তি আপনি সেই দ্রব্য পাইলে চরমদান পূর্ব্বগৃহীত বলিয়া গণ্য হইবে।

*Illustrations.*

(a) A bequeaths to B—

"The debt which C owes him."

"2,000 Rupees which he has in the hands of D."

"The money due to him on the bond of E."

"His mortgage on the Rampore factory."

উদাহরণ।

(ক) এবিয়ট চরমবিধানদ্বারা ব্রৌণকে নিম্নলিখিত সকল বিষয় দেন—

কার্টর তাঁহার যে টাকা ধারেন তাহা।

ডডের হাতে তাঁহার যে দুই সহস্র টাকা আছে তাহা।

এলিসের খতের দরুণ যে টাকা তাঁহার পাওনা আছে তাহা।

রামপুরের কুঠীতে তাহার বন্ধকী স্বত্ব।

All these debts are extinguished in A's lifetime, some with, and some without his consent.

All the legacies are adeemed.

(*b*) A bequeaths to B—

" His interest in certain policies of life assurance."

A in his lifetime receives the amount of the policies. The legacy is adeemed.

[Ademption *pro tanto* by testator's receipt of part of entire thing specifically bequeathed.]

CXLII. The receipt by the testator of a part of an entire thing specifically bequeathed shall operate as an ademption of the legacy to the extent of the sum so received.

*Illustration.*

A bequeaths to B "the debt due to him by C." The debt amounts to 10,000 Rupees. C pays to A 5,000 Rupees, the one-half of the debt. The legacy is revoked by ademption so far as regards the 5,000 Rupees received by A.

[Ademption *pro tanto* by testator's receipt of portion of an entire fund of which a portion has been specifically bequeathed.]

CXLIII. If a portion of an entire fund or stock be specifically bequeathed, the receipt by the testator of a portion of the fund or stock shall operate as an ademption only to the extent of the amount so received, and the residue of the fund or stock shall be applicable to the discharge of the specific legacy.

*Illustration.*

A bequeaths to B one-half of the sum of 10,000 Rupees due to him from W. A in his lifetime receives 6,000 Rupees, part of the 10,000 Rupees. The 4,000 Rupees which are due from W to A at the time of his death belong to B under the specific bequest.

[Order of payment where a portion of a fund is specifically bequeathed to one legatee, and a legacy charged on the same fund to another, and the testator having received a portion of that fund the remainder is insufficient to pay both legacies.]

CXLIV. Where a portion of a fund is specifically bequeathed to one legatee, and a legacy charged on the same fund is bequeathed to another legatee; if the testator receives a portion of that fund, and the remainder of the fund is insuffi-

এবিয়ট জীবৎ থাকিতে এই সকল ঋণের মধ্যে কোন২ ঋণ তাঁহার ইচ্ছাক্রমে, অন্য সকল ঋণ তাঁহার অনিচ্ছাতে পরিশোধ করা যায়।

ইহাতে ঐ সকল চরমদান পুর্ব্বগৃহীত হইল।

(খ) এবিয়ট চরমবিধানদ্বারা কএক ব্যক্তির আয়ু সম্বন্ধীয় বিমাপত্রে আপনার সম্পার্ক ব্রোণকে দান করেন। কিন্তু এবিয়ট জীবৎ থাকিতে সেই সকল বিমাপত্রের মূল্য পান।

ইহাতে সেই চরমদান পুর্ব্বগৃহীত হইল ইতি।

[সম্পূর্ণ যে বিষয় বিশেষ চরমদানের বিষয় ছিল, চরমপত্রকারি ব্যক্তি তাহার কোন অংশ গ্রহণ করিলে সেই অংশ পুর্ব্বগৃহীত বলিয়া গণ্য হইবার কথা।]

১৪২ ধারা। সম্পূর্ণ কোন বিষয় যদি বিশেষ চরমদানের বিষয় হইয়া থাকে, তবে তাহার কোন অংশ চরমপত্রকারি ব্যক্তিকর্ত্তৃক গৃহীত হইলে সেই অংশের মূল্য যে পর্য্যন্ত বর্ত্তে সেই পর্য্যন্ত ঐ চরমদান পুর্ব্বগৃহীত বলিয়া গণ্য হইবে।

উদাহরণ।

কার্টর এবিয়টের যে ঋণ ধারে তাহা এবিয়ট চরমবিধানদ্বারা ব্রোণকে দেন। সেই ঋণ দশ সহস্র টাকা পরিমিত। তাহার মধ্যে কার্টর এবিয়টের নিকটে অর্দ্ধেক অর্থাৎ পাঁচ সহস্র টাকা পরিশোধ করেন। ইহাতে সেই যে পাঁচ সহস্র টাকা এবিয়ট পান তাহা যে পর্য্যন্ত বর্ত্তে সেই পর্য্যন্ত পুর্ব্বগ্রহণদ্বারা ঐ চরমদান ব্যর্থ করা গেল ইতি।

[যে সম্পূর্ণ ফণ্ডের কি ষ্টাকের বিশেষ কোন অংশ বিশেষ চরমদানের বিষয় ছিল, চরমপত্রকারি ব্যক্তি তাহার কোন অংশ পাইলে সেই অংশ পুর্ব্বগৃহীত বলিয়া গণ্য হইবার কথা।]

১৪৩ ধারা। সম্পূর্ণ কোন ফণ্ডের কি ষ্টাকের বিশেষ কোন অংশ বিশেষ চরমদানের বিষয় হইলে পর যদি চরমপত্রকারি ব্যক্তি সেই ফণ্ডের কি ষ্টাকের কোন অংশ গ্রহণ করেন, তবে যে অংশ গৃহীত হইল তাহা যে পর্য্যন্ত বর্ত্তে কেবল সেই পর্য্যন্ত ঐ অংশ গ্রহণ চরমদানের পূর্ব্বগ্রহণ বলিয়া গণ্য হইবে, এবং বিশেষ চরমদানের পরিশোধার্থে ঐ ফণ্ডের কি ষ্টাকের শেষ অংশ প্রয়োগ করিতে হইবে।

উদাহরণ।

ওয়াকর এবিয়টের দশ সহস্র টাকা ধারে, এবিয়ট চরমবিধানদ্বারা তাহার অর্দ্ধেক ব্রোণকে দেন। এবিয়ট জীবৎ থাকিতে সেই দশ সহস্র টাকার অংশ বলিয়া ছয় সহস্র টাকা পান। এবিয়টের মরণকালে ওয়াকরের নিকটে বাকী যে চারি সহস্র টাকা পাওনা আছে তাহা ঐ বিশেষ চরমদানের বলে ব্রোণের প্রতি বর্ত্তিবে ইতি।

[কোন ফণ্ডের বিশেষ অংশ বিশেষ চরমবিধানদ্বারা এক জন দানপাত্রকে দিয়া সেই ফণ্ডহইতে অন্য দানপাত্রের পক্ষে অন্য চরমদান পরিশোধ করিবার আদেশ করা গেলে, যদি সেই ফণ্ডের কোন অংশ চরমপত্রকারি ব্যক্তিকর্ত্তৃক প্রাপ্ত হওয়াতে অবশিষ্টাংশে উভয় চরমদান পরিশোধ করণার্থে না কুলায়, তবে যে ক্রমে পরিশোধ করিতে হইবে তাহার কথা।]

১৪৪ ধারা। যে ফণ্ডের এক অংশ এক দানপাত্রের প্রাপ্য বিশেষ চরমদানের বিষয় হয়, সেই ফণ্ডহইতে চরমবিধানের বলে অন্য দানপাত্রের পক্ষে কৃত অন্য চরমদান পরিশোধ করিতে হইলে, যদি চরমপত্রকারি ব্যক্তি সেই ফণ্ডের এক অংশ গ্রহণ করাতে সেই ফণ্ডের

cient to pay both the specific and the demonstrative legacy, the specific legacy shall be paid first, and the residue (if any) of the fund shall be applied so far as it will extend in payment of the demonstrative legacy, and the rest of the demonstrative legacy shall be paid out of the general assets of the testator.

অবশিষ্টাংশ ঐ বিশেষ ও নির্দ্দেশক উভয় চরমদান পরিশোধ করণার্থে না কুলায়, তবে প্রথমে সেই বিশেষ চরমদান পরিশোধ করিতে হইবে, পরে ঋণের কোন অংশ অবশিষ্ট থাকিলে যে পর্য্যন্ত বর্ত্তে সেই পর্য্যন্ত ঐ নির্দ্দেশক চরমদান পরিশোধ করণে তাহা প্রয়োগ করিতে হইবে, এবং নির্দ্দেশক চরমদানের যে অংশ বাকী থাকিবে, তাহা চরমপত্রকারি ব্যক্তির সাধারণ সংস্থানহইতে পরিশোধ করিতে হইবে।

*Illustration.*

A bequeaths to B 1,000 Rupees, part of the debt of 2,000 Rupees due to him from W. He also bequeaths to C 1,000 Rupees to be paid out of the debt due to him from W. A afterwards receives 500 Rupees, part of that debt, and dies leaving only 1,500 Rupees due to him from W. Of these 1,500 Rupees, 1,000 Rupees belong to B. and 500 Rupees are to be paid to C. C is also to receive 500 Rupees out of the general assets of the testator.

উদাহরণ।

এবিয়টের নিকটে ওয়াকরের দুই সহস্র টাকা ঋণ আছে। এবিয়ট চরমবিধানদ্বারা সেই ঋণের অংশ বলিয়া ব্রৌণকে এক সহস্র টাকা দেন, তদ্ভিন্ন তিনি চরমবিধানদ্বারা ওয়াকরের নিকটে পাওনা ঋণহইতে এক সহস্র টাকা কার্টরকে দিতে আদেশ করেন। পরে এবিয়ট সেই ঋণের পাঁচ শত টাকা পরিমিত অংশ প্রাপ্ত হন, তাহাতে মরণকালে ওয়াকরের নিকটে তাঁহার কেবল দেড় সহস্র টাকা পাওনা ছিল। সেই দেড় সহস্র টাকার মধ্যে এক সহস্র টাকা ব্রৌণের প্রতি বর্ত্তিবে, ও পাঁচ শত টাকা কার্টরকে দিতে হইবে। এতদ্ভিন্ন কার্টর চরমপত্রকারি ব্যক্তির সাধারণ সংস্থানহইতে পাঁচ শত টাকা পাইতে স্বত্ববান্ হইবেন ইতি।

[Ademption whether stock specifically bequeath-

[যে ষ্টাক বিশেষ চরমদানের বিষয় ছিল, চরমপত্র-

*Illustration.*

A bequeaths to B—

"His capital stock of 1,000*l.* in East India Stock."

"His promissory notes of the Government of India for 10,000 Rupees in their 4 per cent. loan."

A sells the stock and the notes.

The legacies are adeemed.

উদাহরণ।

এবিয়ট চরমবিধানদ্বারা ব্রৌণকে এই দুই প্রকার ষ্টাক দেন, অর্থাৎ —

ইষ্ট-ইণ্ডিয়া ষ্টাকে আপনার এক সহস্র পৌণ্ড পরিমিত মূলধন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের শতকরা চারি টাকা সুদের কর্জ্জের আপনার দশ সহস্র টাকার কাগজ।

এবিয়ট ঐ ষ্টাক ও গবর্ণমেণ্ট কাগজ বিক্রয় করেন।

ইহাতে ঐ দুই চরমদান পূর্ব্বগৃহীত হইল ইতি।

[Ademption *pro tanto* where stock specifically bequeathed, exist in part only at testator's death.]

CXLVI. Where stock which has been specifically bequeathed does only in part exist at the testator's death, the legacy is adeemed so far as regards that part of the stock which has ceased to exist.

[যে ষ্টাক বিশেষ চরমদানের বিষয় ছিল তাহার অংশমাত্র যদি চরমপত্রকারি ব্যক্তির মরণকালে থাকে, তবে অন্য অংশ পূর্ব্বগৃহীত বলিয়া গণ্য হইবার কথা।]

১৪৬ ধারা। যে ষ্টাক বিশেষ চরমদানের বিষয় ছিল, তাহার অংশমাত্র যদি চরমপত্রকারি ব্যক্তির মরণকালে থাকে, তবে সেই ষ্টাকের যে অংশ আর নাই তাহা যে পর্য্যন্ত বর্ত্তিত, সেই পর্য্যন্ত ঐ চরমদান পূর্ব্বগৃহীত বলিয়া গণ্য হইবে।

*Illustration.*

A bequeaths to B—

"His 10,000 Rupees in the 5½ per cent. loan of the Government of India."

A sells one-half of his 10,000 Rupees in the loan in question.

One-half of the legacy is adeemed.

উদাহরণ।

এবিয়ট চরমবিধানদ্বারা ব্রৌণকে এই বিষয় দান করেন, অর্থাৎ—

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের শতকরা সাড়ে পাঁচ টাকা সুদের কর্জ্জের তাঁহার যে দশ সহস্র টাকার গবর্ণমেণ্ট কাগজ আছে তাহা।

পরে সেই কর্জ্জে এবিয়টের যে দশ সহস্র টাকার কাগজ আছে তাহার অর্দ্ধেক তিনি বিক্রয় করেন।

ইহাতে চরমদানের অর্দ্ধেক পূর্ব্বগৃহীত হইল ইতি।

[Non-ademption of specific bequest of goods described as connected with a certain place by reason of removal.]

CXLVII. A specific bequest of goods under a description connecting them with a certain place is not adeemed by reason that they have been removed from such place from any temporary cause, or by fraud, or without the knowledge or sanction of the testator.

*Illustrations.*

A bequeaths to B "all his household goods which shall be in or about his dwelling-house in Calcutta at the time of his death." The goods are removed from the house to save them from fire. A dies before they are brought back.

A bequeaths to B "all his household goods which shall be in or about his dwelling-house in Calcutta at the time of his death." During A's absence upon a journey the whole of the goods are removed from the house. A dies without having sanctioned their removal.

Neither of these legacies is adeemed.

[When removal of thing bequeathed does not constitute ademption.]

CXLVIII. The removal of the thing bequeathed from the place in which it is stated in the Will to be situated, does not constitute an ademption, where the place is only referred to in order to complete the description of what the testator meant to bequeath.

*Illustrations.*

A bequeaths to B all the bills, bonds, and other securities for money belonging to him then lying in his lodgings in Calcutta. At the time of his death these effects had been removed from his lodgings in Calcutta.

A bequeaths to B all his furniture then in his house in Calcutta. The testator has a house at Calcutta and another at Chinsurah, in which he lives alternately, being possessed of one set of furniture only, which he removes with himself to each house. At the time of his death the furniture is in the house at Chinsurah.

A bequeaths to B all his goods on board a certain ship then lying in the River Hooghly. The goods are removed by A's directions to a ware-house, in which they remain at the time of A's death.

[বর্ণনাদ্বারা স্থানবিশেষের সহিত যাহার সম্বন্ধ নির্দিষ্ট হয় এমত সম্পত্তি বিশেষ চরমদানের বিষয় হইলে ঐ সম্পত্তি স্থানান্তরীকরণ প্রযুক্ত চরমদান পূর্ব্বগৃহীত বলিয়া গণ্য না হইবার কথা।]

১৪৭ ধারা। যে সম্পত্তির বর্ণনাদ্বারা স্থানবিশেষের সহিত তাহার সম্বন্ধ নির্দিষ্ট হয় তাহা বিশেষ চরমদানের বিষয় হইলে যদি অল্পকালস্থায়ি কারণে কি প্রতারণাক্রমে কিম্বা চরমপত্রকারি ব্যক্তির অজ্ঞাতসারে কি তাঁহার অনুমতি বিনা সেই সম্পত্তি স্থানান্তরীকৃত হইয়া থাকে, তবে তৎপ্রযুক্ত সেই চরমদান পূর্ব্বগৃহীত বলিয়া জ্ঞান হইবে না।

উদাহরণ।

এবিয়ট চরমবিধানদ্বারা এই আদেশ করেন যে আমার মরণকালে কলিকাতায় স্থিত আমার বসতিবাটীর মধ্যে কি নিকটে আমার যত গৃহসামগ্রী থাকিবে তাহা ব্রৌণকে দিলাম। পরে গৃহদাহের আশঙ্কাহইতে রক্ষা করিবার অভিপ্রায়ে সেই সকল সামগ্রী ঐ বাটীহইতে স্থানান্তর করা যায়। তাহা পুনরানীত না হইতে এবিয়টের মৃত্যু হয়।

এবিয়ট চরমবিধানদ্বারা এই আদেশ করেন যে আমার মরণকালে কলিকাতায় স্থিত আমার বসতিবাটীর মধ্যে কি নিকটে আমার যত গৃহসামগ্রী থাকিবে তাহা ব্রৌণকে দিলাম। পরে এবিয়ট যাবৎ দেশ ভ্রমণ করেন তাবৎ সেই সকল সামগ্রী সেই বাটীহইতে স্থানান্তরীকৃত হয়। এবিয়ট তাহার স্থানান্তরীকরণের প্রতি অনুমোদন না করিতে তাঁহার মৃত্যু হয়।

এই দুই চরমদান পূর্ব্বগৃহীত হয় নাই ইতি।

[চরমদানের বিষয় স্থানান্তর করা যে স্থলে পূর্ব্বগ্রহণের তুল্য হয় না তাহার কথা।]

১৪৮ ধারা। চরমপত্রকারি ব্যক্তি যাহা দিতে মনস্থ করেন তাহার বর্ণনা সম্পূর্ণ করণের অভিপ্রায়েই যদি স্থানের উল্লেখ হয়, অর্থাৎ সেই দানের বিষয় অমুক স্থানে আছে এমত কথা যদি চরমপত্রে লিখিত থাকে, তবে ঐ নির্দিষ্ট স্থানহইতে সেই বিষয় স্থানান্তরীকরণদ্বারা দানের পূর্ব্বগ্রহণ হয় না।

উদাহরণ।

এবিয়ট চরমবিধানদ্বারা এই আদেশ করেন যে কলিকাতায় আমার বাসাতে আমার যত হুণ্ডী ও খৎ ও টাকার জন্য নিবন্ধনপত্র আছে তাহা সকলই ব্রৌণকে দিলাম। সেই সকল কাগজ কলিকাতায় স্থিত তাঁহার বাসাহইতে স্থানান্তরীকৃত হওয়াতে তাঁহার মরণকালে তথায় ছিল না।

এবিয়ট চরমবিধানদ্বারা কলিকাতায় আপনার বাটীতে স্থিত গৃহসামগ্রী সকল দান করেন। সেই চরমপত্রকারি ব্যক্তির দুই বাটী আছে, তাহার একটা কলিকাতায়, আর একটা চুঁচুড়ায় স্থিত। তিনি কখন২ ঐ দুইয়ের এক স্থানে, ও কখন২ অন্য স্থানে বাস করেন, ও তাঁহার কেবল এক স্যাট গৃহসামগ্রী থাকাতে তিনি যখন যে বাটীতে বাস করিতে যান তখন সেই বাটীতে ঐ সামগ্রী সকলও লইয়া যান। তাঁহার মরণকালে সেই সামগ্রী চুঁচুড়ার বাটীতে ছিল।

হুগলী নদীতে লঙ্গর করা কোন জাহাজে এবিয়টের যত মাল আছে সে সকল তিনি চরমবিধানদ্বারা ব্রৌণকে দান করেন। পরে এবিয়টের আদেশানুসারে সেই মাল স্থানান্তরীকৃত হইয়া কোন গুদামে রাখা যায়, তন্মধ্যে তাহা এবিয়টের মরণকাল পর্য্যন্ত থাকে।

No one of these legacies is revoked by ademption.

[When thing bequeathed is a valuable to be received by the testator from a third person; and the testator himself, or his representative, receives it.]

CXLIX. Where the thing bequeathed is not the right to receive something of value from a third person, but the money or other commodity which shall be received from the third person by the testator himself or by representatives, the receipt of such sum of his money or other commodity by the testator shall not constitute an ademption; but if he mixes it up with the general mass of his property, the legacy is adeemed.

*Illustrations.*

A bequeaths to B whatever sum may be received from his claim on C. A receives the whole of his claim on C, and sets it apart from the general mass of his property. The legacy is not adeemed.

[Change by operation of law of subject of specific bequest between date of Will and testator's death.]

CL. Where a thing specifically bequeathed undergoes a change between the date of the Will and the testator's death, and the change takes place by operation of law, or in the course of execution of the provisions of any legal instrument under which the thing bequeathed was held, the legacy is not adeemed by reason of such change.

*Illustrations.*

A bequeaths to B "all the money which he has in the 5½ per cent. loan of the Government of India."

The securities for the 5½ per cent. loan are converted during A's lifetime into 5 per cent. stock.

A bequeaths to B the sum of 2,000*l.*, invested in Consols in the names of trustees for A.

The sum of 2,000*l.* is transferred by the trustees into A's own name.

A bequeaths to B the sum of 10,000 Rupees in promissory notes of the Government of India which he has power, under his marriage settlement, to dispose of by Will. Afterwards in A's lifetime the fund is converted into Consols by virtue of an authority contained in the settlement.

No one of these legacies has been adeemed.

এই সকল চরমদানের মধ্যে একটিও পূর্ব্বগ্রহণদ্বারা ব্যর্থ হয় নাই ইতি।

[তৃতীয় কোন ব্যক্তির স্থানে প্রাপ্য মূল্যবান্ দ্রব্য চরমদানের বিষয় হইলে যে স্থলে চরমপত্রকারি ব্যক্তি আপনি কি তাঁহার প্রতিনিধিরা তাহা গ্রহণ করেন. তাহার কথা।]

১৪৯ ধারা। তৃতীয় কোন ব্যক্তির নিকটে কিছু পাইবার স্বত্ব চরমদানের বিষয় না হইয়া, সেই তৃতীয় ব্যক্তির নিকটে স্বয়ং চরমপত্রকারির কি তাঁহার প্রতিনিধিগণের প্রাপ্য টাকা কি অন্য দ্রব্য যদি চরমদানের বিষয় হয়, তবে চরমপত্রকারি ব্যক্তি কর্ত্তৃক সেই টাকা কি অন্য দ্রব্য গ্রহণে দানের পূর্ব্বগ্রহণ হইবে না। কিন্তু যদি তিনি আপনার নির্ব্বিশেষ সম্পত্তিসমূহের মধ্যে তাহা লীন করেন, তবে চরমদান পূর্ব্বগৃহীত বলিয়া গণ্য হইবে।

উদাহরণ।

এবিয়ট চরমবিধানদ্বারা এই আদেশ করেন যে কার্টরের স্থানে আমার যে দাওয়া আছে, তাহার হিসাবে যত টাকা পাওয়া যাইবে তাহা সকলই আমি ব্রোণকে দিলাম। এবিয়ট কার্টরের স্থানে আপনার দাওয়ার সমুদয় টাকা পাইয়া আপনার নির্ব্বিশেষ সম্পত্তিসমূহহইতে পৃথক্ করিয়া রাখেন। সেই চরমদানের পূর্ব্বগ্রহণ হয় নাই ইতি।

[চরমপত্রের তারিখ অবধি চরমপত্রকারির মৃত্যু পর্য্যন্ত আইনের বলে বিশেষ চরমদানের বিষয় যে স্থলে প্রকারান্তরীকৃত হয় তাহার কথা।]

১৫০ ধারা। কোন বিশেষ চরমদানের বিষয় চরমপত্রের তারিখের পরে অথচ চরমপত্রকারি ব্যক্তির মৃত্যুর পূর্ব্বে প্রকারান্তরীকৃত হইলে, যদি আইনের বলে কিম্বা আইনসিদ্ধ যে নিদর্শনপত্রের অধীনে ঐ দত্ত বস্তু ভুক্ত হইত তাহার বিধান সাধনক্রমে তাহা প্রকারান্তরীকৃত হইয়া থাকে, তবে তদ্রূপ প্রকারান্তরীকৃত হওয়া প্রযুক্ত সেই চরমদান পূর্ব্বগৃহীত বলিয়া জ্ঞান হইবে না।

উদাহরণ।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের শত করা সাড়ে পাঁচ টাকা সুদের কর্জ্জের যত গবর্ণমেণ্ট কাগজ এবিয়টের আছে তাহা তিনি চরমবিধানদ্বারা ব্রোণকে দান করেন। পরে এবিয়টের জীবৎকালে শত করা সাড়ে পাঁচ টাকা সুদের সেই গবর্ণমেণ্ট কাগজ পরিবর্ত্তিত হইয়া শতকরা পাঁচ টাকা সুদের কাগজ করা যায়।

এবিয়টের পক্ষ ট্রষ্টিদের নামে দুই সহস্র পৌণ্ডের কন্‌সলস্ কাগজ ক্রয় করা গিয়াছে, এবিয়ট চরমবিধানদ্বারা ব্রোণকে তাহা দেন। পরে ট্রষ্টিগণ সেই দুই সহস্র পৌণ্ডের কন্‌সল্‌স নিজ এবিয়টের নামের প্রতি অর্পণ করেন।

এবিয়ট আপন বিবাহের নিয়মপত্রের বলে যাহা চরমবিধানদ্বারা হস্তান্তর করিতে ক্ষমতাপন্ন, ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের এমত দশ সহস্র টাকার গবর্ণমেণ্ট কাগজ চরমবিধানদ্বারা ব্রোণকে দান করেন। পরে সেই নিয়মপত্রের নির্দ্ধারিত ক্ষমতার বলে সেই মূলধন এবিয়টের জীবৎকালে প্রকারান্তরীকৃত হয়, অর্থাৎ তদ্দ্বারা কন্‌সলস কাগজ ক্রয় করা যায়।

ইহার কোন চরমদান পূর্ব্বগৃহীত হয় নাই ইতি।

[Change of subject without testatator's knowledge.]

CLI. Where a thing specifically bequeathed undergoes a change between the date of the Will and the testator's death, and the change takes place without the knowledge or sanction of the testator, the legacy is not adeemed.

*Illustration.*

A bequeaths to B "all his three per cent. Consols." The Consols are, without A's knowledge, sold by his agent and the proceeds converted into East India Stock. This legacy is not adeemed.

[চরমপত্রকারি ব্যক্তির অজ্ঞাতসারে চরমদানের বিষয় প্রকারান্তরীকৃত হইবার কথা।]

১৫১ ধারা। কোন বিশেষ চরমদানের বিষয় চরমপত্রের তারিখের পরে অথচ চরমপত্রকারি ব্যক্তির মৃত্যুর পূর্ব্বে প্রকারান্তরীকৃত হইলে যদি সেই প্রকারান্তরীকরণ চরমপত্রকারি ব্যক্তির জ্ঞান কি অনুমতি বিনা হইয়া থাকে, তবে সেই চরমদান পূর্ব্বগৃহীত বলিয়া গণ্য হইবে না।

উদাহরণ।

এবিয়ট চরমবিধানদ্বারা শতকরা তিন টাকা সুদের কন্‌সল্‌স নামে আপনার কাগজ সকল ব্রৌণকে দান করেন। এবিয়টের অজ্ঞাতসারে তাঁহার এজেণ্ট সেই সকল কন্‌সল্‌স কাগজ বিক্রয় করিয়া তাহার পরিবর্ত্তে ইষ্ট ইণ্ডিয়া ষ্টাক ক্রয় করেন। সেই চরমদান পূর্ব্বগৃহীত হয় নাই ইতি।

[Stock specifically bequeathed, lent to a third party on condition that it shall be re-placed.]

CLII. Where stock which has been specifically bequeathed is lent to a third party on condition that it shall be re-placed, and it is re-placed accordingly, the legacy is not adeemed.

[যে ষ্টাক বিশেষ চরমদানের বিষয় তাহা প্রত্যর্পিত হওনের নিয়মে অন্য ব্যক্তিকে কর্জ্জরূপে দিবার কথা।]

১৫২ ধারা। যে ষ্টাক বিশেষ চরমদানের বিষয় হইয়াছে তাহা যদি প্রত্যর্পিত হইবার নিয়মে তৃতীয় কোন ব্যক্তিকে কর্জ্জরূপে দত্ত হয় ও সেই নিয়মানুসারে প্রত্যর্পিত হয়, তবে সেই চরমদান পূর্ব্বগৃহীত বলিয়া গণ্য হইবে না ইতি।

[Stocks specifically bequeathed, sold but replaced and belonging to the testator at his death.]

CLIII. Where stock specifically bequeathed is sold, and an equal quantity of the same stock is afterwards purchased and belongs to the testator at his death, the legacy is not adeemed.

[যে ষ্টাক বিশেষ চরমদানের বিষয় তাহা বিক্রীত হইলে যদি তৎপরিবর্ত্তে অন্য ষ্টাক দেওয়া যায় ও তাহা চরমপত্রকারি ব্যক্তির মরণকালে তাঁহার হয় এমত স্থলের কথা।]

১৫৩ ধারা। যে ষ্টাক বিশেষ চরমদানের বিষয় হইয়াছে, তাহা যদি বিক্রয় করা যায় ও পশ্চাৎ সেই ষ্টাকের তত টাকার অন্য কাগজ ক্রীত হইয়া চরমপত্রকারি ব্যক্তির মরণকালে তাঁহার সম্পত্তি হয়, তাহা হইলে সেই চরমদান পূর্ব্বগৃহীত বলিয়া গণ্য হইবে না ইতি।

## PART XXII.

*Of the Payment of Liabilities in respect of the Subject of a Bequest.*

[Non-liability of executor to exonerate specific legatees.]

CLIV. Where property specifically bequeathed is subject, at the death of the testator, to any pledge, lien, or incumbrance, created by the testator himself or by any person under whom he claims, then, unless a contrary intention appears by the Will, the legatee, if he accepts the bequest, shall accept it subject to such pledge or incumbrance, and shall (as between himself and the testator's estate) be liable to make good the amount of such pledge or incumbrance. A contrary intention shall not be inferred from any direction which the Will may contain for the payment of the testator's debts generally.

*Explanation.*—A periodical payment in the nature of land-revenue or in the nature of rent is not such an incumbrance as is contemplated by this Section.

## দ্বাবিংশ খণ্ড।

চরমদানের বিষয় সম্পর্কীয় দাওয়া শোধ করিবার কথা।

[বিশেষ চরমদানের পাত্রকে দায়হইতে মুক্ত করিতে অছি বাধিত নহেন ইহার কথা।]

১৫৪ ধারা। যে সম্পত্তি বিশেষ চরমদানের বিষয় হইয়াছে তাহা যদি চরমপত্রকারি ব্যক্তির মরণকালে সেই ব্যক্তির কি যাহাদ্বারা তিনি দাওয়া করেন এমত কোন ব্যক্তির উৎপাদিত বন্ধক কি অগ্রগণ্য দাওয়া কি দায়ের অধীন হয়, ও দানের পাত্র সেই চরমদান গ্রাহ্য করেন, তবে চরমপত্রে তদ্বিপরীত অভিপ্রায় প্রকাশ না পাইলে তিনি সেই বন্ধকাদি দায়ের অধীনে তাহা গ্রাহ্য করিবেন, এবং তিনি ও চরমপত্রকারি ব্যক্তির সম্পদ এই দুইয়ের মধ্যে তিনি সেই বন্ধক প্রভৃতি দায় শোধ করিতে বাধ্য হইবেন। চরমপত্রকারি ব্যক্তির সাধারণ ঋণ পরিশোধ বিষয়ক আদেশ চরমপত্রে থাকিলেও তদ্রূপ বিপরীত অভিপ্রায় প্রকাশ পাইতেছে, এমত অনুমান করিতে হইবে না।

ব্যাখ্যা। খাজানা কি ভূমির রাজস্ব প্রভৃতি নিয়মিত যে সাময়িক ব্যয় তাহা এই ধারার অভিপ্রায়ানুসারে উক্ত দায়ের মধ্যে গণ্য হইবে না।

*Illustrations.*

(*a*) A bequeaths to B the diamond ring given him by C. At A's death the ring is held in pawn by D, to whom it has been pledged by A. It is the duty of A's executors, if the state of the testator's assets will allow them, to allow B to redeem the ring.

(*b*) A bequeaths to B a zamíndári, which at A's death is subject to a mortgage for 10,000 Rupees, and the whole of the principal sum, together with interest to the amount of 1,000 Rupees, is due at A's death. B, if he accepts the bequest, accepts it subject to this charge, and is liable, as between himself and A's estate, to pay the sum of 11,000 Rupees thus due.

উদাহরণ।

(ক) কার্টর এবিয়টকে যে হীরকখচিত অঙ্গুরীয়ক দিয়াছিলেন তাহা এবিয়ট চরমবিধানদ্বারা ব্রৌণকে দেন। কিন্তু এবিয়ট তাহা ডডকে বন্ধক দেওয়াতে এবিয়টের মরণকালে সেই অঙ্গুরীয়ক বন্ধকরূপে ডডের হস্তগত আছে। ইহাতে যদি এবিয়টের সংস্থান কুলায়, তবে তাঁহার চরমপত্রের নিযুক্ত অছিদের উচিত যে ঐ অঙ্গুরীয়ক মোচন করিবার অনুমতি ব্রৌণকে দেন।

(খ) এবিয়ট চরমবিধানদ্বারা ব্রৌণকে এক জমীদারী দান করেন। এবিয়টের মরণকালে ১০০০০৲ টাকায় সেই জমীদারী বন্ধক থাকে। সেই সমুদয় মূলধন ও এক সহস্র টাকা সুদ এবিয়টের মরণকালে দেনা হয়। যদি ব্রৌণ সেই চরমদান গ্রাহ্য করেন, তবে এই দায়ের অধীনে তাহা গ্রাহ্য করিবেন, এবং তিনি ও এবিয়টের সম্পদ এই দুইয়ের মধ্যে তিনি সেই দেনা ১১০০০৲ টাকা পরিশোধ করিতে বদ্ধ হইবেন ইতি।

[Completion of testator's title to things bequeathed to be at cost of his estate.]

[চরমদানের যে বিষয় তাহাতে চরমপত্রকারি ব্যক্তির অধিকার সম্পূর্ণ করণার্থে যে কিছু করা আবশ্যক তজ্জন্য ব্যয় তাঁহার সম্পদহইতে করিতে হইবে ইহার কথা।]

CLV. Where any thing is to be done to complete the testator's title to the thing bequeathed, it is to be done at the cost of the testator's estate.

*Illustrations.*

(*a*) A having contracted in general terms for the purchase of a piece of land at a certain price, bequeaths it to B and dies before he has paid the purchase-money. The purchase-money must be made good out of A's assets.

(*b*) A having contracted for the purchase of a piece of land for a certain sum of money, one half of which is to be paid down, and the other half secured by mortgage of the land, bequeaths it to B and dies before he has paid or secured any part of the purchase-money. One-half of the purchase money must be paid out of A's assets.

১৫৫ ধারা। চরমদানদ্বারা যে বিষয় দত্ত হয় তাহাতে চরমপত্রকারি ব্যক্তির অধিকার সম্পূর্ণ করণার্থে যে কিছু করা আবশ্যক হয়, তজ্জন্য ব্যয় চরমপত্রকারি ব্যক্তির সম্পদহইতে করিতে হইবে।

উদাহরণ।

(ক) এবিয়ট সবিশেষ নিয়ম না করিয়া নিশ্চিত মূল্যে ভূমিখণ্ডবিশেষ ক্রয় করিবার বন্দোবস্ত করিয়া চরমবিধানদ্বারা তাহা ব্রৌণকে দিয়া ক্রয়ার্থ মূল্য পরিশোধ না করিয়া প্রাণত্যাগ করেন। ইহাতে এবিয়টের সংস্থানহইতে সেই ক্রয়ার্থ মূল্য দিতে হইবে।

(খ) এবিয়ট নিশ্চিত পরিমাণের টাকাতে কোন ভূমিখণ্ড ক্রয় করিবার এমত নিয়ম করেন যে সেই টাকার অর্দ্ধেক তখনি দিয়া অন্য অর্দ্ধেকের প্রতিভূরূপে ভূমি বন্ধক দিতে হইবে। পরে চরমবিধানদ্বারা সেই ভূমিখণ্ড ব্রৌণকে দেন, কিন্তু ক্রয়ার্থ মূল্যের কোন অংশের পরিশোধ না করিয়া ও প্রতিভূ না দিয়া প্রাণত্যাগ করেন। ইহাতে এবিয়টের সংস্থানহইতে সেই ক্রয়ার্থ মূল্যের অর্দ্ধেক দিতে হইবে ইতি।

[Exoneration of legatee's immoveable property for which land revenue or rent is payable periodically.]

[যাহার জন্যে নিয়মিত রাজস্ব কি খাজানা সময়েং দিতে হয় এমত স্থাবর সম্পত্তিঘটিত দায়হইতে চরমদানের পাত্রকে মুক্ত করিবার কথা।]

CLVI. Where there is a bequest of any interest in immoveable property, in respect of which payment in the nature of land revenue or in the nature of rent has to be made periodically, the estate of the testator shall (as between such estate and the legatee) make good such payments or a proportion of them up to the day of his death.

*Illustration.*

A bequeaths to B a house, in respect of which 365 Rupees are payable annually by way of rent. A pays his rent at the usual time and dies 25 days after. A's estate shall make good 25 Rupees in respect of the rent.

১৫৬ ধারা। যাহার জন্যে নিয়মিত সময়ে সর্ব্বদা রাজস্ব কি খাজানা দিতে হয়, এমত অস্থাবর সম্পত্তিতে কোন সম্পর্ক যদি চরমদানের বিষয় হয়, তবে চরমপত্রকারি ব্যক্তির সম্পদ ও চরমদানের পাত্র এই দুইয়ের মধ্যে চরমপত্রকারি ব্যক্তির সম্পদ তাঁহার মরণের তারিখ পর্য্যন্ত সেই রাজস্বাদি কি তাহার উপযুক্ত অংশ পরিশোধ করিবে।

উদাহরণ।

এবিয়ট চরমবিধানদ্বারা ব্রৌণকে এক বাটী দেন, তাহার জন্যে ৩৬৫৲ টাকা বার্ষিক ভাড়া দিতে হয়, এবিয়ট নিয়মিত সময়ে ভাড়া দিয়া তাহার পঁচিশ দিন পরে প্রাণত্যাগ করেন। সেই ভাড়ার হিসাবে এবিয়টের সম্পদহইতে পঁচিশ টাকা আদায় হইতে পারিবে ইতি।

[Exoneration of specific legatee's stock in a Joint Stock Company.]

CLVII. In the absence of any direction in the Will, where there is a specific bequest of stock in a Joint Stock Company, if any call or other payment is due from the testator at the time of his death in respect of such stock, such call or payment shall, as between the testator's estate and the legatee, be borne by such estate; but if any call or other payment shall, after the testator's death, become due in respect of such stock, the same shall, as between the testator's estate and the legatee, be borne by the legatee if he accept the bequest.

*Illustrations.*

(*a*) A bequeathed to B his shares in a certain Railway. At A's death there was due from him the sum of 5*l.* in respect of each share, being the amount of a call which had been duly made, and the sum of 5*s.* in respect of each share, being the amount of interest which had accrued due in respect of the call. These payments must be borne by A's estate.

(*b*) A has agreed to take 50 shares in an intended Joint Stock Company, and has contracted to pay up 5*l.* in respect of each share, which sum must be paid before his title to the shares can be completed. A bequeaths these shares to B. The estate of A must make good the payments which were necessary to complete A's title.

(*c*) A bequeaths to B his shares in a certain Railway. B accepts the legacy. After A's death a call is made in respect of the shares. B must pay the call.

(*d*) A bequeaths to B his shares in a Joint Stock Company. B accepts the bequest. Afterwards the affairs of the Company are wound up and each shareholder is called upon for contribution. The amount of the contribution must be borne by the legatee.

(*e*) A is the owner of ten shares in a Railway Company. At a meeting held during his lifetime a call is made of 3*l.* per share, payable by three instalments. A bequeaths his shares to B, and dies between the day fixed for the payment of the first and the day fixed for the payment of the second instalment, and without having paid the first instalment. A's estate must pay the first instalment, and B, if he accepts the legacy, must pay the remaining instalments.

[কোন জাইন্ট ষ্টাক কোম্পানির ষ্টাক বিশেষ চরমদানের বিষয় হইলে তদ্ঘটিত দায়হইতে দানের পাত্রকে মুক্ত করিবার কথা।]

১৫৭ ধারা। কোন জাইন্ট ষ্টাক কোম্পানির ষ্টাক বিশেষ চরমদানের বিষয় হইলে যদি তাহার হিসাবে কোন কিস্তি কি অন্য টাকা চরমপত্রকারি ব্যক্তির মরণকালে তাঁহার দেনা হয়, তবে চরমপত্রে বিশেষ কোন আদেশ না থাকিলে চরমপত্রকারি ব্যক্তির সম্পদ ও দানের পাত্র এই দুইয়ের মধ্যে সেই কিস্তি কি অন্য টাকা দিবার ভার সেই চরমপত্রকারি ব্যক্তির সম্পদের প্রতি বর্ত্তিবে। কিন্তু সেই ষ্টাকের হিসাবে যদি কোন কিস্তি কি অন্য টাকা চরমপত্রকারি ব্যক্তির মরণের পরে দেনা হয় ও দানের পাত্র সেই চরমদান গ্রাহ্য করেন, তবে চরমপত্রকারির সম্পদ ও দানের পাত্র এই দুইয়ের মধ্যে সেই টাকা দিবার ভার দানপাত্রের প্রতি বর্ত্তিবে।

উদাহরণ।

(ক) কোন রেলওয়েতে এবিয়টের কএকটি শ্যার ছিল, তিনি চরমবিধানদ্বারা সেই সকল শ্যার ব্রৌণকে দেন। এবিয়টের মরণকালে তাহার মধ্যে প্রত্যেক শ্যারের উপর নিয়মিতরূপে অবধারিত পঞ্চাশং টাকা কিস্তি ও সেই কিস্তির সুদ বলিয়া প্রতি শ্যারের উপর আড়াই টাকা তাঁহার দেনা হইয়াছিল। সেই কিস্তি প্রভৃতি দিবার ভার এবিয়টের সম্পদের প্রতি বর্ত্তিবে।

(খ) কোন জাইন্ট ষ্টাক কোম্পানি স্থাপনের প্রস্তাব হওয়াতে এবিয়ট তাহার পঞ্চাশ শ্যার লইতে স্বীকার করিয়া প্রত্যেক শ্যারের উপর পঞ্চাশং টাকা দিবার প্রতিজ্ঞা করিয়াছিলেন, সেই সকল শ্যারে তাঁহার অধিকার পূর্ণ করণার্থে অগ্রে সেই টাকা দেওয়া আবশ্যক। এবিয়ট চরমবিধানদ্বারা সেই সকল শ্যার ব্রৌণকে দেন। ইহাতে এবিয়টের অধিকার পূর্ণ করণার্থে যে টাকা দেওয়া আবশ্যক, তাহা দিবার ভার এবিয়টের সম্পদের প্রতি বর্ত্তিবে।

(গ) কোন রেলওয়েতে এবিয়টের কএকটি শ্যার আছে, তিনি চরমবিধানদ্বারা সেই সকল শ্যার ব্রৌণকে দেন ও ব্রৌণ সেই চরমদান গ্রাহ্য করেন। এবিয়টের মৃত্যুর পরে সেই সকল শ্যারের উপর এক২ কিস্তি নির্দ্ধারিত হয়। সেই কিস্তির টাকা দেওয়া ব্রৌণের কর্ত্তব্য।

(ঘ) কোন জাইন্ট ষ্টাক কোম্পানিতে এবিয়টের যত শ্যার আছে তাহা তিনি চরমবিধানদ্বারা ব্রৌণকে দেন ও ব্রৌণ সেই চরমদান গ্রাহ্য করেন। পরে সেই কোম্পানির কর্ম্ম বন্ধ করণার্থে হিসাব নিষ্পত্তি করিতে হইলে বিজ্ঞাপনের বলে প্রত্যেক অংশি ব্যক্তির প্রতি বিশেষ পরিমাণের চাঁদা দিবার আদেশ হয়। সেই চাঁদা দিবার ভার দানপাত্রের প্রতি বর্ত্তিবে।

(ঙ) এবিয়ট কোন রেলওয়ে কোম্পানি সম্পর্কীয় দশ শ্যারের স্বামী। তিনি জীবৎ থাকিতে ঐ কোম্পানির কোন বৈঠকে প্রত্যেক শ্যারের উপর তিন কিস্তিতে ৩০৲ টাকা দিবার আদেশ হয়। এবিয়ট চরমবিধানদ্বারা আপনার সেই সকল শ্যার ব্রৌণকে দেন, পরে প্রথম কিস্তি দিবার নিরূপিত দিন ও দ্বিতীয় কিস্তি দিবার নিরূপিত দিন এই দুই দিনের মধ্যে তাঁহার মৃত্যু হয়, কিন্তু মৃত্যুর পূর্ব্বে তিনি প্রথম কিস্তিও পরিশোধ করেন নাই। ইহাতে প্রথম কিস্তি দিবার ভার এবিয়টের সম্পদের প্রতি বর্ত্তিবে, ও ব্রৌণ যদি সেই চরমদান গ্রাহ্য করেন, তবে অন্য দুই কিস্তি দিতে তিনি বাধিত হইবেন ইতি।

## PART XXIII.

### *Of Bequests of Things described in general Terms.*

[Bequest of thing described in general terms.]

CLVIII. If there be a bequest of something described in general terms, the executor must purchase for the legatee what may reasonably be considered to answer the description.

*Illustrations.*

(*a*) A bequeaths to C *a* pair of carriage horses, or *a* diamond ring. The executor must provide the legatee with such articles if the state of the assets will allow it.

(*b*) A bequeaths to B "*his* pair of carriage horses." A had no carriage horses at the time of his death. The legacy fails.

## ত্রয়োবিংশ খণ্ড।

### যে চরমদানের বিষয় নির্ব্বিশেষ বর্ণনাতে নির্দ্দিষ্ট হয় তাহার কথা।

[যে চরমদানের বিষয় নির্ব্বিশেষ বর্ণনাতে নির্দ্দিষ্ট হয় তাহার কথা।]

১৫৮ ধারা। নির্ব্বিশেষ কথাদ্বারা যাহার বর্ণনা করা গিয়াছে এমত কোন বিষয় চরমবিধানদ্বারা দত্ত হইলে অছির উচিত যে যুক্তিসিদ্ধ মতে সেই বর্ণনার অনুরূপ দ্রব্য দানপাত্রের জন্যে ক্রয় করেন।

উদাহরণ।

(ক) এবিয়ট চরমবিধানদ্বারা এক যোড়া গাড়ীর ঘোড়া কিম্বা হীরকখচিত একটি অঙ্গুরীয়ক কার্টরকে দেন। সংস্থান কুলাইলে তদ্রূপ দ্রব্য যোগাইয়া দানের পাত্রকে দেওয়া অছির উচিত।

(খ) এবিয়ট চরমবিধানদ্বারা আপনার এক যোড়া গাড়ীর ঘোড়া ব্রৌণকে দেন। এবিয়টের মরণকালে গাড়ীর ঘোড়া ছিল না। ইহাতে সেই চরমদান ব্যর্থ হয় ইতি।

## PART XXIV.

### *Of Bequests of the Interest or Produce of a Fund.*

[Bequest of the interest or produce of a fund.]

CLIX. Where the interest or produce of a fund is bequeathed to any person, and the Will affords no indication of an intention that the enjoyment of the bequest should be of limited duration, the principal as well as the interest shall belong to the legatee.

*Illustrations.*

(*a*) A bequeaths to B the interest of his 5 per cent. promissory notes of the Government of India. There is no other clause in the Will affecting those securities. B is entitled to A's 5 per cent. promissory notes of the Government of India.

(*b*) A bequeaths the interest of his 5½ per cent. promissory notes of the Government of India to B for his life, and after his death to C. B is entitled to the interest of the notes during his life, and C is entitled to the notes upon B's death.

(*c*) A bequeaths to B the rents of his lands at X. B is entitled to the lands.

## চতুর্বিংশ খণ্ড।

### যে চরমদানের বিষয় কোন ফণ্ডের সুদ কি উপস্বত্ব তাহার কথা।

[চরমবিধানদ্বারা কোন ফণ্ডের সুদ কি উপস্বত্ব দিবার কথা।]

১৫৯ ধারা। চরমবিধানদ্বারা কোন ফণ্ডের সুদ কি উপস্বত্ব কোন ব্যক্তিকে দত্ত হইলে যদি সেই চরমদান ভোগ করণের কালের সীমানিরূপক অভিপ্রায়ের কোন লক্ষণ চরমপত্রে প্রকাশ না পায়, তবে সেই মূলধন ও সুদ উভয়ের অধিকার দানপাত্রের প্রতি বর্ত্তিবে।

উদাহরণ।

(ক) এবিয়ট চরমবিধানদ্বারা ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের শতকরা ৫৲ টাকা সুদের আপনার গবর্ণমেণ্ট কাগজ সকলের সুদ ব্রৌণকে দেন। সেই গবর্ণমেণ্ট কাগজ বিষয়ক অন্য কোন বিধান ঐ চরমপত্রে নাই। ইহাতে ব্রৌণ এবিয়টের শতকরা ৫৲ টাকা সুদের সকল গবর্ণমেণ্ট কাগজ পাইতে স্বত্ববান হন।

(খ) ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের শতকরা ৫॥০ টাকা সুদের যত গবর্ণমেণ্ট কাগজ এবিয়টের আছে সেই সকলের সুদ তিনি চরমবিধানদ্বারা যাবজ্জীবন ভোগার্থে ব্রৌণকে ও তাঁহার মরণানন্তর কার্টরকে দেন। ব্রৌণ যাবজ্জীবন সেই গবর্ণমেণ্ট কাগজের সুদ পাইতে, ও ব্রৌণের মরণানন্তর কার্টর সেই সকল গবর্ণমেণ্ট কাগজ পাইতে স্বত্ববান হন্।

(গ) এবিয়ট আপনার বিষ্ণুপুরে স্থিত ভূমির খাজানা ব্রৌণকে দেন। ইহাতে ব্রৌণ সেই ভূমি পাইতে স্বত্ববান হন্ ইতি।

## PART XXV.

### *Of Bequests of Annuities.*

[Annuity created by Will is payable for life only, unless a contrary intention appears by the Will.]

CLX. Where an annuity is created by Will, the legatee is entitled to receive it for his life only,

## পঞ্চবিংশ খণ্ড।

### যে চরমদানের বিষয় বার্ষিক বৃত্তি তাহার কথা।

[বার্ষিক বৃত্তি চরমপত্রের বলে উদ্ভাবিত হইলে যদি চরমপত্রে বিপরীত অভিপ্রায় প্রকাশ না পায়, তবে কেবল যাবজ্জীবন তাহা দাতব্য ইহার কথা।]

১৬০ ধারা। চরমপত্রের বলে যে কোন বার্ষিক বৃত্তি উদ্ভাবিত হয় তাহার বিষয়ে চরমপত্রে বিপরীত অভি-

unless a contrary intention appears by the Will. And this rule shall not be varied by the circumstance that the annuity is directed to be paid out of the property generally, or that a sum of money is bequeathed to be invested in the purchase of it.

*Illustrations.*

(*a*) A bequeaths to B 500 Rupees a year. B is entitled during his life to receive the annual sum of 500 Rupees.

(*b*) A bequeaths to B the sum of 500 Rupees monthly. B is entitled during his life to receive the sum of [illegible]0 Rupees every month.

(*c*) A bequeaths an annuity of 500 Rupees to B for life, and on B's death to C. B is entitled to an annuity of 500 Rupees during his life. C, if he survives B, is entitled to an annuity of 500 Rupees from B's death until his own death.

[Period of vesting where Will directs that an annuity be provided out of the proceeds of property, or out of property generally, or where money is bequeathed to be invested in the purchase of an annuity.]

**CLXI.** Where the Will directs that an annuity shall be provided for any person out of the proceeds of property, or out of property generally, or where money is bequeathed to be invested in the purchase of an annuity for any person, on the testator's death the legacy vests in interest in the legatee, and he is entitled at his option to have an annuity purchased for him, or to receive the money appropriated for that purpose by the Will.

*Illustrations*

(*a*) A, by his Will, directs that his executors shall, out of his property, purchase an annuity of 1,000 Rupees for B. B is entitled at his option to have an annuity of 1,000 Rupees for his life purchased for him, or to receive such a sum as will be sufficient for the purchase of such an annuity.

(*b*) A bequeaths a fund to B for his life, and directs that after B's death it shall be laid out in the purchase of an annuity for C. B and C survive the testator. C dies in B's lifetime. On B's death the fund belongs to the representative of C.

[Abatement of an annuity.]

**CLXII.** Where an annuity is bequeathed, but the assets of the testator are not sufficient to pay all the legacies given by the Will, the annuity

প্রায় প্রকাশ না পাইলে দানের পাত্র কেবল আপনার যাবজ্জীবন তাহা পাইতে স্বত্ববান হইবেন। সাধারণ সম্পত্তিহইতে সেই বৃত্তি দিবার আদেশ থাকিলেও কিম্বা তাহা ক্রয় করণে প্রয়োগার্থ বিশেষ পরিমাণের টাকা চরমবিধানদ্বারা দত্ত হইলেও সেই বিধি অন্যথা করিতে হইবে না।

উদাহরণ।

(ক) এবিয়ট চরমবিধানদ্বারা ৫০০৲ টাকা বার্ষিক বৃত্তি ব্রৌণকে দেন। ইহাতে ব্রৌণ যাবজ্জীবন ৫০০৲ টাকা বার্ষিক বৃত্তি পাইতে স্বত্ববান হন।

(খ) এবিয়ট চরমবিধানদ্বারা ব্রৌণকে ৫০০৲ টাকা মাসিক বৃত্তি দেন। ইহাতে ব্রৌণ যাবজ্জীবন মাসে২ ৫০০৲ টাকা পাইতে স্বত্ববান হন।

(গ) এবিয়ট চরমবিধানদ্বারা পাঁচ শত টাকা বার্ষিক বৃত্তি যাবজ্জীবন ভোগার্থে ব্রৌণকে ও ব্রৌণের মরণানন্তর কার্টরকে দেন। ইহাতে ব্রৌণ যাবজ্জীবন ৫০০৲ টাকা বার্ষিক বৃত্তি পাইতে স্বত্ববান্ হন, ও কার্টর যদি ব্রৌণের উত্তরজীবী হন, তবে তিনিও ব্রৌণের মৃত্যু অবধি আপনার মৃত্যু পর্য্যন্ত ৫০০৲ টাকা বার্ষিক বৃত্তি পাইতে স্বত্ববান্ হন ইতি।

[বিক্রীত সম্পত্তির মূল্যহইতে কি নির্ব্বিশেষ সম্পত্তিহইতে কাহারো পক্ষে বার্ষিক বৃত্তি যোগাইবার আদেশ কিম্বা তদ্রূপ বার্ষিক বৃত্ত্যুৎপাদক মূল্যবান্ কাগজ ক্রয় করণার্থ টাকা দিবার বিধান চরমপত্রে থাকিলে সেই চরমদান যে সময়ে স্থির স্বত্বের বিষয় হয় তাহার কথা।]

১৬১ ধারা। বিক্রীত সম্পত্তির মূল্যহইতে কি নির্ব্বিশেষে সম্পত্তিহইতে কোন ব্যক্তির পক্ষে বার্ষিক বৃত্তি যোগাইবার আদেশ কিম্বা কোন ব্যক্তির পক্ষে বার্ষিক বৃত্তি ক্রয় করণাভিপ্রায়ে টাকা দিবার চরমবিধান চরমপত্রে থাকিলে, চরমপত্রকারি ব্যক্তির মৃত্যু অবধি সেই চরমদানে দানপাত্রের স্থির সম্পর্ক জন্মে, এবং তিনি ইচ্ছামতে আপনার পক্ষে বার্ষিক বৃত্তি ক্রীত হওনে সম্মত হইতে, অথবা সেই অভিপ্রায়ে যে টাকা চরমপত্রে নির্দ্দিষ্ট থাকে, সেই টাকা লইতে পারিবেন ইতি।

উদাহরণ।

(ক) এবিয়ট চরমপত্রদ্বারা এমত আদেশ করেন যে তাঁহার সম্পত্তিহইতে ব্রৌণের পক্ষে ১০০০৲ টাকা বার্ষিক বৃত্তি ক্রয় করা তাঁহার অছিদের কর্ত্তব্য হইবে। ইহাতে ব্রৌণের যে স্বত্ব জন্মে তাহাতে তিনি নিজ ইচ্ছানুসারে আপনার পক্ষে ১০০০৲ টাকা বার্ষিক বৃত্তি যে ক্রয় করা যায় ইহাতে সম্মত হইতে, অথবা তদ্রূপ বার্ষিক বৃত্তি ক্রয় করণে যাহাতে কুলাইবে তত টাকা লইতে পারেন।

(খ) এবিয়ট চরমবিধানদ্বারা বিশেষ পরিমাণের টাকা যাবজ্জীবন ভোগার্থে ব্রৌণকে দিয়া ব্রৌণের মরণানন্তর কার্টরের পক্ষে বার্ষিক বৃত্তি ক্রয় করণে তাহা প্রয়োগ করিবার আদেশ করেন। ব্রৌণ ও কার্টর চরমপত্রকারি ব্যক্তির উত্তরজীবী হন। ব্রৌণ জীবৎ থাকিতে কার্টর মরেন। ব্রৌণের মৃত্যুর পরে সেই ফণ্ড কার্টরের প্রতিনিধির প্রতি বর্ত্তিবে ইতি।

[বার্ষিক বৃত্তি হ্রাস পাইবার কথা।]

১৬২ ধারা। চরমবিধানদ্বারা কোন বার্ষিক বৃত্তি দত্ত হইলে, যদি চরমপত্রের নির্দ্দিষ্ট চরমদান সকল পরিশোধ করণার্থে চরমপত্রকারি ব্যক্তির সংস্থানের অকু-

shall abate in the same proportion as the other pecuniary legacies given by the Will.

[Where there is a gift of an annuity, and a residuary gift, the whole of the annuity to be first satisfied.]

CLXIII. Where there is a gift of an annuity and a residuary gift, the whole of the annuity is to be satisfied before any part of the residue is paid to the residuary legatee, and, if necessary, the capital of the testator's estate shall be applied for that purpose.

## PART XXVI.

*Of Legacies to Creditors and Portioners.*

[Creditor *primâ facie* entitled to legacy as well as debt.]

CLXIV. Where a debtor bequeaths a legacy to his creditor, and it does not appear from the Will that the legacy is meant as a satisfaction of the debt, the creditor shall be entitled to the legacy as well as to the amount of the debt.

[Child *primâ facie* entitled to legacy as well as portion.]

CLXV. Where a parent, who is under obligation by contract to provide a portion for a child, fails to do so, and afterwards bequeaths a legacy to the child, and does not intimate by his Will that the legacy is meant as a satisfaction of the portion, the child shall be entitled to receive the legacy as well as the portion.

*Illustration.*

A, by articles entered into in contemplation of his marriage with B, covenanted that he would pay to each of the daughters of the intended marriage a portion of 20,000 Rupees on her marriage. This covenant having been broken, A bequeaths 20,000 Rupees to each of the married daughters of himself and B. The legatees are entitled to the benefit of this bequest in addition to their portions.

[No ademption by subsequent provision for legatee.]

CLXVI. No bequest shall be wholly or partially adeemed by a subsequent provision made by settlement or otherwise for the legatee.

*Illustrations.*

(*a*) A bequeaths 20,000 Rupees to his son B. He afterwards gives to B the sum of 20,000 Rupees. The legacy is not thereby adeemed.

(*b*) A bequeaths 40,000 Rupees to B, his orphan niece, whom he had brought up from her infancy. Afterwards on the occasion of

দান হয়, তবে সেই চরমপত্রের নির্দ্দিষ্ট অর্থসম্পর্কীয় অন্য সকল চরমদান যে হারে হ্রাস পাইবে, ঐ বার্ষিক বৃত্তিও সেই হারে হ্রাস পাইবে ইতি।

[যে স্থলে বার্ষিক বৃত্তির দান ও শেষ সম্পদের দান করা যায়, সেই স্থলে প্রথমে ঐ বার্ষিক বৃত্তির সম্পূর্ণ শোধ হওয়া আবশ্যক ইহার কথা।]

১৬৩ ধারা। যে স্থলে বার্ষিক বৃত্তির দান ও শেষ সম্পদের দানও করা যায়, সেই স্থলে শেষ সম্পদের দানের পাত্রকে শেষ সম্পদের কোন অংশ দিবার অগ্রে ঐ বার্ষিক বৃত্তির সম্পূর্ণ পরিশোধ করিতে হইবে, ও আবশ্যক হইলে চরমপত্রকারি ব্যক্তির সম্পদের মূলধনও সেই অভিপ্রায়ে প্রযোগ করিতে হইবে ইতি।

## ষড়্বিংশ খণ্ড।

উত্তমর্ণের কি অংশাধিকারির পক্ষ চরমদানের কথা।

[উত্তমর্ণ আপাততঃ চরমদান ও ঋণের পরিশোধ উভয় পাইতে স্বত্ববান্ হইবেন ইহার কথা।]

১৬৪ ধারা। কোন অধমর্ণ আপন উত্তমর্ণের পক্ষে চরমদান করিলে ঋণের পরিশোধার্থে যে সেই চরমদান করা গিয়াছে ইহা যদি চরমপত্রদ্বারা প্রকাশ না পায়, তবে উত্তমর্ণ সেই চরমদান ও ঋণ উভয়ের টাকা পাইতে স্বত্ববান্ হইবেন ইতি।

[সন্তান আপাততঃ চরমদান ও অংশ উভয় পাইতে স্বত্ববান্ হইবেন ইহার কথা।]

১৬৫ ধারা। যে জনক কি জননী আপন সন্তানের পক্ষে অংশ যোগাইতে বন্দোবস্তদ্বারা বদ্ধ ছিলেন, তিনি যদি তাহা না করিয়া পশ্চাৎ সেই সন্তানের পক্ষে চরমদান করেন, কিন্তু সেই অংশের পরিশোধস্বরূপে সেই চরমদান করিলাম, এমত ভাবসূচক কোন কথাই চরমপত্রে না লেখেন, তবে সেই সন্তান ঐ চরমদান ও অংশ উভয় পাইতে স্বত্ববান্ হইবে।

উদাহরণ।

আলবর্ট বর্থার সহিত বিবাহ করণের উপলক্ষে লিখিত নিয়মদ্বারা এমত দৃঢ় প্রতিজ্ঞা করেন যে সেই ভাবি বিবাহহইতে কন্যা জন্মিলে তিনি প্রত্যেকে কন্যাকে তাহার বিবাহকালে বিংশতি সহস্র টাকা পরিমিত অংশ দিবেন। সেই দৃঢ় প্রতিজ্ঞা ভগ্ন হইলে এবিয়ট আপনার ও বর্থার প্রত্যেক বিবাহিতা পুত্রীকে চরমদানদ্বারা বিংশতি সহস্র টাকা দান করেন। সেই দানের পাত্রীরা আপন২ প্রাপ্তব্য অংশাতিরেকে সেই চরমদানের ফলও পাইতে স্বত্ববতী হইবেন ইতি।

[চরমদানের পাত্রের হিতার্থে পশ্চাৎ উপায় করণদ্বারা চরমদানের পূর্ব্বগ্রহণ না হইবার কথা।]

১৬৬ ধারা। কোন চরমদান করিবার পরে সেই চরমদানের পাত্রের হিতার্থে বিবাহসম্পর্কীয় কি প্রকারান্তরের নিয়ম করিলে তদ্দ্বারা সেই চরমদানের সমুদয় কি অংশ যে পূর্ব্বগৃহীত হইল এমত জ্ঞান করিতে হইবে না।

উদাহরণ।

(ক) এবিয়ট আপন পুত্র বেঞ্জামিনকে বিংশতি সহস্র টাকা দিবার চরমবিধান করেন। তৎপশ্চাৎ তিনি সেই পুত্রকে প্রকারান্তরে বিংশতি সহস্র টাকা দেন। ইহাতে চরমদানের পূর্ব্বগ্রহণ হয় না।

(খ) এবিয়ট আপনার অনাথা ভাগিনেয়ী যে বর্থাকে শিশুকালাবধি প্রতিপালন করিয়াছেন তাহাকে

B's marriage, A settles upon her the sum of 30,000 Rupees. The legacy is not thereby diminished.

## Part XXVII.

### *Of Election.*

[Circumstances in which election takes place ]

CLXVII. Where a man, by his Will, professes to dispose of something which he has no right to dispose of, the person to whom the thing belongs shall elect either to confirm such disposition or to dissent from it, and in the latter case he shall give up any benefits which may have been provided for him by the Will.

[Devolution of interest relinquished by the owner.]

CLXVIII. The interest so relinquished shall devolve as if it had not been disposed of by the Will in favor of the legatee, subject, nevertheless, to the charge of making good to the disappointed legatee the amount or value of the gift attempted to be given to him by the Will.

[Testator's belief as to his ownership immaterial.]

CLXIX. This rule will apply whether the testator does or does not believe that which he professes to dispose of by his Will to be his own.

*Illustrations.*

(a) The farm of Sultânpur was the property of C. A bequeathed it to B, giving a legacy of 1,000 Rupees to C. C has elected to retain his farm of Sultânpur, which is worth 800 Rupees. C forfeits his legacy of 1,000 Rupees, of which 800 Rupees goes to B, and the remaining 200 Rupees falls into the residuary bequest, or devolves according to the rules of intestate succession, as the case may be

(b) A bequeaths an estate to B in case B's elder brother (who is married and has children) shall leave no issue living at his death. A also bequeaths to C a jewel, which belongs to B. B must elect to give up the jewel, or to lose the estate.

(c) A bequeaths to B 1,000 Rupees, and to C an estate which will, under a settlement, belong to B if his elder brother (who is married

চরমবিধানদ্বারা চারি সহস্র টাকা দেন। পরে সেই বর্থার বিবাহ হইলে এবিয়ট তাহাকে স্ত্রীধনরূপে ত্রিশ সহস্র টাকা দেন। ইহাতে ঐ চরমদান হ্রাস পাইবে না ইতি।

## সপ্তবিংশ খণ্ড।

### মনোনীত করিবার কথা।

[মনোনীত করা যে গতিক্রমে হয় তাহার কথা।]

১৬৭ ধারা। কোন ব্যক্তি যে দ্রব্যের বিষয়ে বিধান করিতে স্বত্ববান্ নন্ এমত দ্রব্যের বিষয়ে যদি চরমপত্রদ্বারা আপনার কৃত বিধান প্রকাশ করেন, তবে সেই বিধানে সম্মতি কি অসম্মতি ইহার মধ্যে একটা সেই দ্রব্যের স্বামী মনোনীত করিবেন। যদি তিনি অসম্মত হন, তবে সেই চরমপত্রের কোন বিধানদ্বারা তাঁহার যে উপকার দর্শিত তাহা তিনি ত্যাগ করিবেন ইতি।

[সেই স্বামির ত্যক্ত অধিকার যাহার প্রতি বর্ত্তিবে তাহার কথা।]

১৬৮ ধারা। পূর্ব্বোক্ত প্রকারে যে অধিকার ত্যাগ করা যায়, চরমপত্রে দানপাত্রের পক্ষ তদ্বিষয়ক কোন বিধান না থাকিবার স্থলের ন্যায় তাহা অন্যের প্রতি বর্ত্তিবে, তথাপি চরমপত্রদ্বারা তাঁহাকে যাহা দিবার চেষ্টা প্রকাশ পায়, তাহার মূল্য কি টাকা সেই বঞ্চিত দানপাত্রকে দিবার দায় ঐ অধিকারে সংলগ্ন থাকিবে ইতি।

[চরমপত্রকারি ব্যক্তি আপনাকে সেই দত্ত দ্রব্যের স্বামী জ্ঞান করুন কি না করুন, এই উভয় [illegible] এই বিধি প্রবল থাকিবে ইহার কথা।]

১৬৯ ধারা। চরমপত্রকারি ব্যক্তি আপনার চরমপত্রদ্বারা যে দ্রব্যের বিষয়ে আপনার কৃত বিধান প্রকাশ করেন, তিনি আপনাকে সেই দ্রব্যের স্বামী জ্ঞান করুন কি না করুন, এই উভয় স্থলে উক্ত বিধি প্রবল থাকিবে।

উদাহরণ।

(ক) সুলতানপুর নামক তালুক চার্লসের সম্পত্তি ছিল। এবিয়ট চরমবিধানদ্বারা তাহা বেঞ্জামিনকে, এবং চরমদানরূপে ১০০০৲ টাকা চার্লসকে দেন। চার্লস আপনার সেই সুলতানপুর তালুক রাখা মনোনীত করেন, তাহার উপযুক্ত মূল্য ৮০০৲ টাকা। ইহাতে চার্লসের পক্ষ ঐ ১০০০৲ টাকার চরমদান রহিত হইবে। তাহার মধ্যে ৮০০৲ টাকা বেঞ্জামিনের প্রতি বর্ত্তিবে, অবশিষ্ট ২০০৲ টাকা শেষ সম্পদ বিষয়ক চরমবিধানের অধীন হইবে, নতুবা চরমপত্রাভাবঘটিত উত্তরাধিকারিত্বের বিধি অনুসারে অন্যের প্রতি বর্ত্তিবে।

(খ) বেঞ্জামিনের জ্যেষ্ঠ ভ্রাতার পুত্র কলত্র আছে, তথাপি আলবর্ট চরমবিধানদ্বারা এই আদেশ করেন যে বেঞ্জামিনের সেই ভ্রাতা যদি জীবৎ বংশ না রাখিয়া মরেন, তবে বেঞ্জামিন অমুক তালুক পাইবেন। সেই বেঞ্জামিনের একটি রত্ন আছে, আলবর্ট চরমবিধানদ্বারা তাহা চার্লসকে দেন। ইহাতে বেঞ্জামিনের আবশ্যক যে হয় সেই রত্ন ত্যাগ করেন, নয় সেই তালুক বিহীন থাকেন।

(গ) বেঞ্জামিনের জ্যেষ্ঠ ভ্রাতার পুত্র কলত্র আছে, সেই ভ্রাতা যদি জীবৎ বংশ না রাখিয়া মরেন, তবে

and has children) shall leave no issue living at his death. B must elect to give up the estate, or to lose the legacy.

(*d*) A, a person of the age of 18 domiciled in British India, but owning real property in England, to which C is heir-at-law, bequeaths a legacy to C, and subject thereto devises and bequeaths to B "all his property, whatsoever and wheresoever," and dies under 21. The real property in England does not pass by the Will. C may claim his legacy without giving up the real property in England.

[Bequest for a man's benefit how regarded for the purpose of election.]

**CLXX.** A bequest for a man's benefit is, for the purpose of election, the same thing as a bequest made to himself.

*Illustration.*

The farm of Sultánpur Khurd, being the property of B, A bequeathed it to C, and bequeathed another farm called Sultánpur Buzurg to his own executors, with a direction that it should be sold and the proceeds applied in payment of B's debts. B must elect whether he will abide by the Will or keep his farm of Sultánpur Khurd in opposition to it.

[A person deriving a benefit indirectly not put to his election.]

**CLXXI.** A person taking no benefit directly under the Will, but deriving a benefit under it indirectly, is not put to his election.

*Illustration.*

The lands of Sultánpur are settled upon C for life, and after his death upon D, his only child. A bequeaths the lands of Sultánpur to B, and 1,000 Rupees to C. C dies intestate shortly after the testator, and without having made any election. D takes out administration to C, and as administrator elects on behalf of C's estate to take under the Will. In that capacity he receives the legacy of 1,000 Rupees, and accounts to B for the rents of the lands of Sultánpur which accrued after the death of the testator and before the death of C. In his individual character he retains the lands of Sultánpur in opposition to the Will.

বিশেষ বন্দোবস্তের বলে অমুক তালুক বেঞ্জামিনে প্রতি বর্ত্তিবে। আলবর্ট চরমবিধানদ্বারা চার্লস-কে সেই তালুক, ও বেঞ্জামিনকে ১০০০৲ টাকা দেন। ইহাতে বেঞ্জামিনের আবশ্যক যে হয়, সেই তালুক পরিত্যাগ করেন, নয় চরমদান বিহীন থাকেন।

(ঘ) এবিয়টের অষ্টাদশ বৎসর বয়স হইয়াছে, তিনি ভারতবর্ষে নিবাসস্বত্ব বিশিষ্ট, কিন্তু ইংলণ্ডেও তাঁহার স্থাবর সম্পত্তি আছে। সেই সম্পত্তির আইনসিদ্ধ উত্তরাধিকারিত্ব চার্লসের প্রতি বর্ত্তে। তিনি চার্লসের পক্ষে চরমদান করেন, ও সেই দানের অধীনে চরমপত্রদ্বারা আপনার সর্ব্বস্থানের সর্ব্ব-প্রকারের সম্পত্তি বেঞ্জামিনকে দিয়া একবিংশতি বৎসর বয়স্ক না হইয়া প্রাণত্যাগ করেন। সেই চরম-পত্রের বলে ইংলণ্ডে স্থিত তাঁহার স্থাবর সম্পত্তি হস্তান্তর্গত হয় না। অতএব চার্লস ইংলণ্ডে স্থিত স্থাবর সম্পত্তির দাওয়া ত্যাগ না করিয়া সেই চরম-দানের উপর দাওয়া করিতে পারেন ইতি।

[উক্ত প্রকার মনোনীত করণের উপলক্ষে উপকা-রার্থক দান যাহার তুল্য জ্ঞান হয় তাহার কথা।]

১৭০ ধারা। পুর্ব্বোক্ত অভিপ্রায়ে মনোনীত করি-বার উপলক্ষে দানপাত্রের উপকারার্থ যে চরমদান তাহা সাক্ষাৎ সম্বন্ধে তাঁহার পক্ষে কৃত চরমদানের তুল্য জ্ঞান হইবে।

উদাহরণ।

বেঞ্জামিন সুলতানপুর নামক তালুকের স্বামী, তথাপি এবিয়ট চরমবিধানদ্বারা তাহা চার্লসকে দেন, ও আপনার অছিদিগকে সুলতানপুর-বুজর্গ নামক আর এক তালুক দিয়া এই আদেশ করেন যে তাহা বিক্রয় করিয়া তাহার মূল্যদ্বারা বেঞ্জামিনের ঋণ পরিশোধ করিতে হইবে। ইহাতে বেঞ্জামিনের আবশ্যক যে তিনি সেই চরমপত্র মান্য করিবেন, অথবা তাহার প্রতিকূলে আপনার সুলতানপুর তালুক রাখিবেন, এই দুইয়ের মধ্যে একটা মনোনীত করেন ইতি।

[অসাক্ষাৎ সম্বন্ধে উপকৃত ব্যক্তির তদ্রূপ মনোনীত করা অনাবশ্যক ইহার কথা।]

১৭১ ধারা। চরমপত্রের বলে যে ব্যক্তির সাক্ষাৎ সম্বন্ধে উপকার দর্শে না, তথাপি অসাক্ষাৎ সম্বন্ধে উপকার দর্শে, তাহার সেই প্রকার মনোনীত করা আবশ্যক হইবে না।

উদাহরণ।

বিশেষ নিয়মের বলে সুলতানপুর তালুক যাবজ্জীবন ভোগার্থে চার্লসকে, ও তাঁহার মরণানন্তর তাঁহার এক-মাত্র সন্তান ডেবিডকে দত্ত হইয়াছিল। আলবর্ট চরম-পত্রদ্বারা বেঞ্জামিনকে সেই সুলতানপুর তালুক, ও চার্লসকে ১০০০৲ টাকা দেন। সেই চরমপত্রকারি ব্যক্তির অল্প কাল পরে চার্লসেরও মৃত্যু হয়। তিনি ঐ বিষয়ে কিছু মনোনীত করেন নাই এবং চরমপত্রও করেন নাই। ডেবিড আদালতহইতে চার্লসের সম্পত্তির অধ্যক্ষতার ক্ষমতাপত্র পাইয়া অধ্যক্ষস্বরূপে চার্লসের সম্পদের পক্ষে ঐ চরমপত্রের দান গ্রাহ্য করা মনোনীত করেন। সেই অধ্যক্ষতার বলে তিনি ঐ ১০০০৲ টাকার চরমদান প্রাপ্ত হন, এবং চরমপত্রকারি ব্যক্তির মৃত্যু অবধি চার্লসের মৃত্যু পর্য্যন্ত সুলতানপুর তালুকের যে খাজানা আদায় হয়, তাহাতে বেঞ্জামিনের অধিকার স্বীকার করিয়া তাহার হিসাব তাঁহাকে দেন। তথাপি আপনার নিজ সম্বন্ধে তিনি চরমপত্রের বিপরীতে সুলতানপুর তালুক রাখেন ইতি।

[A person taking under a Will in his individual capacity, may in another character elect to take in opposition to it.]

[যে ব্যক্তি চরমপত্রের বলে প্রাপ্তব্য কোন উপকার আত্মসম্বন্ধে গ্রাহ্য করে, সে অন্য প্রকারের সম্বন্ধে তদ্বিপরীত বিষয় গ্রাহ্য করা মনোনীত করিতে পারে ইহার কথা।]

CLXXII. A person who in his individual capacity takes a benefit under the Will, may in another character elect to take in opposition to the Will.

১৭২ ধারা। যে ব্যক্তি চরমপত্রের বলে প্রাপ্তব্য কোন উপকার আত্মসম্বন্ধে গ্রাহ্য করে, সে অন্য প্রকারের সম্বন্ধে সেই চরমপত্রের বিপরীত বিষয় গ্রাহ্য করা মনোনীত করিতে পারে।

*Illustration.*

The estate of Sultánpur is settled upon A for life, and after his death upon B. A leaves the estate of Sultánpur to D, and 2,000 Rupees to B, and 1,000 Rupees to C, who is B's only child. B dies intestate shortly after the testator, without having made an election. C takes out administration to B, and as administrator elects to keep the estate of Sultánpur in opposition to the Will, and to relinquish the legacy of 2,000 Rupees. C may do this, and yet claim his legacy of 1,000 Rupees under the Will.

উদাহরণ।

সুলতানপুর তালুক বিশেষ নিয়মের বলে যাবজ্জীবন ভোগার্থে আলবর্টকে, ও তাঁহার মৃত্যুর পরে বেঞ্জামিনকে দত্ত হইয়াছে। আলবর্ট চরমবিধানদ্বারা ডেবিডকে সেই সুলতানপুর তালুক, ও বেঞ্জামিনকে ২০০০৲ টাকা, ও বেঞ্জামিনের একমাত্র সন্তান চার্লসকে ১০০০৲ টাকা দেন। চরমপত্রকারি ব্যক্তির মৃত্যুর অল্প কাল পরে বেঞ্জামিনও প্রাণত্যাগ করেন। তিনি ঐ দান বিষয়ে কিছু মনোনীত করেন নাই এবং চরমপত্রও করেন নাই। চার্লস বেঞ্জামিনের ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র লন, এবং ধনাধ্যক্ষস্বরূপে ঐ চরমপত্রের বিপরীতে সুলতানপুর তালুক রাখিয়া সেই ২০০০৲ টাকার চরমদান ত্যাগ করা মনোনীত করেন। তাহা করিলেও চার্লস সেই চরমপত্রের বলে আপনার প্রাপ্য ১০০০৲ টাকার চরমদান পাইবার দাওয়া করিতে পারেন।

*Exception to the six last Rules.*—Where a particular gift is expressed in the Will to be in lieu of something belonging to the legatee, which is also in terms disposed of by the Will, if the legatee claims that thing, he must relinquish the particular gift, but he is not bound to relinquish any other benefit given to him by the Will.

ইহার অব্যবহিত পূর্ব্ব ছয় বিধির বর্জ্জিত স্থল।—চরমপত্রের কোন বিধানের যে বিষয় দানপাত্রের সম্পত্তি তাহার বিনিময়ে বিশেষ কোন দ্রব্য দিবার স্পষ্ট কথা চরমপত্রে লিখিত থাকিলে যদি দানের পাত্র আপনার সেই বিষয় দাওয়া করেন, তবে তাঁহাকে সেই বিশেষ দান ত্যাগ করিতে হইবে, কিন্তু চরমপত্রদ্বারা তাঁহাকে দত্ত অন্য কোন উপকার ত্যাগ করিতে তিনি বাধিত নহেন।

*Illustration.*

Under A's marriage settlement his wife is entitled, if she survives him, to the enjoyment of the estate of Sultánpur during her life.

A, by his Will, bequeaths to his wife an annuity of 200*l.* during her life, in lieu of her interest in the estate of Sultánpur, which estate he bequeaths to his son. He also gives his wife a legacy of 1,000*l.* The widow elects to take what she is entitled to under the settlement. She is bound to relinquish the annuity, but not the legacy of 1,000*l.*

উদাহরণ।

এবিয়টের বিবাহসম্বন্ধীয় বন্দোবস্তের এক নিয়ম এই যে যদি তাঁহার পত্নী তাঁহার উত্তরজীবিনী হন, তবে যাবজ্জীবন সুলতানপুর তালুক ভোগ করিবার অধিকার তাঁহার থাকিবে।

এবিয়ট নিজ চরমপত্রদ্বারা আপন পত্নীকে সুলতানপুর তালুকে তাঁহার স্বত্বের বিনিময়রূপে যাবজ্জীবন দুই শত পৌণ্ড বার্ষিক বৃত্তি দেন, ও সেই তালুক আপনার পুত্রকে দেন। তদ্ভিন্ন তিনি চরমদানরূপে আপন পত্নীকে ১০০০ পৌণ্ড দেন। তাঁহার বিধবা পত্নী বিবাহসম্পর্কীয় বন্দোবস্তের বলে যাহার অধিকারিণী তাহা রাখা মনোনীত করেন। ইহাতে তাঁহাকে ঐ বার্ষিক বৃত্তি ত্যাগ করিতে হইবে, কিন্তু সেই ১০০০ পৌণ্ড চরমদান ত্যাগ করিতে তিনি বাধিত নন ইতি।

[When acceptance of a benefit given by a Will constitutes an election to take under the Will.]

[চরমপত্রের দত্ত উপকার গ্রাহ্য করিলে যে স্থলে তাহা চরমপত্রের বলে গ্রহণ মনোনীত করিবার তুল্য জ্ঞান হইবে ইহার কথা।]

CLXXIII. Acceptance of a benefit given by the Will constitutes an election by the legatee to take under the Will, if he has knowledge of his right to elect, and of those circumstances which would influence the judgment of a reasonable man in making an election, or if he waives inquiry into the circumstances.

১৭৩ ধারা। কোন চরমপত্রের দত্ত উপকার গ্রাহ্য করিলে চরমদানের পাত্রকর্ত্তৃক চরমপত্রের বলে গ্রহণ মনোনীত করা হয়, কিন্তু ইহার নিমিত্তে আবশ্যক যে তিনি মনোনীত করিবার নিজ স্বত্ব অবগত হইয়া কোন বুদ্ধিমান ব্যক্তি যেং বিষয়বিশেষ বুঝিয়া বিচারপূর্ব্বক মনোনীত করেন তাহাও জ্ঞাত হন, অথবা সেই বিষয়বিশেষের অনুসন্ধান বিসর্জ্জন করেন।

*Illustrations.*

(*a*) A is owner of an estate called Sultânpur Khurd and has a life interest in another estate called Sultânpur Buzurg, to which, upon his death, his son B will be absolutely entitled. The Will of A gives the estate of Sultânpur Khurd to B, and the estate of Sultânpur Buzurg to C. B, in ignorance of his own right to the estate of Sultânpur Buzurg, allows C to take possession of it, and enters into possession of the estate of Sultânpur Khurd. B has not confirmed the bequest of Sultânpur Buzurg to C.

(*b*) B, the eldest son of A, is the possessor of an estate called Sultânpur. A bequeaths Sultânpur to C, and to B the residue of A's property. B, having been informed by A's executors that the residue will amount to 5,000 Rupees, allows C to take possession of Sultânpur. He afterwards discovers that the residue does not amount to more than 500 Rupees. B has not confirmed the bequest of the estate of Sultânpur to C.

[Presumption arising from enjoyment by legatee for two years.]

CLXXIV. Such knowledge or waiver of inquiry shall, in the absence of evidence to the contrary, be presumed if the legatee has enjoyed for two years the benefits provided for him by the Will without doing any act to express dissent.

[Confirmation of bequest by act of legatee.]

CLXXV. Such knowledge or waiver of inquiry may be inferred from any act of the legatee which renders it impossible to place the persons interested in the subject-matter of the bequest in the same condition as if such act had not been done.

*Illustration.*

A bequeaths to B an estate to which C is entitled, and to C a coal mine. C takes possession of the mine and exhausts it. He has thereby confirmed the bequest of the estate to B.

[When testator's representatives may call upon legatee to elect. Effect of non-compliance with their request within a reasonable time.]

CLXXVI. If the legatee shall not, within one year after the death of the testator, signify to the testator's representatives his intention to confirm or to dissent from the Will, the representatives shall, upon the expiration of that period, require him to make his election; and if he does not

উদাহরণ।

(ক) এবিয়ট সুলতানপুর-খর্দ্দ নামে এক তালুকের স্বামী, তদ্ভিন্ন সুলতানপুর-বুজর্গ নামে অন্য তালুকে তাঁহার জীবনব্যাপি সম্পর্ক আছে, ও তাঁহার মরণানন্তর সেই অন্য তালুকের অপরিচ্ছিন্ন স্বত্ব তাঁহার পুত্র বেঞ্জামিনের প্রতি বর্ত্তিবে। এবিয়টের চরমপত্রদ্বারা সুলতানপুর-খর্দ্দ তালুক বেঞ্জামিনকে ও সুলতানপুর বুজর্গ তালুক চার্লসকে দত্ত হয়। বেঞ্জামিন সুলতানপুর-বুজর্গ তালুকে আপনার স্বত্বের কথা জানেন না, তজ্জন্য চার্লসকে তাহা দখল করিতে দিয়া আপনি সুলতানপুর-খর্দ্দ তালুক দখল করেন। ইহাতে চার্লসকে সুলতানপুর-বুজর্গ দিবার চরমবিধান বেঞ্জামিনকর্ত্তৃক স্থিরীকৃত হয় নাই।

(খ) এবিয়টের জ্যেষ্ঠ পুত্র বেঞ্জামিন সুলতানপুর নামক তালুকের স্বামী। এবিয়ট চরমবিধানদ্বারা সেই সুলতানপুর চার্লসকে ও আপনার শেষ সম্পদ বেঞ্জামিনকে দেন। সেই শেষ সম্পদ পাঁচ সহস্র টাকা পরিমিত হইবে, এই কথা এবিয়টের অছিদের স্থানে শুনিয়া বেঞ্জামিন চার্লসকে ঐ সুলতানপুর দখল করিতে দেন। পরে জানিতে পান যে সেই শেষ সম্পদ পাঁচ শত টাকার অনধিক। ইহাতে ঐ সুলতানপুর চার্লসকে দিবার চরমবিধান বেঞ্জামিনকর্ত্তৃক স্থিরীকৃত হয় নাই ইতি।

[দানপাত্রের দুই বৎসরাবধি ভোগ করণদ্বারা যে অনুমান জন্মে তাহার কথা।]

১৭৪ ধারা। চরমদানের পাত্র যদি দুই বৎসরাবধি অসম্মতিসূচক কোন ক্রিয়া না করিয়া চরমপত্রের বলে তাঁহার প্রাপ্য উপকার ভোগ করিয়া থাকেন, তবে বিপরীত প্রমাণের অভাবে তাহাই সেই জ্ঞান বিষয়ক কি অনুসন্ধানের বিসর্জ্জন বিষয়ক অনুমানসিদ্ধ প্রমাণ হইবে ইতি।

[দানপাত্রের বিশেষ কোন ক্রিয়া দ্বারা চরমদান স্থিরীকৃত হইবার কথা।]

১৭৫ ধারা। দানপাত্র কোন বিশেষ ক্রিয়া না করিলে চরমদানের বিষয়ে সম্পর্কবিশিষ্ট ব্যক্তিদের যে অবস্থা হইত, তাহাদিগকে পুনরায় সেই অবস্থা প্রাপ্ত করা যদ্দ্বারা অসাধ্য হয়, দানপাত্র এমত ক্রিয়া করিলে তাহা উক্ত জ্ঞানবিষয়ক কি অনুসন্ধানের বিসর্জ্জন বিষয়ক অনুমানসিদ্ধ প্রমাণ হইবে।

উদাহরণ।

কার্টর কোন তালুকের অধিকারী, কিন্তু এবিয়ট চরমপত্রদ্বারা ব্রৌণকে সেই তালুক ও কার্টরকে মৃদঙ্গারের এক খনি দেন। কার্টর সেই খনি দখল করিয়া তাহা নিঃশেষে উৎখাত করেন। ইহাতে তিনি ব্রৌণকে সেই তালুক দিবার চরমবিধান স্থির করেন ইতি।

[চরমপত্রকারি ব্যক্তির প্রতিনিধিরা যে সময়ের পরে মনোনীত করণের আদেশ দানপাত্রকে দিতে পারেন, ও তিনি যুক্তিসিদ্ধ সময়ের মধ্যে তাঁহাদের নিবেদনানুসারে কর্ম্ম না করিলে সেই বিলম্বের যে ফল হইবে তাহার কথা।]

১৭৬ ধারা। চরমপত্রকারি ব্যক্তির মরণানন্তর প্রথম বৎসরের মধ্যে যদি চরমদানের পাত্র চরমপত্রে সম্মত কি অসম্মত হওন বিষয়ক আপন মনস্থ সেই চরমপত্রকারির প্রতিনিধিগণকে না জানান, তবে উক্ত সময় অবসান হইলে ঐ প্রতিনিধিরা মনোনীত করিবার আদেশ তাঁহাকে দিবেন, ও সেই আদেশ প্রাপ্ত

comply with such requisition within a reasonable time after he has received it, he shall be deemed to have elected to confirm the Will.

[Postponement of election in of case disability.]

**CLXXVII.** In case of disability the election shall be postponed until the disability ceases, or until the election shall be made by some competent authority.

### PART XXVIII.

*Of Gifts in Contemplation of Death.*

[Property transferable by gift made in contemplation of death. When a gift is said to be made in contemplation of death. Such a gift resumable. When it fails.]

**CLXXVIII.** A man may dispose, by gift made in contemplation of death, of any moveable property which he could dispose of by Will. A gift is said to be made in contemplation of death where a man who is ill and expects to die shortly of his illness delivers to another the possession of any moveable property to keep as a gift in case the donor shall die of that illness. Such a gift may be resumed by the giver. It does not take effect if he recovers from the illness during which it was made; nor if he survives the person to whom it was made.

*Illustrations.*

(a) A being ill, and in expectation of death, delivers to B, to be retained by him in case of A's death—

A watch.

A bond granted by C to A.

A Bank Note.

A promissory note of the Government of India endorsed in blank.

A Bill of Exchange endorsed in blank.

Certain mortage deeds.

A dies of the illness during which he delivered these articles. B is entitled to—
The watch.
The debt secured by C's bond.
The Bank Note.
The promissory note of the Government of India.
The Bill of Exchange.
The money secured by the mortage deed.

(b) A being ill, and in expectation of death, delivers to B the key of a trunk, or the key of a warehouse in which goods of bulk belonging to A are deposited, with the intention of giving him the control over the contents of the trunk, or over the deposited goods, and desires him to keep them in case of A's death. A dies of the illness during which he delivered these articles. B is entitled to the trunk and its contents, or to A's goods of bulk in the warehouse.

হইবার পরে যুক্তিযুক্ত কালের মধ্যে যদি তিনি তদনু-যায়ি কর্ম্ম না করেন, তবে চরমপত্র স্থির করা মনোনীত করিয়াছেন, এমত জ্ঞান হইবে ইতি।

[অসামর্থ্য হইলে সেই মনোনীত করণ স্থগিত রাখিবার কথা।]

১৭৭ ধারা। অসামর্থ্য হইলে যাবৎ সেই অসামর্থ্য শেষ না হয় কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন কোন ব্যক্তি মনোনীত না করেন, তাবৎ সেই মনোনীত করা স্থগিত রাখিতে হইবে ইতি।

### অষ্টাবিংশ খণ্ড।

মৃত্যুর অপেক্ষাতে দান করিবার কথা।

[মৃত্যুর অপেক্ষাতে দান করণদ্বারা যে সম্পত্তি হস্তান্তর করা যাইতে পারে, ও মৃত্যুর অপেক্ষাতে কৃত দান কাহাকে বলে, ও সেই দান পুনর্গৃহীত হইতে পারে, কিম্বা ব্যর্থ হইতে পারে, ইহার কথা।]

১৭৮ ধারা। কোন ব্যক্তি চরমপত্রদ্বারা যে অস্থাবর সম্পত্তি বিষয়ক বিধান করিতে পারেন, তাহা মৃত্যুর অপেক্ষাতে কৃত দানদ্বারা হস্তান্তর করিতে পারেন। যে পীড়িত লোক শীঘ্র সেই পীড়াতে মরিবার অপেক্ষাতে আছেন, তিনি যদি কোন অস্থাবর সম্পত্তির দখল অন্য ব্যক্তিকে দিয়া বলেন, এই পীড়াতে আমার মৃত্যু হইলে তুমি ইহা দানরূপে রাখিও, তবে তাহাই মৃত্যুর অপেক্ষাতে কৃত দান বলা যায়। দাতা এমত দান পুনর্গ্রহণ করিতে পারেন। যে পীড়াক্রমে ঐ দান করা যায় তাহাহইতে যদি তিনি মুক্ত হন, কিম্বা যে ব্যক্তির পক্ষে দান করেন তাঁহার উত্তরজীবী হন, তবে সেই দান সফল হইবে না।

উদাহরণ।

এবিয়ট পীড়িত হইয়া মৃত্যুর অপেক্ষাতে নিম্নলিখিত সকল দ্রব্য ব্রৌণের হস্তে সমর্পণ করিয়া তাহাকে কহেন, আমার মৃত্যু হইলে তুমি এই সকল রাখিও।

এক টেঁকঘড়ী।

কার্টর কর্ত্তৃক এবিয়টকে দত্ত একখান খৎ।

একখান ব্যাঙ্ক নোট।

পৃষ্ঠে সুদ্ধ স্বাক্ষরীকৃত ভারতবর্ষীয় গবর্ণমেন্ট কাগজ।

সুদ্ধ স্বাক্ষরীকৃত একখান হুণ্ডী।

কএকখান বন্ধকীপত্র।

এবিয়ট যে পীড়াক্রমে এই সকল দ্রব্য সমর্পণ করেন, সেই পীড়াতে তাঁহার মৃত্যু হয়। ইহাতে ঐ ঘড়ীতে ও কার্টরের খতের নির্দ্দিষ্ট পাওনা টাকাতে ও ঐ ব্যাঙ্ক নোটে ও ভারতবর্ষীয় গবর্ণমেন্ট কাগজে ও সেই হুণ্ডীতে ও সেই বন্ধকীপত্রের নির্দ্দিষ্ট টাকাতে ব্রৌণের স্বত্ব স্থির হয়।

(খ) এবিয়ট পীড়িত হইয়া মৃত্যুর অপেক্ষাতে একটা সিন্দুকের চাবি, কিম্বা যাহার মধ্যে এবিয়টের স্থূলাকার মাল থাকে এমত এক গুদামের চাবি ব্রৌণের হস্তে সমর্পণ করেন। সেই সিন্দুকের মধ্যে যে২ দ্রব্য আছে কিম্বা সেই গুদামের মধ্যে যে২ মাল আছে তাহা যে ব্রৌণের হস্তগত থাকে, ইহা এবিয়টের অভিপ্রায়। এবং তিনি ব্রৌণকে বলেন, আমার মৃত্যু হইলে তুমি সেই সকল রাখিও। এবিয়ট যে পীড়াগ্রস্ত হইয়া ঐ সকল দ্রব্য সমর্পণ করেন, সেই পীড়াতে তাঁহার মৃত্যু হয়। ইহাতে ব্রৌণ সেই সিন্দুক ও তন্মধ্যবর্ত্তি দ্রব্য, কিম্বা ঐ গুদামে এবিয়টের যে স্থূলাকার মাল আছে তাহার অধিকার প্রাপ্ত হন।

(c) A being ill, and in expectation of death, puts aside certain articles in separate parcels, and marks upon the parcels respectively the names of B and C. The parcels are not delivered during the life of A. A dies of the illness during which he set aside the parcels. B and C are not entitled to the contents of the parcels.

## Part XXIX.

### *Of Grant of Probate and Letters of Administration.*

[Character and property of executor or administrator as such.]

CLXXIX. The executor or administrator, as the case may be, of a deceased person is his legal representative for all purposes, and all the property of the deceased person vests in him as such.

[Administration with copy annexed of authenticated copy of Will proved abroad.]

CLXXX. When a Will has been proved and deposited in a Court of competent jurisdiction, situated beyond the limits of the Province, whether in the British dominions or in a foreign country, and a properly authenticated copy of the Will is produced, letters of administration may be granted with a copy of such copy annexed.

[Probate to be granted to executor appointed by Will.]

CLXXXI. Probate can be granted only to an executor appointed by the Will.

[Appointment express or emplied.]

CLXXXII. The appointment may be express or by necessary implication.

*Illustrations.*

(a) A wills that C be his executor if B will not; B is appointed executor by implication.

(b) A gives a legacy to B and several legacies to other persons, among the rest to his daughter-in-law C, and adds, "but should the within-named C be not living, I do not constitute and appoint B my whole and sole executrix." C is appointed executrix by implication.

(c) A appoints several persons executors of his Will and Codicils, and his nephew residuary legatee, and in another Codicil are these words:—"I appoint my nephew my residuary legatee to discharge all lawful demands against my Will and Codicils, signed of different dates." The nephew is appointed an executor by implication.

(গ) এবিয়ট পীড়িত হইয়া মৃত্যুর অপেক্ষাতে বিশেষ২ দ্রব্য বিশেষ২ পুটলি করিয়া তাহার কোন২ পুটলিতে বেঞ্জামিনের নাম, ও অন্য২ পুটলিতে চার্লসের নাম লিখিয়া তাহা পৃথক্ রাখেন। এবিয়টের জীবৎকালে সেই পুটলি সমর্পিত হয় না। যে পীড়ার সময়ে তিনি সেই সকল পুটলি পৃথক্ করিয়া রাখিয়াছিলেন সেই পীড়াতে তাঁহার মৃত্যু হয়। ইহাতে বেঞ্জামিন ও চার্লস সেই পুটলির দ্রব্য পাইতে স্বত্ববান হন না ইতি।

## ঊনবিংশ খণ্ড।

### প্রবেট ও ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিবার কথা।

[অছির কি ধনাধ্যক্ষের স্বরূপ ও স্বত্বের কথা।]

১৭৯ ধারা। কোন মৃত ব্যক্তির অছি অথবা ধনাধ্যক্ষ অভিপ্রায় সকল সাধনার্থে তাঁহার আইনসিদ্ধ প্রতিনিধি হন, এবং প্রতিনিধিস্বরূপে তাঁহাতেই ঐ মৃত ব্যক্তির সমস্ত সম্পত্তি অর্শে ইতি।

[চরমপত্র বিদেশে সপ্রমাণীকৃত হইলে তাহার অনুলিপিসম্বলিত ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিবার কথা।]

১৮০ ধারা। প্রদেশের সীমার বহির্ভূত অথচ ব্রিটনীর রাজ্যের কি বিদেশীয় রাজ্যের অন্তর্গত কোন স্থানে উপযুক্ত বিচারাধিপত্যবিশিষ্ট কোন আদালতে চরমপত্র সপ্রমাণীকৃত ও গচ্ছিত হইলে যদি সেই চরমপত্রের উচিতমতে সপ্রমাণীকৃত একখান প্রতিলিপি উপস্থিত করা যায়, তবে উক্ত প্রতিলিপির প্রতিলিপিসম্বলিত ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দেওয়া যাইতে পারিবে ইতি।

[চরমপত্রদ্বারা নিযুক্ত অছিকে প্রবেট দাতব্য ইহার কথা।]

১৮১ ধারা। চরমপত্রের বলে নিযুক্ত অছি ভিন্ন অন্য কাহাকেও প্রবেট দেওয়া যাইতে পারে না ইতি।

[স্পষ্ট অথবা অনুমেয় নিয়োগের কথা।]

১৮২ ধারা। সেই নিয়োগ হয় স্পষ্টাক্ষরে, নয় আবশ্যক অনুমানের বলে করা যাইতে পারে।

উদাহরণ।

(ক) এবিয়ট নিজ চরমপত্রে কহেন, ব্রৌণ অসম্মত হইলে কার্টর আমার অছি হইবেন। ইহাতে ব্রৌণ অনুমানের বলে অছির পদে নিযুক্ত হইলেন।

(খ) এবিয়ট চরমপত্রদ্বারা বর্থার পক্ষে ও অন্য কএক জনের পক্ষে চরমদান করণানন্তর আপনার শার্লট নাম্নী পুত্রবধূর পক্ষেও চরমদান করিয়া কহেন, উক্ত শার্লট জীবিতা না থাকিলে আমি ইহাদ্বারা উক্ত বর্থাকে আমার একমাত্র অছিরূপে নিযুক্ত করিতেছি। ইহাতে শার্লট অনুমানের বলে অছিরূপে নিযুক্তা হইয়াছেন।

(গ) এবিয়ট কএক জনকে আপন চরমপত্রের ও কডিসিলের অছি ও আপন ভাগিনেয়কে শেষসম্পদ্দানের পাত্ররূপে নিযুক্ত করিয়া অন্য কডিসিলে কহেন, যথা, "ভিন্ন২ তারিখে স্বাক্ষরীকৃত আমার চরমপত্র ও তাহার সকল কডিসিলের বলে ব্যবস্থাসিদ্ধ যে সকল দাওয়া করা যাইতে পারে, তাহা শোধ করিবার জন্যে আমি আমার ভাগিনেয়কে শেষসম্পদ্দানের পাত্ররূপে নিযুক্ত করিতেছি।" ইহাতে তাঁহার ভাগিনেয় অনুমানবলে অছিরূপে নিযুক্ত হইলেন ইতি।

[Persons to whom probate cannot be granted.]

CLXXXIII. Probate cannot be granted to any person who is a minor or is of unsound mind, nor to a married woman without the previous consent of her husband.

[Grant of probate to several executors simultaneously or at different times.]

CLXXXIV. When several executors are appointed probate may be granted to them all simultaneously or at different times.

*Illustration.*

A is an executor of B's Will by express appointment, and C an executor of it by implication. Probate may be granted to A and C at the same time, or to A first and then to C, or to C first and then to A.

[Separate probate of Codicil discovered after grant of probate. Procedure when different executors are appointed by the Codicil.]

CLXXXV. If a Codicil be discovered after the grant of probate, a separate probate of that Codicil may be granted to the executor if it in no way repeals the appointment of executors made by the Will. If different executors are appointed by the Codicil, the probate of the Will must be revoked and a new probate granted of the Will and the Codicil together.

[Accrual of representation to surviving executor.]

CLXXXVI. When probate has been granted to several executors, and one of them dies, the entire representation of the testator accrues to the surviving executor or executors.

[No right as executor or legatee can be established unless probate or letters of administration shall have been granted by a competent Court.]

CLXXXVII. No right as executor or legatee can be established in any Court of Justice unless a Court of competent jurisdiction within the Province shall have granted probate of the Will under which the right is claimed, or shall have granted letters of administration under the one hundred and eightieth Section.

[Probate establishes the Will from testator's death.]

CLXXXVIII. Probate of Will when granted establishes the Will from the death of the testator, and renders valid all intermediate acts of the executor as such.

[Persons to whom letters of administration may not be granted.]

CLXXXIX. Letters of administration cannot be granted to any person who is a minor or is of unsound mind, nor to a married woman without the previous consent of the husband.

[যেং ব্যক্তিকে প্রবেট দেওয়া অকর্ত্তব্য তাহার কথা।]

১৮৩ ধারা। অপ্রাপ্তব্যবহার কি অসুস্থমনা কোন ব্যক্তিকে, কিম্বা অগ্রে পতির সম্মতি না লইয়া কোন সধবা স্ত্রীকে প্রবেট দেওয়া অকর্ত্তব্য ইতি।

[অনেক অছিকে এক সময়ে কি ভিন্নং সময়ে প্রবেট দিবার কথা।]

১৮৪ ধারা। অনেক অছি নিযুক্ত হইলে তাঁহাদের সকলকে এক সময়ে কিম্বা ভিন্নং সময়ে প্রবেট দেওয়া যাইতে পারিবে।

উদাহরণ।

A has bequeathed to B a diamond ring valued at 500 Rupees, and to C a horse valued at 1,000 Rupees. It is found necessary to sell all the effects of the testator, and his assets, after payment of debts, are only 1,000 Rupees. Of this sum Rupees 333-5-4 are to be paid to B, and Rupees 666-10-8 to C.

[হারানুসারে বিশেষ চরমদানের হ্রাসের কথা।]

২৯০ ধারা। যদি ঋণ ও বিশেষ চরমদান সকল পরিশোধ করণে প্রচুর সংস্থান না থাকে, তবে সেই বিশেষ চরমদানের হারানুযায়ি হ্রাস করিতে হইবে।

উদাহরণ।

এবিয়ট চরমবিধানদ্বারা ব্রৌণকে ৫০০৲ টাকার এক হীরকখচিত অঙ্গুরীয়ক ও কার্টরকে ১০০০৲ টাকার এক ঘোড়া দেন। কিন্তু সেই চরমপত্রকারি ব্যক্তির যাবদীয় সম্পত্তি বিক্রয় করা আবশ্যক হয়। তাহা করিলে ঋণ সমুদয় পরিশোধ করণানন্তর কেবল ১০০০৲ টাক সংস্থান অবশিষ্ট থাকে। তাহার মধ্যে ব্রৌণকে ৩৩৩।/৪ পাই ও কার্টকে ৬৬৬।৵৮ পাই দিতে হইবে ইতি।

[Legacies treated as general for purpose of abatement.]

CCXCI. For the purpose of abatement, a legacy for life, a sum appropriated by the Will to produce an annuity and the value of an annuity when no sum has been appropriated to produce it, shall be treated as general legacies.

[হ্রাস পাইবার উপলক্ষে যাহা সাধারণ চরমদানের ন্যায় গণ্য তাহার কথা।]

২৯১ ধারা। যাবজ্জীবন ভোগার্থ চরমদান, ও বার্ষিক বৃত্তি ক্রয় করণের উপায়রূপে চরমপত্রে নির্দ্দিষ্ট টাকা, এবং তাহা ক্রয় করণের উপায়রূপে বিশেষ পরিমাণের টাকা নির্দ্দিষ্ট না হইলে সেই বৃত্তির মূল্য, এই তিন প্রকারের বিষয় হ্রাস পাইবার উপলক্ষে সাধারণ চরমদানের তুল্য জ্ঞান হইবে ইতি।

## Part XXXV.

### *Of the Executor's Assent to a Legacy.*

[Executor's assent necessary to complete legatee's title.]

CCXCII. The assent of the executor is necessary to complete a legatee's title to his legacy.

*Illustrations.*

(*a*) A, by his Will, bequeaths to B his Government paper which is in deposit with the Bank of Bengal. The Bank has no authority to deliver the securities, nor B a right to take possession of them, without the assent of the executor.

(*b*) A, by his Will, has bequeathed to C his house in Calcutta in the tenancy of D. C is not entitled to receive the rents without the assent of the executor.

## পঞ্চত্রিংশ খণ্ড।

### চরমদানে অছির সম্মতির কথা।

[চরমদানের পাত্রের অধিকার সম্পূর্ণ হইবার নিমিত্তে অছির সম্মতি আবশ্যক ইহার কথা।]

২৯২ ধারা। কোন চরমদানে যেন তাহার পাত্রের অধিকার সম্পূর্ণ হয়, তদর্থে অছির সম্মতি আবশ্যক।

উদাহরণ।

(ক) এবিয়ট চরমবিধানদ্বারা আপনার গবর্ণমেণ্ট কাগজ ব্রৌণকে দিয়াছেন। সেই গবর্ণমেণ্ট কাগজ বাঙ্গাল ব্যাঙ্কে গচ্ছিত আছে। অছি সম্মতি না দিলে ঐ ব্যাঙ্ক সেই কাগজ সমর্পণ করিতে ক্ষমতাপন্ন নয়, ও ব্রৌণ তাহা গ্রহণ করিতে স্বত্ববান নন ইতি।

(খ) এবিয়ট চরমবিধানদ্বারা কলিকাতায় স্থিত আপনার বাটী কার্টরকে দিয়াছেন। ব্রৌণ সেই বাটী ভাড়া করিয়া তাহার মধ্যে বাস করেন। অছির সম্মতি বিনা ব্রৌণ ভাড়া গ্রহণ করিতে স্বত্ববান্ নন ইতি।

[Effect of executor's assent to specific legacy. Assent may be verbal, and either express or implied.]

CCXCIII. The assent of the executor to a specific bequest shall be sufficient to divest his interest as executor therein, and to transfer the subject of the bequest to the legatee, unless the nature or the circumstances of the property require that it shall be transferred in a particular way. This assent may be verbal, and it may be either express or implied from the conduct of the executor.

*Illustrations.*

(*a*) A horse is bequeathed. The executor requests the legatee to dispose of it, or a third party proposes to purchase the horse from

[বিশেষ চরমদানে অছির সম্মতি দিবার ফলের কথা। বাক্যক্রমে এবং স্পষ্ট কি অনুমানসিদ্ধ সম্মতি দিবার কথা।]

২৯৩ ধারা। অছি কোন বিশেষ চরমদানে সম্মতি দিলে তদ্বিষয়ে অছিস্বরূপে তাঁহার সম্পর্ক লোপ করণ ও দানের বিষয় দানপাত্রকে সমর্পণার্থে সেই সম্মতিদান প্রচুর হইবে। তথাপি সম্পত্তির স্বরূপ কি ভাবগতিক বিশেষ প্রযুক্ত তাহা সমর্পণের বিশেষ কোন মত অবলম্বন করা আবশ্যক হইতে পারে। উক্ত সম্মতিদান বাক্যক্রমে হইতে পারে, এবং স্পষ্ট অথবা অছির আচরণক্রমে অনুমানসিদ্ধ হইতে পারে।

উদাহরণ।

(ক) কোন চরমবিধানদ্বারা কোন ব্যক্তিকে এক অশ্ব দেওয়া যায়। অছি সেই ব্যক্তিকে বলেন, তুমি

the executor, and he directs him to apply to the legatee. Assent to the legacy is implied.

(*b*) The interest of a fund is directed by the Will to be applied for the maintenance of the legatee during his minority. The executor commences so to apply it. This is an assent to the whole of the bequest.

(*c*) A bequest is made of a fund to A, and after him to B. The executor pays the interest of the fund to A. This is an implied assent to the bequest to B.

(*d*) Executors die after paying all the debts of the testator, but before satisfaction of specific legacies. Assent to the legacies may be presumed.

(*e*) A person to whom a specific article has been bequeathed takes possession of it and retains it without any objection on the part of the executor. His assent may be presumed.

[Conditional assent.]

CCXCIV. The assent of an executor to a legacy may be conditional, and if the condition may be one which he has a right to enforce, and it is not performed, there is no assent.

*Illustrations.*

(*a*) A bequeaths to B his lands of Sultânpur, which, at the date of the Will and at the death of A, were subject to a mortgage for 10,000 Rupees. The executor assents to the bequest on condition that B shall, within a limited time, pay the amount due on the mortgage at the testator's death. The amount is not paid. There is no assent.

(*b*) The executor assents to a bequest on condition that the legatee shall pay him a sum of money. The payment is not made. The assent is nevertheless valid.

[Assent of executor to his own legacy. Implied assent.]

CCXCV. When the executor is a legatee, his assent to his own legacy is necessary to complete his title to it in the same way as it is required when the bequest is to another person, and his assent may in like manner be express or implied. Assent shall be implied if in his manner of administering the property he does any act which is referable to his character of legatee and is not referable to his character of executor.

*Illustration.*

An executor takes the rent of a house or the interest of Government securities bequeathed to him and applies it to his own use. This is assent.

অশ্ব লইয়া যাহা ইচ্ছা তাহাই কর। অথবা অন্য কোন লোক সেই অশ্ব ক্রয় করিবার অভিপ্রায়ে অছির নিকটে আইলে তিনি ঐ দানপাত্রের নিকটে তাঁহাকে যাইতে বলেন। ইহাতে চরমদানে অনুমানসিদ্ধ সম্মতি প্রকাশ পায়।

(খ) চরমপত্রে এমত বিধান থাকে যে অপ্রাপ্তব্যবহার কালে চরমদানের পাত্রকে প্রতিপালন করণে কোন ফণ্ডের সুদ প্রয়োগ করিতে হয়। অছি তাহার তদ্রূপ প্রয়োগ করিতে আরম্ভ করেন। ইহাতে সেই সম্পূর্ণ চরমদানে সম্মতি দেওয়া হইল।

(গ) চরমবিধানদ্বারা কোন ফণ্ড আলবর্টকে ও তাঁহার পশ্চাৎ বেঞ্জামিনকে দত্ত হইয়াছে। অছি আলবর্টকে সেই ফণ্ডের সুদ দিতে আরম্ভ করেন। ইহাতে বেঞ্জামিনের পক্ষ চরমদানে অনুমানসিদ্ধ সম্মতি দেওয়া হইল।

(ঘ) চরমপত্রকারি ব্যক্তির ঋণ সকল পরিশোধ করণানন্তর অছিরা বিশেষ চরমদান সকলের শোধ না করিয়া প্রাণত্যাগ করেন। সেই সকল চরমদানে তাঁহাদের সম্মতি অনুমানসিদ্ধ।

(ঙ) চরমদানদ্বারা বিশেষ যে দ্রব্য কোন ব্যক্তিকে দত্ত হইয়াছে, তিনি তাহা দখল করিয়া আপনার বলিয়া রাখেন, অছিও তাহাতে কোন আপত্তি করেন না। তাঁহার সম্মতি অনুমানসিদ্ধ হইল ইতি।

[পণাধীন সম্মতি দিবার কথা।]

২৯৪ ধারা। অছি কোন চরমদানে যে সম্মতি দেন, তাহা বিশেষ কোন পণের অধীন হইতে পারে। তাহা হইলে যদি তিনি সেই পণ বলবৎ করিতে স্বত্ববান্ হন, তবে তাহা সাধন না করা গেলে সম্মতিদান হয় না।

উদাহরণ।

(ক) এবিয়ট চরমবিধানদ্বারা ব্রৌণকে সুলতানপুর নামে আপনার তালুক দেন। চরমপত্রের তারিখে ও এবিয়টের মরণকালে সেই তালুক ১০,০০০৲ টাকায় বন্ধক ছিল। অছি এই পণ করেন যে চরমপত্রকারি ব্যক্তির মরণকালে সেই বন্ধকের বলে দেয় টাকা যদি ব্রৌণ নিরূপিত সময়ের মধ্যে পরিশোধ করেন, তবে আমি সেই চরমদানে সম্মত হইব। সেই টাকার পরিশোধ হয় না। ইহাতে সম্মতি দেওয়া হইল না।

(খ) অছি বলেন, চরমদানের পাত্র যদি আমাকে এত টাকা দেন, তবে আমি সেই চরমদানে সম্মত হইব। সেই টাকা দেওয়া যায় না। তাহা না দিলেও সম্মতি সিদ্ধ হইল ইতি।

[অছির পক্ষ চরমদানে তাঁহার সম্মতি দিবার কথা, ও অনুমানসিদ্ধ সম্মতির কথা।]

২৯৫ ধারা। পরের পক্ষ চরমদানে যেমন অছির সম্মতি প্রয়োজনীয়, তেমনি অছির পক্ষ চরমদানে তাঁহার অধিকার সম্পূর্ণ করণার্থে সেই চরমদানেও তাঁহার সম্মতি প্রয়োজনীয়, আর ঐ স্থলের ন্যায় এই স্থলেও তাঁহার সম্মতিদান স্পষ্ট অথবা অনুমানসিদ্ধ হইতে পারে। সম্পত্তি নির্ব্বাহ করণ প্রণালীতে যে ক্রিয়া তিনি অছিস্বরূপে না করিয়া দানপাত্রস্বরূপে করেন, এমত কোন ক্রিয়া হইলে তদ্দ্বারা তাঁহার সম্মতিদান অনুমানসিদ্ধ জ্ঞান হইবে।

উদাহরণ।

চরমবিধানদ্বারা কোন বাটী কি গবর্ণমেণ্ট কাগজ অছিকে দত্ত হইলে যদি তিনি সেই বাটীর ভাড়া কি সেই কাগজের সুদ গ্রহণ করিয়া অপনার উপকারার্থে প্রয়োগ করেন, তবে তাহাতে সম্মতিদান হয় ইতি।

[Assent of executor gives effect to legacy from testator's death.]

CCXCVI. The assent of the executor to a legacy gives effect to it from the death of the testator.

*Illustrations.*

(a) A legatee sells his legacy before it is assented to by the executor. The executor's subsequent assent operates for the benefit of the purchaser and completes his title to the legacy.

(b) A bequeaths 1,000 Rupees to B with interest from his death. The executor does not assent to this legacy until the expiration of a year from A's death. B is entitled to interest from the death of A.

[অছির সম্মতিদ্বারা চরমদান চরমপত্রকারি ব্যক্তির মৃত্যু অবধি বলবৎ হয় ইহার কথা।]

২৯৬ ধারা। কোন চরমদানে অছি যে সম্মতি দেন, তদ্দ্বারা সেই দান চরমপত্রকারি ব্যক্তির মৃত্যু অবধি বলবৎ করা যায়।

উদাহরণ।

(ক) কোন চরমদানের পাত্র ঐ দানে অছি সম্মতি না দিতে দানের বিষয় বিক্রয় করেন, পরে অছি তাহাতে সম্মতি দেন। সেই সম্মতিদান ক্রেতার উপকারী, কেননা তদ্দ্বারা ঐ দানের বিষয়ে তাঁহার স্বত্ব সম্পূর্ণ হয়।

(খ) এবিয়ট চরমবিধানদ্বারা ১০০০৲ টাকা ও আপনার মরণকাল অবধি তাহার সুদ ব্রৌণকে দেন। অছি বিলম্ব করিয়া এবিয়টের মৃত্যুর এক বৎসর পরে সেই চরমদানে সম্মতি প্রকাশ করেন। তিনি সম্মত হওয়াতে ব্রৌণ এবিয়টের মৃত্যু অবধি সেই সুদ পাইতে স্বত্ববান্ হন ইতি।

[Executor not bound to pay or deliver legacies until after one year from testator's death.]

CCXCVII. An executor is not bound to pay or deliver any legacy until the expiration of one year from the testatator's death.

*Illustration.*

A, by his Will, directs his legacies to be paid within six months after his death. The executor is not bound to pay them before the expiration of a year.

[চরমপত্রকারি ব্যক্তির মৃত্যু অবধি এক বৎসর অতীত না হইলে কোন চরমদান পরিশোধ কি সমর্পণ করিতে অছির বাধিত না হইবার কথা।]

২৯৭ ধারা। চরমপত্রকারি ব্যক্তির মৃত্যু অবধি এক বৎসর অতীত না হইলে কোন চরমদান শোধ করিতে কি সমর্পণ করিতে অছি বাধিত নহেন।

উদাহরণ।

এবিয়ট চরমপত্রদ্বারা এই বিধান করেন যে তাঁহার মৃত্যু অবধি ছয় মাসের মধ্যে চরমদান সকল শোধ করিতে হইবে। ইহাতে যাবৎ এক বৎসরের অবসান না হয়, তাবৎ অছি সেই দান সকল শোধ করিতে বাধিত হন না ইতি।

## PART XXXVI.

### *Of the Payment and Apportionment of Annuities.*

## ষট্‌ত্রিংশ খণ্ড।

### বার্ষিক বৃত্তি শোধ করিবার কি হারানুযায়ি অংশ দিবার কথা।

[Commencement of annuity when no time fixed by Will.]

CCXCVIII. Where an annuity is given by the Will, and no time is fixed for its commencement, it shall commence from the testator's death, and the first payment shall be made at the expiration of a year next after that event.

[যে বার্ষিক বৃত্তির আরম্ভকাল চরমপত্রে নির্দ্দিষ্ট নাই, তাহার আরম্ভ যে সময়ে হইবে তাহার কথা।]

২৯৮ ধারা। চরমপত্রদ্বারা বার্ষিক বৃত্তি দত্ত হইলে যদি তাহার আরম্ভকাল নিরূপিত না হয়, তবে চরমপত্রকারি ব্যক্তির মরণকাল তাহার আরম্ভকাল হইবে, ও সেই মৃত্যু অবধি প্রথম বৎসর অতীত হইলে প্রথম বার সেই বৃত্তি দিতে হইবে ইতি।

[When payment of annuity to be paid quarterly or monthly first falls due.]

CCXCIX. Where there is a direction that the annuity shall be paid quarterly or monthly, the first payment shall be due at the end of the first quarter or first month, as the case may be, after the testator's death; and shall, if the executor think fit, be paid when due, but the executor shall not be bound to pay it till the end of the year.

[যে বার্ষিক বৃত্তির টাকা মাসে২ কি তিন২ মাসান্তে দিবার আদেশ থাকে, তাহার প্রথম টাকা যে সময়ে পাওনা হইবে তাহার কথা।]

২৯৯ ধারা। তিন২ মাসান্তে কিম্বা মাসে২ বার্ষিক বৃত্তির টারা দিবার আদেশ যদি থাকে, তবে চরমপত্রকারি ব্যক্তির মৃত্যু অবধি প্রথম মাসত্রয়ের শেষে অথবা প্রথম মাসের শেষে বৃত্তির প্রথম কিস্তি পাওনা হইবে, এবং অছির বিবেচনামতে পাওনা হইবামাত্র সেই কিস্তি শোধ হইতে পারিবে, কিন্তু বৎসরের অবসান যাবৎ না হয় তাবৎ অছি তাহা দিতে বাধিত হইবেন না ইতি।

[Date of successive payments when first payment of an annuity directed to be made within a given time, or on a day certain. Apportionment where annuitant dies between times of payment.]

CCC. Where there is a direction that the first payment of an annuity shall be made within one month or any other division of time from the death of the testator, or on a day certain, the successive payments are to be made on the anniversary of the earliest day on which the Will authorizes the first payment to be made; and if the annuitant should die in the interval between the times of payment, an apportioned share of the annuity shall be paid to his representative.

## PART XXXVII.

*Of the Investment of Funds to provide for Legacies.*

[Investment of sum bequeathed where a legacy, not specific, is given for life.]

CCCI. Where a legacy, not being a specific legacy, is given for life, the sum bequeathed shall, at the end of the year, be invested in such securities as the High Court may, by any general rule to be made from time to time, authorize or direct, and the proceeds thereof shall be paid to the legatee as the same shall accrue due.

[Investment of amount of general legacy to be paid at a future time. Intermediate interest.]

CCCII. Where a general legacy is given to be paid at a future time, the executor shall invest a sum sufficient to meet it in securities of the kind mentioned in the last preceding Section. The intermediate interest shall form part of the residue of the testator's estate.

[Procedure when no fund is charged with or appropriated to an annuity.]

CCCIII. Where an annuity is given and no fund is charged with its payment or appropriated by the Will to answer it, a Government annuity of the specified amount shall be purchased, or, if no such annuity can be obtained, then a sum sufficient to produce the annuity shall be invested for that purpose in such securities as the High Court may, by any general rule to be made from time to time, authorize or direct.

[যে বার্ষিক বৃত্তির প্রথম বার টাকা দিবার জন্যে বিশেষ পরিমাণের কাল কি বিশেষ কোন দিবস নির্দ্দিষ্ট হইয়াছে, তাহার টাকা তৎপশ্চাৎ যের সময়ে দিতে হইবে তাহার কথা। ও টাকা দিবার মিয়াদের মধ্যে বৃত্তির অধিকারী মরিলে হারানুযায়ি অংশ দিতে হইবার কথা।]

৩০০ ধারা। কোন বার্ষিক বৃত্তির টাকা প্রথম বার দিবার বিষয়ে যদি এমত আদেশ থাকে যে চরমপত্রকারি ব্যক্তির মৃত্যুর পরে প্রথম মাসের কিম্বা অন্য প্রথম কালবিভাগের মধ্যে কিম্বা নির্দ্দিষ্ট কোন তারিখে তাহা দিতে হয়, তবে তৎপশ্চাৎ বৎসরে২ যে টাকা দিতে হইবে তাহা চরমপত্রের আদেশানুসারে প্রথম বার টাকা দিবার জন্যে নির্দ্দিষ্ট সর্ব্বাগ্র তারিখ মানিয়া বৎসরে২ সেই তারিখে দিতে হইবে। আর এমত টাকা দিবার দুই তারিখের মধ্যে যদি বৃত্তির অধিকারী মরেন, তবে বৃত্তির হারানুযায়ি অংশ তাঁহার প্রতিনিধিকে দিতে হইবে।

## সপ্তত্রিংশ খণ্ড।

চরমদান শোধের উপায় করণোপলক্ষে উপস্বত্বোৎপাদক কাগজ ক্রয় করিবার কথা।

[বিশেষ চরমদান ভিন্ন অন্য চরমদান যাবজ্জীবন ভোগার্থে দত্ত হইলে সেই দানের টাকাতে যে প্রকারের উপস্বত্বোৎপাদক কাগজ ক্রয় করিতে হইবে তাহার কথা।]

৩০১ ধারা। বিশেষ চরমদান ভিন্ন অন্য চরমদান যাবজ্জীবন ভোগার্থে দত্ত হইলে সম্বৎসরের অবসানে সেই দত্ত টাকাতে হাই কোর্ট সময়েং সাধারণ বিধিদ্বারা যে প্রকারের উপস্বত্বোৎপাদক কাগজ ক্রয় করিবার অনুমতি দেন কি আদেশ করেন, সেই প্রকারের উপস্বত্বোৎপাদক কাগজ ক্রয় করিতে হইবে, ও তাহার যে উপস্বত্ব যখন পাওনা হয় তাহা তখন ঐ দানের পাত্রকে দিতে হইবে ইতি।

[উত্তরকালের কোন সময়ে শোধ করিবার পণে যে সাধারণ চরমদান হয়, তাহার টাকাতে উপস্বত্বোৎপাদক কাগজ ক্রয় করিবার কথা ও মধ্যকালীন সুদের কথা।]

৩০২ ধারা। উত্তরকালের বিশেষ সময়ে শোধনীয় সাধারণ চরমদান করা গেলে অছি তৎপোষণার্থে প্রচুর টাকার উপস্বত্বোৎপাদক কাগজ অর্থাৎ ইহার পূর্ব্বধারাতে নির্দ্দিষ্ট প্রকারের কাগজ ক্রয় করিবেন। মধ্যকালের সুদ চরমপত্রকারি ব্যক্তির শেষ সম্পদের অংশ বলিয়া গণ্য হইবে ইতি।

[বিশেষ ফণ্ডহইতে বার্ষিক বৃত্তি শোধ করিবার কিম্বা তদর্থে বিশেষ ফণ্ড পৃথক্ রাখিবার আদেশ না থাকিলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৩০৩ ধারা। বার্ষিক বৃত্তি দান করা গেলে যদি তৎশোধার্থে বিশেষ কোন ফণ্ডহইতে টাকা দিবার কি বিশেষ কোন ফণ্ড পৃথক্ রাখিবার আদেশ চরমপত্রে না থাকে, তবে নির্দ্দিষ্ট মূল্যের গবর্ণমেণ্ট সম্পর্কীয় বার্ষিক বৃত্তি ক্রয় করিতে হইবে, অথবা তাহা পাওয়া না গেলে সেই বৃত্তি পোষণে প্রচুর টাকা লইয়া হাই কোর্ট সময়েং প্রকাশিত সাধারণ বিধিদ্বারা যে প্রকারের উপস্বত্বোৎপাদক কাগজ ক্রয় করিবার অনুমতি দেন কি আদেশ করেন, সেই প্রকারের উপস্বত্বোৎপাদক কাগজ ক্রয় করিতে হইবে ইতি।

[Transfer to residuary legatee of amount of contingent bequest.]

CCCIV. Where a bequest is contingent, the executor is not bound to invest the amount of the legacy, but may transfer the whole residue of the estate to the residuary legatee on his giving sufficient security for the payment of the legacy if it shall become due.

[ঘটনাধীন চরমদানের টাকা শেষ সম্পদের দানপাত্রকে সমর্পণ করিবার কথা।]

৩০৪ ধারা। বিশেষ ঘটনার অধীনে চরমদান করা গেলে অছি তচ্ছোধার্থে উপস্বত্বোৎপাদক কাগজ ক্রয় করিতে বাধিত হইবেন না, কিন্তু সেই চরমদান পাওনা হইলে তাহার শোধ যে করা যাইবে, ইহার উপযুক্ত প্রতিভূ শেষ সম্পদ দানের পাত্রের স্থানে লইয়া সমুদয় শেষ সম্পদ তাঁহার প্রতি সমর্পণ করিতে পারিবেন ইতি।

[Investment of residue bequeathed to a person for life without direction to invest in particular securities.]

CCCV. Where the testator has bequeathed the residue of his estate to a person for life without any direction to invest it in any particular securities, so much thereof as is not, at the time of the testator's decease, invested in such securities as the High Court may, for the time being, regard as good securities, shall be converted into money and invested in such securities.

[শেষ সম্পদ কোন ব্যক্তির যাবজ্জীবন ভোগার্থে দত্ত হইলে যদি তাহা লইয়া বিশেষ প্রকারের উপস্বত্বোৎপাদক কাগজ ক্রয় করিবার আদেশ না থাকে, তবে তদ্দ্বারা উপস্বত্বোৎপাদক কাগজ ক্রয় করিবার কথা।]

৩০৫ ধারা। চরমপত্রকারি ব্যক্তি কোন ব্যক্তির যাবজ্জীবন ভোগার্থে আপনার শেষ সম্পদ দান করিলে যদি তাহা দিয়া বিশেষ প্রকারের উপস্বত্বোৎপাদক কাগজ ক্রয় করিবার কোন আদেশ না করিয়া থাকেন, তবে হাই কোর্ট যে প্রকারের উপস্বত্বোৎপাদক কাগজ সময়ক্রমে উত্তম জ্ঞান করেন, সেই প্রকারের কাগজ ক্রয় করিতে চরমপত্রকারি ব্যক্তির মৃত্যুর পূর্ব্বে তাঁহার সম্পদের যে অংশ ব্যয় হইয়াছে তদবশিষ্ট অন্য অংশও বিক্রয় করিয়া তাহার মূল্যদ্বারা সেই প্রকারের উপস্বত্বোৎপাদক কাগজ ক্রয় করিতে হইবে ইতি।

[Investment of residue bequeathed to a person for life, with direction to invest in specified securities.]

CCCVI. Where the testator has bequeathed the residue of his estate to a person for life with a direction that it shall be invested in certain specified securities, so much of the estate as is not, at the time of his death, invested in securities of the specified kind shall be converted into money and invested in such securities.

[শেষ সম্পদ্ কোন ব্যক্তির যাবজ্জীবন ভোগার্থে দত্ত হইলে যদি তাহা লইয়া বিশেষ প্রকারের উপস্বত্বোৎপাদক কাগজ ক্রয় করিবার আদেশ থাকে, তবে যেরূপ কাগজ ক্রয় করিতে হয় তাহার কথা।]

৩০৬ ধারা। চরমপত্রকারি ব্যক্তি কোন ব্যক্তির যাবজ্জীবন ভোগার্থে আপনার শেষ সম্পদ দান করিলে যদি তাহা লইয়া নির্দ্দিষ্ট বিশেষ প্রকারের উপস্বত্বোৎপাদক কাগজ ক্রয় করিবার আজ্ঞা দিয়া থাকেন, তবে তাঁহার মৃত্যুর পূর্ব্বে তাঁহার সম্পদের যে অংশ দিয়া সেই প্রকারের কাগজ ক্রয় করা গিয়াছে তদবশিষ্ট অন্য অংশও বিক্রয় করিয়া তাহার মূল্যদ্বারা সেই নির্দ্দিষ্ট বিশেষ প্রকারের উপস্বত্বোৎপাদক কাগজ ক্রয় করিতে হইবে ইতি।

[Time and manner of the conversion and investment. Interest payable until investment.]

CCCVII. Such conversion and investment as are contemplated by the two last preceding Sections shall be made at such times and in such manner as the executor shall in his discretion think fit; and until such conversion and investment shall be completed, the person who would be for the time being entitled to the income of the fund when so invested shall receive interest at the rate of four per cent. per annum upon the market value (to be computed as of the date of the testator's death) of such part of the fund as shall not yet have been so invested.

[পূর্ব্বোক্ত মতে কাগজ ক্রয় করিবার সময় ও নিয়মের কথা, এবং যাবৎ কাগজ না কেনা যায় তাবৎ সুদ দিতে হইবার কথা।]

৩০৭ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব দুই ধারার নির্দ্দিষ্ট মতে সম্পদ বিক্রয় ও তাহার মূল্যদ্বারা উপস্বত্বোৎপাদক কাগজ ক্রয় করণের যে সময় ও যে মত অছির বিবেচনাতে উপযুক্ত বোধ হয়, সেই সময়ে ও সেই মতে তাহা করিতে হইবে। এবং সেই সম্পদ বিক্রয় ও কাগজ ক্রয় করণ সমাপ্ত হইলে যে ব্যক্তি সেই মূলধনের উপস্বত্ব পাইতে স্বত্ববান্ হইবেন, তিনি তাহার অসমাপ্তিকাল ব্যাপিয়া অবিক্রীত সম্পদের মূল্যের উপর শতকরা চারি টাকা বার্ষিক সুদ পাইবেন। উক্ত সম্পদের মূল্য হিসাব করিতে গেলে চরমপত্রকারি ব্যক্তির মৃত্যুর তারিখে বাজারের যে দর ছিল তাহা ধরিতে হইবে ইতি।

[Procedure where minor is entitled to immediate payment or possession of bequest, and there is no direction to pay to any person on his behalf.]

CCCVIII. Where, by the terms of a bequest the legatee is entitled to the immediate payment or possession of the money or thing bequeathed, but is a minor, and there is no direction in the Will to pay it to any person on his behalf, the executor or administrator shall pay or deliver the same into the Court of the District Judge, by whom the probate was or letters of administration, with the Will annexed, were granted, to the account of the legatee, unless the legatee be a ward of the Court of Wards; and if the legatee be a ward of the Court of Wards the legacy shall be paid into that Court to his account, and such payment into the Court of the District Judge, or into the Court of Wards as the case may be, shall be sufficient discharge for the money so paid; and such money when paid in shall be invested in the purchase of Government securities, which, with the interest thereon, shall be transferred or paid to the person entitled thereto, or otherwise applied for his benefit, as the Judge or the Court of Wards, as the case may be, may direct.

[যে চরমদানের বিষয় অবিলম্বে পাইতে কি দখল করিতে দানের পাত্র স্বত্ববান্ হন, সেই চরমদানের পাত্র অপ্রাপ্তব্যবহার হইলে, যদি তাহার পক্ষে অন্য কোন ব্যক্তিকে দানের বিষয় দিবার আদেশ না থাকে, তবে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৩০৮ ধারা। যে চরমদানের বিধানানুসারে দানের পাত্র দত্ত টাকার শোধ কি দত্ত দ্রব্যের দখল অবিলম্বে পাইতে স্বত্ববান্ হন, এমত চরমদানের পাত্র অপ্রাপ্তব্যবহার হইলে যদি তাঁহার পক্ষে অন্য কোন ব্যক্তিকে সেই বিষয় দিবার কোন আদেশ চরমপত্রে না থাকে, তবে কোর্ট ওয়ার্ডসের অধীন নাবালগ ভিন্ন অন্য কোন ব্যক্তি সেই পাত্র হইলে যে জিলার জজ সাহেব প্রবেট কি চরমপত্রসম্বলিত ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র দিয়াছিলেন, অছি কি ধনাধ্যক্ষ তাঁহারই আদালতে দানপাত্রের হিসাবে ঐ দানের বিষয় সমর্পণ করিবেন, অথবা কোর্ট ওয়ার্ডসের অধীন কোন নাবালগ যদি দানের পাত্র হন, তবে সেই কোর্টে তাঁহার হিসাবে তাহা সমর্পণ করিতে হইবে। এবং জিলার জজ সাহেবের আদালতে অথবা কোর্ট ওয়ার্ডসে সেই দানের বিষয় সমর্পণ করা গেলে তাহাতেই ঐ সমর্পিত টাকা প্রভৃতি বিষয় সম্পর্কীয় দায়হইতে উপযুক্ত মুক্তিলাভ হইবে। উক্ত টাকা দাখিল হইলে পর তাহা লইয়া গবর্ণমেণ্ট কাগজ ক্রয় করিতে হইবে, পরে সেই কাগজ ও তদুৎপন্ন সুদ তাহার অধিকারি ব্যক্তির হিসাবে লিখিতে কি তাঁহাকে দিতে হইবে, কিম্বা ঐ জজ সাহেবের অথবা কোর্ট ওয়ার্ডসের অনুমতিক্রমে অন্য কোন মতে তাঁহার উপকারার্থে প্রয়োগ করিতে হইবে ইতি।

## PART XXXVIII.

### *Of the Produce and Interest of Legacies.*

[Legatee of a specific legacy entitled to produce thereof from testator's death.]

CCCIX. The legatee of a specific legacy is entitled to the clear produce thereof, if any, from the testator's death.

*Exception.*—A specific bequest, contingent in its terms, does not comprise the produce of the legacy between the death of the testator and the vesting of the legacy. The clear produce of it forms part of the residue of the testator's estate.

*Illustrations.*

(*a*) A bequeaths his flock of sheep to B. Between the death of A and delivery by his executor the sheep are shorn, or some of the ewes produce lambs. The wool and lambs are the property of B.

(*b*) A bequeaths his Government securities to B, but postpones the delivery of them till the death of C. The interest which falls due between the death of A and the death of C belongs to B, and must, unless he is a minor, be paid to him as it is received.

## অষ্টত্রিংশ খণ্ড।

### চরমদানের উপস্বত্ব ও সুদের কথা।

[বিশেষ চরমদানের পাত্র চরমপত্রকারির মৃত্যু অবধি তাহার উপস্বত্ব পাইতে স্বত্ববান্ ইহার কথা।]

৩০৯ ধারা। বিশেষ চরমদানের উপস্বত্ব হইলে সেই দানের পাত্র চরমপত্রকারি ব্যক্তির মৃত্যু অবধি তাহার শুদ্ধ উপস্বত্ব পাইতে স্বত্ববান্ হন।

বর্জ্জিত স্থল। যে বিশেষ চরমদান স্বনিয়মের বলে কোন ঘটনার অধীন, তন্মধ্যে চরমপত্রকারি ব্যক্তির মৃত্যু অবধি চরমদানের সম্পর্ক স্থির হওন পর্য্যন্ত সেই দানের উপস্বত্ব পরিগৃহীত নয়। তাহার তাৎকালিক শুদ্ধ উপস্বত্ব চরমপত্রকারির শেষ সম্পদের অংশরূপে গণ্য।

উদাহরণ।

(ক) এবিয়ট চরমবিধানদ্বারা আপনার মেষপাল ব্রোণকে দেন। এবিয়টের মরণানন্তর অথচ অছিদ্বারা সমর্পণের পূর্ব্বে মেষদিগের লোমচ্ছেদন হয়, কিম্বা কোনং মেষীর শাবক জন্মে। সেই পশম ও সেই বৎস সকল ব্রোণের সম্পত্তি।

(খ) এবিয়ট চরমবিধানদ্বারা আপনার গবর্ণমেণ্ট কাগজ সকল ব্রোণকে দেন, কিন্তু তৎসমর্পণে কার্টরের মৃত্যুকাল পর্য্যন্ত বিলম্ব করিবার আদেশ করেন। ইহাতে এবিয়টের মৃত্যুর পরে অথচ কার্টরের মৃত্যুর পূর্ব্বে যে সুদ পাওনা হয় তাহাতে ব্রোণের অধিকার আছে, এবং যদি তিনি অপ্রাপ্তব্যবহার নহেন, তবে তাহা পাইবামাত্র তাঁহাকে দিতে হয়

(c) The testator bequeaths all his four per cent. Government promissory notes to A when he shall complete the age of 18. A, if he complete that age, is entitled to receive the notes, but the interest which accrues in respect of them between the testator's death and A's completing 18 forms part of the residue.

[Residuary legatee entitled to produce of residuary fund from testator's death.]

CCCX. The legatee under a general residuary bequest is entitled to the produce of the residuary fund from the testator's death.

*Exception.*—A general residuary bequest contingent in its terms does not comprise the income which may accrue upon the fund bequeathed between the death of the testator and the vesting of the legacy. Such income goes as undisposed of.

*Illustrations.*

(a) The testator bequeaths the residue of his property to A, a minor, to be paid to him when he shall complete the age of 18. The income from the testator's death belongs to A.

(b) The testator bequeaths the residue of his property to A when he shall complete the age of 18. A, if he complete that age, is entitled to receive the residue. The income which has accrued in respect of it since the testator's death goes as undisposed of.

[Interest when no time is fixed for payment of a general legacy.]

CCCXI. Where no time has been fixed for the payment of a general legacy, interest begins to run from the expiration of one year from the testator's death.

*Exceptions.* (1.)—Where the legacy is bequeathed in satisfaction of a debt, interest runs from the death of the testator.

(2.)—Where the testator was a parent or a more remote ancestor of the legatee, or has put himself in the place of a parent of the legatee, the legacy shall bear interest from the death of the testator.

(3.)—Where a sum is bequeathed to a minor with a direction to pay for his maintenance out of it, interest is payable from the death of the testator.

[Interest when time has been fixed.]

CCCXII. Where a time has been fixed for the payment of a general legacy, interest begins to run from the time so fixed. The interest up to such time forms part of the residue of the testator's estate.

(গ) চরমপত্রকারি ব্যক্তি এই বিধান করেন যে আলবর্টের সম্পূর্ণ আঠারো বৎসর বয়স হইলে আমার শতকরা চারি টাকা সুদের সমুদয় গবর্ণমেণ্ট কাগজ তাঁহাকে দিব। যদি আলবর্টের তত বয়স হয়, তবে তিনি ঐ গবর্ণমেণ্ট কাগজ পাইতে স্বত্ববান্ হইবেন, কিন্তু চরমপত্রকারির মৃত্যু অবধি এবিয়টের আঠারো বৎসর বয়স পর্য্যন্ত যে সুদ তাহাহইতে উৎপন্ন হয় তাহা শেষ সম্পদের অংশ ইতি।

[শেষ সম্পদদানের পাত্র চরমপত্রকারির মৃত্যু অবধি শেষ ধনের উপস্বত্ব পাইতে স্বত্ববান ইহার কথা।]

৩১০ ধারা। সাধারণ শেষ সম্পদ দানের বলে সেই চরমদানের পাত্র চরমপত্রকারি ব্যক্তির মৃত্যু অবধি শেষ ধনের উপস্বত্ব পাইতে স্বত্ববান্ হন।

বর্জ্জিত স্থল। যে সাধারণ শেষ সম্পদ দান স্বনিয়মের বলে কোন ঘটনার অধীন, তন্মধ্যে চরমপত্রকারি ব্যক্তির মৃত্যু অবধি চরমদানের সম্পর্ক স্থির হওন পর্য্যন্ত সেই দানহইতে উৎপন্ন উপস্বত্ব পরিগৃহীত নয়। সেই উপস্বত্ব বিষয়ক কোন বিধান হয় নাই বলিয়া তাহা অন্যের প্রতি বর্ত্তিবে।

উদাহরণ।

(ক) চরমপত্রকারি ব্যক্তি এই বিধান করেন যে আমি আলবর্ট নামে অপ্রাপ্তব্যবহার এক বালককে আমার শেষ সম্পত্তি দিলাম, তিনি সম্পূর্ণ আঠারো বৎসর বয়স্ক হইলে তাঁহার হস্তে তাহা সমর্পণ করিতে হইবে। ইহাতে চরমপত্রকারির মৃত্যু অবধি উপস্বত্ব আলবর্টের হয়।

(খ) চরমপত্রকারি ব্যক্তি এই বিধান করেন যে আলবর্টের সম্পূর্ণ আঠারো বৎসর বয়স হইলে আমার শেষ সম্পদ তাঁহাকে দিব। যদি আলবর্টের তত বয়স হয়, তবে তিনি শেষধন পাইবার অধিকারী হইবেন। চরমপত্রকারির মৃত্যু অবধি তাহাহইতে উৎপন্ন উপস্বত্ব বিষয়ক কোন বিধান হয় নাই বলিয়া তাহা অন্যের প্রতি বর্ত্তিবে ইতি।

[যে সাধারণ চরমদান শোধ করিবার সময় নিরূপিত হয় নাই, তাহার সুদ যে সময়াবধি চলিবে তাহার কথা।]

৩১১ ধারা। যে সাধারণ চরমদান শোধ করিবার কোন বিশেষ সময় নিরূপিত হয় নাই, তাহার সুদ চরমপত্রকারি ব্যক্তির মরণানন্তর প্রথম বৎসরের শেষ অবধি চলিবে।

বর্জ্জিত স্থল। ১। কোন ঋণ শোধার্থে যে চরমদান করা যায় তাহার সুদ চরমপত্রকারির মৃত্যু অবধি চলিবে।

২। চরমদানের পাত্র যদি চরমপত্রকারি ব্যক্তির সন্তান কি বংশ হন কি তাঁহার সন্তানের তুল্য হন, তবে চরমদানের সুদ চরমপত্রকারির মৃত্যু অবধি চলিবে।

৩। চরমদানের পাত্র অপ্রাপ্তব্যবহার হইলে যদি দানের বিষয়হইতে তাঁহার ভরণপোষণ করিবার আদেশ থাকে, তবে চরমপত্রকারির মৃত্যু অবধি সুদ দিতে হইবে ইতি।

[সময় নির্দ্দিষ্ট হইলে সুদ দিবার কথা।]

৩১২ ধারা। কোন সাধারণ চরমদান শোধ করিবার সময় নির্দ্দিষ্ট হইলে সেই নির্দ্দিষ্ট সময়াবধি সুদ চলিবে। সেই সময়ের পূর্ব্বে যে সুদ তাহা চরমপত্রকারি ব্যক্তির শেষ সম্পদের অংশ হইবে।

*Exception.*—Where the testator was a parent or a more remote ancestor of the legatee, or has put himself in the place of a parent of the legatee, and the legatee is a minor, the legacy shall bear interest from the death of the testator, unless a specific sum is given by the Will for maintenance.

[Rate of interest.]

CCCXIII. The rate of interest shall be four per cent. per annum.

[No interest payable on arrears of annuity within first year after testator's death.]

CCCXIV. No interest is payable on the arrears of an annuity within the first year from the death of the testator, although a period earlier than the expiration of that year may have been fixed by the Will for making the first payment of the annuity.

[Interest payable on sum to be invested to produce annuity.]

CCCXV. Where a sum of money is directed to be invested to produce an annuity, interest is payable on it from the death of the testator.

## Part XXXIX.

### *Of the Refunding of Legacies.*

[Refund of legacy paid under Judge's orders.]

CCCXVI. When an executor has paid a legacy under the order of a Judge, he is entitled to call upon the legatee to refund in the vent of the assets proving insufficient to pay all the legacies.

[No refund if legacy paid voluntarily.]

CCCXVII. When an executor has voluntarily paid a legacy, he cannot call upon a legatee to refund in the event of the assets proving insufficient to pay all the legacies.

[Refund when legacy has become due on performance of a condition within further time allowed under Section 124.]

CCCXVIII. When the time prescribed by the Will for the performance of a condition has elapsed without the condition having been performed, and the executor has thereupon, without fraud, distributed the assets; in such case, if further time has been allowed under the one hundred and twenty-fourth Section for the performance of the condition, and the condition has been performed accordingly, the legacy cannot be claimed from the executor, but those to whom he has paid it are liable to refund the amount.

বর্জ্জিত স্থল। চরমদানের পাত্র চরমপত্রকারি ব্যক্তির সন্তান কি বংশ কি তাঁহার সন্তানের তুল্য হইলে যদি অপ্রাপ্তব্যবহার হন, ও চরমপত্রে তাঁহার ভরণপোষণের উপায়রূপে বিশেষ পরিমাণের টাকা দিবার আদেশ না থাকে, তবে চরমপত্রকারি ব্যক্তির মৃত্যু অবধি চরমদানের সুদ চলিবে ইতি।

[সেই সুদের হারের কথা।]

৩১৩ ধারা। সেই সুদের হার বার্ষিক শতকরা চারি টাকা হইবে ইতি।

[বাকী বার্ষিক বৃত্তির সুদ চরমপত্রকারি ব্যক্তির মরণানন্তর প্রথম বৎসরে না চলিবার কথা।]

৩১৪ ধারা। চরমপত্রকারি ব্যক্তির মরণানন্তর প্রথম বৎসরের মধ্যে বাকী বার্ষিক বৃত্তির কোন সুদ পাওনা হইবে না। সেই বার্ষিক বৃত্তি প্রথমবার দিবার জন্যে উক্ত বৎসরের অবসানের পূর্ব্বে কোন সময় চরমপত্রে নির্দ্দিষ্ট থাকিলেও সুদ পাওনা হইবে না ইতি।

[বার্ষিক বৃত্তি উৎপাদনার্থে যে টাকাতে উপস্বত্বোৎপাদক কাগজ ক্রয় করিবার আদেশ থাকে, তাহার সুদ দিবার কথা।]

৩১৫ ধারা। বার্ষিক বৃত্তি উৎপাদনার্থে যে টাকাতে উপস্বত্বোৎপাদক কাগজ ক্রয় করিবার আদেশ থাকে, চরমপত্রকারি ব্যক্তির মৃত্যু অবধি তাহার সুদ দিতে হইবে ইতি।

## ঊনচত্বারিংশ খণ্ড।

### চরমদান প্রত্যর্পণের কথা।

[বিচারকর্ত্তার আজ্ঞাক্রমে যে চরমদান শোধ করা গিয়াছে তৎপ্রত্যর্পণের কথা।]

৩১৬ ধারা। অছি কোন বিচারকর্ত্তার আজ্ঞাক্রমে কোন চরমদান শোধ করিলে যদি সমুদয় চরমদানের শোধার্থে সংস্থানের অকুলান দেখা যায়, তবে তিনি সেই দানের পাত্রের নামে টাকা প্রত্যর্পণের দাওয়া করিতে স্বত্ববান্ হইবেন ইতি।

[যে চরমদানের শোধ ইচ্ছামতে হইয়াছে তৎপ্রত্যর্পণ না হইবার কথা।]

৩১৭ ধারা। অছি ইচ্ছামতে কোন চরমদান শোধ করিলে যদি সমুদয় চরমদানের শোধার্থে সংস্থানের অকুলান দেখা যায়, তবে তিনি সেই দানের পাত্রের নামে টাকা প্রত্যর্পণের দাওয়া করিতে পারিবেন না ইতি।

[১২৪ ধারামতে অতিরিক্ত যে অবকাশ দেওয়া যায় তাহার মধ্যে পণের সাধন হইলে যে চরমদানের অধিকার হয় তৎপ্রত্যর্পণের কথা।]

৩১৮ ধারা। যে পণবিশেষ সাধনের যে সময় চরমপত্রে নির্দ্দিষ্ট আছে, সেই পণ সেই সময়ের মধ্যে সাধিত না হইলে পর যদি অছি বিনা প্রতারণাতে সংস্থান সকল বণ্টন করিয়া থাকেন, এমত স্থলে ঐ পণ সাধনার্থে ১২৪ ধারামতে অতিরিক্ত অবকাশ দত্ত হইলে যদি তদনুসারে সেই পণের সাধন হইয়া থাকে, তবে সেই চরমদানের জন্যে অছির নামে দাওয়া করা যাইতে পারে না, কিন্তু তিনি যাঁহাদিগকে টাকা দিয়াছেন তাঁহারা চরমদানের তুল্য টাকা ফিরিয়া দিতে দায়ী হইবেন ইতি।

[When each legatee is compellable to refund in proportion.]

CCCXIX. When the executor has paid away the assets in legacies, and he is afterwards obliged to discharge a debt of which he had no previous notice, he is entitled to call upon each legatee to refund in proportion.

[যে স্থলে প্রত্যেক চরমদানের পাত্রকে হারানুসারে টাকা প্রত্যর্পণ করান যাইতে পারে তাহার কথা।]

৩১৯ ধারা। অছি চরমদান সকল শোধ করণে সমুদয় সংস্থান ব্যয় করিলে পর যদি তাঁহাকে এমন ঋণ পরিশোধ করিতে হয় যদ্বিষয়ক সংবাদ তিনি অগ্রে পান নাই, তবে তিনি প্রত্যেক চরমদানপাত্রের নামে হারানুসারে টাকা প্রত্যর্পণ করিবার দাওয়া করিতে পারিবেন ইতি।

[Distribution of assets. Creditor may follow assets.]

CCCXX. Where an executor or administrator has given such notices as would have been given by the High Court in an administration suit for creditors and others to send in to him their claims against the estate of the deceased, he shall, at the expiration of the time therein named for sending in claims, be at liberty to distribute the assets, or any part thereof, in discharge of such lawful claims as he knows of, and shall not be liable for the assets so distributed to any person of whose claim he shall not have had notice at the time of such distribution; but nothing herein contained shall prejudice the right of any creditor or claimant to follow the assets, or any part thereof, in the hands of the persons who may have received the same respectively.

[সংস্থান বিভাগ করিবার কথা। উত্তমর্ণদ্বারা সংস্থানের অনুধাবনের কথা।]

৩২০ ধারা। ধনাধ্যক্ষতা বিষয়ক মোকদ্দমাতে হাই কোর্ট কর্তৃক যেরূপ সংবাদ দেওয়া যাইত, অছি কি ধনাধ্যক্ষ যদি উত্তমর্ণ প্রভৃতি সকল ব্যক্তিদিগকে তদ্রূপ সংবাদ দিয়া মৃত ব্যক্তির সম্পদের বিপক্ষে তাঁহাদের দাওয়া সকল জানাইবার আদেশ করিয়া থাকেন, তবে সংবাদে নির্দিষ্ট সেই কাল অতীত হইলে তিনি ব্যবস্থাসিদ্ধ যে সকল দাওয়া অবগত হইয়াছেন তাহার শোধার্থে সমুদয় সংস্থান কি তাহার কোন অংশ বিভাগ করিতে ক্ষমতাপন্ন হইবেন, ও সেই বিভাগের সময়ে যে ব্যক্তির দাওয়া অবগত হন নাই, তাঁহার নিকটে ঐ বিভক্ত সংস্থানের সম্পর্কে দায়ী হইবেন না। কিন্তু যাঁহারা সেই সংস্থান কি তাহার কোন অংশ পাইয়াছেন তাঁহাদের হস্তগত সেই সংস্থানের কি তদীয় অংশের অনুধাবন করিবার যে স্বত্ব ঐ উত্তমর্ণ কি দাওয়াকারি ব্যক্তির আছে সেই স্বত্বের হানি ইহার কোন কথাদ্বারা হইবে না ইতি।

[Within what period a creditor may call upon a legatee to refund.]

CCCXXI. A creditor who has not received payment of his debt may, within two years after the death of the testator, or one year after the legacy has been paid, call upon a legatee who has received payment of his legacy to refund, whether the assets of the testator's estate were or were not sufficient, at the time of his death, to pay both debts and legacies, and whether the payment of the legacy by the executor was voluntary or not.

[যে সময়ের মধ্যে উত্তমর্ণ চরমদানের পাত্রের নামে প্রত্যর্পণের জন্যে দাওয়া করিতে পারিবেন তাহার কথা।]

৩২১ ধারা। যে উত্তমর্ণ আপন পাওনা ঋণের শোধ পান নাই, তিনি চরমপত্রকারি ব্যক্তির মৃত্যু অবধি দুই বৎসরের মধ্যে কিম্বা চরমদানের বিষয় সমর্পণ অবধি এক বৎসরের মধ্যে চরমদানের বিষয় প্রাপ্ত কোন চরমদানপাত্রের নামে প্রত্যর্পণের দাওয়া করিতে পারিবেন। ইহাতে চরমপত্রকারি ব্যক্তির মৃত্যুকালে ঋণ ও চরমদান উভয়ের শোধার্থে প্রচুর সংস্থান থাকিলে কি না থাকিলে এবং অছি ইচ্ছাপূর্ব্বক কি অনিচ্ছাপূর্ব্বক চরমদানের বিষয় দিলে একি ফল হইবে ইতি।

[When a legatee who has not received payment or who has been compelled to refund under Section 321 cannot oblige one who has received payment in full to refund.]

CCCXXII. If the assets were sufficient to satisfy all the legacies at the time of the testator's death, a legatee who has not received payment of his legacy, or who has been compelled to refund under the last preceding Section, cannot oblige one who has received payment in full to refund, whether the legacy were paid to him with or without suit, although the assets have subsequently become deficient by the wasting of the executor.

[চরমদানের যে পাত্র চরমদানের বিষয় প্রাপ্ত হন নাই, কিম্বা ৩২১ ধারার বলে প্রত্যর্পণ করিতে বাধিত হইয়াছেন, তিনি যে স্থলে চরমদানের সমুদয় শোধ প্রাপ্ত কোন দানপাত্রকে প্রত্যর্পণ করাইতে না পারেন তাহার কথা।]

৩২২ ধারা। চরমপত্রকারির মৃত্যুর সময়ে সকল চরমদান শোধ করণে প্রচুর সংস্থান থাকিলেও যদি কোন চরমদানের পাত্র নিজ চরমদানের শোধ না পাইয়া থাকেন, কিম্বা ইহার অব্যবহিত পূর্ব্ব ধারার বলে প্রত্যর্পণ করিতে বাধিত হইয়া থাকেন, তবে পশ্চাৎ অছির অপব্যয়দ্বারা সংস্থান অপ্রচুর হইলেও উক্ত দানের পাত্র নিজ চরমদানের সম্পূর্ণ শোধ প্রাপ্ত অন্য চরমদানের পাত্রকে প্রত্যর্পণ করাইতে পারিবেন না। সেই দ্বিতীয় চরমদানের শোধ মোকদ্দমাক্রমে কি বিনা মোকদ্দমাতে করা গেলে একই ফল হইবে ইতি।

[When an unsatisfied legatee must first proceed against executor if solvent.]

CCCXXIII. If the assets were not sufficient to satisfy all the legacies at the time of the testator's death, a legatee who has not received payment of his legacy must before he can call on a satisfied legatee to refund, first proceed against the executor if he is solvent; but if the executor is insolvent or not liable to pay, the unsatisfied legatee can oblige each satisfied legatee to refund in proportion.

[অছি যোত্রবান হইলে প্রথমে তাঁহার নামে নালিশ করা যে স্থলে শোধে বঞ্চিত চরমদানপাত্রের কর্ত্তব্য, তাহার কথা।]

৩২৩ ধারা। চরমপত্রকারির মৃত্যুর সময়ে সমুদয় চরমদানের শোধার্থে প্রচুর সংস্থান না থাকিলে যদি কোন চরমদানের পাত্র নিজ চরমদানের শোধ না পাইয়া থাকেন, তবে অছি যোত্রবান হইলে অগ্রে তাঁহার নামে তাঁহাকে নালিশ করিতে হইবে। তাহা না করিয়া শোধপ্রাপ্ত কোন চরমদানের পাত্রের নামে দাওয়া করিতে পারিবেন না। কিন্তু অছি যোত্রহীন হইলে কিম্বা শোধ করিতে দায়ী না হইলে শোধে বঞ্চিত ঐ চরমদানের পাত্র শোধ প্রাপ্ত প্রত্যেক দানপাত্রকে হারানুসারে প্রত্যর্পণ করাইতে পারিবেন ইতি।

[Limit to the refunding of one legatee to another.]

CCCXXIV. The refunding of one legatee to another shall not exceed the sum by which the satisfied legacy ought to have been reduced if the estate had been properly administered.

*Illustration.*

A has bequeathed 240 Rupees to B, 480 Rupees to C, and 720 Rupees to D. The assets are only 1,200 Rupees, and if properly administered would give 200 Rupees to B, 400 Rupees to C, and 600 Rupees to D. C and D have been paid their legacies in full, leaving nothing to B. B can oblige C to refund 80 Rupees, and D to refund 120 Rupees.

[এক জন দানপাত্রের নিকটে অন্য জনের প্রত্যর্পণীয় টাকার সীমার কথা।]

৩২৪ ধারা। সম্পদের উচিত নির্ব্বাহ করা গেলে শোধিত চরমদান যত টাকাতে ন্যূন করিতে হইত, তদপেক্ষা অধিক টাকা এক চরমদানের পাত্র অন্য চরমদানের পাত্রের নিকটে প্রত্যর্পণ করিতে বাধিত হইবেন না।

উদাহরণ।

এবিয়ট চরমবিধানদ্বারা বেঞ্জামিনকে ২৪০৲ টাকা, ও চার্লসকে ৪৮০৲ টাকা, ও ডেবিডকে ৭২০৲ টাকা দেন। সংস্থান কেবল ১২০০৲ টাকা। তাহার উচিত নির্ব্বাহ করা গেলে বেঞ্জামিন ২০০৲ টাকা, ও চার্লস ৪০০৲ টাকা, ও ডেবিড ৬০০৲ টাকা পাইতেন। কিন্তু চার্লস ও ডেবিড আপন২ চরমদানের সম্পূর্ণ শোধ পাইয়াছেন, সুতরাং বেঞ্জামিনের জন্যে কিছুই অবশিষ্ট রহিল না। ইহাতে বেঞ্জামিন চার্লসকে ৮০৲ টাকা ও ডেবিডকে ১২০৲ টাকা প্রত্যর্পণ করাইতে পারেন ইতি।

[Refunding to be without interest.]

CCCXXV. The refunding shall in all cases be without interest.

[প্রত্যর্পণ বিনাসুদে হইবে ইহার কথা।]

৩২৫ ধারা। প্রত্যর্পণ করিতে গেলে সর্ব্বদা বিনা সুদে প্রত্যর্পণ করিতে হইবে ইতি।

[Residue of the deceased's property after usual payments to be paid to residuary legatee.]

CCCXXVI. The surplus or residue of the deceased's property after payment of debts and legacies shall be paid to the residuary legatee when any has been appointed by the Will.

[ঋণাদির উচিত শোধ হইলে পর শেষ সম্পদের দানপাত্রকে মৃত ব্যক্তির শেষ সম্পত্তি দিতে হইবে ইহার কথা।]

৩২৬ ধারা। সকল ঋণ ও চরমদানের শোধ হইলে পর মৃত ব্যক্তির সম্পত্তির শেষ কি বাকী যাহা থাকে তাহা চরমপত্রে শেষ সম্পদের দানপাত্র বলিয়া কোন ব্যক্তি নির্দ্দিষ্ট থাকিলে সেই ব্যক্তির হস্তে সমর্পণ করিতে হইবে ইতি।

## Part XL.

### *Of the Liability of an Executor or Administrator for Devastation.*

[Liability of executor or administrator for devastation.]

CCCXXVII. When an executor or administrator misapplies the estate of the deceased, or subjects it to loss or damage, he is liable to make good the loss or damage so occasioned.

*Illustrations.*

(*a*) The executor pays out of the estate an unfounded claim. He is liable to make good the loss.

## চত্বারিংশ খণ্ড।

### অছির কি ধনাধ্যক্ষের অপচয় জন্য দায়ের কথা।

[অছির কি ধনাধ্যক্ষের অপচয়জন্য দায়ের কথা।]

৩২৭ ধারা। কোন অছি কি ধনাধ্যক্ষ যদি মৃত ব্যক্তির সম্পদের অনুপযুক্ত প্রয়োগ করেন, কিম্বা তাহার হানি কি ক্ষতি জন্মান, তবে তিনি তজ্জনিত হানি কি ক্ষতি পূর্ণ করিবার দায়ী হইবেন।

উদাহরণ।

(ক) তিনি অমূলক কোন দাওয়া সম্পদহইতে শোধ করেন। তজ্জন্য হানি পূর্ণ করা তাঁহার কর্ত্তব্য।

(b) The deceased had a valuable lease renewable by notice, which the executor neglects to give at the proper time. The executor is liable to make good the loss.

(c) The deceased had a lease of less value than the rent payable for it, but terminable on notice at a particular time. The executor neglects to give the notice. He is liable to make good the loss.

[For neglect to get in any part of the deceased's property.]

CCCXXVIII. When an executor or administrator occasions a loss to the estate by neglecting to get in any part of the property of the deceased, he is liable to make good the amount.

*Illustrations.*

(a) The executor absolutely releases a debt due to the deceased from a solvent person, or compounds with a debtor who is able to pay in full. The executor is liable to make good the amount.

(b) The executor neglects to sue for a debt till the debtor is able to plead the Act for the limitation of suits, and the debt is thereby lost to the estate. The executor is liable to make good the amount.

## PART XLI.

### *Miscellaneous.*

[Stamps and fees on instruments mentioned in this Act.]

CCCXXIX. For every instrument or writing of any of the kinds specified in the Schedule to this Act, and which shall be made or executed after the commencement of this Act, there shall be payable to Government a Stamp duty or fee of the amount indicated in the said Schedule.

[Saving of rights, duties, and privileges of Administrator-General.]

CCCXXX. Nothing contained in this Act shall be deemed or taken to supersede or affect the rights, duties, and privileges of the Administrators-General and Officiating Administrators-General of Bengal, Madras and Bombay, respectively, under or by virtue of Act VIII of 1855, (*to amend the Law relating to the office and duties of Administrator-General,*) Act XXVI of 1860, (*to amend Act VIII of* 1855.) The Regimental Debts Act, 1863, and the Administrator-General's Act, 1865; and it shall be the duty of the Magistrate or other Chief Officer charged with the executive administration of a district or place in criminal matters whenever any person to whom the provisions of this Act shall

(খ) মৃত ব্যক্তির মূল্যবান্ এক ইজারা ছিল, সংবাদ দিলেই তাহা পুনরায় পাইবার নিয়ম ছিল। অছি উপযুক্ত সময়ে সেই সংবাদ দিতে ত্রুটি করেন। তজ্জন্য হানি পূর্ণ করা সেই অছির কর্ত্তব্য।

(গ) যে ইজারাতে খাজানা অপেক্ষা ন্যূন উপস্বত্ব হয়, মৃত ব্যক্তির এমত এক ইজারা ছিল, কিন্তু বিশেষ সময়ে সংবাদ দিলে তাহার অবসান হইবার নিয়ম ছিল। অছি সংবাদ দিতে ত্রুটি করেন। তজ্জন্য হানি পূর্ণ করা তাঁহার কর্ত্তব্য ইতি।

[মৃত ব্যক্তির সম্পত্তির কোন অংশ সংগ্রহ করিতে ত্রুটি করাতে যে দায় হয় তাহার কথা।]

৩২৮ ধারা। মৃত ব্যক্তির সম্পত্তির কোন অংশ সংগ্রহ করিতে ত্রুটি করাতে যদি অছির কি ধনাধ্যক্ষের দোষে সম্পদের কোন ক্ষতি হয়, তবে তিনি সেই ক্ষতি পূর্ণ করিবার দায়ী হইবেন ইতি।

উদাহরণ।

(ক) যোত্রবান্ কোন ব্যক্তির নিকটে যে ঋণ মৃত ব্যক্তির পাওনা ছিল, অছি তাহাহইতে সেই ঋণিকে একেবারে মুক্ত করেন, কিম্বা যে অধমর্ণ সমুদয় ঋণ পরিশোধ করিতে পারেন তাঁহার পক্ষে দাওয়ার কোন অংশ ত্যাগ করেন। অছি সেই ক্ষতি পূর্ণ করিবার দায়ী হন।

(খ) অছি শৈথিল্য করিয়া কোন ঋণ আদায়ার্থে মোকদ্দমা করিতে এত বিলম্ব করেন যে উত্তমর্ণ মোকদ্দমার কালের সীমানিরূপক আইনের উপর নির্ভর করিয়া ঋণ না দিবার হেতু দেখাইতে পারেন, তাহাতে সেই দাওয়া লুপ্ত হওয়াতে সম্পদের ক্ষতি হয়। অছি সেই ক্ষতি পূর্ণ করিবার দায়ী হন ইতি।

## একচত্বারিংশ খণ্ড।

### বিবিধ কথা।

[এই আইনে উল্লিখিত নিদর্শনপত্রাদিতে ইষ্টাম্প ও ফী লাগিবার কথা।]

৩২৯ ধারা। এই আইনে সংযুক্ত তফসীলে নির্দ্দিষ্ট কোন প্রকারের যে প্রত্যেক নিদর্শনপত্রে কি লিপিতে এই আইনের প্রবলতার আরম্ভকালের পরে দস্তখৎ করা যাইবে, তাহার উপর ঐ তফসীলে নির্দ্দিষ্ট মূল্যের ইষ্টাম্প মাসুল কি ফী গবর্ণমেণ্টকে দিতে হইবে ইতি।

[আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের স্বত্ব ও কর্ত্তব্য কর্ম্ম ও বিশেষ অধিকার রক্ষা পাইবার কথা।]

৩৩০ ধারা। ১৮৫৫ সালের ৮ আইনের (অর্থাৎ আডমিনিষ্ট্রেটর জেনরলের পদ ও কর্ম্মের বিষয়ি আইন সংশোধনের আইনের) ও ১৮৬০ সালের ২৬ আইনের (অর্থাৎ ১৮৫৫ সালের ৮ আইন সংশোধন করিবার আইনের) ও ১৮৬৩ সালের পল্টন সম্পর্কীয় ঋণবিষয়ক আইনের ও ১৮৬৫ সালের আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেব বিষয়ক আইনের বলে, বঙ্গদেশের কি মান্দ্রাজের কি বোম্বাইয়ের আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের কি একটিং আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবের যে স্বত্ব ও কর্ত্তব্য কর্ম্ম ও বিশেষ অধিকার আছে, তাহা এই আইনের কোন কথাদ্বারা যে রহিত হইল কি হ্রাস পাইল এমত অনুমান কি জ্ঞান করিতে হইবে না। কোন জিলাতে কি স্থানে ফৌজদারী রাজকার্য্য নির্ব্বাহ করণের ভার যে মাজিষ্ট্রেট সাহেবের কি অন্য প্রধান কার্য্যকারকের প্রতি বর্ত্তে, তাঁহার উচিত যে তাঁহার

apply shall die within the limits of his jurisdiction, to report the circumstances without delay to the Administrator-General of the Province, retaining the property under his charge until letters of administration shall have been obtained by that Officer or by some other person, when the property is to be delivered over to the person obtaining such letters, or who may obtain probate of the Will (if any) of the deceased.

[Succession to property of Hindus, Muhammadans or Buddhists, and certain Wills, intestacies, and marriages not affected by this Act.]

CCCXXXI. The provisions of this Act shall not apply to Intestate or Testamentary succession to the property of any Hindu, Muhammadan or Buddhist; nor shall they apply to any Will made, or any intestacy occurring before the first day of January 1866. The fourth Section shall not apply to any marriage contracted before the same day.

[Power of Governor General to exempt any race, sect, or tribe in British India from the operation of this Act.]

CCCXXXII. The Governor General of India in Council shall from time to time have power, by an order, either retrospectively from the passing of this Act, or prospectively, to exempt from the operation of the whole or any part of this Act the members of any race, sect, or tribe in British India, or any part of such race, sect, or tribe to whom he may consider it impossible or inexpedient to apply the provisions of this Act, or of the part of the Act mentioned in the order. The Governor General of India in Council shall also have power from time to time to revoke such order, but not so that the revocation shall have any retrospective effect. All orders and revocations made under this Section shall be published in the *Gazette of India.*

SCHEDULE.

STAMPS.

| | Stamps. |
|---|---|
| Petition for probate or letters of administration where the value of the estate exceeds Rs. 500 ... | Rs. 10 0 0 |
| Ditto where the value of the estate is less than Rs. 500 ... | Re. 1 0 0 |

বিচারাধিপত্যের সীমার মধ্যে যখন এই আইনের বিধানের অধীন কোন ব্যক্তির মৃত্যু হয়, তখন তিনি অবিলম্বে সেই প্রদেশের আডমিনিষ্ট্রেটর জেনরল সাহেবকে সেই মৃত্যুর সংবাদ দেন, ও যাবৎ উক্ত কার্য্যকারক কি অন্য কোন ব্যক্তি ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র না পান তাবৎ সেই মৃত ব্যক্তির সম্পত্তি আপনার রক্ষণে রাখেন, পরে যে ব্যক্তি ঐ ক্ষমতাপত্র পান, অথবা মৃত ব্যক্তির চরমপত্র থাকিলে যে ব্যক্তি তাহার প্রবেট পান, তাঁহার হস্তে ঐ সম্পত্তি সমর্পণ করেন ইতি।

[হিন্দু ও মহম্মদি ও বৌদ্ধ লোকদের সম্পত্তির উত্তরাধিকারিত্বের সহিত এবং বিশেষ২ চরমপত্রের ও চরমপত্রাভাবঘটিত স্থলের ও বিবাহের সহিত এই আইনের কোন সম্পর্ক নাই ইহার কথা।]

৩৩১ ধারা। কোন হিন্দু কি মহম্মদি কি বৌদ্ধ লোকের সম্পত্তির চরমপত্রাভাবঘটিত কি চরমপত্রসিদ্ধ উত্তরাধিকারিত্বের প্রতি, কি ১৮৬৬ সালের জানুআরি মাসের ১ তারিখের পূর্ব্বে যে চরমপত্র করা যায় কিম্বা চরমপত্রাভাবের যে স্থল হয়, তাহার প্রতি এই আইনের বিধান বর্ত্তিবে না। এবং উক্ত তারিখের পূর্ব্বে যে কোন বিবাহ সাধন হয় তাহার প্রতি চতুর্থ ধারার বিধান বর্ত্তিবে না ইতি।

[এই আইনের প্রবলতাহইতে ব্রিটনীয় ভারতবর্ষের বিশেষ কোন জাতি কি ধর্ম্মমত কি সম্প্রদায়ভুক্ত লোকদিগকে মুক্ত করিবার ক্ষমতা শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের থাকিবে ইহার কথা।]

৩৩২ ধারা। মন্ত্রিসভাগত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই ক্ষমতা থাকিবে যে তিনি সময়ে২ যখন ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যবর্ত্তি বিশেষ কোন জাতি কি ধর্ম্মমত কি সম্প্রদায়ভুক্ত সমুদয় লোকদিগকে, কিম্বা উক্ত জাতির কি ধর্ম্মমতের কি সম্প্রদায়ের বিশেষ কোন অংশের লোকদিগকে এই আইনের, কি আপন আজ্ঞাতে নিরূপণীয় তাহার বিশেষ কোন অংশের বিধানের অধীন করা অসাধ্য কি অবিহিত জ্ঞান করিবেন, তখন আজ্ঞা প্রকাশ করণদ্বারা উক্ত লোকদিগকে অতীত কালাপেক্ষিরূপে অর্থাৎ এই আইনের প্রচার অবধি, অথবা ভাবি কালাপেক্ষিরূপে এই আইনের সকল কি বিশেষ কোন অংশের প্রবলতাহইতে মুক্ত করিতে পারিবেন। মন্ত্রিসভাগত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই ক্ষমতা থাকিবে যে তিনি সময়ে২ উক্ত প্রকারের আজ্ঞা রহিত করিতে পারিবেন, কিন্তু সেই রহিত করিবার বল অতীতকালাপেক্ষী হইবে না। এই ধারামতে কোন আজ্ঞা প্রণীত করিলে কি রহিত করিলে ইণ্ডিয়া গেজেটে তাহা প্রকাশ করিতে হইবে ইতি।

তফসীল।

ষ্টাম্প।

| | টাকা। |
|---|---|
| প্রবেট কি ধনাধ্যক্ষতার ক্ষমতাপত্র পাইবার প্রার্থনাপত্রের উপর, সম্পদের মূল্য পাঁচ শত টাকার অধিক হইলে ... |  ১০ |
| ঐ ঐ সম্পদের মূল্য পাঁচ শত টাকার ন্যূন হইলে ... | ১ |

| | Stamps. | | |
|---|---|---|---|
| Probate or letters of administration Rs. | 8 | 0 | 0 |
| Caveat ... ... ... „ | 4 | 0 | 0 |
| Citation ... ... ... Re. | 1 | 0 | 0 |
| All petitions other than those above mentioned ... ... „ | 1 | 0 | 0 |
| Inventory ... ... „ | 1 | 0 | 0 |
| Administration Bond... ... Rs. | 8 | 0 | 0 |

FEE.

| | | | |
|---|---|---|---|
| Translations by the Court Translator or by order of the Court, per folio of ninety words ... Rs. | 2 | 0 | 0 |

WHITLEY STOKES,

*Offg. Asst. Secy. to the Govt. of India, Home Dept., (Legislative.)*

| | টাকা |
|---|---|
| প্রবেটের উপর কি ধনাধ্যক্ষতার ক্ষমতা-পত্রের উপর ... | ৮৲ |
| কেবিয়ট অর্থাৎ নিবারক পত্রের উপর ... | ৪৲ |
| তলবচিঠীর উপর ... | ১৲ |
| পূর্ব্বোক্ত প্রকার ভিন্ন অন্য কোন প্রকারের প্রার্থনাপত্রের উপর ... | ১৲ |
| সম্পত্তির তালিকার বা ফর্দ্দের উপর ... | ১৲ |
| ধনাধ্যক্ষতা বিষয়ক একরারনামার উপর ... | ৮৲ |

ফী।

| | |
|---|---|
| আদালতের অনুবাদকদ্বারা কি আদালতের আজ্ঞাক্রমে অনুবাদ করা গেলে নব্বই শব্দসম্বলিত পৃষ্ঠার প্রতি ... | ২৲ |

উইটলি ষ্টোকস।

হোম (অথচ ব্যবস্থাপক) ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটারী।

J. WENGER, *Offg. Bengalee Translator.*

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত তামস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 4, 1865.

মঙ্গলবার ১৮৬৫ সাল ৪ জুলাই।

## CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

MAY 1865.

**LAND REVENUE.**

No. 1.

THE Board of Revenue have reason to suppose that there is some misapprehension as to the available supply of their Circular Orders.

The Board are quite willing to furnish to District and Sub-Divisional Revenue Officers, as many copies of their Circular Orders, and of the High Court Rulings, as they and their subordinates require for official use.

No. 2.

To the foot note at page 607 of Hume's Manual add—

"Except in the Districts of the Patna Division, where cloth may be used."

No. 3.

THE following addition is to be made to the Miscellaneous Treasury Rules, Article III, Clause 1:—

", or in exchange for Currency Notes of the same circle of issue, but of different values."

## বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৬৫ সাল মে মাস।

ভূমির রাজস্ব।

১ নম্বর।

রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডরের কত প্রতিলিপি পাওয়া যাইতে পারে তদ্বিষয়ে অনেকের অনুমান ভ্রমমূলক, বোর্ড এমত সন্দেহ করিবার কারণ পাইয়াছেন।

জিলার ও জিলাখণ্ডের রাজস্বের কর্ম্মকারকদিগের রাজকীয় কার্য্যার্থ যত খান সরক্যুলর অর্ডর ও হাই কোর্টের নিষ্পত্তির প্রয়োজন, বোর্ড তত খান তাঁহাদের নিকটে পাঠাইতে প্রস্তুত আছেন।

২ নম্বর।

হিউম সাহেবের পুস্তকের ৬০৭ পৃষ্ঠার নিম্নভাগের মন্তব্য কথায় এই২ কথা যোগ করিতে হইবে, অর্থাৎ—

"পাটনা এলাকার সকল জিলা উহার বর্জ্জিত স্থল, সেই২ স্থানে কাপড় ব্যবহার হইতে পারিবে।"

৩ নম্বর।

খাজানাখানা বিষয়ক বিবিধ বিধির ৩ প্রকরণের ১ দফায় পশ্চাৎ লিখিত কথা যোগ করিতে হইবে, অর্থাৎ—

"কিম্বা জারীকরিবার সেই চক্রের কিন্তু অন্য মূল্যের মুদ্রাবৎ চলিত নোটের বিনিময়ে।"

2. The exchange of notes thus authorized, will not, of course, affect the balances shown in columns (*h*) and (*i*), but only those shown in the columns (*b*) to (*g*), opposite to Heading 13 of the Board's Return No. XVII.

3. Whenever discrepancies, not otherwise accounted for, appear in the balances of these columns, but not in the balances of columns (*h*) and (*i*), the Board will assume that the cause is the exchange of Notes.

4. No. 1 Notes must never be exchanged for General Notes, nor *vice versâ.*

---

No. 4.

In modification of paragraph 3, Circular Order No. 8 of August 1864, the Government of Bengal has resolved that the third Officer on the staff of each Sub-Divisional Officer who has both revenue and magisterial duties, shall henceforth be styled "Nazir," and receive from the "Process Fund" an addition of five Rupees to his monthly pay, which will thus be raised to twenty Rupees. The allowance may be made from the 1st June.

2. Bakshis are likewise authorized to be employed at each Sub-Division and at the Head-Quarters of a District, but only *upon the authority of the Commissioner of the Division, and when there are funds to credit of the* "Process Fund" of the District.

3. If the retention of Bakshis, already appointed under the 3rd paragraph of Circular Order No. 8 of August 1864, is considered indispensable, notwithstanding the addition now made to the pay of Sub-Divisional Nazirs, immediate application should be made to the Commissioner.

4. The following additions and alterations are to be made in the Board's Rules:—

Miscellaneous Rule XXII. 9. V for "a ditto" 15 substitute—

A Nazir ... ... 15 and 5 Rupees additional from the "Process Fund."

And for the second "a ditto,"

A Clerk or Mohurir ... ...

Rent Law Rule XXIX, insert—

4A. Bakshis may be appointed at Head-Quarters, and at each Sub-Divison, *upon the authority of the Commissioner of the Division*, when there are sufficient funds at the credit of the "Process Fund" in the District to bear the charge.

4B. *(See Paragraph 6, Circular Order 7 of August 1864.)* Badges may be supplied to the

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ৪ জুলাই।]

২। নোটের এই যে বিনিময় অনুমোদিত হইল, তদ্দ্বারা বোর্ডের ১৭ নং রিটর্ণের ১৩ শিরোভাগের পার্শ্বস্থ (*h*) ও (*i*) চিহ্নিত এই দুই ঘরে প্রকাশিত বাকীর অন্যথা হইবে না, কেবল (*b*) অবধি (*g*) পর্য্যন্ত এই কএক ঘরের বাকী অন্যথা হইবে।

৩। (*h*) ও (*i*) চিহ্নিত দুই ঘরের বাকীতে নয়, কিন্তু পূর্ব্বোক্ত কএক ঘরের বাকীতে বৈলক্ষণ্য প্রকাশ পাইলে যদি অন্য প্রকারে তাহার কারণের ব্যাখ্যা না করা যায়, তবে নোটের বিনিময় যে সেই কারণ হইবে, বোর্ড এমত অনুমান করিবেন।

৪। ১ নম্বরের নোটের বিনিময়ে কখন সাধারণ নোট লইতে কি দিতে হইবে না।

---

৪ নম্বর।

১৮৬৪ সালের আগষ্ট মাসের ৮ নং সরক্যুলর অর্ডরের ৩ প্রকরণের সংশোধন পূর্ব্বক বঙ্গদেশের গবর্ণমেণ্ট ইহা স্থির করিয়াছেন যে রাজস্ব সম্পর্কীয় ও মাজিষ্ট্রেটের যোগ্য উভয় প্রকারের কর্ম্মে নিযুক্ত জিলাখণ্ডের প্রত্যেক কার্য্যকারকের অধীন তৃতীয় কর্ম্মচারী অদ্যাবধি নাজীর বলিয়া খ্যাত হইবেন, ও হুকুমনামার ফণ্ডহইতে প্রতি মাসে বেতনের অতিরিক্ত ৫৲ পাঁচ টাকা, সুতরাং সর্ব্বশুদ্ধ ২০৲ টাকা বেতন পাইবেন। এই টাকা জুন মাসের ১ তারিখ অবধি দেওয়া যাইতে পারিবে।

২। প্রত্যেক জিলাখণ্ডে এবং জিলার সদর স্থানে বক্সীদিগকেও নিযুক্ত করিবার অনুমতি হইতে পারে, কিন্তু ইহার নিমিত্তে নিতান্ত আবশ্যক যে এলাকার কমিস্যনর সাহেব তাহাতে সম্মতি দেন, ও সেই জিলার হুকুমনামার ফণ্ডে টাকা জমা থাকে।

৩। ১৮৬৪ সালের ৮ নম্বর সরক্যুলর অর্ডরের ৩ প্রকরণমতে ইহার পূর্ব্বে বক্সীরা নিযুক্ত হইলে যদি জিলাখণ্ডের নাজীরের বেতন উক্ত প্রকারে বৃদ্ধি পাইলেও সেই বক্সীদিগকে রাখা নিতান্ত আবশ্যক বোধ হয়, তবে কমিস্যনর সাহেবের নিকটে অবিলম্বে সেই মর্ম্মের প্রার্থনা করিতে হইবে।

৪। বোর্ডের বিধিতে পশ্চাৎ লিখিত কথা যোগ কি পরিবর্ত্তন করিতে হইবে।

বিবিধ বিধির ২২ বিধির ৯ প্রকরণের ৫ দফাতে "এক ঐ ... ১৫" এই কথার পরিবর্ত্তে ইহা লিখিতে হইবে, অর্থাৎ—

"এক জন নাজীর........ ১৫৲, ও হুকুমনামার ফণ্ডহইতে অতিরিক্ত ৫৲ টাকা।"

এবং দ্বিতীয় বারের "এক ঐ"র পরিবর্ত্তে ইহা লিখিতে হইবে, অর্থাৎ—

"এক জন লেখক কি মোহরির"...

এবং খাজানার আইন বিষয়ক ২৯ বিধিতে পশ্চাৎ লিখিত দুই বিধি যোগ করিতে হইবে, অর্থাৎ—

"৪ A। জিলা সম্পর্কীয় হুকুমনামার ফণ্ডে যদি সেই খরচ পোষণার্থে প্রচুর টাকা জমা থাকে, তবে এলাকার কমিস্যনর সাহেবের অনুমতিক্রমে সদর স্থানে ও প্রত্যেক জিলাখণ্ডে বক্সীরা নিযুক্ত হইতে পারিবে।

"৪ B। (১৮৬৪ সালের আগষ্ট মাসের ৭ নং সরক্যুলর অর্ডরের ৬ প্রকরণ দেখ) আবশ্যক হইলে পে-

Peons when necessary, the expense being charged to the "PROCESS FUND."

য়াদাদিগকে চাপরাস দেওয়া যাইতে পারে। তাহার খরচ হুকুমনামার ফণ্ডের হিসাবে খরচ লিখিতে হইবে।"

---

No. 5.

ADD to Miscellaneous Rule LII.

2. By Government Order No. 2002, dated 23rd May 1865, Commissioners are authorized to pass, in Collector's Contingent Bills, the charge for a punkah-puller for each Deputy Collector, from the 15th March to the 15th October.

৫ নম্বর।

বিবিধ বিধির ৫২ বিধিতে এই কথা যোগ করিতে হইবে, অর্থাৎ—

"২। গবর্ণমেণ্টের প্রচারিত ১৮৬৫ সালের ২৩ মে তারিখের ২০০২ নং অর্ডরদ্বারা কমিসানর সাহেবদিগকে এই ক্ষমতা দেওয়া গিয়াছে যে কালেক্টর সাহেবদের নৈমিত্তিক বিলে তাঁহারা প্রত্যেক ডেপুটী কালেক্টরের জন্যে ১৫ মার্চ অবধি ১৫ অক্টোবর পর্য্যন্ত এক জন পাখাওয়ালাকে নিযুক্ত করণার্থ ব্যয়ের অনুমোদন করিতে পারেন।"

---

No. 6.

THE Annual Reports of the Revenue Department were not ready last year as early as the Board could wish. The Board earnestly invite the co-operation of District and Divisional Officers, to enable them to submit the Reports for 1864-65 in good time.

2. This may easily be done if District Officers will only give an intelligent attention, in the first instance, to the preparation of the Returns. Nine-tenths of the delay occurs for want of their indispensable supervision; and delay invariably means extra trouble to all concerned.

3. It will be the duty of the Board of Revenue to report specially to Government the name of any officer who neglects his duty in this respect. The importance of local Returns, as bearing upon the whole administration, has now been repeatedly pointed out. Officers are once more entreated to remember that a single erroneous Return may keep back the whole statistics of the Province.

৬ নম্বর।

রেবিনিউ ডিপার্টমেণ্টের বার্ষিক রিপোর্ট সকল বোর্ড যত শীঘ্র ইচ্ছা করিয়াছিলেন, গত বৎসরে তত শীঘ্র প্রস্তুত হয় নাই। বোর্ড যেন ১৮৬৪। ৬৫ সালের রিপোর্ট সকল উপযুক্ত সময়ে পাঠাইতে পারেন, তন্নিমিত্তে জিলা ও জিলাখণ্ডের কার্য্যকারকদের সাহায্য অতি প্রয়োজনীয়, অতএব তাঁহারা সাহায্য করিলে বোর্ডকে বড় বাধিত করিবেন।

২। উক্ত সাহায্য করা দুঃসাধ্য নয়। জিলার কার্য্যকারকেরা প্রথমে বিবেচনা পূর্ব্বক রিটর্ণ প্রস্তুত করণ কর্ম্মের তত্ত্বাবধারণ করিলে তাহা অনায়াসে হইতে পারে। যে বিলম্ব হয় তাহার কারণ প্রায় সর্ব্বদা এই যে উক্ত প্রয়োজনীয় তত্ত্বাবধারণ হয় নাই। বিলম্ব হওয়াতে কার্য্য সম্পর্কীয় সকলের অতিরিক্ত ক্লেশ হয়।

৩। যে কোন কার্য্যকারক এই বিষয়ে আপনার কর্ত্তব্য কর্ম্মে শৈথিল্য প্রকাশ করেন, তাঁহার বিষয়ে গবর্ণমেণ্টের নিকটে বিশেষ রিপোর্ট করা রেবিনিউ বোর্ডের আবশ্যক হইবে। সমুদয় রাজকার্য্য নির্ব্বাহের সুবিধার্থে স্থানীয় রিটর্ণ যে কেমন ফলদায়ক তাহা বারং জ্ঞাত করা গিয়াছে। এক রিটর্ণে ভুল থাকিলে সমুদয় প্রদেশবিষয়ক সংখ্যাসম্বলিত বৃত্তান্ত প্রস্তুত হইবার বিলম্ব সম্ভবে, ইহা কার্য্যকারকেরা অনুগ্রহ করিয়া স্মরণ করিবেন, পুনরায় এই নিবেদন করা গেল।

---

No. 7.

UPON receipt of this order, each Sub-Divisional Officer is to make a specific report to the District Officer, certifying that the following four Tables are duly suspended in each Revenue Court at the Sub-Division.

I. The TABLE OF PROCESS FEES prescribed by Section VII, Act V. of 1863, B. C., and distributed by the Board of Revenue in accordance with the promise made in paragraph 8, Circular Order 7 of August.

II. The "TABLE OF DISTANCES," as approved by the Commissioners, prescribed by Rent Law Rule XXIX. 9. 7th.

[*Government Gazette*, 4*th July* 1865.]

৭ নম্বর।

এই অর্ডর পাইবামাত্র জিলাখণ্ডের কার্য্যকারকেরা প্রত্যেকে স্বং জিলার কার্য্যকারকের নিকটে বিশেষ এক রিপোর্ট করিয়া এই সাক্ষ্য দিবেন যে জিলাখণ্ডের অন্তর্গত রাজস্ব সম্পর্কীয় প্রত্যেক কাছারীতে পশ্চাৎ উল্লিখিত চারিখানি তালিকা উচিত মত লটকান আছে।

(১) বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬৩ সালের ৫ আইনের ৭ ধারাতে নির্দ্দিষ্ট হুকুমনামার খরচের তালিকা। গত আগষ্ট মাসের ৭ নম্বর সরকুলর অর্ডরের ৮ দফাতে যেমন প্রতিশ্রুত হইয়াছিল তেমন রেবিনিউ বোর্ড ইহা পাঠাইয়াছেন।

(২) খাজানার আইন বিষয়ক ২৯ বিধির ৯ প্রকরণের ৭ দফাতে নির্দ্দিষ্ট স্থানবিশেষের দূরত্বের তালিকা। এই তালিকা যে কমিসানর সাহেবের দ্বারা অনুমোদিত হয় ইহা আবশ্যক।

III. The RULES FOR TAKING EVIDENCE, &c., as furnished by the Board, the suspension of which in each Court is prescribed by Rent Law Rule V. 19.

IV. The Board's LIST OF PERIODICAL RETURNS as required by Periodical Return Rule I.

2. As soon as the District Officer has received the Sub-Divisional Reports, he will make a report to the Commissioner, certifying that these four Tables are duly suspended in each Revenue Court in his District.

3. And as soon as the Commissioner has received all the District Reports, he will make a similar Return to the Board in regard to all the Revenue Courts in his Division.

---

No. 8.

COLLECTORS and Commissioners are requested to notice specially, in their forthcoming Annual Reports, the working of the Rules for the Service of Processes contained in the Board's Rent Law Rule XXIX.

It should be particularly stated, whether the rates of fees prescribed by clause 9 are found oppressive, or the contrary; and whether they press more or less severely upon parties than the former rates.

---

No. 9.

THE following addition is to be made to the Periodical Return Rules:—

32A. Commissioners should carefully test, by the entries in Columns 17 and 19, Table II, compared with those in col. 5-7 in Table I, the average number of journeys and the average distance travelled by each peon during the quarter. This will enable them to watch, as it is essential that they should do, the number of these men upon the staff in each District, and to order reductions wherever it may appear expedient to do so. Experience will show what ought to be the average distance travelled by a peon in the course of a month. At present the Board are inclined to think that if it is less than 180 miles, there is room for enquiry as to the possibility of reducing the staff.

---

No. 10.

THE following revised Rule is to be substituted for the present Rent Law Rule VII., which contains some important inaccuracies.

VII. Copy of any Judgment or its translation, or of any decree or order passed in any Revenue Court in any case in which the value of the claim (stated as required by Rule IV., Clause 5) does

(৩) প্রমাণ লওয়া প্রভৃতি বিষয়ক বিধির সংগ্রহ। বোর্ড এই সংগ্রহ পাঠাইয়াছেন, এবং খাজানার আইন বিষয়ক ৫ বিধির ১৯ প্রকরণের আদেশমতে প্রত্যেক কাছারীতে তাহা লটকান উচিত।

(৪) বোর্ডের প্রণীত সাময়িক রিটর্নের ফর্দ্দ। ইহা সাময়িক রিটর্নের প্রথম বিধিতে নির্দ্দিষ্ট।

২। জিলাখণ্ড বিষয়ক সকল রিপোর্ট পাইবামাত্র জিলার কার্য্যকারক কমিসানর সাহেবের নিকটে রিপোর্ট করিয়া এই সাক্ষ্য দিবেন, যে তাঁহার জিলার অন্তর্গত রাজস্ব সম্পর্কীয় প্রত্যেক কাছারীতে উক্ত চারি খানি তালিকা উচিত মতে লটকান আছে।

৩। এবং জিলা সকলের রিপোর্ট পাইবামাত্র কমিসানর সাহেব আপন এলাকার অন্তর্গত রাজস্ব সম্পর্কীয় সমুদয় কাছারীর বিষয়ে তদ্রূপ মর্ম্মের রিপোর্ট বোর্ডের নিকটে পাঠাইবেন।

---

৮ নম্বর।

কালেক্টর সাহেবেরা ও কমিসানর সাহেবেরা যেং বার্ষিক রিপোর্ট প্রস্তুত করিতেছেন, তাহাতে অনুগ্রহ করিয়া বোর্ডের প্রণীত খাজানার আইন বিষয়ক ২৯ বিধিতে হুকুমনামা জারী করিবার যে বিধি আছে সেই বিধির যেরূপ ফল দেখা যায় তাহার উল্লেখ করিবেন।

বিশেষতঃ উক্ত বিধির ৯ প্রকরণে ফী দিবার যে হার নির্দ্দিষ্ট আছে তাহা ক্লেশদায়ক বোধ হয় কি না, এবং পূর্ব্বকার হার অপেক্ষা তাহা লোকদের অধিক কি ন্যূন ক্লেশদায়ক ইহা প্রকাশ করিতে হইবে।

---

৯ নম্বর।

সাময়িক রিটর্ন বিষয়ক বিধিতে পশ্চাৎ লিখিত বিধি যোগ করিতে হইবে, অর্থাৎ —

৩২A। একং পেয়াদা মাসত্রয়ের মধ্যে গড়ে যত বার যাত্রা করে ও গড়ে যত দূর যায়, কমিসানর সাহেবেরা তাহা যত্ন পূর্ব্বক নিশ্চয় করিবার নিমিত্তে দ্বিতীয় টেবিলের ১৭ ও ১৯ ঘরের লিখিত কথা দেখিয়া প্রথম টেবিলের ৫ ও ৬ ও ৭ ঘরে লিখিত কথার সহিত মিলাইবেন। তাহা করিলে তাঁহাদের কর্ত্তব্য এক গুরুতর কর্ম্ম করা তাঁহাদের সাধ্য হইবে, অর্থাৎ তাঁহারা একং জিলাতে নিযুক্ত পেয়াদাদের সংখ্যা অবগত হইয়া যখন সেই সংখ্যা ন্যূন করা বিহিত বোধ হয়, তখন তাহা ন্যূন করিবার আজ্ঞা দিতে পারিবেন। একং পেয়াদার মাসের মধ্যে গড়ে যত মাইল গমন করা বিহিত তাহা পরীক্ষাদ্বারা প্রকাশ পাইবে। সম্প্রতি বোর্ডের এমত বোধ হয় যে একং পেয়াদা যদি ১৮০ মাইলের ন্যূন মাইল গমন করে, তবে পেয়াদাদিগের সংখ্যা ন্যূন করা যাইতে পারে কি না, ইহা জানিবার চেষ্টা করা অনুপযুক্ত হইবে না।

---

১০ নম্বর।

খাজানার আইন বিষয়ক সপ্তম বিধিতে এখন গুরুতর কোনং অশুদ্ধ কথা আছে, অতএব তৎপরিবর্ত্তে পশ্চাৎ লিখিত সংশোধিত বিধি দিতে হইবে।

৭। যে মোকদ্দমায় দাওয়ার মূল্য ৪ বিধির ৫ প্রকরণের আদেশমতে নিরূপিত হইলে পঞ্চাশ টাকার ন্যূন হয়, এমত মোকদ্দমা ক্রমে রাজস্ব সম্পর্কীয় কোন আদালতে প্রচারিত কোন নিষ্পত্তির কি

not amount to fifty Rupees, if taken out of the Court making the same, is not chargeable with stamp duty; if taken out of any other Court it is chargeable with 8 annas stamp duty. Copy of a *Judgment* or its translation, or of an *order, not being a decree*, in any suit in which the value of the claim amounts to fifty Rupees or more, is chargeable with 8 annas, and Copy of a *decree* in such a suit is chargeable with one Rupee stamp duty. *(See Articles 4 and 5, Schedule B, Act X. of 1862.)*

---

No. 11.

To the papers connected with "*Rent Suits*," ordered in the Board's Record Rules to be preserved in perpetuity. (See Hume's Manual, page 612), add:—

"All measurement papers accepted by the Court as correct."

---

No. 12.

In Miscellaneous Rule XLV. place an asterisk on "Ministerial Officers" and insert the following foot note.

Rules for the admission of Candidates for ministerial employment in Mofussil Offices, are subjoined to Government Circular Order to Commissioners, No. 3591, dated 19th May 1865.

---

EXCISE.

No. 13.

The Tables referred to in Excise Rule 95A. will be distributed in the course of June. District Officers are to report, in due course, to Commissioners that they have been received and are duly hung up and used at each Central Distillery in their Districts. Commissioners will make a similar report to the Board as soon as all the Reports of their Division are to hand.

---

No. 14.

Add to the Periodical Return Rules:—

25A. In like manner, no article must be entered in Tables I and II, as "consumed" or "expended," the duty on which has not been *actually credited* during the quarter. The *consumption* shown in these Tables of the Return must exactly correspond with the duty shown as collected. It follows that the entries of issues and receipts in Table IV. will not, as a matter of course, precisely agree with the corresponding entries in Table I.

তাহার অনুবাদের কিম্বা কোন ডিক্রীর কি আজ্ঞার প্রতিলিপি যদি তৎপ্রচারকারি আদালতহইতে লওয়া যায়, তবে তাহাতে ইষ্টাম্পের মাসুল লাগিবে না। যদি অন্য আদালতহইতে লওয়া যায়, তবে তাহাতে আট আনা ইষ্টাম্প মাসুল লাগিবে। যে মোকদ্দমায় দাওয়ার মূল্য পঞ্চাশ কি তদধিক টাকা হয়, তৎসম্পর্কীয় নিষ্পত্তির কি তাহার অনুবাদের কিম্বা ডিক্রীভিন্ন অন্য আজ্ঞার প্রতিলিপিতে আট আনা মাসুল লাগিবে ও তদ্রূপ মোকদ্দমাঘটিত ডিক্রীর প্রতিলিপিতে এক টাকা ইষ্টাম্প মাসুল লাগিবে। (১৮৬২ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ৪ ও ৫ প্রকরণ দেখ।)

---

১১ নম্বর।

বোর্ডের প্রণীত রিকার্ড বিষয়ক বিধির আদেশ মতে (হিউম সাহেবের পুস্তকের ৬১২ পৃষ্ঠা দেখ) খাজানা বিষয়ক মোকদ্দমা সম্পর্কীয় যে সকল কাগজপত্র নিত্য রাখিতে হয়, তাহাতে ইহা যোগ করিতে হইবে অর্থাৎ—

"জরীপ সম্পর্কীয় যে সকল কাগজপত্র শুদ্ধ বলিয়া আদালতে গ্রাহ্য হইয়াছে।"

---

১২ নম্বর।

বিবিধ বিধির ৪৫ বিধিতে "আমলা" এই শব্দের পরে তারার আকৃতি বিশিষ্ট চিহ্ন দিয়া পৃষ্ঠার নিম্নে এই মন্তব্য কথা যোগ করিতে হইবে, অর্থাৎ—

"মফঃসলের কার্য্যালয়ে আমলার পদাকাঙ্ক্ষি লোকদিগকে গ্রাহ্য করিবার যে বিধি তাহা গবর্ণমেণ্টকর্তৃক কমিসানর সাহেবদের প্রতি প্রেরিত ১৮৬৫ সালের ১৯ মে তারিখের ৩৫৯১ নম্বর সরকুলর অর্ডরের শেষে সংযুক্ত হইয়াছে।"

---

আবকারী।

১৩ নম্বর।

৯৫ A চিহ্নিত আবকারী বিষয়ক বিধিতে যেং টেবিলের উল্লেখ হয় তাহা জুন মাসের মধ্যে পাঠান যাইবে। জিলার কার্য্যকারকেরা উচিত কার্য্যক্রমে কমিসানর সাহেবের নিকটে এই মর্ম্মের রিপোর্ট করিবেন যে সেই টেবিল পাওয়া গিয়াছে ও আপনং জিলার অন্তর্গত প্রত্যেক সদর ভাটীখানায় উচিতমতে লটকান গিয়াছে ও ব্যবহার করা যাইতেছে। এলাকা সম্পর্কীয় সকল রিপোর্ট পাইবামাত্র কমিসানর সাহেবেরাও বোর্ডের নিকটে সেই প্রকারের রিপোর্ট করিবেন।

---

১৪ নম্বর।

সাময়িক রিটর্ণের বিধিতে এই বিধি যোগ করিতে হইবে, অর্থাৎ—

"২৫ A। সেই প্রকারে যাহার মাসুল সেই মাসত্রেয়র মধ্যে বাস্তবিক জমা লেখা যায় নাই, এমত কোন দ্রব্য খরচ কি ব্যয় হইয়াছে বলিয়া তাহার কথা ১ ও ২ টেবিলে লিখিতে হইবে না। রিটর্ণের উক্ত দুই টেবিলে যে খরচ প্রকাশ পায় তাহা আদায় হওয়া বলিয়া প্রকাশিত মাসুলের সহিত, ঠিক মিলিবে, সুতরাং খরচের ও জমার যে মোট চতুর্থ টেবিলে লেখা যায় তাহা ১ টেবিলের সেই মর্ম্মের কথার সহিত সর্ব্বদা ঠিক মিলিবে না।"

## INCOME TAX.

### No. 15.

Return No. XLIII. of the Board's printed List is not due until the 1st September, a note should be made upon the List accordingly.

### No. 16.

In Circular Order No. 14 of December 1864, for "under Schedule 4," *read* "under Schedules 3 and 4."

### No. 17.

The Income Tax Annual Returns should follow, as did those for 1863-64, the Income Tax year, which commences on the 1st August.

In their Preliminary Return No. XXX. for 1864-65, many officers have, however, erroneously included the operations of the months of May, June, and July 1864.

Where this mistake has been made, a Revised Return including only the nine months commencing 1st August 1864 and ending 30th April, should be *immediately* submitted.

## ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

### No. 4089.

### APPOINTMENTS.

*The 14th June 1865.*

Mr. F. W. R. Cowley, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-Division of Hajeepoor, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, described in Section XXII. of the Code of Criminal Procedure, (Act XXV. of 1861,) and the powers of a Deputy Collector, in Tirhoot. Mr. Cowley is further empowered, under Section XXXVIII. of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or by the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose.

Moulvy Zainooddeen Hossein, Deputy Magistrate and Deputy Collector of Patna, to have charge of the Sub-Division of Behar in that District.

Mr. H. Davies, Deputy Magistrate and Deputy Collector of Tirhoot, to have charge of the Sub-Division of T[illegible]

## ইনকম টাকস।

### ১৫ নম্বর।

বোর্ডের মুদ্রিত ফর্দ্দের ৪৩ নম্বর রিটর্ণ সেপ্টেম্বর মাসের ১ তারিখের পূর্ব্বে পাঠাইবার প্রয়োজন নাই, অতএব এই মর্ম্মের মন্তব্য ফর্দ্দে লিখিলে ভাল হয়।

### ১৬ নম্বর।

১৮৬৪ সালের ডিসেম্বর মাসের ১৪ নম্বর সরকুলার অর্ডরে "৪ তফসীলমতে" এই কথার পরিবর্ত্তে "৩ ও ৪ তফসীলমতে" এই কথা পাঠ করিতে হইবে।

### ১৭ নম্বর।

১৮৬৩—৬৪ সালে যেমন হইয়াছিল তেমনি এই সালেও ইনকম টাকস সম্পর্কীয় বার্ষিক রিটর্ণ ইনকম টাকস সম্বন্ধীয় সালের অনুষঙ্গী হইবে। আগস্ট মাসের ১ তারিখ উক্ত সালের আরম্ভ।

অনেক কার্য্যকারকেরা ভ্রমবশতঃ ১৮৬৪ সালের মে ও জুন ও জুলাই মাসের কর্ম্মও ধরিয়া ১৮৬৪—৬৫ সালের ৩০ নম্বর প্রথমস্থলীয় রিটর্ণ প্রস্তুত করিয়া পাঠাইয়াছেন।

যেং স্থলে সেই ভ্রান্তি হইয়াছে সেইং স্থলে ১৮৬৪ সালের ১ আগস্ট অবধি গত আপ্রিল মাসের ৩০ তারিখপর্য্যন্ত যে নয় মাস ছিল কেবল তাহা ধরিয়া সংশোধিত রিটর্ণ প্রস্তুত করিয়া অবিলম্বে পাঠাইতে হইবে।

J. Wenger, *Offg. Bengalee Translator.*

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

### ৪০৮৯ নম্বর।

### নিয়োগ।

১৮৬৫ সাল ১৪ জুন।

আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এফ ডবলিউ আর কৌলী সাহেব হাজিপুর জিলাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, ও ত্রিহুতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫ আইনের) ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে এবং ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন। আরো ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে তিনি সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথমস্থলীয় অনুসন্ধান লইতে এবং উক্ত সেশন আদালতের কি হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কি তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

পাটনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী জৈনদ্দীন হুসেন ঐ জিলার অন্তর্গত বেহার জিলাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

ত্রিহুতের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ ডেবিস সাহেব তাজপুর জিলাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

*The* 15*th June* 1865.

Mr. J. S. Armstrong to officiate as Magistrate and Collector of Cuttack, and Assistant to the Superintendent of the Tributary Mehals, during the absence, on leave, of Mr. W. J. Money, or until furthers orders.

Mr. E. J. Barton, Assistant Magistrate and Collector of Cuttack, to have temporary charge of the Sub-Division of Jajipore, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, described in Section XXII. of the Code of Criminal Procedure, (Act XXV. of 1861,) and the powers of a Deputy Collector, in Cuttack. Mr. Barton is also empowered, under Section XXXVIII. of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or by the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose.

Mr. W. W. Hunter, Assistant Magistrate and Collector of Beerbhoom, is empowered, under Section I., Act X. of 1854, to receive and try cases within his competence.

Mr. H. L. Harrison to be a Joint Magistrate and Deputy Collector of the Second Grade in Midnapore.

*The* 16*th June* 1865.

Lieutenant-Colonel H. Bruce, C. B., to officiate as Commissioner of Cooch Behar and of the Western Dooars of Bootan, during the absence, on leave, of Lieutenant-Colonel Haughton, or until further orders.

Major J. R. Pughe to officiate as Inspector-General of Police, Lower Provinces.

*The* 20*th June* 1865.

Mr. J. W. Galwey, C. E., Officiating Professor of Civil Engineering, Presidency College, is confirmed in his appointment with effect from the 22nd ultimo.

*The* 22*nd June* 1865.

The following Sub-Assistant Revenue Surveyors are transferred from the 6th to the 2nd Division, Lower Provinces:—

Serjeant L. G. Hill.

„ H. Wray.

*The* 23*rd June* 1865.

Mr. A. Mackenzie to officiate as Joint Magistrate and Deputy Collector of the 24-Pergunnahs, during the absence, on leave, of Mr. C. B. Garrett, or until further orders.

[*Government Gazette*, 4*th July* 1865.]

১৮৬৫ সাল ১৫ জুন।

শ্রীযুত ডবলিউ জে মনি সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জে এস্ আর্ম্মষ্ট্রং সাহেব কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টরের এবং পেশকশী মহালের সুপরিন্টেণ্ডেণ্টের আসিষ্টান্টের কর্ম্ম করিবেন।

কটকের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ই জে বার্টন সাহেব কিয়ৎকালের নিমিত্তে জাজিপুর জিলাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, ও কটকে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫ আইনের) ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে এবং ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে তিনি সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথমতন্ত্রীয় অনুসন্ধান লইতে, ও উক্ত সেশন আদালতের কি হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কিম্বা তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে, ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

বীরভূমের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ ডবলিউ হন্টর সাহেব ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতে আপন ক্ষমতার সীমার মধ্যবর্ত্তি মোকদ্দমা গ্রহণ করিয়া বিচার করিবার ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত এচ এল হারিসন সাহেব মেদিনীপুরে দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

১৮৬৫ সাল ১৬ জুন।

লেপ্টেনেন্ট কর্ণেল শ্রীযুত হাটন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত লেপ্টেনেন্ট কর্ণেল শ্রীযুত এচ ব্রুস সাহেব সি, বি, কুচবেহারের এবং ভুটানের পশ্চিম দুয়ারের কমিসানরের কর্ম্ম করিবেন।

মেজর শ্রীযুত জে আর পিউ সাহেব নিম্নতর প্রদেশের পোলীসের ইন্‌স্পেক্টর জেনরলের কর্ম্ম করিবেন।

১৮৬৫ সাল ২০ জুন।

প্রেসিডেন্সী কালেজে সিবিল ইঞ্জিনিয়রিঙ্গের একটিং অধ্যাপক শ্রীযুত জে ডবলিউ গল্‌ওয়ে সাহেব সি, ই, সেই কর্ম্মে স্থিরতারূপে নিযুক্ত হইয়াছেন। এই নিয়োগ গত মাসের ২২ তারিখ অবধি সফল হইল।

১৮৬৫ সাল ২২ জুন।

পশ্চাৎ লিখিত সব-আসিষ্টান্ট রেবিনিউ সরবেয়রগণ নিম্নতর প্রদেশের ষষ্ঠ খণ্ডহইতে দ্বিতীয় খণ্ডে নিযুক্ত হইয়াছেন, অর্থাৎ—

সার্জন্ট শ্রীযুত এল জি হিল সাহেব।

„ শ্রীযুত এচ রে সাহেব।

১৮৬৫ সাল ২৩ জুন।

শ্রীযুত সি বি গারেট সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ মাকেঞ্জি সাহেব ২৪ পরগনার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

Mr. W. W. Hunter to have charge of the Sub-Division of Kooshtea, and to exercise the powers of a Magistrate and Deputy Collector in Nuddea. Mr. Hunter is also appointed to be Superintendent of Labour Transport in Kooshtea under Act III. (B. C.) of 1863.

## LEAVE OF ABSENCE.

*The 15th June* 1865.

Mr. W. J. Money, Magistrate and Collector of Cuttack, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

*The 16th June* 1865.

Lieutenant-Colonel W. A. A. Thomson, Agent to the Governor General at Moorshedabad, for three months, from the 15th proximo, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

Lieutenant-Colonel J. C. Haughton, Commissioner of Cooch Behar and of the Western Dooars of Bootan, for thirty-one days, to enable him to appear before the standing Medical Committee at the Presidency.

*The 20th June* 1865.

Mr. O. S. Stack, District Superintendent of Police, 24-Pergunnahs, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules. Mr. Stack will make over charge of his duties to Mr. W. L. Owen.

Mr. W. Sarson, Deputy Collector of Chittagong, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the 1st proximo, or any subsequent date on which he may avail himself of the leave.

Mr. W. S. Atkinson, Director of Public Instruction, for three months, under the Financial Notification dated 31st July 1863, from the date on which he may avail himself of the leave.

*The 23rd June* 1865.

Mr. C. B. Garrett, Joint Magistrate and Deputy Collector of the 24-Pergunnahs, for six months, from the 3rd proximo, under Section 9 of the Covenanted Service Absentee Rules, together with a day's leave for preparation.

## NOTIFICATIONS.

*The 15th June* 1865.

The following Officers are appointed to be Protectors of Labourers in their respective Districts under Act VI. (B. C.) of 1865, *viz.*:—

The Deputy Commissioner of Durrung.
The Deputy Commissioner of Nowgong.
The Deputy Commissioner of Kamroop.

The local limits within which these Officers will exercise the powers and authorities conferred under

শ্রীযুত ডবলিউ ডবলিউ হন্টর সাহেব কুষ্ঠ্যা জিলাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, এবং নদীয়াতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেকুটরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি কুষ্ঠ্যাতে বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬৩ সালের ৩ আইনমতে মজুর প্রেরণের সুপরিণ্টেণ্ডেণ্টের পদে নিযুক্ত হইয়াছেন।

## ছুটী।

১৮৬৫ সাল ১৫ জুন।

কটকের মাজিষ্ট্রেট ও কালেকুটর শ্রীযুত ডবলিউ জে মনি সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৫ সাল ১৬ জুন।

শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মুরশিদাবাদস্থ এজেণ্ট লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত ডবলিউ এ এ টমসন সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামি মাসের ১৫ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

কুচবেহারের ও ভুটানের পশ্চিম দুয়ারের কমিস্যনর লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত জে সি হাটন সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে একত্রিংশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬৫ সাল ২০ জুন।

২৪ পরগনার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ও এস ষ্টাক সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন। তিনি আপন কর্ম্মের ভার শ্রীযুত ডবলিউ এল ওয়েন সাহেবের প্রতি অর্পণ করিবেন।

চাটিগাঁয়ের ডেপুটী কালেকুটর শ্রীযুত ডবলিউ সার্সন সাহেব আগামি মাসের ১ তারিখ অবধি অথবা তৎপরের অন্য যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

সর্ব্বসাধারণের বিদ্যাধ্যাপন কার্য্যের ডাইরেক্টর শ্রীযুত ডবলিউ এস্ আটকিন্সন সাহেব যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন সেই তারিখ অবধি ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৬৩ সালের ৩১ জুলাই তারিখের বিজ্ঞাপনমতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৫ সাল ২৩ জুন।

২৪ পরগনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকুটর শ্রীযুত সি বি গারেট সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৯ ধারামতে আগামি মাসের ৩ তারিখ অবধি ছয় মাসের ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন প্রস্তুত হইবার নিমিত্তে এক দিনের ছুটী পাইয়াছেন।

## বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ১৫ জুন।

পশ্চাৎ লিখিত কার্য্যকারকেরা বঙ্গদেশের ১৮৬৫ সালের ৬ আইনমতে আপন২ নামের পার্শ্বে লিখিত জিলাতে মজুরদিগের রক্ষকের পদে নিযুক্ত হইয়াছেন, অর্থাৎ—

দরঙ্গের ডেপুটী কমিস্যনর সাহেব।
নৌগাঁয়ের ডেপুটী কমিস্যনর সাহেব।
কামরূপের ডেপুটী কমিস্যনর সাহেব।

উক্ত কার্য্যকারকেরা যেং স্থানীয় সীমার মধ্যে উক্ত আইনমতে দত্ত ক্ষমতা ও শক্তিক্রমে কর্ম্ম করিবেন

the said Act will be the limits of the Revenue jurisdiction of their respective Districts.

*The 16th June* 1865.

Lieutenant W. Howey officiated as District Superintendent of Police of Bancoorah from the 26th to the 28th February last.

Mr. G. H. French officiated as District Superintendent of Police of Howrah from the 10th April last to the 14th instant.

Mr. A. Rattray, Deputy Magistrate and Deputy Collector of Nugwan, having resumed charge of his duties on the 5th instant, the unexpired portion of the leave granted to him on the 13th March last is cancelled.

তাহাই তাঁহাদের প্রত্যেকের জিলার রাজস্ব সম্পর্কীয় সীমার সহিত মিলিবে।

১৮৬৫ সাল ১৬ জুন।

লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ হাউয়ে সাহেব গত ফেব্রুআরি মাসের ২৬ তারিখ অবধি ২৮ তারিখ পর্য্যন্ত বাঁকুড়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিয়াছেন।

শ্রীযুত জি এচ ফ্রেঞ্চ সাহেব গত আপ্রিল মাসের ১০ তারিখ অবধি এই মাসের ১৪ তারিখ পর্য্যন্ত হাবড়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিয়াছেন।

নগওয়ানের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ রাট্রে সাহেব এই মাসের ৫ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করিয়াছেন, অতএব গত মার্চ মাসের ১৩ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট অংশ রহিত হইল।

---

## NOTIFICATION.

*The 19th June* 1865.

It is hereby notified that the provisions of Sections XXIX. to XXXI. of Act XXII. of 1864, relating to the sale of spirituous liquor, &c., shall have force within a circle drawn round the Cantonment of Berhampore at a distance of six miles from the Cantonment boundary pillars.

## বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ১৯ জুন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে উগ্র শরাব প্রভৃতি বিক্রয় সম্পর্কীয় ১৮৬৪ সালের ২২ আইনের ২৯ অবধি ৩১ পর্য্যন্ত ধারার বিধান বহরমপুর কান্টনমেন্টের সীমানিরূপক স্তম্ভহইতে ৬ মাইল দূরে কান্টনমেন্টের চতুর্দ্দিগে টানা চক্রের মধ্যে প্রবল হইবে।

---

## NOTIFICATION.

*The 24th June* 1865.

It is hereby notified, for general information, that the Lieutenant-Governor has been pleased to direct that the Office of the Registrar-General of Assurances shall be an Office for depositing the declarations of persons desirous of acquiring a domicile in British India under Section XI. of Act X., 1865, of the Governor General in Council (the Indian Succession Act.)

## বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ২৪ জুন।

সর্ব্বসাধারণের জ্ঞানার্থে ইহাতে প্রকাশ করা যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব এমত অনুমতি করিয়াছেন যে নিদর্শনপত্রাদির রেজিষ্ট্রার জেনরল সাহেবের কার্য্যালয় মন্ত্রিসভাগত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ১৮৬৫ সালের ১০ আইনের (অর্থাৎ ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইনের) ১১ ধারামতে ব্রিটনীয় ভারতবর্ষে নিবাসস্বত্ব প্রাপ্ত হওনাকাঙ্ক্ষি ব্যক্তিদের প্রতিজ্ঞাপত্র গচ্ছিত রাখিবার কার্য্যালয় হইবে।

---

The following Orders issued by the Government of India in the Home Department are re-published for information :—

হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের পশ্চাৎ লিখিত যে আজ্ঞা প্রচারিত হয় তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে পুনর্ব্বার প্রকাশ করা গেল।

*No.* 1376.

*Simla, the* 10*th June* 1865.

*Notifications.*

Mr Frank Macnaghten, Bengal Civil Service, is transferred from the Bengal Division of the Presidency to the North-Western Provinces.

১৩৭৬ নম্বর।

সিমলা, ১৮৬৫ সাল ১০ জুন।

বিজ্ঞাপন।

বেঙ্গল সিবিল কার্য্যসম্পর্কীয় শ্রীযুত ফ্রাঙ্ক মাকনাটন সাহেব প্রেসিডেন্সীর বঙ্গদেশ বিভাগহইতে উত্তর পশ্চিম দেশে নিযুক্ত হইয়াছেন।

JOHN GEOGHEGAN,
*Under-Secy. to the Govt. of Bengal.*

জান গিওঘিগান,
বঙ্গদেশের গবর্ণমেন্টের ছোট সেক্রেটারী।

## PUBLIC WORKS DEPARTMENT.

LOCAL.

No. 243.

*The 26th June* 1865.

*Declaration under Section II. of Act VI. of* 1857.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government, at the public expense, for a public purpose, *viz.*, to build thereon a Travellers' Bungalow in the Sub-Division of Dinapore, it is hereby declared that, for the above purpose, a piece of land, measuring 5 beegahs, 16 cottahs, and 16 dhoors, more or less, situated in Pergunnah Foolwaree, Mouzah Khugole, Zillah Patna, is required. The land is bounded on the North by cultivated land; on the South by Mr. Darrett's compound; on the East by public road; and on the West by cultivated land.

2. This Declaration is made, under the provisions of Section II., Act VI. of 1857, to all whom it may concern.

No. 244.

*Declaration under Section II. of Act VI. of* 1857.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up, at the public expense, for a public purpose, *viz.*, for the erection of a Road Bungalow or Chowkee on the Mozufferpore and Hajeepore Road in the District of Tirhoot, it is hereby declared that, for the above purpose, a piece of land is required, measuring 1 beegah, 5 cottahs, more or less, and situated on the West of the Byah River, East of the high road going to Hajeepore, South of the house of Chede Shah, and North of his field at Goriah Ghat, in Mouzah Goriah, Pergunnah Bissarah, in the above District.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

J. E. T. NICOLLS, *Lt.-Col., R. E.,*
*Offg. Secy. to the Govt. of Bengal,*
*P. W. D.*

## পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

স্থানীয়।

২৪৩ নম্বর।

১৮৬৫ সাল ২৬ জুন।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের বিবেচনানুসারে বোধ হয় যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ দানাপুর জিলাখণ্ডে পথিকদের অবস্থানার্থ বাঙ্গলাঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে পাটনা জিলার অন্তর্গত ফুলবাড়ী পরগনার খগোল মৌজায় স্থিত ন্যূনাধিক ৫৸১৬ ধুর ভূমির প্রয়োজন। ইহার উত্তর সীমা কর্ষিত ভূমি, দক্ষিণ সীমা ডারেট সাহেবের বাটীর সীমা, পূর্ব্ব সীমা রাজপথ, ও পশ্চিম সীমা কর্ষিত ভূমি।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

২৪৪ নম্বর।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের বিবেচনানুসারে বোধ হয় যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ত্রিহুত জিলার অন্তর্গত মজফরপুর ও হাজিপুরের রাস্তার ধারে রোড বাঙ্গলা বা চৌকীর ঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ১।০ কাঠা ভূমির প্রয়োজন। উক্ত ভূমি উক্ত জিলার অন্তর্গত বিসারে পরগনার গোরিয়া মৌজার বায়া নদীর পশ্চিমে ও হাজিপুর গমনের রাজপথের পূর্ব্বে ও চীদ সাহের বাটীর দক্ষিণে ও গোরিয়া ঘাটে তাঁহার ভূমির উত্তরদিগে স্থিত।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

জে ই টি নিকলস্, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ৪ জুলাই।]

## RAILWAY DEPARTMENT.

*Draft Declaration under Section II. of Act VI. of* 1857.

WHEREAS it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, at the public expense, for a public purpose, *viz.*, for extending the Goods siding at Chandernagore, it is hereby declared that, for the above purpose, a piece of land is required measuring 5*bgs.* 6*cts.* 10*chs.* 2*ks.*, more or less, situate in Khulsanee, Pergunnah Boro, Zillah Hooghly, and bounded on the East by the French Government entrenchment; South by the Railway Company's waste land and pond; West by the land and tank of the said Company, and on the North by the former unfrequented road.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

By Order of the Lieutenant-Governor of Bengal,

J. HOVENDEN, *Major, R. E.,*
*Asst. Secy. to the Govt. of Bengal,*
*in the Railway Dept.*

## বঙ্গদেশের রেলওয়ে সম্পর্কীয় পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপনের পাণ্ডুলিপি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের বিবেচনানুসারে বোধ হয় যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ চন্দননগরে মাল রাখিবার পার্শ্বস্থ স্থান বাড়াইবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে হুগলী জিলার অন্তর্গত বোরো পরগনার খলসনীতে স্থিত ন্যূনাধিক ৫।১।৵১০ কাঁচ্চা ভূমির প্রয়োজন। উক্ত ভূমির পূর্ব্ব সীমা ফরাশি গবর্ণমেণ্টের খাত, দক্ষিণ সীমা রেলওয়ে কোম্পানির পতিত ভূমি ও পুষ্করিণী, পশ্চিম সীমা উক্ত কোম্পানির ভূমি ও জলাশয়, ও উত্তর সীমা নির্জ্জন পুরাতন পথ।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পার্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে,

জে হবেণ্ডেন, মেজর, আর, ই, রেলওয়ে ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

---

## ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

### APPOINTMENTS.

*The 24th June* 1865.

Baboo Tarabeelash Mitter to be Moonsiff of Baraset, Zillah 24-Pergunnahs.

*The 26th June* 1865.

Baboo Obhoy Churn Dey, Moonsiff of Toobkibugrah, to be Moonsiff of Pauchpokhoriah, Zillah Tipperah.

Moulvee Mohomed Mohmood, Moonsiff of Pauchpokhoriah, to be Moonsiff of Nussernugger, Zillah Tipperah.

Baboo Kally Doss Dutt, Moonsiff of Nussernugger, to be Moonsiff of Toobkibugrah, Zillah Tipperah.

*The 28th June* 1865.

Baboo Seetul Chunder Mookerjee to officiate as Moonsiff of Kytha, Zillah Beerbhoom.

H. T. PRINSEP,
*Registrar.*

## বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

### নিয়োগ।

১৮৬৫ সাল ২৪ জুন।

শ্রীযুত বাবু তারাবিলাস মিত্র ২৪ পরগনার বারাসতের মুনসেফ হইবেন।

১৮৬৫ সাল ২৬ জুন।

তুবকিবগ্রার মুনসেফ শ্রীযুত বাবু অভয়াচরণ দে ত্রিপুরা জিলার পাঁচপুকুরিয়ার মুনসেফ হইবেন।

পাঁচপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ মামুদ ত্রিপুরা জিলার নসিরনগরের মুনসেফ হইবেন।

নসিরনগরের মুনসেফ শ্রীযুত বাবু কালিদাস দত্ত ত্রিপুরা জিলার তুবকিবগ্রার মুনসেফ হইবেন।

১৮৬৫ সাল ২৮ জুন।

শ্রীযুত বাবু শীতলচন্দ্র মুখোপাধ্যায় বীরভুম জিলার কাইথার মুনসেফের কর্ম্ম করিবেন।

এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

[*Government Gazette, 4th July* 1865.]

নং ৬৯০

## সংশোধিত ইস্তাহার।

ফোর্ট উইলিয়ম।

তারিখ ২৩ জুন সন ১৮৬১ সাল।

এই দফ্তরখানার ১৮৬৪ সালের ৩ মার্চ তারিখের ইস্তেহার অনুসারে সংবাদ দেওয়া যাইতেছে যে আগামি ৫ জুলাই তারিখে হাসিয়ার লিখিত মোকাম হায়ে মৌজুদ ১৫০১০০০/ পোনেরো লক্ষ মোন সরকারি পাঙ্গা নেমক বিক্রয়ার্থে প্রকাশ্য নীলামে ধরা যাইবেক।

| মোকাম। | |
|---|---|
| হিজিলী রসুলপুর সন ১২৬৭। ১২৬৮। ১২৬৯ সালের ... | ১,১১০০০/ |
| কৃষ্ণনগর সন ১২৬৪। ১২৬৫। ১২৬৮ সালের ... | ১,৭৯০০০/ |
| রামনগর সন ১২৬৭। ১২৬৮ সালের ... | ১০,৪০০০/ |
| কাঁথীনগর সন ১২৬৭। ১২৬৮। ১২৬৯ সালের ... | ১,৮৭০০০/ |
| পুরিঘাটা সন ১২৬৮ সালের ... ... | ৩৬০০০/ |
| | ৫,৯৫০০০/ |
| তমলুক নারায়ণপুরঘাটে মায় ঐ মোকামে মৌজুদ রসুলপুর নেমক সন ১২৬৭। ১২৬৮ ... | ২৮০০০/ |
| চট্টোগ্রাম সদর ঘাট এজেন্সীর নেমক সন ১২৬৮ সালের এবং আরাকেন নেমক সন ১৮৬১। ৬২ এবং ১৮৬২। ৬৩ সালের ... ... ... | ৫১০০০/ |
| উড়িষ্যা পুরি সন ১২৬৮। ১২৬৯ সালের ... | ২৫০০০০/ |
| প্রেসিডেন্সী মোকাম সালিখা গোলার বালেশ্বর নেমক সন ১২৬৫। ১২৬৬। ১২৬৭। ১২৬৮ সালের ... | ৫৮৬০০০/ |
| | ১৫০০০০০/ |

মন্তব্য। যে সকল পরিমাণে নেমক এই স্থানে লেখা গেল তাহা ১ জুলাই তারিখে মৌজুদ থাকিবেক হিসাব করা হইয়াছে ঐ তারিখহইতে মফস্বল বিক্রয় আএন্দা হুকুমতক বন্দ করা হইয়াছে যদ্যপি কোন সালের নেমক কমি হয় তবে অন্য সালের সেই রকম নেমক সেই মোকাম হইতে দেওয়া যাইবেক অথবা দাখিলা টাকা ফেরত দেওয়া যাইবেক।

মোকাম কলিকাতায় উক্ত নীলাম হইবেক কিন্তু যে স্থানে হইবেক তাহা পরে সংবাদ দেওয়া যাইবেক।

নীলামের সরত সকল নিম্নে লেখা গেল।

১ দফা। সেই সময়ের বাজারের অবস্থা অনুসারে যে দর স্থির করা হইবেক সেই দরে উক্ত নেমক বিক্রয়ার্থে ধরা যাইবেক এবং ঐ দরের উপর যে ব্যক্তির ডাক সর্ব্বাপেক্ষা উচ্চ হইবেক তাহাকেই বিক্রয় করা যাইবেক।

২ দফা। উপরোক্ত তারিখে বেলা ১১ ঘণ্টার সময় নীলাম আরম্ভ হইবেক এবং দুই প্রহর ৫ ঘণ্টার অতিরিক্ত হইবেক না কিন্তু যদ্যপি এই সময়ের মধ্যে বিক্রয়ের জন্য ইস্তেহার দেওয়া লাটের মধ্যে কোন লাট অবিক্রীত থাকে তাহা হইলে সাহেবান বোর্ডের ইচ্ছানুসারে হয় পর দিবস রবিবার কিম্বা সাধারণের বন্দের দিবস না হইলে বেলা ১১ ঘণ্টার সময় পুনর্ব্বার নীলাম আরম্ভ হইবেক এবং যে পর্য্যন্ত সমুদয় বক্রী লাট বিক্রয় না হয় সেই পর্য্যন্ত এই প্রকার ক্রমাগত নীলাম হইবেক অথবা যদ্যপি নির্দ্ধারিত দিনে ইস্তেহারের লিখিত সমুদয় নেমক বিক্রয় না হয় তাহা হইলে সাহেবান বোর্ড বক্রী লাট সকল ভবিষ্যৎ নীলামে বিক্রয় করিতে পারিবেন।

৩ দফা। ৮০ তোলার সেরে ৪০ সেরে যে এক মোন হয় এমত এক হাজার মোন প্রত্যেক লাটে থাকিবেক।

৪ দফা। যে যে মোকামে মৌজুদ আছে সেই সেই মোকাম হইতে নেমক ওজন দেওয়া যাইবেক।

৫ দফা। নীলামের ঘরে এবং সেল বহিতে লাট লেখা হইবার অগ্রে খরিদারের নিকট হইতে প্রত্যেক লাটের উপর ডিপাজিট অর্থাৎ আমানত স্বরূপ একশত টাকার প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া লওয়া হইবেক, খরিদারগণকে বাঙ্গাল বেঙ্করসিদ অথবা তাহার বদলে অন্য কোন রকম সরকারি মাতব্বরি দস্তাবেজাৎ এই দপ্তরখানায় নীলামের পর পঞ্চম দিবসে বেলা দুই প্রহর ৪ ঘণ্টার সময় কিম্বা ইহার অগ্রে দাখিল করিয়া উক্ত প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক খালাস করিয়া লইতে হইবেক যদ্যপি উক্ত সময়ের মধ্যে তমসুক এই প্রকার খালাস করা না হয় তাহা হইলে সে লাট কিম্বা লাট হায়ের জন্য উপরোক্ত বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ অথবা অন্য কোন সরকারি মাতব্বরী দস্তাবেজাৎ দাখিল করা না হইবেক সেই লাট কিম্বা লাট হায় পুনর্ব্বার বিক্রয় করা যাইবেক, পুনঃ বিক্রয়ের সময় ও সরত সাহেবান বোর্ড যেমন বিবেচনা করিবেন সেই মত হইবেক, এই প্রকার পুনর্ব্বার বিক্রয় করিলে যে কোন ক্ষতি ও খরচা হইবেক তাহা খেলাপী খরিদারগণকে দিতে হইবেক এবং তাহা হইতে যে লভ্য হইবেক তাহা সরকারে জমা হইবেক।

৬ দফা। শেষ দফার শরত মত নীলামের দিন যে প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া লওয়া হইবেক তাহা যদ্যপি নীলামের পর পঞ্চম দিবসে বেলা চারি ঘণ্টা পর্য্যন্ত খালাস করিয়া লইতে বাকী থাকে তাহা হইলে সেই সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক আদায়ের কারণ সরকারি উকিলের হস্তে অর্পণ করা যাইবেক।

৭ দফা। যে নেমকের জন্য নীলামের পর দিন হইতে পঞ্চম দিবসের বেলা ৪ ঘণ্টা পর্য্যন্ত নিয়মিত আমানত দাখিল করা না হইবেক সেই নেমকের জন্য পরে আর টাকা কি বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ কি সরকারী মাতব্বরী দস্তাবেজাৎ লওয়া যাইবেক না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ৪ জুলাই।]

৮ দফা। নেমকের দরের টাকা নীলামের দিন হইতে পোনেরো দিবসের মধ্যে দাখিল করিতে হইবেক এবং যদ্যপি কোন লাটের বাবত সরকারী মাসুল এইরূপ দাখিল ও নিষ্পত্তি করা না হয় তাহা হইলে পঞ্চম সরত মত সেই লাটের জন্য যে টাকা কি সরকারী মাতব্বরী দস্তাবেজাৎ আমানত করিবেক তাহা বাজেয়াপ্ত হইবেক এবং ঐ নেমক সরকারের হিসাবে বিক্রয় করা যাইবেক, যে সময়ে ও যে প্রকারে বিক্রয় হইবেক তাহা সাহেবান বোর্ড যেমত ভাল বিবেচনা করিবেন সেই মত হইবেক। আর ইহাতে যে ক্ষতি হইবেক অর্থাৎ পুনর্বিক্রয়ের মূল্য ও প্রথম যে টাকায় খরিদ করা হয় ইহার মধ্যে যে তফাত হইবেক তাহা প্রথম খরিদারকে দিতে হইবেক এবং পুনর্বিক্রয় হইতে যে লভ্য হইবেক তাহাতে তাহার কোন দাবি থাকিবেক না।

৯ দফা। খরিদার নেমক বান করিতে ইচ্ছা না করিলে তাহার উপর সরকারী মাসুল নীলামের দিন হইতে ষাইট দিবসের মধ্যে দাখিল করিতে হইবেক, যে সকল লাট বান করা হইবেক তাহা ব্যতীত আর লাট যাহা উপরোক্ত ষাইট দিবসের মধ্যে গোলা হইতে খালাস করিয়া না লওয়া হইবে তাহার উপর উক্ত সময়ের পর মাসিক একশত মোনে ৪ টাকা হিসাবে গোলা ভাড়া ধরা যাইবেক।

১০ দফা। জাহাজি আমদানি নেমক বান অর্থাৎ গোলাজাত করিবার যেমত নিয়ম আছে সেই নিয়ম মত উক্ত নেমক সরকারী কিম্বা প্রাইবেট গোলায় বান করা হইতে পারিবেক।

১১ দফা। পঞ্চম শরতের লিখিত সময়ের মধ্যে ও তদনুসারে আমানতি টাকা দাখিল করিলে খরিদারদিগকে শারটিফিকেট দেওয়া যাইবেক তাহাতে খরিদার কি খরিদারগণের নাম যত লাট বিক্রয় করা হইয়াছে ও যে রকম নেমক খরিদ করা হইয়াছে তাহা লেখা থাকিবেক এবং এই রকম যে প্রত্যেক শারটিফিকেট দেওয়া যাইবেক তদনুযায়িক নেমক ওজন দিবার হুকুম এবং রওয়ানা পাইবার অগ্রে সেই শারটিফিকেট বোর্ডের দপ্তরখানায় অবশ্যই ফেরত দিতে হইবেক।

১২ দফা। যে পর্য্যন্ত কোন লাটের নেমকের দরের ও মাসুলের বেবাক টাকা দাখিল করা না হয় সেই পর্য্যন্ত তাহার ওজন দিবার হুকুম কি রওয়ানা দেওয়া যাইবেক না।

১৩ দফা। ১৮৬৪ সালের ৭ আইনের ১১ ধারার সরত মত বাঙ্গাল গবর্ণমেণ্টের দ্বারা প্রচলিত নিয়মের ২৭ নিয়মঅনুসারে রওনার ফিজ দিতে হইবেক।

১৪ দফা। যে ব্যক্তির নাম সেলবহিতে খরিদার বলিয়া লেখা হইবেক তাহার অথবা তাহার ক্ষমতা বিশিষ্ট মোক্তারের নিকট ভিন্ন আর কাহারো নিকট হইতে পঞ্চম শরতের লিখিত সরকারী মাতব্বরী দস্তাবেজাৎ এই দপ্তরখানায় আমানৎ লওয়া যাইবেক না সরকারী মাতব্বরী দস্তাবেজাৎ আমানত করা হইলে তাহার রসিদ কেবল ঐ খরিদারের নামে দেওয়া যাইবেক। টাকা দাখিল করিলে তাহাকে কিম্বা এবং ক যাহাকে তিনি বরাৎ দিবেন তাহাকে উক্ত দস্তাবেজাৎ ফেরত দেওয়া যাইবেক।

১৫ দফা। পঞ্চম সরত অনুসারে যে পরিমাণ টাকা প্রমিস্বরী নোট অর্থাৎ তমস্সুক লিখিয়া দিতে হইবেক সেই পরিমাণে টাকা হয় ইণ্ডিয়া গবর্ণমেণ্ট নোট বা বাঙ্গাল ব্যাঙ্ক রসিদ কিম্বা সরকারী মাতব্বরী দস্তাবেজাতে যে কোন খরিদার হউক তলব করিলে সেই সময় দিতে না পারিলে যে কর্ম্মচারি সাহেবান বোর্ডের তরফ নীলামে উপস্থিত থাকিয়া তদারক করিবেন তিনি আপন ইচ্ছামত তাহার ডাক না মঞ্জুর করিতে সক্ষম হইবেন।

১৬ দফা। যদিস্যাৎ ৫০ লাট হইতে পারে এমত উপযুক্ত সংখ্যা লাট থাকে তাহা হইলে যে কোন খরিদার হউক ইচ্ছা করিলে এক রকম নেমক পর পর সমান দরে ও সমান শরত মত পঞ্চাশ লাট পর্য্যন্ত ডাক দিয়া খরিদ করিতে পারিবেক।

১৭ দফা। এই ইস্তেহার ভুক্ত নেমক বিক্রয়ের দরুণ কিম্বা তাহার হিসাব মিটাইতে যদি কোন বিষয় বা কথার জন্য কোন মামলা অথবা কথান্তর হয় তাহা হইলে বাঙ্গলা প্রদেশের কোর্ট উলিয়ম মোকামের হাই কোর্টে তাহার মোকদ্দমা ও মীমাংসা হইবেক।

T. BRUCE LANE, *Junior Secretary.*

বিমৌজিম হুকুম সাহেবান আলীশান বোর্ড রেবিনিউ কোর্টউলিয়ম।

পুনশ্চ। ৮ ও ৯ দফায় যে সকল সরত লেখা আছে, তাহা মনোযোগপূর্ব্বক দেখা আবশ্যক।

---

৬৯০ $\frac{১}{২}$ নং।

ইস্তেহার।

এই দপ্তরখানার অদ্যকার তারিখের ৬৯০ নম্বরের সংশোধিত ইস্তেহার অনুসারে সংবাদ দেওয়া যাইতেছে যে আগত ৫ জুলাই তারিখে যে পোনেরো লক্ষ মোন সরকারী পাঙ্গা নেমক বিক্রয় করিবার ইস্তেহার দেওয়া হইয়াছে উক্ত নেমকের প্রকাশ্য নীলাম বেঙ্কশাল ঘাটের নিকট গঙ্গার ধারের রাস্তার উপর ১৩ এ নম্বরের নূতন আফিসগুদামে হইবেক।

২ দফা। ৫ জুলাই তারিখে বুধবার দিবা ১১ ঘন্টার সময়ে নীলাম আরম্ভ হইবেক সেই নীলামের সরত সকল যেমত অদ্যকার তারিখে পৃথক্ ইস্তেহারে সংবাদ দেওয়া হইয়াছে সেইমত হইবেক।

৩ দফা। নীলামের পঞ্চম সরত অনুসারে নিয়মিত ডিপোজিট অর্থাৎ আমানত টাকার জন্য যে প্রমিস্বরী নোট অর্থাৎ তমস্সুক লিখিয়া লওয়া যাইবেক তাহা ১৮৬৫ সালের ১০ জুলাই তারিখে সোমবার বেলা ৪ ঘন্টার সময় অথবা তৎপূর্ব্বের লিখিতরূপে খালাস করিতে হইবেক।

৪ দফা। দরের টাকা দাখিল করিবার জন্য অষ্টম সরত অনুসারে যে পোনেরো দিবসের মুদ্দত দেওয়া হইয়াছে তাহা ১৮৬৫ সালের ২০ জুলাই তারিখে বৃহস্পতিবার দিবা ৪ ঘন্টার সময় শেষ হইবেক।

৫ দফা। খরিদারগণ নেমক বান করিতে ইচ্ছা না করিলে নীলামের নবম সরত অনুসারে মাসুল দাখিল করিবার জন্য যে ষাইট দিবসের মুদ্দত দেওয়া হইয়াছে তাহা ১৮৬৫ সালের ৪ সেপ্টেম্বর তারিখে সোমবার দিবা ৫ ঘন্টার সময় শেষ হইবেক।

বিমৌজিব হুকুম সাহেবান আলীশান বোর্ড রিবিনিউ ফোর্ট উলিয়ম। তারিখ ২৩ জুন ১৮৬৫ সাল।

টি ব্রুস লেন। ছোট সেক্রেটারী।

SALT.　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　নিমক।

বিক্রী নেমকের মাসকাবারী হিসাব সন ১৮৬১ সাল তারিখ ৩১ মে।

| ১<br>এজেন্সীর নাম | ২<br>সন ১২৬৮ সাল অথবা ১৮৬১। ৬২ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ | ৩<br>সন ১২৬৮ সাল মোতাবেকে ইং ১৮৬১। ৬২ সাল | ৪<br>সন ১২৬৯ সাল মোতাবেকে ইং ১৮৬২। ৬৩ সাল | ৫<br>মৌজুদ নেমকের একুন<br>পাঙ্গা | ৫<br>মৌজুদ নেমকের একুন<br>করকচ | ৫<br>মৌজুদ নেমকের একুন<br>মোট একুন | ৬<br>দর ফি ১০০/ মোন |
|---|---|---|---|---|---|---|---|
| হিজলী। | মোন | মোন | মোন | মোন | মোন | মোন | কোং টাকা |
| পাঙ্গা নেমক ঘাট রসুলপুর | ১,৪৫১/ | ৮৯,৯১৩/ | ৩০,৫৪৬/ | ১,২১,৯৬০/ | ০ | ১,২১,৯৬০/ | ৩৯৯৲ |
| ঐ ঐ কৃষ্ণনগর ... | ১০,৩৯২/ | ২,১৯,০২০/ | ০ | ২,২৯,৪১২/ | ০ | ২,২৯,৪১২/ | |
| ঐ ঐ রামনগর ... | ৪,৭১৩/ | ১,৩৪,৫৩৪/ | ০ | ১,৩৯,২৪৭/ | ০ | ১,৩৯,২৪৭/ | |
| ঐ ঐ কালীনগর ... | ৮,৭০৮/ | ২,২৫,১১৬/ | ৩০,২৯৫/ | ২,৬৪,১১৯/ | ০ | ২,৬৪,১১৯/ | |
| ঐ ঐ পুরীঘাটা ... | ০ | ৪৬,১৩৪/ | ০ | ৪৬,১৩৪/ | ০ | ৪৬,১৩৪/ | |
| একুন | ২৫,২৬৪/ | ৭,১৪,৭৪৭/ | ৬০,৮৪১/ | ৮,০০,৮৭২/ | ০ | ৮,০০,৮৭২/ | |
| তমলুক। | | | | | | | |
| পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর | ০ | ৯০,২৫/ | ১০,৯৪২/ | ১৯,৯৬৭/ | ০ | ১৯,৯৬৭/ | ৩৯৯৲ |
| ঐ ঐ রসুলপুর | ৩২,৬৬৭/ | ৩৬,৭৩৪/ | ০ | ৬৯,৪০১/ | ০ | ৬৯,৪০১/ | ৪০৮৲ |
| একুন | ৩২,৬৬৭/ | ৪৫,৭৫৯/ | ১০,৯৪২/ | ৮৯,৩৬৮/ | ০ | ৮৯,৩৬৮/ | |

| এজেন্সীর নাম শালিখা। | সন ১২৬৮ সাল অথবা ১৮৬১। ৬২ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ | সন ১২৬৮ সাল মোতাবকে ইং ১৮৬১। ৬২ সাল | সন ১২৬৯ সাল মোতাবকে ইং ১৮৬২। ৬৩ সাল | মৌজুদ নেমকের একুন পাঙ্গা | করকচ | মোট একুন | দর ফি ১০০/ মোন |
|---|---|---|---|---|---|---|---|
| | মোন | মোন | মোন | মোন | মোন | মোন | কোং টাকা |
| করকচ নেমক মান্দ্রাজ পরমিট | ৭,৪২,০৩৯/ | ০ | ০ | ০ | ৭,৪২,০৩৯/ | ৭,৪২,০৩৯/ | ৩৯৬৲ |
| ঐ ঐ চিলকা ... | ১,৫১,৪৫৭/ | ০ | ০ | ০ | ১,৫১,৪৫৭/ | ১,৫১,৪৫৭/ | ৩৮৬৲ |
| ঐ ঐ সিন্ধু ... | ৫,০০,০০০/ | ০ | ০ | ০ | ৫,০০,০০০/ | ৫,০০,০০০/ | ৪১৮৲ |
| মিশ্রিত করকচ নেমক ... | ২,৬৭৯/ | ০ | ০ | ০ | ২,৬৭৯/ | ২,৬৭৯/ | |
| পাঙ্গা নেমক কটক ... | ১,০৭,১৮৬/ | ০ | ০ | ১,০৭,১৮৬/ | ০ | ১,০৭,১৮৬/ | |
| ঐ ঐ বালেশ্বর ... | ১,৯১,৮৩৭/ | ৪,৩৯,২২৮/ | ০ | ৬,৩১,০৬৫/ | ০ | ৬,৩১,০৬৫/ | |
| ঐ ঐ খোরদা ... | ১,৬৯,৯৬৯/ | ৫১,০৮৮/ | ০ | ২,২১,০৫৭/ | ০ | ২,২১,০৫৭/ | |
| ঐ ঐ চিলকা ... | ২,০২৮৮২/ | ৩৮,০৪৪/ | ০ | ২,৪০,৯২৬/ | ০ | ২,৪০,৯২৬/ | ৪২১৲ |
| ঐ ঐ রামনগর ... | ৪৭,১৯০/ | ০ | ০ | ৪৭,১৯০/ | ০ | ৪৭,১৯০/ | |
| ঐ ঐ পুরীঘাটা ... | ৮৩,২১৮/ | ৩৩,৩৬৯/ | ০ | ১,১৬,৫৮৭/ | ০ | ১,১৬,৫৮৭/ | |
| ঐ ঐ কৃষ্ণনগর ... | ১,৩০,১২০/ | ০ | ০ | ১,৩০,১২০/ | ০ | ১,৩০,১২০/ | |
| ঐ ঐ নারায়ণপুর ... | ২,৯৫,৬৯৬/ | ০ | ০ | ২,৯৫,৬৯৬/ | ০ | ২,৯৫,৬৯৬/ | |
| একুন | ২৬,২৪,২৭৩/ | ৫,৬১,৭২৯/ | ০ | ১৭,৮৯,৮২৭/ | ১৩,৯৬,১৭৫/ | ৩১,৮৬,০০২/ | |

[*Government Gazette, 4th July* 1865.]

| এজেন্সীর নাম। | সন ১২৬৮ সাল অথবা ১৮৬১ । ৬২ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ। | সন ১২৬৮ সাল মোতাবকে ইং ১৮৬১ । ৬২ সাল | সন ১২৬৯ সাল মোতাবকে ইং ১৮৬২ । ৬৩ সাল | মৌজুদ নেমকের একুন | | | দর ফি ১০০/ মোন |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | পাঙ্গা | করকচ | মোট একুন | |
| ঘুষড়ি। | মোন | মোন | মোন | মোন | মোন | মোন | কোং টাকা |
| পাঙ্গা নেমক ঘাট কালীনগর | ১,০০,৫৬৩/ | ০ | ০ | ১,০০,৫৬৩/ | ০ | ১,০০,৫৬৩/ | ৫২১৲ |
| ঐ ঐ রসুলপুর ... | ৪৮,৫৯৩/ | ০ | ০ | ৪৮,৫৯৩/ | ০ | ৪৮,৫৯৩/ | |
| মিশ্রিত ঐ ঐ রামনগর ... | ৩৮,৬৭৩/ | ০ | ০ | ৩৮,৬৭৩/ | ০ | ৩৮,৬৭৩/ | |
| সন ১২৬৫ । ১২৬৬ । ১২৬৭ সাল একুন | ১,৮৭,৮২৯/ | ০ | ০ | ১,৮৭,৮২৯/ | ০ | ১,৮৭,৮২৯/ | |
| চট্টগ্রাম। | | | | | | | |
| পাঙ্গা নেমক সদরঘাট ... | ০ | ৬০,৩২১/ | ০ | ৬০,৩২১/ | ০ | ৬০,৩২১/ | ৩৯৯৲ |
| ঐ ঐ বাগখালি ... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| ঐ ঐ আরাকিন ... | ০ | ২,১৮৫/ | ২০,১০৭/ | ২২,২৯২/ | ০ | ২২,২৯২/ | ৫২৫৲ |
| করকচ নেমক মান্দ্রাজ ... | ০ | ১,৪৪,৩৮৩/ | ০ | ০ | ১,৪৪,৩৮৩/ | ১,৪৪,৩৮৩/ | ৩৭৯৲ |
| ঐ ঐ জেদ্দা ... | ২,৬৮৯/ | ০ | ০ | ০ | ২,৬৮৯/ | ২,৬৮৯/ | |
| একুন | ২,৬৮৯/ | ২,০৬,৮৮৯/ | ২০,১০৭/ | ৮২,৬১৩/ | ১,৪৭,০৭২/ | ২,২৯,৬৮৫/ | |

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৩। ৪ জুলাই।]

| এজেন্সীর নাম | সন ১২৬৮ সাল অর্থাৎ ১৮৬১। ৬২ সালের পূর্ব্ব সনহারের উৎপন্ন নেমকের মৌজুদ। | সন ১২৬৮ সাল মোতাবেকে ইং ১৮৬১। ৬২ সাল | সন ১২৬৯ সাল মোতাবেকে ইং ১৮৬২। ৬৩ সাল | মৌজুদ নেমকের একুন। পাঙ্গা। | করকচ | মোট একুন | দর কি ১০০/ মোন |
|---|---|---|---|---|---|---|---|
| কটক। | মোন | মোন | মোন | মোন | মোন | মোন | কোং টাকা |
| পাঙ্গা নেমক ... | ০ | ০ | ০ | ৫৭,৫৬৭/ | ০ | ৫৭,৫৬৭/ | ৩৯৯৲ |
| একুন | ০ | ০ | ০ | ৫৭,৫৬৭/ | ০ | ৫৭,৫৬৭/ | |
| পুরী। | | | | | | | |
| পাঙ্গা নেমক ... | ০ | ০ | ০ | ২,৬৬,১২৮/ | ০ | ২,৬৬,১২৮/ | ৩৯৯৲ |
| করকচ নেমক ... | ০ | ০ | ০ | ০ | ৯,৮৭,৮৭৯/ | ৯,৮৭,৮৭৯/ | ৩২৬৲ |
| একুন। | ০ | ০ | ০ | ২,৬৬,১২৮/ | ৯,৮৭,৮৭৯/ | ১২,৫৩,০০৭/ | |
| বালেশ্বর। | | | | | | | |
| পাঙ্গা নেমক ... | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| একুন | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | |
| মোট একুন | ২৮,৭২,৭২২/ | ১৫,২৯,১২৪/ | ৯১,৮৯০/ | ৩২,৭৩,১৮৪/ | ২১,৩১,১২৬/ | ৫৮,০৪,৩১০/ | |

মন্তব্য।—শহর কলিকাতার অন্তর্গত রেবিনিউ বোর্ডের দপ্তরখানাহইতে সকল রকম নেমকের বাবৎ যে রওয়ানা পাওয়া যায়, সেই রওয়ানা গোলাঘাটে দাখিল করিয়া যে সকল ব্যক্তিরা নেমক প্রার্থনা রাখে, তাহাদিগকে ৬ ঘরের লিখিত দরে ১ ঘরের লিখিত সরকারী গোলাহইতে ৫০/ পঞ্চাশ মোন এবং তাহার ঊর্দ্ধ পরিমাণে উপরের লিখিত নেমক ওজন দেওয়া যাইবেক।

বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৬৫ সাল তারিখ ২৭ জুন।

টি ক্রস লেন। ছোট সেক্রেটারী।

# LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা বীরভূম।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা বীরভূম এই যে।

যেহেতু নাবালগ শ্রীযুত বাবু রামরঞ্জন চক্রবর্ত্তির ইষ্টেটের জমিদারি পরগনে সাহালমপুরদিগরের ইজারদার তারাচরণ মুখোপাধ্যায়ের স্থানে সন ১২৭১ সালের বাকী মায় সুদ ৩১৫১২।।৶৯ টাকা আদায় না হওয়ায় উহার ও তস্য জামিনদারাণের আবদ্ধীয় জায়দাদ নীলাম বিক্রয় দ্বারায় বাকী টাকা আদায় করা আবশ্যক মতে সর্ব্ব সাধারণের জ্ঞাত জন্য এই ইস্তাহার প্রচার করা যাইতেছে যে ইজারদার ও তস্য জামিনদারাণের নীচের লিখিত ক্রোকী জায়দাদ সন ১৮৬৫ সাল তারিখ ১৮ জুলাই মং ১২৭২ সাল তারিখ ৪ শ্রাবণ রোজ মঙ্গলবার দিবা দুই প্রহরের পর অত্র কাছারিতে নীলামে বিক্রী হইবেক যে ব্যক্তি অধিক ডাকিবেক তাহাকেই বিক্রী করা যাইবেক আর যত টাকা মূল্যে নীলাম সমাপ্ত হইবেক তৎ ক্ষণাৎ শতকরা ২৫৲ টাকা হিসাবে ফিচ দাখিল করিতে হইবেক অবশিষ্ট টাকা অষ্টাহের মধ্যে দিতে হইবেক ইতি সন ১৮৬৫। ২৮ জুন মং সন ১২৭২। ১৫ আষাঢ়।

| নম্বর | নাম মহাল | নাম পরগনা | নাম জমিদার | সদর জমা | লিখিত মালিকের নাম | যে অংশ বিক্রয় হইবেক। |
|---|---|---|---|---|---|---|
| ১০৭ নং | লাট পুলুর সালচাপড়া | একশ্বর সাহি | তারাচরণ মুখোপাধ্যায় | ১১৭৬৬/০ | মধুসূদন মুখোপাধ্যায় | ১০৭ নং লাট পুন্যার ইজারদার তারাচরণ মুখুয্যার যে সত্ব লভ্য আছে তাহা বিক্রী হইবেক। |
| ৩৮ নং | তপ্পে কুত্রা হাকড়া | তপ্পে কুত্রহিত | গোপীবল্লভ ও ছকড়ি চন্দ্র চক্রবর্ত্তী | ২৮৬১৫৶৵০ | গোপীবল্লভ ও ছকড়ি চক্রবর্ত্তী | ইহার রকম ১১।।= পণ্ডার কাত জমা ২৫৮৲৯ টাকা জামিনদারাণের যে স্বত্ব লভ্য আছে তাহা বিক্রয় হইবেক। |
| ১৭৬ নং | গোপালনগর | খাবী | ঐ | ১৭৭৫।৵০ | ঐ | ইহার রকম ৶৬।।= আনার কাত জমা ২৫৮৶৯ টাকা ইহাতে জামিনদারানের যে স্বত্ব লভ্য আছে তাহা বিক্রী হইবেক। |
| ১৭৭নং | রূপফপুর | ঐ | ঐ | ৩২২৫৶৫ | ঐ | ইহার রকম ৶৬।= আনার কাত জমা ৫১৫৲১১ টাকা ইহাতে জামিনদারাণের যে স্বত্ব লভ্য আছে তাহাই বিক্রয় হইবেক। |
| ১৮৩নং | লাট হরিদাসপুর | হরিপুর | ঐ | ১১৫০৴ | ঐ | ইহার রকম ৶১। আনার কাত জমা ১২৭৶৬ টাকা ইহাতে জামিনদারাণের যে স্বত্ব লভ্য আছে তাহাই বিক্রয় হইবেক। |
| ১৮৫নং | বড়রা | খাসীবাজার | ঐ | ৫৫৭৮৲ | ঐ | ইহার রকম ৴৩। – আনার কাত জমা ৩২৭৷৵১০ টাকাতে জামিনদারাণের যে স্বত্ব লভ্য আছে তাহাই বিক্রয় হইবেক। |
| ২৩৭নং | কানুক | জয়মেজয় | ঐ | ১৫৮১।। | ঐ | ইহার রকম ৴১৬। – আনার কাত জমা ১৬৮৲ টাকা ইহাতে জামিনদারাণের যে স্বত্ব লভ্য আছে তাহাই বিক্রয় হইবেক। |
| ২৬৩নং | জাহেদপুর | খাসী | ঐ | ২০৪।৶ | ঐ | ইহার রকম ৶৬।।= আনার কাত জমা ২৯৶১১ টাকা ইহাতে ঐ ঐ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| নং২৬৭ | ময়নাবুনি | ঐ | | ২০৬৸৵ | ঐ | ইহার রকম ৵৬৷৷= আনার কাত জমা ২৯৷৴১ টাকা ইহাতে ঐ ঐ। |
| ৬৯৮ নং | কাঁখতক | ঐ | | ১২৭৴ | ঐ | ইহার রকম ৵৬৷৷= আনার কাত জম ১২৴৫ টাকা ইহাতে ঐ ঐ |
| থানাদারি বাজেআপ্তী | | | | | | |
| ৩৩ নং | রূপষপুর খদী | ঐ | | ৪৯৸৵ | ঐ | ইহার রকম ৵৬৷৷= আনার কাত জম ৭.৩ টাকা ইহাতে ঐ ঐ |
| ২ নং | গোপাল নগর ঐ | ঐ | | ১৩০৸৹ | ঐ | ইহার রকম ৵৬৷৷= আনার কাত জমা ২১৸৴১০ টাকা ইহাতে ঐ ঐ |
| পত্তনি মাহাল। | | | | | | |
| | তাং শ্যামবাজার | সেনপাহাড়ি | তারাচরণ ও রাম-গতি নাএক | ১৪১০৵২ | বর্দ্ধমানদিগরের জমীদার ধিরাজ বাহাদুরের সেরেস্তায় গয়ারাম নাএক ও শ্রীহরি নাএকের নামে লেখা যায় | ইহাতে জামিনদারানের যে স্বত্বলভ্য আছে তাহাই বিক্রয় হইবেক। |
| ঐ | গেড়িয়া | তপ্পে কুন্তহিত | ঐ | ৪৪৪৷৴০ | জমিদার নাবালগ বাবু রামরঞ্জন চক্রবর্ত্তী ও চন্দ্রমণি দেব্যাদিগের সেরেস্তায় ঐ ঐ নামে লেখে। | ইহার রকম ৴০ আনার ঐ ঐ |
| ঐ | তাং বড়গড়িয়া | শেরগড় | ঐ | ৭৭৯৴৭ | জমীদার ধিরাজ বাহাদুরের সেরেস্তায় ঐ ঐ নামে লেখা যায়। | ইহার রকম ।৵০ আনার ঐ ঐ |
| ঐ | লাট উভয়কুলা | সেনপাহাড়ি | সাধুচরণ মণ্ডল | ১২৭৭৲ | ঐ জমীদারি সেরেস্তায় ৺ রাইকিশোর মণ্ডলের নামে লেখা যায়। | ইহার রকম ৷৷৴০ আনার জামিনদারের যে স্বত্ব লভ্য আছে তাহাই বিক্রয় হইবেক। |
| ঐ | লাট স্বস্তুটী | সেল ডোম | ঐ | ৯৯১৲ | রাইপুর নিবাসী বিশ্বম্ভর সিংহের সেরেস্তায় রামবিষ্ণু চক্রবর্ত্তির নামে লেখা যায়। পাধ্যায় নামে লেখা যায়। | ইহার জামিনদারের যে স্বত্ব লভ্য আছে তাহাই বিক্রয় হইবেক। |
| ঐ | লাট দেনোড়া | ঐ | ঐ | ৬২৫৲ | ঐ জমিদারী সেরেস্তায় নিলকালি বন্দ্যোপাধ্যায়ের নামে লেখা যায় | ঐ ঐ |
| ঐ | তাং গন্ধভুর | সাহালমপুর | মধুসূদন নাএক | ১৫০০৲ | জমিদার নাবালগ বাবু রামরঞ্জন চক্রবর্ত্তির সেরেস্তায় মধুসূদন নাএকের নামে লেখে। | ইহার রকম ৸৵১৩ — পত্তনি ও রকম ৴৬৷ = আনা সেপত্তনি ইহার জামিনদারের যে স্বত্ব লভ্য আছে তাহা বিক্রয় হইবেক। |
| ঐ | লাট রিণগরি | দরি মৌজেপুর | ঈশানচন্দ্র সেন | ৩১৫০৲ | বর্দ্ধমান দিগরের জমিদার ধিরাজ বাহাদুরের সেরেস্তায় জামিনদার চাকর ক্ষেত্রনাথ ঘোষের নামে লেখা যায় | ইহার জামিনদারের যে স্বত্ব লভ্য আছে তাহাই বিক্রয় হইবেক। |
| ঐ | মোং গঙ্গাপুর | সেলডোম | ঐ | ৮৩১৷৷৵৮ | জমিদার শ্রীকণ্ঠ সিংহের সেরেস্তায় ঐ জনের নামে লেখা যায় | ঐ ঐ |

| নম্বর | নাম মহাল | নাম পরগনা | নাম জমিদার | সদর জমা | লিখিত মালিকের নাম | যে অংশ বিক্রয় হইবেক। |
|---|---|---|---|---|---|---|
| নর পত্তনি | লাট সাং খরাহ | বাবরক সিংহ | ঐ জা | ৫১৬৬৲ | জমিদার ৺ প্রমথনাথ দেবের সেরেস্তার জামিনদার ঈশানচন্দ্র সেনের নামে লেখে | ঐ ঐ |
| ঐ | হুঃ বানড় | সুহানন্দপুর | মধুসূদন নাএক | ১২০২৲ | পত্তনিদার নাবালগ বাবু রামরঞ্জন চক্রবর্ত্তির জমিদার সেরেস্তায় মধুসূদন নাএকের নামে লেখে | ঐ ঐ |
| ঐ | মোং আড়ুড়িয়া | গোপভূমি | সাধুচরণ মণ্ডল | ৬০৭৲ | পত্তনিদার হিতলাল মিস্ত্রী সেরেস্তার জামিনদার সাধুচরণ মণ্ডলের নামে লেখে | ইহার রকম ।৷০ আটআনা জামিনদারের স্বত্ব লভ্য বিক্রয় হইবেক। |
| ঐ | গলসা | জয়নুজন | ঐ | ২২১৲ | পত্তনিদার তিনকড়ি মিস্ত্রী সেরেস্তায় মধুসূদন মুখোপাধ্যায়ের নামে লেখে | ইহার রকম ।৷০ আটআনার ঐ ঐ |
| ঐ | উনান্দী | ঐ | ঐ | ১১২৮৲ | পত্তনিদার হরিশ্চন্দ্র রায় সেরেস্তার রামতনু কর্ম্মকারের নামে লেখে | ইহার জামিনদারের যে স্বত্ব লভ্য আছে তাহা বিক্রী হইবেক। |
| ঐ | মোং শিবপুর মায় মুদাফ ব্রহ্মণ ভিহি | সেনপাহাড়ি | তারাচরণ ও রামগতি নাএক | ১৬৬৬।/৯ | পত্তনিদার রামরঞ্জন চক্রবর্ত্তির সেরেস্তার তারাচরণ ও রামগতি নাএকের নামে লেখে | ঐ ঐ |
| লাখরাজ মহাল | মোং ইসবপুর | হরিপুর | লালা বেচুলাল ও লালা বনআরি লাল | ০ | লালা বেচুলাল ও লালা বনআরি লালের নামে লেখে | ইহার রকম ।৷০ আটআনা মপস্বল হস্তবুদ জমা ২০৫।৶৬ টাকা জামিনদারানের যে স্বত্ব লভ্য আছে তাহা বিক্রয় হইবেক। |

RADHANATH GANGOOLLY,
*Deputy Collector.*

## জিলা শ্রীহট্ট।

১৮৫৯ সালের ১১ একাদশ আইনের ৬ ধারাক্রমে এহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা শ্রীহট্টের নীচের লিখিত মহালাত ১৮৬৪। ৬৫ সালের কিস্ত মুস্তমিলী পর্য্যন্তের বাকী মালগুজারি নিমিত্ত এবং চলিত আইন ও আকুটের দ্বারা অন্য যেং দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৬৫ সালের জুলাই মাসের ২০ দিবস মোতাবেক ১২৭২ বাঙ্গালার শ্রাবণ মাসের ৬ তারিখ বৃহস্পতিবার ঐ জেলার কালেকুটরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনাবাধাতে নীলাম হইবেক।

ইস্তমেরারী জমা ধার্য্য হওন মহাল।

পরগনে জুয়ার বানিয়াচুঙ্গ।

২৭৫০৪ নম্বর তালুক আছদরজা জমীদার রেজিস্টরী হওয়া মালিক কৃষ্ণচরণ দাস সদর জমা ... ৭৫২৶০

এহার মধ্যে ১৮৫৯ সালের ১১ একাদশ আইনের ১১ ধারার মর্ম্মানুযায়ি সর্ব্বমঙ্গলা দেব্যা ও তারিণী দেব্যা ও মাহামদ হাশীম ও বিশ্বনাথ নন্দি ও স্বরূপচন্দ্র শর্ম্মা নামে পৃথক্ হিসাব হওয়া ও তাহা উস্বল হওয়াতে ছাড়িয়া দেওয়ার অভিপ্রায় জমা ... ... ... ১৬৭৸৶২

বাকী ... ... ... ... ৫৭৪।১০

পরগনে অরঙ্গপুর।

৩৬৫৫৬ নম্বর তালুক মহামদ আকবর রেজিস্টরী হওয়া মালিক মাহামদ হাশীম চৌধুরী ও রাধাকান্ত দেব সদর জমা ... ... ... ... ৬০৬।।০

সড়কবন্দি ... ... ... ... ৬৶০

পরগনে ভানুগাছ।

৫৭০৩২ নম্বর তালুক রায় গৌরহরি সিংহ রেজিস্টরী হওয়া মালিক রায় রাধাগোবিন্দ সিংহ সদর জমা ... ... ... ... ১৮৯৩৻৩

এহার মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১১ ধারার মর্ম্মানুযায়ি দুর্গাপ্রসাদ ধর ও কিশোর দাস ও ব্রজসুন্দর দাস ও বৈকুণ্ঠচরণ দাস ও প্রাণকৃষ্ণ দত্ত ও হরকিশোর সেন ও ভারতচন্দ্র কর ও বিশ্বনাথ দত্ত ও রত্নমণী দাস ও রাধাকান্ত শর্ম্মা ও শৈয়দ আবদুল জলিল ও রামদাস কুণ্ড নামে পৃথক্ হিসাব হওয়া ও তাহা উস্বল হওয়াতে ছাড়িয়া দেওয়ার অভিপ্রায় জমা ... ৫০২।।১১

বাকী ... ... ... ... ১৩৯০৶৪

F. WALTON,
*Offg. Collector.*

---

## NOTICE.

An Exhibition of Live Stock, Agricultural produce and Implements will be held at Hooghly, in the last week of December. Among the Prizes some will be offered to general competition, others will be open to Exhibitors from the Districts of the Burdwan and Nuddea Divisons only. Prize List will be published hereafter.

C. F. MONTRESOR,
*Commr. of the Burdwan Division.*
H. L. DAMPIER,
*Commr. of the Nuddea Division.*

## বিজ্ঞাপন।

ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে হুগলীতে জীবজন্তুর ও কৃষিকার্য্য সম্পর্কীয় উৎপন্ন দ্রব্যের ও হাতিয়ারের প্রদর্শন হইবে। পুরস্কারের মধ্যে কতক সর্ব্ব স্থানীয় প্রতিযোগিদের ও অন্য সকল কেবল বর্দ্ধমান ও নদীয়া এলাকার প্রদর্শকদিগের প্রাপ্য হইতে পারিবে। পুরস্কারের ফর্দ্দ ইহার পরে প্রকাশ করা যাইবে।

সি এফ মনট্রেসর,
বর্দ্ধমান এলাকার কমিসনর।
ও
এচ এল ডাম্পিয়র,
নদীয়া এলাকার কমিসনর।

---

Wanted a Head Clerk and 2nd Clerk for the Account Branch of this Office. The salary of the former is 50 Rupees, and the latter 35 Rupees per mensem. Application with Testimonials must be sent Post paid to the undersigned.

H. C. SUTHERLAND,
*Offg. Collector.*

ZILLAH BACKERGUNGE;
COLLECTOR'S OFFICE,
*The 24th June* 1865.

অত্রাফিসের একাওন্টেন্ট সেরেস্তায় মাসিক ৫০৲ টাকা বেতনে এক জন হেড ক্লার্ক ও ৩৫৲ টাকায় ১ জন দ্বিতীয় ক্লার্ক নিযুক্ত হইবেক উক্ত কর্ম্ম দ্বয়ের প্রার্থনায় যাঁহারা দরখাস্ত করিতে ইচ্ছা করেন তাঁহারা কৃত কার্য্যের দলিল সহ দরখাস্ত ডাক মাসুল দিয়া আমার নিকট পাঠাইবেন।

এচ সি সদরলাণ্ড,
একটিং কালেক্টর।

জেলা বাকরগঞ্জ কালেকুটরী
আফিস ২৪ জুন ১৮৬৫।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্তিহার।

## বিজ্ঞাপন।

ফোর্ট উইলিয়ম রাজ-ধানীস্থ হাই কোর্টের আপিলী ক্ষমতাক্রমে ইং ১৮৬৫ সালের জানুআরি মাস হইতে নিষ্পন্ন দেওয়ানী ও মোৎফরকা এবং দশ আকুট সং-ক্রান্ত মোকদ্দমার আবশ্যকীয় নজীরের বাঙ্গালা অনু-বাদ অস্মদাদির তত্ত্বাবধারণে প্রস্তুত ও "ভবানীপুরস্থ অপূর্ব্ব রত্নোদয় যন্ত্রে" মুদ্রিত হইতে আরম্ভ হইয়াছে। সমুদয় মাসের নিষ্পত্তি পক্ষান্তে একবার করিয়া মাসে দুই খণ্ডে প্রকাশিত হইবে। বিগত জানুআরি মাসের অর্দ্ধেকের নিষ্পত্তি আগামী পনের দিবসের মধ্যেই প্রকাশ করা যাইতে পারিবে। গ্রাহকবর্গের সুবিধা জন্য দেওয়ানী ও মোৎফরকা মোকদ্দমার নজীর গুলি এক খণ্ডে ও দশ আকুট সংক্রান্ত নজীর সকল পৃথক্ আর এক খণ্ডে মুদ্রিত হইবে। সুতরাং প্রতিপক্ষে দুই খণ্ড ও প্রতিমাসে চারিখণ্ড করিয়া পুস্তক প্রকাশিত হইবেক।

| | |
|---|---|
| বার্ষিক অগ্রিম মূল্য। | ২৪৲ টাকা। |
| ষাণ্মাসিক, ঐ ঐ। | ১৩৲ টাকা। |
| ত্রৈমাসিক, ঐ ঐ। | ৭৲ টাকা। |
| কেবল দেওয়ানী ও মোৎফরকা নজী-রের প্রত্যেক খণ্ডের মূল্য। | ১৲ টাকা। |
| কেবল দশ আকুট সংক্রান্ত নজীরের প্রত্যেক খণ্ডের মূল্য। | ।০ আনা। |
| এতদ্ব্যতীত ডাকমাসুল ইত্যাদি বাবত বার্ষিক | ২৲ টাকা। |

গ্রাহক মহোদয়গণ নিম্নোক্ত ব্যক্তিগণের মধ্যে যে কোন ব্যক্তির নিকট স্ব স্ব নাম ধামের নিদর্শন সহিত অগ্রিম মূল্যের টাকা এবং ডাকমাসুল পাঠাইলেই নিতিদতে পুস্তক প্রাপ্ত হইতে পারিবেন।

শ্রীচন্দ্রমাধব ঘোষ।
শ্রীকালীমোহন দাস।
শ্রীশ্রীনাথ বন্দ্যোপাধ্যায়।
হাই কোর্টের উকীলগণ

ভবানীপুর
সন ১৮৬৫। ২০ জুন
কলিকাতা।

---

জমীদার ও প্রজাসম্বন্ধীয় আইন।

রেবিনিউ বোর্ডকর্ত্তৃক প্রকাশিত ১৮৫৯ সালের ১০ আইন ও ১৮৬২ সালের ৬ আইন ও তৎসংক্রান্ত নজীর ও বোর্ডের নিয়মাবলি এবং পত্তনী নীলামের আইন বাঙ্গালায় দ্বিতীয়বার মুদ্রিত হইল মূল্য ২।০।

শ্রীতারকনাথ দত্ত।
উকীল হাই কোর্ট, ১৪ নং উকীলের ঘর।

১ জুলাই ১৮৬৫।
কলিকাতা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ৪ জুলাই।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত তামস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 11, 1865.

মঙ্গলবার ১৮৬৫ সাল ১১ জুলাই।


## HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 7th April 1865, and is hereby promulgated for general information :—

Act No. XV of 1865.

*An Act to define and amend the Law relating to Marriage and Divorce among the Parsees.*

[Preamble.]

WHEREAS the Parsee community has presented the necessity of defining and amending the Law relating to Marriage and Divorce among Parsees; And whereas it is expedient that such Law should be made conformable to the customs of the said Community; It is enacted as follows :—

I.—*Preliminary.*

[Short Title.]

I. This Act may be cited as "The Parsee Marriage and Divorce Act, 1865."

## হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

মন্ত্রিসভাগত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত পশ্চাৎ লিখিত আইনে উক্ত মহিমবর ১৮৬৫ সালের ৭ আপ্রিল তারিখে আপন সম্মতি দিলেন, অতএব তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৫ সালের ১৫ আইন।

পারসী লোকদিগের বিবাহ ও বিবাহবিচ্ছেদ সম্পর্কীয় ব্যবস্থা অবধারণ ও সংশোধনার্থ আইন।

[হেতুবাদ।]

পারসী লোকদিগের বিবাহ ও বিবাহবিচ্ছেদ সম্পর্কীয় ব্যবস্থা অবধারণ ও সংশোধন করা আবশ্যক, পারসী সম্প্রদায় এমত আবেদন করিয়াছে, এবং সেই ব্যবস্থা উক্ত সম্প্রদায়ের আচারের অনুরূপ করা বিহিত, এই হেতু পশ্চাৎ লিখিত বিধান প্রচার করা গেল।

(১) পরিভাষা।

[সংক্ষেপ নাম।]

১ ধারা। এই আইন "১৮৬৫ সালের পারসী বিবাহ ও বিবাহবিচ্ছেদ বিষয়ক আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

[Interpretation clause.]

II. In this Act, unless there be something repugnant in the subject or context—

[Number.]

Word in the singular number include the plural and words in the plural number include the singular.

["Priest."]

"Priest" means a Parsee Priest and includes Dastúr and Mobed.]

["Marriage." "Husband" and "Wife."]

"Marriage" means a marriage between Parsees whether contracted before or after the commencement of this Act; and "Husband" and "Wife", respectively mean a Parsee husband and a Parsee wife.

["Section."]

"Section" means a Section of this Act.

["Chief Justice."]

"Chief Justice" includes Senior Judge.

["Court."]

"Court" means a Court constituted under this Act.

["British India."]

"British India" means the Territories which are or shall be vested in Her Majesty or Her successors by the Statute 21 and 22 Vic. cap. 106, entitled "An Act for the better Government of India."

["Local Government." "High Court."]

And, in any part of British India in which this Act operates, "Local Government" means the person authorized to administer Executive Government in such part of India, or the Chief Executive Officer of such part when it is under the immediate administration of the Governor General of India in Council, and when such Officer shall be authorized to exercise the powers vested by this Act in a Local Government; and "High Court" means the highest Civil Court of appeal in such part.

II.—*Of Marriages between Parsees.*

[Requisites to validity of Parsee marriages.]

III. No marriage contracted after the commencement of this Act shall be valid if the contracting parties are related to each other in any of the degrees of consanguinity or affinity prohibited among Parsees and set forth in a Table which the Governor General of India in Council shall, after due enquiry, publish in the *Gazette of India*, and unless such marriage shall be solemnized according to the Parsee form or ceremony

[অর্থ করণের ধারা।]

২ ধারা। বিষয় কি পূর্ব্বাপর কথা বুঝিয়া অসঙ্গত বোধ না হইলে এই আইনে—

[বচন।]

একবচনান্ত শব্দে বহুবচনের সেই শব্দ ও বহুবচনান্ত শব্দে একবচনের সেই শব্দও বুঝাইবে।

["পুরোহিত।"]

"পুরোহিত" শব্দে পারসী পুরোহিতকে বুঝাইবে, ও তাহার মধ্যে দাস্তুর ও মোবেদ পরিগৃহীত।

["বিবাহ" ও "পতি" ও "পত্নী"।]

"বিবাহ" শব্দে এই আইনের প্রবলতা আরম্ভ হইবার পূর্ব্বে কি পরে পারসী লোকদের মধ্যে কৃত বিবাহ বুঝাইবে, এবং "পতি" কি "পত্নী" শব্দে পারসী পতি কি পারসী পত্নীকে বুঝাইবে।

["ধারা"।]

"ধারা" শব্দে এই আইনের ধারা বুঝাইবে।

["চীফ জুষ্টিস"।]

"চীফ জুষ্টিস" এই শব্দে প্রধান বিচারকর্ত্তাকেও বুঝাইবে।

["আদালত"।]

"আদালত" শব্দে এই আইনমতে স্থাপিত কোন আদালতকে বুঝাইবে।

["ব্রিটনীয় ভারতবর্ষ"।]

মহারাণী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের ব্যবস্থার ১০৬ অধ্যায়ের (অর্থাৎ ভারতবর্ষ পূর্ব্বাপেক্ষা উত্তমরূপে শাসন করিবার আইনের) বলে যত দেশ শ্রীমতী মহারাণীর কি তাঁহার উত্তরাধিকারিদের প্রতি অর্শে কি অর্শিবে, "ব্রিটনীয় ভারতবর্ষ" শব্দে সেই সমুদয় দেশ বুঝাইবে।

["স্থানীয় গবর্ণমেণ্ট" ও "হাই কোর্ট।"]

ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন অংশে এই আইন প্রবল হইবে, "স্থানীয় গবর্ণমেণ্ট" এই কথাতে সেই অংশে রাজকার্য্য নির্ব্বাহ করিতে ক্ষমতাপন্ন ব্যক্তিকে, অথবা সেই অংশ মন্ত্রিসভাগত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অব্যবহিত কর্তৃত্বাধীন হইলে যদি এই আইনের বলে স্থানীয় গবর্ণমেণ্টকে প্রদত্ত ক্ষমতানুসারে কর্ম্ম করিবার অধিকার তথাকার রাজকার্য্য নির্ব্বাহক প্রধান কার্য্যকারককে দত্ত হইয়া থাকে, তবে সেই কার্য্যকারককেও বুঝাইবে। ও "হাই কোর্ট" শব্দে তথাকার প্রধান দেওয়ানী আপীল আদালত বুঝাইবে ইতি।

## (২) পারসী লোকদের বিবাহের কথা।

[পারসী লোকদের বিবাহ সিদ্ধ হইবার জন্যে যাহাং আবশ্যক তাহার কথা।]

৩ ধারা। জ্ঞাতি কি কুটুম্বিতাঘটিত যেরূপ নিকট সম্বন্ধ থাকিলে পারসীদের মধ্যে বিবাহ নিষিদ্ধ হয়, তদ্বিষয়ক উচিত অনুসন্ধান করিয়া মন্ত্রিসভাগত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব তাহার তালিকা ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করিবেন। বিবাহের পক্ষ ব্যক্তিদ্বয়ের মধ্যে যদি সেই তালিকাতে নির্দ্দিষ্ট নিকট সম্বন্ধ থাকে, কিম্বা যদি পারসী লোকদের "আশীর্ব্বাদ" নামে রীতি বা ধর্ম্মকর্ম্মানুসারে পারসী কোন পুরোহিতদ্বারা অথচ উক্ত বিবাহসাধক পুরোহিত ভিন্ন

called "A'sírvád" by a Parsee Priest in the presence of two Parsee witnesses independently of such officiating Priest; and unless, in the case of any Parsee who shall not have completed the age of twenty-one years, the consent of his or her father or guardian shall have been previously given to such marriage.

[Re-marriage save after divorce unlawful during life-time of first wife or husband.]

IV. No Parsee shall, after the commencement of this Act, contract any marriage in the life-time of his or her wife or husband, except after his or her lawful divorce from such wife or husband, by sentence of a Court as hereinafter provided; and every marriage contracted contrary to the provisions of this Section shall be void.

[Punishment of Bigamy.]

V. Every Parsee who shall, after the commencement of this Act and during the life-time of his or her wife or husband, contract any marriage without having been lawfully divorced from such wife or husband, shall be subject to the penalties provided in Sections four hundred and ninety-four and four hundred and ninety-five of the Indian Penal Code for the offence of marrying again during the life-time of a husband or wife.

[Certificate and registry of marriages.]

VI. Every marriage contracted after the commencement of this Act shall, immediately on the solemnization thereof, be certified by the officiating Priest in the form contained in the Schedule to this Act. The certificate shall be signed by the said Priest, the contracting parties, or their fathers or guardians when they shall not have completed the age of twenty-one years, and two witnesses present at the marriage; and the said Priest shall thereupon send such certificate, together with a fee of two Rupees, to be paid by the husband, to the Registrar of the place at which such marriage is solemnized. The Registrar on receipt of the certificate and fee shall enter the certificate in a register to be kept by him for that purpose, and shall be entitled to retain the fee.

[Appointment of Registrar.]

VII. For the purpose of this Act a Registrar shall be appointed, who may be the Registrar appointed under Act XVI of 1864 *(to provide for the Registration of Assurances.)* Within the local limits of the ordinary original Civil jurisdiction of a High Court, the Registrar shall be appointed by the Chief Justice of such Court, and, without such limits, by the Local Government. Every Registrar so appointed may be removed by the

অন্য দুই জন পারসী সাক্ষির সাক্ষাতে বিবাহ সাধন না হয়, কিম্বা সম্পূর্ণ একবিংশতি বৎসর বয়ঃক্রমের ন্যূন বয়স্ক পারসী লোক হইলে যদি তাহার বিবাহের প্রতি পিতার কি অভিভাবকের সম্মতি পূর্ব্বে দত্ত না হইয়া থাকে, তবে এই আইনের প্রবলতার আরম্ভকালের পরে কৃত এমত কোন বিবাহ সিদ্ধ হইবে না ইতি।

[বিবাহবিচ্ছেদ না হইলে প্রথম পত্নীর কি পতির বর্ত্তমানে পুনর্ব্বিবাহ ব্যবস্থাবিরুদ্ধ হইবার কথা।]

৪ ধারা। ইহার পশ্চাতে নির্দ্দিষ্ট বিধানমতে আদালতের আজ্ঞাক্রমে ব্যবস্থাসিদ্ধ বিবাহবিচ্ছেদদ্বারা অগ্রে পত্নী কি পতিহইতে বিয়োগ না হইলে এই আইনের প্রবলতার আরম্ভকালের পরে পত্নীর কি পতির বর্ত্তমানে কোন পারসী লোকের বিবাহ হইতে পারিবে না। এবং এই ধারার বিধানের বিপরীতে যে কোন বিবাহ হয়, তাহা অসিদ্ধ হইবে ইতি।

[দ্বিবিবাহের দণ্ডের কথা।]

৫ ধারা। ব্যবস্থাসিদ্ধ বিবাহের বিচ্ছেদক্রমে পত্নী কি পতিহইতে বিয়োগ না হইলে এই আইনের প্রবলতার আরম্ভের পরে যদি ঐ পত্নী কি পতি বর্ত্তমানে কোন পারসী লোকের বিবাহ হয়, তবে পতি কি পত্নীর জীবৎকালে পুনর্ব্বিবাহ করণ জন্য অপরাধের যেই দণ্ড ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৯৪ ও ৪৯৫ ধারাতে নির্দ্দিষ্ট আছে, ঐ ব্যক্তি সেই দণ্ডের যোগ্য হইবে ইতি।

[বিবাহের সর্টিফিকট ও রেজিস্টরীর কথা।]

৬ ধারা। এই আইনের প্রবলতার আরম্ভকালের পরে যে কোন বিবাহ হয়, তৎসাধন হইবামাত্র সাধনকারি পুরোহিত এই আইনের শেষে সংযুক্ত তফসীলের পাঠে তাহার সর্টিফিকট দিবেন। উক্ত পুরোহিত ও বিবাহের পক্ষ দুই ব্যক্তি কিম্বা তাহাদের সম্পূর্ণ একবিংশতি বৎসর বয়স না হইলে তাহাদের পিতারা কি অভিভাবকেরা ও বিবাহে উপস্থিত দুই জন সাক্ষী সেই সর্টিফিকটে স্বাক্ষর করিবেন। পরে উক্ত বিবাহ যে স্থানে সাধন হইল, ঐ পুরোহিত তথাকার রেজিষ্ট্রারের নিকটে সেই সর্টিফিকট ও তৎসহ দুই টাকা ফী পাঠাইবেন। এই ফী দেওয়া বরের কর্ত্তব্য। রেজিষ্ট্রার সেই সর্টিফিকট ও ফী পাইলে তদভিপ্রায়ে আপনার রক্ষণীয় রেজিস্টরী বহীতে সেই সর্টিফিকট তুলিয়া লইবেন ও সেই ফী রাখিতে স্বত্ববান্ হইবেন ইতি।

[রেজিষ্ট্রারকে নিযুক্ত করিবার কথা।]

৭ ধারা। এই আইনের অভিপ্রায় সাধনার্থে রেজিষ্ট্রার নিযুক্ত হইবেন। যে ব্যক্তি ১৮৬৪ সালের ১৬ আইনমতে (অর্থাৎ নিদর্শনপত্র রেজিস্টরী করিবার বিধান করণার্থ আইনমতে) রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হন, তিনি সেই রেজিষ্ট্রারও হইতে পারিবেন। হাই কোর্টের সাধারণ প্রথমস্থলীর দেওয়ানী বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে উক্ত রেজিষ্ট্রার হাই কোর্টের চীফ জুষ্টিস সাহেবের দ্বারা, ও সেই সীমার বাহিরে স্থানীয় গবর্ণমেণ্টদ্বারা নিযুক্ত হইবেন।

Chief Justice or Local Government appointing him.

[Marriage Register to be open for Public inspection.]

VIII. The Register of Marriages mentioned in the sixth Section shall, at all reasonable times, be open for inspection, and certified extracts therefrom shall, on application, be given by the Registrar on payment to him by the applicant of two Rupees for each such extract. Every such register shall be evidence of the truth of the statements therein contained.

[Penalty for solemnizing marriage contrary to Section 4.]

IX. Any Priest knowingly and wilfully solemnizing any marriage contrary to and in violation of the fourth Section shall, on conviction thereof, be punished with simple imprisonment for a term which may extend to six months, or with fine which may extend to two hundred Rupees, or with both.

[Penalty for Priest's neglect of requirements of Section 6.]

X. Any Priest neglecting to comply with any of the requisitions affecting him contained in the sixth Section shall, on conviction thereof, be punished for every such offence with simple imprisonment for a term which may extend to three months, or with fine which may extend to one hundred Rupees, or with both.

[Penalty for omitting to subscribe and attest the certificate.]

XI. Every other person required by the sixth Section to subscribe or attest the said certificate who shall wilfully omit or neglect so to do shall, on conviction thereof, be punished for every such offence with a fine not exceeding one hundred Rupees.

[Penalty for making, &c., false certificate.]

XII. Every person making, or signing, or attesting any such certificate containing a statement which is false, and which he either knows or believes to be false, or does not know to be true, shall be deemed to be guilty of the offence of forgery as defined in the Indian Penal Code, and shall be liable, on conviction thereof, to the penalties provided in Section four hundred and sixty-six of the said Code.

[Penalty for failing to register certificate.]

XIII. Any Registrar failing to enter the said certificate pursuant to the sixth Section shall be punished with simple imprisonment for a term



তদ্রূপ নিযুক্ত কোন রেজিষ্ট্রার যে চীফ জষ্টিস সাহেবের দ্বারা কি যে স্থানীয় গবর্ণমেণ্টের দ্বারা নিযুক্ত হইয়াছেন, তিনি তাঁহারই দ্বারা পদচ্যুত হইতে পারিবেন ইতি।

[বিবাহের রেজিষ্টর বহী সাধারণের পরিদর্শনার্থে সুগম হইবার কথা।]

৮ ধারা। বিবাহের যে রেজিষ্টর বহীর উল্লেখ ৬ ধারাতে হইল, তাহা যুক্তিযুক্ত সকল সময়ে সাধারণের পরিদর্শনার্থে সুগম হইবে, এবং তাহাহইতে উদ্ধৃত প্রামাণিক কথার নিমিত্তে প্রার্থনা করা গেলে রেজিষ্ট্রারি তদ্রূপ উদ্ধৃত প্রত্যেক কথার উপর প্রার্থনাকারি ব্যক্তির স্থানে দুই টাকা ফী লইয়া ঐ প্রামাণিক উদ্ধৃত কথা দিবেন। উক্ত প্রকারের কোন রেজিষ্টর তন্মধ্যে লিখিত কথার সত্যতার প্রমাণ বলিয়া গ্রাহ্য হইবে ইতি।

[চতুর্থ ধারার বিপরীতে বিবাহ সাধনের দণ্ড।]

৯ ধারা। যে কোন পুরোহিত জানিয়া শুনিয়া ইচ্ছাক্রমে এই আইনের চতুর্থ ধারা লঙ্ঘনপূর্ব্বক তাহার বিপরীত মতে কোন বিবাহ সাধন করেন, তাঁহার সেই দোষ সপ্রমাণ হইলে তাঁহার ছয় মাসের অনধিক কোন কাল পর্য্যন্ত সাধারণ কারাদণ্ড কি দুই শত টাকার অনধিক অর্থদণ্ড কি সেই উভয় দণ্ড হইবে ইতি।

[৬ ধারার আদেশ না মানিলে পুরোহিতের যে দণ্ড হয় তাহার কথা।]

১০ ধারা। যে কোন পুরোহিত আপনার সম্পর্কীয় ৬ ধারার কোন আজ্ঞামতে কর্ম্ম করিতে ত্রুটি করেন, তাঁহার দোষ সপ্রমাণ হইলে তিন মাসের অনধিক কাল পর্য্যন্ত তাঁহার সাধারণ কারাদণ্ড কি এক শত টাকার অনধিক অর্থদণ্ড কি সেই উভয় দণ্ড হইবে ইতি।

[সর্টিফিকটে স্বাক্ষর করিয়া সাক্ষ্য দিতে ত্রুটি করিবার দণ্ডের কথা।]

১১ ধারা। অন্য যে কোন ব্যক্তির প্রতি উক্ত সর্টিফিকটে স্বাক্ষর করিবার কি সাক্ষ্য দিবার আদেশ ৬ ধারার বলে হয়, তিনি যদি তাহা করিতে ইচ্ছাপূর্ব্বক ত্রুটি কি শৈথিল্য করেন, তবে তাঁহার দোষ সপ্রমাণ হইলে এমত প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার একশত টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

[অসত্য সর্টিফিকট করণ প্রভৃতি কর্ম্মের যে দণ্ড তাহার কথা।]

১২ ধারা। উক্ত প্রকারের কোন সর্টিফিকটে অসত্য কোন কথা থাকিলে যে কোন ব্যক্তি তাহা অসত্য জানে কি জ্ঞান করে কি তাহা যে সত্য ইহা না জানে, সে যদি এমত কোন সর্টিফিকট প্রস্তুত করে কি তাহাতে স্বাক্ষর করে কি তৎপক্ষে সাক্ষ্য দেয়, তবে সে ভারতবর্ষের দণ্ডবিধির আইনে নির্ণীত জাল করণ অপরাধের অপরাধী বলিয়া গণ্য হইবে, ও সেই অপরাধ সপ্রমাণ হইলে উক্ত আইনের ৪৬৬ ধারার নির্দ্দিষ্ট দণ্ড তাহার প্রতি বর্ত্তিবে ইতি।

[সর্টিফিকট রেজিষ্টরী না করিবার দণ্ডের কথা।]

১৩ ধারা। যে কোন রেজিষ্ট্রার ৬ ধারামতে উক্ত সর্টিফিকট তুলিয়া লইতে ত্রুটি করেন, তাঁহার এক বৎসরের অনধিক কাল পর্য্যন্ত কারাদণ্ড কিম্বা এক

which may extend to one year, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Penalty for secreting, destroying, or altering the Register.]

XIV. Any person secreting, destroying, or dishonestly or fraudulently altering the said register in any part thereof, shall be punished with imprisonment of either description as defined in the Indian Penal Code, for a term which may extend to two years, or, if he be a Registrar, for a term which may extend to five years, and shall also be liable to fine which may extend to five hundred Rupees.

### III.—*Of Parsee Matrimonial Courts.*

[Constitution of special Courts under this Act.]

XV. For the purposes of hearing suits under this Act, a special Court shall be constituted in each of the Presidency Towns of Calcutta, Madras, and Bombay, and in such other places in the Territories of the several Local Governments as such Governments respectively shall think fit.

[Parsee Chief Matrimonial Courts.]

XVI. The Court so constituted in each of the Presidency Towns shall be entitled the Parsee Chief Matrimonial Court of Calcutta, Madras or Bombay, as the case may be. The local limits of the jurisdiction of a Parsee Chief Matrimonial Court shall be conterminous with the local limits of the ordinary original Civil jurisdiction of the High Court. The Chief Justice of the High Court, or such other Judge of the same Court as the Chief Justice shall from time to time appoint, shall be the Judge of such Matrimonial Court, and, in the trial of cases under this Act, he shall be aided by eleven Delegates.

[Parsee District Matrimonial Courts.]

XVII. Every Court so constituted at a place other than a Presidency Town shall be entitled the Parsee District Matrimonial Court of such place. Subject to the provisions contained in the next following Section, the local limits of the jurisdiction of such Court shall be conterminous with the limits of the District in which it is held. The Judge of the principal Court of original Civil jurisdiction at such place shall be the Judge of such matrimonial Court, and, in the trial of cases under this Act, he shall be aided by seven Delegates.

[*Government Gazette*, 11*th July* 1865.]

সহস্র টাকার অনধিক অর্থদণ্ড কি সেই উভয় দণ্ড হইবে ইতি।

[সেই রেজিস্টর গুপ্ত কি নষ্ট কি অন্যথা করিবার দণ্ডের কথা।]

১৪ ধারা। যে কোন ব্যক্তি উক্ত রেজিষ্টর গোপন করে কি নষ্ট করে কিম্বা অযথার্থ কি প্রতারক ভাবে কোন অংশক্রমে তাহার অন্যথা করে, তাহার দুই বৎসরের অনধিক কাল পর্য্যন্ত ভারতবর্ষের দণ্ডবিধির আইনে নির্ণীত অন্যতর প্রকারের কারাদণ্ড, কিম্বা যদি সেই ব্যক্তি রেজিষ্ট্রার হন, তবে পাঁচ বৎসরের অনধিক কাল পর্য্যন্ত কারাদণ্ড হইবে, এবং পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

### (৩) পারসী লোকদের বিবাহ বিষয়ক আদালতের কথা।

[এই আইনমতে বিশেষ আদালত স্থাপনের কথা।]

১৫ ধারা। এই আইনমতে মোকদ্দমা শুনিবার অভিপ্রায়ে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই এই তিনের প্রত্যেক প্রেসিডেন্সী নগরে, এবং স্থানীয় গবর্ণমেন্ট সকল আপন২ অধীন প্রদেশের যে২ স্থান উপযুক্ত জ্ঞান করিবেন সেই২ স্থানেও বিশেষ আদালত স্থাপন করিতে হইবে ইতি।

[পারসী লোকদের বিবাহ সম্বন্ধীয় প্রধান আদালতের কথা।]

১৬ ধারা। তদ্রূপ যে আদালত প্রেসিডেন্সী নগরে স্থাপিত হয়, তাহা কলিকাতার অথবা মান্দ্রাজের অথবা বোম্বাইয়ের পারসী লোকদের বিবাহ সম্বন্ধীয় প্রধান আদালত বলিয়া খ্যাত হইবে। হাই কোর্টের সাধারণ প্রথমস্থলীয় দেওয়ানী বিচারাধিপত্যের যে স্থানীয় সীমা, তাহার সহিত পারসী লোকদের বিবাহ সম্বন্ধীয় প্রধান আদালতের স্থানীয় সীমা মিলিবে। হাই কোর্টের চীফ জুষ্টিস সাহেব, কিম্বা সেই কোর্টের অন্য যে জজ সময়ে২ চীফ জুষ্টিসদ্বারা নিযুক্ত হইবেন তিনি ঐ বিবাহ সম্বন্ধীয় আদালতের জজ হইবেন, এবং এই আইনমতের মোকদ্দমার বিচার করণে এগারো জন প্রতিনিধি তাঁহার সহকারী হইবেন ইতি।

[পারসী লোকদের বিবাহ সম্বন্ধীয় জিলার আদালতের কথা।]

১৭ ধারা। তদ্রূপ যে কোন আদালত প্রেসিডেন্সী নগর ভিন্ন অন্য স্থানে স্থাপিত হয়, তাহা সেই স্থানের পারসী লোকদের বিবাহ সম্বন্ধীয় জিলার আদালত বলিয়া খ্যাত হইবে। তদ্রূপ আদালত যে জিলাতে হয় তাহার সীমার সহিত ইহার অব্যবহিত পরের ধারার বিধানের অধীনে ঐ আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমা মিলিবে। তথাকার প্রথমস্থলীয় দেওয়ানী বিচারাধিপত্য বিশিষ্ট প্রধান আদালতের যে জজ তিনি ঐ বিবাহ সম্বন্ধীয় আদালতের জজ হইবেন, এবং এই আইনমতের মোকদ্দমার বিচার করণে সাত জন প্রতিনিধি তাঁহার সহকারী হইবেন ইতি।

[Power to alter territorial jurisdiction of District Courts.]

**XVIII.** The Local Government may from time to time alter the local limits of the jurisdiction of any Parsee District Matrimonial Court, and may include within such limits any number of Districts under its government.

[Certain Districts to be within the jurisdiction of the Chief Matrimonial Court.]

**XIX.** Any District which the Local Government, on account of the fewness of the Parsee inhabitants, shall deem it inexpedient to include within the jurisdiction of any District Matrimonial Court shall be included within the jurisdiction of the Parsee Chief Matrimonial Court for the Territories under such Local Government where there is such Court.

[Court Seal.]

**XX.** A seal shall be made for every Court constituted under this Act, and all decrees and orders, and copies of decrees and orders of such Court, shall be sealed with such seal, which shall be kept in the custody of the presiding Judge.

[Appointment of Delegates.]

**XXI.** The Local Government shall, in the Presidency Towns and Districts subject to their respective Governments, respectively appoint persons to be Delegates to aid in the adjudication of cases arising under this Act. The persons so appointed shall be Parsees; their names shall be published in the Official Gazette; and their number shall, within the local limits of the ordinary original Civil jurisdiction of a High Court, be not more than thirty, and in Districts beyond such limits not more than twenty.

[Power to appoint new Delegates.]

**XXII.** The appointment of a Delegate shall be for life. But whenever a Delegate shall die, or be desirous of relinquishing his office, or refuse or become incapable or unfit to act, or be convicted of an offence under the Indian Penal Code or other Law for the time being in force, then and so often the Local Government may appoint any other person being a Parsee to be a Delegate in his stead, and the name of the person so appointed shall be published in the Official Gazette.

[Delegates to be deemed public servants.]

**XXIII.** All Delegates appointed under this Act shall be considered to be public servants within the meaning of the Indian Penal Code.

[জিলার আদালতের স্থানীয় বিচারাধিপত্য অন্যথা করিবার ক্ষমতার কথা।]

১৮ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ পারসী লোকদের বিবাহ সম্বন্ধীয় কোন জিলার আদালতের বিচারাধিপত্যের স্থানীয় সীমা পরিবর্ত্তন করিতে, ও আপন কর্ত্তৃত্বের অধীন যত জিলা ইচ্ছা করেন তত জিলা সেই সীমার মধ্যে পরিগৃহীত করিতে পারিবেন ইতি।

[বিশেষ২ জিলা বিবাহ বিষয়ক প্রধান আদালতের বিচারাধিপত্যের অন্তর্গত হইবার কথা।]

১৯ ধারা। বিশেষ কোন জিলাতে অত্যল্প পারসী লোক বাস করাতে যদি স্থানীয় গবর্ণমেণ্টের এমত বোধ হয় যে কোন জিলার বিবাহ সম্বন্ধীয় আদালতের বিচারাধিপত্যের মধ্যে তাহা পরিগৃহীত করা বিহিত নয়, তবে উক্ত স্থানীয় গবর্ণমেণ্টের অধীন প্রদেশে পারসী লোকদের বিবাহ সম্বন্ধীয় প্রধান আদালত থাকিলে ঐ জিলা সেই প্রধান আদালতের বিচারাধিপত্যের মধ্যে পরিগৃহীত হইবে ইতি।

[আদালতের মোহর।]

২০ ধারা। এই আইনমতে স্থাপিত প্রত্যেক আদালতের জন্যে বিশেষ এক মোহর প্রস্তুত করিতে হইবে, সেই মোহর সভাপতি জজের রক্ষণে থাকিবে, ও সেই আদালতের সকল ডিক্রী ও আজ্ঞা এবং তদ্রূপ ডিক্রী ও আজ্ঞার প্রতিলিপি ঐ মোহরে মোহরাঙ্কিত হইবে ইতি।

[প্রতিনিধিদিগকে নিযুক্ত করিবার কথা।]

২১ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট সকল আপনং কর্ত্তৃত্বের অধীন প্রেসিডেন্সী নগরে ও জিলাতে এই আইনমতে উপস্থিত মোকদ্দমার বিচারে সহকারি প্রতিনিধিদিগকে নিযুক্ত করিবেন। সেই পদে পারসী লোকদিগকে নিযুক্ত করিতে হইবে, এবং রাজকীয় গেজেটে তাঁহাদের নাম প্রকাশ করিতে হইবে, এবং হাই কোর্টের সাধারণ প্রথমস্থলীয় দেওয়ানী বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে তাঁহাদের সংখ্যা ত্রিশ জনের অধিক, ও উক্ত সীমার বহির্ভূত জিলাতে বিংশতি জনের অধিক হইবে ইতি।

[নূতন প্রতিনিধি নিযুক্ত করিবার ক্ষমতার কথা।]

২২ ধারা। প্রতিনিধির নিয়োগ যাবজ্জীবন থাকিবে। কিন্তু কোন প্রতিনিধি প্রাণত্যাগ করিলে কি আপন পদ ত্যাগ করিতে চাহিলে কি কর্ম্ম করিতে অসম্মত কি অসমর্থ কি অযোগ্য হইলে কিম্বা ভারতবর্ষের দণ্ডবিধির আইনমতে কি সময়ক্রমে প্রবল অন্য আইনমতে তাঁহার কোন অপরাধের প্রমাণ হইলে, স্থানীয় গবর্ণমেণ্ট এমত প্রত্যেক স্থলে তাঁহার পরিবর্ত্তে প্রতিনিধি হইবার জন্যে অন্য কোন পারসী লোককে নিযুক্ত করিতে পারিবেন, ও যে ব্যক্তি তদ্রূপ নিযুক্ত হইবেন তাঁহার নাম রাজকীয় গেজেটে প্রকাশ করিতে হইবে ইতি।

[প্রতিনিধিরা রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবেন ইহার কথা।]

২৩ ধারা। এই আইনমতে যে সকল প্রতিনিধি নিযুক্ত হইবেন, তাঁহারা ভারতবর্ষের দণ্ডবিধির আইনের তাৎপর্য্যানুসারে রাজকীয় কার্য্যকারক বলিয়া গণ্য হইবেন ইতি।

[Selection of Delegates under Sections 16 and 17 to be from those appointed under Section 21.]

XXIV. The Delegates selected under the sixteenth and seventeenth Sections to aid in the adjudication of suits under this Act shall be taken, under the orders of the presiding Judge of the Court, in due rotation from the Delegates appointed by the Local Government under the twenty-first Section.

[Practitioners in Matrimonial Courts.]

XXV. All Advocates, Vakeels, and Attornies-at-Law entitled to practise in High Court shall be entitled to practise in any of the Courts constituted under this Act; and all Vakeels entitled to practise in a District Court shall be entitled to practise in any District Matrimonial Court constituted under this Act.

[Court in which suits to be brought. When defendant has left British India.]

XXVI. All suits instituted under this Act shall be brought in the Court within the limits of whose jurisdiction the defendant resides at the time of the institution of the suit. When the defendant shall at such time have left British India, such suit shall be brought in the Court at the place where the plaintiff and defendant last resided together.

IV.—*Of Matrimonial Suits.*

(*a.*) *For a Decree of Nullity.*

[In case of lunacy or mental unsoundness.]

XXVII. If a Parsee at the time of his or her marriage was a lunatic or of habitually unsound mind, such marriage may, at the instance of his or her wife or husband, be declared null and void upon proof that the lunacy or habitual unsoundness of mind existed at the time of the marriage and still continues. Provided that no suit shall be brought under this Section if the plaintiff shall, at the time of the marriage, have known that the respondent was a lunatic or of habitually unsound mind.

[In case of non-consummation owing to physical causes.]

XXVIII. In any case in which consummation of the marriage is from natural causes, impossible, such marriage may, at the instance of either party thereto, be declared to be null and void.

(*b.*) *For a Decree of Dissolution in case of Absence.*

[In case of absence for seven years.]

XXIX. If a husband or wife shall have been continually absent from his or her wife or husband

[১৬ ও ১৭ ধারামতে উল্লিখিত প্রতিনিধিদিগকে ২১ ধারামতে নিযুক্ত প্রতিনিধিদের মধ্যহইতে মনোনীত করিবার কথা।]

২৪ ধারা। এই আইনমতে মোকদ্দমার বিচারে সহকারী হইবার জন্যে ১৬ ও ১৭ ধারামতে যে প্রতিনিধিদিগকে মনোনীত করিতে হয়, তাঁহাদিগকে ২১ ধারামতে স্থানীয় গবর্ণমেন্টের নিযুক্ত প্রতিনিধিগণের মধ্যহইতে আদালতের সভাপতি জজ সাহেবের আজ্ঞার অধীনে উচিত পর্য্যায়ক্রমে গ্রহণ করিতে হইবে ইতি।

[উকীল প্রভৃতি যে লোকেরা বিবাহ সম্বন্ধীয় আদালতে কর্ম্ম করিতে পারিবেন তাহার কথা।]

২৫ ধারা। যে সকল আড্‌বোকেট কি উকীল কি টর্নী হাই কোর্টে কর্ম্ম করিতে স্বত্ববান তাঁহারা এই আইনমতে স্থাপিত সকল আদালতেও কর্ম্ম করিতে স্বত্ববান হইবেন, এবং যে সকল উকীল জিলার আদালতে কর্ম্ম করিতে স্বত্ববান তাঁহারা এই আইনমতে স্থাপিত বিবাহ সম্বন্ধীয় জিলার আদালতেও কর্ম্ম করিতে স্বত্ববান হইবেন ইতি।

[যে আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে হয় তাহার কথা, এবং যে প্রতিবাদী ব্রিটনীয় ভারতবর্ষ ত্যাগ করিয়াছে তাহার কথা।]

২৬ ধারা। এই আইনমতে কোন মোকদ্দমা উপস্থিত করিলে সেই মোকদ্দমা উপস্থিত করিবার সময়ে প্রতিবাদী যাহার বিচারাধিপত্যের সীমার মধ্যে বাস করে, সেই আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে। উক্ত সময়ে যদি প্রতিবাদী ব্রিটনীয় ভারতবর্ষ ত্যাগ করিয়া থাকে, তবে ঐ বাদী ও প্রতিবাদী যে স্থানে শেষবারে একত্র বাস করিয়াছে, সেই স্থানের আদালতে ঐ মোকদ্দমা উপস্থিত করিতে হইবে ইতি।

## (৪) বিবাহ সম্বন্ধীয় মোকদ্দমার কথা।

(ক) অসিদ্ধতার ডিক্রীর জন্যে।

[ক্ষিপ্ততার কি মানসিক অসুস্থতার স্থলে।]

২৭ ধারা। পারসী কোন ব্যক্তি বিবাহকালে ক্ষিপ্ত কি নিত্য অসুস্থমনা থাকিলে যদি এমত প্রমাণ দেওয়া যায় যে তাহার সেই ক্ষিপ্ততা কি মনের নিত্য অসুস্থতা বিবাহ কালে ছিল ও এখন পর্য্যন্ত আছে, তবে তাহার পত্নীর অথবা তাহার পতির প্রার্থনাক্রমে সেই বিবাহ অসিদ্ধ ও ব্যর্থ বলিয়া প্রচারিত হইতে পারিবে। কিন্তু প্রতিবাদী যে ক্ষিপ্ত কি নিত্য অসুস্থমনা, ইহা যদি বিবাহকালে বাদী জ্ঞাত হইয়া থাকে, তবে এই ধারামতের মোকদ্দমা উপস্থিত করিতে পারা যাইবে না ইতি।

[শারীরিক বাধা প্রযুক্ত বিবাহঘটিত কার্য্যের অসাধ্যতা স্থলে।]

২৮ ধারা। যে কোন স্থলে শারীরিক বিকলতা প্রযুক্ত বিবাহঘটিত কার্য্যের সাধন হইতে পারে না, এমত স্থলে অন্যতর পক্ষের প্রার্থনাক্রমে সেই বিবাহ অসিদ্ধ ও ব্যর্থ বলিয়া প্রচারিত হইতে পারিবে ইতি।

(খ) অনুপস্থানের স্থলে বিয়োজনার্থ ডিক্রীর জন্যে।

[সাত বৎসর অবধি অনুপস্থিত থাকিবার স্থলে।]

২৯ ধারা। কোন ব্যক্তি যদি অনবরত সাত বৎসর অবধি আপন পত্নীর কি পতির নিকটে অনুপস্থিত

for the space of seven years, and shall not have been heard of as being alive within that time by those persons who would naturally have heard of him or her had he or she been alive, the marriage of such husband or wife may, at the instance of either party thereto, be dissolved.

### (c.) *For Divorce or Judicial Separation.*

[On the ground of the wife's adultery. On the ground of the husband's adultery, &c.]

XXX. Any husband may sue that his marriage may be dissolved, and a divorce granted, on the ground that his wife has, since the celebration thereof, been guilty of adultery; and any wife may sue that her marriage may be dissolved, and a divorce granted, on the ground that, since the celebration thereof, her husband has been guilty of adultery with a married, or fornication with an unmarried woman not being a prostitute, or of bigamy coupled with adultery, or of adultery coupled with cruelty, or of adultery coupled with wilful desertion for two years or upwards, or of rape, or of an unnatural offence. In every such suit for divorce on the ground of adultery the plaintiff shall, unless the Court shall otherwise order, make the person with whom the adultery is alleged to have been committed a co-defendant, and in any such suit by the husband the Court may order the adulterer to pay the whole or any part of the costs of the proceedings.

[Grounds of judicial separation.]

XXXI. If a husband treat his wife with such cruelty or personal violence as to render it, in the judgment of the Court, improper to compel her to live with him, or if his conduct afford her reasonable grounds for apprehending danger to life or serious personal injury, or if a prostitute be openly brought into or allowed to remain in the place of abode of a wife by her own husband, she shall be entitled to demand a judicial separation.

[Suits for divorce or judicial separation.]

XXXII. In a suit for divorce or judicial separation under this Act, if the Court be satisfied of the truth of the allegations contained in the plaint, and that the offence therein set forth has not been condoned, and that the husband and wife are not colluding together, and that the plaintiff has not connived at, or been accessory to the said offence, and that there has been no unnecessary or improper delay in instituting the suit and that there is no other legal ground why relief should not be granted, then and in such case, but not otherwise, the Court shall decree a divorce or judicial separation accordingly.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ১১ জুলাই।]

হইয়া থাকে, ও জীবৎ থাকিলে যাহারা স্বভাবতঃ তাহার কোন সংবাদ পাইত তাহারা সেই কালের মধ্যে জীবৎ আছে বলিয়া তাহার বিষয়ে কোন সংবাদ না পাইয়া থাকে, তবে অন্যতর পক্ষের প্রার্থনাক্রমে এমত পতির কি পত্নীর বিবাহের বিয়োজন হইতে পারিবে ইতি।

### (গ) বিবাহবিচ্ছেদের জন্যে কি বিচারাজ্ঞাদ্বারা পৃথক্ করণের জন্যে।

[পত্নীর ব্যভিচার প্রযুক্ত কি পতির ব্যভিচারাদি দোষ প্রযুক্ত।]

৩০ ধারা। বিবাহ সাধনের পরে আমার পত্নী ব্যভিচার দোষে দোষিণী হইয়াছে, এই হেতু করিয়া প্রত্যেক পতি আপন বিবাহের বিয়োজনার্থে ও বিবাহ বিচ্ছেদের অনুমত্যর্থে মোকদ্দমা করিতে পারিবেন। এবং বিবাহ সাধনের পরে আমার পতি সধবা কোন স্ত্রীর সহিত পরদারগমন, কি বেশ্যা ভিন্ন অন্য অধবা স্ত্রীর সহিত ব্যভিচার, কিম্বা পরদারগমন সংযুক্ত দ্বিবিবাহ, কিম্বা নিষ্ঠুরতাযুক্ত পরদারগমন, কিম্বা দুই বৎসর কি অধিক কালাবধি স্বেচ্ছাপূর্ব্বক ত্যাগযুক্ত পরদারগমন, কি বলাৎকার, কি স্বভাববিরুদ্ধ অপরাধ, ইহার কোন দোষে দোষী হইয়াছে, এই হেতু করিয়া প্রত্যেক পত্নী আপন বিবাহের বিয়োজনার্থে ও বিবাহ বিচ্ছেদের অনুমত্যর্থে মোকদ্দমা করিতে পারিবেন। এমত ব্যভিচার হেতুমূলক বিবাহবিচ্ছেদার্থ প্রত্যেক মোকদ্দমাতে আদালতের অন্য আজ্ঞার অভাবে, যে ব্যক্তির সহিত ব্যভিচার হইয়াছে এমন কথা হয়, তাহাকে বাদী সহপ্রতিবাদী করিবে, এবং পতিকর্ত্তৃক এমত মোকদ্দমা উপস্থাপিত হইলে আদালত বিচারকার্য্যের সমুদয় খরচ কি তাহার কোন অংশ দিবার আজ্ঞা ঐ পারদারিক ব্যক্তিকে দিতে পারিবেন ইতি।

[বিচারাজ্ঞাদ্বারা পৃথক্ করণের হেতু।]

৩১ ধারা। যদি কোন পতি আপন পত্নীর সহিত এমত দুরন্ত কি শারীরিক অত্যাচারযুক্ত ব্যবহার করে, যে আদালতের বিচারানুসারে সেই পত্নীকে পতির সহিত থাকিবার আজ্ঞা দেওয়া অবিহিত হয়, কিম্বা যদি পতির আচার ব্যবহারে প্রাণনাশের কি গুরুতর শারীরিক হানির আশঙ্কা হইবার যুক্তিযুক্ত হেতু হয়, কিম্বা যদি পতি আপনি আপন পত্নীর বাসস্থানে কোন বেশ্যাকে আনে কি থাকিতে দেয়, তবে বিচারাজ্ঞাদ্বারা পৃথক্ হইবার প্রার্থনা করিবার স্বত্ব সেই পত্নীর হইবে ইতি।

[বিবাহবিচ্ছেদার্থ কি বিচারাজ্ঞাদ্বারা পৃথক্করণার্থ মোকদ্দমার কথা।]

৩২ ধারা। এই আইনমতের বিবাহবিচ্ছেদার্থ কি বিচারাজ্ঞাদ্বারা পৃথক্করণার্থ মোকদ্দমাক্রমে যদি আদালত হৃদ্বোধমতে জানিতে পান যে নালিশপত্রে পরিগৃহীত কথা সত্য বটে, ও তথায় উল্লিখিত অপরাধের প্রশমন হয় নাই, এবং পতি ও পত্নী কুভাবে একপরামর্শ হয় নাই, এবং বাদী উক্ত অপরাধের উপেক্ষা কি সাহায্য করে নাই, ও মোকদ্দমা উপস্থিত করিতে অনাবশ্যক কি অনুপযুক্ত বিলম্ব হয় নাই, ও প্রতিকারের অনুমতি না দিবার ব্যবস্থাসিদ্ধ অন্য কোন কারণ নাই, তবে এমত স্থলে আদালত ঐ নালিশ অনুসারে বিবাহবিচ্ছেদের কি বিচারাজ্ঞাদ্বারা পৃথক্ করণের ডিক্রী করিবেন, কিন্তু তাহা না হইলে তদ্রূপ ডিক্রী করিবেন না ইতি।

[Alimony *pendente lite.*]

XXXIII. In any suit under this Act for divorce or judicial separation, if the wife shall not have an independent income sufficient for her support and the necessary expenses of the suit, the Court, on the application of the wife, may order the husband to pay her monthly or weekly during the suit such sum, not exceeding one-fifth of the husband's net income, as the Court, considering the circumstances of the parties, shall think reasonable.

[Permanent alimony.]

XXXIV. The Court may, if it shall think fit on any decree for divorce or judicial separation, order that the husband shall, to the satisfaction of the Court, secure to the wife such gross sum, or such monthly or periodical payments of money for a term not exceeding her life as, having regard to her own property (if any), her husband's ability and the conduct of the parties shall be deemed just, and for that purpose may require a proper instrument to be executed by all necessary parties and suspend the pronouncing of its decree until such instrument shall have been duly executed. In case any such order shall not be obeyed by her husband, he shall be liable to damages at her suit, and further to be sued by any person supplying her with necessaries, during the time of such disobedience, for the price of value of such necessaries.

[Payment of alimony to wife or to her trustee.]

XXXV. In all cases in which the Court shall make any decree or order for alimony, it may direct the same to be paid either to the wife herself, or to any trustee on her behalf to be approved by the Court, and may impose any terms or restrictions which to the Court may seem expedient, and may from time to time appoint a new trustee if for any reason it shall appear to the Court expedient so to do.

*(d.) For Restitution of Conjugal Rights.*

[Suit for restitution of conjugal rights.]

XXXVI. Where a husband shall have deserted or without lawful cause ceased to cohabit with his wife, or where a wife shall have deserted or without lawful cause ceased to cohabit with her husband, the party so deserted or with whom cohabitation shall have so ceased may sue for the restitution of his or her conjugal rights, and the Court, if satisfied of the truth of the allegations contained in the plaint, and that there is no just

[মোকদ্দমা চলিবার সময়ে গ্রাসাচ্ছাদন দিবার কথা।]

৩৩ ধারা। এই আইনমতে বিবাহবিচ্ছেদার্থ কি বিচারাজ্ঞাদ্বারা পৃথক্‌করণার্থ মোকদ্দমাক্রমে যদি আপন গ্রাসাচ্ছাদনের ও মোকদ্দমাঘটিত আবশ্যক অর্থব্যয়ের জন্যে প্রচুর স্বতন্ত্র আয় পত্নীর না থাকে, তবে সেই পত্নীর প্রার্থনাক্রমে আদালত পতিকে এমত আজ্ঞা দিতে পারিবেন, যে তাহাকে মোকদ্দমা চলিবার সময় ব্যাপিয়া তাহার শুদ্ধ আয়ের পঞ্চমাংশের অনধিক যত টাকা আদালত পক্ষদ্বয়ের অবস্থা বুঝিয়া যুক্তিযুক্ত জ্ঞান করেন, তত টাকা মাসে২ কি সপ্তাহে২ আপন পত্নীকে দিতে হইবে ইতি।

[চিরস্থায়ি গ্রাসাচ্ছাদনার্থ টাকা দিবার কথা।]

৩৪ ধারা। বিবাহবিচ্ছেদের কি বিচারাজ্ঞাদ্বারা পৃথক্ হওনের ডিক্রীক্রমে যদি আদালত উপযুক্ত বোধ করেন, তবে এমত আজ্ঞা করিতে পারিবেন যে, পত্নীর নিজ সম্পত্তি থাকিলে তাহা বুঝিয়া এবং পতির সামর্থ্য ও উভয় পক্ষের আচার ব্যবহার বুঝিয়া যত টাকা ন্যায্য বোধ হয়, এক কালে মোটে তত টাকা, অথবা পত্নীর জীবনকালের অনধিক কাল পর্য্যন্ত মাসিক কি সাময়িক কিস্তিং করিয়া তত টাকা পত্নীকে দিবার নিশ্চিত উপায় পতির করিতে হইবে। ও সেই অভিপ্রায়ে আদালত উপযুক্ত নিদর্শনপত্র প্রস্তুত করিবার ও প্রয়োজনীয় পক্ষ ব্যক্তি সমুদায়কে তাহাতে স্বাক্ষর করিবার আজ্ঞাও দিতে পারিবেন, ও উক্ত নিদর্শনপত্র যাবৎ উচিত মতে স্বাক্ষরীকৃত না হয় তাবৎ আপন ডিক্রীর প্রচার স্থগিত রাখিতে পারিবেন। যদি পতি এমত কোন আজ্ঞামতে কর্ম্ম না করে, তবে পত্নীর কৃত মোকদ্দমাক্রমে সে ক্ষতি পূরণ করিবার যোগ্য হইবে, এবং তদ্রূপ অনাজ্ঞাবহতার কাল ব্যাপিয়া যে কোন ব্যক্তি তাহার পত্নীকে প্রয়োজনীয় দ্রব্য যোগাইয়া দেয় সেও ঐ প্রয়োজনীয় দ্রব্যের দাম কি মূল্য পাইবার জন্যে পতির নামে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবে ইতি।

[গ্রাসাচ্ছাদনার্থ টাকা পত্নীকে কি তাহার ট্রষ্টিকে দিবার কথা।]

৩৫ ধারা। যদি আদালত কোন মোকদ্দমাক্রমে গ্রাসাচ্ছাদনার্থ টাকা দিবার ডিক্রী কি আজ্ঞা করেন, তবে সাক্ষাৎ সম্বন্ধে সেই পত্নীকে কি তাহার পক্ষে আদালতের অনুমোদিত কোন ট্রষ্টিকে টাকা দেওয়া উচিত এমত আদেশ করিতে পারিবেন, এবং আদালত যাহা উপযুক্ত জ্ঞান করেন তদ্রূপ নিয়ম কি সীমা নিরূপণ করিতে পারিবেন। ও কোন কারণে বিহিত জ্ঞান করিলে আদালত সময়ে২ অন্য ট্রষ্টিকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

(ঘ) বিবাহমূলক স্বত্বের পুনর্ভোগের নিমিত্তে।

[বিবাহমূলক স্বত্বের পুনর্ভোগার্থ মোকদ্দমার কথা।]

৩৬ ধারা। কোন পতি যদি আপন পত্নীকে ত্যাগ করিয়া থাকে কি ব্যবস্থাসিদ্ধ কারণ বিনা তাহার সহিত সহবাস করণহইতে নিবৃত্ত হইয়া থাকে, অথবা কোন পত্নী যদি আপন পতিকে ত্যাগ করিয়া থাকে কি ব্যবস্থাসিদ্ধ কারণ বিনা তাহার সহিত সহবাস করণহইতে নিবৃত্তা হইয়া থাকে, তবে সেই ত্যক্ত কি সহবাসহইতে বঞ্চিত ব্যক্তি বিবাহমূলক স্বত্বের পুনর্ভোগার্থ মোকদ্দমা উপস্থিত করিতে পারিবে, তাহাতে যদি আদালত হৃষ্টবোধমতে জানিতে পান যে নালিশপত্রে

ground why relief should not be granted, may proceed to decree such restitution of conjugal rights accordingly. If such decree shall not be obeyed by the party against whom it is passed, he or she shall be liable to be punished with simple imprisonment for a term which may extend to one month, or with fine which may extend to two hundred Rupees, or with both.

[No suit to be brought to enforce marriage or contract arising out of marriage when husband under sixteen years or wife under fourteen years.]

XXXVII. Notwithstanding anything hereinbefore contained, no suit shall be brought in any Court to enforce any marriage between Parsees or any contract connected with or arising out of any such marriage if, at date of the institution of the suit, the husband shall not have completed the age of sixteen years, or the wife shall not have completed the age of fourteen years.

[Suits may be heard with closed doors.]

XXXVIII. In every suit preferred under this Act the case shall be tried with closed doors should such be the wish of either of the parties.

[Stamps on plaints and petitions.]

XXXIX. Every plaint and petition of appeal preferred under this Act shall bear a stamp of thirty-two Rupees, and all other instruments and writings of the kind specified as requiring a stamp in Schedule B to Act No. X. of 1862 *(to consolidate and amend the Law relating to Stamp Duties)* and exhibited in a suit under this Act shall be stamped in accordance with the provisions of the said Act No. X. of 1862.

[Provisions of Civil Procedure Code to apply in suits under this Act.]

XL. The provisions of the Code of Civil Procedure shall, so far as the same may be applicable, apply to suits instituted under this Act.

[Determination of questions of law and procedure and of fact.]

XLI. In suits under this Act all questions of law and procedure shall be determined by the presiding Judge; but the decision on the facts shall be the decision of the majority of the Delegates before whom the case is tried.

[Appeal to High Court.]

XLII. An appeal shall lie to the High Court from the decision of any Court established under

উল্লিখিত কথা সত্য বটে, ও প্রতিকার না করিবার ন্যায্য কোন কারণ নাই, তবে উক্ত বিবাহমূলক স্বত্বের পুনর্ভোগের ডিক্রী করিতে পারিবেন। সেই ডিক্রী যাহার নামে হয় সেই পক্ষ ব্যক্তি যদি তম্মত কর্ম্ম না করে, তবে এক মাসের অনধিক কাল পর্য্যন্ত তাহার সাধারণ কারাদণ্ড কিম্বা দুই শত টাকার অনধিক অর্থদণ্ড কি এই উভয় দণ্ড হইতে পারিবে ইতি।

[ষোল বৎসরের ন্যূন বয়স্ক পতির নামে কিম্বা চৌদ্দ বৎসরের ন্যূন বয়স্কা পত্নীর নামে বিবাহ কিম্বা বিবাহমূলক কোন বন্দোবস্ত প্রবল করণার্থ মোকদ্দমা উপস্থিত করা অকর্ত্তব্য ইহার কথা।]

৩৭ ধারা। পারসী লোকদের কোন বিবাহ কিম্বা এমত বিবাহমূলক কি তৎসম্পর্কীয় কোন বন্দোবস্ত প্রবল করণার্থ মোকদ্দমার আরম্ভকালে যদি পতির সম্পূর্ণ ষোল বর্ষ বয়ঃক্রম অথবা পত্নীর সম্পূর্ণ চৌদ্দ বৎসর বয়ঃক্রম না হইয়া থাকে, তবে কোন আদালতে এমত মোকদ্দমা উপস্থিত করিতে হইবে না। তদ্রূপ মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি ইহার পূর্ব্বলিখিত কোন কথাতে হইবে না ইতি।

[মোকদ্দমা শ্রবণ কালে বিচারস্থানের দ্বার বন্ধ হইতে পারে ইহার কথা।]

৩৮ ধারা। এই আইনমতের কোন মোকদ্দমা উপস্থিত করা গেলে যদি অন্যতর পক্ষ এমত ইচ্ছা করে যে বিচারের সময়ে দ্বার বন্ধ থাকে, তবে দ্বার বন্ধ করিয়া সেই মোকদ্দমার বিচার করিতে হইবে ইতি।

[নালিশপত্রে ও প্রার্থনাপত্রে যে ইষ্টাম্প লাগে তাহার কথা।]

৩৯ ধারা। এই আইনমতে যে কোন নালিশপত্র কি আপীলের প্রার্থনাপত্র দাখিল করা যায়, তাহাতে ৩২৲ টাকার ইষ্টাম্প লাগিবে, এবং ১৮৬২ সালের ১০ আইনের (অর্থাৎ ইষ্টাম্প মাসুলের আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের) B চিহ্নিত তফসীলের নির্দ্দেশানুসারে অন্য২ যে প্রকারের নিদর্শনপত্রে ও লিপিতে ইষ্টাম্প লাগে, সেই২ প্রকারের নিদর্শনপত্র কি লিপি যদি এই আইনমতের কোন মোকদ্দমাক্রমে দাখিল করা যায়, তবে উক্ত ১৮৬২ সালের ১০ আইনের বিধানমতে তাহাতে ইষ্টাম্প দিতে হইবে ইতি।

[দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ব্যবস্থার বিধান এই আইনমতের মোকদ্দমাতে বর্ত্তিবে ইহার কথা।]

৪০ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ব্যবস্থার বিধান এই আইনমতে উপস্থিত মোকদ্দমার প্রতি যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে সেই পর্য্যন্ত বর্ত্তিবে ইতি।

[ব্যবস্থা ও কার্য্যপ্রণালী সম্পর্কীয় প্রশ্ন ও ঘটনা সম্পর্কীয় প্রশ্ন নিষ্পন্ন করিবার কথা।]

৪১ ধারা। এই আইনমতের সকল মোকদ্দমাতে সভাপতি জজ ব্যবস্থা ও কার্য্যপ্রণালী সম্পর্কীয় সমুদয় কথা নিষ্পন্ন করিবেন, কিন্তু যে প্রতিনিধিদের সম্মুখে মোকদ্দমার বিচার হয় তাঁহাদের অধিকাংশের নিষ্পত্ত্যনুসারে ঘটনা সম্পর্কীয় সকল কথা নিষ্পন্ন হইবে ইতি।

[হাই কোর্টে আপীল হইবার কথা।]

৪২ ধারা। নিষ্পত্তি কোন ব্যবস্থার বিপরীত কিম্বা ব্যবস্থাবৎ বলবিশিষ্ট কোন দেশাচারের বিপরীত আছে

this Act, whether a Chief Matrimonial Court or a District Matrimonial Court, on the ground of the decision being contrary to some law or usage having the force of law, or of a substantial error or defect in the procedure or investigation of the case which may have produced error or defect in the decision of the case upon the merits, and on no other ground: Provided that such appeal be instituted within three calendar months after the decision appealed from shall have been pronounced.

[Liberty to parties to marry again.]

XLIII. When the time hereby limited for appealing against any decree dissolving a marriage shall have expired and no appeal shall have been presented against such decree, or when any such appeal shall have been dismissed, or when, in the result of any appeal, any marriage shall be declared to be dissolved, but not sooner, it shall be lawful for the respective parties thereto to marry again as if the prior marriage had been dissolved by death.

V.—*Of the Children of the Parties.*

[Custody of children *pendente lite.* Orders as to custody of children after final decree.]

XLIV. In any suit under this Act for obtaining a judicial separation or a decree of nullity of marriage, or for dissolving a marriage, the Court may from time to time pass such interim orders and make such provision in the final decree as it may deem just and proper with respect to the custody, maintenance, and education of the children under the age of sixteen years the marriage of whose parents is the subject of such suit, and may, after the final decree, upon application by petition for this purpose, make from time to time all such orders and provisions with respect to the custody, maintenance, and education of such children as might have been made by such final decree or by interim orders in case the suit for obtaining such decree were still pending.

[Settlement of wife's property for benefit of children.]

XLV. In any case in which the Court shall pronounce a decree of divorce or judicial separation for adultery of the wife, if it shall be made to appear to the Court that the wife is entitled to any property either in possession or reversion, the Court may order such settlement as it shall think reasonable to be made of such property or any part thereof for the benefit of the children of the marriage or any of them.

[*Government Gazette*, 11*th July* 1865.]

অথবা মোকদ্দমার কার্য্যপ্রণালী কি অনুসন্ধানক্রমে গুরুতর ভ্রম কি অসম্পূর্ণতা হওয়াতে মোকদ্দমার গুণাগুণ বিষয়ক নিষ্পত্তিতে কোন ভ্রম কি অসম্পূর্ণতা হইয়াছে এমত বোধ হয়, কেবল এই হেতু বশতঃ এই আইনমতে স্থাপিত কোন আদালতহইতে অর্থাৎ বিবাহ সম্বন্ধীয় প্রধান কি জিলার আদালতহইতে হাই কোর্টে আপীল হইতে পারিবে, কিন্তু এতদ্ভিন্ন অন্য কোন কারণে হইতে পারিবে না। আপীল করিতে গেলে যে নিষ্পত্তির উপর আপীল হয় তাহা প্রচারিত হওন অবধি পঞ্জিকানুযায়ি তিন মাসের মধ্যে আপীল করিতে হইবে ইতি।

[পক্ষ ব্যক্তিদের পুনর্ব্বিবাহ করিবার ক্ষমতার কথা।]

৪৩ ধারা। বিবাহ বিয়োজনের ডিক্রীর উপর আপীল করিবার যে কালের সীমা ইহাদ্বারা নিরূপিত হইল সেই কাল অতীত হইলে যদি সেই ডিক্রীর উপর কোন আপীল উপস্থিত না হইয়া থাকে, কিম্বা তদ্রূপ আপীল ডিসমিস হইয়া থাকে, কিম্বা আপীলের ফলস্বরূপে বিবাহের বিয়োজন হইযাছে ইহা প্রচারিত হইয়া থাকে, তবে প্রথম বিবাহ মৃত্যুদ্বারা বিয়োজিত হইবার স্থলের ন্যায় এমত স্থলেও তৎপক্ষ ব্যক্তিরা পুনর্ব্বিবাহ করিতে ক্ষমতাপন্ন হইবে, কিন্তু তৎপূর্ব্বে ক্ষমতাপন্ন হইবে না ইতি।

## (৫) পক্ষ ব্যক্তিদের সন্তানদের কথা।

[মোকদ্দমা চলিবার সময়ে সন্তানদের রক্ষার কথা, ও চূড়ান্ত ডিক্রী হইলে পর সন্তানদের রক্ষা বিষয়ক আজ্ঞার কথা।]

৪৪ ধারা। এই আইনমতে বিচারাজ্ঞাদ্বারা পৃথক্করণার্থ কি বিবাহের অসিদ্ধতার ডিক্রী প্রাপণার্থ কি বিবাহ বিয়োজনার্থ মোকদ্দমা হইলে যে পিতামাতার বিবাহ সেই মোকদ্দমার বিষয় হয়, তাহাদের ষোল বৎসরের ন্যূন বয়স্ক সন্তানদের রক্ষা ও ভরণপোষণ ও শিক্ষা বিষয়ে আদালত যাহা ন্যায্য ও উপযুক্ত জ্ঞান করেন, সময়েং তদ্রূপ কিয়ৎকালস্থায়ি আজ্ঞা করিতে ও চূড়ান্ত ডিক্রীতে তদ্রূপ বিধানও করিতে পারিবেন। এবং চূড়ান্ত ডিক্রী হইলে পরেও যদি সেই অভিপ্রায়ের প্রার্থনাপত্র দাখিল করা যায়, তবে উক্ত চূড়ান্ত ডিক্রীদ্বারা, অথবা সেই ডিক্রী প্রাপণার্থ মোকদ্দমা তখনও মুলতবী থাকিলে কিয়ৎকালস্থায়ি আজ্ঞাদ্বারা আদালত যেমন করিতে পারিতেন, তেমনি সময়েং ঐ সন্তানদের রক্ষা ও ভরণপোষণ ও শিক্ষা বিষয়ক তদ্রূপ আজ্ঞা ও বিধান করিতে পারিবেন ইতি।

[পত্নীর সম্পত্তির বিষয়ে সন্তানদের উপকারার্থ বন্দোবস্তের কথা।]

৪৫ ধারা। যে মোকদ্দমাক্রমে আদালত পত্নীর ব্যভিচার প্রযুক্ত বিবাহবিচ্ছেদের কি বিচারাজ্ঞাদ্বারা পৃথক্ করণের ডিক্রী প্রচার করেন, সেই মোকদ্দমাক্রমে যদি আদালত জানিতে পান যে পত্নী কোন সম্পত্তি ভোগ করিতেছে কি পশ্চাৎ পাইবার অধিকারিণী আছে, তবে সেই বিবাহোৎপন্ন কোন কি সকল সন্তানের উপকারার্থে ঐ সম্পত্তি কি তাহার কোন অংশ বিষয়ক যেরূপ বন্দোবস্ত করা আদালত যুক্তিযুক্ত জ্ঞান করেন, তদ্রূপ বন্দোবস্ত করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

### VI.— *Of the Mode of enforcing Penalties under this Act.*

[Cognizance of offences under this Act.]

XLVI. All offences under this Act may be tried by any Officer exercising the powers of a Magistrate unless the period of imprisonment to which the offender is liable shall exceed that which such Officer is competent to award under the law for the time being in force in the place in which he is employed. When the period of imprisonment provided by this Act exceeds the period that may be awarded by such Officer, the offender shall be committed for trial before the Court of Session.

[Punishment of offences under this Act committed within local limits of High Court.]

XLVII. If any offence which by this Act is declared to be punishable with fine, or with fine and imprisonment not exceeding six months, shall be committed by any person within the local limits of the ordinary original Civil jurisdiction of the High Court, such offence shall be punishable, upon summary conviction, by any Magistrate of Police of the place at which such Court is held.

[Levy of fines by distress.]

XLVIII. All fines imposed under the authority of this Act may, in case of non-payment thereof, be levied by distress and sale of the offender's moveable property by warrant under the hand of the Officer imposing the fine.

[Procedure until return is made to distress warrant.]

XLIX. In case any such fine shall not be forthwith paid, such Officer may order the offender to be arrested and kept in safe custody until the return can be conveniently made to such warrant of distress, unless the offender shall give security to the satisfaction of such Officer for his appearance at such place and time as shall be appointed for the return of the warrant of distress.

[Imprisonment if no sufficient distress.]

L. If upon the return of the warrant it shall appear that no sufficient distress can be had

### (৬) এই আইনমতের দণ্ডাজ্ঞা প্রবল করিবার কথা।

[এই আইনে নির্দ্দিষ্ট অপরাধ যাঁহার বিচার্য্য তাহার কথা।]

৪৬ ধারা। যে কোন কার্য্যকারক মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্ম করেন তিনি এই আইনে নির্দ্দিষ্ট অন্য সকল অপরাধের বিচার করিতে পারিবেন, কেবল অপরাধী যত কালের কারাদণ্ডের যোগ্য হয়, ঐ কার্য্যকারক যদি আপন নিয়োগের স্থানে প্রবল আইনমতে তত কালের কারাদণ্ডাজ্ঞা করিতে না পারেন, তবে এমত অপরাধের বিচার করিতে পারিবেন না। এই আইনের বিধানানুসারে যত কালের কারাদণ্ডাজ্ঞা করিতে হয়, উক্ত কার্য্যকারক যদি তত কালের কারাদণ্ডাজ্ঞা করিতে ক্ষমতাপন্ন নয়, তবে সেশন আদালতের সম্মুখে বিচার হইবার নিমিত্তে সেই অপরাধিকে সমর্পণ করিতে হইবে ইতি।

[এই আইনে নির্দ্দিষ্ট যে অপরাধ হাই কোর্টের স্থানীয় সীমার মধ্যে করা যায় তাহার দণ্ডের কথা।]

৪৭ ধারা। যে অপরাধ এই আইনের আদেশানুসারে অর্থদণ্ডের যোগ্য কিম্বা অর্থদণ্ডের ও ছয় মাসের অনধিক কালের কারাদণ্ডের যোগ্য হয়, এমত অপরাধ যদি হাই কোর্টের সাধারণ প্রথমস্থলীয় দেওয়ানী বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে কেহ করে, তবে এমত হাই কোর্টের অধিবেশন স্থানের পোলীসের কোন মাজিষ্ট্রেট সরাসরীমতে অপরাধ সপ্রমাণ করণপূর্ব্বক তাহার দণ্ড দিতে পারিবেন ইতি।

[ক্রোকদ্বারা অর্থদণ্ড আদায় করিবার কথা।]

৪৮ ধারা। এই আইনের বলে যে কোন অর্থদণ্ডের আদেশ হয় তাহা যদি দেওয়া না যায়, তবে অর্থদণ্ডের আজ্ঞাকারি কার্য্যকারকের স্বাক্ষরীকৃত ওয়ারন্টের বলে অপরাধি ব্যক্তির অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করণদ্বারা ঐ দণ্ডের টাকা আদায় হইতে পারিবে ইতি।

[ক্রোকের ওয়ারন্ট প্রত্যর্পিত হওন পর্য্যন্ত যাহা কর্ত্তব্য তাহার কথা।]

৪৯ ধারা। তদ্রূপ কোন অর্থদণ্ড যদি অবিলম্বে দেওয়া না যায়, তবে ক্রোকের ওয়ারন্টের প্রত্যর্পণযুক্ত সমাচার যাবৎ সুবিধামতে পাওয়া না যায়, তাবৎ ঐ কার্য্যকারক সেই অপরাধি ব্যক্তিকে আসেধ করণপূর্ব্বক সুরক্ষাতে রাখিবার আজ্ঞা করিতে পারিবেন। তথাপি ঐ অপরাধি ব্যক্তি যদি ক্রোকের ওয়ারন্ট প্রত্যর্পণার্থে নিরূপিত স্থানে ও সময়ে উপস্থিত হইবার প্রতিভূ ঐ কার্য্যকারকের সন্তোষজনক মতে দিতে পারে, তবে সেই প্রতিভূ গ্রাহ্য হইতে পারিবে ইতি।

[ক্রোক হইবার যোগ্য দ্রব্যের অকুলানে কারাদণ্ড হইবার কথা।]

৫০ ধারা। ওয়ারন্ট প্রত্যর্পণক্রমে যদি ইহা প্রকাশ পায় যে উক্ত অর্থদণ্ড আদায় করিবার মত

whereon to levy such fine, and the same shall not be forthwith paid, or in case it shall appear to the satisfaction of such Officer, by the confession of the offender or otherwise, that he has not sufficient moveable property whereupon such fine could be levied if a warrant of distress were issued, any such Officer may, by warrent under his hand, commit the offender to prison for any term not exceeding two calendar months when the amount of fine shall not exceed fifty Rupees, and for any term not exceeding four calendar months when the amount shall not exceed one hundred Rupees, and for any term not exceeding six calendar months in any other case, the commitment to be determinable in each of the cases aforesaid on payment of the amount of fine.

প্রচুর পরিমাণে ক্রোক হইবার যোগ্য সম্পত্তি নাই, ও যদি সেই অর্থদণ্ড অবিলম্বে না দেওয়া যায়, অথবা উক্ত কার্য্যকারক যদি অপরাধি ব্যক্তির স্বীকারক্রমে কি প্রকারান্তরে ইহা হৃদ্বোধমতে জানিতে পান যে ক্রোকের ওয়ারণ্ট জারী হইলেও সেই অর্থদণ্ড আদায় করিবার মত প্রচুর তাহার অস্থাবর সম্পত্তি পাওয়া যাইবে না, তবে এমত প্রত্যেক কার্য্যকারক স্বাক্ষরীকৃত ওয়ারন্টের বলে সেই অপরাধিকে কারাগারে সমর্পণ করিতে পারিবেন, অর্থাৎ পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ডের আজ্ঞা হইলে পঞ্জিকানুযায়ি দুই মাসের অনধিক কাল পর্য্যন্ত, কিম্বা এক শত টাকার অনধিক অর্থদণ্ডের আজ্ঞা হইলে পঞ্জিকানুযায়ি চারি মাসের অনধিক কাল পর্য্যন্ত, ও অন্য সকল স্থলে পঞ্জিকানুযায়ি ছয় মাসের অনধিক কাল পর্য্যন্ত তাহাকে কারাবাসে সমর্পণ করিতে পারিবেন, কিন্তু পূর্ব্বোক্ত প্রকারের যে কোন স্থল হউক, অর্থদণ্ডের টাকা দিলেই কারাদণ্ড শেষ হইবে ইতি।

### VII.—*Miscellaneous.*

### (৭) বিবিধ কথা।

[Rules of procedure of Parsee Matrimonial Courts to be made by the High Court.]

[পারসী লোকদের বিবাহসম্বন্ধীয় আদালতের কার্য্যপ্রণালীর যে বিধি তাহা হাই কোর্ট প্রণীত করিবেন ইহার কথা।]

LI. Subject to the provisions contained or referred to in this Act, the High Court shall make such rules and regulations concerning the practise and procedure of the Parsee Chief and District Matrimonial Courts in the Presidency of Government in which such High Court shall be established as it may from time to time consider expedient, and shall have full power from time to time to revoke or alter the same. All such rules, revocations, and alterations shall be published in the Official Gazette.

৫১ ধারা। যে হাই কোর্ট যে প্রেসিডেন্সীতে কি যে গবর্ণমেন্টের অধীন দেশে স্থাপিত হইয়াছে তথাকার পারসী লোকদের বিবাহসম্বন্ধীয় প্রধান ও জিলার আদালতের প্রথা ও কার্য্যপ্রণালী বিষয়ক যেরূপ বিধি ও নিয়ম কখন সময়ে বিহিত জ্ঞান করিবেন, এই আইনে পরিগৃহীত কি উল্লিখিত বিধানের অধীনে ঐ হাই কোর্ট তদ্রূপ বিধি ও নিয়ম করিতে পারিবেন, ও সময়ে তাহা রহিত কি অন্যথা করিবার সম্পূর্ণ ক্ষমতাও তাঁহার থাকিবে। উক্ত সকল বিধি ও তাহা রহিত করণ ও অন্যথা করণ রাজকীয় গেজেটে প্রকাশ করিতে হইবে ইতি।

[Power to invest Chief Executive Officer with powers of Local Government.]

[রাজকার্য্য নির্ব্বাহক প্রধান কার্য্যকারককে স্থানীয় গবর্ণমেন্টের ক্ষমতা দিবার ক্ষমতার কথা।]

LII. The Governor General of India in Council may invest the Chief Executive Officer of any part of British India under the immediate administration of the Government of India with the powers vested by this Act in a Local Government.

৫২ ধারা। এই আইনমতে স্থানীয় গবর্ণমেন্টকে যেরূপ ক্ষমতা দেওয়া গেল, তদ্রূপ ক্ষমতা ভারতবর্ষের গবর্ণমেন্টের অব্যবহিত কর্তৃত্বাধীন ব্রিটনীয় ভারতবর্ষের কোন অংশের রাজকার্য্য নির্ব্বাহক প্রধান কার্য্যকারককে দিতে মন্ত্রিসভাগত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ক্ষমতাপন্ন হইবেন ইতি।

[Commencement and extent of Act.]

[এই আইন যে তারিখ অবধি ও যেং দেশে প্রবল হইবে তাহার কথা।]

LIII. This Act shall commence and take effect on the first day of September 1865, and shall extend to the whole of British India.

৫৩ ধারা। এই আইনের প্রবলতা ১৮৬৫ সালের ১ সেপ্টেম্বর তারিখে আরম্ভ হইবে, ও সমুদয় ব্রিটনীয় ভারতবর্ষের প্রতি বর্ত্তিবে ইতি।

[*Government Gazette*, 11*th July* 1865.]

SCHEDULE.—(*See Section 6.*)

| Date and place of Marriage. | Names of the Husband and Wife. | Condition at the time of Marriage. | Rank or Profession. | Age. | Residence. | Names of the Fathers or Guardians. | Rank or Profession. | Signature of the Officiating Priest. | Signatures of the Witnesses. | Signature of Father or Guardian when Husband or Wife is an infant. |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | |

WHITLEY STOKES,

*Offg. Asst. Secy. to the Govt. of India,*

*Home Dept., (Legislative.)*

তফসীল ( ৬ ধারা দেখ । )

| বিবাহের তারিখ ও স্থান। | পতি ও পত্নীর নাম। | বিবাহকালে অবস্থা। | পদ কি ব্যবসা। | বয়স। | বাসস্থান। | পিতার বা রক্ষকের নাম। | পদ কি ব্যবসা। | বিবাহসাধনকারি পুরোহিতের স্বাক্ষর। | সাক্ষিগণের স্বাক্ষর। | পতি কি পত্নী অপ্রাপ্তব্যবহার হইলে পিতার বা রক্ষকের স্বাক্ষর। |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | |

উইট্‌লি ষ্টোক্‌স,
হোম (অথচ ব্যবস্থাপক) ডিপার্টমেন্টে
ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং আসিস্টান্ট
সেক্রেটারী।

J. WENGER, *Offg. Bengalee Translator.*

[*Government Gazette*, 11*th July* 1865.]

# ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 1212.

APPOINTMENTS.

*The 16th June* 1865.

Sub-Assistant Surgeon Kisto Dhun Ghose to be House Physician to the Medical College Hospital.

Sub-Assistant Surgeon Gopal Chunder Roy to be House Surgeon to the Medical College Hospital.

Sub-Assistant Surgeon Soorjee Narain Sing to have charge of the Dispensary at Darjeeling.

Sub-Assistant Surgeon Bama Churn Chatterjee to have charge of the Dispensary at Satkhira.

Sub-Assistant Surgeon Banee Madhub Bose to have charge of the Vaccine Department at Darjeeling.

*The 20th June* 1865.

Sub-Assistant Surgeon Monohur Dutt is appointed temporarily to the Sub-Division of Cutwa, during the absence, on leave, of Sub-Assistant Surgeon Chunder Nath Biswas.

*The 22nd June* 1865.

Mr. T. E. Ravenshaw, Officiating Commissioner of Cuttack, is vested with the powers of a Sessions Judge in Bal. .re.

*The 23rd June* 1865.

Mr. J. C.mbe to officiate, until further orders, as Joint Magistrate and Deputy Collector of Monghyr.

*The 24th June* 1865.

Lieutenant E. W. Samuells, Probationary Assistant Revenue Surveyor, Fourth or Western Division, is confirmed in that appointment with effect from the 5th instant.

Mr. F. H. McLaughlin to be Secretary to the Local Committee of Public Instruction at Arrah.

Sub-Assistant Surgeon Oodoy Chand Dutt to have charge of the Bhaugulpore Dispensary.

Sub-Assistant Surgeon Kassee Kinkur Mitter to have charge of the Pilgrim Hospital at Gya.

The Revd. Isaac Allen to be a Marriage Registrar at Dacca

*The 26th June* 1865.

Mr. H. Woodrow, M. A., to officiate as Director of Public Instruction, during the absence, on leave, of Mr. W. S. Atkinson, or until further orders.

Mr. H. L. Harrison to officiate as Inspector of Schools, Central Division.

# বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

১২৪২ নম্বর।

নিয়োগ।

১৮৬৫ সাল ১৬ জুন।

সব-আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত কৃষ্ণধন ঘোষ মেডিকাল কালেজ হাস্পিটালের হৌস চিকিৎসক হইবেন।

সব-আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত গোপালচন্দ্র রায় মেডিকাল কালেজ হাস্পিটালের অস্ত্রচিকিৎসা সম্বন্ধীয় হৌস চিকিৎসক হইবেন।

সব-আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত সূর্য্যনারায়ণ সিংহ দারজিলিঙ্গের ঔষধালয়ের কর্ম্মের ভার পাইবেন।

সব-আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বামাচরণ চট্টোপাধ্যায় সাতক্ষীরার ঔষধালয়ের কর্ম্মের ভার পাইবেন।

সব-আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বেণীমাধব বসু দারজিলিঙ্গে গোবীজে টীকা দিবার ডিপার্টমেণ্টের কর্ম্মের ভার পাইবেন।

১৮৬৫ সাল ২০ জুন।

সব-আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত চন্দ্রনাথ বিশ্বাসের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে সব-আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত মনোহর দত্ত কিয়ৎকালের নিমিত্তে কাটওয়া জিলাখণ্ডে নিযুক্ত হইয়াছেন।

১৮৬৫ সাল ২২ জুন।

কটকের একৃটিং কমিসনর শ্রীযুত টি ই রেবনশা সাহেব বালেশ্বরে সেশন জজের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৫ সাল ২৩ জুন।

শ্রীযুত জে কুম সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত মুঙ্গেরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬৫ সাল ২৪ জুন।

চতুর্থ অর্থাৎ পশ্চিম খণ্ডের পরীক্ষার্থি আসিস্টাণ্ট রেবিনিউ সরবেয়র লেপ্টেনেণ্ট শ্রীযুত ই ডবলিউ সামুএল্স সাহেব এই মাসের ৫ তারিখ অবধি উক্ত পদে স্থিরতররূপে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত এফ এচ মাকলাগলিন সাহেব আরার সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটীর সেক্রেটারী হইবেন।

সব-আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত উদয়চাঁদ দত্ত ভাগলপুরের ঔষধালয়ের কর্ম্মের ভার পাইবেন।

সব-আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত কাশীকিঙ্কর মিত্র গয়ার যাত্রিদের হাস্পিটালের কর্ম্মের ভার পাইবেন।

পাদরী শ্রীযুত আইসক আলেন সাহেব ঢাকায় বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৬৫ সাল ২৬ জুন।

শ্রীযুত ডবলিউ এস আটকিন্সন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এচ উড্রু সাহেব এম, এ, সর্ব্বসাধারণের বিদ্যাধ্যাপন কার্য্যের ডাইরেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ এল হারিসন সাহেব মধ্য বিভাগের বিদ্যালয়সমূহের ইনস্পেক্টর হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১১ জুলাই।]

**The following gentlemen to be Visitors of the Presidency Jail under Section VII. of Act V. (B. C.) of 1865, *viz.* :—**

Mr. T. Alcock.

Dr. Chunder Coomar Dey.

Mr. G. K. Meares to be a Third Grade Assistant Superintendent of Police at Deoghur.

*The 27th June* 1865.

Mr. E. G. Glazier to be a Member of the Local Committee of Public Instruction at Backergunge.

*The 28th June* 1865.

Major H. Raban to be Deputy Inspector-General of Police of the Fifth Circle, but to continue to officiate, until further orders, as Private Secretary to the Lieutenant-Governor.

Captain J. M. Graham to be Deputy Inspector-General of Police of the Second Circle.

Mr. D. W. Dundas to be District Superintendent of Police of the Cossyah and Jynteah Hills.

Mr. R. Grant to officiate as District Superintendent of Gowalparah.

Mr. G. J. Cawley to officiate as District Superintendent of Luckimpore, during the absence, on leave, of Lieutenant W. W. Hume, or until further orders.

Baboo Juggodishnath Roy, Assistant Superintendent of Police, is posted to the 24-Pergunnahs.

The following Assistant Superintendents of Police are transferred, *viz.* :—

Mr. J. B. Good, from the 24-Pergunnahs to Hazareebaugh.

Mr. A. Blair, from Purneah to Burdwan.

„ A. King, from Howrah to Chittagong.

„ F. Wilcox, from Darjeeling to Howrah.

„ A. Anley, from Patna to Tirhoot.

„ H. A. Coombs, from Patna to Shahabad.

Lieutenant H. M. Ramsay, from Dinagepore to Maunbhoom.

The following District Superintendents of Police are transferred, *viz* :—

Lieutenant W. L. N. Knyvett, from Dacca to Mymensing.

Mr. T. J. Maltby, from Backergunge to Dacca.

„ H. M. Reilly, from Mymensing to Backergunge.

*The 30th June* 1865.

Mr. J. D. Gordon to officiate as Collector of Customs, Calcutta, during the absence, on leave, of Mr. J. A. Crawford, or until further orders.

Sub-Assistant Surgeon Jadub Kissen Ghose to be House Physician of the Medical College

পশ্চাৎ লিখিত মহাশয়েরা বঙ্গদেশের ১৮৬৫ সালের ৫ আইনের ৭ ধারামতে প্রেসিডেন্সী জেলের পরিদর্শক হইবেন, অর্থাৎ—

শ্রীযুত টি আলকক্ সাহেব।

ডাক্তর শ্রীযুত চন্দ্রকুমার দে।

শ্রীযুত জি কে মিয়র্স সাহেব দেবগড়ে তৃতীয় শ্রেণীর পোলীসের আসিস্টান্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৬৫ সাল ২৭ জুন।

শ্রীযুত ই জি গ্লেজিয়র সাহেব বাকরগঞ্জের সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

১৮৬৫ সাল ২৮ জুন।

মেজর শ্রীযুত এচ রেবান সাহেব পঞ্চম চক্রের পোলীসের ডেপুটী ইনস্পেক্‌টর জেনরল হইবেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর্ সাহেবের প্রাইবেট সেক্রেটারীর কর্ম্ম করিতে থাকিবেন।

কাপ্তান শ্রীযুত জে এম গ্রেহাম সাহেব দ্বিতীয় চক্রের পোলীসের ডেপুটী ইনস্পেক্‌টর জেনরল হইবেন।

শ্রীযুত ডি ডবলিউ ডণ্ডাস সাহেব কাশীয়া ও জয়ন্তী পর্ব্বতের পোলীসের ডিষ্ট্রিক্‌ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত আর গ্রাণ্ট সাহেব গোয়ালপাড়ার ডিষ্ট্রিক্‌ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ ডবলিউ হিউম সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জি জে কালে সাহেব লক্ষ্মীপুরের ডিষ্ট্রিক্‌ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

পোলীসের আসিস্টান্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু জগদীশনাথ রায় ২৪ পরগনায় অবস্থিত হইয়াছেন।

পশ্চাৎ লিখিত পোলীসের আসিস্টান্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবেরা স্থানান্তরে নিযুক্ত হইয়াছেন, অর্থাৎ—

শ্রীযুত জে বি গুড সাহেব ২৪ পরগনাহইতে হাজারীবাগে।

শ্রীযুত এ ব্লেয়ার সাহেব, পূরণিয়াহইতে বর্দ্ধমানে।

„ এ কিং সাহেব, হাবড়াহইতে চাটিগাঁয়ে।

„ এফ উইলকক্স সাহেব, দার্জ্জিলিঙ্গহইতে হাবড়ায়।

শ্রীযুত এ আনলে সাহেব, পাটনাহইতে ত্রিহুতে।

„ এচ এ কুমস্ সাহেব, পাটনাহইতে শাহাবাদে।

লেপ্টেনেন্ট শ্রীযুত এচ এম রামসে সাহেব, দিনাজপুরহইতে মানভূমে।

পশ্চাৎ লিখিত পোলীসের ডিষ্ট্রিক্‌ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবেরা স্থানান্তরে নিযুক্ত হইয়াছেন, অর্থাৎ

লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ এল এন নিবেট সাহেব, ঢাকাহইতে ময়মুনসিংহে।

শ্রীযুত টি জে মল্টবী সাহেব, বাকরগঞ্জহইতে ঢাকায়।

শ্রীযুত এচ এম রাইলী সাহেব, ময়মুনসিংহহইতে বাকরগঞ্জে।

১৮৬৫ সাল ৩০ জুন।

শ্রীযুত জে এ ক্রাফড সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জে ডি গডন সাহেব কলিকাতার কষ্টমের কালেক্টরের কর্ম্ম করিবেন।

সব-আসিস্টান্ট চিকিৎসক শ্রীযুত যাদবকৃষ্ণ ঘোষ মেডিকাল কালেজ হাস্পিটালের হৌস চিকিৎসক

Hospital, with effect from the date on which he may have taken charge.

The following Officers are vested with the powers of a Sudder Ameen, *viz.*:—

Mr. J. B. Shadwell, Assistant Commissioner, Cossyah and Jynteah Hills.

Mr. A. C. Campbell, Personal Assistant to the Commissioner of Assam.

The following Assistant Commissioners are vested with the powers of a Moonsiff in the Districts mentioned :—

Lieutenant A. E. Campbell ... Nowgong.

" N. Lowis ... Luckimpore.

Mr. R. R. Price ... Hazareebaugh.

" J. A. Hopkins .. Maunbhoom.

## LEAVE OF ABSENCE.

*The 24th June* 1865.

Mr. G. Ridsdale, Assistant Superintendent of Police, Pubna, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

*The 28th June* 1865.

Lieutenant W. W. Hume, District Superintendent of Luckimpore, for three months, under the Financial Notification dated 22nd February 1856, from the date on which he may have availed himself of the same.

*The 30th June* 1865.

Mr. J. A. Crawford, Collector of Customs, Calcutta, for three months, from the 8th proximo, under Section 6 of the Covenanted Service Absentee Rules. Mr. Crawford will make over charge of his duties to Mr. J. P. Grant, the Deputy Collector of Customs, who will remain in charge until Mr. Gordon's arrival.

Baboo Srish Chunder Vidyarutna, Deputy Magistrate and Deputy Collector of Junghypore, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may be relieved by his successor.

## NOTIFICATIONS.

*The 24th June* 1865.

The privilege leave of absence for two months granted by the Lord Bishop of Calcutta to the Revd. Dr. P. J. Jarbo, Chaplain of St. James' Church, is confirmed.

*The 26th June* 1865.

It is hereby notified that the Lieutenant-Governor has been pleased to dissolve the Central Committee formed to promote the objects of the Agricultural Exhibition held at Calcutta in January 1864.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ১১ জুলাই।]

হইবেন। তিনি যে তারিখে সেই কর্ম্মের ভার গ্রহণ করেন সেই তারিখ অবধি উক্ত নিয়োগ সফল হইবে।

পশ্চাৎ লিখিত কার্য্যকারকেরা সদর আমীনের ক্ষমতা পাইয়াছেন, অর্থাৎ—

কাশীয়া ও জয়ন্তী পর্ব্বতের আসিষ্টান্ট কমিস্যনর শ্রীযুত জে বি শ্যাডওয়েল সাহেব।

আসামের কমিস্যনর সাহেবের নিজ আসিষ্টান্ট শ্রীযুত এ সি কাম্বেল সাহেব।

পশ্চাৎ লিখিত আসিষ্টান্ট কমিস্যনর সাহেবেরা আপনং নামের পার্শ্বে লিখিত জিলাতে মুনসেফের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন, অর্থাৎ

নৌগাঁয়ে ... লেপ্টেনেন্ট শ্রীযুত এ ই কাম্বেল সাহেব।

লক্ষ্মীপুরে ... " " এন লৌইস সাহেব।

হাজারিবাগে ... শ্রীযুত আর আর প্রাইস সাহেব।

মানভুমে ... শ্রীযুত জে এ হপ্‌কিন্‌স সাহেব।

## ছুটী।

১৮৬৫ সাল ২৪ জুন।

পাবনার পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত জি রিডস্‌ডেল সাহেব যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন, সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৫ সাল ২৮ জুন।

লক্ষ্মীপুরের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্ট লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ ডবলিউ হিউম সাহেব যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন সেই তারিখ অবধি ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুয়ারি তারিখের বিজ্ঞাপনমতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৫ সাল ৩০ জুন।

কলিকাতার কষ্টমের কালেক্টর শ্রীযুত জে এ ক্রাফর্ড সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামি মাসের ৮ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন। তিনি আপন কর্ম্মের ভার কষ্টমের ডেপুটী কালেক্টর শ্রীযুত জে পি গ্রান্ট সাহেবের প্রতি অর্পণ করিবেন, ইনি শ্রীযুত গর্ডন সাহেবের না পঁহুছন পর্য্যন্ত সেই কর্ম্মের ভারপ্রাপ্ত থাকিবেন।

জঙ্গীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্রীশচন্দ্র বিদ্যারত্ন যে তারিখে আপন উত্তরাধিকারিদ্বারা অবকাশ পান সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

## বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ২৪ জুন।

কলিকাতার শ্রীযুত লর্ড বিশপ সাহেব সেন্ট জেম্‌স চর্চের পুরোহিত ডাক্তর শ্রীযুত পি জে জার্বো সাহেবকে দুই মাসের যে অনুগ্রহের ছুটী দেন তাহা স্থিরতর হইয়াছে।

১৮৬৫ সাল ২৬ জুন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৪ সালের জানুআরি মাসে কলিকাতায় কৃষিকার্য্যসম্পর্কীয় যে প্রদর্শন হইয়াছিল, তাহার অভিপ্রায়সাধক প্রধান কমিটী শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতিক্রমে রহিত হইয়াছে।

*The 1st July* 1865.

The Officer in charge of the Sub-Division of Cox's Bazaar, to be ex-officio Assistant to the Superintendent of the Hill Tracts of Chittagong.

*The 4th July* 1865.

Mr. H. Beverley, Officiating Under-Secretary to the Government of Bengal, assumed charge from Mr. J. Geoghegan on the forenoon of the 3rd instant.

---

## NOTIFICATIONS.

*The 19th June* 1865.

Under Section 2 of Act XX. of 1856 it is hereby notified that the provisions of the Act have been brought into operation in the Civil Station of Ranchee, in the District of Lohardugga, from the 1st May last, and that for the purposes of this Act the Villages named in the margin have been united.

Ranchee. Thurpukhna. Chudoree. Hinpeeree. Konka. Sorum.

Under Section 4 of the Act it is also notified that the boundaries of the Union are the following:—On the North, Hutma Village; on the South, the River Kurroo; on the West, Pawatolee Village and the River Kurroo; and on the East, the Villages of Chooteea and Lallpoor and the public road from Dorundah to Hazareebaugh.

Under Section 10 of the Act it is also further notified that the tax to be levied upon the inhabitants will be an assessment according to the circumstances and the property to be protected of the persons liable to the same.

It is hereby notified that the provisions of Section 34, Act V. of 1861, (for the regulation of Police,) have been brought into operation in the Civil Station of Ranchee, the limits of which are described above, from the 1st May last.

---

It is hereby notified that under Section 14 of Act XXII. of 1864, (an Act relating to Military Cantonments,) the Lieutenant-Governor has been pleased to extend the operation of the provisions of Act XX. of 1856 (the Chowkeydaree Act) to the Cantonment of Dorundah, in the District of Lohardugga, from the 1st May last: and under Section 4 of Act XX. of 1856 it is notified that the limits of the Cantonment are those defined in the Map prepared by the Revenue Suveyor, which is in deposit in the Deputy Commissioner's Office at Ranchee, and defined on the ground by pillars of masonry. Under Section 10 of the Act it is also further notified that the tax to be levied upon the inhabitants will be an assessment according to the circumstances and the property to be protected of the persons liable to the same.

[*Government Gazette*, 11*th July* 1865.]

১৮৬৫ সাল ১ জুলাই।

কক্সা বাজার জিলাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক স্বীয় পদের বলে চাটিগাঁয়ের পর্ব্বতীয় প্রদেশের সুপরিন্টেণ্ডেন্টের আসিস্টান্ট হইবেন।

১৮৬৫ সাল ৪ জুলাই।

বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং ছোট সেক্রেটারী শ্রীযুত এচ বেবরলী সাহেব এই মাসের ৩ তারিখের পূর্ব্বাহ্ণে শ্রীযুত জে গিওঘিগাম সাহেবের স্থানে কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

---

## বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ১৯ জুন।

১৮৫৬ সালের ২০ আইনের ২ ধারামতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত আইনের বিধান গত মে মাসের ১ তারিখ অবধি লোহারডগা জিলার অন্তর্গত রাঞ্চি নামক সিবিল মোকামে প্রবল করা গিয়াছে, এবং উক্ত আইনের অভিপ্রায় সাধনার্থে পশ্চাৎ লিখিত গ্রাম সকল, অর্থাৎ রাঞ্চি ও থরপথনা ও চদোরী ও হীনপিরী ও কঙ্কা ও সোরম গ্রাম পরস্পর সংযুক্ত হইল। উক্ত আইনের ৪ ধারামতে আরো সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত সংযোগের সীমা এই২, অর্থাৎ উত্তর সীমা হতমা গ্রাম, দক্ষিণ সীমা করু নদী, পশ্চিম সীমা পাওয়াটোলী গ্রাম ও করু নদী, পূর্ব্ব সীমা চুটিয়া ও লালপুর গ্রাম এবং দরণ্ডাহইতে হাজারিবাগে গমনের রাজপথ।

উক্ত আইনের ১০ ধারামতে আরো সংবাদ দেওয়া যাইতেছে যে তন্নিবাসি ব্যক্তিদিগের প্রতি যে টাক্স ধার্য্য করিতে হইবে তাহা তদধীন লোকদের অবস্থা ও রক্ষণীয় সম্পত্ত্যনুসারে ধার্য্য হইবে।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬১ সালের ৫ আইনের (অর্থাৎ পোলীসের বিধান করণার্থ আইনের) ৩৪ ধারার বিধান গত মাসের ১ তারিখ অবধি রাঞ্চি নামক সিবিল মোকামে প্রবল করা গিয়াছে। উক্ত মোকামের সীমা উপরে বর্ণিত হইল।

---

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৪ সালের ২২ আইনের (অর্থাৎ সৈনিক ছাউনী স্থানবিষয়ক আইনের) ১৪ ধারামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৫৬ সালের ২০ আইনের (অর্থাৎ চৌকীদারী আইনের) বিধান গত মে মাসের ১ তারিখ অবধি লোহারডগা জিলার অন্তর্গত দরণ্ডা কান্টনমেন্টে প্রবল করিয়াছেন। এবং ১৮৫৬ সালের ২০ আইনের ৪ ধারামতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ঐ কান্টনমেন্টের যে সীমা রাজস্বের জরীপী কার্য্যকারকের কৃত ও রাঞ্চির ডেপুটী কমিস্যনর সাহেবের কার্য্যালয়ে রক্ষিত মানচিত্রে নির্দ্দিষ্ট হইয়া উক্ত ভূমিতে ও ইটের গাঁথা স্তম্ভদ্বারা চিহ্নিত হইয়াছে, তাহাই উক্ত কান্টনমেন্টের সীমা হইবে। উক্ত আইনের ১০ ধারামতে আরো সংবাদ দেওয়া যাইতেছে যে তন্নিবাসি ব্যক্তিদিগের স্থানে যে টাক্স আদায় করিতে হইবে তাহা তদধীন লোকদের অবস্থা ও রক্ষণীয় সম্পত্ত্যনুসারে ধার্য্য হইবে।

It is hereby notified that the provisions of Section 34, Act V. of 1861, (for the regulation of Police,) have been brought into operation in the Cantonment of Dorundah from the 1st May last.

Under Section 2 of Act XX. of 1856 it is hereby notified that the provisions of the Act will have effect from this date in the Civil Station and Cantonment of Hazareebaugh and the Villages of Khirgaon, Hoorhooroo, Koorah, Matwarry Saibh, Nowabgunge, Oker, and Hazaree, which shall be united together for the purposes of the Act.

Under Section 4 of the Act it is also notified that the boundaries of the above Union are the following, *viz.*:—

*North.*—A line drawn from the junction of the Hazareebaugh and Sherghotty Road with the Hazareebaugh and Kolghatty Road through the third bridge on the Burhee and Hazareebaugh Road, the north-east corner of Matwarry Tank to the Lakhey Musjeed.

*East.*—A line drawn from Lakhey Musjeed to the south-east Cantonment boundary pillar.

*South.*—A line drawn from south-eastern [illegible]

Kolghatty Roads.

It is further notified that under Section 10 of the Act the rates of tax, &c., will be fixed according to the circumstances and property of the person to be protected.

---

It is hereby notified that the provisions of Section 34, Act V. of 1861, (for the regulation of Police,) will be brought into operation from this date in the Civil Station and Cantonment of Hazareebaugh, the limits of which are described above.

---

DECLARATION UNDER SECTION II., ACT VI. OF 1857.

WHEREAS it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken for a public purpose, *viz.*, for a public Slaughter House and Superintendent's Residence, it is hereby declared that, for the above purpose, 4 Plots of land, measuring 10 beegahs 4 cottahs and 8 chittacks, more or less, in Mouzah Entally, Khass Mehal Dhee Punchannogram, are required. Their measurements and respective boundaries are as follows:—

PLOT A.—Comprises Holdings 109, 110, 111, of Sub-Division H., Grand Division IV., being

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬১ সালের ৫ আইনের (অর্থাৎ পোলীসের বিধান করণার্থ আইনের) ৩৪ ধারার বিধান গত মে মাসের ১ তারিখ অবধি দরণ্ডা কান্টনমেন্টে প্রবল করা গিয়াছে।

১৮৫৬ সালের ২০ আইনের ২ ধারামতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত আইনের বিধান অদ্যকার তারিখ অবধি হাজারীবাগ নামক সিবিল মোকামে ও কান্টনমেন্টে এবং ক্ষীরগাঁ ও হুরহুরু ও কুরা ও মাতওয়ারী শৈভ ও নবাবগঞ্জ ও ওকর ও হাজারী এই সকল গ্রামে প্রবল হইবে। ঐ আইনের অভিপ্রায় সাধনার্থে উক্ত সকল স্থান পরস্পর সংযুক্ত হইবে।

উক্ত আইনের ৪ ধারামতে আরো সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত সংযোগের সীমা এই ২, অর্থাৎ—

উত্তর সীমা।—হাজারীবাগহইতে যে পথ শেরঘাটীতে যায় ও হাজারীবাগহইতে যে পথ কোলঘাটীতে যায় এই দুই পথের সংযোগস্থান অবধি বহীহইতে হাজারীবাগগামি পথের তৃতীয় সাঁকো দিয়া যে রেখা মাতওয়ারী পুষ্করিণীর উত্তরপূর্ব্ব কোণ হইয়া লাখে মসজীদ পর্য্যন্ত টানা যায় তাহা।

পূর্ব্বসীমা।—লাখে মসজীদ অবধি কান্টনমেন্টের সীমানিরূপক দক্ষিণ পূর্ব্বস্থ স্তম্ভ পর্য্যন্ত যে রেখা টানা যায় তাহা।

দক্ষিণ সীমা।—কান্টনমেন্টের সীমানিরূপক দক্ষিণ [illegible]

রেখা টানা যায় তাহা।

উক্ত আইনের ১০ ধারামতে আরো সংবাদ দেওয়া যাইতেছে যে টাক্সের হার প্রভৃতি তদধীন ব্যক্তিদের অবস্থা ও রক্ষণীয় সম্পত্ত্যনুসারে ধার্য্য হইবে।

---

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬১ সালের ৫ আইনের (অর্থাৎ পোলীসের বিধান করণার্থ আইনের) ৩৪ ধারার বিধান অদ্যকার তারিখ অবধি হাজারীবাগ নামক সিবিল মোকামে ও কান্টনমেন্টে প্রবল হইবে। ইহার সীমা উপরে বর্ণিত হইল।

---

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বিবেচনানুসারে বোধ হয় যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ সাধারণ কশাইখানা ও সুপরিন্টেণ্ডেন্টের বাসস্থানের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে খাস মহাল ডিহি পঞ্চান্নগ্রামে স্থিত ইটালী মৌজার অন্তর্গত চারি খণ্ড ভূমির প্রয়োজন, তাহা ন্যূনাধিক ১০/৪৪/ ছটাক পরিমিত।

ইহার পরিমাণ ও সীমা পরে লেখা যাইতেছে, অর্থাৎ—

A খণ্ড। ইহা চতুর্থমহাবিভাগের H উপবিভাগের ১০৯, ১১০ ও ১১১ নং যোত। ইহার পরিমাণ ন্যূনাধিক

8 beegahs 8 cottahs 2 chittacks, more or less, in area. It is bounded on the North by the High Level Sewer Line; on the South by the Chingreehatta Road; on the East by a public Lane, and on the West by the Chingreehatta and South Kooleah Roads.

৮।৩৶ ছটাক। ইহার উত্তর সীমা উচ্চতরপৃষ্ঠ নরদমার রেখা, দক্ষিণ সীমা চিঙ্গড়ীহাটার পথ, পূর্ব্বসীমা রাজকীয় গলি পথ, এবং পশ্চিম সীমা চিঙ্গড়ীহাটার ও দক্ষিণ কুল্যার রাস্তা।

PLOT B.—Comprises Holdings 105 and 234 of Sub-Division H., Grand Division IV., being 1 beegah 5 cottahs 1 chittack in area. It is bounded on the North by a public Path; on the South partly by the South Kooleah Road and partly by Holding 108; on the East partly by a public Path and partly by a Holding 106, and on the West by the South Kooleah Road.

B খণ্ড। ইহা চতুর্থ মহাবিভাগের H উপবিভাগের ১০৫ ও ২৩৪ নং যোত, ইহার পরিমাণ ১।/ ছটাক। ইহার উত্তর সীমা সঙ্কীর্ণ রাজপথ, দক্ষিণ সীমার কিয়দংশ দক্ষিণ কুল্যার পথ ও অন্য অংশ ১০৮ নং যোত, পূর্ব্ব সীমার কিয়দংশ সঙ্কীর্ণ রাজপথ ও অন্য অংশ ১০৬ নং যোত, পশ্চিম সীমা দক্ষিণ কুল্যার পথ।

PLOT C.—Comprises part of Holding No. 230 of Sub-Division H., Grand Division IV., being 1 cottah, more or less, in area, and is bounded on the North, South, and East by the Chingreehatta Road, and on the West by the remainder of the same or Holding 230.

C খণ্ড। ইহা চতুর্থ মহাবিভাগের H উপবিভাগের ২৩০ নং যোতের কিয়দংশ। ইহার পরিমাণ ন্যূনাধিক /১ কাঠা। ইহার উত্তর ও দক্ষিণ ও পূর্ব্ব সীমা চিঙ্গড়ীহাটার পথ, ও পশ্চিম সীমা উক্ত ২৩০ নং যোতের অবশিষ্টাংশ।

PLOT D.—Comprises parts of holdings Nos. 101, 107, and 108 of Sub-Division H., Grand Division IV., being 10 cottahs, more or less, in area. It is bounded on the North by the remainder of the same or Holdings Nos. 101, 107, and 108, and on the South, East, and West by the South Kooleah Road.

D খণ্ড। ইহা চতুর্থ মহাবিভাগের H উপবিভাগের ১০১ ও ১০৭ ও ১০৮ নং যোতের কিয়দংশ। ইহার পরিমাণ ন্যূনাধিক ।।০ কাঠা। ইহার উত্তর সীমা উক্ত ১০১ ও ১০৭ ও ১০৮ নং যোতের অবশিষ্টাংশ, এবং দক্ষিণ ও পূর্ব্ব ও পশ্চিম সীমা দক্ষিণ কুল্যার পথ।

This Declaration is made, under the provisions of Section II., Act VI. of 1857, to all whom it may concern.

S. C. BAYLEY,
*Junior Secy. to the Govt. of Bengal.*

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এস সি বেলি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের দ্বিতীয় সেক্রেটারী।

## PUBLIC WORKS DEPARTMENT.

LOCAL.

No. 252.

*The 3rd July 1865.*

NOTIFICATIONS.

IT is hereby notified, under Section II. of the "Canals' Act, 1864," (No. V., B. L. C.,) that the provisions of the said Act shall apply, from and after the 1st September 1865, to the undermentioned navigable channels from Kanteetollah to Khoolna, known as the "Eastern Canals," *viz.*:—

The lines of channels from Kanteetollah eastward to Myehattee, then so much of the Jaboona or Echamuttee River as lies between Myehattee and Bussuntpore, both routes between the mouth of the Koomrea Khall and Subdulpore to the junction of the Seepsa Aga and Seepsa Rivers; also the Menus River from its junction with the Mooreechap River to Koocheea Haut, and so much of the Seepsa River as lies between Koochee Haut and Mooreechap; also from the head of the Seepsa to Khoolna eastward.

## পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

স্থানীয়।

২৫২ নম্বর।

১৮৬৫ সাল ৩ জুলাই।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের ১৮৬৪ সালের ৫ আইনের (অর্থাৎ খাল বিষয়ক আইনের) ২ ধারামতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত আইনের বিধান ১৮৬৫ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখ অবধি পূর্ব্বদেশীয় খাল নামে খ্যাত পশ্চাৎ লিখিত যে২ নৌকাগম্য খাল কান্তিটোলাহইতে খুলনায় যায় তাহার প্রতি বর্ত্তিবে, অর্থাৎ

কান্তিটোলাহইতে ময়হাটীগামি পূর্ব্বাভিমুখ সকল খাড়ী, ও তৎপরে ময়হাটী ও বসন্তপুরের মধ্যস্থিত যবুনা কি ইচ্ছামতী নদীর অংশ, পরে কুমরিয়া খালের মুহানা ও শব্দলপুরহইতে সিপসা আগার সহিত সিপসা নদীর সংযোগস্থানগামি উভয় খাল, এবং মুরিচাপ নদীর সহিত সংযোগস্থানহইতে কুচিয়া হাট পর্য্যন্ত মিনস নদী, এবং কুচিয়া হাটের ও মুরিচাপের মধ্যস্থিত সিপসা নদীর অংশ, ও সিপসা নদীর মুহানা অবধি খুলনাপর্য্যন্ত পূর্ব্বাভিমুখ পথ।

No. 253.

The following draft of Rules having reference to the undermentioned Navigable Channels from Kanteetollah to Khoolna, known as the "Eastern Canals," is published for information under Section XI. of the "Canals' Act, 1864," No. V., B. L. C.:—

*The lines of channels from Kanteetollah eastward to Myehattee, then so much of the Jaboona or Echamuttee River as lies between Myehattee and Bussuntpore, both routes between the mouth of the Koomrea Khall and Subdulpore to the junction of the Seepsa Aga and Seepsa Rivers; also the Menus River from its junction with the Mooreechap River to Koocheea Haut, and so much of the Seepsa River as lies between Koocheea Haut and Mooreechap; also from the head of the Seepsa to Khoolna eastward.*

1. Wherever mooring posts may have been put up by the Supervisor, vessels shall be made fast by the head and stern along the banks to such posts, and shall not be moored in any other manner.

2. The dropping of anchors and the putting up of bamboos or luggees on the banks, or in the channel, is prohibited.

3. As the water falls, the head and stern ropes of moored vessels must be loosened, and the vessels gradually pushed towards the centre of the canal; when the flood comes in these two rop must be gradually pulled in and th essels kept as close to the bank as possible

4. Only one vessel shall be allowed to make fast along and in line with the canal's banks, and no vessel shall be made fast or be placed outside of vessels so secured. No vessel shall be placed in such a position as to endanger the safety of other vessels or obstruct the passage of other vessels.

5. Vessels passing through the canals shall keep in separate lines; empty vessels keeping close to the bank, and those that are laden in the centre.

6. In portions of the canals where only one towing-path exists, vessels shall moor on the off side, and the towing-path side shall always be kept clear. The towing-path side shall be used by vessels going against the tide, and by no others.

7. In order to avoid collision and confusion, vessels waiting for a favorable tide at the junction of two or more rivers shall be moored at a distance of not less than 1,000 feet from the point of junction.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১১ জুলাই।]

২৫৩ নম্বর।

"পূর্ব্বদেশীয় খাল" নামে খ্যাত পশ্চাৎ লিখিত নৌকাগম্য যেং খাল কান্তিটোলাহইতে খুলনায় যায় তদ্বিষয়ক নিম্নলিখিত বিধির পাণ্ডুলিপি বঙ্গদেশের ১৮৬৪ সালের ৫ আইনের (অর্থাৎ খালবিষয়ক আইনের) ১১ ধারামতে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

কান্তিটোলাহইতে ময়হাটীগামি পূর্ব্বাভিমুখ সকল খাড়ী, ও তৎপরে ময়হাটী ও বসন্তপুরের মধ্যস্থিত যমুনা কি ইচ্ছামতী নদীর অংশ, পরে কুমরিয়া খালের মুহানা ও শব্দলপুরহইতে সিপসা আগার সহিত সিপসা নদীর সংযোগস্থানগামি উভয় খাল, এবং মুরিচাপ নদীর সহিত সংযোগস্থানহইতে কুচিয়া হাট পর্য্যন্ত মিনস নদী, এবং কুচিয়া হাটের ও মুরিচাপের মধ্যস্থিত সিপসা নদীর অংশ, ও সিপসা নদীর মুহানা অবধি খুলনা পর্য্যন্ত পূর্ব্বাভিমুখ পথ।

১। সুপরিণ্টেণ্ডেণ্ট যেং স্থানে নৌকা বান্ধিবার খোঁটা গাড়িয়া রাখেন, সেইং স্থানে খালের ধারেং নৌকার গলহী ও পশ্চাদ্ভাগ বান্ধিয়া রাখিতে হইবে, অন্য কোন প্রকারে লাগাইয়া রাখিতে হইবে না।

২। খালের মধ্যে কি ধারে লঙ্গড় ফেলিতে কি বাঁশ কি লগি পুঁতিতে নিষেধ হইল।

৩। জল যেমন কমিবে, তেমনি বান্ধা নৌকার গলহীর ও পশ্চাদ্ভাগের কাছি শল দিয়া ক্রমে নৌকা খালের মধ্যখানে নামাইতে হইবে। যখন জোয়ার আইসে তখন ক্রমশঃ ঐ কাছি টানিয়া নৌকা যথাসাধ্য কিনারার নিকটে রাখিতে হইবে।

৪। খালের ধারের পার্শ্বে অথচ সমান্তরালে কেবল একং খানি নৌকা বান্ধিবার অনুমতি হইবে। ঐরূপে বান্ধা নৌকার বাহিরে কোন নৌকা বান্ধিতে কি রাখিতে হইবে না। যে স্থানে রাখিলে অন্য নৌকার হানি জন্মিবার কি পথ বন্ধ হইবার সম্ভাবনা হয়, এমত স্থানে কোন নৌকা রাখিতে হইবে না।

৫। খালের মধ্য দিয়া যে সকল নৌকা যায় তাহা ভিন্নং পথে যাইবে, অর্থাৎ খালী নৌকা ধারেং ও বোঝাই নৌকা মধ্য দিয়া যাইবে।

৬। খালের যেং ভাগে কেবল একটি গুণ টানিবার পথ থাকে, তাহার অন্য পারে নৌকা বান্ধিতে হইবে। গুণ টানিবার পথ যে পার্শ্বে থাকে সেই পার সর্ব্বদা খোলাসা রাখিতে হইবে। গুণ টানিবার পথের দিক দিয়া উজানগামি নৌকা ভিন্ন অন্য কোন নৌকা যাইবে না।

৭। দুই কি অধিক নদীর সংযোগস্থানে যে সকল নৌকার সুবিধাজনক জোয়ারের কি ভাটার অপেক্ষাতে বিলম্ব হয়, তাহাদের মধ্যে যেন আঘাত কি গোলযোগ না হয়, তন্নিমিত্তে ঐ সংযোগস্থানহইতে ন্যূন কল্পে ১০০০ ফুট দূরে সেই সকল নৌকা বান্ধিতে হইবে।

8. No person shall commit a nuisance or deposit filth of any sort in the canals, nor do any act to cause injury to the canals' works.

৮। কোন ব্যক্তি খালের মধ্যে কি ধারে মল ত্যাগ করিবে না, ও কোন প্রকারের দুর্গন্ধ দ্রব্য ফেলিবে না, ও খালের কার্য্যোপযোগি বিষয়ের হানিজনক কোন কর্ম্ম করিবে না।

9. Every person, either personally or by his servant, infringing any of the above Rules numbered from 1 to 8, shall be liable, under Section XI. of the Canals' Act, to a fine not exceeding fifty Rupees for any one infringement; or to a fine not exceeding five Rupees a day for any continued infringement.

৯। যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত ১ অবধি ৮ পর্য্যন্ত কোন বিধি স্বয়ং লঙ্ঘন করে কি চাকরদ্বারা লঙ্ঘন করায়, তবে খালবিষয়ক আইনের ১১ ধারার বলে কোন এক বিধি লঙ্ঘনের জন্যে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড ও সেইরূপে লঙ্ঘন করিতে থাকিলে দিন প্রতি পাঁচ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

10. At the instance of the Supervisor of Navigation, any Magistrate who imposes a fine under Sections XI. or XVI. of the Act may award any portion of such fine to the informer.

১০। যে মাজিষ্ট্রেট উক্ত আইনের ১১ কি ১৬ ধারামতে অর্থদণ্ডের আজ্ঞা করেন, তিনি জলপথের সুপরিন্টেণ্ডেণ্টের প্রার্থনাক্রমে উক্ত দণ্ডের কোন অংশ সংবাদদাতাকে দিতে পারিবেন।

11. Any person who *wilfully* or *negligently* allows a vessel to sink in the canals shall be liable to a fine not exceeding Rupees fifty.

১১। যে কোন ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক কি শৈথিল্যক্রমে খালের মধ্যে নৌকা ডুবায়, তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবেক।

12. In every case of wreck caused by negligence or otherwise, the Supervisor and his Subordinates will give every assistance in removing the same.

১২। শৈথিল্যক্রমে কি অন্য কারণে নৌকা মারা পড়িলে সুপরিন্টেণ্ডেণ্ট ও তাঁহার অধীন লোকেরা তাহা স্থানান্তর করণে সর্ব্ব প্রকারে সাহায্য করিবেন।

13. A notice shall be affixed on such wreck when recovered calling on those concerned to pay to the Supervisor any fine which may have been adjudged, as well as the expenses incurred in the recovery or removal of the wreck, and intimating that if the sum be not paid within 15 days of the date of notice, the boat and its contents, or so much of it as may be necessary for the recovery of the dues, will be sold, the proceeds of the sale being dealt with as directed in Section IX. of the Act.

১৩। সেই মারা পড়া নৌকা উদ্ধার করা গেলে তাহার উপর এই মর্ম্মের সংবাদ লটকাইয়া দিতে হইবে, যে তাহাতে যাহাদের সম্পর্ক আছে তাহারা সুপরিন্টেণ্ডেণ্টকে বিচারে যে অর্থদণ্ড হইয়া থাকে তাহা এবং ভগ্ন নৌকা উদ্ধার করিতে কি স্থানান্তর করিতে যে খরচ হইয়া থাকে তাহা দেন, নতুবা ঐ সংবাদ দিবার তারিখ অবধি পনের দিনের মধ্যে যদি টাকা না দেওয়া যায়, তবে ঐ নৌকা ও তাহাতে যাহা থাকে তাহা কিম্বা দেয় টাকা আদায়ার্থে প্রয়োজনীয় অংশ বিক্রয় হইবে, ও উক্ত আইনের ৯ ধারার আদেশমতে বিক্রয়োৎপন্ন টাকা লইয়া কার্য্য করা যাইবে।

14. Every Canal Officer is authorized to remove any vessel, anchor, pole or other thing which he may find in a position which is in contravention of these Rules, and to deal with it in such a manner as may be necessary to give effect to the Rules.

১৪। খালসম্পর্কীয় প্রত্যেক কার্য্যকারকের এই ক্ষমতা আছে যে তিনি এই সকল বিধির নিষিদ্ধ স্থানে নৌকা কি লঙ্গর কি খোঁটা প্রভৃতি অন্য যে কোন দ্রব্য পান তাহা স্থানান্তর করিতে, ও তাহা লইয়া এই বিধি প্রবল করিবার মত যাহা কর্ত্তব্য তাহা করিতে পারিবেন।

15. Whenever any laden vessel is seized by a Canal Officer, it shall be the duty of the Supervisor to give immediate notice of the same to the owner or his agent, and to require the removal of the cargo without delay, intimating at the same time that the owner will be required to pay all expenses necessary for the proper custody and storage of the same.

১৫। খালসম্পর্কীয় কোন কার্য্যকারক কোন বোঝাই নৌকা ধরিলে সুপরিন্টেণ্ডেণ্টের কর্ত্তব্য যে তৎক্ষণাৎ সেই সংবাদ স্বামিকে কি তাঁহার এজেন্টকে দিয়া অবিলম্বে মাল স্থানান্তর করিবার আজ্ঞা করেন, ও উচিত মতে তাহা রক্ষা ও গুদামজাত করিবার খরচ তাঁহার দিতে হইবে ইহাও তাঁহাকে জানান।

16. If the Supervisor be unable to ascertain the name and place of business or of abode of the owner of the cargo of any vessel seized under the Canals' Act, he shall notify the seizure by advertisement in his Office, and in one or more of the Calcutta newspapers or advertisement papers. Such notices shall call upon the owner to cause the immediate removal of the cargo and to pay any necessary expenses incurred in providing for its proper custody and storage.

১৬। সুপরিন্টেণ্ডেণ্ট যদি খাল বিষয়ক আইনমতে ধৃত কোন নৌকাদির মালের স্বামির নাম ও বাণিজ্য কি বাসস্থান জানিতে না পারেন, তবে তিনি আপন কার্য্যালয়ে ও কলিকাতার এক কি অধিক সংবাদপত্রে ঐ ধৃত হওনের সংবাদ প্রকাশ করিবেন। উক্ত সংবাদে স্বামির প্রতি এমত আদেশ থাকিবে যে তিনি অবিলম্বে মাল স্থানান্তর করান, ও মাল উচিতমতে রক্ষা ও গুদামজাত করিতে প্রয়োজনীয় যে খরচ হইয়াছে তাহা দেন।

[*Government Gazette*, 11*th July* 1865.]

17. The Supervisor may incur whatever expense he may think necessary for the proper custody and storage of the cargo of any vessel seized under the Canals' Act; and if the cargo be not removed within ten days from the date of seizure, he may sell the same at public auction to the highest bidder after giving fifteen days' notice of the same by advertisement in one or more of the Calcutta newspapers, or advertisement papers, and affixed in his Office.

18. The money realized at such a sale shall be applied first, to defray any expenditure that may have been incurred by the Supervisor on account of the cargo sold, and the balance, if any, shall be held in deposit, to be paid to the owner of the said cargo on his applying for the same.

J. E. T. Nicolls, *Lt.-Col., R. E.,*
*Offg. Secy. to the Govt. of Bengal,*
*P. W. D.*

১৭। সুপরিণ্টেণ্ডেণ্ট খালবিষয়ক আইনমতে ধৃত কোন নৌকার মাল উপযুক্ত মতে রক্ষা ও গুদামজাত করিবার নিমিত্ত যে খরচ প্রয়োজনীয় জ্ঞান করেন তাহা করিতে পারিবেন। নৌকা ধৃত হওনের তারিখ অবধি দশ দিনের মধ্যে যদি সেই মাল স্থানান্তর না করা যায়, তবে তিনি কলিকাতার এক কি অধিক সংবাদপত্রে কি বিজ্ঞাপনপত্রে সংবাদ দিয়া আপন কার্য্যালয়েও তাহা লটকাইয়া পনের দিন পরে সেই মাল প্রকাশ্য নীলামে বিক্রয় করিতে পারিবেন, ও যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য ডাকিবে তাহাকে দিবেন।

১৮। উক্ত নীলামে যে টাকা পাওয়া যায় তাহাহইতে প্রথমে ঐ বিক্রীত মালের জন্যে সুপরিণ্টেণ্ডেণ্টের কৃত খরচ শোধ করিতে, এবং কিছু টাকা অবশিষ্ট থাকিলে তাহা জমা করিয়া রাখিতে ও সেই মালের স্বামির প্রার্থনামতে তাঁহাকে দিতে হইবে ইতি।

জে ই টি নিকলস্, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

---

## ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

LEAVE OF ABSEN[illegible]

The [illegible] the bank [illegible] channel, is prohibited.

[illegible] *th July* 1865.

Baboo Bhugwan Chunder Chuckerbutty, Moonsiff of Sundeep, Zillah Chittagong, for one month, from 11th September next, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules.

H. T. Prinsep,
*Registrar.*

## বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

ছুটী।

১৮৬৫ সাল ৭ জুলাই।

চাটিগাঁ জিলার সন্দ্বীপের মুনসেফ শ্রীযুত বাবু ভগবানচন্দ্র চক্রবর্ত্তী অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে আগামি সেপ্টেম্বর মাসের ১১ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

---

## GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

---

### NOTICE.

An Exhibition of Live Stock, Agricultural produce and Implements will be held at Hooghly, in the last week of December. Among the Prizes some will be offered to general competition, others will be open to Exhibitors from the Districts of the Burdwan and Nuddea Divisions only. Prize List will be published hereafter.

C. F. Montresor,
*Commr. of the Burdwan Division.*

H. L. Dampier,
*Commr. of the Nuddea Division.*

### বিজ্ঞাপন।

ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে হুগলীতে জীবজন্তুর ও কৃষিকার্য্য সম্পর্কীয় উৎপন্ন দ্রব্যের ও হাতিয়ারের প্রদর্শন হইবে। পুরস্কারের মধ্যে কতক সর্ব্ব স্থানীয় প্রতিযোগিদের ও অন্য সকল কেবল বর্দ্ধমান ও নদীয়া এলাকার প্রদর্শকদিগের প্রাপ্য হইতে পারিবে। পুরস্কারের ফর্দ্দ ইহার পরে প্রকাশ করা যাইবে।

সি এফ মন্‌ট্রেসর,
বর্দ্ধমান এলাকার কমিস্যনর।
ও
এচ এল ডাম্পিয়র,
নদীয়া এলাকার কমিস্যনর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১১ জুলাই।]

# LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

## জিলা ত্রিপুরা।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জিলা ত্রিপুরা এই যে।

১৮৫৯ ইং ১১ আইনের ৬ দফামতে এতদ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ত্রিপুরার এই মহাল বাকী জমার নিমিত্তে ১৮৬৫ ইং ২৮ জুলাই মোং সন ১২৭২ বাং ১৪ শ্রাবণ রোজ শুক্রবার এ জিলার কালেক্টরী কাছারীতে বিনা আপত্ত্যে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৫ ইং ২৯ জুন মোং সন ১২৭২ বাং ১৬ আষাঢ়।

তপসিল মহাল।

এস্তমুরারী জমা ধার্য্যহওয়া মহাল।

| নম্বর রেজিস্টরী | নাম মহাল | নাম মালিক | সদর জমা | বাকী |
|---|---|---|---|---|
| ১৫৭৩ | পং হোমনাবাদ কিং ২॥ কড়া | উজিরন্নেছা বিবি মাহাম্মদ গাজি চৌধুরী মৌলবী আলী আজম মুনশী হোসন বকুস খোদ ও আলি ও মহাম্মেজে কাদির-বকুস মিঞা নাবালগ মাধবচন্দ্র নাগ ... | ৯২২৶৪ | ৮১৬ |

R. D. Mangles,
*Collector.*

---

## জিলা দিনাজপুর।

এস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযায়ি ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখিত মহাল ১৮৬৫। ২৮ জুন তকের বাকী মালগুজারির নিমিত্তক ১৮৬৫ সনের ২ আগস্ট মোং ১২৭২। ১৯ শ্রাবণ বুধবার এই জেলার কালেক্টরী কাছারীতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হবেক।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

| নম্বর তৌজী | নাম মহাল ও পরগনা | নাম মালিক | সদর জমা | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|
| ১১৩ তাবের নম্বর ২৪ | মৌজে মাটিগাড়া ওগয়রহ পং সালবাড়ী | ভৈরবনাথ সেন রাজমোহন ও জগমোহন ও কৈলাশচন্দ্র নেউগী ও মেনকাসুন্দরী গুপ্তা মাদরে গোবিন্দচন্দ্র ও উমেশচন্দ্র নাবালগ ও মৌলবী সৈয়দ জহুরালী ও আজিজর রহমান ও আদিল ন্নেছা ও জহুরণ ন্নেছা ও নজিবন ন্নেছা ও গদাধর চক্রবর্ত্তী। | ৪৬২৭।৩। | ১৮৫৯। ১১। ১০ ধারামত্ত রাজমোহন ও জগমোহন ও কৈলাশচন্দ্র নেউগী ও মেনকাসুন্দরী গুপ্তা মাদরে গোবিন্দচন্দ্র ও উমেশচন্দ্র নাবালগের ।।৫ আনা হিস্যা যাহার সদর জমা ২৩১৪॥৶১।= ক্রান্তী তাহার বাকি ৯৯৷৶৷।। পাই ২৮ জুন তারিখে পরিশোধ না করাতে নীলামে ধরা গেল। |

সন ১৮৬৫ ইং তাং ৫ জুলাই।

কালেক্টর।
B. Simson,
*Collector.*

---

## জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৫ ধারার মর্ম্মানুযায়ি রাইরঞ্জিনী দাস্যা ডিক্রীদারের ডিক্রীর দফা ১৪৭৶৬ টাকা মায় হাল খরচা ও সুদ জুক মিঞা দেনদার সন ১৮৬৫ সালের ২৮ জুন সূর্য্যাস্ত পর্য্যন্ত আদায় না করায় ঐ টাকা আদায় কারণ নিম্ন লিখিত মাহালের দেনদারের অংশ সন ১৮৬৫

সালের ২৬ জুলাই মোতাবেক সন ১২৭২ সালের ১২ শ্রাবণ বুধবার জেলা মুরশিদাবাদের কালেক্টরীর কাছারীতে অবশ্য নীলাম হইবেক ইতি সন ১৮৬৫ সাল তারিখ ২৯ জুন।

| শ্রেণীর নম্বর | মহালের প্রকরণ | তৌজির নম্বর | নাম মাহাল | নাম তালুকদারান | সদর জমা | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|---|---|
| ১ | প্রথম শ্রেণীর মাহাল | ৫০৭ | কীসমত মৌজে রামবাটী পরগনে ফতেসিংহ। | মাধবনাথ ও সাতকড়ি ও বিশ্বেশ্বর ও ঠাকুরদাস ও রামচন্দ্র ও রামগোপাল ও হরগোবিন্দ ও গঙ্গা প্রসাদ ও উজ্জলমণি ও গদাধর ও আজমত উল্লা ও মহম্মদ নেওয়াজ ও ইজ্জত নেওয়াজ ও অপছরমেছা। | ৬১৭৵৬ | এই মাহালের আজমত উল্লার খরিদা ॥৫। আনা গণ্ডাকে ষোল আনা করিয়া তাহারি মধ্যে দেনদারের খরিদা ৵১০ এক আনা দশ গণ্ডা রকম নীলাম হইবেক ইতি। |

COLIN MACKENZIE,
*Collector.*

---

জিলা শ্রীহট্ট।

১৮১৯ সালের ১১ একাদশ আইনের ৬ ধারা ক্রমে এহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা শ্রীহট্টের নীচের লিখিত মহালাত ১৮৬৪। ৬৫ সালের কিস্ত মুজমিলী পর্য্যন্তের বাকী মালগুজারি নিমিত্ত এবং চলিত আইন ও আকুটের দ্বারা অন্য যের দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৬৫ সালের জুলাই মাসের ২০ দিবস মোতাবেক ১২৭১ বাঙ্গালার শ্রাবণ মাসের ৬ তারিখ বৃহস্পতিবার এ জেলার কালেক্টরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনাবাধাতে নীলাম হইবেক।

ইস্তমেরারী জমা ধার্য্য হওয়া মহাল।

পরগনে জুয়ার বানিয়াচুঙ্গ।

২৭৫০৫ নম্বর তালুক আহদরজা জমীদার রেজিস্টরী হওয়া মালিক কৃষ্ণচরণ দাস সদর জমা ৭৫২৶০

এহার মধ্যে ১৮৫৯ সালের ১১ একাদশ আইনের ১১ ধারার মর্ম্মানুযায়ি সর্ব্বমঙ্গলা দেব্যা ও তারিণী দেব্যা ও মাহামদ হাশীম ও বিশ্বনাথ নন্দি ও স্বরূপচন্দ্র শর্ম্মা নামে পৃথক্ হিসাব হওয়া ও তাহা উসুল হওয়াতে ছাড়িয়া দেওয়ার অভিপ্রায় জমা ... ... ... ১৬৭৸৵২

বাকী ... ... ... ... ৫৭৫।১০

পরগনে জরুসপুর।

৩৬৫৫৬ নম্বর তালুক মহামদ আকবর রেজিস্টরী হওয়া মালিক মাহামদ হাশীম চৌধুরী ও রাধাকান্ত দেব সদর জমা ... ... ... ... ৬০৬।।০

সড়কবন্দি ... ... ... ... ৬৵০

পরগনে ভানুগাছ।

৫৭০৩১ নম্বর তালুক রায় গৌরহরি সিংহ রেজিস্টরী হওয়া মালিক রায় রাধাগোবিন্দ সিংহ সদর জমা ... ... ... ... ১৬৯৩৩

এহার মধ্যে ১৮১৯ সালের ১১ আইনের ১১ ধারার মর্ম্মানুযায়ি দুর্গাপ্রসাদ ধর ও কিশোর দাস ও ব্রজসুন্দর দাস ও বৈষ্ণবচরণ দাস ও প্রাণকৃষ্ণ দত্ত ও হরকিশোর সেন ও ভারতচন্দ্র কর ও বিশ্বনাথ দত্ত ও রত্নমণী দাসী ও রাধাকান্ত শর্ম্মা ও সৈয়দ আবদুল জলিল ও রামদাস কুণ্ড নামে পৃথক্ হিসাব হওয়া ও তাহা উসুল হওয়াতে ছাড়িয়া দেওয়ার অভিপ্রায় জমা ... ৩০২।।১১

বাকী ... .. ... ... ১৩৯০।৶৪

F. WALTON,
*Offg. Collector.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ১১ জুলাই।]

## MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

### বিজ্ঞাপন।

—

ফোর্ট উইলিয়ম রাজ-ধানীস্থ হাই কোর্টের আপিলী ক্ষমতাক্রমে ইং ১৮৬৫ সালের জানুআরি মাস হইতে নিষ্পন্ন দেওয়ানী ও মোৎফরকা এবং দশ আকূট সংক্রান্ত মোকদ্দমার আবশ্যকীয় নজীরের বাঙ্গালা অনু-বাদ অস্মদাদির তত্ত্বাবধারণে প্রস্তুত ও "ভবানীপুরস্থ অপূর্ব্ব রত্নোদয় যন্ত্রে" মুদ্রিত হইতে আরম্ভ হইয়াছে। সমুদয় মাসের নিষ্পত্তি পক্ষান্তে একবার করিয়া মাসে দুই খণ্ডে প্রকাশিত হইবে। বিগত জানুআরি মাসের অর্দ্ধেকের নিষ্পত্তি আগামী পনের দিবসের মধ্যেই প্রকাশ করা যাইতে পারিবে। গ্রাহকবর্গের সুবিধা জন্য দেওয়ানী ও মোৎফরকা মোকদ্দমার নজীর গুলি এক খণ্ডে ও দশ আকূট সংক্রান্ত নজীর সকল পৃথক্ আর এক খণ্ডে মুদ্রিত হইবে। সুতরাং প্রতিপক্ষে দুই খণ্ড ও প্রতিমাসে চারিখণ্ড করিয়া পুস্তক প্রকাশিত হইবেক।

| | |
|---|---|
| বার্ষিক অগ্রিম মূল্য। | ২৫৲ টাকা। |
| ষাণ্মাসিক, ঐ ঐ। | ১৩৲ টাকা। |
| ত্রৈমাসিক, ঐ ঐ। | ৭৲ টাকা। |
| কেবল দেওয়ানী ও মোৎফরকা নজীরের প্রত্যেক খণ্ডের মূল্য। | ১৲ টাকা। |
| কেবল দশ আকূট সংক্রান্ত নজীরের প্রত্যেক খণ্ডের মূল্য। | ।০ আনা। |
| এতদ্ব্যতীত ডাকমাসুল ইত্যাদি বাবত বার্ষিক | ২৲ টাকা। |

গ্রাহক মহোদয়গণ নিম্নোক্ত ব্যক্তিগণের মধ্যে যে কোন ব্যক্তির নিকট হয় স্ব স্ব নাম ধামের নিদর্শন সহিত অগ্রিম মূল্যের টাকা এবং ডাকমাসুল পাঠাইলেই রীতিমতে পুস্তক প্রাপ্ত হইতে পারিবেন।

শ্রীচন্দ্রমাধব ঘোষ।
শ্রীকালীমোহন দাস।
শ্রীশ্রীনাথ বন্দ্যোপাধ্যায়
হাই কোর্টের উকীলগণ
কলিকাতা।

ভবানীপুর
সন ১৮৬৫। ২০ জুন

[Government Gazette 11th July 1865.]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুক্ত জামস কোক্ সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 18, 1865.

মঙ্গলবার ১৮৬৫ সাল ১৮ জুলাই।

## HOME DEPARTMENT.

### Legislative.

The following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 6th January 1865, and was referred to a Select Committee :

ACT No. 23 OF 1864.

*A Bill to legalize, under certain circumstances, the re-marriage of Native Converts to Christianity.*

[Preamble.]

Whereas it is expedient to legalize, under certain circumstances, the re-marriage of Native Converts to Christianity, deserted or repudiated, [illegible] religious grounds, by their wives or husbands; [illegible] to relieve Ministers of religion from the penal-[illegible] are now liable for solemnizing [illegible] It is enacted as follows:—

[Short title.]

[illegible] may be cited as "The Re-marriage of Converts' Act, 1865."

[Commencement of Act.]

II. This Act shall commence and take effect on and from the first day of December 1865.

## হোম ডিপার্টমেণ্ট।

### ব্যবস্থাপক।

আইনের পশ্চাৎ লিখিত পাণ্ডুলিপি আইন ও ব্যবস্থা করণে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সহকারি মন্ত্রিসভায় ১৮৬৫ সালের জানুআরি মাসের ৬ তারিখে উপস্থিত করা গেলে তাহা বিশেষ কমিটীর প্রতি অর্পিত হইল।

১৮৬৪ সালের ২৩ নম্বর পাণ্ডুলিপি।

এদেশীয় যে লোকেরা খ্রীষ্টধর্ম্মাবলম্বী হইয়াছে বিশেষ২ গতিক্রমে তাহাদের পুনর্ব্বিবাহ ব্যবস্থাসিদ্ধ করণার্থ আইনের পাণ্ডুলিপি।

[হেতুবাদ।]

খ্রীষ্টধর্ম্মাবলম্বি যে দেশীয় লোকেরা ধর্ম্মঘটিত কারণে নিজ পত্নী কি পতিকর্ত্তৃক ত্যক্ত কি নিরাকৃত হয়, বিশেষ২ গতিক্রমে তাহাদের পুনর্ব্বিবাহ ব্যবস্থাসিদ্ধ করা, এবং ধর্ম্মোপদেশকেরা এখন তদ্রূপ পুনর্ব্বিবাহ সাধন করিলে যে২ দণ্ডের যোগ্য হন সেই২ দণ্ডহইতে তাঁহাদিগকে মুক্ত করা বিহিত, অতএব পশ্চাৎ লিখিত বিধান প্রচার করা যাইতেছে।

[সংক্ষেপ নাম।]

১ ধারা। এই আইন "১৮৬৫ সালের খ্রীষ্টধর্ম্মাবলম্বিদের পুনর্ব্বিবাহ বিষয়ক আইন" নামে খ্যাত হইতে পারিবে ইতি।

[আইনের আরম্ভকালের কথা।]

২ ধারা। এই আইনের প্রবলতা ১৮৬৫ সালের ১ ডিসেম্বর তারিখে আরম্ভ হইবে ইতি।

3. In this Act—

[Interpretation of terms. "Native Husband."]

"Native Husband" shall mean a married man domiciled in British India who shall have completed the age of sixteen years, and shall neither be a Christian nor a Jew.

["Native Wife."]

"Native Wife" shall mean a married woman domiciled in British India who shall have completed the age of thirteen years, and shall neither be a Christian nor a Jewess.

["Native Law."]

"Native Law" shall mean any law, or custom having the force of law, of any persons domiciled in British India other than Christians and Jews.

["Month" and "year."]

"Month" and "year" shall respectively mean month and year according to the British calendar.

["Number."]

And, unless there be something repugnant in the subject or context, words importing the singular number shall include the plural, and words importing the plural number shall include the singular.

[Convert deserted by his wife on religious grounds may sue for conjugal society.]

IV. If a Native Husband change his religion for Christianity, and if solely in consequence of such change his Native Wife, for the space of six continuous months, desert or repudiate him, he may sue her for conjugal society.

[Convert deserted by her husband on religious grounds may sue for conjugal society.]

V. If a Native Wife change her religion for Christianity, and if solely in consequence of such change her Native Husband, for the space of six continuous months, desert or repudiate her, she may sue him for conjugal society.

[Court in which suits shall be brought.]

VI. If the respondent, at the time of the commencement of such suit, reside within the local limits of the ordinary original civil jurisdiction of any of the High Courts of Judicature, the suit shall be commenced in such Court; otherwise it shall be commenced in the principal Civil Court of original jurisdiction of the District in which the defendant shall reside at the commencement of the suit.

[অর্থ করিবার ধারা।]

৩ ধারা। এই আইনে—

[“দেশীয় পতি”।]

ব্রিটনীয় ভারতবর্ষে নিবাসস্বত্ববিশিষ্ট খ্রীষ্টীয় কি যিহুদী লোক ভিন্ন অন্য যে বিবাহিত পুরুষ ষোল বৎসর বয়স উত্তীর্ণ হইয়াছে, “দেশীয় পতি” শব্দে এমত পুরুষকে বুঝাইবে।

[“দেশীয়া পত্নী”।]

ব্রিটনীয় ভারতবর্ষে নিবাসস্বত্ববিশিষ্ট খ্রীষ্টীয় কি যিহুদী স্ত্রী ভিন্ন অন্য যে বিবাহিতা স্ত্রী ত্রয়োদশ বৎসর বয়স উত্তীর্ণা হইয়াছে, “দেশীয়া পত্নী” শব্দে এমত স্ত্রীকে বুঝাইবে।

[“দেশীয় ব্যবস্থা”।]

“দেশীয় ব্যবস্থা” এই শব্দে ব্রিটনীয় ভারতবর্ষে নিবাসস্বত্বপ্রাপ্ত খ্রীষ্টীয় কি যিহুদী লোক ভিন্ন অন্য লোকদের কোন ব্যবস্থা কিম্বা ব্যবস্থাবৎ বলবিশিষ্ট কোন দেশাচারকে বুঝাইবে।

[“মাস” ও “সাল” ও “বৎসর”।]

“মাস” ও “সাল” ও “বৎসর” এই২ শব্দে ব্রিটনীয় পঞ্জিকামতের মাস কি সাল কি বৎসর বুঝাইবে।

[বচন।]

বিষয় কি পূর্ব্বাপর কথা বুঝিয়া অসঙ্গত বোধ না হইলে একবচনান্ত শব্দে সেই অর্থের বহুবচনান্ত শব্দ, ও বহুবচনান্ত শব্দে সেই অর্থের একবচনান্ত শব্দও বুঝাইবে ইতি।

[খ্রীষ্টধর্ম্মাবলম্বি পতি ধর্ম্মমূলক কারণে পত্নীদ্বারা ত্যক্ত হইলে বিবাহঘটিত সঙ্গের জন্যে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইহার কথা।]

৪ ধারা। দেশীয় কোন পতি ধর্ম্মান্তর অর্থাৎ খ্রীষ্টধর্ম্ম অবলম্বন করিলে যদি কেবল সেই ধর্ম্মান্তর গ্রহণপ্রযুক্ত তাঁহার দেশীয়া পত্নী অনবরত ছয় মাস পর্য্যন্ত তাঁহাকে ত্যাগ কি নিরাকরণ করেন, তবে তিনি তাঁহার নামে বিবাহঘটিত সঙ্গের নিমিত্তে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

[খ্রীষ্টধর্ম্মাবলম্বিনী পত্নী ধর্ম্মমূলক কারণে পতিদ্বারা ত্যক্তা হইলে বিবাহঘটিত সঙ্গের জন্যে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইহার কথা।]

৫ ধারা। দেশীয়া কোন পত্নী ধর্ম্মান্তর অর্থাৎ খ্রীষ্টধর্ম্ম অবলম্বন করিলে যদি কেবল সেই ধর্ম্মান্তর গ্রহণপ্রযুক্ত তাঁহার দেশীয় পতি অনবরত ছয় মাস পর্য্যন্ত তাঁহাকে ত্যাগ কি নিরাকরণ করেন, তবে তিনি তাঁহার নামে বিবাহঘটিত সঙ্গের নিমিত্তে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

[যে আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে তাহার কথা।]

৬ ধারা। সেই মোকদ্দমার আরম্ভকালে যদি ধর্ম্মাধিকরণ নির্ব্বাহক কোন হাই কোর্টের সাধারণ প্রথমস্থলীয় দেওয়ানী বিচারাধিপত্যের স্থানীয় সীমার মধ্যে প্রতিবাদী বাস করেন, তবে সেই হাই কোর্টে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে, নতুবা মোকদ্দমার আরম্ভকালে প্রতিবাদী যে জিলাতে বাস করেন তথাকার প্রথমস্থলীয় বিচারাধিপত্য বিশিষ্ট প্রধান দেওয়ানী আদালতে তাহা উপস্থিত করিতে হইবে ইতি।

[Suit to be commenced by verified petition.]

VII. The suit shall be commenced by a petition in the form in the first schedule to this Act, or as near thereto as the circumstances of the case will allow. The statements made in the petition shall be verified by the petitioner in the manner required by law for the verification of plaints, and the petition shall bear a stamp of ten rupees, and may be amended by permission of the Court.

[On petition, citation issued to respondent to appear and answer.]

VIII. A copy of the petition shall be served upon the respondent, and the Court shall thereupon issue a citation under the seal of the Court and signed by the Judge, enjoining the respondent to appear in Court on a day to be named in such citation, not less than one month after the service of a copy thereof on the respondent, and answer whether she or he refuses to cohabit with the petitioner.

[Form of citation.]

IX. The citation shall be in the form in the second schedule to this Act or as near thereto as the circumstances of the case will allow.

[Service of citation.]

X. A copy of the citation sealed with the seal of the Court shall be served on the respondent; and the provisions of the Code of Civil Procedure as to the service and endorsement of summonses shall apply, *mutatis mutandis*, to citations under this Act.

[Procedure where respondent does not appear.]

XI. If the respondent shall not appear personally in obedience to such citation, and on every other occasion on which the respondent's appearance shall be required under the provisions of this Act, she or he shall be liable to punishment under the hundred and seventy-fourth Section of the Indian Penal Code, and the Court may authorize the Magistrate of the District to proceed under such Section against the respondent.

[Points to be proved on appearance of parties.]

XII. On the day fixed in the citation the parties shall appear in Court and the following points shall be proved:—

(1.) The identity of the parties:

(2.) The marriage between the petitioner and the respondent.

[দৃঢ়ীকৃত প্রার্থনাপত্রদ্বারা মোকদ্দমা আরম্ভ করিতে হইবার কথা।]

৭ ধারা। এই আইনের শেষে সংযুক্ত তফসীলে যে পাঠ আছে সেই পাঠে কিম্বা গতিকক্রমে সাধ্যমতে তাহার সদৃশ পাঠে প্রার্থনাপত্র দাখিল করিয়া মোকদ্দমা আরম্ভ করিতে হইবে। আইনের আদেশমতে যেমন নালিশপত্র দৃঢ় করিতে হয়, তেমনি প্রার্থনাকারি ব্যক্তিকে প্রার্থনাপত্রের বৃত্তান্ত দৃঢ় করিতে হইবে, ও সেই প্রার্থনাপত্রে দশ টাকা মূল্যের ইষ্টাম্প লাগিবে, ও আদালতের অনুমতিক্রমে প্রার্থনার সংশোধন হইতে পারিবে ইতি।

[প্রার্থনা দাখিল হইলে উপস্থিত হইয়া উত্তর দিবার জন্যে তলবচিঠী প্রতিবাদির নামে জারী করিতে হইবার কথা।]

৮ ধারা। সেই প্রার্থনাপত্রের একখান প্রতিলিপি প্রতিবাদির প্রতি সমর্পণ করিতে হইবে। পরে আদালত আপনার মোহরে মোহরাঙ্কিত ও জজ সাহেবের স্বাক্ষরীকৃত তলবচিঠী জারী করিয়া প্রতিবাদিকে এই আদেশ দিবেন, যে ঐ তলবচিঠীতে নির্দ্দিষ্ট তারিখে আদালতে উপস্থিত হইয়া, তিনি প্রার্থনাকারি ব্যক্তির সঙ্গে সহবাস করিতে অস্বীকার করেন কি না ইহার উত্তর দিতে হইবে। উক্ত তলবচিঠীর প্রতিলিপি প্রতিবাদির প্রতি সমর্পণ অবধি ঐ তারিখ পর্য্যন্ত ন্যূনকল্পে এক মাস অন্তর হইবে ইতি।

[তলবচিঠীর পাঠ।]

৯ ধারা। এই আইনের শেষে সংযুক্ত দ্বিতীয় তফসীলে নির্দ্দিষ্ট পাঠে কিম্বা গতিকক্রমে সাধ্যমতে তাহার সদৃশ পাঠে ঐ তলবচিঠী প্রস্তুত করিতে হইবে ইতি।

[তলবচিঠী সমর্পণ করিবার কথা।]

১০ ধারা। সেই তলবচিঠীর একখান প্রতিলিপি আদালতের মোহরে মোহরাঙ্কিত করিয়া প্রতিবাদির প্রতি সমর্পণ করিতে হইবে, এবং সমন সমর্পণ করিবার ও তাহাতে পৃষ্ঠলিপি দিবার যে সকল বিধান দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীর ব্যবস্থাতে আছে পরিবর্ত্তনীয়ের পরিবর্ত্তন হইলে তাহা এই আইনমতের তলবচিঠীর প্রতি বর্ত্তিবে ইতি।

[প্রতিবাদী অনুপস্থিত থাকিলে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১১ ধারা। সেই তলবচিঠীর আদেশমতে, এবং এই আইনের বিধানানুসারে অন্য কোন সময়ে প্রতিবাদির প্রতি উপস্থিত হইবার আদেশ হইলে সেই আদেশমতে যদি প্রতিবাদী আপনি উপস্থিত না হন, তবে তিনি ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৭৪ ধারার নির্দ্দিষ্ট দণ্ডের যোগ্য হইবেন, এবং আদালত জিলার মাজিষ্ট্রেট সাহেবকে উক্ত ধারার বলে প্রতিবাদির বিপক্ষ বিচারকার্য্য করিবার ক্ষমতা দিতে পারিবেন ইতি।

[পক্ষ ব্যক্তিরা উপস্থিত হইলে যেং বিষয় প্রমাণ করিতে হয় তাহার কথা।]

১২ ধারা। তলবচিঠীতে যে তারিখ নির্দ্দিষ্ট হইয়াছে সেই তারিখে পক্ষ ব্যক্তিদিগকে উপস্থিত হইতে হইবে, ও পশ্চাৎ লিখিত কএক বিষয় প্রমাণ করিতে হইবে, অর্থাৎ—

(১) পক্ষ ব্যক্তিরা যে সেই লোক বটে।

(২) প্রার্থনাকারি ব্যক্তির ও প্রতিবাদির বিবাহ যে হইয়াছে।

(3.) That the male party to the suit has completed the age of sixteen years, and that the female party to the suit has completed the age of thirteen years :

(4.) The desertion or repudiation of the petitioner by the respondent :

(5.) That such desertion or repudiation was solely in consequence of the petitioner's change of religion :

(6.) And that such desertion or repudiation had continued for the six months next before the commencement of the suit.

[First interrogation of respondent.]

XIII. The Judge, if such points be proved to his satisfaction, shall thereupon ask the respondent whether she or he refuses to cohabit with the petitioner, and if so, what is the ground of such refusal.

[Interrogations may be public or private.]

XIV. Such interrogation and every other interrogation mentioned in this Act may, at the discretion of the Judge, take place in open Court or in his private room. If any such interrogation take place in open Court, the Judge may, so long as it shall continue, exclude from the Court all such persons as he shall think fit to exclude.

[Adjournment for a month if respondent refuses to cohabit on account of petitioner's conversion. Parties in the interim to have a private interview.]

XV. If the respondent, in answer to the Judge's interrogatories, shall refuse to cohabit with the petitioner, and allege, as the sole ground for such refusal, that the petitioner has changed his or her religion, the Judge shall make an order adjourning the case for one month, and directing that in the interim the parties shall, at such place and time as he shall deem convenient have a private interview of not less than one hour in length, with the view of ascertaining whether or not the respondent freely and voluntarily persists in such refusal. Such interview shall be subject to any conditions as to privacy which the Judge shall think fit : Provided that no condition which might interfere with the ascertainment of the respondent's wishes respecting such refusal shall be imposed upon such interview.

[Second interrogation of respondent.]

XVI. At the expiration of such adjournment, the parties shall again appear in Court, and if the

(৩) মোকদ্দমার পক্ষ পুরুষ যে ষোল বৎসর বয়স উত্তীর্ণ ও মোকদ্দমার পক্ষ স্ত্রী ত্রয়োদশ বৎসর বয়স উত্তীর্ণা হইয়াছেন।

(৪) প্রতিবাদির দ্বারা প্রার্থনাকারি ব্যক্তির ত্যাগ কি নিরাকরণ যে হইযাছে।

(৫) প্রার্থনাকারির ধর্ম্মান্তর গ্রহণই যে সেই ত্যাগের কি নিরাকরণের একমাত্র কারণ।

(৬) এবং মোকদ্দমার আরম্ভকালের অব্যবহিত পূর্ব্ব ছয় মাস ব্যাপিয়া সেই ত্যাগ কি নিরাকরণ হইয়া আসিতেছে ইতি।

[প্রতিবাদিকে প্রথমবার জিজ্ঞাসাবাদ করিবার কথা।]

১৩ ধারা। উক্ত সকল বিষয় যদি জজ সাহেবের হৃদ্বোধজনক মতে প্রমাণ হয়, তবে তিনি প্রতিবাদিকে এই কথা জিজ্ঞাসা করিবেন, তুমি কি এই প্রার্থনাকারি ব্যক্তির সহিত সহবাস করিতে অসম্মত? তাহাতে তিনি যে অসম্মত ইহা বলিলে জজ সাহেব তাঁহাকে সেই অসম্মতির কারণ জিজ্ঞাসা করিবেন ইতি।

[জিজ্ঞাসাবাদ প্রকাশ্য কি অপ্রকাশ্য হইতে পারে ইহার কথা।]

১৪ ধারা। উক্ত জিজ্ঞাসাবাদ এবং এই আইনে উল্লিখিত অন্য সকল জিজ্ঞাসাবাদ জজ সাহেবের বিবেচনামতে মুক্তদ্বার আদালতে অথবা তাঁহার নিজ কামরাতে হইতে পারিবে। মুক্তদ্বার আদালতে হইলে যাবৎ সেই জিজ্ঞাবাদ চলে, তাবৎ জজ সাহেব যে সকল লোককে উপস্থিত হইবার অযোগ্য জ্ঞান করেন, তাহাদিগকে আদালতে আসিতে না দিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

[প্রার্থনাকারি ব্যক্তির ধর্ম্মান্তর গ্রহণ প্রযুক্ত প্রতিবাদী সহবাসে অসম্মত হইলে এক মাস পর্য্যন্ত বিলম্ব করিতে হইবার কথা, ও মধ্যকালে পক্ষ ব্যক্তিরা আপনারা অপ্রকাশরূপে পরস্পর সাক্ষাৎ করিতে পারিবেন ইহার কথা।]

১৫ ধারা। জজ সাহেবের জিজ্ঞাসাবাদক্রমে যদি প্রতিবাদী প্রার্থনাকারি ব্যক্তির সহিত সহবাস করিতে অস্বীকার করেন, ও সেই অসম্মতির একমাত্র কারণ বলিয়া প্রার্থনাকারি ব্যক্তির ধর্ম্মান্তর গ্রহণ উল্লেখ করেন, তবে জজ সাহেব এক মাস পর্য্যন্ত সেই মোকদ্দমা স্থগিত রাখিবার আজ্ঞা করিয়া তদ্দ্বারা এই আদেশও করিবেন যে তিনি যে স্থান ও যে সময় সুবিধাজনক জ্ঞান করেন, সেই স্থানে ও সেই সময়ে ঐ পক্ষ ব্যক্তিরা মধ্যকালে আপনারা অপ্রকাশরূপে এক ঘণ্টার অন্যূন কাল পর্য্যন্ত পরস্পর সাক্ষাৎ করেন। প্রতিবাদী স্বত্বস্বরূপে ও নিজ ইচ্ছাক্রমে ঐ অসম্মতিতে স্থিরমনা থাকেন কি না, ইহা নিশ্চয় করা সেই সাক্ষাৎ করিবার উদ্দেশ্য। জজ সাহেব ঐ সাক্ষাৎ করিবার অপ্রকাশ্যতা বিষয়ক যে কোন নিয়ম উপযুক্ত জ্ঞান করেন তাহা সেই নিয়মের অধীন হইবে, কিন্তু সেই সাক্ষাৎ করিবার কোন নিয়ম যেন উক্ত অসম্মতি বিষয়ে প্রতিবাদির মনোবাঞ্ছা নিশ্চয় করিবার বাধাজনক না হয় ইতি।

[প্রতিবাদিকে দ্বিতীয় বার জিজ্ঞাসাবাদ করিবার কথা ও এক বৎসর পর্য্যন্ত বিলম্ব করিবার কথা।]

১৬ ধারা। বিচারের সেই বিলম্বকাল অতীত হইলে পক্ষ ব্যক্তিদিগকে পুনরায় আদালতে উপস্থিত

respondent, on being interrogated by the Judge, again refuse to cohabit with the petitioner, and allege, as the sole ground for such refusal, the petitioner's change of religion, the suit shall be adjourned for one year.

[Point to be proved on expiration of adjournment.]

XVII. At the expiration of such adjournment the parties shall again appear in Court, and the petitioner shall prove that the said desertion or repudiation had continued up to the time last hereinbefore referred to.

[Proof of marriage, and the desertion or repudiation of petitioner in consequence of conversion.]

XVIII. In any such suit proof of cohabitation as man and wife shall be sufficient presumptive evidence of the marriage of the parties, and proof of the respondent's refusal or voluntary neglect to cohabit with petitioner, after his or her change of religion and after knowledge thereof by the respondent, shall be sufficient evidence of the respondent's desertion or repudiation of the petitioner; and shall also be sufficient evidence that such desertion or repudiation was solely in consequence of the petitioner's change of religion unless some other sufficient cause for such desertion or repudiation be proved by the respondent.

[Provisions of Civil Procedure Code as to witnesses to apply in suits under this Act.]

XIX. The provisions of the Code of Civil Procedure as to the summoning and examination of witnesses shall apply in suits instituted under this Act.

[On proof of the requisite points, suit to be adjourned for a month and parties to have another interview.]

XX. If the points mentioned in the twelfth and seventeenth Sections of this Act shall be proved to the satisfaction of the Judge, he shall adjourn the suit for a month, and direct that in the interim the parties shall have another interview of such length and subject to such condition as he shall think fit.

[At expiration of adjournment, if respondent refuse to cohabit, decree to pass permitting petitioner's re-marriage.]

XXI. At the expiration of such adjournment the parties shall again appear in Court, and if the respondent, on being interrogated by the Judge,

হইতে হইবে, তাহাতে যদি জজ সাহেবের জিজ্ঞাসাক্রমে প্রতিবাদী পুনরায় সেই প্রার্থনাকারি ব্যক্তির সহিত সহবাস করিতে অস্বীকার করেন ও সেই অসম্মতির একমাত্র কারণ বলিয়া প্রার্থনাকারি ব্যক্তির ধর্ম্মান্তর গ্রহণ উল্লেখ করেন, তবে এক বৎসর পর্য্যন্ত মোকদ্দমা স্থগিত রাখিতে হইবে ইতি।

[বিচারের বিলম্ব কাল অতীত হইলে যে বিষয় প্রমাণ করিতে হইবে তাহার কথা।]

১৭ ধারা। বিচারের ঐ বিলম্বকাল অতীত হইলে পক্ষ ব্যক্তিদিগকে পুনরায় আদালতে উপস্থিত হইতে হইবে, তাহাতে ইহার অব্যবহিত পুর্ব্বে উল্লিখিত সময় পর্য্যন্ত উক্ত ত্যাগ করণ কি নিরাকরণ হইয়া আসিতেছে, এই কথার প্রমাণ প্রার্থনাকারি ব্যক্তির দিতে হইবে ইতি।

[বিবাহের প্রমাণের কথা ও ধর্ম্মান্তর গ্রহণ প্রযুক্ত প্রার্থনাকারি ব্যক্তিকে ত্যাগ ও নিরাকরণের প্রমাণের কথা।]

১৮ ধারা। এমত কোন মোকদ্দমাক্রমে পতিপত্নীরূপে সহবাসের প্রমাণ হইলে তাহা পক্ষ ব্যক্তিদের বিবাহের অনুমানসিদ্ধ বলিয়া পর্য্যাপ্ত প্রমাণ হইবে, এবং প্রার্থনাকারি ব্যক্তি ধর্ম্মান্তর অবলম্বন করিলে পর ও প্রতিবাদী তাহা অবগত হইলে পর প্রার্থনাকারি ব্যক্তির সহিত সহবাস করিতে প্রতিবাদী যে অস্বীকার করিয়া কি ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করিয়া আসিতেছেন, ইহার প্রমাণ হইলে তাহাই প্রতিবাদিকর্ত্তৃক প্রার্থনাকারি ব্যক্তির ত্যাগ কি নিরাকরণ হইবার পর্য্যাপ্ত প্রমাণ হইবে, এবং সেই ত্যাগ কি নিরাকরণের পর্য্যাপ্ত অন্য কারণ যে ছিল প্রতিবাদী এমত প্রমাণ না দিলে তাহাই কেবল ঐ প্রার্থনাকারি ব্যক্তির ধর্ম্মান্তর গ্রহণ প্রযুক্ত তাহাকে ত্যাগ কি নিরাকরণ করিবার পর্য্যাপ্ত প্রমাণও হইবে ইতি।

[সাক্ষিবিষয়ক যে২ বিধান দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীর ব্যবস্থাতে আছে তাহা এই আইনমতের মোকদ্দমাতে বর্ত্তিবে ইহার কথা।]

১৯ ধারা। সাক্ষিদিগকে সমন ও জিজ্ঞাসাবাদ করিবার যে২ বিধান দেওয়ানী মোকদ্দমার কার্য্যপ্রণালীর ব্যবস্থাতে আছে তাহা এই আইনমতে উপস্থিত মোকদ্দমাতে খাটিবে ইতি।

[নির্দ্দিষ্ট কএক বিষয় সকল প্রমাণ হইলে এক মাস পর্য্যন্ত বিচারের বিলম্ব হইবে ও পক্ষ ব্যক্তিরা পুনরায় পরস্পরের সহিত সাক্ষাৎ করিবেন ইহার কথা।]

২০ ধারা। এই আইনের দ্বাদশ ও সপ্তদশ ধারাতে যে কএক বিষয়ের উল্লেখ হইল, তাহা জজ সাহেবের হৃদ্বোধমতে প্রমাণ হইলে তিনি এক মাস পর্য্যন্ত মোকদ্দমা স্থগিত রাখিবেন, এবং মধ্যকালে পক্ষ ব্যক্তিরা পুনরায় পরস্পর সাক্ষাৎ করিবেন এমত আজ্ঞাও দিবেন। তিনি কালের দীর্ঘতা প্রভৃতি যে নিয়ম উপযুক্ত জ্ঞান করেন ঐ সাক্ষাৎকরণ তাহার অধীন হইবে ইতি।

[বিচারের বিলম্বকাল অতীত হইলে যদি প্রতিবাদী সহবাসে অসম্মত থাকেন, তবে প্রার্থনাকারি ব্যক্তির পুনর্ব্বিবাহের অনুমতিদায়ক ডিক্রী জারী হইতে পারিবে ইহার কথা।]

২১ ধারা। বিচারের উক্ত বিলম্বকাল অতীত হইলে পক্ষ ব্যক্তিদিগকে পুনরায় আদালতে উপস্থিত হইতে হইবে, তাহাতে যদি জজের জিজ্ঞাসাক্রমে প্রতিবাদী

again refuse to cohabit with the petitioner, and allege the petitioner's conversion as the sole ground for such refusal, the respondent shall be taken to have finally deserted or repudiated the petitioner and the Judge shall, by a decree under his hand and sealed with the seal of his Court, declare that it shall be lawful for the petitioner to marry again: Provided that it shall not be lawful for the petitioner so to marry any person standing in such a degree of relationship to the respondent as that, if but one of them had been a male, such person and the respondent could not have intermarried.

পুনরায় প্রার্থনাকারি ব্যক্তির সহিত সহবাস করিতে অস্বীকার করেন ও সেই অসম্মতির একমাত্র কারণ বলিয়া প্রতিবাদির ধর্ম্মান্তর গ্রহণ উল্লেখ করেন, তবে প্রতিবাদী সেই প্রার্থনাকারি ব্যক্তিকে চূড়ান্তমতে ত্যাগ কি নিরাকরণ করিলেন এমত জ্ঞান হইবে, তাহাতে জজ সাহেব আপনার স্বাক্ষরীকৃত ও আদালতের মোহরে মোহরাঙ্কিত ডিক্রী করিয়া তদ্দ্বারা ইহা প্রকাশ করিবেন যে সেই প্রার্থনাকারি ব্যক্তি পুনর্ব্বিবাহ করিলে তাহা ব্যবস্থাসিদ্ধ কর্ম্ম হইবে। পরন্তু যাহার সহিত তিনি বিবাহ করিবেন, তাহার ও প্রতিবাদির মধ্যে অন্যতর ব্যক্তিমাত্র পুরুষ হইলে যদি অতি নিকট সম্বন্ধ প্রযুক্ত তাঁহাদের (অর্থাৎ ঐ প্রতিবাদী ও সেই দ্বিতীয় ব্যক্তির) মধ্যে বিবাহ হইতে না পারিত, তাহা হইলে প্রতিবাদির তদ্রূপ নিকটবর্ত্তি বন্ধুর সহিত প্রার্থনাকারি ব্যক্তির বিবাহ সম্বন্ধ ব্যবস্থানুসারে হইতে পারিবে না ইতি।

[The parties children under the age of three years may be delivered to their mother on her application.]

[পক্ষ ব্যক্তিদের তিন বৎসরের ন্যূন বয়স্ক সন্তান থাকিলে মাতার প্রার্থনাক্রমে তাহার প্রতি সেই সন্তানকে সমর্পণ করিতে হইবে ইহার কথা।]

XXII. If there shall be children of the petitioner and respondent, within the age of three years, in the sole custody or control of their father, or of any person by his authority, it shall be lawful for the Judge, on the application of their mother, to direct in the decree or by a subsequent order that such children shall be delivered to, and remain in, her custody until attaining such age, subject to such regulations as the Judge shall deem convenient and just.

২২ ধারা। সেই প্রার্থনাকারি ব্যক্তি ও প্রতিবাদির তিন বৎসরের ন্যূন বয়স্ক কোন সন্তান যদি কেবল পিতার কিম্বা তাঁহার আজ্ঞাক্রমে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন ব্যক্তির রক্ষণে কি কর্ত্তৃত্বাধীনে থাকে, তবে সেই সন্তানের মাতার প্রার্থনাক্রমে জজ সাহেব ডিক্রীতে কি তৎপশ্চাতের আজ্ঞাতে এমত আদেশ করিতে পারিবেন যে তিনি যে প্রকার নিয়ম সুবিধাজনক ও ন্যায্য জ্ঞান করেন এমত নিয়মের অধীনে সেই সন্তানকে মাতার হস্তে সমর্পণ করিতে হইবে, ও সেই সন্তান উক্ত বয়ঃক্রম পর্য্যন্ত মাতার রক্ষণে থাকিবে ইতি।

[Dismissal of suit if either party is under the age required by the Act, or if the parties are cohabiting, or the respondent is willing to cohabit.]

[আইনে নির্দ্দিষ্ট বয়ঃক্রম অন্যতর পক্ষের না হইলে কিম্বা পক্ষদ্বয়ে সহবাস করিলে কিম্বা প্রতিবাদী সহবাস করিতে সম্মত হইলে মোকদ্দমা ডিস্‌মিস্ হইবে ইহার কথা।]

XXIII. If at any stage of the suit it be proved that the male party to the suit is or was at the institution thereof under the age of sixteen years, or that the female party to the suit is or was at the same time under the age of thirteen years, or that the petitioner and the respondent are cohabiting as man and wife, or if the Court is satisfied by the evidence adduced that the respondent is ready and willing so to cohabit with the petitioner, the Court shall pass a decree dismissing the suit, and stating the ground of such dismissal.

২৩ ধারা। মোকদ্দমা চলিবার কোন সময়ে যদি এমত প্রমাণ হয় যে মোকদ্দমার পক্ষ পুরুষ ষোল বৎসর বয়স উত্তীর্ণ হন নাই কি মোকদ্দমার আরম্ভকালে উত্তীর্ণ ছিলেন না, কিম্বা মোকদ্দমার পক্ষ স্ত্রী যে ত্রয়োদশ বৎসর বয়স উত্তীর্ণা হন নাই কি তৎকালে উত্তীর্ণা ছিলেন না, কিম্বা প্রার্থনাকারি ব্যক্তি ও প্রতিবাদী পতিপত্নীরূপে সহবাস করিতেছেন, কিম্বা যে প্রমাণ পাওয়া গিয়াছে তাহাতে যদি আদালত হৃদ্বোধমতে জানিতে পান যে প্রার্থনাকারি ব্যক্তির সহিত তদ্রূপ সহবাস করিতে প্রতিবাদী প্রস্তুত ও ইচ্ছুক আছেন, তাহা হইলে আদালত মোকদ্দমা ডিস্‌মিস্ করিবার ডিক্রী প্রচার করিবেন, ও তাহাতে সেই ডিস্‌মিস্ করিবার হেতু উল্লেখ করিবেন ইতি।

[Revival of suit after such dismissal.]

[ডিস্‌মিস্ হইলে পরে বিবাহ পুনরায় উপস্থিত করিবার কথা।]

XXIV. If at any time after a decree dismissing the suit upon any of the grounds mentioned in the last preceding Section the respondent again desert or repudiate the petitioner upon the ground of his or her change of religion, the suit may be revived by summoning the respondent; and upon proof of the former decree and of such renewed repudiation or desertion, the suit shall re-commence at the stage at which it had arrived

২৪ ধারা। ইহার অব্যবহিত পূর্ব্ব ধারাতে উল্লিখিত কোন কারণে সেই মোকদ্দমা ডিস্‌মিস্ হইবার ডিক্রী জারী হইলে পর যদি কোন সময়ে প্রতিবাদী প্রার্থনাকারি ব্যক্তির ধর্ম্মান্তর অবলম্বন হেতু বলিয়া পুনরায় তাঁহাকে ত্যাগ কি নিরাকরণ করেন, তবে প্রতিবাদিকে সমন করণদ্বারা মোকদ্দমা পুনরায় উপস্থিত করা যাইতে পারিবে, তাহাতে পূর্ব্বকার ডিক্রী ও তৎপরে পুনরায় ত্যাগ কি নিরাকরণ দোষ প্রমাণ হইলে উক্ত ডিক্রী জারী হইবার অব্যবহিত পূর্ব্বে সেই মোকদ্দমা যে গতি

immediately before the passing of such decree; and after the proofs, interrogations, interviews, and adjournments which may then be requisite under the provisions hereinbefore contained, the Judge shall pass a decree of the nature and subject to the proviso mentioned in the twenty-first Section of this Act.

[Petitioner's cruelty or adultery to bar the suit.]

XXV. If in any stage of the suit it be proved that the respondent has deserted or repudiated the petitioner solely or partly in consequence of the petitioner's cruelty or adultery, the Court shall pass a decree dismissing the suit and stating the ground of such dismissal. A suit dismissed under this Section shall not be revived.

[Male petitioner's cohabitation with one of several wives to bar the suit.]

XXVI. If the petitioner, being a male, has, at the time of the institution of the suit two or more wives, he shall make them all respondents, and if at any stage of the suit it be proved that he is cohabiting with one of such wives as man and wife, or that any one of such wives is ready and willing so to cohabit with him, the Court shall pass a decree dismissing the suit and stating the ground of such dismissal. The provisions as to revival contained in the twenty-fourth Section of this Act shall apply, *mutatis mutandis*, to a suit dismissed under this Section.

[Male petitioner's re-marriage not to affect status or rights of his Native wife or children.]

XXVII. If the petitioner, being a male, shall marry again under the provisions of this Act, such re-marriage shall not operate to deprive the respondent, or her children (if any) by him, of the status which they would have had as his lawful wife or legitimate children or (subject to the provisions hereinafter contained) of any right or interest which she or they would then have had according to the Native law, applicable to her or them, by way of maintenance, dower, inheritance, or otherwise, in case the petitioner had not so married again as aforesaid.]

[Rights of Native wife in case she and re-married Convert's wife survive him.]

XXVIII. If any such petitioner predecease the respondent and the woman whom he shall have so married, the respondent (subject to the provisions hereinafter contained) shall succeed,

প্রাপ্ত হইয়াছিল তাহাই তাহার পুনরারম্ভের স্থল হইবে, এবং ইহার পূর্ব্বে নির্দ্দিষ্ট সকল বিধানমতে যে সকল প্রমাণ পাইবার ও জিজ্ঞাসা করিবার ও সাক্ষাৎ করিবার ও বিচার স্থগিত রাখিবার প্রয়োজন হইতে পারে, সে সকল হইলে পর জজ সাহেব এই আইনের ২১ ধারাতে নির্দ্দিষ্ট প্রকারের ডিক্রী জারী করিয়া তাহা ঐ ধারার নির্দ্দিষ্ট উপনিয়মের অধীন করিবেন ইতি।

[প্রার্থনাকারি ব্যক্তির নিষ্ঠুরতা কি ব্যভিচারদ্বারা মোকদ্দমার বাধা জন্মিবে ইহার কথা।]

২৫ ধারা। মোকদ্দমা চলিবার কোন সময়ে যদি এমত প্রমাণ হয় যে প্রর্থানাকারি ব্যক্তির নিষ্ঠুরতা কি ব্যভিচার প্রতিবাদি কর্ত্তৃক তাঁহার ত্যাগ কি নিরাকরণ হইবার একমাত্র কি অন্যতর কারণ ছিল, তবে আদালত মোকদ্দমা ডিস্‌মিস্‌ করিবার ডিক্রী জারী করিয়া সেই ডিস্‌মিস্‌ করিবার হেতুও তাহাতে লিখিবেন। এই ধারামতে যে মোকদ্দমা ডিস্‌মিস হয় তাহা পুনরায় উপস্থিত করিতে পারা যাইবে না ইতি।

[প্রার্থনাকারি ব্যক্তি পুরুষ হইলে কএক পত্নীর মধ্যে এক পত্নীর সহিত তাঁহার সহবাস দ্বারা মোকদ্দমার বাধা হইবে ইহার কথা।]

২৬ ধারা। প্রার্থনাকারি ব্যক্তি যদি পুরুষ হন ও মোকদ্দমা উপস্থিত করণ কালে তাঁহার দুই কি অধিক পত্নী থাকে, তবে সেই সকলকে প্রতিবাদিনী করিবেন, তাহাতে যদি মোকদ্দমা চলিবার কোন সময়ে এমন প্রমাণ হয় যে তাঁহাদের মধ্যে এক পত্নীর সঙ্গে পতি-পত্নীরূপে তাঁহার সহবাস হইতেছে, কি তাঁহাদের মধ্যে এক জন পত্নী তাঁহার সহিত সহবাস করিতে প্রস্তুত ও ইচ্ছুক আছেন, তাহা হইলে আদালত মোকদ্দমা ডিস্‌মিস্‌ করিবার ডিক্রী জারী করিয়া ডিস্‌মিস্‌ করিবার হেতু তাহাতে লিখিবেন। মোকদ্দমা পুনর্ব্বার উপস্থিত করিবার যে২ বিধান এই আইনের ২৪ ধারাতে আছে পরিবর্ত্তনীয়ের পরিবর্ত্তন হইলে তাহা এই ধারামতে ডিস্‌মিস্‌ হওয়া মোকদ্দমাতেও বর্ত্তিবে ইতি।

[প্রার্থনাকারি ব্যক্তি পুরুষ হইলে তাঁহার পুনর্ব্বিবাহদ্বারা তাঁহার দেশীয়া পত্নীর কি সন্তানদের অবস্থার কি স্বত্বের হানি না হইবার কথা।]

২৭ ধারা। প্রার্থনাকারি ব্যক্তি পুরুষ হইলে যদি এই আইনের বিধানমতে পুনর্ব্বিবাহ করেন, তবে তিনি তদ্রূপ পুনর্ব্বিবাহ না করিলে তাঁহার ধর্ম্মপত্নী কি ধর্ম্মজ সন্তান বলিয়া ঐ প্রতিবাদিনীর ও তাহার গর্ব্ভে ঐ প্রার্থনাকারি ব্যক্তির ঔরসে জাত সন্তানদের যে অবস্থা থাকিত সেই অবস্থাহইতে কিম্বা ভরণপোষণ কি স্ত্রীধন কি উত্তরাধিকারিত্ব কি প্রকারান্তরের যে কোন স্বত্ব কি সম্পর্ক দেশীয় ব্যবস্থানুসারে সেই প্রতিবাদিনীর কি তাঁহার সন্তানদের প্রতি বর্ত্তিত, (পরে নির্দ্দিষ্ট বিধানের অধীনে) সেই স্বত্ব কি সম্পর্কহইতে ঐ প্রতিবাদিনীকে ও তাঁহার সন্তান থাকিলে তাঁহার সন্তানদিগকে বঞ্চিত করিবার বল ঐ পুনর্ব্বিবাহের হইবে না ইতি।

[পুনর্ব্বিবাহিত খ্রীষ্টধর্ম্মাবলম্বি পুরুষের দেশীয়া পত্নী ও নূতন পত্নী উভয়ে তাঁহার উত্তরজীবিনী হইলে দেশীয়া পত্নীর যে স্বত্ব হয় তাহার কথা।]

২৮ ধারা। তদ্রূপ প্রার্থনাকারি কোন ব্যক্তি যদি প্রতিবাদিনীর পূর্ব্বে ও সেই পুনর্ব্বিবাহে গৃহীত স্ত্রীর পূর্ব্বে প্রাণ ত্যাগ করেন, তবে ঐ প্রতিবাদিনী তাঁহার অগ্রগণ্যা বিধবা অথবা তাঁহার এক জন বিধবা হইলে

according to the Native law applicable to her, to such interest (if any) in the whole or part of the petitioner's property as she would have been entitled to had she been his senior widow or one of his widows, as the case may be.

[Intercourse between re-married petitioner and the respondent during re-marriage to be deemed adulterous.]

XXIX. If during any such re-marriage intercourse take place between the petitioner and the respondent, such intercourse shall be deemed adulterous, and the children (if any) born in consequence thereof be illegitimate.

[After decree permitting petitioner's re-marriage, respondent may re-marry. On such re-marriage respondent's claim on the petitioner's property to cease.]

XXX. After the passing of a decree permitting any such re-marriage and the dismissal of the appeal (if any) against such decree, it shall be lawful for the respondent also to re-marry, and the issue of such re-marriage shall be legitimate, any Native law to the contrary notwithstanding. But upon the respondent's re-marriage all rights and interests which she or he may then have in the petitioner's property by way of maintenance, inheritence, or otherwise, shall cease and determine as if the respondent had then died; and the petitioner, or, if the petitioner be dead, the persons entitled to such property on the respondent's death shall thereupon succeed to the same.

[Minister of religion not bound to celebrate re-marriage legalized by this Act.]

XXXI. The celebration of any re-marriage legalized by this Act shall not be obligatory on any Minister of religion.

[Power to Court to award alimony.]

XXXII. If a suit be commenced under the provisions of this Act, and it appear to the Court that the wife has not sufficient separate property to enable her to maintain herself suitably to her station in life and to prosecute or defend the suit, the Court may, pending the suit, order the husband to furnish the wife with sufficient funds to enable her to prosecute or defend the suit, and also for her maintenance pending the suit. If the suit be brought by a husband against a wife, the Court may by the decree order the husband to make such allowance to his wife for her maintenance during the remainder of her life as the Court shall think just, and having regard to the condition and station in life of the parties. Any

সেই প্রার্থনাকারি ব্যক্তির সমুদয় সম্পাত্তিতে কি তাহার কোন অংশে যে সম্পার্ক প্রাসঙ্গিক দেশীয় ব্যবস্থানুসারে তাঁহার প্রতি বর্ত্তিত, উক্ত প্রতিবাদিনী পশ্চাৎ নির্দ্দিষ্ট নিয়মের অধীনে সেই সম্পার্কের অধিকারিণী হইবেন ইতি।

[পুনর্ব্বিবাহিত অবস্থা থাকিতে পুনর্ব্বিবাহিত প্রার্থনাকারি ব্যক্তির ও প্রতিবাদির মধ্যে সংসর্গ হইলে তাহা ব্যভিচার বলিয়া গণ্য হইবার কথা।]

২৯ ধারা। তদ্রূপ পুনর্ব্বিবাহিত অবস্থা থাকিতে যদি প্রার্থনাকারি ব্যক্তির ও প্রতিবাদির মধ্যে পরস্পর সংসর্গ হয়, তবে সেই সংসর্গ ব্যভিচার বলিয়া গণ্য হইবে, ও তাহাহইতে সন্তান উৎপন্ন হইলে সেই সন্তান জারজ হইবে ইতি।

[প্রার্থনাকারি ব্যক্তির পুনর্ব্বিবাহের অনুমতিদায়ক ডিক্রী হইলে পর প্রতিবাদীও পুনর্ব্বিবাহ করিতে পারিবেন, করিলেই প্রার্থনাকারি ব্যক্তির সম্পাত্তিতে প্রতিবাদির দাওয়া লুপ্ত হইবে ইহার কথা।]

৩০ ধারা। তদ্রূপ পুনর্ব্বিবাহ করিবার অনুমতিদায়ক ডিক্রী জারী হইলে পর ও সেই ডিক্রীর উপর আপীল হইলে আপীল ডিস্‌মিস্ হইলে পর প্রতিবাদীও পুনর্ব্বিবাহ করিতে পারিবেন, ও সেই পুনর্ব্বিবাহহইতে উৎপন্ন অপত্যও ধর্ম্মজ হইবে। ইহাতে দেশীয় কোন ব্যবস্থার প্রতিকূল বিধিতে কোন বাধা জন্মিবে না। কিন্তু যে প্রতিবাদী পুনর্ব্বিবাহ করেন, তিনি তখন মরিলে যেমন হইত, তেমন প্রার্থনাকারি ব্যক্তির সম্পাত্তিতে ভরণপোষণ কি উত্তরাধিকারিত্ব বিষয়ক কি প্রকারান্তরের যে কোন স্বত্ব কি সম্পার্ক তাঁহার আছে তাহা লোপ হইবে ও পরিণাম পাইবে, এবং সেই প্রার্থনাকারি ব্যক্তি কিম্বা তাঁহার মৃত্যু হইলে যাহারা প্রতিবাদির মরণোত্তরে সেই সম্পাত্তির অধিকারী তাহারাই তখন তাহা প্রাপ্ত হইবেন ইতি।

[এই আইনদ্বারা যে পুনর্ব্বিবাহ আইনসিদ্ধ হয়, কোন ধর্ম্মোপদেশক তাহা সাধন করিতে বাধিত নহেন ইহার কথা।]

৩১ ধারা। এই আইনদ্বারা যে কোন পুনর্ব্বিবাহ ব্যবস্থাসিদ্ধ হয় তাহা সাধন করিতে কোন ধর্ম্মোপদেশক বাধিত হইবেন না ইতি।

[গ্রাসাচ্ছাদনের টাকা দিবার আজ্ঞা করিতে আদালত ক্ষমতাপন্ন, ইহার কথা।]

৩২ ধারা। এই আইনের বিধানমতে কোন মোকদ্দমা আরম্ভ হইলে পর যদি আদালত জানিতে পান যে পত্নীর প্রচুর স্বতন্ত্র সম্পাত্তি না থাকাতে নিজ অবস্থার যোগ্যমতে আপনার প্রতিপালন করা এবং বাদি অথবা প্রতিবাদিরূপে মোকদ্দমা চালান তাহার অসাধ্য, তবে আদালত মোকদ্দমা চলিবার সময়ে পতিকে এমত আজ্ঞা দিতে পারিবেন যে বাদি অথবা প্রতিবাদিরূপে মোকদ্দমা চালাইবার মত এবং মোকদ্দমা চলিবার কাল পর্য্যন্ত তাঁহার প্রতিপালনের মত প্রচুর টাকা পত্নীকে তাঁহার দিতে হইবে। পতিদ্বারা পত্নীর নামে মোকদ্দমা উপস্থিত করা গেলে আদালত ডিক্রীদ্বারা পতিকে এমত আজ্ঞা দিতে পারিবেন যে তাঁহার পত্নীর অবশিষ্ট জীবনকাল পর্য্যন্ত ভরণপোষণের জন্যে যত টাকা আদালত উভয় পক্ষের অবস্থা ও পদ বুঝিয়া ন্যায্য জ্ঞান করেন, তত টাকা তাঁহার দিতে হইবে। সেই পত্নী যদি পশ্চাৎ বিবাহ

allowance so ordered shall cease from the time of any subsequent marriage of the wife.

[Appeal against orders and decrees under this Act.]

XXXIII. An appeal shall lie against any order or decree made or passed by any Court under the provisions of this Act to any Court to which an appeal would lie against an order or decree made or passed by the former Court in any Civil case. Every such appeal shall be subject to the rules relating to Regular Appeals contained in the Code of Civil Procedure so far as such rules are applicable to the case.

[Extent of Act.]

XXXIV. This Act shall extend to all the territories that are or shall become vested in Her Majesty by the Statute 21 and 22 Vic., cap. 106, entitled "An Act for the better Government of India," except the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca. But it may be extended, with the consent of the Governor General of India in Council, by order of the Governor of such Settlement, to all or any part of the territory subject to his Government; and he may, with such consent as aforesaid, determine the Court in which suits against residents in such territory shall be commenced under the provisions of this Act. In case of such extension, if the Indian Penal Code shall not then apply to the said Settlement, the respondent's personal appearance pursuant to this Act may be enforced by such procedure as the said Governor, with such consent as aforesaid, shall provide in that behalf.

করেন, তবে তক্রূপ ভরণপোষণার্থ যে টাকা দিবার আজ্ঞা হইল সেই টাকা ঐ বিবাহকালাবধি বন্ধ হইবে ইতি।

[এই আইনমতের আজ্ঞার ও ডিক্রীর উপর আপীল হইবার কথা।]

৩৩ ধারা। এই আইনের বিধানমতে যে কোন আদালত কোন আজ্ঞা করেন কি কোন ডিক্রী জারী করেন, সেই আদালত কোন দেওয়ানী মোকদ্দমাক্রমে আজ্ঞা কি ডিক্রী জারী করিলে তাহার উপর যে কোন আদালতে আপীল হইতে পারিত, সেই আদালতে এই আইনমতের ঐ আজ্ঞা কি ডিক্রীর উপরও আপীল হইতে পারিবে। দেওয়ানী মোকদ্দমার ব্যবস্থাতে নিয়মিত আপীল বিষয়ক যেং বিধি আছে তাহা যে পর্য্যন্ত বর্ত্তিতে পারে, সেই পর্য্যন্ত তক্রূপ প্রত্যেক আপীলও ঐ বিধির অধীন হইবে ইতি।

[এই আইন যেং স্থানে প্রবল হইবে তাহার কথা।]

৩৪ ধারা। প্রিন্স অফ ওয়েলস উপদ্বীপ ও সিংহপুর ও মালাকা এই নামে খ্যাত উপনিবেশ ভিন্ন অন্য যত প্রদেশ শ্রীশ্রীমতী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের ব্যবস্থার ১০৬ অধ্যায়ের (অর্থাৎ ভারতবর্ষ আরও উত্তম রূপে শাসন করিবার আইনের) বলে শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর প্রতি অর্শে কি অর্শিবে সেই সকল প্রদেশে এই আইন প্রবল হইবে। পরন্তু উক্ত উপনিবেশের গবর্ণর সাহেব মন্ত্রিসভাগত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি লইয়া আজ্ঞা প্রকাশ করণদ্বারা আপন শাসনের অধীন প্রদেশের সর্ব্বত্র কি তাহার কোন অংশে তাহা প্রবল করিতে পারিবেন। এবং এই আইনের বিধানমতে উক্ত প্রদেশে বাসকারি লোকদের নামে মোকদ্দমা উপস্থিত করিতে হইলে যে আদালতে তাহা উপস্থিত করিতে হইবে তাহাও তিনি উক্ত মহিমবরের সম্মতি লইয়া নির্দ্দিষ্ট করিতে পারিবেন। এই আইন উক্ত উপনিবেশে প্রবর্ত্তিত হইলে যদি ভারতবর্ষের দণ্ডবিধির আইন তথায় তখন প্রবল না হইয়া থাকে, তবে সেই গবর্ণর সাহেব পূর্ব্বোক্ত মহিমবরের সম্মতি লইয়া সেই অভিপ্রায়ে যে কার্য্যপ্রণালী স্থির করিবেন, তদ্দ্বারা এই আইনমতে প্রতিবাদির নিজ উপস্থান প্রবল করা যাইতে পারিবে ইতি।

---

THE FIRST SCHEDULE.

*Form of Petition.*

To the Judge of the Civil Court of

The          day of          18  .

The Petition of A. B., of

Sheweth :—

That your petitioner was born on or about the          day of          18  .

প্রথম তফসীল।

প্রার্থনাপত্রের পাঠ।

অমুক স্থানের দেওয়ানী আদালতের শ্রীযুত জজ সাহেব সমীপেষু।

১৮     সালের অমুক মাসের অমুক তারিখ।

অমুক স্থান নিবাসি শ্রী অমুকের এই প্রার্থনাপত্রদ্বারা এই নিবেদন করা যাইতেছে।

১। ১৮     সালের অমুক মাসের অমুক তারিখে কিম্বা প্রায় সেই সময়ে এই প্রার্থনাকারি আমার জন্ম হয়।

2. That your petitioner was on the day of in the year 18 lawfully married to C. D. at

3. That the said C. D. is now of the age of years or thereabouts.

4. That after his said marriage your petitioner lived and cohabited with his said wife at aforesaid until the day of 18 ; and that there are now living children, and no more of such marriage, aged respectively and years.

5. That previous to the day of 18 your petitioner changed his religion for Christianity, and that on such day he was baptized and became a member of the Church of

6. That on the day of 18 [*at least six months prior to the date of the petition*] the said C. D. deserted your petitioner, and has not since resumed cohabitation with him.

That such desertion was solely in consequence of your petitioner's said change of religion.

8. That there is no collusion nor connivance between your petitioner and the said C. D.

Your petitioner therefore prays that your Honor will order the said C. D. to live and cohabit with your petitioner, or declare that it shall be lawful for your petitioner to marry again.

A. B.

*Form of verification.*

I, A. B., the petitioner named in the above petition, do declare that what is stated therein is true to the best of my information and belief.

---

THE SECOND SCHEDULE.

*Form of citation.*

To C. D. of

Whereas A. B. of claiming to have been lawfully married to you, the said C. D. has filed his petition against you in the Civil Court of praying that you may be ordered to live and cohabit with him, or that it may be declared that it shall be lawful for him to marry again, and alleging that you the said C. D. have deserted him for six months solely in consequence of his having changed his religion for Christianity. Now this is to command you that, at the expiration of days [*at least one month*] from the date of the service of this on you, you do appear in the said Court then and there to make answer to the said petition, a copy whereof, sealed with the seal of the said Court, is herewith served upon you.

২। ১৮ সালের অমুক মাসের অমুক তারিখে অমুক স্থানে শ্রীমতী অমুকীর সহিত প্রার্থনাকারি আমার ব্যবস্থাসিদ্ধ বিবাহ হয়।

৩। এই বর্ত্তমান কালে উক্ত শ্রীমতী অমুকীর ন্যূনাধিক এত বৎসর বয়ঃক্রম হইয়াছে।

৪। পূর্ব্বোক্ত বিবাহ অবধি এই প্রার্থনাকারি আমি আমার উক্ত পত্নীর সহিত থাকিয়া ১৮ সালের অমুক মাসের অমুক তারিখ পর্য্যন্ত পূর্ব্বোক্ত অমুক স্থানে সহবাস করিতাম। সেই বিবাহহইতে উৎপন্ন কেবল এত সন্তান এখন জীবৎ আছে, তাহাদের প্রত্যেকের বয়ঃক্রম এই২, অর্থাৎ—।

৫। ১৮ সালের অমুক মাসের অমুক তারিখের পূর্ব্বে এই প্রার্থনাকারি আমি ধর্ম্মান্তর গ্রহণ করিয়া খ্রীষ্টধর্ম্মাবলম্বী হইলাম, ও উক্ত তারিখে বাপ্টাইজিত হইয়া অমুক স্থানের মণ্ডলীর অংশী হইলাম।

৬। ১৮ সালের অমুক মাসের অমুক তারিখে (অর্থাৎ প্রার্থনাপত্রের তারিখের অন্ততঃ ছয় মাস পূর্ব্বে) উক্ত শ্রীমতী অমুকী এই প্রার্থনাকারি আমাকে পরিত্যাগ করিয়া তদবধি আমার সঙ্গে আর সহবাস করেন নাই।

৭। এই প্রার্থনাকারি আমার ধর্ম্মান্তর গ্রহণ সেই পরিত্যাগের একমাত্র কারণ ছিল।

৮। এই বিষয়ে প্রার্থনাকারি আমার ও উক্ত শ্রীমতী অমুকীর মধ্যে কুপরামর্শের ঐক্য কি দোষের উপেক্ষা নাই।

অতএব প্রার্থনাকারি আমার নিবেদন এই যে আপনি অনুগ্রহ করিয়া উক্ত শ্রীমতী অমুকীকে আমার সহিত থাকিয়া সহবাস করিবার আজ্ঞা দেন, অথবা আমার পুনর্ব্বিবাহ আইনসিদ্ধ এই মর্ম্মের অনুমতি করেন।

শ্রীঅমুক।

দৃঢ়ীকরণের পাঠ।

উপরে লিখিত প্রার্থনাপত্রে নামলব্ধ প্রার্থনাকারী শ্রীঅমুক আমি ইহাতে স্বীকার করিতেছি যে আমার জ্ঞান ও বিশ্বাসমতে এই প্রার্থনাপত্রের সকল কথা সত্য বটে।

---

দ্বিতীয় তফসীল।

তলবচিঠীর পাঠ।

অমুক স্থান নিবাসিনী শ্রীমতী অমুকী সমীপেষু।

অমুক স্থান নিবাসি শ্রী অমুক উপরে লিখিত শ্রীমতী অমুকী অর্থাৎ তোমার সহিত ব্যবস্থাসিদ্ধ বিবাহদ্বারা সংযুক্ত হইবার দাওয়া করিয়া অমুক স্থানের দেওয়ানী আদালতে তোমার নামে এই মর্ম্মের প্রার্থনাপত্র দাখিল করিয়াছে, যে তাহার সহিত থাকিয়া সহবাস করিবার আজ্ঞা তোমাকে দেওয়া যায়, অথবা তাহার পুনর্ব্বিবাহ আইনসিদ্ধ হইবে এমত অনুমতি হয়, ও সেই প্রার্থনাপত্রে এই নিবেদনও করিয়াছে যে কেবল তাহার ধর্ম্মান্তর গ্রহণ অর্থাৎ খ্রীষ্টধর্ম্ম অবলম্বন প্রযুক্ত শ্রীমতী অমুকী তুমি ছয় মাস অবধি তাহাকে ত্যাগ করিয়াছ, অতএব ইহাদ্বারা তোমাকে এই আজ্ঞা দেওয়া যাইতেছে, যে তোমার প্রতি এই কাগজ সমর্পিত হওন অবধি এত দিবস (অর্থাৎ অন্ততঃ এক মাস) অতীত হইলে উক্ত আদালতে তোমাকে উপস্থিত হইয়া উক্ত প্রার্থনাপত্রের উত্তর দিতে হইবে। উক্ত আদালতের মোহরে মোহরাঙ্কিত তাহার এক খান প্রতিলিপি ইহার সহিত তোমার প্রতি অর্পিত হইল।

And take notice that in default of your so appearing you will be liable to punishment under the hundred and seventy-fourth Section of the Indian Penal Code.

Dated the day of 18 .

(Signed) E. F.

Judge of the Civil Court of

---

*Endorsement to be made after service.*

This citation was duly served by G. H. on the within-named C. D. of at on the day of 18 .

(Signed) G. H.

---

STATEMENT OF OBJECTS AND REASONS.

THE object of this Bill is to legalize, under certain circumstances, the re-marriage of Native Converts to Christianity whose wives or husbands have deserted or repudiated them exclusively on religious grounds. The question has been before the Government of India for a very long time, but the settlement of it has been delayed chiefly on account of the great difference of opinion which has proved to exist between the religious bodies and persons most strongly interested in the matter as to the circumstances under which the re-marriage of a Convert, before the death of the first wife or husband, may be considered permissible.

The present Bill attempts to solve the difficulty by an interposition of the secular power, leaving Missionaries and Ministers of religion to act on their own views of duty in re-marrying their Converts. The secular character of the measure is marked by the recital in the Preamble that it is no longer expedient to impose penalties on Ministers of religion solemnizing such marriages, and by the provision that no Minister of religion shall be compellable to avail himself of the liberty permitted by the Bill.

The persons entitled to relief under the Bill are defined as "Native Husbands," and "Native Wives." A "Native Husband" is a married man domiciled in India, being neither a Christian nor a Jew, who shall have completed the age of sixteen years. A "Native Wife" is correspondingly defined, except that the limit of age is thirteen years. It may be convenient, in describing the nature of the measure, to confine the statement to the case of a Native Husband.

The ground of relief is, in conformity with the Draft Bill, prepared by Sir Barnes Peacock, the "desertion or repudiation" of the Native husband

আরো তোমাকে জ্ঞাত করা যাইতেছে যে উক্তমতে উপস্থিত না হইলে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৭৪ ধারাতে নির্দ্দিষ্ট দণ্ড তোমার প্রতি বর্ত্তিবে।

১৮ সালের অমুক মাসের অমুক তারিখ।

শ্রী অমুক,

অমুক স্থানের দেওয়ানী আদালতের জজ।

---

সমর্পণের পরে লিখিতব্য পৃষ্ঠলিপি।

এই তলবচিঠী তন্মধ্যে উল্লিখিত অমুক স্থানের শ্রীমতী অমুকীর প্রতি ১৮ সালের অমুক মাসের অমুক তারিখে অমুক স্থানে শ্রীযুত অমুক অর্থাৎ আমারদ্বারা উচিতমতে সমর্পিত হইল।

শ্রী অমুক।

---

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

খ্রীষ্টধর্ম্মাবলম্বি যে দেশীয় লোকেরা কেবল ধর্ম্মমূলক হেতুতে আপনং পত্নী কি পতিদ্বারা ত্যক্ত কি নিরাকৃত হইয়াছে, বিশেষং গতিক্রমে তাহাদের পুনর্ব্বিবাহ আইন সিদ্ধ করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য। এই প্রসঙ্গ অতি দীর্ঘ কালাবধি ভারতবর্ষের গবর্ণমেন্টের সম্মুখে উপস্থিত রহিয়াছে, তাহার নিষ্পত্তিতে এত বিলম্ব হইবার প্রধান কারণ এই যে তদ্বিষয়ে যাঁহাদের সর্ব্বাপেক্ষা গুরুতর সম্পর্ক আছে সেই সকল ধর্ম্মসম্প্রদায়ের ও ধর্ম্মোপদেশক প্রভৃতি ব্যক্তির মধ্যে মতের মহৎ অনৈক্য প্রকাশ পাইয়াছে, অর্থাৎ প্রথম পত্নী কি পতি প্রাণত্যাগ করিবার পূর্ব্বে যে গতিক্রমে খ্রীষ্টধর্ম্মাবলম্বি ব্যক্তিদের পুনর্ব্বিবাহের অনুমতি দেওয়া উচিত, এই বিষয়ে তাঁহাদের মতের অনৈক্য আছে।

এই পাণ্ডুলিপিতে সাংসারিক কর্ত্তৃত্বপক্ষের হস্তক্ষেপ দ্বারা সেই জটিল বিষয়ের নিষ্পত্তি করিবার উদ্যোগ করা গেল। বিশেষতঃ মিসনরিগণ ও ধর্ম্মোপদেশকেরা প্রত্যেকে আপনাদের বশীভূত খ্রীষ্টধর্ম্মাবলম্বি ব্যক্তিদের পুনর্ব্বিবাহ বিষয়ে যাহা করা কি না করা উচিত জ্ঞান করেন, তাহাই করিবার কি না করিবার ক্ষমতা তাঁহাদিগকে দেওয়া গেল। এই প্রস্তাবের সাংসারিক স্বভাব প্রকাশ করণার্থে হেতুবাদে ইহা কহা গেল, যে তদ্রূপ বিবাহ সাধনকারি ধর্ম্মোপদেশকদিগকে দণ্ডের অধীন করা আর বিহিত নয়, ও বিশেষ এক বিধানদ্বারা ইহা স্থির করা গেল যে এই পাণ্ডুলিপিতে যে অনুমতি দেওয়া যায়, কোন ধর্ম্মোপদেশককে তদনুসারে কর্ম্ম করাইতে পারা যাইবে না।

এই পাণ্ডুলিপিমতে যাহারা প্রতিকার পাইবার অধিকারী, দেশীয় পতি ও দেশীয়া পত্নী বলিয়া তাহাদের বর্ণনা করা গিয়াছে। দেশীয় পতি খ্রীষ্টীয় কি যিহুদী ভিন্ন ভারতবর্ষে নিবাসস্বত্ব বিশিষ্ট ও ষোল বৎসর বয়ঃক্রম উত্তীর্ণ বিবাহিত পুরুষ। দেশীয়া পত্নীর তদনুরূপ বর্ণনা করা গিয়াছে, কেবল এই বিশেষ আছে যে তাহার বয়সের সীমা বলিয়া ত্রয়োদশ বৎসর নিরূপিত হইল। এই প্রস্তাবের মর্ম্মের বর্ণনা করিবার সুবিধার্থে কেবল দেশীয় পতির কথা কহিব।

শ্রীযুত সর বার্ণস পীকক সাহেব ইহার পূর্ব্বে এই বিষয়ের এক পাণ্ডুলিপি রচনা করিয়াছিলেন, এই বারও তাহার ন্যায় প্রতিকারের এক হেতু মাত্র গ্রাহ্য হইল,

by the Native wife, when such desertion or repudiation has taken place solely in consequence of the husband's having changed his religion for Christianity. The Bill further follows Sir Barnes Peacock's draft in providing (Section 18) that the wife's refusal or voluntary neglect to cohabit with her husband after his change of religion shall be sufficient evidence of the desertion or repudiation, and also, unless some other cause be shewn that the desertion or repudiation was in consequence of the husband's change of religion.

অর্থাৎ কেবল দেশীয় পতির ধর্ম্মান্তর গ্রহণ পূর্ব্বক খ্রীষ্ট-ধর্ম্মাবলম্বী হওয়া প্রযুক্ত দেশীয়া পত্নীদ্বারা সেই পতির ত্যাগ কি নিরাকরণ। এবং যেমন সর বার্ণস পীককের পাণ্ডুলিপিতে তেমন এই পাণ্ডুলিপির ১৮ ধারাতেও এই বিধান করা গেল যে পতির ধর্ম্মান্তর গ্রহণের পর তাহার সহিত সহবাস করণে পত্নীর অসম্মতি কি ইচ্ছাযুক্ত শৈথিল্য প্রমাণ হইলে তাহাই সেই পরিত্যাগের কি নিরাকরণের পর্য্যাপ্ত প্রমাণ হইবে, কেবল তাহা নয়, বরং অন্য কারণ না দেখাইলে পতির ধর্ম্মান্তর গ্রহণ যে সেই পরিত্যাগের কি নিরাকরণের কারণ ছিল ইহার প্রমাণও হইবে।

The mode of relief is by suit for conjugal society. In the course of the suit many separate interrogatories will be addressed to the Native wife by the Judge for the purpose of conclusively ascertaining her refusal to join her husband, and various private interviews are provided for as means of conciliation. It is only after all these efforts to overcome the wife's distaste have failed that the Judge may make a decree permitting the husband to re-marry.

বিবাহমূলক সংসর্গার্থ মোকদ্দমা উপস্থিত করা প্রতিকারের উপায়। মোকদ্দমাক্রমে জজ সাহেব পতির সহিত থাকিতে দেশীয়া পত্নীর অসম্মতির বিষয় দৃঢ়রূপে নিশ্চয় করণোপলক্ষে সেই দেশীয়া পত্নীকে ভিন্ন২ বারে নানা কথা জিজ্ঞাসা করিবেন, এবং সম্মিলনের উপায় বলিয়া পতি ও পত্নীর অপ্রকাশ্যরূপে বারং পরস্পরের সহিত সাক্ষাৎ হইবার বিধান হইয়াছে। শেষে পত্নীর ঘৃণা নিবারণের এই সকল উদ্যোগ বিফল থাকিলে জজ সাহেব পতিকে পুনর্ব্বিবাহ করিবার অনুমতিদায়ক ডিক্রী করিতে পারিবেন।

The desertion or repudiation must have continued for six months before the commencement of the suit. On the day fixed in the citation for the hearing the respondent must appear personally, and the petitioner must prove the identity of the parties, the marriage, the age of himself and of his wife, the desertion or repudiation, its cause and the fact that it occurred six months before the commencement of the suit and has continued ever since. These points being ascertained, the Judge (who will be a High Court Judge in the Presidency Towns, and a Zillah Judge in the Mofussil) will interrogate the respondent, but not necessarily in open Court. If the respondent allege the petitioner's change of religion for Christianity as the sole reason for her declining to cohabit with him, the case will be adjourned for a month, and provisions will be made for a private interview between the husband and wife, subject only to such conditions as to privacy as may not interfere with the free will of the latter.

মোকদ্দমা উপস্থিত করিবার জন্যে ইহা আবশ্যক যে তৎপূর্ব্বে ছয় মাস অবধি পরিত্যাগ কি নিরাকরণ হইয়া থাকে। শ্রবণের যে তারিখ তলবচিঠীতে নিরূপিত হয় সেই তারিখে প্রতিবাদিনীর স্বয়ং উপস্থিত হওয়া আবশ্যক, এবং পক্ষ ব্যক্তিরা যে সেই লোক বটে ও বিবাহ হইয়াছিল বটে তাহার প্রমাণ, এবং আপনার ও পত্নীর বয়ঃক্রমের এবং পরিত্যাগের কি নিরাকরণের ও তদীয় কারণের প্রমাণ, এবং সেই পরিত্যাগ [illegible] যে মোকদ্দমার আরম্ভের ছয় মাস পূর্ব্বে আরম্ভ হইয়া তদবধি নিরন্তর থাকে, ইহার প্রমাণ দিবার ভার প্রার্থনাকারি ব্যক্তির প্রতি বর্ত্তিবে। এই কএক বিষয় নিশ্চিত হইলে পর জজ সাহেব প্রতিবাদিনীকে জিজ্ঞাসাবাদ করিবেন, কিন্তু মুক্তদ্বার আদালতে জিজ্ঞাসাবাদ করা নিতান্ত আবশ্যক হইবে না। প্রেসিডেন্সী নগরে বিচার হইলে উক্ত জজ হাই কোর্টের এক জন জজ হইবেন, মফঃসলে হইলে তিনি জিলার জজ হইবেন। প্রার্থনাকারি ব্যক্তির সহিত সহবাস করণে আমার অসম্মতির একমাত্র কারণ এই যে তিনি ধর্ম্মান্তর গ্রহণ করিয়া খ্রীষ্টধর্ম্মাবলম্বী হইয়াছেন, ইহা যদি প্রতিবাদিনী কহেন, তাহা হইলে ঐ মোকদ্দমা এক মাস পর্য্যন্ত স্থগিত রাখিতে হইবে, এবং পত্নীর নিজ ইচ্ছামতে কর্ম্ম করিবার বাধা যাহাতে না হয়, অপ্রকাশ্যতার এমত নিয়মমাত্রের অধীনে পতি ও পত্নীর পরস্পরের সহিত অপ্রকাশ্য সাক্ষাৎ হইবার উপায় করিতে হইবে।

At the end of the month the parties will re-appear and the wife will be further interrogated. If she still persist in her refusal, there will be a further adjournment for a year, and at the close of the year the petitioner will be bound to prove that the desertion or repudiation has continued down to that time. The respondent will then be further interrogated, and arrangements will be made for a second interview. Should this still result in the wife's refusal to join her husband

উক্ত মাস অতীত হইলে উভয় পক্ষ পুনরায় উপস্থিত হইবেন, তাহাতে পুনরায় পত্নীকে জিজ্ঞাসাবাদ করিতে হইবে। যদি তিনি পূর্ব্ববৎ অসম্মত থাকেন, তবে আর এক বৎসর পর্য্যন্ত বিলম্ব করিতে হইবে, ও সেই বৎসর অতীত হইলে ঐ পরিত্যাগ কি নিরাকরণ যে তখন পর্য্যন্ত নিরন্তর হইয়াছে, ইহার প্রমাণ দিবার ভার প্রার্থনাকারি ব্যক্তির প্রতি বর্ত্তিবে। পরে প্রতিবাদিনীকে পুনরায় জিজ্ঞাসাবাদ করিতে হইবে, ও দ্বিতীয় বার পরস্পরের সহিত সাক্ষাৎ করিবার উপায় করিতে হইবে। যদি তাহারও এই ফল হয় যে পত্নী

the Judge will at length make the decree before mentioned legalizing a re-marriage.

The whole time necessarily occupied by these proceedings will be twenty months. Taking into account the preparations for the suit and the time required for the hearings, the entire interval between repudiation and re-marriage will probably be about two years. These periods of time are, however, only inserted in the Bill *pro forma*, and can be altered in Committee. The further provisions of the Bill which call for special notice are the following :—

Cruelty or adultery proved against the petitioner will bar the suit.

The children of the first marriaage retain their personal and proprietary rights, and, if under the age of three years, may remain in their mother's custody until attaining that age. The wife retains the status which she would have had as lawful wife, and forfeits no right to maintenance, dower, or inheritance.

The respondent (the Native wife) is allowed to re-marry after the decree permitting the petitioner's re-marriage (Section 30) ; but if she re-marries, she forfeits all rights or interests she may have in the petitioner's property.

If the wife has not sufficient property to maintain herself, the Judge may award alimony to her : and may also order the husband to provide her with funds to prosecute or defend the suit if she be in need of them.

A Convert married to several Native wives will have to make them all respondents in the suit.

The provisions of the Bill with reference to Native wives deserted or repudiated by their husbands on religious grounds are the converse of those just recited with the exception of the last.

The remaining provisions are of a technical character.

HENRY S. MAINE.

*The 29th December* 1864.

WHITLEY STOKES,

*Offg. Asst. Secy. to the Govt. of India, Home Dept. (Legislative.)*

পতির সঙ্গে বাস করিতে অসম্মতা থাকেন, তবে অবশেষে জজ সাহেব পূর্ব্বোক্ত প্রকারের ডিক্রী করিবেন অর্থাৎ পুনর্ব্বিবাহের ব্যবস্থাসিদ্ধতা প্রচার করিবেন।

এই সকল বিচারকার্য্যে বিংশতি মাস অবশ্য লাগিবে। এবং মোকদ্দমার জন্যে প্রস্তুত হইবার উপায় ও তাহা শ্রবণের নিমিত্তে প্রয়োজনীয় কাল বিবেচনা করিলে বোধ হয় নিরাকরণ অবধি পুনর্ব্বিবাহ পর্য্যন্ত সর্ব্বশুদ্ধ ন্যূনাধিক দুই বৎসর অতিবাহিত হইবে। তথাপি কালের এই সকল পরিমাণ কেবল উদাহরণ বলিয়া পাণ্ডুলিপিতে লিখিত হইল, কমিটী বসিলে তাহার পরিবর্ত্তন হইতে পারিবে।

পাণ্ডুলিপির অন্য যেং বিধান বিশেষ মনোযোগের যোগ্য তাহা এইং, অর্থাৎ—

প্রার্থনাকারি ব্যক্তির নামে নিষ্ঠুরতার কি পরদারগমনের প্রমাণ হইলে মোকদ্দমা হইতে পারিবে না।

আদ্য বিবাহহইতে উৎপন্ন সন্তানদের নিজ স্বত্ব ও সম্পত্তি বিষয়ক স্বত্ব স্থির থাকিবে, ও তিন বৎসরের ন্যূনবয়স্ক হইলে তাহারা সেই বয়স পর্য্যন্ত মাতার রক্ষণে থাকিতে পারিবে। ধর্ম্মপত্নী বলিয়া পত্নীর যে অবস্থা ছিল তাহা থাকিবে, ও ভরণপোষণ কি স্ত্রীধন কি উত্তরাধিকারিত্ব বিষয়ক কোন স্বত্বের হানি হইবে না।

৩০ ধারামতের ডিক্রীদ্বারা প্রার্থনাকারি ব্যক্তিকে পুনর্ব্বিবাহের অনুমতি দত্ত হইলে পর প্রতিবাদিনী অর্থাৎ দেশীয়া পত্নীও পুনরায় বিবাহ করিতে পারিবেন। করিলে প্রার্থনাকারি ব্যক্তির সম্পত্তিতে তাঁহার যে সকল স্বত্ব কি সম্পর্ক ছিল তাহা লুপ্ত হইবে।

ভরণপোষণের মত প্রচুর সম্পত্তি যদি পত্নীর না থাকে তবে জজ সাহেব তাঁহাকে গ্রাসাচ্ছাদনের টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন, এবং বাদিনী কি প্রতিবাদিনীরূপে মোকদ্দমা চালাইবার জন্যে টাকার প্রয়োজন হইলে তিনি এমত টাকা যোগাইবার আজ্ঞাও পতিকে দিতে পারিবেন।

খ্রীষ্টধর্ম্মাবলম্বি যে ব্যক্তির অনেক দেশীয়া পত্নী আছে, তাঁহার প্রতি সেই সকলকে মোকদ্দমার প্রতিবাদিনী করিবার ভার বর্ত্তিবে।

এই শেষ বিধান ভিন্ন অন্য সকলের সদৃশ বিধান এই পাণ্ডুলিপির প্রস্তাবমতে পত্নীর প্রতি অর্থাৎ ধর্ম্মঘটিত কারণে পতিদ্বারা ত্যক্তা কি নিরাকৃতা দেশীয়া পত্নীর প্রতিও বর্ত্তিবে।

অবশিষ্ট সকল বিধান পরিভাষার বিবরমাত্র।

হেনরি এস মেন।

১৮৬৪ সাল ২৯ ডিসেম্বর।

উইটলি ষ্টোক্স,

হোম (অথচ ব্যবস্থাপক) ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং আসিষ্টান্ট সেক্রেটারী।

J. WENGER, *Offg. Bengalee Translator.*

## ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No: 4320.

APPOINTMENTS.

*The 16th June 1865.*

Mr. T. Smith to be an Assistant to the Commissioner of the Western Dooars of Bootan.

*The 24th June 1865.*

Baboo Koylas Chunder Mitter of Beerbhoom, is licensed, under Section 47, Part V. of Act V. of 1865, to grant Certificates of Marriages between Native Christians being Converts from any religion in India.

*The 27th June 1865.*

Dr. T. P. Wright to be a Municipal Commissioner for the Town of Bhaugulpore under Act III. (B. C.) of 1864.

*The 29th June 1865.*

The Officer in charge of the Sub-Division of Sasseeram is appointed also to have temporary charge of the Sub-Division of Bhuboolah.

The Revd. S. J. Hill is licensed, under Section 47, Part V. of Act V. of 1865, to grant Certificates of Marriages between Native Christians being converts from any religion in India.

Mr. A. M. Macgregor to officiate, until further orders, as District Superintendent of Police at Dutma in the Eastern Dooars of Bootan.

Mr. W. B. Savi, Assistant Superintendent of Police of Kamroop, is transferred to Dinagepore.

*The 30th June 1865.*

Captain W. T. Fagan and Mr. H. G. Leicester to be Municipal Commissioners for the Town of Commillah under Act III. (B. C.) of 1864.

The Revd. W. A. Hobbs to be a Member of the Dispensary Committee at Magoorah.

*The 1st July 1865.*

Baboo Rungolall Banerjee and Mr. G. K. Webster to be Members of the Local Committee of Public Instruction at Cuttack.

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Dacca under Act III. (B. C.) of 1864, *viz.*:—

Dr. W. B. Beatson.
,, J. B. Allen.
Mr. T. Watson.
,, G. M. Reily.
Lieut. W. L. N. Knyvett.
Mr. H. Rattray.
,, W. Harvey.
,, R. Pereira.
Baboo Bhugobun Chunder Roy.
,, Sonatun Doss.
,, Koylas Chunder Ghose.

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৪৩২০ নম্বর।

নিয়োগ।

১৮৬৫ সাল ১৬ জুন।

শ্রীযুত টি স্মিথ সাহেব ভুটানের পশ্চিম দুয়ারের কমিসনর সাহেবের আসিস্টাণ্ট হইবেন।

১৮৬৫ সাল ২৪ জুন।

ভারতবর্ষের কোন ধর্ম্মের পরিবর্ত্তে যাঁহারা খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বী হইয়াছেন, তাঁহাদের বিবাহের সর্টিফিকট দিতে বীরভূমের শ্রীযুত কৈলাসচন্দ্র মিত্র ১৮৬৫ সালের ৫ আইনের পঞ্চম খণ্ডের ৪৭ ধারামতের অনুমতিপত্র প্রাপ্ত হইয়াছেন।

১৮৬৫ সাল ২৭ জুন।

ডাক্তর শ্রীযুত টি পি রাইট সাহেব বঙ্গদেশের ১৮৬৪ সালের ৩ আইনমতে ভাগলপুর শহরে মুনিসিপল কমিসনর হইবেন।

১৮৬৫ সাল ২৯ জুন।

শাসিরাম জিলাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক কিয়ৎকালের নিমিত্তে ভুবুয়া জিলাখণ্ডের কর্ম্মেও নিযুক্ত হইয়াছেন।

ভারতবর্ষের কোন ধর্ম্মের পরিবর্ত্তে যাঁহারা খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বী হইয়াছেন তাঁহাদের বিবাহের সর্টিফিকট দিতে পাদরী শ্রীযুত জে এস হিল সাহেব ১৮৬৫ সালের ৫ আইনের পঞ্চম খণ্ডের ৪৭ ধারামতের অনুমতিপত্র প্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত এ এম মাকগ্রেগর সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ভুটানের পূর্ব্ব দুয়ারের অন্তর্গত দৎমার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

কামরূপের পোলীসের আসিস্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ বি সাবি সাহেব দিনাজপুরে নিযুক্ত হইয়াছেন।

১৮৬৫ সাল ৩০ জুন।

কাপ্তান শ্রীযুত ডবলিউ টি ফেগান সাহেব এবং শ্রীযুত এচ জি লেস্টর সাহেব বঙ্গদেশের ১৮৬৪ সালের ৩ আইনমতে কমিল্লা শহরে মুনিসিপল কমিসনর হইবেন।

পাদরী শ্রীযুত ডবলিউ এ হবস্ সাহেব মাগুড়ার ঔষধালয়ের কমিটির মেম্বর হইবেন।

১৮৬৫ সাল ১ জুলাই।

শ্রীযুত বাবু রঙ্গলাল বন্দোপাধ্যায় এবং শ্রীযুত জি কে ওয়েবষ্টর সাহেব কটকের সাধারণের বিদ্যাধ্যাপনায় কমিটির মেম্বর হইবেন।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা বঙ্গদেশের ১৮৬৪ সালের ৩ আইনমতে ঢাকা শহরের মুনিসিপল কমিসনর হইবেন অর্থাৎ—

ডাক্তর শ্রীযুত ডবলিউ বি বীটসন সাহেব।
,, শ্রীযুত জে বি আলেন সাহেব।
শ্রীযুত টি ওয়াটসন সাহেব।
,, জি এম রাইলি সাহেব।
লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ এল এন নিবেট সাহেব।
শ্রীযুত এচ রাট্রে সাহেব।
,, ডবলিউ হার্বি সাহেব।
,, আর পেরিরা সাহেব।
,, বাবু ভগবানচন্দ্র রায়।
,, বাবু সনাতন দাস।
,, বাবু কৈলাসচন্দ্র ঘোষ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১৮ জুলাই।]

*The 3rd July* 1865.

Messrs. D. W. Campbell and W. Parker to be Municipal Commissioners for the Town of Jamalpore in the District of Monghyr.

Mr. T. T. Allen to officiate, until further orders, as Joint Magistrate and Deputy Collector of Mymensing.

Mr. C. A. Shillingford, Honorary Magistrate of Purneah, is vested with the powers of a Subordinate Magistrate of the First Class, described in Section XXII. of the Code of Criminal Procedure, (Act XXV. of 1861,) in that District.

Baboo Bhugwan Chunder Bose to be Deputy Registrar of Assurances of the Sub-District of Furreedpore, having its Head-Quarters at the Sudder Station of the District of Furreedpore.

Baboo Poreshnath Banerjee to be Deputy Registrar of Assurances of the Sub-District of Chittagong, having its Head-Quarters at the Sudder Station of the District of Chittagong.

*The 4th July* 1865.

Mr. J. A. Graham to be Deputy Registrar of Assurances of the Sub-District of Darjeeling, having its Head-Quarters at the Sudder Station of the District of Darjeeling.

*The 5th July* 1865.

Lieutenant G. M. Bowie to officiate as Deputy Inspector-General of Police, Third Circle, during the absence, on deputation, of Major J. R. Pughe, or until further orders.

*The 6th July* 1865.

The following Principal Sudder Ameens are transferred :—

Moulvy Itrut Hossein from Sarun to Behar.

Baboo Gunga Churn Shome from Behar to Sarun.

Moulvy Mahomed Ali, Deputy Magistrate and Deputy Collector of Tipperah, is posted, temporarily, to the Sub-Division of Dukhin Shahbazpore, and is vested with the powers of a Subordinate Magistrate of the First Class, described in Section XXII. of the Code of Criminal Procedure, (Act XXV. of 1861,) in Noacolly.

*The 7th July* 1865.

Mr. A. Yardley to be an Assistant Commissioner in Chota Nagpore, to have charge of the Sub-Division of Govindpore, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, described in Section XXII. of the Code of Criminal Procedure (Act XXV. of 1861,) and the powers of a Deputy Collector and Moonsiff, in Maunbhoom. Mr. Yardley is also empowered, under Section XXXVIII. of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit

১৮৬৫ সাল ৩ জুলাই।

শ্রীযুত ডি ডবলিউ কাম্বেল সাহেব ও ডবলিউ পার্কর সাহেব মুঙ্গের জিলার অন্তর্গত জামালপুর শহরে মুনিসিপল কমিস্যনর হইবেন।

শ্রীযুত টি টি আলেন সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ময়মুনসিংহের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

পূরণিয়ার অনররি মাজিষ্ট্রেট শ্রীযুত সি এ শিলিংফর্ড সাহেব ঐ জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫ আইনের) ২২ ধারার নির্দ্দিষ্ট মতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু ভগবানচন্দ্র বসু ফরীদপুর সব-ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির ডেপুটী রেজিষ্ট্রার হইবেন। উক্ত সব-ডিষ্ট্রিক্টের সদর স্থান ফরীদপুর জিলার সদর মোকামে হইবে।

শ্রীযুত বাবু পরেশনাথ বন্দ্যোপাধ্যায় চাটিগাঁ সব-ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির ডেপুটী রেজিষ্ট্রার হইবেন। উক্ত সব-ডিষ্ট্রিক্টের সদর স্থান চাটিগাঁ জিলার সদর মোকামে হইবে।

১৮৬৫ সাল ৪ জুলাই।

শ্রীযুত জে এ গ্রেহাম সাহেব দার্জ্জিলিঙ্গ সব-ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির ডেপুটী রেজিষ্ট্রার হইবেন। উক্ত সব-ডিষ্ট্রিক্টের সদর স্থান দারর্জ্জিলিঙ্গ জিলার সদর মোকামে হইবে।

১৮৬৫ সাল ৫ জুলাই।

মেজর শ্রীযুত জে, আর, পিউ সাহেবের রাজকীয় কার্য্যোপলক্ষে গমনজন্য অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত লেপ্টেনেন্ট শ্রীযুত জি, এম, বৌই সাহেব তৃতীয় চক্রের পোলীসের ইনস্পেক্টর জেনরলের কর্ম্ম করিবেন।

১৮৬৫ সাল ৬ জুলাই।

পশ্চাৎ লিখিত প্রধান সদর আমীনেরা স্থানান্তরে নিযুক্ত হইয়াছেন, অর্থাৎ—

শ্রীযুত মৌলবী ইত্রৎ হুসেন সারণহইতে বেহারে।

শ্রীযুত বাবু গঙ্গাচরণ সোম বেহারহইতে সারণে।

ত্রিপুরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহমদ আলী কিয়ৎকালের নিমিত্তে দক্ষিণ সাবাজপুর জিলাখণ্ডে নিযুক্ত হইয়াছেন, ও নওয়াখালীতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫ আইনের) ২২ ধারার নির্দ্দিষ্ট মতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬৫ সাল ৭ জুলাই।

শ্রীযুত এ ইয়ার্ডলী সাহেব ছোট নাগপুরে আসিস্টান্ট কমিস্যনর হইবেন। তিনি গোবিন্দপুর জিলাখণ্ডের কর্ম্মের ভার পাইয়া মানভূমে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫ আইনের) ২২ ধারার নির্দ্দিষ্ট মতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে এবং ডেপুটী কালেক্টরের ও মুনসেফের ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন। আরো ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে তিনি সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথমস্থলীয় অনুসন্ধান করিতে, ও উক্ত সেশন্স আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে

or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

Mr. A. L. Clay, Assistant Magistrate of Moonsheegunge, is vested with the powers of a Magistrate in Dacca.

Baboo Luchmeenarain Pundit, Deputy Magistrate and Deputy Collector of Nuddea, is vested with the powers of a Magistrate in that District.

*The 8th July* 1865.

Baboo Juggodish Nath Roy, Assistant Superintendent of Police, 24-Pergunnahs, is appointed permanently to the 1st Grade of Assistant Superintendents of Police.

LEAVE OF ABSENCE.

*The 28th June* 1865.

Mr. W. Campbell, Assistant Superintendent of Police, Sonthal Pergunnahs, for three months, under the Financial Order dated 31st July 1863.

Mr. W. E. Kinsey, Assistant Magistrate and Collector of Patna, for 7 days, to enable him to appear before the standing Medical Committee at the Presidency.

Mr. A. J. Fraser, Sub-Assistant Commissioner, Deoghur, for two months, from the 1st August next, without pay, under the Financial Order dated 4th June 1864.

Baboo Hurgowree Bose, Principal Sudder Ameen of Chittagong, for 14 days, from the 12th instant, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules. Baboo Hurgowree Bose will make over charge of his duties to the Additional Principal Sudder Ameen of Chittagong.

*The 30th June* 1865.

Mr. R. Savage, Sub-Assistant Revenue Surveyor, Fifth Division, Lower Provinces, for three months, from the 16th May last, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

*The 3rd July* 1865.

Mr. C. Grant, Professor of Drawing in the Civil Engineering Department of the Presidency College, for fifteen months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

*The 5th July* 1865.

Mr. W. E. Kinsey, Assistant Magistrate and Collector of Patna, for seven months and eighteen days, under Section 11 of the Covenanted Service Absentee Rules.

Mr. H. Rattray, Deputy Magistrate and Deputy Collector of Dacca, is allowed leave without pay, from the 24th ultimo to the 10th instant, under the Financial Order dated 4th June 1864.

কি তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে, ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

মুন্সীগঞ্জের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট শ্রীযুত এ, এল, ক্লে সাহেব ঢাকাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু লক্ষ্মীনারায়ণ পণ্ডিত ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬৫ সাল ৮ জুলাই।

২৪ পরগনার পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত বাবু জগদীশ নাথ রায় চিরকালের নিমিত্তে পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্টদের প্রথম শ্রেণীর পদে নিযুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৬৫ সাল ২৮ জুন।

সাঁওতাল পরগনার পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত ডবলিউ কাম্বেল সাহেব ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৬৩ সালের ৩১ জুলাই তারিখের বিজ্ঞাপনমতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

পাটনার আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ ই কিন্‌সে সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্তে সাত দিনের ছুটী পাইয়াছেন।

দেবগড়ের সব-আসিষ্টান্ট কমিস্যনর শ্রীযুত এ জে ফ্রেজর সাহেব ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৬৪ সালের ৪ জুন তারিখের বিজ্ঞাপনমতে আগামি আগষ্ট মাসের ১ তারিখ অবধি বিনা বেতনে দুই মাসের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁয়ের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু হরগৌরী বসু অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এই মাসের ১২ তারিখ অবধি চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন। তিনি আপন কার্য্যের ভার চাটিগাঁয়ের আডিস্যনল প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিবেন।

১৮৬৫ সাল ৩০ জুন।

নিম্নতর প্রদেশের পঞ্চম খণ্ডের সব-আসিষ্টান্ট রেবিনিউ সরবেয়র শ্রীযুত আর সাবেজ সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত মে মাসের ১৬ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৫ সাল ৩ জুলাই।

প্রেসিডেন্সী কালেজের সিবিল ইঞ্জিনিয়রিং ডিপার্টমেন্টে নক্সা ইত্যাদি করণ বিদ্যার অধ্যাপক শ্রীযুত সি গ্রান্ট সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে পনের মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৫ সাল ৫ জুলাই।

পাটনার আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ ই কিন্সে সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে সাত মাস আঠার দিনের ছুটী পাইয়াছেন।

ঢাকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ রাট্রে সাহেব ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৬৪ সালের ৪ জুন তারিখের আজ্ঞামতে বিনা বেতনে গত মাসের ২৪ তারিখ অবধি এই মাসের ১০ তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

Baboo Kalipersaud Sein, Deputy Magistrate and Deputy Collector, Tipperah, for three months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

*The 6th July* 1865.

Lieutenant E. Y. Walcott, Assistant Commissioner, Seebsaugor, for one month, to enable him to join his appointment on his return from sick leave in Europe.

Mr. M. A. G. Shawe for one month, preparatory to resigning the service, in supersession of the leave granted to him on the 10th ultimo.

Mr. T. A. Donough, Deputy Magistrate and Deputy Collector of Dukhin Shahbazpore, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may have availed himself of the leave.

*Erratum.*

*The 8th July* 1865.

In the Notification of the 6th April last, published at page 716 of the *Calcutta Gazette* of the 19th idem, under "Junior Grade," opposite Chittagong,

| *For* | *Read* |
|---|---|
| Aurnth Chunder Bhuttacharj ... | Surut Chunder Bhuttacharjee. |
| Abdool Soobhan ... | Abdoos Sooban. |

## NOTIFICATIONS.

*The 4th July* 1865.

The leave granted to Mr. J. S. Larminie, Assistant Superintendent of Police, Bareeorah, under orders of the 3rd ultimo, will have effect from the 15th instead of from the 5th idem, as notified in the *Calcutta Gazette* of the 14th June 1865.

*The 6th July* 1865.

Mr. E. H. Ogilvie, Assistant Superintendent of Police, Sasseeram, is dismissed from the service of Government.

---

## NOTIFICATION.

*The 22nd June* 1865.

It is hereby notified, under Section II., Act XX. of 1856, that the provisions of the said Act are extended to the undermentioned villages in the District of Shahabad. Under Section III. of the abovementioned Act it is further notified that, for the purposes of the Act, Nasirigunj is united with Harehargunj, and the old Town of Bhojpore and the new Town of Bhojpore with the Town of Doomraon. Under Section X. of the Act the tax to be levied in the said villages will be an assessment according to the circumstances

ত্রিপুরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীপ্রসাদ সেন যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৫ সাল ৬ জুলাই।

শিবসাগরের আসিষ্টান্ট কমিস্যনর লেপ্টেনেন্ট শ্রীযুত ই ওয়াই ওয়ালকট সাহেব পীড়ার ছুটীক্রমে ইউরোপে অবস্থিতি করণহইতে প্রত্যাগমনানন্তর আপন কর্ম্ম স্থানে পঁহুছিতে পারিবার নিমিত্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

শ্রীযুত এম, এ, জি, শা সাহেব গত মাসের ১০ তারিখে যে ছুটী পান, তৎপরিবর্ত্তে কর্ম্ম পরিত্যাগ করিবার নিমিত্তে প্রস্তুত হওনার্থে এক মাসের ছুটী পাইয়াছেন।

দক্ষিণ সাবাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি এ ডনো সাহেব যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

অশুদ্ধ সংশোধন।

১৮৬৫ সাল ৮ জুলাই।

গত আপ্রিল মাসের ৬ তারিখের যে বিজ্ঞাপন সেই মাসের ২৫ তারিখের বাঙ্গলা গেজেটের ৫১৯ পৃষ্ঠায় প্রকাশ হয়, তাহাতে দ্বিতীয় শ্রেণীর মধ্যে "চাটিগাঁ" শব্দের পার্শ্বে "আরতচন্দ্র ভট্টাচার্য্য" এই যে নাম আছে তৎপরিবর্ত্তে "শরচ্চন্দ্র ভট্টাচার্য্য", ও "আবদুল সুভান" ইহার পরিবর্ত্তে "আবদুস্ সুবান" পাঠ করিতে হইবে।

বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ৪ জুলাই।

বাঁকুড়ার পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে, এস, লার্ম্মিনি সাহেব গত মাসের ৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান, তাহা ১৮৬৫ সালের জুন মাসের ২০ তারিখের বাঙ্গলা গেজেটে ৫ তারিখ অবধি হইবে বলিয়া প্রকাশিত হয়, কিন্তু তাহা সেই তারিখ অবধি না হইয়া ১৫ তারিখ অবধি সফল হইবে।

১৮৬৫ সাল ৬ জুলাই।

শাসিরামের পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ই, এচ, অগিল্‌বি সাহেব গবর্ণমেন্টের কর্ম্মচ্যুত হইয়াছেন।

---

বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ২২ জুন।

১৮৫৬ সালের ২০ আইনের ২ ধারামতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত আইনের বিধান শাহাবাদ জিলার অন্তর্গত পশ্চাৎ লিখিত গ্রামে, অর্থাৎ ১ জগদীশপুর, ২ চৌশা, ৩ পুরাতন ও নূতন ভোজপুর, ৪ নজারীগঞ্জ ও হরিহরগঞ্জ, ৫ জহানাবাদ, ৬ হাট্রা, ৭ চাঁদ, এই সকল গ্রামে প্রবল করা গিয়াছে। উপরোক্ত আইনের ৩ ধারামতে ইহাতে আরো সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত আইনের অভিপ্রায় সাধনার্থে নজীরীগঞ্জ হরিহরগঞ্জের সহিত, এবং পুরাতন ভোজপুর শহর ও নূতন ভোজপুর শহর ডুমরাওন শহরের সহিত সংযুক্ত হইল। উক্ত আইনের ১০ ধারামতে

and the property to be protected of the persons liable to the same:—

*Villages.*

1. Jugdispore.
2. Chousa.
3. Old and new Bhojpore.
4. Nasirigunj, Harehargunj.
5. Jehanabad.
6. Hatta.
7. Chand.

## NOTIFICATIONS.

*The 29th June* 1865.

Under Section VI. of Act XVI., 1864, it is hereby notified that the Sealdah Sub-District in the 24-Pergunnahs has been abolished and the territorial jurisdiction of the Deputy Registrar of Sealdah included within that of the Deputy Registrar of the Allipore Sub-District.

It is hereby notified that the Lieutenant-Governor is pleased, under the provisions of Section XLIX. of Act III (B. C.) 1864, and subject to the limitations therein contained, to declare that every cart, hackery, and other wheeled vehicles without springs kept and used within or let for hire within or without the limits of the Town of Santipore, as defined in the Notification of the 21st September last, and published in the *Calcutta Gazette* of the 12th October, shall be registered by the Municipal Commissioners of the said Town with the name and residence of the owner, and shall bear the number of registration in such manner as the Commissioners shall direct.

## NOTIFICATION.

*The 30th June* 1865.

The Lieutenant-Governor is pleased to extend the operation of Section XXXIV. of Act V. of 1861, an Act for the Regulation of Police, to the Station of Sylhet.

## NOTIFICATION.

*The 3rd July* 1865.

Under Section XIV. of Act XI. of 1865, it is hereby notified, in supersession of the Notification of the 9th ultimo, published in the *Calcutta Gazette* of the 14th idem, that the Judge of the Small Cause Courts of Hooghly, Serampore, and the Cantonments of Chinsurah will sit in those Courts on the days mentioned opposite their names, *viz.*:—

| | |
|---|---|
| In the Small Cause Court of Hooghly ... | On Wednesday and Thursday of each week. |
| In the Small Cause Court of Serampore ... | On Friday and Saturday of each week. |

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১৮ জুলাই।]

উক্ত গ্রাম নিবাসি ব্যক্তিদের স্থানে যে টাক্স আদায় করিতে হইবে তাহা টাক্সদায়ি ব্যক্তিদের অবস্থা ও রক্ষণীয় সম্পত্ত্যনুসারে ধার্য্য করিতে হইবে।

## বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ২৯ জুন।

১৮৬৪ সালের ১৬ আইনের ৬ ধারামতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে চব্বিশ পরগনার অন্তর্গত শেয়ালদহ সব-ডিষ্ট্রিকট রহিত হইল, ও শেয়ালদহের ডেপুটী রেজিষ্ট্রারের স্থানীয় এলাকা আলিপুর সব-ডিষ্ট্রিক্টের ডেপুটী রেজিষ্ট্রারের এলাকার মধ্যে পরিগৃহীত হইল।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বঙ্গদেশের ১৮৬৪ সালের ৩ আইনের ৪৯ ধারার বিধানমতে ও তল্লিখিত সীমার অধীনে প্রকাশ করিতেছেন যে, গত সেপ্টেম্বর মাসের ২১ তারিখের যে বিজ্ঞাপন গত অক্টোবর মাসের ১৮ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয়, তন্নির্দ্দিষ্ট শান্তিপুর শহরের সীমার মধ্যে যে সকল গরুর গাড়ি কি ছকড়া গাড়ি ও চক্রবিশিষ্ট অথচ স্প্রিং বিহীন অন্য কোন যান রাখা যায় ও ব্যবহার হয়, কি উক্ত সীমার মধ্যে কি বাহিরে ভাড়া দেওয়া যায়, তাহার স্বামির নাম ও বাসস্থান সুদ্ধ তাহা উক্ত নগরের মুনিসিপল কমিস্যনরদিগের দ্বারা রেজিস্টরী করাইতে হইবে, এবং কমিস্যনরেরা যেরূপে আজ্ঞা করিবেন সেইরূপে রেজিস্টরী করা নম্বর তাহাতে লাগাইতে হইবে।

## বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ৩০ জুন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৬১ সালের ৫ আইনের (অর্থাৎ পোলীসের বিধান করণার্থ আইনের) ৩৪ ধারা ছিলট মোকামে প্রবল করিয়াছেন।

## বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ৩ জুলাই।

গত মাসের ৯ তারিখের যে বিজ্ঞাপন ঐ মাসের ২০ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তৎপরিবর্ত্তে ১৮৬৫ সালের ১১ আইনের ১৪ ধারামতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে হুগলীতে ও শ্রীরামপুরে ও চুঁচুড়ার কান্টনমেণ্টে স্থাপিত ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ উক্ত প্রত্যেক স্থানের নামের পার্শ্বে লিখিত তারিখে তথাকার আদালতে বৈঠক করিবেন, অর্থাৎ—

| | |
|---|---|
| হুগলীর ক্ষুদ্র মোকদ্দমার আদালতে ... | প্রতি সপ্তাহের বুধ ও বৃহস্পতিবারে। |
| শ্রীরামপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতে ... | প্রতি সপ্তাহের শুক্র ও শনিবারে। |

| | |
|---|---|
| In the Small Cause Court of the Cantonments of Chinsurah ... | On the first and third Monday of each month. Should either of those days fall on a holiday, then on the next open day which may not be a Wednesday, Thursday, Friday, or Saturday. |

## NOTIFICATION.

*The 9th June* 1865.

In accordance with Section VII. of Act VI. (B. C.) of 1865, the Lieutenant-Governor is pleased to determine that the following shall be the scale of Medicines to be provided on Estates on which Labourers are employed under the provisions of that Act :—

*Where there are not more than* 100 *such Labourers employed.*

| | | lbs. | oz. | dr. |
|---|---|---|---|---|
| Antimonial Powder | ... | 0 | 0 | 4 |
| Tartar Emetic | ... | 0 | 0 | 4 |
| Ammonia Carbonate | ... | 0 | 1 | 0 |
| Aromatic Spirit of Ammonia | ... | 0 | 4 | 0 |
| Alum | ... | 0 | 4 | 0 |
| Blue Pill | ... | 0 | 1 | 0 |
| Calomel | ... | 0 | 1 | 0 |
| Gray Powder | ... | 0 | 1 | 0 |
| Blistering Fluid | ... | 0 | 2 | 0 |
| Prepared Chalk | ... | 0 | 6 | 0 |
| Chalk and Opium Powder | ... | 0 | 2 | 0 |
| Opium | ... | 0 | 2 | 0 |
| Tincture of Opium | ... | 0 | 4 | 0 |
| Dover's Powder | ... | 0 | 1 | 0 |
| Morphia | ... | 0 | 0 | 1 |
| Kino and Opium Powder | ... | 0 | 2 | 0 |
| Kino Powder | ... | 0 | 2 | 0 |
| Rhubarb Powder | ... | 0 | 1 | 0 |
| Gregory's Powder | ... | 0 | 2 | 0 |
| Compound Jalap Powder | ... | 0 | 6 | 0 |
| Epsom Salts | ... | 0 | 6 | 0 |
| Castor Oil | ... | 2 | 0 | 0 |
| Croton Oil | ... | 0 | 0 | 2 |
| Aloes | ... | 0 | 2 | 0 |
| Compound Extract of Colocynth | ... | 0 | 2 | 0 |
| Carbonate of Magnesia | ... | 0 | 1 | [illegible] |
| Bismuth Nitrate | ... | 0 | 1 | 0 |
| Carbonate of Soda | ... | 0 | 4 | 0 |
| Sulphate of Copper | ... | 0 | 0 | 4 |
| Sulphate of Zinc | ... | 0 | 0 | 4 |
| Nitrate of Silver | ... | 0 | 0 | 4 |
| Sugar of Lead | ... | 0 | 2 | 0 |
| Nitrate of Potash | ... | 0 | 2 | 0 |
| Sulphate of Iron | ... | 0 | 1 | 0 |
| Iodide Potassium | ... | 0 | 1 | 0 |

[*Government Gazette,* 18*th July* 1865.]

| | |
|---|---|
| চুঁচুড়ার কান্টনমেন্টের ক্ষুদ্র মোকদ্দমার আদালতে .. | প্রতি মাসের প্রথম ও তৃতীয় সোমবারে। যদি এই দুইয়ের কোন সোমবার ছুটীর দিন হয়, তবে তাহার পর প্রথম যে দিনে আদালত খোলা যায় সেই দিনে, কিন্তু বুধ কি বৃহস্পতি কি শুক্র কি শনিবার হইলে বৈঠক হইবে না। |

## বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ৯ জুন।

বঙ্গদেশের ১৮৬৫ সালের ৬ আইনের ৭ ধারামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর্ সাহেব স্থির করিয়াছেন যে উক্ত আইনের বিধানমতে যে সকল আবাদে মজুরেরা নিযুক্ত হইয়াছে, তাহার প্রত্যেক আবাদে পশ্চাৎ লিখিত পরিমাণে ঔষধ রাখিতে হইবে, অর্থাৎ —

যে আবাদে ১০০ জনের অনধিক মজুর নিযুক্ত হইয়াছে সেই আবাদে।

| | | পৌণ্ড, | ঔন্স, | ড্রাম। |
|---|---|---|---|---|
| আন্টিমোনিয়ল পৌডর | .. | ০ | ০ | ৪ |
| টার্টর ইমেটিক | ... | ০ | ০ | ৪ |
| আম্মোনিয়ার কার্ব্বনেট | ... | ০ | ১ | ০ |
| আম্মোনিয়ার সুগন্ধযুক্ত আরক | ... | ০ | ৪ | ০ |
| ফটকিরি | ... | ০ | ৪ | ০ |
| ব্লু পিল | ... | ০ | ১ | ০ |
| ক্যালোমেল | ... | ০ | ১ | ০ |
| গ্রে পৌডর | ... | ০ | ১ | ০ |
| ফোস্কোৎপাদক তরল মলম | ... | ০ | ২ | ০ |
| প্রিপেরড চক | ... | ০ | ৬ | ০ |
| খড়িমাটী ও আফীম চূর্ণ | ... | ০ | ২ | ০ |
| আফীম | ... | ০ | ২ | ০ |
| আফীমের আরক | ... | ০ | ৪ | ০ |
| ডোভর্স পৌডর | ... | ০ | ১ | ০ |
| মর্ফিয়া | ... | ০ | ০ | ১ |
| কাইনো ও আফীম পৌডর | ... | ০ | ২ | ০ |
| কাইনো পৌডর | ... | ০ | ২ | ০ |
| রেউ চিনির চূর্ণ | ... | ০ | ১ | ০ |
| গ্রেগরিশ পৌডর | ... | ০ | ২ | ০ |
| কম্পৌণ্ড জালাপের চূর্ণ | ... | ০ | ৬ | ০ |
| এপসম সল্ট | ... | ০ | ৬ | ০ |
| ভেরেণ্ডার তৈল | ... | ২ | ০ | ০ |
| জয়পালের তৈল | ... | ০ | ০ | ২ |
| মুসব্বর | ... | ০ | ২ | ০ |
| কলসিন্থের কম্পৌণ্ড এক্সট্রাক্ট | ... | ০ | ২ | ০ |
| কার্ব্বনেট অফ মাগ্নীসিয়া | ... | ০ | ১ | ০ |
| বিস্মথের নাইট্রেট | ... | ০ | ১ | ০ |
| কার্ব্বনেট অফ সোডা | ... | ০ | ৪ | ০ |
| তামার সলফেট | .. | ০ | ০ | ৪ |
| সিঙ্কের সলফেট | ... | ০ | ০ | ৪ |
| রূপার নাইট্রেট | ... | ০ | ০ | ৪ |
| সুগর অফ লেড | ... | ০ | ২ | ০ |
| পটাশের নাইট্রেট | ... | ০ | ২ | ০ |
| লৌহের সলফেট | ... | ০ | ১ | ০ |
| আইয়ডাইড অফ পোটাশিয়ম | ... | ০ | ১ | ০ |

| | lbs. | oz. | dr. | | পৌণ্ড, | ঔন্স | ড্রাম। |
|---|---|---|---|---|---|---|---|
| Camphor ... | 0 | 4 | 0 | কর্পূর ... | ০ | ৪ | ০ |
| Ipecacuanha Wine ... | 0 | 2 | 0 | ইপিকাকুয়াহ্না ওয়াইন ... | ০ | ২ | ০ |
| Turpentine ... | 0 | 8 | 0 | টার্পিণ্টাইন্ ... | ০ | ৮ | ০ |
| Sulphur ... | 1 | 0 | 0 | গন্ধক ... | ১ | ০ | ০ |
| Linseed Flour ... | 2 | 0 | 0 | তিষির বীজের চূর্ণ ... | ২ | ০ | ০ |
| Simple Ointment ... | 1 | 0 | 0 | সামান্য মলম ... | ১ | ০ | ০ |
| Tincture of Steel ... | 0 | 1 | 0 | লৌহের আরক ... | ০ | ১ | ০ |
| „ of Catechu ... | 0 | 4 | 0 | খদীরের আরক ... | ০ | ৪ | ০ |
| „ of Camphor Co. ... | 0 | 4 | 0 | কর্পূরের কম্পৌণ্ড আরক ... | ০ | ৪ | ০ |
| „ of Squills ... | 0 | 2 | 0 | স্কুইলের আরক ... | ০ | ২ | ০ |
| „ of Iodine Co. ... | 0 | 4 | 0 | আইয়ডাইনের কম্পৌণ্ড আরক ... | ০ | ৪ | ০ |
| „ of Kino ... | 0 | 2 | 0 | কাইনোর আরক ... | ০ | ২ | ০ |
| Cholera Tincture ... | 0 | 6 | 0 | ওলাউঠা নিবারণার্থ আরক ... | ০ | ৬ | ০ |
| Quinine ... | 0 | 2 | 0 | কুইনাইন্ ... | ০ | ২ | ০ |
| Ipecacuanha Powder ... | 0 | 4 | 0 | ইপিকাকুয়াহ্না পৌডর ... | ০ | ৪ | ০ |
| Basilicon Ointment ... | 1 | 0 | 0 | বাসিলিকন মলম ... | ১ | ০ | ০ |
| Cubeb Powder ... | 0 | 4 | 0 | কাবাব চিনির চূর্ণ ... | ০ | ৪ | ০ |
| Copaiba ... | 0 | 4 | 0 | কপাইবা ... | ০ | ৪ | ০ |
| Sweet Spirits of Nitre ... | 0 | 4 | 0 | সুইট স্পিরিটস্ অফ নাইটর ... | ০ | ৪ | ০ |
| Sulphuric Ether ... | 0 | 4 | 0 | সলফুরিক ইথর ... | ০ | ৪ | ০ |
| Chloroform ... | 0 | 0 | 4 | ক্লরফর্ম্ম ... | ০ | ০ | ৪ |
| Gallic Acid ... | 0 | 2 | 0 | গাল্লিক আসিড ... | ০ | ২ | ০ |
| Fowler's Solution ... | 0 | 4 | 0 | ফৌলর্স সোলিউশন ... | ০ | ৪ | ০ |
| Columba Powder ... | 0 | 2 | 0 | কলম্বা পৌডর ... | ০ | ২ | ০ |
| Ginger Powder ... | 0 | 2 | 0 | শুঁট চূর্ণ ... | ০ | ৩ | ০ |
| Chiretta ... | 1 | 0 | 0 | চিরতা ... | ১ | ০ | ০ |
| Sulphuric Acid ... | 0 | 2 | 0 | সলফুরিক আসিড (গন্ধক দ্রাবক) ... | ০ | ২ | ০ |
| Nitric Acid ... | 0 | 2 | 0 | নাইট্রিক আসিড ... | ০ | ২ | ০ |
| Muriatic Acid ... | 0 | 2 | 0 | মিউরিয়াটিক আসিড ... | ০ | ২ | ০ |
| Tartaric Acid ... | 0 | 2 | 0 | টার্টরিক আসিড ... | ০ | ২ | ০ |
| Vinegar ... | 1 | 0 | 0 | সিরকা ... | ১ | ০ | ০ |
| Oil of Peppermint ... | 0 | 1 | 0 | পিপরমেণ্ট তৈল ... | ০ | ১ | ০ |
| Chloride of Lime ... | 10 | 0 | 0 | ক্লোরাইড অফ লাইম ... | ১০ | ০ | ০ |
| Adhesive Plaster ... | 4 yards. | | | শুকা মলম (কাপড়ে লাগান) ... | চারি গজ। | | |
| Lint ... | 0 | 4 | 0 | লিণ্ট ... | ০ | ৪ | ০ |
| Bandage Cloth ... | 6 yards. | | | বান্ধনির যোগ্য কাপড় ... | ছয় গজ। | | |
| Mustard ... | 1 | 0 | 0 | সর্ষপ ... | ১ | ০ | ০ |

Where there are more than 100 such Labourers, but not more than 200, one-half more than the above quantity.

Where there are more than 200, but not more than 300, double the quantity directed for 100.

Where there are more than 300, but not more than 400, three times the quantity directed for 100.

Where there are more than 400 such Labourers four times the quantity directed for 100.

UNDER the authority vested in him by Section XIII. of Act No. VI. (B. C.) of 1865, the Lieutenant-Governor notifies that for the year 1865-66 and until further notice the yearly sum to be paid by the employers of Labourers for the

যে আবাদে ১০০ জনের অধিক, কিন্তু ২০০ জনের অনধিক মজুর থাকে, সেখানে পূর্ব্বোক্ত পরিমাণের দেড়া, ও

যেখানে ২০০ জনের অধিক, কিন্তু ৩০০ জনের অনধিক মজুর থাকে, সেখানে ১০০ জনের নিমিত্তে যে পরিমাণের ঔষধ রাখিবার আজ্ঞা হইল তাহার দ্বিগুণ, ও

যেখানে ৩০০ জনের অধিক, কিন্তু ৪০০ জনের অনধিক মজুর থাকে, সেখানে ১০০ জনের নিমিত্তে যে পরিমাণের ঔষধ রাখিবার আজ্ঞা হইল তাহার তিন গুণ ঔষধ রাখিতে হইবে।

যেখানে ৪০০ জনের অধিক মজুর থাকে, সেখানে ১০০ জনের নিমিত্তে যে পরিমাণের ঔষধ রাখিবার আজ্ঞা হইল তাহার চারি গুণ ঔষধ রাখিতে হইবে।

বঙ্গদেশের ১৮৬৫ সালের ৬ আইনের ১৩ ধারামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি প্রকাশ করিতেছেন যে ১৮৬৫। ৬৬ সালের জন্যে এবং অন্য বিজ্ঞাপন না দেওন পর্য্যন্ত উক্ত আইনে প্রকাশিত অভিপ্রায়

purposes mentioned in that Act shall be 8 annas for every Laborer.

---

The following Order issued by the Government of India, Home Department, is re-published for general information :—

*No.* 1958—*Dated the 29th June* 1865.—The undermentioned Covenanted and Uncovenanted Civil Servants having produced the necessary medical certificates have been granted by the Right Hon'ble the Secretary of State for India extensions of leave for the periods specified :—

*Covenanted.*

* * * *

Mr. H. W. Alexander ... ... ... 6 months.

* * * *

Mr. D. Cunliffe ... ... ... 6 ,,

* * * *

---

DECLARATION UNDER SECTION II. OF ACT VI. OF 1857.

WHEREAS it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government, at the public expense, for a public purpose, *viz.*, for a site for a Police Station at Gondwarrah, in the District of Purneah, it is hereby declared that, for the above purpose, the piece of land noted below is required.

| Pergunnah. | Mouzah. | Area. | Boundaries. |
|---|---|---|---|
| | | B. K. D. | |
| Dhurmpore... | Phoolwaree Milik. | 3 18 4 | West—The Ganges and Darjeeling Road. North—Milik Phoolwaree. East—Milik of Lukheserie. South—Milik land of Moortee J . . |

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

S. C. BAYLEY,
*Junior Secy. to the Govt. of Bengal.*

সাধনার্থে মজুরের মুনিবদিগের মজুর প্রতি ।।০ আনা হারে বার্ষিক টাকা দিতে হইবে।

---

হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্নমেন্টের পশ্চাৎ লিখিত যে আজ্ঞা প্রকাশ হয়, তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে পুনর্ব্বার মুদ্রিত হইল।

১৯৫৮ নম্বর।

১৮৬৫ সাল ২৯ জুন।

পশ্চাৎ লিখিত চিহ্নিত ও অচিহ্নিত সিবিল কার্য্যকারকেরা প্রয়োজনীয় চিকিৎসকের সর্টিফিকট অর্পণ করাতে ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব পশ্চাৎ লিখিত মতে তাঁহাদের ছুটীর কাল বৃদ্ধি করিয়াছেন, অর্থাৎ—

চিহ্নিত।

* * * *

শ্রীযুত এচ ডবলিউ অলেকজাণ্ডর সাহেব... ৬ মাস।

* * * *

শ্রীযুত ডি কনলিফ সাহেব ... ... ৬ মাস।

* * * *

---

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের বিবেচনানুসারে বোধ হয় যে রাজকীয় কার্য্যার্থে, অর্থাৎ পুরণিয়া জিলার অন্তর্গত গণ্ডওয়ারাতে পোলীসের থানা ঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্নমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে পশ্চাৎ নির্দ্দিষ্ট ভূমি খণ্ডের প্রয়োজন।

| পরগনা। | মৌজা। | পরিমাণ। | সীমা। |
|---|---|---|---|
| ধর্ম্মপুর | ফুলবাড়ি মিলিক | বিঘা কাঠা ধুর ৩ ১৮ ৪ | পশ্চিম সীমা গঙ্গা হইতে দারজিলিঙ্গে গমনের পথ। উত্তর সীমা মিলিক ফুলবাড়ী। পূর্ব্ব সীমা লক্ষীশরাইর মিলিক। দক্ষিণ সীমা মূর্ত্তিঝার মিলিক ভূমি। |

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এস সি বেলি,
বঙ্গদেশের গবর্নমেন্টের দ্বিতীয় সেক্রেটারী।

# PUBLIC WORKS DEPARTMENT.

LOCAL.

No. 252.

*The 3rd July* 1865.

## NOTIFICATIONS.

IT is hereby notified, under Section II. of the "Canals' Act, 1864," (No. V., B. L. C.,) that the provisions of the said Act shall apply, from and after the 1st September 1865, to the undermentioned navigable channels from Kanteetollah to Khoolna, known as the "Eastern Canals," *viz.*:—

The lines of channels from Kanteetollah eastward to Mychattee, then so much of the Jaboona or Echamuttee River as lies between Mychattee and Bussuntpore, both routes between the mouth of the Koomrea Khall and Subdulpore to the junction of the Seepsa Aga and Seepsa Rivers; also the Menus River from its junction with the Mooreechap River to Koocheea Haut, and so much of the Seepsa River as lies between Koocheea Haut and Mooreechap; also from the head of the Seepsa to Khoolna eastward.

---

No. 253.

The following draft of Rules having reference to the undermentioned Navigable Channels from Kanteetollah to Khoolna, known as the "Eastern Canals," is published for information under Section XI. of the "Canals' Act, 1864," No. V., B. L. C.:—

*The lines of channels from Kanteetollah eastward to Mychattee, then so much of the Jaboona or Echamuttee River as lies between Mychattee and Bussuntpore, both routes between the mouth of the Koomrea Khall and Subdulpore to the junction of the Seepsa Aga and Seepsa Rivers; also the Menus River from its junction with the Mooreechap River to Koocheea Haut, and so much of the Seepsa River as lies between Koocheea Haut and Mooreechap; also from the head of the Seepsa to Khoolna eastward.*

1. Wherever mooring posts may have been put up by the Supervisor, vessels shall be made fast by the head and stern along the banks to such posts, and shall not be moored in any other manner.

2. The dropping of anchors and the putting up of bamboos or luggees on the banks, or in the channel, is prohibited.

3. As the water falls, the head and stern ropes of moored vessels must be loosened, and the vessels gradually pushed towards the centre of the

# পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

স্থানীয়।

২৫২ নম্বর।

১৮৬৫ সাল ৩ জুলাই।

## বিজ্ঞাপন।

বঙ্গদেশের ১৮৬৪ সালের ৫ আইনের (অর্থাৎ খাল বিষয়ক আইনের) ২ ধারামতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত আইনের বিধান ১৮৬৫ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখ অবধি পূর্ব্বদেশীয় খাল নামে খ্যাত পশ্চাৎ লিখিত যেং নৌকাগম্য খাল কান্তি-টোলাহইতে খুলনায় যায় তাহার প্রতি বর্ত্তিবে, অর্থাৎ

কান্তিটোলাহইতে ময়হাটীগামি পূর্ব্বাভিমুখ সকল খাড়ী, ও তৎপরে ময়হাটী ও বসন্তপুরের মধ্যস্থিত যমুনা কি ইচ্ছামতী নদীর অংশ, পরে কুমরিয়া খালের মুহানা ও শব্দলপুরহইতে সিপসা আগার সহিত সিপসা নদীর সংযোগস্থানগামি উভয় খাল, এবং মুরিচাপ নদীর সহিত সংযোগস্থানহইতে কুচিয়া হাট পর্য্যন্ত মিনস নদী, এবং কুচিয়া হাটের ও মুরিচাপের মধ্যস্থিত সিপসা নদীর অংশ, ও সিপসা নদীর মুহানা-অবধি খুলনাপর্য্যন্ত পূর্ব্বাভিমুখ পথ।

---

২৫৩ নম্বর।

"পূর্ব্বদেশীয় খাল" নামে খ্যাত পশ্চাৎ লিখিত নৌকাগম্য যেং খাল কান্তিটোলাহইতে খুলনায় যায় তদ্বিষয়ক নিম্নলিখিত বিধির পাণ্ডুলিপি বঙ্গদেশের ১৮৬৪ সালের ৫ আইনের (অর্থাৎ খালবিষয়ক আইনের) ১১ ধারামতে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

কান্তিটোলাহইতে ময়হাটীগামি পূর্ব্বাভিমুখ সকল খাড়ী, ও তৎপরে ময়হাটী ও বসন্তপুরের মধ্যস্থিত যমুনা কি ইচ্ছামতী নদীর অংশ, পরে কুমরিয়া খালের মুহানা ও শব্দলপুরহইতে সিপসা আগার সহিত সিপসা নদীর সংযোগস্থানগামি উভয় খাল, এবং মুরিচাপ নদীর সহিত সংযোগস্থানহইতে কুচিয়া হাট পর্য্যন্ত মিনস নদী, এবং কুচিয়া হাটের ও মুরিচাপের মধ্যস্থিত সিপসা নদীর অংশ, ও সিপসা নদীর মুহানা অবধি খুলনা পর্য্যন্ত পূর্ব্বাভিমুখ পথ।

১। সুপরিন্টেণ্ডেণ্ট যেং স্থানে নৌকা বান্ধিবার খোঁটা গাড়িয়া রাখেন, সেইং স্থানে খালের ধারেং নৌকার গলহী ও পশ্চাদ্ভাগ বান্ধিয়া রাখিতে হইবে, অন্য কোন প্রকারে লাগাইয়া রাখিতে হইবে না।

২। খালের মধ্যে কি ধারে লঙ্গড় ফেলিতে কি বাঁশ কি লগি পুঁতিতে নিষেধ হইল।

৩। জল যেমন কমিবে, তেমনি বান্ধা নৌকার গলহীর ও পশ্চাদ্ভাগের কাছি শিল দিয়া ক্রমে নৌকা খালের মধ্যপানে নামাইতে হইবে। যখন জোয়ার আইসে

canal; when the flood comes in these two ropes must be gradually pulled in and the vessels kept as close to the bank as possible.

4. Only one vessel shall be allowed to make fast along and in line with the canal's banks, and no vessel shall be made fast or be placed outside of vessels so secured. No vessel shall be placed in such a position as to endanger the safety of other vessels or obstruct the passage of other vessels.

5. Vessels passing through the canals shall keep in separate lines; empty vessels keeping close to the bank, and those that are laden in the centre.

6. In portions of the canals where only one towing-path exists, vessels shall moor on the off side, and the towing-path side shall always be kept clear. The towing-path side shall be used by vessels going against the tide, and by no others.

7. In order to avoid collision and confusion, vessels waiting for a favorable tide at the junction of two or more rivers shall be moored at a distance of not less than 1,000 feet from the point of junction.

8. No person shall commit a nuisance or deposit filth of any sort in the canals, nor do any act to cause injury to the canals' works.

9. Every person, either personally or by his servant, infringing any of the above Rules numbered from 1 to 8, shall be liable, under Section XI. of the Canals' Act, to a fine not exceeding fifty Rupees for any one infringement; or to a fine not exceeding five Rupees a day for any continued infringement.

10. At the instance of the Supervisor of Navigation, any Magistrate who imposes a fine under Sections XI. or XVI. of the Act may award any portion of such fine to the informer.

11. Any person who *wilfully* or *negligently* allows a vessel to sink in the canals shall be liable to a fine not exceeding Rupees fifty.

12. In every case of wreck caused by negligence or otherwise, the Supervisor and his Subordinates will give every assistance in removing the same.

13. A notice shall be affixed on such wreck when recovered calling on those concerned to pay to the Supervisor any fine which may have been adjudged, as well as the expenses incurred in the recovery or removal of the wreck, and intimating that if the sum be not paid within 15 days of the date of notice, the boat and its contents, or so much of it as may be necessary for the recovery

[*Government Gazette*, 18*th July* 1865.]

তখন ক্রমশঃ ঐ কাছি টানিয়া নৌকা যথাসাধ্য কিনারার নিকটে রাখিতে হইবে।

৪। খালের ধারের পার্শ্বে অথচ সমান্তরালে কেবল এক২ খানি নৌকা বান্ধিবার অনুমতি হইবে। ঐরূপে বান্ধা নৌকার বাহিরে কোন নৌকা বান্ধিতে কি রাখিতে হইবে না। যে স্থানে রাখিলে অন্য নৌকার হানি জন্মিবার কি পথ বন্ধ হইবার সম্ভাবনা হয়, এমত স্থানে কোন নৌকা রাখিতে হইবে না।

৫। খালের মধ্য দিয়া যে সকল নৌকা যায় তাহা ভিন্ন২ পথে যাইবে, অর্থাৎ খালী নৌকা ধারে২ ও বোঝাই নৌকা মধ্য দিয়া যাইবে।

৬। খালের যে২ ভাগে কেবল একটি গুণ টানিবার পথ থাকে, তাহার অন্য পারে নৌকা বান্ধিতে হইবে। গুণ টানিবার পথ যে পার্শ্বে থাকে সেই পার সর্ব্বদা খোলাসা রাখিতে হইবে। গুণ টানিবার পথের দিক দিয়া উজানগামি নৌকা ভিন্ন অন্য কোন নৌকা যাইবে না।

৭। দুই কি অধিক নদীর সংযোগস্থানে যে সকল নৌকার সুবিধাজনক জোয়ারের কি ভাটার অপেক্ষাতে বিলম্ব হয়, তাহাদের মধ্যে যেন আঘাত কি গোলযোগ না হয়, তন্নিমিত্তে ঐ সংযোগস্থানহইতে ন্যূন কল্পে ১০০০ ফুট দূরে সেই সকল নৌকা বান্ধিতে হইবে।

৮। কোন ব্যক্তি খালের মধ্যে কি ধারে মল ত্যাগ করিবে না, ও কোন প্রকারের দুর্গন্ধ দ্রব্য ফেলিবে না, ও খালের কার্য্যোপযোগি বিষয়ের হানিজনক কোন কর্ম্ম করিবে না।

৯। যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত ১ অবধি ৮ পর্য্যন্ত কোন বিধি স্বয়ং লঙ্ঘন করে কি চাকরদ্বারা লঙ্ঘন করায়, তবে খালবিষয়ক আইনের ১১ ধারার বলে কোন এক বিধি লঙ্ঘনের জন্যে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড ও সেইরূপে লঙ্ঘন করিতে থাকিলে দিন প্রতি পাঁচ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

১০। যে মাজিষ্ট্রেট উক্ত আইনের ১১ কি ১৬ ধারামতে অর্থদণ্ডের আজ্ঞা করেন, তিনি জলপথের সুপরিন্টেণ্ডেন্টের প্রার্থনাক্রমে উক্ত দণ্ডের কোন অংশ সংবাদদাতাকে দিতে পারিবেন।

১১। যে কোন ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক কি শৈথিল্যক্রমে খালের মধ্যে নৌকা ডুবায়, তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবেক।

১২। শৈথিল্যক্রমে কি অন্য কারণে নৌকা মারা পড়িলে সুপরিন্টেণ্ডেণ্ট ও তাঁহার অধীন লোকেরা তাহা স্থানান্তর করণে সর্ব্ব প্রকারে সাহায্য করিবেন।

১৩। সেই মারা পড়া নৌকা উদ্ধার করা গেলে তাহার উপর এই মর্ম্মের সংবাদ লটকাইয়া দিতে হইবে, যে তাহাতে যাহাদের সম্পর্ক আছে তাহারা সুপরিন্টেণ্ডেণ্টকে বিচারে যে অর্থদণ্ড হইয়া থাকে তাহা এবং ভগ্ন নৌকা উদ্ধার করিতে কি স্থানান্তর করিতে যে খরচ হইয়া থাকে তাহা দেয়, নতুবা ঐ সংবাদ দিবার তারিখ অবধি পনের দিনের মধ্যে যদি টাকা না দেওয়া যায়, তবে ঐ নৌকা ও তাহাতে যাহা থাকে

of the dues, will be sold, the proceeds of the sale being dealt with as directed in Section IX. of the Act.

14. Every Canal Officer is authorized to remove any vessel, anchor, pole or other thing which he may find in a position which is in contravention of these Rules, and to deal with it in such a manner as may be necessary to give effect to the Rules.

15. Whenever any laden vessel is seized by a Canal Officer, it shall be the duty of the Supervisor to give immediate notice of the same to the owner or his agent, and to require the removal of the cargo without delay, intimating at the same time that the owner will be required to pay all expenses necessary for the proper custody and storage of the same.

16. If the Supervisor be unable to ascertain the name and place of business or of abode of the owner of the cargo of any vessel seized under the Canals' Act, he shall notify the seizure by advertisement in his Office, and in one or more of the Calcutta newspapers or advertisement papers. Such notices shall call upon the owner to cause the immediate removal of the cargo and to pay any necessary expenses incurred in providing for its proper custody and storage.

17. The Supervisor may incur whatever expense he may think necessary for the proper custody and storage of the cargo of any vessel seized under the Canals' Act; and if the cargo be not removed within ten days from the date of seizure, he may sell the same at public auction to the highest bidder after giving fifteen days' notice of the same by advertisement in one or more of the Calcutta newspapers, or advertisement papers, and affixed in his Office.

18. The money realized at such a sale shall be applied first to defray any expenditure that may have been incurred by the Supervisor on account of the cargo sold, and the balance, if any, shall be held in deposit, to be paid to the owner of the said cargo on his applying for the same.

J. E. T. NICOLLS, *Lt.-Col., R. E.,*
*Offg. Secy. to the Govt. of Bengal,*
*P. W. D.*

---

## ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENTS.

*The 12th July* 1865.

Baboo Gobind Chunder Sandyal, Moonsiff of Soorujghurra and Monghyr, Zillah Bhaugulpore, to be Moonsiff of Buxar, Zillah Shahabad.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১৮ জুলাই।]

তাহা কিম্বা দেয় টাকা আদায়ার্থে প্রয়োজনীয় অংশ বিক্রয় হইবে, ও উক্ত আইনের ৯ ধারার আদেশমতে বিক্রয়োৎপন্ন টাকা লইয়া কার্য্য করা যাইবে।

১৪। খালসম্পর্কীয় প্রত্যেক কার্য্যকারকের এই ক্ষমতা আছে যে তিনি এই সকল বিধির নিষিদ্ধ স্থানে নৌকা কি লঙ্গর কি খোঁটা প্রভৃতি অন্য যে কোন দ্রব্য পান তাহা স্থানান্তর করিতে, ও তাহা লইয়া এই বিধি প্রবল করিবার মত যাহা কর্ত্তব্য তাহা করিতে পারিবেন।

১৫। খালসম্পর্কীয় কোন কার্য্যকারক কোন বোঝাই নৌকা ধরিলে সুপরিন্টেণ্ডেণ্টের কর্ত্তব্য যে তৎক্ষণাৎ সেই সংবাদ স্বামিকে কি তাঁহার এজেণ্টকে দিয়া অবিলম্বে মাল স্থানান্তর করিবার আজ্ঞা করেন, ও উচিত মতে তাহা রক্ষা ও গুদামজাত করিবার খরচ তাঁহার দিতে হইবে ইহাও তাঁহাকে জানান।

১৬। সুপরিন্টেণ্ডেণ্ট যদি খাল বিষয়ক আইনমতে ধৃত কোন নৌকাদির মালের স্বামির নাম ও বাণিজ্য কি বাসস্থান জানিতে না পারেন, তবে তিনি আপন কার্য্যালয়ে ও কলিকাতার এক কি অধিক সংবাদপত্রে ঐ ধৃত হওনের সংবাদ প্রকাশ করিবেন। উক্ত সংবাদে স্বামির প্রতি এমত আদেশ থাকিবে যে তিনি অবিলম্বে মাল স্থানান্তর করান, ও মাল উচিতমতে রক্ষা ও গুদামজাত করিতে প্রয়োজনীয় যে খরচ হইয়াছে তাহা দেন।

১৭। সুপরিন্টেণ্ডেণ্ট খালবিষয়ক আইনমতে ধৃত কোন নৌকার মাল উপযুক্ত মতে রক্ষা ও গুদামজাত করিবার নিমিত্ত যে খরচ প্রয়োজনীয় জ্ঞান করেন তাহা করিতে পারিবেন। নৌকা ধৃত হওনের তারিখ অবধি দশ দিনের মধ্যে যদি সেই মাল স্থানান্তর না করা যায়, তবে তিনি কলিকাতার এক কি অধিক সংবাদপত্রে কি বিজ্ঞাপনপত্রে সংবাদ দিয়া আপন কার্য্যালয়েও তাহা লটকাইয়া পনের দিন পরে সেই মাল প্রকাশ্য নীলামে বিক্রয় করিতে পারিবেন, ও যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য ডাকিবে তাহাকে দিবেন।

১৮। উক্ত নীলামে যে টাকা পাওয়া যায় তাহা হইতে প্রথমে ঐ বিক্রীত মালের জন্যে সুপরিন্টেণ্ডেণ্টের কৃত খরচ শোধ করিতে, এবং কিছু টাকা অবশিষ্ট থাকিলে তাহা জমা করিয়া রাখিতে ও সেই মালের স্বামির প্রার্থনামতে তাঁহাকে দিতে হইবে ইতি।

জে ই টি নিকলস্, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

---

## বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬৫ সাল ১২ জুলাই।

জিলা ভাগলপুরের অন্তর্গত সূর্য্যঘরা ও মুঙ্গেরের মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র সান্ন্যাল জিলা সাহাবাদের বক্সরের মুনসেফ হইবেন।

Baboo Rampershad, Moonsiff of Buxar, Zillah Shahabad, to be Moonsiff of Soorujghurra and Monghyr, Zillah Bhaugulpore.

জিলা সাহাবাদের অন্তর্গত বক্সরের মুনসেফ শ্রীযুত রামপ্রসাদ বাবু জিলা ভাগলপুরের সুর্য্যঘরার ও মুঙ্গেরের মুনসেফ হইবেন।

LEAVE OF ABSENCE.

*The 11th July* 1865.

Moulvie Rameezoodeen, Moonsiff of Pallas, Zillah Dacca, for one month, from 1st June last, under paragraph 12, Clause 1 of the Revised Uncovenanted Absentee Rules.

H. T. PRINSEP,
*Registrar.*

ছুটী।

১৮৬৫ সাল ১ জুলাই।

জিলা ঢাকার অন্তর্গত পালাসের মুনসেফ শ্রীযুত মৌলবী রামিজউদ্দীন অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর সংশোধিত বিধির ১২ ধারার ১ প্রকরণ অনুসারে গত ১ জুন অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

## GOVERNMENT ADVERTISEMENTS.

## গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

### NOTICE.

An Exhibition of Live Stock, Agricultural produce and Implements will be held at Hooghly, in the last week of December. Among the Prizes some will be offered to general competition, others will be open to Exhibitors from the Districts of the Burdwan and Nuddea Divisions only. Prize List will be published hereafter.

C. F. MONTRESOR,
*Commr. of the Burdwan Division.*

H. L. DAMPIER,
*Commr. of the Nuddea Division.*

### বিজ্ঞাপন।

ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে হুগলীতে জীবজন্তুর ও কৃষিকার্য্য সম্পর্কীয় উৎপন্ন দ্রব্যের ও হাতিয়ারের প্রদর্শন হইবে। পুরস্কারের মধ্যে কতক সর্ব্বস্থানীয় প্রতিযোগিদের ও অন্য সকল কেবল বর্দ্ধমান ও নদীয়া এলাকার প্রদর্শকদিগের প্রাপ্য হইতে পারিবে। পুরস্কারের ফর্দ্দ ইহার পরে প্রকাশ করা যাইবে।

সি এফ মন্‌ট্রেসর,
বর্দ্ধমান এলাকার কমিস্যনর।

ও

এচ এল ডাম্পিয়র,
নদীয়া এলাকার কমিস্যনর।

## LAND ADVERTISEMENTS.

## ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

### জিলা বাকরগঞ্জ।

সন ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারাক্রমে এহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বাকরগঞ্জের নীচের লিখিত মহালাতের বকয়া ১২৭১ সনের নাং চৈত্র ও হাল ১২৭২ সনের নাং কিস্তী জৈষ্ঠের বাকির নিমিত্তে ১৮৬৫ সনের ২৭ জুলাই মোং ১২৭২ সনের ১৩ শ্রাবণ রোজ বৃহস্পতি বার অত্র কালেক্টরির কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৫ ইং তাং ৪ জুলাই।

৪ শ্রেণী।

অন্য মহালের বাবত পাওনা বাকি মালগুজারির নিমিত্তে যে মহাল নীলাম হয় তাহা।

নং ৩২৫৫ রজনদি কালিকাপুর পরগনা হিং ৵০ আনি লিখিত মালিক জয়কিশোরি চৌধুরাইন ও আনন্দময়ী চৌধুরাইন গোবিন্দচন্দ্র রায় হিং /০ আনা ঈশ্বরচন্দ্র রায় চৌধুরী হিং ৻১০ আনা যোগেশচন্দ্র রায় চৌধুরী হিং ৻১০ আনা সদর জমা ৩১৫৪৷৷৴৫ পাই এই মহালে /০ আনা অংশে ঈশ্বরচন্দ্র রায় স্বয়ং ও উমেশচন্দ্র রায় নাবালগের অলি মহাফেজি সূত্রে যে স্বত্ব সম্পর্ক তাহা।

নং ৩২৫৭ পঃ তথা হিং ৷০ আনি লিখিত মালিক দুর্গাসুন্দরী চৌধুরাইন হিং ৵০ আনি ঈশ্বরচন্দ্র রায় চৌধুরী হিং /০ আনি যোগেশচন্দ্র রায় চৌধুরী হিং /০ আনি সদর জমা ৬৩০৯৷৵১০ পাই এই মহালে /০ আনা অংশে ঈশ্বরচন্দ্র রায় চৌধুরী স্বয়ং ও উমেশচন্দ্র রায় নাবালগের অলি মহাফেজি সূত্রে ও দুর্গাসুন্দরী চৌধুরাইনের যে স্বত্ব সম্পর্ক তাহা।

* ২শ্রেণী।

এস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল।

নং ৪৬৭৯ পং সিলিমাবাদ মল্লিকের বেড় চক দরিআবাদ রূপচন্দ্র ঘোষ গদাধর নাগ তালুক লিখিত ম্যাদি বন্দবস্ত গ্রহীতা অভয়চরণ রায় সদর জমা ১৬১৭।।৶১১

নং ৪৭৯৮ পং রুকুন্দি কালিকাপুর আণগাচর লিখিত ম্যাদি ইজারাদার বৈকুণ্ঠচন্দ্র রায় চৌধুরী মোহনতারা চৌধুরাইন ঈশ্বরচন্দ্র রায় চৌধুরী সদর জমা

| | | | |
|---|---|---|---|
| খাজানা | ... | ... | ... ১২৮৫।৶৩ |
| মালিকানা | ... | ... | ... ১৪২৬৵২ |
| | | | ১৪২৮১।৫ |

নং ৫৯১৯ পং জাফরাবাদ বফিয়া নগর সাং পং চন্দ্রদ্বীপ বড়বগী চক লিখিত ম্যাদি বন্দবস্ত গ্রহীতা মেং এইচ ইষ্টোন ফোর্থ সাহেব সদর জমা

| | | |
|---|---|---|
| ইং ১২৬৯। নাং ১২৮৮ সন | ... | ... ৩৬৲ |
| জমা ইং ১২৮৯। নাং ১২৯৮ সন | ... | ... ৬৯৫৵ |
| জমা ইং ১২৯৯। নাং ১৩০৮ সন | ... | ... ১৩৫৫।।৶ |
| জমা ইং ১৩০৯। নাং ১৩১৮ সন | ... | ... ২১১৫।৶ |
| জমা ইং ১৩১৯। নাং ১৩৬৭ সন | .. | ... ২৬৭৫৶ |

H. C. SUTHERLAND,
*Offg. Collector.*

---

৩৯৭ নং ডিক্রীজারি ১৮৬৫।

এস্তেহারনামা জেলা বীরভূমের কালেকুটরি কাছারি সমস্ত লোকদিগের জ্ঞাত কারণ ইহা দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯। ১০ আইনের ১১০ ধারামত ডিক্রীদার শ্রীরাজা প্রতাপচন্দ্র সিংহ দেনাদার ধনকৃষ্ণ সেনের নিকট পাওনা মায় সুদ খরচা ৩৮২৫৸৶৬ টাকা আদায় জন্য দেনাদারের নিম্ন লিখিত জমিদারি সন ১৮৬৫ সালের ৭ আগষ্ট মোং সন ১২৭২। ২৪ শ্রাবণ সোমবার দিবা দুই প্রহরের পর সন ১৮৫৯। ১১ আইন মত নীলামের তারিখ অবধারিত হইল উক্ত তারিখে মহাল মজকুরের দেনাদারের স্বত্ব লভ্য জেলা বীরভূমের ডেপ্‌টী কালেকুটর শ্রীযুত বাবু উমাচরণ বন্দ্যোপাধ্যায় রায় বাহাদুরের হজুরে বিনা ওজর নীলামে ধরা যাইবেক আর প্রকাশ থাকে যে এই মহাল নাবালক রামরঞ্জন চক্রবর্ত্তির ইষ্টেট সংক্রান্ত কোর্ট ওয়ার্ডের তরফ ইজার্দ্দার ঈশানচন্দ্র সেনের জামিনিতে আবদ্ধ আছে ইতি ১৮৬৫। ৭ জুলাই।

| তৌজির নম্বর | মালিকের নাম | সদর জমা | যত টাকা বাকীর জন্য নীলাম | |
|---|---|---|---|---|
| ১০২ লাট সনকপুর | ধনকৃষ্ণ সেন দীং | ২৩৭৯।৵১ | ৩৮২৫৸৶৬ | এই মহালের রকম ।।৶১০ আনার দেনাদারের সত্ব লভ্য। |

OMACHURN BANERJEE,
*Deputy Collector.*

---

৩৯৮ নং ডিক্রীজারি সন ১৮৬৫।

এস্তেহারনামা জিলা বীরভূমের কালেকুটরি কাছারি সমস্ত লোকদিগের জ্ঞাত কারণ ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১০ আইনের ১১০ ধারামত ডিক্রীদার শ্রীরাজা প্রতাপচন্দ্র সিংহ দেনাদার ধনকৃষ্ণ সেনের নিকট পাওনা মায় সুদ খরচা ২৭৭৮৸০ টাকা আদায় জন্য দেনাদারের নিম্ন লিখিত জমিদারি সন ১৮৬৫ সালের ৭ আগস্ট তারিখে মোং সন ১২৭২। ২৪ শ্রাবণ তারিখে সোমবার দিবা দুই প্রহরের পর সন ১৮৫৯ সালের ১১ আইন অনুসারে নীলামের তারিখ অবধারিত হইল উক্ত তারিখে মহল মজকুরের দেনাদারের স্বত্ব লভ্য জেলা বীরভূমের ডেপ্‌টী কালেকুটর শ্রীবুত বাবু উমাচরণ বন্দ্যোপাধ্যায় রায় বাহাদুরের হজুরে বিনা ওজর নীলামে ধরা যাইবেক আর প্রকাশ থাকে যে এই মহাল নাবালগ রামরঞ্জন চক্রবর্ত্তির ইষ্টেট সংক্রান্ত কোর্ট ওয়ার্ডের তরফ ইজার্দ্দার ঈসানচন্দ্র সেনের জামিনিতে আবদ্ধ আছে ইতি সন ১৮৬৫ তাং ৭ জুলাই।

| তৌজির নম্বর | মালিকের নাম | সদর জমা | যত টাকা বাকীর জন্য নীলাম | |
|---|---|---|---|---|
| ১০২ নং লাট সনকপুর | ধনকৃষ্ণ সেন দীং | ২৩৫৯ ৵১ | ২৭৭৮৸০ | এই লাটের রকম ।।৶১০ আনাতে দেনাদারের যে স্বত্ব লভ্য আছে তাহাই নীলাম হইবেক। |

OMACHURN BANERJEE,
*Deputy Collector.*

* [গবর্নমেন্ট গেজেট। ১৮৬৫ ১৮ জুলাই।]

৩৯৯ নং ডিক্রীজারি সন ১৮৬৫।

এস্তেলানামা জেলা বীরভূমের কালেক্টরি কাছারি সমস্ত লোকদিগের জ্ঞাত কারণ ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১০ আইনের ১১০ ধারামত ডিক্রীদার শ্রীরাজা প্রতাপচন্দ্র সিংহ দেনাদার ধনকৃষ্ণ সেনের নিকট পাওনা মায় সুদ খরচা ৩৯৫১৮০ টাকা আদায় জন্য দেনাদারের নিম্ন লিখিত জমিদারি সন ১৮৬৫ সালের ৭ আগষ্ট তারিখে মোং সন ১২৭২। ২৪ শ্রাবণ তারিখে সোমবার দিবা দুই প্রহরের পর সন ১৮৫৯ সালের ১১ আইন অনুসারে নীলামের তারিখ অবধারিত হইল উক্ত তারিখে মহল মজকুরের দেনাদারের স্বত্ব লভ্য জেলা বিরভূমের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু উমাচরণ বন্দ্যোপাধ্যায় রায় বাহাদুরের হুজুরে বিনা ওজর নীলামে ধরা যাইবেক আর প্রকাশ থাকে যে এই মহাল নাবালক রামরঞ্জন চক্রবর্ত্তির ইষ্টের সংক্রান্ত কোর্ট ওয়ার্ডেসের তরফ ইজার্দ্দার ঈশানচন্দ্র সেনের জামিনীতে আবদ্ধ আছে ইতি সন ১৮৬৫ তাং ৭ জুলাই।

| তৌজির নম্বর | মালিকের নাম | সদর জমা | যত টাকা বাকীর জন্য নীলাম | |
|---|---|---|---|---|
| ১০২ নং লাট সনকপুর | ধনকৃষ্ণ সেন দীং | ২৩১৯।৵১ | ৩৯৫১৸০ | এই লাটের র[illegible] ॥৶১০ আনা দেনাদারের যে স্বত্ব লভ্য আছে তাহাই নীলাম হইবেক। |

OMACHURN BANERJEE,
*Deputy Collector.*

---

জিলা ত্রিপুরা।

এস্তহারনামা কাছারী কালেক্টরী জিলা ত্রিপুরা এই যে।

১৮৫৯ ইং ১১ আইনের ৬ দফামতে এহাদ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ত্রিপুরার এই মহাল বাকী জমার নিমিত্তে ১৮৬৫ ইং ২৮ জুলাই মোং সন ১২৭২ বাং ১৪ শ্রাবণ রোজ শুক্রবার এ জিলার কালেক্টরী কাছারীতে বিনা আপত্ত্যে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৫ ইং ২৯ জুন মোং সন ১২৭২ বাং ১৬ আষাঢ়।

তপসিল মহাল।

এস্তমুরারী জমা শাব্যস্ত ওয়া মহাল।

| নম্বর রেজিষ্টরী | নাম মহাল | নাম মালিক | সদর জমা | বাকী |
|---|---|---|---|---|
| ১৫৭৩ | পং হোমনাবাদ কিং ২॥ কড়া | উজিরন্নেছা বিবি মাহাম্মদ গাজি চৌধুরী মৌলবী আলী আজম মুনশী হোসন বকুস খোদ ও অলি ও মহাফেজে কাদির-বকুস মিঞা নাবালগ মাধবচন্দ্র নাগ ... | ৯২১৶৪ | ৮১৻৩ |

R. D. MANGLES,
*Collector.*

---

জিলা দিনাজপুর।

এস্তাহানামা কাছারী কালেক্টরী জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযায়ি ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৫। ২৮ জুন তকের বাকী মালগুজারির নিমিত্তক ১৮৬৫ সনের ২ আগষ্ট মোং ১২৭২। ১৯ শ্রাবণ বুধবার এই জেলার কালেক্টরী কাছারীতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হবেক।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

| নম্বর তৌজী | নাম মহাল ও পরগনা | নাম মালিক | সদর জমা | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|
| ১১৩ তাবের নম্বর ২৪ | মৌজে মাটিগাড়া ওগয়রহ পং সালবাড়ী | ভৈরবনাথ সেন রাজমোহন ও জগমোহন ও কৈলাশচন্দ্র নেউগী ও মেনকাসুন্দরী গুপ্তা মাদরে গোবিন্দচন্দ্র ও উমেশচন্দ্র নাবালগ ও মৌলবী সৈয়দ নুরালী ও আজিজর রহমান ও আব্দিল নেছা ও জহুরণ নেছা ও নজিবন নেছা ও গদাধর চক্রবর্ত্তী। | ৫৫১৯।৩। | ১৮৫৯। ১১। ১০ ধারামত রাজমোহন ও জগমোহন ও কৈলাশচন্দ্র নেউগী ও মেনকাসুন্দরী গুপ্তা মাদরে গোবিন্দচন্দ্র ও উমেশচন্দ্র নাবালগের ॥৫ আনা হিস্যা যাহার সদর জমা ২৩১৪।৶১॥= ক্রান্তী তাহার বাকি ৯৯।৶৫॥ পাই ২৮ জুন তারিখে পরিশোধ না করাতে নীলামে ধরা গেল। |

সন ১৮৬৫ ইং তাং ৫ জুলাই।

কালেক্টর।
B. SIMSON,
*Collector.*

[*Government Gazette*, 18*th July* 1865.]

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৫ ধারার মর্ম্মানুযায়ি রাইরজিনী দাস্যা ডিক্রীদারের ডিক্রীর দরুণ ১৫৭/৬ টাকা মায় হাল খরচা ও সুদ বুক দিওা দেনদার সন ১৮৬৫ সালের ২৮ জুন সূর্য্যাস্ত পর্য্যন্ত আদায় না করায় ঐ টাকা আদায় কারণ নিম্ন লিখিত মাহালের দেনদারের অংশ সন ১৮৬৫ সালের ২৬ জুলাই মোতাবেক সন ১২৭২ সালের ১২ শ্রাবণ বুধবার জেলা মুরশিদাবাদের কালেক্টরীর কাছারীতে অবার্থ নীলাম হইবেক ইতি সন ১৮৬৫ সাল তারিখ ২৯ জুন।

| শ্রেণীর নম্বর | মহালের প্রকরণ | তৌজির নম্বর | নাম মাহাল | নাম তালুকদারান | সদর জমা | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|---|---|
| ১ | প্রথম শ্রেণীর মাহাল | ৫০৭ | কীসমত মৌজে রামবাটী পরগনে ফতেসিংহ। | মাধবনাথ ও সাতকড়ি ও বিশ্বেশ্বর ও ঠাকুরদাস ও রামচন্দ্র ও রামগোপাল ও হরগোবিন্দ ও গঙ্গাপ্রসাদ ও উজ্জলমণি ও গদাধর ও আজমত উল্লা ও মহম্মদ নেওয়াজ ও ইজ্জত নেওয়াজ ও অপছরন্নেছা। | ৬১৭/৬ | এই মাহালের আজমত উল্লার খরিদা ॥৪। আনা গণ্ডাকে ষোল আনা করিয়া তাহারি মধ্যে দেনদারের খরিদা /১০ এক আনা দশ গণ্ডা রকম নীলাম হইবেক ইতি। |

COLIN MACKENZIE,
*Collector.*

---

জিলা শ্রীহট্ট।

১৮৫৯ সালের ১১ একাদশ আইনের ৬ ধারাক্রমে এহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা শ্রীহট্টের নীচের লিখিত মহালাত ১৮৬৪। ৬৫ সালের কিস্ত মুজমিলী পর্য্যন্তের বাকী মালগুজারি নিমিত্ত এবং চলিত আইন ও আক্টের দ্বারা অন্য যেহ দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৬৫ সালের জুলাই মাসের ২০ দিবস মোতাবেক ১২৭২ বাঙ্গালার শ্রাবণ মাসের ৬ তারিখ বৃহস্পতিবার ঐ জেলার কালেক্টরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনাবাধাতে নীলাম হইবেক।

ইস্তমেরারী জমা ধার্য্য হওয়া মহাল।

পরগনে জুয়ার বানিয়াচুঙ্গ।

২৭৫০৪ নম্বর তালুক আছদরজা জমীদার রেজিষ্টরী হওয়া মালিক কৃষ্ণচরণ দাস সদর জমা ... ৭৪২।/০

এহার মধ্যে ১৮৫৯ সালের ১১ একাদশ আইনের ১১ ধারার মর্ম্মানুযায়ি সর্ব্বমঙ্গলা দেব্যা ও তারিণী দেব্যা ও মাহামদ হাশীম ও বিশ্বনাথ নন্দি ও স্বরূপচন্দ্র শর্ম্মা নামে পৃথক্ হিসাব হওয়া ও তাহা উসুল হওয়াতে ছাড়িয়া দেওয়ার অভিপ্রায় জমা ... ... ... ১৬৭৮৴২

বাকী ... ... ... ... ৫৭৪।১০

পরগনে অরঙ্গপুর।

৩৬৫৫৬ নম্বর তালুক মহামদ আকবর রেজিষ্টরী হওয়া মালিক মাহামদ হাশীম চৌধুরী ও রাধাকান্ত দেব সদর জমা ... ... ... ... ৬০৬৷।০

সড়কবন্দি ... ... ... ... ৬/০

পরগনে ভানুগাছ।

৫৭০৩১ নম্বর তালুক রায় গৌরহরি সিংহ রেজিষ্টরী হওয়া মালিক রায় রাধাগোবিন্দ সিংহ সদর জমা ... ... ... ... ১৬৯৩৩

এহার মধ্যে ১৮৫৯ সালের ১১ আইনের ১১ ধারার মর্ম্মানুযায়ি দুর্গাপ্রসাদ ধর ও কিশোর দাস ও ব্রজসুন্দর দাস ও বৈষ্ণবচরণ দাস ও প্রাণকৃষ্ণ দত্ত ও হরকিশোর সেন ও ভারতচন্দ্র কর ও বিশ্বনাথ দত্ত ও রত্নমণী দাসী ও রাধাকান্ত শর্ম্মা ও শৈয়দ আবদুল জলিল ও রামদাস কুণ্ড নামে পৃথক্ হিসাব হওয়া ও তাহা উসুল হওয়াতে ছাড়িয়া দেওয়ার অভিপ্রায় জমা ... ৩০২৷।১১

বাকী ... ... ... ... ১৩৯০।৷/৪

F. WALTON,
*Offg. Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১৮ জুলাই।]

## INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

IN the matter of GEORGE FREDERICK BEHRENDS, and another, Insolvents.

Notice is hereby given, that Saturday, the 5th day of August next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the fifth day of April 1865 until the thirtieth day of June 1865, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard. Notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

OFFICIAL ASSIGNEE'S OFFICE;
*Calcutta, 11th July* 1865.

কলিকাতা অক্ষম ঋণিদের উপকারার্থ আদালত।

যোত্রহীন জর্জ ফেড্রিক বেরেণ্ডস সাহেব ও অন্যের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি আগষ্ট মাসের ৫ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে, এবং ১৮৬৫ সালের আপ্রিল মাসের ৫ তারিখ অবধি ১৮৬৫ সালের জুন মাসের ৩০ তারিখ পর্য্যন্ত আসৈনি সাহেবের জমাখরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে, প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এবিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনদের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা।
কলিকাতা ১৮৬৫ সাল ১১ জুলাই।

## MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

### বিজ্ঞাপন।

ফোর্ট উইলিয়ম রাজ-ধানীস্থ হাই কোর্টের আপিলী ক্ষমতাক্রমে ইং ১৮৬৫ সালের জানুআরি মাস হইতে নিষ্পন্ন দেওয়ানী ও মোৎফরকা এবং দশ আকুট সংক্রান্ত মোকদ্দমার আবশ্যকীয় নজীরের বাঙ্গালা অনুবাদ অস্মদাদির তত্ত্বাবধারণে প্রস্তুত ও "ভবানীপুরস্থ অপূর্ব্ব রত্নোদয় যন্ত্রে" মুদ্রিত হইতে আরম্ভ হইয়াছে। সমুদয় মাসের নিষ্পত্তি পক্ষান্তে একবার করিয়া মাসে দুই খণ্ডে প্রকাশিত হইবে। বিগত জানুআরি মাসের অর্দ্ধেকের নিষ্পত্তি আগামী পনের দিবসের মধ্যেই প্রকাশ করা যাইতে পারিবে। গ্রাহকবর্গের সুবিধা জন্য দেওয়ানী ও মোৎফরকা মোকদ্দমার নজীর গুলি এক খণ্ডে ও দশ আকুট সংক্রান্ত নজীর সকল পৃথক্ আর এক খণ্ডে মুদ্রিত হইবে। সুতরাং প্রতিপক্ষে দুই খণ্ড ও প্রতিমাসে চারিখণ্ড করিয়া পুস্তক প্রকাশিত হইবেক।

| | |
|---|---|
| বার্ষিক অগ্রিম মূল্য। | ২৪৲ টাকা। |
| ষাণ্মাসিক, ঐ ঐ। | ১৩৲ টাকা। |
| ত্রৈমাসিক, ঐ ঐ। | ৭৲ টাকা। |
| কেবল দেওয়ানী ও মোৎফরকা নজীরের প্রত্যেক খণ্ডের মূল্য। | ১৲ টাকা। |
| কেবল দশ আকুট সংক্রান্ত নজীরের প্রত্যেক খণ্ডের মূল্য। | ।০ আনা। |
| এতদ্ব্যতীত ডাকমাসুল ইত্যাদি বাবত বার্ষিক | ২৲ টাকা। |

গ্রাহক মহোদয়গণ নিম্নোক্ত ব্যক্তিগণের মধ্যে যে কোন ব্যক্তির নিকট স্ব স্ব নাম ধামের নিদর্শন সহিত অগ্রিম মূল্যের টাকা এবং ডাকমাসুল পাঠাইলেই রীতিমতে পুস্তক প্রাপ্ত হইতে পারিবেন।

শ্রীচন্দ্রমাধব ঘোষ।
শ্রীকালীমোহন দাস।
শ্রীশ্রীনাথ বন্দ্যোপাধ্যায়
হাই কোর্টের উকীলগণ
কলিকাতা।

ভবানীপুর
সন ১৮৬৫। ২০ জুন

### বিজ্ঞাপন।

যে সকল আইন মোক্তার ও উকীল ও জমীদার ও প্রজাদিগের দেখা নিতান্ত আবশ্যক তাহার সারসংগ্রহ আমরা তিন খানি পুস্তক মুদ্রিত করিয়াছি।

১ ম সদর দেওয়ানী ও হাই কোর্টের নজিরের সারসংগ্রহ ১৮৫৮ নাং ১৮৬৩ মূল্য ৬৲ টাকা।

২য়। জমীদার ও প্রজাসম্বন্ধীয় আইন অর্থাৎ রেবিনিউ বৌর্ডের নিয়মাবলী ও ১৮৫৮ হইতে ১৮৬৫ পর্য্যন্ত নজির সম্বলিত ১৮৫৯ সালের ১০ আইন ও ১৮৬২ সালের ৬ আইন ও ১৮১৯ সালের রদ বাদে ৮ আইন ও ১৮৬৫ সালের ৮ আইন একত্রে সংগৃহীত মূল্য ২৲ টাকা।

৩য়। রেবিনিউ হেণ্ডবুক অর্থাৎ রাজস্ব বিষয়ক সলক ব্যক্তির কর্ত্তব্য ও ১৭৯৩ সালের পূর্ব্বহইতে ১৮৬৫ সাল পর্য্যন্ত রদ বাদে সকল আইন ও আক্টের সারাংশ বঙ্গভাষায় অনুবাদ হইতেছে মূল্য স্বাক্ষরের প্রতি ৬৲ টাকা অপরের প্রতি ৮৲ টাকা

কলিকাতা

শ্রীযুত বেণীমাধব দে এণ্ড কোম্পানী

বিদ্যারত্ন যন্ত্রে চিৎপুর রোডের ২৫৬ নং ভবনে পাইবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ১৮ জুলাই।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত জামস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

**TUESDAY, JULY 25, 1865.**

মঙ্গলবার ১৮৬৫ সাল ২৫ জুলাই।


## HOME DEPARTMENT.

LEGISLATIVE.

*Simla, the 20th May* 1865.

THE following Bill and Statement of Objects and Reasons accompanying it are published for general information by order of His Excellency the Governor General under the 19th of the Rules for the conduct of Business at Meetings of the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations :—

***Bill to provide for the appropriation of Land required for private Water-courses from Canals.***

WHEREAS it is necessary to provide for the appropriation of land required for water-courses to be carried through estates situated between a Government canal or any branch thereof, and the lands of any person or persons desiring to be supplied with water, it is hereby enacted :—

I. Whenever a proprietor or body of proprietors desire to bring water to their lands for the purpose of irrigation by means of a channel from a Government canal or branch of a Government canal through any intervening estate or estates, they shall make application accordingly to the

## হোম ডিপার্টমেণ্ট।

ব্যবস্থাপক।

শিমলা ১৮৬৫ সাল ২০ মে।

আইন ও ব্যবস্থা করণে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সহকারি মন্ত্রিসভার অধিবেশনে কার্য্য চালাইবার ১৯ বিধিমতে উক্ত মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে পশ্চাৎ লিখিত আইনের পাণ্ডুলিপি ও তৎসংযুক্ত অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

**বিশেষ ব্যক্তিদের ব্যবহারার্থে খালহইতে জলপ্রণালী করিবার জন্যে প্রয়োজনীয় ভূমি গ্রহণের বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।**

জল পাইবার আকাঙ্ক্ষি কোন ব্যক্তির কি ব্যক্তিদের [illegible]র এবং রাজকীয় কোন খালের কি তদীয় কোন শাখার মধ্যবর্ত্তি মহাল দিয়া জলপ্রণালী করিবার জন্যে প্রয়োজনীয় ভূমি গ্রহণ করিবার বিধান করা আবশ্যক, অতএব এই বিধান প্রচার করা যাইতেছে।

১ ধারা। কোন ভূম্যধিকারী কি ভূম্যধিকারিদের কোন সম্প্রদায় যখন আপন ভূমিতে জল সেচনের অভিপ্রায়ে রাজকীয় কোন খালহইতে কি রাজকীয় খালের কোন শাখাহইতে মধ্যবর্ত্তি এক কি অধিক মহাল দিয়া জলপ্রণালী করিয়া জল আনাইতে ইচ্ছা করেন, তখন তাঁহাদের ভূমি যে জিলার অন্তর্গত তথা-

Superintendent, or Chief Canal Officer of the District within which their lands are situated.

II. On receipt of such application, the Canal Officer aforesaid shall proceed to make local inquiry into the necessity of the channel for the purpose stated, and if satisfied that it is necessary he shall proceed under the following Rules.

III. It shall be competent to the local Government, whenever it may see fit, to occupy the land required for such channel at the public expense, to proceed under Section 2, Act VI., 1857; and thereupon the provisions of Act VI., 1857., shall be applicable to the case.

IV. Where the land may not be occupied at the public expense, the Canal Officer aforesaid shall record a declaration to the effect that the channel in question is necessary for the irrigation of the lands of the applicants, and that to the best of his belief the line proposed involves no unnecessary injury to other interests. The direction and size of the channel, with specification of the width of the land required, and the masonry works (if any) to be constructed on it, shall be sufficiently indicated in the body of the declaration. A copy of the declaration shall be forwarded to the Collector of the District, and the Collector shall furnish the Lumburdar of the lands through which the channel is to pass with a copy. The land shall not be occupied either by the applicant or by any Government Officer until the expiration of one month from the receipt of such copy by the Lumburdar.

V. At the expiration of the period specified in the previous Section, it shall be competent to the Canal Officer to mark off or cause to be marked off the limits of the land to be appropriated for the proposed channel. If the parties agree among themselves on the terms of compensation, and present to the Canal Officer or other Officers authorized by him a duly attested affirmation to that effect, possession of the land may be at once given to the applicants.

VI. In the event of the parties failing to come to a settlement of the terms of compensation before the Canal Officer, he shall forward the papers of the case to the Collector, who shall proceed to adjust the compensation due to the owner of the land marked off, and to give possession of the same under the procedure and with the powers provided in the Act VI. of 1857, Sections 4 and following.

VII. It shall be competent to the local Government to lay down rules upon the following subjects, which rules, when duly sanctioned by the Governor General in Council, shall be published

কার খালবিষয়ক সুপরিণ্টেণ্ডেণ্টের কি প্রধান কার্য্যকারকের নিকটে তাঁহার কি তাঁহাদের প্রার্থনা করিতে হইবে ইতি।

২ ধারা। সেই প্রার্থনাপত্র পাইলে পর পুর্ব্বোক্ত খাল বিষয়ক কার্য্যকারক সেই উল্লিখিত অভিপ্রায়ে জলপ্রণালী করা আবশ্যক কি না, এতদ্বিষয়ে স্থানীয় অনুসন্ধান করিবেন, এবং তাহা যে আবশ্যক ইহা স্ববোধমতে জ্ঞাত হইলে তিনি পশ্চাৎ লিখিত বিধিমতে কর্ম্ম করিতে প্রবৃত্ত হইবেন ইতি।

৩ ধারা। ঐ জলপ্রণালীর জন্যে প্রয়োজনীয় ভূমি রাজকীয় ব্যয়ে লওয়া যদি স্থানীয় গবর্ণমেণ্টের উপযুক্ত বোধ হয়, তবে সেই স্থানীয় গবর্ণমেণ্ট ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতে কার্য্য করিতে পারিবেন, ও তদবধি সেই ১৮৫৭ সালের ৬ আইনের বিধান সেই ব্যাপারে খাটিবে ইতি।

৪ ধারা। যদি রাজকীয় ব্যয়ে সেই ভূমি লওয়া না হয়, তবে পুর্ব্বোক্ত খালবিষয়ক কার্য্যকারক এই মর্ম্মের এক প্রতিজ্ঞা লিপিবদ্ধ করিবেন, যে সেই প্রার্থনাকারিদের ভূমিতে জল সেচনার্থে ঐ প্রস্তাবিত জলপ্রণালী আবশ্যক বটে, ও আমার বিশ্বাসমতে সেই প্রস্তাবিত প্রণালীতে অন্য কাহারো সম্পর্কের হানি নিষ্প্রয়োজনে হইবে না। সেই জলপ্রণালী যে দিক দিয়া যাইবে ও যত বড় হইবে, ও তাহার জন্যে প্রয়োজনীয় ভূমি যত চৌড়া, ও তাহাতে ইট দিয়া কিছু গাঁথিবার প্রয়োজন হইলে যাহা২ গাঁথিতে হইবে তাহার পর্য্যাপ্ত বৃত্তান্ত সেই প্রতিজ্ঞাপত্রে দিতে হইবে। পরে প্রতিজ্ঞাপত্রের একখান প্রতিলিপি জিলার কালেক্টর সাহেবের নিকটে পাঠাইতে হইবে, এবং ঐ জলপ্রণালী যে ভূমি দিয়া যাইবে তাহার নম্বরদারের নিকটে উক্ত কালেক্টর তাহার এক খান প্রতিলিপি পাঠাইবেন। সেই নম্বরদার উক্ত প্রতিলিপি পাইলে পর এক মাস অতীত না হইলে ঐ ভূমি প্রার্থনাকারির দ্বারা কি কোন রাজকীয় কার্য্যকারকের দ্বারা গৃহীত হইতে পারিবে না ইতি।

৫ ধারা। পূর্ব্ব ধারাতে নির্দ্দিষ্ট সময় অতীত হইলে পর খালবিষয়ক কার্য্যকারক সেই প্রস্তাবিত জলপ্রণালীর জন্যে গ্রহণীয় ভূমির সীমা চিহ্নিত করিতে কি করাইতে ক্ষমতাপন্ন হইবেন। পক্ষ ব্যক্তিরা যদি মূল্যদানাদি প্রতিকারের নিয়ম বিষয়ে আপনারা পরস্পর সম্মত হইয়া সেই মর্ম্মের উচিতমতে সাক্ষ্য বিশিষ্ট প্রতিজ্ঞাপত্র ঐ খালবিষয়ক কার্য্যকারককে কি তাঁহাহইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকদিগকে দেন, তবে প্রার্থনাকারিদিগকে একেবারে সেই ভূমির দখল দেওয়া যাইতে পারিবে ইতি।

৬ ধারা। যদি পক্ষ ব্যক্তিরা খালবিষয়ক কার্য্যকারকের সম্মুখে ঐ প্রতিকারের নিয়ম স্থির করিতে না পারেন, তবে তিনি সেই ব্যাপারের সকল কাগজপত্র কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেন, তাহাতে কালেক্টর সাহেব ঐ চিহ্নিত ভূমির স্বামির পাওনা প্রতিকারের বিষয় নিষ্পন্ন করিবেন, এবং ১৮৫৭ সালের ৬ আইনের ৪ প্রভৃতি ধারাতে নির্দ্দিষ্ট কার্য্যবিধানে ও ক্ষমতাক্রমে সেই ভূমির দখল দিবেন ইতি।

৭ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট পশ্চাৎ লিখিত কএক বিষয়ের বিধি প্রণয়ন করিতে ক্ষমতাপন্ন হইবেন; মন্ত্রিসভাগত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের দ্বারা উচিতমতে অনুমোদিত হইলে পর সেই বিধি স্থানীয়

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ২৫ জুলাই।]

in the local *Gazette*, and shall be held to be part of this Act, provided that nothing in such rules shall be inconsistent with the provisions of this Act:—

The rules may contain instructions on the following subjects, *viz.*:—

*1st.*—If the land be bought absolutely, the terms on which the original proprietors may regain possession of the same in case the channel be discontinued.

*2nd.*—If the land be rented, the manner in which the rent is to be defrayed and the Government demand on the land discharged. Also the terms on which the land may be restored to the proprietors if the channel be discontinued.

*3rd.*—The manner in which the rights of farmers and other temporary holders of the estate to which the channel belongs, in such channel, shall be adjusted.

*4th.*—The manner in which joint rights in a channel may be adjusted, and the manner in which such rights may be acquired or extinguished.

---

STATEMENT OF OBJECTS AND REASONS.

The existing law (Act No. VI. of 1857) contains provisions for the appropriation of land for public purposes, and under this law land is taken up for Canals and Rajbuhas (channels of distribution.) It has been doubted, however, whether the law would apply to the case of one or more individuals claiming to run a water-course to their fields through the lands of an intervening estate. When the land for such a channel is rented, or purchased, not at the expense of Government, but at the expense of the party benefiting by the channel, the above law clearly would not be applicable.

In such cases, likewise, it is important that the Government should control the proceedings so as to restrict the appropriation of the land within the narrowest limits possible. For although the applicant may have the right to claim waterway through his neighbour's estate, he is bound to exercise the right without inflicting any avoidable inconvenience or injury.

The Bill now published aims at accomplishing this object. No appropriation of land will be permitted under the authority of this enactment until a competent Canal Officer shall have declared the channel to be necessary, and certified that, to the best of his belief, it involves no avoidable injury to other interests. Upon this declaration authority is given to proceed in the same manner, and under the same checks, as if the land had been required for a public purpose.

[*Government Gazette*, 25*th July* 1865.]

গেজেটে প্রকাশ করিতে হইবে, ও তাহা এই আইনের অংশ বলিয়া গণ্য হইবে, কিন্তু এই আইনের বিধানের বিপরীত কোন কথা যেন সেই বিধিতে না থাকে।

উক্ত বিধিতে পশ্চাৎ লিখিত কএক বিষয়ের আদেশ থাকিতে পারিবে, অর্থাৎ—

১। সেই ভূমি অপরিচ্ছিন্নরূপে ক্রীত হইলে যদি পশ্চাৎ ঐ জলপ্রণালীর ব্যবহার ত্যাগ করা যায়, তবে আদ্য ভূস্বামিরা যে নিয়মে পুনরায় সেই ভূমির দখল পাইতে পারিবেন তাহার কথা।

২। সেই ভূমির খাজানা দিবার পাট্টা যদি লওয়া যায়, তবে যে রীতিমতে খাজানা, ও সেই ভূমিতে যে সদর জমা আছে তাহা দিতে হয়, তাহার কথা। এবং জলপ্রণালীর ব্যবহার ত্যক্ত হইলে যে নিয়মে সেই ভূমি পুনরায় তৎস্বামিদিগকে দেওয়া যাইতে পারিবে তাহার কথা।

৩। যে মহালের সহিত সেই জলপ্রণালীর সম্বন্ধ আছে, সেই মহালের ইজারদার প্রভৃতি অচিরস্থায়ি দখিলকারদের উক্ত জলপ্রণালীতে যে স্বত্ব আছে তাহার নিয়ম করিবার রীতি।

৪। এমত জলপ্রণালীতে অনেকের সাধারণ স্বত্বের নিয়ম করিবার ও সেই স্বত্ব পাইবার কি তাহার লোপ হইবার রীতি।

---

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

রাজকীয় অভিপ্রায়ে ভূমি গ্রহণের বিধান চলিত আইনে অর্থাৎ ১৮৫৭ সালের ৬ আইনে আছে, ও সেই আইনমতে খালের ও রাজবহার অর্থাৎ জলবিভাগার্থ প্রণালীর জন্যে ভূমি গ্রহণ হইয়া থাকে। কিন্তু এক কি অধিক ব্যক্তি কোন মহালের ভূমি দিয়া আপনার কি আপনাদের ক্ষেত্রে জল আনাইবার জন্যে জলপ্রণালী করিবার দাওয়া করিলে উক্ত আইন এমত স্থলে বর্ত্তিবে কি না, এ বিষয়ে সন্দেহ উৎপন্ন হইয়াছে। তদ্রূপ জলপ্রণালীর জন্যে প্রয়োজনীয় ভূমি যদি গবর্ণমেণ্টের খরচে নয়, কিন্তু জলপ্রণালীদ্বারা উপকৃত ব্যক্তির খরচে ক্রয় করা যায় কি পাট্টা করিয়া লওয়া যায়, তবে পূর্ব্বোক্ত আইন তাহার প্রতি খাটিবে না, ইহা সুস্পষ্ট।

এমত স্থলে সাধ্যমতে সঙ্কীর্ণ সীমার মধ্যে ভূমি গ্রহণ যেন হয়, এই আশয়ে গবর্ণমেণ্টদ্বারা কার্য্যের তত্ত্বাবধান অতি বাঞ্ছনীয়, কেননা যদ্যপি প্রতিবাসির মহাল দিয়া জল আনাইবার দাওয়া করণের স্বত্ব প্রার্থনাকারি ব্যক্তির থাকিতে পারে, তথাপি কাহারো নিষ্প্রয়োজনীয় অসুবিধা কি ক্ষতি ব্যতিরেকে সেই স্বত্ব প্রয়োগ করা তাহার উচিত।

সেই অভিপ্রায় সাধন করা এই পাণ্ডুলিপির উদ্দেশ্য। এই প্রস্তাবিত আইনের বলে ভূমি গ্রহণের অনুমতি পাইবার জন্যে নিতান্ত আবশ্যক, যে খাল সম্পর্কীয় কোন ক্ষমতাপন্ন কার্য্যকারক অগ্রে সেই জলপ্রণালীর আবশ্যকতা প্রকাশ করেন, এবং তাহাতে তাঁহার বিশ্বাসমতে অন্য কাহারো সম্পর্কের হানি নিষ্প্রয়োজনে হয় না, এমত সাক্ষ্য দেন। সেই সাক্ষ্য দত্ত হইলে পর রাজকীয় অভিপ্রায়ে প্রয়োজনীয় ভূমির ন্যায় অর্থাৎ সেই রীতিমতে ও সাবধানতামূলক সেই নিয়মের অধীনে ঐ ভূমি গ্রহণের ক্ষমতা দেওয়া গেল।

The Bill also authorizes the local Government, with the sanction of the Governor General in Council, to make rules for the disposal of certain classes of claims likely to grow out of appropriations of land under this Bill, such as the title of the original proprietor to re-enter in case the channel be discontinued, the liability for the Rent and Land Revenue of the land occupied, &c. Many of these questions are new, and the course to be pursued must in some measure be tentative. It would be difficult to anticipate and provide in this Bill for the various contingencies that may arise, and it has been thought better, for the present at least, to leave the rules and principles for dealing with such claims to be laid down by the Executive Government from time to time as may be found expedient.

The necessity for the proposed enactment has arisen in the North-Western Provinces; but the measure will probably be found equally applicable to the Punjab and other parts of the country where there are Government Canals.

The Bill has been approved by the Hon'ble the Lieutenant-Governor, North-Western Provinces.

W. MUIR.

E. C. BAYLEY,
*Secy. to the Govt. of India.*

এই প্রস্তাবিত আইনমতে ভূমি গ্রহণ করিলে নানা প্রকারের দাওয়া উৎপন্ন হইতে পারিবে, অর্থাৎ যদি সেই জলপ্রণালীর ব্যবহার ত্যাগ করা যায়, তবে আদ্য ভূস্বামির পুনরায় দখল করিবার অধিকার বিষয়ক ও সেই গৃহীত ভূমির খাজনার ও রাজস্বের দায় বিষয়ক প্রভৃতি দাওয়া উৎপন্ন হইতে পারিবে, অতএব এই পাণ্ডুলিপিদ্বারা স্থানীয় সকল গবর্ণমেণ্টকে এই ক্ষমতা দেওয়া গেল যে তাঁহারা মন্ত্রিসভাগত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের সম্মতি লইয়া সেই সকল দাওয়া নিষ্পত্তি করিবার বিধি প্রণয়ন করিতে পারিবেন। ইহার মধ্যে অনেক প্রশ্ন নূতন, সুরতাং যে বিধান করিতে হইল, তাহা এক প্রকার নূতন পরীক্ষা দ্বারা অনুভব পাইবার উপায়ের অবলম্বন। ইহার পরে নানা ঘটনাধীন যে বিবিধ স্থল উৎপন্ন হইবে, তাহা অবগত হইয়া এই পাণ্ডুলিপিতে তদ্বিষয়ক বিধান করা অতি দুষ্কর। অতএব সম্প্রতি তদ্রূপ দাওয়ার নিষ্পত্তি বিষয়ক বিধি ও মূলনিয়ম প্রয়োজনমতে সময়ে২ প্রণয়ন করিবার ভার রাজকার্য্য নির্ব্বাহক গবর্ণমেণ্টকে দেওয়া বিহিত বোধ হইল।

এই প্রস্তাবিত আইনের আবশ্যকতা উত্তর পশ্চিম প্রদেশে প্রকাশ পাইয়াছে, কিন্তু বোধ হয় পঞ্জাবপ্রভৃতি দেশের অন্য যে২ অংশে রাজকীয় খাল আছে তথায়ও এই বিধানে উপকার দর্শিতে পারিবে।

এই পাণ্ডুলিপি উত্তর পশ্চিম প্রদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের দ্বারা অনুমোদিত হইয়াছে।

ডবলিউ মিউর।

ই সি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

J. WENGER, *Offg. Bengalee Translator.*

# CIRCULAR ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

*(Criminal Side.)*

No. 4.

From the Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to all Sessions Judges,—(dated Calcutta, the 23rd June 1865.)

As the provisions of the law regarding the record by the Sessions Judge of the opinion of the Assessors in cases tried by him, and in districts in which the system of trial by Jury obtains, of the verdicts of Juries, seem to be imperfectly carried into execution, the Court are pleased to draw the attention of all Sessions Judges to the proper procedure to be observed in these respects.

2. "*The opinion of each Assessor shall,*" it is declared by Section 324, Code of Criminal Procedure, "*be given orally, and shall be recorded in*

# বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

ফৌজদারী পক্ষ।

৪ নম্বর।

সকল সেশন জজ সাহেবের নিকটে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র।

কলিকাতা ১৮৬৫ সাল ২৩ জুন।

সেশন জজ সাহেবের বিচারিত মোকদ্দমায় আসেসরদের মত, ও যে জিলাতে জুরিদ্বারা বিচার হইয়া থাকে তথায় জুরির নিষ্পত্তি রিকার্ড করণ বিষয়ক ব্যবস্থার নির্দ্দিষ্ট বিধানানুসারে কার্য্য সম্পূর্ণরূপে হয় না, এমত বোধ হওয়াতে সেই২ বিষয়ে অবলম্বনের যোগ্য কার্য্যপ্রণালীর প্রতি সকল সেশন জজ সাহেবকে মনোযোগ করান এই আদালতের উপযুক্ত বোধ হয়।

২। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩২৪ ধারায় প্রকাশ হইয়াছে যে "প্রত্যেক জন আসেসর আপনার মত বাক্যক্রমে জানাইবেন, ও

*writing by the Court."* The Court desire that this record shall appear at the commencement of the judgment of the Sessions Judge. It is not, in the Court's opinion, sufficient that this record should contain a mere verdict of guilty or not guilty, or proven or not proven: what the Court requires is not only the result arrived at by each Assessor sitting on a Sessions trial, but, if possible, the reasons by which each Assessor arrived at that result, that is, the grounds of his opinion. While avoiding prolixity, a Sessions Judge should be careful to be intelligible and precise in recording such opinions.

3. The Sessions Judges of districts in which trials by Jury are held, and all Sessions Judges presiding over trials in which, under Section 323, Code of Criminal Procedure, special Juries shall be empanelled, should, before commencing the proceedings of the trial, record in English the names of all the Jurymen in attendance at the Sessions and after the selection by lot, under Section 342, of the persons who are to constitute the Jury in the particular case before the Court, they shall also mark the names of those selected. These papers should form part of the record of the case.

4. If, in accordance with Section 343, any objection be raised to any Juror, the name of the objector, the nature of the objection, and the decision of the Court shall also be recorded.

5. The verdict of the Jury shall also be stated on the paper on which the foregoing details are set forth.

6. The Court expect that these instructions will for the future be implicitly observed.

By Order of the High Court,
H. T. PRINSEP,
*Registrar.*

---

No. 12.

*(Civil Side.)*

From the Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to all Judges of Small Cause Courts,—(dated Calcutta, the 23rd June 1865.)

THE Court are pleased to direct that, whenever a Judge of a Small Cause Court presides over more than one Court, he shall submit his returns, whether monthly or annual, in such a manner as to show distinctly the work of each Court in which he holds sittings.

By Order of the High Court,
H. T. PRINSEP,
*Registrar.*

আদালত তাহা লিখিয়া রিকার্ড করিবেন।" এই আদালতের আদেশ এই যে সেশন জজের নিষ্পত্তির আরম্ভস্থানে উক্ত রিকার্ড প্রকাশিত হয়। কেবল দোষী কি নির্দ্দোষী কিম্বা সপ্রমাণ কি প্রমাণরহিত হইবার নির্ণয় সেই রিকার্ডে লিখিত থাকিলে এই আদালতের মতে কার্য্য হয় না। সেশন আদালতের বিচারে অধিবিষ্ট একং জন আসেসরের সিদ্ধান্তের ফলমাত্র না জানিয়া বরং, যদি হইতে পারে, তবে প্রত্যেক আসেসর যেং হেতুর বিবেচনাহইতে ঐ ফল প্রাপ্ত হইয়াছিলেন, তাহা অর্থাৎ তাঁহার মতের হেতু সকল জ্ঞাত হওয়া এই আদালতের আবশ্যক; সেই সকল মত রিকার্ড করিবার সময়ে সেশন জজ সাহেব কথার বাহুল্য ব্যতিরেকে স্পষ্টার্থ ও সুনিশ্চিত রচনা করিতে চেষ্টা করিবেন।

৩। যে সকল জিলাতে জুরিদ্বারা বিচার হইয়া থাকে সেই সকল জিলার সেশন জজ সাহেবেরা, এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩২৩ ধারামতে যেং বিচারে বিশেষ জুরি নিযুক্ত করিতে হয়, এমত বিচারে সভাপতি সেশন জজ সাহেবেরা বিচারকার্য্য আরম্ভ করিবার পূর্ব্বে সেশনে উপস্থিত জুরির লোক সমুদায়ের নাম ইংরাজী ভাষাতে লিপিবদ্ধ করিবেন, পরে আদালতের সম্মুখে উপস্থিত মোকদ্দমা বিশেষে যাঁহারা জুরি হইবেন, তাঁহারা ৩৪২ ধারামতে গুলিবাঁটদ্বারা মনোনীত হইলে তাঁহারা সেই মনোনীত ব্যক্তিদের নামও চিহ্নিত করিবেন। এইং কাগজপত্র সেই মোকদ্দমার রিকার্ডের অংশ হইবে।

৪। যদি জুরিতে নিযুক্ত কোন ব্যক্তির বিষয়ে ৩৪৩ ধারামতের কোন আপত্তি করা যায়, তবে আপত্তিকারির নাম ও আপত্তির মর্ম্ম ও তদ্বিষয়ে আদালতের নিষ্পত্তিও রিকার্ড করিতে হইবে।

৫। পূর্ব্বোক্ত কথার বৃত্তান্ত যে কাগজে লেখা যায়, সেই কাগজে জুরির নির্ণয়ও লিখিতে হইবে।

৬। অদ্যাবধি এই সকল আদেশ অবিকলরূপে মান্য হইবে, এই আদালত এমত দৃঢ় প্রতীক্ষা করিতেছেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

---

দেওয়ানী পক্ষ।

১২ নম্বর।

ক্ষুদ্র মোকদ্দমার আদালতের সকল জজের নিকটে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র।

কলিকাতা ১৮৬৫ সাল ২৩ জুন।

আদালত আজ্ঞা করিতেছেন যে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের কোন জজ যদি একের অধিক আদালতে বিচারকর্ত্তৃত্ব করেন, তবে তিনি মাসিক কি বার্ষিক রিটর্ন এরূপে পাঠাইবেন যে, তিনি যে প্রত্যেক আদালতে বৈঠক করিয়া কার্য্য করেন, সেই প্রত্যেক আদালতের কার্য্য তাহাতে স্পষ্টরূপে প্রকাশ পায়।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

### No. 13.

From the Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to all Civil Judges,—(dated Calcutta, the 26th June 1865.)

In continuation of their Circular No. 5, dated 31st March last, the Court are pleased to direct, that whenever a Judgment is recorded in English, the Memorandum required to be sent to the Office of Registration should be invariably drawn up in that language, for it is evident that the substance of decrees or orders passed by a Judge, such as are entered in such Memorandum, can be best expressed in the language in which they were delivered.

By Order of the High Court,

H. T. Prinsep,
*Registrar.*

### ১৩ নম্বর।

সকল সিবিল জজ সাহেবের নিকটে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র।

কলিকাতা ১৮৬৫ সাল ২৬ জুন।

গত মার্চ মাসের ৩১ তারিখের ৫ নং সরকুলরের অতিরিক্তাংশরূপে আদালত আজ্ঞা করিতেছেন যে ইংরাজী ভাষায় কোন নিষ্পত্তি রিকার্ড করা গেলে তাহার যে স্মারক লিপি রেজিষ্টরী আফিসে প্রেরণ করা উচিত, তাহাও সর্ব্বদা সেই ভাষাতে লিখিতে হইবে। কেননা ইহা স্পষ্ট যে কোন জজ সাহেবের কৃত ডিক্রী কি আজ্ঞার যে মর্ম্ম ঐ স্মারক লিপিতে লেখা যায়, তাহাও ডিক্রী কি আজ্ঞা যে ভাষাতে প্রচারিত হইয়াছিল সেই ভাষাতেই সর্ব্বাপেক্ষা উত্তমরূপে লেখা যাইতে পারে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ টি প্রিনসেপ,
রেজিষ্ট্রার।

J. Wenger, *Offg. Bengalee Translator.*

---

## CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

### JUNE 1865.

#### Errata.

In Collector's Record Rule IIA. (*vide* Circular Order 4 of March) for "Act VI of 1863" read "Act VI of 1853."

In the Form of Return No. XVI, Table III, Columns 3 and 9, for "C." substitute "B."

#### Land Revenue.

##### No. 1.

The attention of all Revenue Officers is drawn to Act VIII. of 1865 (B. C.), the new law for the sale of under-tenures for their own arrears.

In the new edition of the "Law of Landlord and Tenant" just issued, this law has been substituted for Act VIII. of 1835, which it supersedes.

The XIIIth Rent Law Rule is to be altered as follows:—For "1835" substitute "1865, B. C.," and after "1859" place a full stop, cancelling the rest of the Rule.

A copy of the new Act will be found in the slip. It is to be pasted over Act VIII. of 1835, at page 73 of the "Law of Landlord and Tenant."

## বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

### ১৮৬৫ সাল জুন মাস।

#### অশুদ্ধ সংশোধন।

কালেক্টর সাহেবদের ২A রিকার্ড বিধিতে (মার্চ মাসের ৬ নম্বর সরকুলার অর্ডর দেখ) "১৮৬৩ সালের ৬ আইনের" এই কথার পরিবর্ত্তে "১৮৫৩ সালের ৬ আইনের" এই কথা লিখিতে হইবে।

১৬ নং রিটর্ণের পাঠে তৃতীয় টেবিলের ৩ ও ৯ ঘরে C অশুদ্ধ, তৎপরিবর্ত্তে B লিখিতে হইবে।

#### ভূমির রাজস্ব।

##### ১ নম্বর।

পত্তনী তালুকের বাকী খাজানার জন্যে উক্ত তালুক বিক্রয় করণ বিষয়ক যে নূতন আইন হইল তাহার, অর্থাৎ বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬৫ সালের ৮ আইনের প্রতি রাজস্ব সম্পর্কীয় সকল কার্য্যকারকদিগকে মনোযোগী করা যাইতেছে।

উক্ত আইনদ্বারা ১৮৩৫ সালের ৮ আইন রহিত হইল, অতএব তৎপরিবর্ত্তে "ভূম্যধিকারি ও প্রজার ব্যবস্থা" নামে যে গ্রন্থ এখন পুনরায় মুদ্রিত হইল, তাহার মধ্যে এই নূতন আইন দেওয়া গেল।

খাজানার আইন বিষয়ক ১৩ বিধি পশ্চাৎ লিখিতমতে পরিবর্ত্তন করিতে হইবে, অর্থাৎ "১৮৩৫" ইহার পরিবর্ত্তে "বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬৫" এই২ কথা লিখিতে, এবং "১৮৫৯" ইহার পরে ইংরাজী বিধির অবশিষ্টাংশ কাটিতে হইবে।

উক্ত নূতন আইনের এক খান প্রতিলিপি ইহার সহিত প্রেরিত কাগজখণ্ডে পাওয়া যাইবে। ভূম্যধিকারি ও প্রজার ব্যবস্থা নামক গ্রন্থের ৭৩ পৃষ্ঠায় ১৮৩৫ সালের ৮ আইনের স্থানে আটা দিয়া সেই নূতন আইন লাগাইতে হইবে।

## No. 2.

The Government have authorized the Board to send to the Wards' Institution at Benares, instead of the Calcutta, all Wards of Court, natives of the Patna Division and of those portions of *the Bhaugulpore and Chota Nagpore Divisions, in which the Urdu or Hindi language is current.

In Miscellaneous Rule LXXVI. 15, place "therefore" an asterisk upon the word Calcutta," and add a foot note.

* Such minors, and also Muhammadan minors with the same income, who are natives of the Patna Division or of the portions of the Bhaugulpore and Chota Nagpore Divisions, in which the Hindi or Urdu language is current, are not to be sent to Calcutta, but to the Institution at Benares, after communication with the Director of that Institution.

## No. 3.

Each District Officer is requested to report, through the Commissioner, whether his Register C. (Pergunnah Register, Part II, "Of lands exempt from the public assessment") is complete, and if not, what has been done towards completing it, and what remains to be done.

2. It is to be understood that the Register should include lands of which the rent-free title has been upheld by the Court of first instance, and in which no appeal was made to the Special Commissioner, as well as lands of which the title has been affirmed in the Appellate Court.

I. Judgment may be signed in the said High Court upon every Warrant of Attorney and *Cognovit actionem* executed or given or in relating to proceedings in the same Court on the said first day of July 1862, or on the date of the passing of this Act, or on any intermediate day, in the same manner as judgments were signed in the late Supreme Court of Judicature at Fort William in Bengal upon Warrants of Attorney and Cognovits executed or given in or relating to proceedings in such Court ; and all such Warrants of Attorney and Cognovits shall subject, as nearly as circumstances permit, to all rules of Court and provisions of Acts of Parliament which were in force at the time when the said High Court was established, and to which Warrants of Attorney and Cognovits given in or relating to proceedings in the said Supreme Court were then subject.

[Judgments on such Warrants or Cognovits to be deemed decrees of the High Court.]

II. A judgment entered up or signed on any Warrant of Attorney or Cognovit to which this Act extends shall be deemed a decree of the said High Court, and may be executed and enforced accordingly.

[Judgments on such Warrants or Cognovits to to be as valid as if signed in the late Supreme Court.]

III. Any judgment which has been signed on any such Warrant or Cognovit in the said High Court shall be deemed to be and always to have been as valid and effectual as if the same had been signed in the said Supreme Court upon a Warrant of Attorney or Cognovit given in that Court ; and every writ of execution which has been sued out thereon, and every execution of any such writ, and all proceedings taken thereon, shall for all purposes be deemed and taken to be and always to have been as valid and effectual as if the same had been sued out of the said Supreme Court upon a judgment signed in the same Court upon a Warrant of Attorney or Cognovit given in or relating to proceedings in that

করা বিহিত, অতএব পশ্চাৎ লিখিত বিধান প্রচার করা গেল।

[১৮৬২ সালের ১ জুলাই তারিখে কিম্বা এই আইন প্রচারিত হইবার তারিখে কিম্বা এই দুইয়ের মধ্যবর্ত্তী কোন তারিখে দস্তখৎদ্বারা প্রস্তুত কি প্রদত্ত ওয়ারণ্টের কি কগ্নোভিটের বলে বিচারাজ্ঞাতে স্বাক্ষর হইতে পারিবে ইহার কথা।]

১ ধারা। বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়মে ধর্ম্মাধিকরণ নির্ব্বাহক ভূতপূর্ব্ব সুপ্রীম কোর্টে উপস্থিত বিচারকার্য্যক্রমে কি বিচারকার্য্যের সম্পর্কে টর্ণীর ওয়ারণ্ট কি কগ্নোভিট দস্তখৎদ্বারা প্রস্তুত কি প্রদত্ত হইলে যেমন তাহার বলে বিচারাজ্ঞাতে স্বাক্ষর করা যাইত, তেমনি পূর্ব্বোক্ত হাই কোর্টে উপস্থিত বিচারকার্য্যক্রমে কি বিচারকার্য্যের সম্পর্কে উক্ত ১৮৬২ সালের ১ জুলাই তারিখে কি এই আইন প্রচারিত হইবার তারিখে কি এই দুইয়ের মধ্যবর্ত্তি কোন তারিখে দস্তখৎদ্বারা প্রস্তুত কি প্রদত্ত টর্ণীর প্রত্যেক ওয়ারণ্টের ও "কগ্নোভিট আকৃশিয়োনেম" (অর্থাৎ "বিচারকার্য্য অঙ্গীকৃত হইল") এই নামবিশিষ্ট প্রত্যেক কাগজপত্রের বলে উক্ত হাই কোর্টেও বিচারাজ্ঞাতে স্বাক্ষর করা যাইতে পারিবে। এবং উক্ত হাই কোর্ট স্থাপিত হইবার সময়ে আদালতের যে সকল বিধি ও পার্লিমেণ্টের প্রণীত আইনের যে সকল বিধান প্রবল ছিল, অর্থাৎ তখন পূর্ব্বোক্ত সুপ্রীম কোর্টে উপস্থিত বিচারকার্য্যক্রমে কি বিচারকার্য্যসম্পর্কে প্রদত্ত হইলে টর্ণীর ওয়ারণ্ট ও কগ্নোভিট যাহার অধীন ছিল, পূর্ব্বোক্ত প্রকারের টর্ণীর ওয়ারণ্ট ও কগ্নোভিট সকলও সাধ্যপর্য্যন্ত সেই বিধির ও আইনমূলক বিধানের অধীন হইবে ইতি।

[তদ্রূপ ওয়ারণ্টের কি কগ্নোভিটের বলে যে বিচারাজ্ঞা হয় তাহা হাই কোর্টের ডিক্রী বলিয়া গণ্য হইবে ইহার কথা।]

২ ধারা। এই আইন যাহার প্রতি খাটে এমত কোন টর্ণীর ওয়ারণ্টের কি কগ্নোভিটের বলে কোন বিচারাজ্ঞা লিপিবদ্ধ হইলে কি তাহাতে স্বাক্ষর হইলে তাহা উক্ত হাই কোর্টের ডিক্রী বলিয়া গণ্য হইবে ও তদনুসারে সাধিত ও প্রবলীকৃত হইতে পারিবে ইতি।

[উক্ত প্রকারের ওয়ারণ্টের কি কগ্নোভিটের বলে যে বিচারাজ্ঞা হয় তাহা ভূতপূর্ব্ব সুপ্রীম কোর্টে স্বাক্ষরীকৃত বিচারাজ্ঞার তুল্য বলিয়া সিদ্ধ হইবে ইহার কথা।]

৩ ধারা। পূর্ব্বোক্ত হাই কোর্টে উক্ত প্রকারের ওয়ারণ্টের কি কগ্নোভিটের বলে কোন বিচারাজ্ঞা স্বাক্ষরীকৃত হইলে তাহা পূর্ব্বোক্ত সুপ্রীম কোর্টে প্রদত্ত টর্ণীর ওয়ারণ্টের কি কগ্নোভিটের বলে ঐ সুপ্রীম কোর্টের স্বাক্ষরীকৃত বিচারাজ্ঞার ন্যায় সিদ্ধ ও প্রবল আছে ও সর্ব্বদা ছিল এমত জ্ঞান হইবে। এবং তদুত্তরে প্রার্থনা করণক্রমে সাধনার্থ যে প্রত্যেক পরওয়ানা পাওয়া যায় ও তদ্রূপ কোন পরওয়ানার বলে সাধন প্রভৃতি যেং কার্য্য করা যায় তাহাও উক্ত সুপ্রীম কোর্টে উপস্থিত বিচারকার্য্যক্রমে কি বিচারকার্য্যসম্পর্কে প্রদত্ত টর্ণীর ওয়ারণ্টের কি কগ্নোভিটের বলে স্বাক্ষরীকৃত বিচারাজ্ঞাক্রমে প্রার্থনাদ্বারা ঐ সুপ্রীম কোর্টহইতে পাওয়া গেলে যেমন সিদ্ধ ও প্রবল হইত, সকল অভিপ্রায় সাধনার্থে তদ্রূপ সিদ্ধ ও প্রবল আছে ও সর্ব্বদা ছিল বলিয়া গণ্য হইবে। এবং

Court; and no suit or other proceeding shall be commenced, prosecuted or carried on against any person for any thing done under or in pursuance of such judgment or execution which could not but have been maintained if such judgment had been entered up in the said Supreme Court upon a Warrant of Attorney or Cognovit executed or given in or relating to proceedings in that Court, and the execution had been issued on such judgment.

[Power to High Court to set aside or annul Warrants and Cognovits.]

IV. The said High Court shall have the same powers to set aside or annul any such Warrant or Cognovit and any judgment signed thereon and any execution issued upon such judgment, as the said Supreme Court exercised with respect to Warrants of Attorney or Cognovits executed or given in or relating to proceedings in that Court and to judgments entered up thereon and to executions upon such judgments.

[Warrants and Cognovits executed and given after the passing of this Act to be void.]

V. Every Warrant of Attorney and Cognovit executed or given after the passing of this Act, in or relating to proceedings in the said High Court or in any other High Court of Judicature in British India, and every judgment signed thereon, and all executions issued upon such judgments shall be deemed null and void.

[This Act may be extended to the High Court at Bombay.]

VI. This Act may be extended, *mutatis mutandis,* to the High Court of Judicature at Bombay, by an order of the Governor in Council to be published in the Local *Government Gazette.*

E. C. BAYLEY,
*Secy. to the Govt. of India.*

---

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 14th July 1865, and is hereby promulgated for general information :—

ACT No. XXV. OF 1865

*An Act to amend the law relating to the duties of Customs on good imported and exported by Sea.*

[Preamble.]

WHEREAS it is expedient to amend the Law relating to Customs duties: It is enacted as follows :—

1. Act XVII. of 1865 is repealed.

[*Government Gazette,* 1st *August* 1865.]

উক্ত সুপ্রীম কোর্টে উপস্থিত বিচারকার্য্যক্রমে কি বিচারকার্য্যের সম্পর্কে দস্তখৎদ্বারা প্রস্তুত কি প্রদত্ত টর্ণীর ওয়ারন্টের কি কগ্নোভিটের বলে ঐ সুপ্রীম কোর্টে সেই বিচারাজ্ঞা লিপিবদ্ধ হইলে এবং সেই বিচারাজ্ঞাক্রমে সাধনের আজ্ঞা জারী হইলে যাহাতে প্রবৃত্ত হওয়া অসাধ্য হইত, এমত কোন মোকদ্দমা কি অন্য বিচারকার্য্য সেই বিচারাজ্ঞার কি সাধনার্থক আজ্ঞার বলে কিম্বা তাহা সফল করণোপলক্ষে কোন ক্রিয়া করণ প্রযুক্ত কোন ব্যক্তির নামে আরম্ভ করিতে কি তাহাতে প্রবৃত্ত থাকিতে কি তাহা চালাইতে হইবে না ইতি।

[ওয়ারন্ট ও কগ্নোভিট অন্যথা কি রহিত করিতে হাই কোর্টের ক্ষমতার কথা।]

৪ ধারা। পূর্ব্বোক্ত সুপ্রীম কোর্টে উপস্থিত বিচারকার্য্যক্রমে কি বিচারকার্য্যসম্পর্কে দস্তখৎদ্বারা প্রস্তুত কি প্রদত্ত টর্ণীর ওয়ারন্ট কি কগ্নোভিট ও তাহার বলে লিপিবদ্ধ বিচারাজ্ঞা ও সেই বিচারাজ্ঞার বলে প্রচারিত সাধনার্থ আজ্ঞা অন্যথা কি রহিত করিবার যেরূপ ক্ষমতা সেই সুপ্রীম কোর্ট প্রয়োগ করিতেন, সেই প্রকারের ওয়ারন্ট কি কগ্নোভিট ও তাহার বলে স্বাক্ষরীকৃত কোন বিচারাজ্ঞা ও সেই বিচারাজ্ঞাক্রমে প্রচারিত কোন সাধনার্থক আজ্ঞা অন্যথা কি রহিত করিবার তদ্রূপ ক্ষমতা উক্ত হাই কোর্টের হইবে ইতি।

[এই আইন প্রচারিত হইলে পর যে ওয়ারন্ট কি কগ্নোভিট দস্তখৎদ্বারা প্রস্তুত কি প্রদত্ত হয় তাহা ব্যর্থ হইবার কথা।]

৫ ধারা। ব্রিটণীয় ভারতবর্ষে ধর্ম্মাধিকরণ নির্ব্বাহক উক্ত হাই কোর্টে কি অন্য কোন হাই কোর্টে উপস্থিত বিচারকার্য্যক্রমে কি বিচারকার্য্যের সম্পর্কে এই আইন প্রচারিত হইবার পরে যে কোন টর্ণীর ওয়ারন্ট কি কগ্নোভিট দস্তখৎ দ্বারা প্রস্তুত কি প্রদত্ত হয়, ও তাহার বলে যে কোন বিচারাজ্ঞা স্বাক্ষরীকৃত হয়, ও এমত বিচারাজ্ঞার বলে সাধনার্থক যে কোন আজ্ঞা জারী হয়, তাহা অসিদ্ধ ও ব্যর্থ জ্ঞান হইবে ইতি।

[এই আইন বোম্বাইয়ের হাই কোর্টে বর্ত্তাইতে পারিবার কথা।]

৬ ধারা। পরিবর্ত্তনীয়ের পরিবর্ত্তন হইলে মন্ত্রিসভাগত বোম্বাইয়ের শ্রীযুত গবর্ণর সাহেবের স্থানীয় গবর্ণমেন্ট গেজেটে প্রকাশিত আজ্ঞাদ্বারা বোম্বাইয়ে ধর্ম্মাধিকরণ নির্ব্বাহক হাই কোর্টে বর্ত্তান যাইতে পারিবে ইতি।

ই সি বেলি,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

---

মন্ত্রিসভাগত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের পশ্চাৎ লিখিত আইন প্রচলিত হওন বিষয়ে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ১৮৬৫ সালের ১৪ জুলাই তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিলেন। অতএব তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬৫ সালের ২৫ আইন।

সমুদ্রপথে আমদানী ও রফ্তানী হওয়া দ্রব্যের উপর কষ্টমের মাসুলসম্পর্কীয় ব্যবস্থা সংশোধনার্থ আইন।

[হেতুবাদ।]

কষ্টমের মাসুলসম্পর্কীয় ব্যবস্থা সংশোধন করা বিহিত, এই হেতু পশ্চাৎ লিখিত বিধান প্রচার করা গেল।

১ ধারা। ১৮৬৫ সালের ১৭ আইন রহিত হইল ইতি।

[Customs Duties to be levied as prescribed in the Schedules annexed to this Act.]

II. In lieu of the Customs duties authorized to be charged in Act VII. of 1859, *(to alter the duties of Customs on goods imported or exported by Sea)*, Act XXIII of 1859 *(to alter the rates of duty on goods imported or exported by land from certain Foreign Territories into or from the Presidencies of Madras and Bombay, respectively)*, Act X. of 1860 *(to amend Act VII. of 1859 to alter the duties of Customs on goods imported or exported by Sea)*, Act XI. of 1862 *(to amend Act X. of 1860, to amend Act VII. of 1859)*, Act XXIII. of 1862 *(to amend* Act XI. of 1862 and Act XXIII. of 1864 *(to amend the Law relating to the Customs duties on goods imported bg Sea)*, there shall be levied and collected the duties specified in the two Schedules A. and B. annexed to this Act. Provided always that nothing herein contained shall be deemed to alter the existing duties upon Salt and Opium, or to authorize the levy of duties in any free Port, or to affect the Provisions of Act VI. of 1848, *(for equalizing the duties on goods imported and exported on Foreign and British bottoms and for abolishing duties on goods carried from Port to Port in the Territories subject to the Government of the East India Company)*, or to affect the provisions of the Consolidated Customs Act.

[এই আইনে সংযুক্ত তফসীলের নির্দ্দিষ্ট হারে কষ্টমের মাসুল আদায় করিতে হইবার কথা।]

২ ধারা। ১৮৫৯ সালের ৭ আইনে (অর্থাৎ সমুদ্রপথে আমদানী কি রফ্তানী হওয়া মালের কষ্টমের মাসুল পরিবর্ত্তন করিবার আইনে) ও ১৮৫৯ সালের ২৩ আইনে (অর্থাৎ ভিন্নাধিকার কোন২ দেশহইতে মান্দ্রাজ কি বোম্বাই প্রেসিডেন্সীতে স্থলপথে আনীত, অথবা উক্ত প্রেসিডেন্সীতে ভিন্নাধিকার কোন২ দেশে স্থলপথে নীত দ্রব্যের উপর শুল্কের হার পরিবর্ত্তন করিবার আইনে) ও ১৮৬০ সালের ১০ আইনে (অর্থাৎ ১৮৫৯ সালের ৭ আইন “অর্থাৎ সমুদ্রপথে আমদানী ও রফ্তানী হওয়া মালের কষ্টমের মাসুল পরিবর্ত্তন করিবার আইন” সংশোধনের আইনে) ও ১৮৬২ সালের ১১ আইনে (অর্থাৎ ১৮৫৯ সালের ৭ আইন সংশোধনকারি ১৮৬০ সালের ১০ আইন সংশোধনার্থ আইনে) ও ১৮৬২ সালের ২৩ আইনে (অর্থাৎ ১৮৬২ সালের ১১ আইন সংশোধনার্থ আইনে) ও ১৮৬৪ সালের ২৩ আইনে (অর্থাৎ যে২ দ্রব্য সমুদ্রপথে আনীত হয় তাহার কষ্টমের মাসুল সম্পর্কীয় বিধি সংশোধন করিবার আইনে) যে২ কষ্টমের মাসুল আদায় করিবার বিধান হইয়াছে, তাহার পরিবর্ত্তে এই আইনের শেষভাগে সংযুক্ত A ও B চিহ্নিত দুই তফসীলের নির্দ্দিষ্ট মাসুল লইতে ও আদায় করিতে হইবে। পরন্তু ইহার কোন কথাতে লবণের ও আফীনের উপর এখন যে মাসুল আছে তাহার পরিবর্ত্তন, কি নিঃশুল্ক কোন বন্দরে মাসুল আদায় করিবার অনুমতি, কি ১৮৪৮ সালের ৬ আইনের (অর্থাৎ ভিন্নাধিকার দেশীয় এবং ব্রিটনীয় জাহাজের দ্বারা আমদানী ও রফ্তানী হওয়া দ্রব্যের মাসুল তুল্য করণের, এবং কোম্পানি বাহাদুরের শাসিত দেশের এক বন্দরহইতে অন্য বন্দরে রফ্তু হওয়া দ্রব্যের মাসুল রহিত করণের আইনের) বিধান অন্যথা, কিম্বা কষ্টম বিষয়ক ব্যবস্থার সংগ্রহ করণার্থ আইনের বিধান অন্যথা যে হইবে, এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

III. So far as regards the Customs duty on the export of Saltpetre authorized to be levied by Schedule B. hereunto annexed, this Act shall take effect as if it had been passed and had received assent of the Governor General on the ninth day of March 1865; and so far as regards the alterations made by this Act in Schedules A. and B. of the Customs duties which were authorized to be levied by Act XVII. of 1865, this Act shall take effect as if it had been passed and had received the assent of the Governor General on the first day of April 1865, and all duties which may have been levied from and after that date, other than those authorized to be levied according to Schedule B. annexed to this Act, shall be refunded. But save as aforesaid this Act shall take effect from the fourteenth day of July 1865.

৩ ধারা। রফ্তানী সোরার উপর কষ্টমের যে মাসুল আদায় করিবার অনুমতি ইহাতে সংযুক্ত B চিহ্নিত তফসীলে দেওয়া গেল, তৎসম্পর্কে এই আইন ১৮৬৫ সালের ৯ মার্চ তারিখে প্রচারিত হইয়া শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত হইয়াছে বলিয়া প্রবল হইবে। এবং ১৮৬৫ সালের ১৭ আইনমতে কষ্টমের মাসুল আদায় করিবার যে অনুমতি দেওয়া গিয়াছিল তাহার যে পরিবর্ত্তন এই আইনের A ও B চিহ্নিত তফসীলে হইল তৎসম্পর্কে এই আইন ১৮৬৫ সালের আপ্রিল মাসের ১ তারিখে প্রচারিত হইয়া শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্ত্তৃক অনুমোদিত হইয়াছে বলিয়া প্রবল হইবে, এবং এই আইনে সংযুক্ত B চিহ্নিত তফসীল অনুসারে যে২ মাসুল আদায় করিবার অনুমতি হইয়াছে তদ্ভিন্ন যে২ মাসুল উক্ত তারিখে ও তৎপরে আদায় হইয়াছে তাহা প্রত্যর্পণ করিতে হইবে। কিন্তু পূর্ব্বোক্ত বিষয় ভিন্ন অন্য সকল বিষয়ে এই আইন ১৮৬৫ সালের জুলাই মাসের ১৪ তারিখ অবধি প্রবল হইবে ইতি।

[Short Title.]

IV. This Act shall be cited as “The Indian “Customs Duties' Act of 1865.”

[সংক্ষেপ নাম।]

৪ ধারা। এই আইন “১৮৬৫ সালের ভারতবর্ষীয় কষ্টমের মাসুলের আইন” নামে খ্যাত হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১ আগস্ট।]

## SCHEDULE A.

Rates of Duty to be charged on the following goods imported by Sea into any Port in British India, not being a Free Port :—

| No. | Articles | Rate |
|---|---|---|
| 1. | Bullion and Coin ... ... ... | Free. |
| 2. | Precious Stones and Pearls ... ... ... | ,, |
| 3. | Grain and Pulse ... ... ... | ,, |
| 4. | Horses and other living Animals ... ... ... | ,, |
| 5. | Ice ... ... ... ... | ,, |
| 6. | Coal, Coke, Bricks, Chalk, and Stones ... ... | ,, |
| 7. | Cotton Wool ... ... ... | ,, |
| 8. | Wool ... ... ... ... | ,, |
| 9. | Flax ... ... ... ... | ,, |
| 10. | Hemp ... ... ... ... | ,, |
| 11. | Jute ... ... ... ... | ,, |
| 12. | Hides and Skins, raw ... ... ... | ,, |
| 13. | Books ... ... ... ... | ,, |
| 14. | Paper ... ... ... ... | ,, |
| 15. | Maps, Prints, Music, and Works of Art ... ... | ,, |
| 16. | Seeds when imported by any Public Society for gratuitous distribution ... | ,, |
| 17. | Agricultural Implements ... ... ... | ,, |
| 18. | Firewood ... ... ... ... | ,, |
| 19. | Machinery used exclusively for purposes of Agriculture, Navigation, Mining, or Manufacture, or for Railway purposes, and materials forming necessary component parts of such machinery ... ... ... | ,, |
| | And the Officer in charge of the Custom House, subject to the orders of the Local Government, acting under the general instructions of the Government of India, shall decide what articles come within the definition of such machinery, or materials forming component parts thereof, and such decision shall be final in law. | |
| 20. | Military and other Regulation Uniforms and Accoutrements when imported for private use by persons in the Public Service ... ... | ,, |
| 21. | Guano and manures of all kinds ... ... ... | ,, |
| 22. | Bottles ... ... ... ... | ,, |
| 23. | Wines and Liqueurs | One Rupee the imperial gallon. |
| 24. | Porter, Ale, Beer, Cider, and other similar fermented Liquors ... | One Anna the imperial gallon. |
| 25. | Spirits ... | Three Rupees the imperial gallon, and the duty to be rateably increased as the strength exceeds London Proof. |

Provided that 10 per cent. *ad valorem* shall be charged on all spirits used exclusively in Arts and Manufactures, or in Chemistry, subject to such rules as the Local Governments shall from time to time prescribe, for ascertaining that such spirits are unfit for use as a beverage, and incapable of being converted to that purpose. And the Officer in charge of the Custom House, subject to the general instructions of the Local Government, shall decide what spirits fall within the proviso, and his decision thereon shall be final in law.

| No. | Articles | Rate |
|---|---|---|
| 26. | Iron (which shall not be taken to include iron-mongery, cutlery, or hardware) ... | One per cent. *ad valorem.* |
| 27. | Hops ... | One per cent. *ad valorem.* |
| 28. | Tobacco, whether manufactured or not manufactured | Ten per cent. *ad valorem.* |
| 29. | Piece Goods ... | Five per cent. *ad valorem.* |
| 30. | Twist ... | Three and a half per cent. *ad valorem.* |
| 31. | All other articles not included in the above enumeration ... | Seven and a half per cent. *ad valorem.* |

A চিহ্নিত তফসীল।

নিঃশুল্ক বন্দর ভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের অন্য কোন বন্দরে যে২ দ্রব্য সমুদ্রপথে আমদানী হয় তাহার উপর এই২ হারে মাসুল লাগিবে, অর্থাৎ—

১। অমুদ্রিত স্বর্ণরূপ্যের ও মুদ্রার উপর ... ... মাসুল নাই।
২। মণি মুক্তার উপর ... ... ঐ
৩। শস্য ও ডাইল কলায়ের উপর ... ... ঐ
৪। ঘোড়াপ্রভৃতি জীবৎ পশ্বাদির উপর ... ... ঐ
৫। বরফের উপর ... ... ঐ
৬। পাতুরিয়া কয়লা ও কোক (অর্থাৎ পোড়া কয়লা) ও ইট ও খড়ি ও পাতরের উপর ... ... ঐ
৭। তুলার উপর ... ... ঐ
৮। পশমের উপর ... ... ঐ
৯। তিষিজন্য পাটের উপর ... ... ঐ
১০। শণের উপর ... ... ঐ
১১। চাঁচা শণের উপর ... ... ঐ
১২। কাঁচা চামড়ার উপর ... ... ঐ
১৩। পুস্তকের উপর ... ... ঐ
১৪। কাগজের উপর ... ... ঐ
১৫। মানচিত্রের ও মুদ্রিত ছবির ও গীত বাদ্যাদির মুদ্রিত স্বরের ও চিত্রাদি শিল্প-কার্য্যের উপর ... ... ঐ
১৬। বীজ, বিনা মূল্যে বিতরণ করিবার জন্যে কোন সাধারণ সমাজদ্বারা আমদানী হইলে তাহার উপর ... ... ঐ
১৭। কৃষিকার্য্যোপযোগি যন্ত্রের উপর ... ... ঐ
১৮। জ্বালানী কাষ্ঠের উপর ... ... ঐ
১৯। কেবল চাষ করণ কি জাহাজ চালাওন কি আকরাদি খনন কি শিল্পকর্ম্ম কি রেলওয়ের কার্য্যে যাহা ব্যবহার হয় এমত যন্ত্র ও সেই২ যন্ত্রের প্রয়োজনীয় অংশস্বরূপ দ্রব্যের উপর ... ... ঐ
উক্ত যন্ত্রের মধ্যে কিম্বা তাহার প্রয়োজনীয় অংশস্বরূপ দ্রব্যের মধ্যে কি২ দ্রব্য গণনীয় তাহা ভারতবর্ষের গবর্ণমেণ্টের সাধারণ উপদেশানুসারে স্থানীয় গবর্ণমেণ্ট যে আজ্ঞা করেন তদধীনে কৃষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্য-কারক সাহেব স্থির করিবেন, ও তাঁহার সেই নির্দ্ধারণ আইনসিদ্ধ বলিয়া চূড়ান্ত হইবে। ... ... ঐ
২০। সৈন্য সম্পর্কীয় প্রভৃতি বিধানঘটিত পোশাক ও সজ্জা যখন রাজকীয় কার্য্যে নিযুক্ত ব্যক্তিদের নিজ ব্যবহারের জন্যে আমদানী হয় তখন তাহার উপর ঐ
২১। গুয়ানো প্রভৃতি সকল প্রকার সারের উপর ... ... ঐ
২২। বোতলের উপর ... ... ঐ
২৩। ওয়াইন শরাব ও লিক্যুরের উপর ইম্পিরিয়ল গালন প্রতি ১৲ টাকা।
২৪। পর্টর ও এল ও বীর ও সাইডর ও সেই প্রকারের গাঁজলা অন্যা২ শরাবের উপর } ইম্পিরিয়ল গালন প্রতি ৵০ আনা।
২৫। উগ্র শরাবের উপর ... } ইম্পিরিয়ল গালন প্রতি ... ৩৲ টাকা। ও তাহার উগ্রতা লণ্ডন প্রুফের যত অধিক হয় তদনুসারে মাসুল বাড়িবে।

।রন্তু কেবল শিল্পাদি কর্ম্মে কিম্বা রসায়ন বিদ্যাঘটিত কর্ম্মে যত শরাব ব্যবহার হয়, তাহার প্রসিদ্ধ মূল্যের উপর শতকরা ১০৲ টাকা মাসুল লাগিবে। কিন্তু এমত শরাব যে পানীয় দ্রব্যরূপে ব্যবহার হইবার অযোগ্য ও সেই অভিপ্রায়ে পরিবর্ত্তিত হইতে পারে না, ইহা নিশ্চয় করণার্থে স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ যে বিধি করিবেন, এই নিয়ম তাহার অধীন হইবে। ও যে২ শরাব এই বর্জ্জিত স্থলের মধ্যে গণনীয়, তাহা কষ্টমের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের সাধারণ আদেশাধীনে স্থির করিবেন, ও তদ্বিষয়ে তাঁহার নির্দ্ধারণ আইনসিদ্ধ বলিয়া চূড়ান্ত হইবে।

২৬। ছুরী চাকুপ্রভৃতি লৌহ নির্ম্মিত দ্রব্য পত্রাদি ভিন্ন লোহার, প্রসিদ্ধ মূল্যের উপর শতকরা ১৲ টাকা
২৭। হপ লতার ... ... ঐ ১৲
২৮। দোক্তা কি প্রস্তুত তামাকের ... ... ঐ ১০৲
২৯। থান কাপড়ের ... ... ঐ ৫৲
৩০। সুতার ... ... ঐ ৩।।০
৩১। উক্ত ফর্দ্দে অন্য যে সকল দ্রব্য ধরা যায় নাই তাহার ... ঐ ৭।।০

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১ আগষ্ট।]

## SCHEDULE B.

Rates of Duty to be charged upon goods exported by Sea to any Foreign Port, as defined in the Consolidated Customs' Act, from any Port in British India :—

| | | | |
|---|---|---|---|
| 1. | Bullion and Coin ... ... ... ... | Free | |
| 2. | Precious Stones and Pearls ... ... ... | ,, | |
| 3. | Horses and other living Animals ... ... ... | ,, | |
| 4. | Rum ... ... ... ... | ,, | |
| 5 | Spirit ... | ,, | |
| 6. | Tobacco, and all preparation thereof ... ... ... | ,, | |
| 7. | Cotton Wool ... ... ... ... | ,, | |
| 8. | Flax ... ... ... ... | ,, | |
| 9. | Hemp ... ... ... ... | ,, | |
| 10. | Books ... ... ... ... | ,, | |
| 11. | Maps, Prints, and Works of Art ... ... ... | ,, | |
| 12. | Teak Timber ... ... .. ... | ,, | |
| 13. | Coal ... ... ... ... | ,, | |
| 14. | Iron ... ... ... ... | ,, | |
| 15. | Jute ... ... .. ... | ,, | |
| 16. | Coffee ... ... ... ... | ,, | |
| 17. | Tea .. ... ... ... | ,, | |
| 18. | Sugar ... ... ... ... | ,, | |
| 19. | Wool ... ... ... ... | ,, | |
| 20. | Hides and Skins, raw ... ... ... | ,, | |
| 21. | Raw Silk and Silk Chussum ... ... ... | ,, | |
| 22. | Grain and Pulse of all sort ... | Two Annas the Indian maund ... | Of forty seers, of eighty tolahs to the seer. |
| 23. | Saltpetre ... | One Rupee the Indian maund ... | |
| 24. | Indigo. ... | Three Rupees the Indian maund ... | |
| 25. | Lac Dye and Shell Lac .. .. | Four per cent. *ad valorem.* | |
| 26. | All country articles not enumerated or named above | Three per cent. *ad valorem.* | |

E. C. BAYLEY,
*Secy. to the Govt. of India.*

### B চিহ্নিত তফসীল।

ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরহইতে কষ্টমের ব্যবস্থা সংগ্রহ করণার্থ আইনে নির্দ্দিষ্ট ভিন্নদেশীয় কোন বন্দরে যেং দ্রব্য সমুদ্রপথে রফ্তানী হয় তাহার উপর এইং হারে মাস্থল লাগিবে।

| | | |
|---|---|---|
| ১। | অমুদ্রিত স্বর্ণরূপ্যের ও মুদ্রার উপর ... .. | মাস্থল নাই। |
| ২। | মণি মুক্তার উপর ... ... | ঐ |
| ৩। | ঘোড়াপ্রভৃতি জীবৎ পশ্বাদির উপর ... .. | ঐ |
| ৪। | রম শরাবের উপর ... ... | ঐ |
| ৫। | উগ্র শরাবের উপর ... ... | ঐ |
| ৬। | তামাকের ও তামাকে প্রস্তুত করা সকল দ্রব্যের উপর ... ... | ঐ |
| ৭। | তুলার উপর ... ... | ঐ |
| ৮। | তিবিজন্য পাটের উপর ... ... | ঐ |
| ৯। | শণের উপর ... ... | ঐ |
| ১০। | পুস্তকের উপর ... ... | ঐ |
| ১১। | মানচিত্রের ও মুদ্রিত ছবির ও চিত্রাদি শিল্পকার্য্যের উপর ... | ঐ |
| ১২। | সেগুণ কাষ্ঠের গুঁড়ির উপর ... ... | ঐ |
| ১৩। | পাতুরিয়া কয়লার উপর .. ... | ঐ |
| ১৪। | লৌহের উপর ... ... | ঐ |
| ১৫। | চাঁচা শণের উপর ... ... | ঐ |
| ১৬। | কাফির উপর ... ... | ঐ |
| ১৭। | চার উপর ... ... | ঐ |
| ১৮। | চিনির উপর ... .. | ঐ |
| ১৯। | পশমের ... ... | ঐ |
| ২০। | কাঁচা চামড়ার উপর ... ... | ঐ |
| ২১। | কাঁচা রেশম ও রেশমের চশমের উপর ... ... | ঐ |

[*Government Gazette*, 1st *August* 1865.]

২২। সর্ব্ব প্রকার শস্য ডাইল আদির উপর, ৮০ তোলা পরিমিত ৪০ সেরের ভারতবর্ষীয় মণ প্রতি ৵০
২৩। সোরার উপর ঐ ঐ ১৲
২৪। নীলের উপর ঐ ঐ ৩৲
২৫। লাহা রঙ্গ ও চাপড়া লাহার প্রসিদ্ধ মূল্যের উপর শতকরা ৪৲
২৬। এদেশীয় যে সকল দ্রব্য এই ফর্দ্দে ধরা যায় নাই তাহার ঐ ঐ ৩৲

ই সি বেলী।
গবর্ণমেন্টের সেক্রেটারী।

J. WENGER, *Offg. Bengalee Translator.*

---

# CIRCULAR ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

*(Civil Side.)*
No. 11.

FROM H. T. PRINSEP, ESQ., Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to all Zillah Judges,—(dated Calcutta, the 12th June 1865.)

As it is very undesirable for the interests of the public service that Judicial Officers should hold appointments in Districts in which they are *either directly or indirectly* interested in land, and as, notwithstanding the endeavours made by the Court to prevent them, the Court have reason to believe that such appointments are very frequent, the Court, with the approval of the Lieutenant-Governor, are pleased to direct that every Uncovenanted Civil Judge shall, without delay, furnish a Certificate in the form hereto annexed, and that this shall be repeated every year, and be reported in the Annual Report submitted by the Judge of the District.

2. A copy or translation of each Certificate, according as it may have been made in English, or in the Vernacular, should be forwarded to the High Court *before* the 31st July next at *latest.*

3. The Court take this opportunity of warning all Civil Judges of the Uncovenanted Service that, in the event of any of them being inadvertently appointed to a district in which he may be directly or indirectly interested in land, it will be the duty of such Officer to represent the same to the Court, in order that their Special Orders may be obtained. The Court will not fail to mark their severe displeasure at any disregard of this obligation.

By Order of the High Court,

H. T. PRINSEP,
*Registrar.*

# বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

(দেওয়ানী পক্ষ।)
১১ নম্বর সরক্যুলর।

সকল জিলার জজ সাহেবদের নিকটে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়মের হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র।

কলিকাতা ১৮৬৫ সাল ১২ জুন।

যে জিলার অন্তর্গত ভূমিতে সাক্ষাৎ সম্বন্ধে কি অসাক্ষাৎ সম্বন্ধে কোন বিচারকর্ত্তার সম্পর্ক আছে এমত জিলার মধ্যে তাঁহার নিয়োগ হওয়া রাজকার্য্য সাধনের বাধাজনক বলিয়া কোন মতে বাঞ্ছনীয় নয়, এবং এই আদালত তন্নিবারণার্থ অনেক চেষ্টাও করিয়াছেন, তথাপি তদ্রূপ নিয়োগ অনেক বার হইয়া থাকে, এমত বিশ্বাস করিবার কারণ পাইয়াছেন। অতএব শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে এই আদালত এই আজ্ঞা করিতেছেন যে অচিহ্নিত প্রত্যেক দেওয়ানী বিচারকর্ত্তাকে অবিলম্বে ইহার শেষে সংযুক্ত পাঠে সর্টিফিকট পাঠাইতে হইবে, এবং ইহার পরেও প্রতিবৎসর তদ্রূপ সর্টিফিকট পাঠাইতে হইবে, ও জিলার জজ সাহেব যে বার্ষিক রিপোর্ট প্রেরণ করেন তন্মধ্যে তাহার রিপোর্ট করিতে হইবে।

২। উক্ত প্রকারের সর্টিফিকট ইংরেজী ভাষাতে লিখিত হইলে তাহার এক খান প্রতিলিপি, অথবা দেশীয় ভাষাতে লিখিত হইলে তাহার একখান অনুবাদ আগামি জুলাই মাসের ৩১ তারিখের পুর্ব্বে হাই কোর্টে প্রেরণ করিতে হইবে, অধিক বিলম্ব করা নিতান্ত অকর্ত্তব্য।

৩। এই সুযোগে হাই কোর্ট অচিহ্নিত সকল দেওয়ানী বিচারকর্ত্তাদিগকে এই আদেশ করিতেছেন যে, যেখানকার ভূমিতে তাঁহাদের মধ্যে কাহারো সাক্ষাৎ কি অসাক্ষাৎ সম্বন্ধে সম্পর্ক আছে, এমত কোন জিলাতে যদি ভ্রমবশতঃ সেই কার্য্যকারককে নিযুক্ত করা যায়, তবে এই আদালতের বিশেষ আজ্ঞা জানিবার নিমিত্তে এই আদালতকে সেই বিষয় জ্ঞাত করা ঐ কার্য্যকারকের নিতান্ত উচিত। এই কর্ত্তব্য কর্ম্মের প্রতি কোন মতে উপেক্ষা করিলে এই আদালত অভিস্পষ্ট অসন্তোষ প্রকাশ করিতে ত্রুটি করিবেন না।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ১ আগষ্ট।]

*Form of Certificate.*

| ZILLAH. | Nature of the property and of the interest held therein. | Whether held personally or through or by some relation or some connection by marriage, or other individual. | Date on which this interest was acquired. |
| --- | --- | --- | --- |
| | | | |

সর্টিফিকটের পাঠ।

| জিলা। | সম্পত্তির বৃত্তান্ত ও তাহাতে যে সম্পার্ক আছে তাহার বৃত্তান্ত। | বিচারকর্ত্তা আপনি কিম্বা কোন জ্ঞাতির কি কুটুম্বের কি অন্য ব্যক্তির দ্বারা কি তৎসহকারে তাহা ভোগ করেন। | যে তারিখে সেই সম্পার্ক লাভ হইল। |
| --- | --- | --- | --- |
| | | | |

*(Civil Side.)*

No. 14.

From the Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to all Zillah and Additional Judges,—(dated Calcutta, the 7th July 1865.)

The Court are pleased to direct that every judgment recorded by a Judge, sitting as an Appellate Court under Act X of 1859, shall invariably be communicated to the Court of first instance through the Collector of the district, as it is a matter of the utmost importance that the Collector, as the chief executive authority in a district, should be kept fully informed of the manner in which his subordinate Deputy Collectors discharge the duties committed to them.

2. The Court presume that a similar practice obtains among Sessions Judges regarding Criminal appeals.

By Order of the High Court,

H. T. Prinsep,
*Registrar.*

(দেওয়ানী পক্ষ ।)

১৪ নম্বর ।

সকল জিলার জজ ও আডিসানল জজ সাহেবদের নিকটে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়মের হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র ।

কলিকাতা ১৮৬৫ সাল ৭ জুলাই ।

এই আদালত এই আজ্ঞা করিতেছেন যে ১৮৫৯ সালের ১০ আইনমতের আপীল আদালতস্বরূপে অধিবেশনকারি কোন জজ সাহেব যে কোন নিষ্পত্তি লিপিবদ্ধ করেন তাহা সর্ব্বদা জিলার কালেক্টর সাহেবের দ্বারা প্রথমস্থলীয় আদালতের নিকটে পাঠাইতে হইবে, কেমনা জিলার মধ্যে কালেক্টর সাহেব রাজকার্য্যনির্ব্বাহক প্রধান কর্তৃপক্ষ, অতএব তাঁহার অধীন ডেপুটী কালেক্টরেরা যেই প্রকারে আপনাদের প্রতি অর্পিত কার্য্য সাধন করেন, তাহা তিনি যে সর্ব্বদা সবিশেষে জ্ঞাত থাকেন ইহা অতি আবশ্যক ।

২। হাই কোর্ট এই আশা করেন যে ফৌজদারী আপীল বিষয়ে শেসন জজ সাহেবদের মধ্যেও তদ্রূপ বিধান প্রচলিত আছে ।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার ।

J. Wenger, *Offg. Bengalee Translator.*

## ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 4559.

APPOINTMENTS.

*The 14th July* 1865.

Mr. F. J. G. Campbell to be Secretary to the Local Committee of Public Instruction at Mymensing.

*The 15th July* 1865.

Moulvy Abdool Jubber to be Deputy Registrar of Assurances of the Sub-District of Pubna, having its Head-Quarters at the Sudder Station of the District of Pubna.

*The 17th July* 1865.

Moulvy Abdoollah to officiate as Principal Sudder Ameen of Hooghly.

Moulvy Musheeatoollah to officiate as Sudder Ameen of Moorshedabad.

Baboo Govind Chunder Sandyal, Moonsiff of Soorujghurrah and Monghyr, is promoted to the First Grade of Moonsiffs.

Mr. P. H. Scanlan to be an Honorary Magistrate at Kursiong, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class, described in Section XXII. of the Code of Criminal Procedure, (Act XXV. of 1861,) and powers under Section I., Act X. of 1854, in the District of Darjeeling.

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা ।

৪৫৫৯ নম্বর ।

নিয়োগ ।

১৮৬৫ সাল ১৪ জুলাই ।

শ্রীযুত এফ জে জি কাম্বেল সাহেব ময়মনসিংহের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর সেক্রেটারী হইবেন ।

১৮৬৫ সাল ১৫ জুলাই ।

শ্রীযুত মৌলবী আবদুল জব্বার পাবনা সব-ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির ডেপুটী রেজিষ্ট্রার হইবেন । উক্ত সব-ডিষ্ট্রিক্টের সদর স্থান পাবনা জিলার সদর মোকামে হইবে ।

১৮৬৫ সাল ১৭ জুলাই ।

শ্রীযুত মৌলবী আবদুল্লা হুগলীর প্রধান সদর আমীনের কর্ম্ম করিবেন ।

শ্রীযুত মৌলবী মসিয়তউল্লা মুরশিদাবাদের সদর আমীনের কর্ম্ম করিবেন ।

সূর্য্যগড়া ও মুঙ্গেরের মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র সান্যাল মুনসেফদিগের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন ।

শ্রীযুত পি এচ স্কানলান সাহেব কর্ষিয়ঙ্গে অনরারি মাজিষ্ট্রেট হইবেন, এবং দার্জ্জিলিঙ্গ জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫ আইনের) ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতের ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন ।

Baboos Kedar Nath Dutt and Beney Madhub Mookerjee to be Municipal Commissioners of the Town of Ranaghat.

Mr. H. J. Newbery to be a Member of, and Secretary to, the Local Committee of Public Instruction at Gya.

The Officer in charge of the Sub-Division of Durbhanga to have charge also of the Sub-Division of Mudhoobanee.

Mr. H. Davies, Deputy Magistrate and Deputy Collector of Tajpore, to have charge of the Sub-Division of Seetamaree. Mr. Davies will make over charge of the Sub-Division of Tajpore to the Magistrate of Tirhoot.

Mr. W. C. Costley, Deputy Magistrate and Deputy Collector of Sherghotty, to have charge also of the Sub-Division of Aurungabad.

*The 18th July* 1865.

Mr. N. S. Alexander to officiate as Magistrate and Collector of Purneah, during Mr. Beames' absence on leave, or until further orders.

Mr. R. N. Shore to officiate as Commissioner of Revenue and Circuit of the Nuddea Division, during the absence, on leave, of Mr. H. L. Dampier, or until further orders. Mr. Shore will also continue to officiate as Member of the Board of Revenue until Mr. Trevor's return from leave.

*The 19th July* 1865.

Mr. H. S. Beadon to be a Member of the Local Committee of Public Instruction at Beerbhoom.

*The 20th July* 1865.

Mr. Arthur Waller to be a Sub-Assistant Commissioner in the Sonthal Pergunnahs, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class, described in Section XXII. of the Code of Criminal Procedure (Act XXV. of 1861.)

Mr. W. H. Thompson to be an Assistant to the Magistrate and Collector of Mymensing, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class, described in Section XXII. of the Code of Criminal Procedure.

Mr. B. Rattray officiated as District Superintendent of Police in Noacolly from the 16th December 1864 to the 14th March 1865.

## LEAVE OF ABSENCE.

*The 17th July* 1865.

Moulvy Nazirooddeen Mahomed, Principal Sudder Ameen of Hooghly, for two months, under paragraph 12, Clause 1 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

[*Government Gazette*, 1*st August* 1865.]

শ্রীযুত বাবু কেদারনাথ দত্ত ও বেণীমাধব মুখোপাধ্যায় রাণাঘাট শহরের মুনিসিপল কমিস্যনর হইবেন।

শ্রীযুত এচ জে নিউবেরী সাহেব গয়ার সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর ও সেক্রেটারী হইবেন।

দরভঙ্গা জিলাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক মধুবনী জিলাখণ্ডের কর্ম্মের ভারও পাইবেন।

তাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ ডেবিস সাহেব সীতামারী জিলাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন। তিনি তাজপুর জিলাখণ্ডের কর্ম্মের ভার ত্রিহুতের মাজিষ্ট্রেটের প্রতি অর্পণ করিবেন।

শেরঘাটীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ সি কষ্টলী সাহেব অরঙ্গাবাদ জিলাখণ্ডের কর্ম্মের ভারও পাইবেন।

১৮৬৫ সাল ১৮ জুলাই।

শ্রীযুত বীমস্ সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এন এস আলেকজাণ্ডর সাহেব পুরণিয়ার মাজিষ্ট্রেটের ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত আর এন শোর সাহেব নদীয়া এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনরের কর্ম্ম করিবেন। আরো তিনি শ্রীযুত ট্রেবর সাহেবের প্রত্যাগমন পর্য্যন্ত রেবিনিউ বোর্ডের মেম্বরের কর্ম্ম করিতে থাকিবেন।

১৮৬৫ সাল ১৯ জুলাই।

শ্রীযুত এচ এস বীডন সাহেব বীরভূমে সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

১৮৬৫ সাল ২০ জুলাই।

শ্রীযুত আর্থর ওয়ালর সাহেব সাঁওতাল পরগনার আসিস্টান্ট কমিস্যনর হইবেন, এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫ আইনের) ২২ ধারার নির্দ্দিষ্ট মতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ এচ তামসন সাহেব ময়মুনসিংহের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন, এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫ আইনের) ২২ ধারার নির্দ্দিষ্ট মতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বি রাট্রে সাহেব নওয়াখালীতে ১৮৬৪ সালের ১৬ ডিসেম্বর অবধি ১৮৬৫ সালের ১৪ মার্চ পর্য্যন্ত পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্টের কর্ম্ম করিয়াছেন।

## ছুটী।

১৮৬৫ সাল ১৭ জুলাই।

হুগলীর প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী নাজিরুদ্দীন মহম্মদ যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১২ ধারার ১ প্রকরণমতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

*The 18th July* 1865.

Mr. H. L. Dampier, Commissioner of Nuddea, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Mr. D. A. King, Junior Sub-Assistant Revenue Surveyor, Third Division, Lower Provinces, for fifteen days, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Dr. W. G. Clark, Civil Surgeon of Gowhatty, is allowed a week's privilege leave from the 28th ultimo.

Baboo Grish Chunder Ghose, Officiating Judge of the Small Cause Court of Cuttack, for a fortnight, from the 7th instant, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

*The 20th July* 1865.

Mr. T. N. Wilson, Assistant Magistrate of Patna, for one month, under Section 9 of the Covenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 13th May last.

Baboo Poornanund Surma, Extra Assistant Commissioner of Durrung, for two weeks, from the 24th ultimo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

---

## NOTIFICATIONS.

*The 22nd July* 1865.

In addition to the table of fees for the registration of Assurances, published in the *Calcutta Gazette* of the 28th December 1864, the Lieutenant-Governor is pleased to direct that the fee for registering Instruments under Section XIII., which do not bear an *ad valorem* stamp, shall be the lowest fee which is chargeable for the registration of Instruments under Section XIII., *i. e.*, Rupees 2.

---

The following letter from the Government of India in the Financial Department is published for general information with reference to the Resolution published in the *Calcutta Gazette* of the 12th April last:—

No. 1019.

To the Registrar of the High Court, Calcutta.

Finl. Dept.

Sir,—In reply to your letter No. 1567, dated 15th May 1865, I am directed to state that, under the circumstances stated, the Governor General in Council agrees to modify the Financial Resolution of 31st March last, No. 1506, so far as to fix the period for the transfer of deposits made on the Appellate side of the High Court at 10 (instead

১৮৬৫ সাল ১৮ জুলাই।

নদীয়ার কমিস্যনর শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেব যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

নিম্নতর প্রদেশের তৃতীয় খণ্ডের জুনিয়র সব-আসিষ্টাণ্ট রেবিনিউ সরবেয়র শ্রীযুত ডি এ কিং সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

গোহাটীর সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত ডবলিউ জি ক্লার্ক সাহেব গত মাসের ২৮ তারিখ অবধি এক সপ্তাহ কাল অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

কটকের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের একটিং জজ শ্রীযুত বাবু গিরিশ চন্দ্র ঘোষ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এই মাসের ৭ তারিখ অবধি এক পক্ষের ছুটী পাইয়াছেন।

১৮৬৫ সাল ২০ জুলাই।

পাটনার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত টি এন উইলসন সাহেব গত মে মাসের ১৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৯ ধারামতে এক মাসের ছুটীর পাইয়াছেন।

দরঙ্গের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত বাবু পূর্ণানন্দ শর্ম্মা অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে গত মাসের ২৪ তারিখ অবধি দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

---

## বিজ্ঞাপন।

১৮ ৫ সাল ২২ জুলাই।

নিদর্শনপত্রাদি রেজিষ্টরী করণ জন্য ফীর যে ফর্দ্দ ১৮৬৫ সা ের জানুআরি মাসের ৩ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয়, তদতিরিক্ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব আজ্ঞা করিতেছেন যে যাহার প্রসিদ্ধ মূল্যের উপর ইষ্টাম্পের মাসুল লাগে না, এমত নিদর্শনপত্রাদি যখন ১৩ ধারামতে রেজিষ্টরী করা যায়, তখন ১৩ ধারামতের নিদর্শনপত্রাদি রেজিষ্টরী করিবার জন্যে অতি ন্যূন যে ফী লাগে তাহা অর্থাৎ ২ টাকা লাগিবে।

---

গত আপ্রিল মাসের ১৮ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশিত নির্দ্ধারণের সম্পর্কে ফিনান্সিয়ল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের পশ্চাৎ লিখিত পত্র সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

১০১৯ নম্বর।

কলিকাতার হাই কোর্টের শ্রীযুত রেজিষ্ট্রার সাহেব সমীপেষু।

ফিনান্সিয়ল ডিপার্টমেন্ট।

আপনকার ১৮৬৫ সালের ১৫ মে তারিখের ১৫৬৭ নং পত্রের উত্তর দানার্থে আমি আজ্ঞাক্রমে জানাইতেছি যে আপনকার বর্ণিত গতিক বুঝিয়া মন্ত্রিসভাগত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব গত মার্চ মাসের ৩১ তারিখের ১৫০৬ নং ফিনান্সিয়ল নির্দ্ধারণের এক কথা সংশোধিত করিতে সম্মত হইয়াছেন, অর্থাৎ হাই কোর্টের আপীলী পক্ষে গচ্ছিত আমানৎ স্থানান্তর

of 3 years, after which they will be carried to the credit of the Revenues of Government.

I have, &c.,

(Sd) E. H. LUSHINGTON,

*Secy. to Govt. of India.*

SIMLA,
*The 24th June* 1865.

Ordered, that a copy of the foregoing letter be sent to the Home Department, the Government of Bengal, the Accountant-General to the Government of India, and the Auditor-General of India.

(Sd.) J. E. COOKE,

*Asst. Secy. to the Govt. of India.*

---

## NOTIFICATION.

*The 15th July* 1865.

In supersession of the orders published in the *Calcutta Gazette* of the 30th September 1863, (page 2751,) it is hereby notified that the rates charged on all Indents on the Alipore Jail Press for 1,000 copies and upwards of printed Forms, will be subject to a deduction of twenty per cent. All Public Officers, subordinate to the Government of Bengal, are directed to forward their Indents direct to the Superintendent of Stationery, from whose Office the supplies of printed Forms will be dispatched. All communications regarding Indents should be addressed to the Superintendent of Stationery. The deduction from the rates above mentioned is to have effect from 1st May last.

---

The following Order issued by the Government of India, Financial Department, is re-published for general information :—

*No* 1285.

*Simla, the 11th July* 1865.

*Notification.*

Under the provisions of Section 2 of Act XVIII. of 1865, and in the exercise of the power and authority therein reserved, the Governor General in Council is pleased to declare that, in lieu of the rates of Stamp Duty prescribed in Section 12 of Schedule A. of Act X. of 1862, the following rates of Stamp Duty shall be charged henceforth on Customs Bonds, *viz.* :—

| | | | Rs. | As. |
|---|---|---|---|---|
| If the penalty of the Bond do not exceed Rs. | | 25... | 0 | 2 |
| If above Rs. 25, and not exceeding | „ | 50... | 0 | 4 |
| „ „ 50, | „ „ | „ 100... | 0 | 8 |
| „ „ 100, | „ „ | „ 200... | 1 | 0 |

[*Government Gazette*, 1st *August* 1865.]

করণের কাল বলিয়া তিন বৎসরের পরিবর্ত্তে দশ বৎসর নিরূপণ করিয়াছেন। দশ বৎসর পরে তাহ গবর্ণমেণ্টের রাজস্বের জমার মধ্যে তুলিতে হইবে।

ই এচ লশিংটন,

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

সিমলা।
১৮৬৫ সাল ২৪ জুন।

আজ্ঞা হইল যে পূর্ব্বোক্ত পত্রের নকল হোম ডিপার্টমেণ্টে ও বঙ্গদেশের গবর্ণমেণ্টে ও ভারতবর্ষের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নিকটে ও ভারতবর্ষের আডিটর জেনরল সাহেবের নিকটে পাঠান যায়।

জে ই কুক্।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

---

## বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ১৫ জুলাই।

১৮৬৩ সালের অক্টোবর মাসের ৩০ তারিখের বাঙ্গলা গেজেটের ১০৪৩ পৃষ্ঠায় যে আজ্ঞা প্রকাশিত হয়, তৎপরিবর্ত্তে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে আলীপুর জেলে ছাপা হওয়া ১০০০ ও তদূর্দ্ধ সংখ্যার পাঠ চাহিয়া লইলে তাহার মূল্যহইতে শতকরা বিংশতি টাকা কাটা যাইবে।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন সকল রাজকীয় কার্য্যকারকদের প্রতি এই আদেশ হইতেছে যে তাঁহারা যেন পাঠ সকল ষ্টেশনরীর সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের কাছে চাহিয়া পাঠান, যেহেতু তাঁহারই কার্য্যালয়হইতে মুদ্রিত পাঠ সকল পাঠান যাইবে।

পাঠ পাইবার প্রার্থনাপত্র ষ্টেশনরীর সুপরিণ্টেণ্ডেণ্টের নামে শিরোনামা দিয়া পাঠাইতে হইবে। পূর্ব্বোক্ত বাট্টা গত মে মাসের ১ তারিখ অবধি সকল হইবে।

---

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের প্রচারিত পশ্চাৎ লিখিত আজ্ঞা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে পুনরায় প্রকাশ করা যাইতেছে।

১২৮৫ নম্বর।

সিমলা ১৮৬৫ সাল ১১ জুলাই।

বিজ্ঞাপন।

১৮৬৫ সালের ১৮ আইনের ২ ধারার বিধানমতে এবং তন্নির্দ্দিষ্ট ক্ষমতার ও কর্ত্তৃত্বের ব্যবহারক্রমে মন্ত্রিসভাগত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব প্রকাশ করিতেছেন যে ১৮৬২ সালের ১০ আইনের A চিহ্নিত তফসীলের ১২ দফায় নির্দ্দিষ্ট ইষ্টাম্পের মাসুলের হারের পরিবর্ত্তে কষ্টমের বাণ্ডের উপর এই অবধি পশ্চাৎ লিখিত হারে ইষ্টাম্পের মাসুল লওয়া যাইবে, অর্থাৎ—

| | টাকা। |
|---|---|
| বাণ্ডে নির্দ্দিষ্ট অর্থদণ্ড ২৫৲ টাকার অনধিক হইলে ... | ✓০ |
| বাণ্ডে নির্দ্দিষ্ট অর্থদণ্ড ২৫৲ টাকার অধিক ও ৫০৲ টাকার অনধিক হইলে ... | ।০ |
| বাণ্ডে নির্দ্দিষ্ট অর্থদণ্ড ৫০৲ টাকার অধিক ও ১০০৲ টাকার অনধিক হইলে ... | ।।০ |
| বাণ্ডে নির্দ্দিষ্ট অর্থদণ্ড ১০০৲ টাকার অধিক ও ২০০৲ টাকার অনধিক হইলে ... | ১৲ |

| | Rs. | As. |
|---|---|---|
| If above Rs. 200, and not exceeding Rs. 300... | 2 | 0 |
| " " 300, " " " 500... | 4 | 0 |
| And for all sums above ... ... " 500... | 5 | 0 |

| | টাকা। |
|---|---|
| যাতে নির্দ্দিষ্ট অর্থদণ্ড ২০০৲ টাকার অধিক ও ৩০০৲ টাকার অনধিক হইলে ... | ২৲ |
| যাতে নির্দ্দিষ্ট অর্থদণ্ড ৩০০৲ টাকার অধিক ও ৫০০৲ টাকার অনধিক হইলে ... | ৪৲ |
| যাতে নির্দ্দিষ্ট অর্থদণ্ড ৫০০৲ শতের ঊর্দ্ধ কোন সংখ্যা টাকা হইলে ... | ৫৲ |

---

### Declaration under Section II. of Act VI of 1857.

Whereas it appears to the Hon'ble the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government, at the public expense, for a public purpose, *viz.* for the Police Lines at Moteeharee, in the District of Chumparun, it is hereby declared that, for the above purpose, a plot of land, measuring 9*b.* 1*k.* 10*dh.* situated at Moteeharee and bounded on the North by the public road running east from the Cutcherries, on the South and East by the Indigo fields of the Moteeharee Factory, and on the West by Opium fields.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

### ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বিবেচনানুসারে বোধ হয় যে রাজকীয় কার্য্যার্থে, অর্থাৎ চাম্পারণ জিলার অন্তর্গত মতিহারীতে পোলীসের ছাউনী স্থান প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে মতিহারীতে স্থিত ৯/১।১০ ধুর পরিমিত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা কাছারীহইতে পূর্ব্বদিগে যে রাজপথ যায় তাহা, দক্ষিণ ও পূর্ব্ব সীমা মতিহারী কুঠির নীলের ভূমি, পশ্চিম সীমা আফীমের ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

---

### Declaration under Section II. of Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government, at the public expense, for a public purpose, *viz.* for the sites of a Depôt for Coolies imported under Act III. (B. C.) of 1863, it is hereby notified that, for the above purpose, land is required measuring 6 kears, more or less, and bounded on the East by Chutla Kowar Road, West and South by settled lands of Mirasdars, and on the North by the late Kookie Hospital in the Station of Cachar.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

### ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বিবেচনানুসারে বোধ হয় যে রাজকীয় কার্য্যার্থে, অর্থাৎ বঙ্গদেশের ১৮৬৩ সালের ৩ আইনমতে আনীত মজুরদের আড্ডা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কাছাড় মোকামে ন্যূনাধিক ৬ কীয়র ভূমির প্রয়োজন। উক্ত ভূমির পূর্ব্ব সীমা চৎলা কওয়ারের পথ, পশ্চিম ও দক্ষিণ সীমা মিরাসদারদিগের বন্দোবস্তী ভূমি, উত্তর সীমা সাবেক কুকি হাস্পিটাল।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

---

### Declaration under Section II. of Act VI. of 1857.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government, at the public expense, for a public purpose, *viz.* for the site of a Depôt for Coolies imported under Act III. (B. C.) of 1863, it is hereby notified that, for the above purpose, land is required measuring 6 kears, more or less, and

### ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বিবেচনানুসারে বোধ হয় যে রাজকীয় কার্য্যার্থে, অর্থাৎ বঙ্গদেশের ১৮৬৩ সালের ৩ আইনমতে আনীত মজুরদের আড্ডা প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কাছাড়ের অন্তর্গত পাঁচগাঁয়ে ন্যূনাধিক ৬ কীয়র ভূমির

bounded on the North and East by the River Borak, West by Hills, and on the South by the River Dhullessur at Panchgaon in Cachar.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

S. C. Bayley,
*Junior Secy. to the Govt. of Bengal.*

প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও পূর্ব্ব সীমা বরাক নদী, পশ্চিম সীমা পর্ব্বত, দক্ষিণ সীমা ধলেশ্বর নদ।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এস সি বেলি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

---

## GOVERNMENT OF BENGAL.

### NOTIFICATION.

Fort William, the 28th July 1865.

It is hereby notified that the Lieutenant-Governor is about to proceed from Bhaugulpore on a tour to the Eastern Districts of Bengal. His Honor will leave—

| | | | |
|---|---|---|---|
| Bhaugulpore | on the | 1st | proximo. |
| Koosteah | ,, | 2nd | ,, |
| Dacca | ,, | 7th | ,, |
| Cachar | ,, | 15th | ,, |
| Sylhet | ,, | 17th | ,, |
| Cherra Poonjee | ,, | 28th | ,, |
| and Return to Dacca | ,, | 31st | ,, |

Further notice of His Honor's movements will be given hereafter.

The following general instructions are notified for the guidance of the Authorities who correspond directly with Government.

As a general rule, all communications are to be sent as usual to the Secretary's Office in Calcutta.

Communications which are urgent and can be made complete in themselves, so as not to require reference to papers in the Office, may be sent direct to the Secretary with the Leiutenant-Governor on tour.

A. Eden,
*Secy. to the Govt. of Bengal.*

[*Government Gazette, 1st August* 1865.]

## বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

### বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম ১৮৬৫ সাল ২৮ জুলাই।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ভাগলপুরহইতে বঙ্গদেশের পূর্ব্বাঞ্চলের কএক জিলাতে গমন করিতে উদ্যত হইয়াছেন। উক্ত শ্রীযুত পশ্চাৎ লিখিত তারিখে নিম্নলিখিত স্থানহইতে যাত্রা করিবেন, অর্থাৎ—

| | | | | |
|---|---|---|---|---|
| আগামি মাসের | ১ | তারিখে | ... | ভাগলপুরহইতে। |
| ঐ | ২ | ,, | ... | কুষ্ট্যাহইতে। |
| ঐ | ৭ | ,, | ... | ঢাকাহইতে। |
| ঐ | ১৫ | ,, | ... | কাছাড়হইতে। |
| ঐ | ১৭ | ,, | ... | ছিলটহইতে। |
| ঐ | ২৮ | ,, | ... | চরাপুঁজিহইতে। |
| ঐ | ৩১ তারিখে ঢাকায় প্রত্যাগমন করিবেন। | | | |

শ্রীযুতের গমনবিষয়ক অন্য সংবাদ ইহার পরে প্রকাশ করা যাইবে।

গবর্ণমেণ্টের সঙ্গে যে কার্য্যকারকেরা স্বয়ং লিখন পঠন করেন তাঁহাদের উপদেশার্থে পশ্চাৎ লিখিত সাধারণ বিধি প্রকাশ করা যাইতেছে।

সকল পত্রাদি কলিকাতায় শ্রীযুত সেক্রেটারী সাহেবের আফিসে যেমন পাঠান গিয়া থাকে তেমনি পাঠাইতে হইবে, এই সাধারণ বিধি।

অত্যাবশ্যক যেং পত্রের সম্পূর্ণ অভিপ্রায় বুঝিবার জন্যে উক্ত আফিসের অন্য কাগজপত্র দেখিবার প্রয়োজন নাই, তাহা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সঙ্গে যে সেক্রেটারী সাহেব আছেন তাঁহার নামে পাঠান যাইতে পারিবে।

এ ইডেন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

## PUBLIC WORKS DEPARTMENT.

### LOCAL.

No. 252.

*The 3rd July* 1865.

NOTIFICATIONS.

It is hereby notified, under Section II. of the "Canals' Act, 1864," (No. V., B. L. C.,) that the provisions of the said Act shall apply, from and after the 1st September 1865, to the undermentioned Navigable Channels from Kanteetollah to Khoolna, known as the "Eastern Canals," *viz.:*—

The lines of Channels from Kanteetollah eastward to Myehattee, then so much of the Jaboona or Echamuttee River as lies between Myehattee and Bussuntpore, both routes between the mouth of the Koomrea Khall and Subdulpore to the junction of the Seepsa Aga and Seepsa Rivers; also the Menus River from its junction with the Mooreechap River to Koocheea Haut, and so much of the Seepsa River as lies between Koocheea Haut and Mooreechap; also from the head of the Seepsa to Khoolna eastward.

## পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

### স্থানীয়।

২৫২ নম্বর।

১৮৬৫ সাল ৩ জুলাই।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের ১৮৬৪ সালের ৫ আইনের (অর্থাৎ খাল বিষয়ক আইনের) ২ ধারামতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত আইনের বিধান ১৮৬৫ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখ অবধি পূর্ব্বদেশীয় খাল নামে খ্যাত পশ্চাৎ লিখিত যেং নৌকাগম্য খাল কান্তি-টোলাহইতে খুলনায় যায় তাহার প্রতি বর্ত্তিবে, অর্থাৎ

কান্তিটোলাহইতে ময়হাটীগামি পূর্ব্বাভিমুখ সকল খাড়ী, ও তৎপরে ময়হাটী ও বসন্তপুরের মধ্যস্থিত যমুনা কি ইচ্ছামতী নদীর অংশ, পরে কুমরিয়া খালের মুহানা ও শব্দলপুরহইতে সিপসা আগার সহিত সিপসা নদীর সংযোগস্থানগামি উভয় খাল, এবং মুরিচাপ নদীর সহিত সংযোগস্থানহইতে কুচিয়া হাট পর্য্যন্ত মিনস নদী, এবং কুচিয়া হাটের ও মুরিচাপের মধ্যস্থিত সিপসা নদীর অংশ, ও সিপসা নদীর মুহানা-অবধি খুলনাপর্য্যন্ত পূর্ব্বাভিমুখ পথ।

---

No. 253.

The following draft of Rules having reference to the undermentioned Navigable Channels from Kanteetollah to Khoolna, known as the "Eastern Canals," is published for information under Section XI. of the "Canals' Act, 1864," No. V., B. L. C.:—

*The lines of Channels from Kanteetollah eastword to Myehattee, then so much of the Jaboona or Echamuttee River as lies between Myehattee and Bussuntpore, both routes between the mouth of the Koomrea Khall and Subdulpore to the junction of the Seepsa Aga and Seepsa Rivers; also the Menus River from its junction with the Mooreechap River to Koocheea Haut, and so much of the Seepsa River as lies between Koocheea Haut and Mooreechap; also from the head of the Seepsa to Khoolna eastward.*

1. Wherever mooring posts may have been put up by the Supervisor, vessels shall be made fast by the head and stern along the banks to such posts, and shall not be moored in any other manner.

2. The dropping of anchors and the putting up of bamboos or luggees on the banks, or in the channel, is prohibited.

3. As the water falls, the head and stern ropes of moored vessels must be loosened, and the vessels gradually pushed towards the centre of the

২৫৩ নম্বর।

"পূর্ব্বদেশীয় খাল" নামে খ্যাত পশ্চাৎ লিখিত নৌকাগম্য যেং খাল কান্তিটোলাহইতে খুলনায় যায় তদ্বিষয়ক নিম্নলিখিত বিধির পাণ্ডুলিপি বঙ্গদেশের ১৮৬৪ সালের ৫ আইনের (অর্থাৎ খালবিষয়ক আইনের) ১১ ধারামতে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

কান্তিটোলাহইতে ময়হাটীগামি পূর্ব্বাভিমুখ সকল খাড়ী, ও তৎপরে ময়হাটী ও বসন্তপুরের মধ্যস্থিত যমুনা কি ইচ্ছামতী নদীর অংশ, পরে কুমরিয়া খালের মুহানা ও শব্দলপুরহইতে সিপসা আগার সহিত সিপসা নদীর সংযোগস্থানগামি উভয় খাল, এবং মুরিচাপ নদীর সহিত সংযোগস্থানহইতে কুচিয়া হাট পর্য্যন্ত মিনস নদী, এবং কুচিয়া হাটের ও মুরিচাপের মধ্যস্থিত সিপসা নদীর অংশ, ও সিপসা নদীর মুহানা অবধি খুলনা পর্য্যন্ত পূর্ব্বাভিমুখ পথ।

১। সুপরিন্টেণ্ডেণ্ট যেং স্থানে নৌকা বান্ধিবার খোঁটা গাড়িয়া রাখেন, সেইং স্থানে খালের ধারেং নৌকার গলই ও পশ্চাদ্ভাগ বান্ধিয়া রাখিতে হইবে, অন্য কোন প্রকারে লাগাইয়া রাখিতে হইবে না।

২। খালের মধ্যে কি ধারে লঙ্গড় ফেলিতে কি বাঁশ কি লগি পুঁতিতে নিষেধ হইল।

৩। জল যেমন কমিবে, তেমনি বান্ধা নৌকার গলইর ও পশ্চাদ্ভাগের কাছি শল দিয়া ক্রমে নৌকা খালের মধ্যপানে নামাইতে হইবে। যখন জোয়ার আইসে

canal; when the flood comes in these two ropes must be gradually pulled in and the vessels kept as close to the bank as possible.

4. Only one vessel shall be allowed to make fast along and in line with the canal's banks, and no vessel shall be made fast or be placed outside of vessels so secured. No vessel shall be placed in such a position as to endanger the safety of other vessels or obstruct the passage of other vessels.

5. Vessels passing through the canals shall keep in separate lines; empty vessels keeping close to the bank, and those that are laden in the centre.

6. In portions of the canals where only one towing-path exists, vessels shall moor on the off side, and the towing-path side shall always be kept clear. The towing-path side shall be used by vessels going against the tide, and by no others.

7. In order to avoid collision and confusion, vessels waiting for a favorable tide at the junction of two or more rivers shall be moored at a distance of not less than 1,000 feet from the point of junction.

8. No person shall commit a nuisance or deposit filth of any sort in the canals, nor do any act to cause injury to the canals' works.

9. Every person, either personally or by his servant, infringing any of the above Rules numbered from 1 to 8, shall be liable, under Section XI. of the Canals' Act, to a fine not exceeding fifty Rupees for any one infringement; or to a fine not exceeding five Rupees a day for any continued infringement.

10. At the instance of the Supervisor of Navigation, any Magistrate who imposes a fine under Sections XI. or XVI. of the Act may award any portion of such fine to the informer.

11. Any person who *wilfully* or *negligently* allows a vessel to sink in the canals shall be liable to a fine not exceeding Rupees fifty.

12. In every case of wreck caused by negligence or otherwise, the Supervisor and his Subordinates will give every assistance in removing the same.

13. A notice shall be affixed on such wreck when recovered calling on those concerned to pay to the Supervisor any fine which may have been adjudged, as well as the expenses incurred in the recovery or removal of the wreck, and intimating that if the sum be not paid within 15 days of the date of notice, the boat and its contents, or so much of it as may be necessary for the recovery

তখন ক্রমশঃ ঐ কাছি টানিয়া নৌকা যথাসাধ্য কিনারার নিকটে রাখিতে হইবে।

৪। খালের ধারের পার্শ্বে অথচ সমান্তরালে কেবল একং খানি নৌকা বান্ধিবার অনুমতি হইবে। ঐরূপে বান্ধা নৌকার বাহিরে কোন নৌকা বান্ধিতে কি রাখিতে হইবে না। যে স্থানে রাখিলে অন্য নৌকার হানি জন্মিবার কি পথ বন্ধ হইবার সম্ভাবনা হয়, এমত স্থানে কোন নৌকা রাখিতে হইবে না।

৫। খালের মধ্য দিয়া যে সকল নৌকা যায় তাহা ভিন্নং পথে যাইবে, অর্থাৎ খালী নৌকা ধারেং ও বোঝাই নৌকা মধ্য দিয়া যাইবে।

৬। খালের যে ভাগে কেবল একটি গুণ টানিবার পথ থাকে, তাহার অন্য পারে নৌকা বান্ধিতে হইবে। গুণ টানিবার পথ যে পার্শ্বে থাকে সেই পার সর্ব্বদা খোলামো রাখিতে হইবে। গুণ টানিবার পথের দিক দিয়া উজানগামি নৌকা ভিন্ন অন্য কোন নৌকা যাইবে না।

৭। দুই কি অধিক নদীর সংযোগস্থানে যে সকল নৌকার সুবিধাজনক জোয়ারের কি ভাটার অপেক্ষাতে বিলম্ব হয়, তাহাদের মধ্যে যেন আঘাত কি গোলযোগ না হয়, তন্নিমিত্তে ঐ সংযোগস্থানহইতে ন্যূন কল্পে ১০০০ ফুট দূরে সেই সকল নৌকা বান্ধিতে হইবে।

৮। কোন ব্যক্তি খালের মধ্যে কি ধারে মল ত্যাগ করিবে না, [illegible] ন প্রকারের দুর্গন্ধ দ্রব্য ফেলিবে না, ও খালের ক [illegible] সম্পর্কীয় বিষয়ের হানিজনক কোন কর্ম্ম করিবে না।

৯। যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত ১ অবধি ৮ পর্য্যন্ত কোন বিধি স্বয়ং লঙ্ঘন করে কি চাকরদ্বারা লঙ্ঘন করায়, তবে খালবিষয়ক আইনের ১১ ধারার বলে কোন এক বিধি লঙ্ঘনের জন্যে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড ও সেইরূপে লঙ্ঘন করিতে থাকিলে দিন প্রতি পাঁচ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

১০। যে মাজিষ্ট্রেট উক্ত আইনের ১১ কি ১৬ ধারামতে অর্থদণ্ডের আজ্ঞা করেন, তিনি জলপথের সুপরিন্টেণ্ডেণ্টের প্রার্থনাক্রমে উক্ত দণ্ডের কোন অংশ সংবাদদাতাকে দিতে পারিবেন।

১১। যে কোন ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক কি শৈথিল্যক্রমে খালের মধ্যে নৌকা ডুবায়, তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবেক।

১২। শৈথিল্যক্রমে কি অন্য কারণে নৌকা মারা পড়িলে সুপরিন্টেণ্ডেণ্ট ও তাঁহার অধীন লোকেরা তাহা স্থানান্তর করণে সর্ব্ব প্রকারে সাহায্য করিবেন।

১৩। সেই মারা পড়া নৌকা উদ্ধার করা গেলে তাহার উপর এই মর্ম্মের সংবাদ লটকাইয়া দিতে হইবে, যে তাহাতে যাহাদের সম্পর্ক আছে তাহারা সুপরিন্টেণ্ডেণ্টকে বিচারে যে অর্থদণ্ড হইয়া থাকে তাহা এবং ঐ নৌকা উদ্ধার করিতে কি স্থানান্তর করিতে যে খরচ হইয়া থাকে তাহা দেয়, নতুবা ঐ সংবাদ দিবার তারিখ অবধি পনের দিনের মধ্যে যদি টাকা না দেওয়া যায়, তবে ঐ নৌকা ও তাহাতে যাহা থাকে

of the dues, will be sold, the proceeds of the sale being dealt with as directed in Section IX. of the Act.

তাহা কিম্বা দেয় টাকা আদায়ার্থে প্রয়োজনীয় অংশ বিক্রয় হইবে, ও উক্ত আইনের ৯ ধারার আদেশমতে বিক্রয়োৎপন্ন টাকা লইয়া কার্য্য করা যাইবে।

14. Every Canal Officer is authorized to remove any vessel, anchor, pole or other thing which he may find in a position which is in contravention of these Rules, and to deal with it in such a manner as may be necessary to give effect to the Rules.

১৪। খালসম্পর্কীয় প্রত্যেক কার্য্যকারকের এই ক্ষমতা আছে যে তিনি এই সকল বিধির নিষিদ্ধ স্থানে নৌকা কি লঙ্গর কি খোঁটা প্রভৃতি অন্য যে কোন দ্রব্য পান তাহা স্থানান্তর করিতে, ও তাহা লইয়া এই বিধি প্রবল করিবার মত যাহা কর্ত্তব্য তাহা করিতে পারিবেন।

15. Whenever any laden vessel is seized by a Canal Officer, it shall be the duty of the Supervisor to give immediate notice of the same to the owner or his agent, and to require the removal of the cargo without delay, intimating at the same time that the owner will be required to pay all expenses necessary for the proper custody and storage of the same.

১৫। খালসম্পর্কীয় কোন কার্য্যকারক কোন বোঝাই নৌকা ধরিলে সুপরিন্টেণ্ডেন্টের কর্ত্তব্য যে তৎক্ষণাৎ সেই সংবাদ স্বামিকে কি তাঁহার এজেন্টকে দিয়া অবিলম্বে মাল স্থানান্তর করিবার আজ্ঞা করেন, ও উচিত মতে তাহা রক্ষা ও গুদামজাত করিবার খরচ তাঁহার দিতে হইবে ইহাও তাঁহাকে জানান।

16. If the Supervisor be unable to ascertain the name and place of business or of abode of the owner of the cargo of any vessel seized under the Canals' Act, he shall notify the seizure by advertisement in his Office, and in one or more of the Calcutta newspapers or advertisement papers. Such notices shall call upon the owner to cause the immediate removal of the cargo and to pay any necessary expenses incurred in providing for its proper custody and storage.

১৬। সুপরিন্টেণ্ডেন্ট যদি খাল বিষয়ক আইনমতে ধৃত কোন নৌকাদির মালের স্বামির নাম ও বাণিজ্য কি বাসস্থান জানিতে না পারেন, তবে তিনি আপন কার্য্যালয়ে ও কলিকাতার এক কি অধিক সংবাদপত্রে ঐ ধৃত হওনের সংবাদ প্রকাশ করিবেন। উক্ত সংবাদে স্বামির প্রতি এমত আদেশ থাকিবে যে তিনি অবিলম্বে মাল স্থানান্তর করান, ও মাল উচিতমতে রক্ষা ও গুদামজাত করিতে প্রয়োজনীয় যে খরচ হইয়াছে তাহা দেন।

17. The Supervisor may incur whatever expense he may think necessary for the proper custody and storage of the cargo of any vessel seized under the Canals' Act; and if the cargo be not removed within ten days from the date of seizure, he may sell the same at public auction to the highest bidder after giving fifteen days' notice of the same by advertisement in one or more of the Calcutta newspapers, or advertisement papers, and affixed in his Office.

১৭। সুপরিন্টেণ্ডেন্ট খালবিষয়ক আইনমতে ধৃত কোন নৌকার মাল উপযুক্ত মতে রক্ষা ও গুদামজাত করিবার নিমিত্ত যে খরচ প্রয়োজনীয় জ্ঞান করেন তাহা করিতে পারিবেন। নৌকা ধৃত হওনের তারিখ অবধি দশ দিনের মধ্যে যদি সেই মাল স্থানান্তর না করা যায়, তবে তিনি কলিকাতার এক কি অধিক সংবাদপত্রে কি বিজ্ঞাপনপত্রে সংবাদ দিয়া আপন কার্য্যালয়েও তাহা লটকাইয়া পনের দিন পরে সেই মাল প্রকাশ্য নীলামে বিক্রয় করিতে পারিবেন, ও যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য ডাকিবে তাহাকে দিবেন।

18. The money realized at such a sale shall be applied first to defray any expenditure that may have been incurred by the Supervisor on account of the cargo sold, and the balance, if any, shall be held in deposit, to be paid to the owner of the said cargo on his applying for the same.

১৮। উক্ত নীলামে যে টাকা পাওয়া যায় তাহাহইতে প্রথমে ঐ বিক্রীত মালের জন্যে সুপরিন্টেণ্ডেন্টের কৃত খরচ শোধ করিতে, এবং কিছু টাকা অবশিষ্ট থাকিলে তাহা জমা করিয়া রাখিতে ও সেই মালের স্বামির প্রার্থনামতে তাঁহাকে দিতে হইবে ইতি।

J. E. T. NICOLLS, *Lt.-Col., R. E.,*

*Offg. Secy. to the Govt. of Bengal,*

*P. W. D.*

জে ই টি নিকলস্, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর ই,

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের

গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১ আগষ্ট।]

## ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

---

### APPOINTMENTS.

*The 25th July* 1865.

Moulvie Abdool Luteef, Moonsiff of Sulta, Zillah Purneah, to be Moonsiff of Hazareebaugh, in Chota Nagpore.

Moulvie Azhur Ali, Moonsiff of Hazareebaugh, in Chota Nagpore, to be Moonsiff of Sulta, Zillah Purneah.

### LEAVE OF ABSENCE.

*The 26th July* 1865.

Moulvie Nusseemooddeen Hyder, Sudder Moonsiff of Sylhet, for one month, from the 10th instant, under paragraph 11 of the Uncovenanted Absentee Rules.

Baboo Pearee Lall Bannerjee, Moonsiff of Manicktollah, Zillah 24-Pergunnahs, for one month, under paragraph 16 of the Uncovenanted Absentee Rules.

H. T. Prinsep,
*Registrar.*

## বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

---

### নিয়োগ।

১৮৬৫ সাল ২৫ জুলাই।

পূরণিয়া জিলার অন্তর্গত সলতার মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল লতীফ ছোট নাগপুরের হাজারীবাগের মুনসেফ হইবেন।

ছোট নাগপুরের অন্তর্গত হাজারীবাগের মুনসেফ শ্রীযুত মৌলবী অজরআলী পূরণিয়া জিলার সল্তার মুনসেফ হইবেন।

### ছুটী।

১৮৬৫ সাল ২৬ জুলাই।

ছিলটের সদর মুনসেফ শ্রীযুত মৌলবী নসিমউদ্দীন হাইদর অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এই মাসের ১০ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

২৪ পরগনা জিলার অন্তর্গত মাণিকতলার মুনসেফ শ্রীযুত বাবু পিয়ারিলাল বন্দ্যোপাধ্যায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্ট্রার।

---

## GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

---

নম্বর ৩৯৪।

### বিজ্ঞাপন।

এই দপ্তরখানার ১৯ শে তারিখের ৩৮৬ নম্বরের ইস্তাহারের পরে এই বিজ্ঞাপন করা যাইতেছে যে ১৮৬৪। ৬৫ সালের উৎপন্ন আফিমের মধ্যে ৪০,০০০ সিন্দুক আফিম আগত ১৮৬৬ সালের মাসিক নীলামে বিক্রয় করা গবর্ণমেণ্টের হুকুমঅনুসারে নির্দ্ধারিত হইয়াছে। ঐ সংখ্যা আফিমের মধ্যে ফ্রেঞ্চ গবর্ণমেণ্টের জন্য (৩০০) তিন শত সিন্দুক রাখা হইবেক। কত সিন্দুক আফিম বেহার ও কত বেনারস হইতে বিক্রয় হইবেক তাহা হাসিয়াতে লেখা গেল। যে যে তারিখে নীলাম হইবে তাহা সরত সহিত রীতি মত পরে ইস্তাহার দেওয়া যাইবেক।

আফিম।

| | | সিন্দুক |
|---|---|---|
| বেহার | ... | ২৪,০০০ |
| বেনারস | ... | ১৬,০০০ |
| জুমলা | ... | ৪০,০০০ |

টি ক্রসলেন।
ছোট সেক্রেটারী।

বিমৌজিব হুকুম সাহেবান আলিসান বোর্ড রিবিনিউ সন ১৮৬৫ সাল তারিখ ২৪ জুলাই।

[*Government Gazette, 1st August* 1865.]

## NOTICE.

An Exhibition of Live Stock, Agricultural produce and Implements will be held at Hooghly, in the last week of December. Among the Prizes some will be offered to general competition, others will be open to Exhibitors from the Districts of the Burdwan and Nuddea Divisions only. Prize List will be published hereafter.

C. F. MONTRESOR,
*Commr. of the Burdwan Division.*
H. L. DAMPIER,
*Commr. of the Nuddea Division.*

## বিজ্ঞাপন।

ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে হুগলীতে জীবজন্তুর ও কৃষিকার্য্য সম্পর্কীয় উৎপন্ন দ্রব্যের ও হাতিয়ারের প্রদর্শন হইবে। পুরস্কারের মধ্যে কতক সর্ব্বস্থানীয় প্রতিযোগিদের ও অন্য সকল কেবল বর্দ্ধমান ও নদীয়া এলাকার প্রদর্শকদিগের প্রাপ্য হইতে পারিবে। পুরস্কারের ফর্দ্দ ইহার পরে প্রকাশ করা যাইবে।

সি এফ মনট্রেসর,
বর্দ্ধমান এলাকার কমিস্যনর।
ও
এচ এল ডাম্পিয়র,
নদীয়া এলাকার কমিস্যনর।

---

## NOTICE.

THE Clerkships in the Treasury or Account Branch of this Office have been filled up.

H. C. SUTHERLAND,
*Offg. Collector.*

ZILLAH BACKERGUNGE;
*Collector's Office,*
*The 18th July* 1865.

## বিজ্ঞাপন।

এই কার্য্যালয়ের খাজানাখানার কি আকৌন্ট শাখার যেং পদ শূন্য ছিল তাহাতে লোক নিযুক্ত হইয়াছে।

এচ সি সদরলাণ্ড।
একটিং কালেক্টর।

জিলা বাকরগঞ্জ, কালেক্টরের কার্য্যালয়।
১৮৬৫ সাল ১৮ জুলাই।

---

## NOTICE.

THE Head Clerkship and Nazirship in this Office will soon fall vacant owing to the retirement on pension of the present incumbents. The Salary of the Head Clerk is 80 Rs. and may probably be raised to 100 Rs. per mensem. The Salary of the Nazir is 100 Rs., but security to the extent of 5,000 Rs. must be furnished.

No one need apply for the Nazirship who is not acquainted with English. For both appointments a preference will be given to those Candidates who have distinguished themselves at the University Examinations.

H. C. SUTHERLAND,
*Offg. Collector.*

ZILLAH BACKERGUNGE;
*Collector's Office,*
*The 20th July* 1865.

## বিজ্ঞাপন।

অল্প কালের মধ্যে এই কার্য্যালয়ের প্রধান কেরাণী ও নাজীর পেনশ্যন পাইয়া কর্ম্ম ত্যাগ করিবেন, তাহাতে উক্ত দুই পদ শূন্য হইবে। প্রধান কেরাণীর মাসিক বেতন ৮০৲ টাকা, তাহা ১০০৲ টাকা পর্য্যন্ত বৃদ্ধি হওনের সম্ভাবনা আছে। নাজীরের মাসিক বেতন ১০০৲ টাকা, কিন্তু ৫০০০৲ টাকার জামিন দিতে হইবে।

ইংরেজী ভাষা যিনি না জানেন তাঁহার নাজীরী কর্ম্ম প্রার্থনা করিবার প্রয়োজন নাই।

উক্ত উভয় পদের আকাঙ্ক্ষি ব্যক্তিদের মধ্যে যাঁহারা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাতে প্রশংসনীয়রূপে উত্তীর্ণ হইয়াছেন তাঁহারা অগ্রগণ্য হইবেন।

এচ সি সদরলাণ্ড।
একটিং কালেক্টর।

জিলা বাকরগঞ্জ, কালেক্টরের কার্য্যালয়।
১৮৬৫ সাল ২০ জুলাই।

## NOTICE.

### CALCUTTA MUNICIPALITY.

NOTICE is hereby given, that the valuation and measurement of the portion of the 3rd Division of the Town, noted in the margin, has been completed, and that the Books containing the said valuations and the rates assessed can be inspected on any day (Sundays excepted,) at the Office of the Justices, between the hours of 11 o'clock A. M., and 4 o'clock P. M., free of charge.

Bounded on the North by Machooa Bazar, on the South by Bow Bazar, on the East by College Street and the West by Chitpore Road.

The Justices will, on the 15th, 16th, and 17th, day of August next, proceed to revise the said valuation and assessment and to hear all appeals connected therewith, but no such appeal can be heard unless the amount of rate has been deposited with the Justices in accordance with the Provisions of Section 77 of the above Act.

R. TURNBULL,
*Secretary to the Justices of the Peace.*

OFFICE OF THE JUSTICES OF THE PEACE;
1, CHOWRINGHEE ROAD,
*Calcutta, 18th July* 1865.

## বিজ্ঞাপন।

সন ১৮৬৩ সালের ৬ আইনের ৭২ ও ৭৩ ধারামতে।

ইহার দ্বারা জ্ঞাত করা হইল যে, শহরের ৩ ডিবিজন (১) বাটী সকলের মূল্য ভূমির পরিমাণ সকল নিশ্চিত করা হইবাতে যে বহিতে ঐ মূল্য ও নিরূপিত কর সকল লেখা হইয়াছে তাহা বিনা বাধে বেলা ১১ ঘণ্টা নাগায়েত ৪ ঘণ্টার সময় সকলের মধ্যে সাধারণকর্ত্তৃক দৃষ্টি করা হইতে পারিবেক

অর্থাৎ যে সকল বাটীর নম্বর উত্তর মেছোয়াবাজার ইষ্ট্রীট দক্ষিণ বৌবাজার ইষ্ট্রীট পূর্ব্ব কলেজ ইষ্ট্রীট পশ্চিম চিতপুর রোড ৩ ডিবিজন কিয়ৎঅংশ।

জষ্টিস অব পিসসকলে ১৫ ১৬ ১৭ আগষ্ট তারিখঅবধি ঐ লিখিত করের সংশোধন জন্য আপিল সকল শুনিতে আরম্ভ করিবেন কিন্তু ঐ আইনের ৭৭ ধারানুসারে রেট জমা রাখিয়া আপিল করিলে গ্রাহ্য হইবেক।

আদেশানুসারে,
রবার্ট টরণবুল,
জষ্টিস অব দি পিসদিগের সেক্রেটর।

জষ্টিস অব দি পিসদিগের আফিস
১ নং চৌরঙ্গি রোড,
কলিকাতা ১৮ জুলাই ১৮৬৫ সাল।

---

## LAND ADVERTISEMENTS.

## ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা দিনাজপুর।

এস্তালানামা কাছারী কালেক্টরী জেলা দিনাজপুর।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারানুযায়ি ইহাদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা দিনাজপুরের নীচের লিখা মহাল ১৮৬৫। ২৮ জুন তকের বাকী মালগুজারির নিমিত্তক ১৮৬৫ সনের ২ আগস্ট মোং ১২৭২। ১৯ শ্রাবণ বুধবার এই জেলার কালেক্টরী কাছারীতে নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হবেক।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

| নম্বর তৌজী | নাম মহাল ও পরগনা | নাম মালিক | সদর জমা | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|
| ১১৩ তাবের নম্বর ২৪ | মৌজে মাটিগাড়া ওগয়রহ পং সালবাড়ী | ভৈরবনাথ সেন রাজমোহন ও জগমোহন ও কৈলাশচন্দ্র নেউগী ও মেনকাসুন্দরী গুপ্তা মাদরে গোবিন্দচন্দ্র ও উমেশচন্দ্র নাবালগ ও মৌলবী সৈয়দ জহুরালী ও আজিজর রহমান ও আহিদল মেছা ও জহুরণ মেছা ও নজিবন মেছা ও গদাধর চক্রবর্ত্তী। | ৫৮৭৯।৩। | ১৮৫৯। ১১। ১০ ধারামত রাজমোহন ও জগমোহন ও কৈলাশচন্দ্র নেউগী ও মেনকাসুন্দরী গুপ্তা মাদরে গোবিন্দচন্দ্র ও উমেশচন্দ্র নাবালগের ॥৫ আনা হিস্যা যাহার সদর জমা ২৩১৪॥৶১॥= ক্রান্তী তাহার বাকি ৯৯।৵৫॥ পাই ২৮ জুন তারিখে পরিশোধ না করাতে নীলামে ধরা গেল। কালেক্টর। |

সন ১৮৬৫ ইং তাং ৫ জুলাই।

B. SIMSON,
*Collector.*

জেলা ২৪ পরগনা।

এস্তেহারনামা কাছারি কালেকটরী জেলা ২৪ পরগনা এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিষ পরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকি বাবত ইংরাজি সন ১৮৬৫ সালের ১১ আগষ্ট মোতাবেক বাঙ্গলা সন ১২৭২ সাল ২৮ শ্রাবণ রোজ শুক্রবার ঐ জেলার কালেকটরি কাছারিতে বিনা ওজর নীলাম ধরা যাইবেক ইংরাজি সন ১৮৬৫ সাল তারিখ ২০ জুলাই মোতাবেক সন ১২৭২ সাল তারিখ ৬ শ্রাবণ।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

| তালুকের রেজিষ্টরির নম্বর | মহাল ও পরগনার নাম | তালুকদারের নাম | মোট সদর জমা | কৈফিয়ৎ |
|---|---|---|---|---|
| ৯ | কীং পঃ মাগুরা ওং কীং চেতলা ওং | কালীপ্রসাদ রায় ওং | মায় খালাড়ী ৯২৮।/৩। | |
| ১৪ | কীং পঃ মাগুরা ওং কীং চেতলা ওং | রাধাচরণ রায় ওং | মায় খালাড়ী ৮৭৮৬৶/৭৸ | |
| ১৫২ | কীং পঃ খাসপুর কীং শ্রীরামপুর ওং | রাধামোহন মণ্ডল | ৭০২৷৵৭ | |
| ৩১৪ | কীং পঃ মুড়াগাছা মৌং হরিনারায়ণপুর ওং | নছমিনারায়ণ রায় ওং | মায় খালাড়ী ১২১২০৶৯ | সন ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে নছমিনারায়ণ রায় ওগয়রহর হিস্যা ।৵৭৵১৭ আনা যাহার সদর জমা ৮১০৬।৶৩ টাকা তাহার কিস্তী নাং জুন ৩৬৬।/৪ টাকা বাকী ২৮ জুন তারিখে আদায় না হওয়াতে নীলাম ধরা গেল। |
| ৯৫৭ | কীং পঃ আগড়পাড়া কীং আগড়পাড়া ওং | শ্রীনাথ রায় ওং | ৫১৪।৬ | |
| ১৩৫৭ | পঃ বুড়ন মৌং ভৈরবপুর ওং | ফকীরচাঁদ মজুমদার | ৭৯৮/৩ | |
| ১৮৪০ | পঃ বুড়ন মৌং বেঞ্চাকারী দিগর | রায় মথুরানাথ চৌধুরী ওং | ৭১২।৵১১৸ | |

A. J. R. BAINSBRIDGE,
*Offg. Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১ আগষ্ট।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত জাম্স জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 8, 1865.

মঙ্গলবার ১৮৬৫ সালি ৮ আগষ্ট।

## CIRCULAR ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

*(Criminal Side.)*

No. 5.

From H. T. Prinsep, Esq., Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to all Magistrates in the Regulation and Non-Regulation Provinces,—(dated Calcutta, the 5th July 1865.)

For the purpose of enabling Magistrates to ascertain whether parties charged before them with heinous offences, have been previously convicted of any of the offences for which enhancement of punishment is provided, on a second or subsequent conviction by Section 75, Act XLV. of 1860, and Section 4, Act VI. of 1864, and for purposes of general statistical information; the High Court are pleased to direct that Registers be opened, in Magistrates' Offices, in the form appended to this Circular. These Registers should contain the names of parties convicted of any of the crimes specified below, and should be in the Bengalee or Urdu language and character varying according to the Vernacular of the District.

1. Offences relating to Coin and Government Stamps (Chapter XII, P. C.)

## বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরকুলের অর্ডর।

(ফৌজদারী পক্ষ।)

৫ নম্বর।

আইনের অধীন ও আইনবহির্ভূত প্রদেশের সকল মাজিষ্ট্রেটের নিকটে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়মের হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র।

কলিকাতা ১৮৬৫ সাল ৫ জুলাই।

যেং অপরাধ প্রযুক্ত দ্বিতীয় প্রভৃতি বার দোষীকৃত হইলে ১৮৬০ সালের ৪৫ আইনের ৭৫ ধারাতে ও ১৮৬৪ সালের ৬ আইনের ৪ ধারাতে দণ্ড বৃদ্ধি করিবার বিধান আছে, মাজিষ্ট্রেটের সম্মুখে গুরুতর অপরাধী বলিয়া অভিযুক্ত ব্যক্তিরা তাহার মধ্যে কোন অপরাধ প্রযুক্ত পূর্ব্বে দোষীকৃত হইয়াছে কি না, ইহা জানিবার উপায় মাজিষ্ট্রেটদিগকে করিয়া দিবার জন্যে, এবং সংখ্যাসম্বলিত সাধারণ জ্ঞান পাইবার সুবিধার্থে, হাই কোর্ট এই আদেশ করিতেছেন যে মাজিষ্ট্রেটদিগের কার্য্যালয়ে এই সরকুলর অর্ডরের শেষে সংযুক্ত পাঠে রেজিষ্টর প্রস্তুত করিতে হইবে। পশ্চাৎ লিখিত কোন অপরাধ প্রযুক্ত যে ব্যক্তিরা দোষীকৃত হইয়াছে সেই ব্যক্তিদের নাম উক্ত রেজিষ্টরে থাকিবে, এবং জিলার চলিত ভাষা বুঝিয়া বাঙ্গলা অথবা উর্দ্দু ভাষাতে ও অক্ষরে তাহা লিখিতে হইবে।

(১) মুদ্রা ও গবর্ণমেণ্টের ইষ্টাম্প সম্পর্কীয় অপরাধ। (দণ্ডবিধির আইনের ১২ অধ্যায়।)

2. Offences against Property (Chapter XVII, P. C.)

3. Giving or fabricating false evidence (Sections 193 to 195, P. C.)

4. Falsely charging any person with having committed an unnatural offence (Sections 211 and 377, P. C.)

5. Assaulting or using criminal force to any woman with intent to outrage her modesty (Section 354, P. C.)

6. Rape (Section 375, P. C.)

7. Unnatural offences (Section 377, P. C.)

8. Forgery (Sections, 465, 466, 467, 468, 469, P. C.)

Culpable homicide (Section 304.)

Causing grievous hurt (Sections 323, to 326), and (Sections 329, 331, 333, 335, 338.)

2. Every conviction, as sentence is passed, must be entered in the Office of the Magistrate of the District by the Officer whose duty it is to keep the Register of convictions. In cases committed to the Sessions, the entry will be made on sentence being passed by the Sessions Judge. If a prisoner be released on appeal, whether by the Judge or by the Magistrate, a note should be made in the column of remarks of the date and purport of the order of the Appellate Court.

3. Similar Registers should be kept up in the same manner by Sub-Divisional Officers regarding the offences specified which may have been committed within their respective jurisdictions, and for which any persons may have been convicted. These Officers should report to the Magistrates the entries of the past month regularly at the commencement of each successive month for incorporation in the general District Register.

4. To ensure the proper preparation and keeping up of the Register, the Magistrate or other Magisterial authority in charge shall require the Officer whose duty it is to prepare it to bring the Register for his inspection and signature at least once every week.

5. At the close of the year, an Alphabetical Register of the parties convicted within the 12 months should be made for facility of reference, and at the close of every fifth year an Alphabetical Register should be prepared from the Alphabetical Registers of the previous five years.

6. When a prisoner has been convicted more than once, a note to that effect should be made against his name in the Register opened for that purpose.

(২) সম্পত্তির উপর অপরাধ। (দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়।)

(৩) মিথ্যা প্রমাণ দেওন কি প্রস্তুত করণ। (দণ্ডবিধির আইনের ১৯৩ ও ১৯৪ ও ১৯৫ ধারা।)

(৪) অস্বাভাবিক অভিগমন করিয়াছে বলিয়া কোন ব্যক্তির নামে মিথ্যা অভিযোগ করণ। (দণ্ডবিধির আইনের ২১১ ও ৩৭৭ ধারা।)

(৫) কোন স্ত্রীলোকের লজ্জাশীলতার প্রতি অত্যাচার করিবার অভিপ্রায়ে আক্রমণ করণ কি অপরাধযুক্ত বল প্রকাশ করণ। (দণ্ডবিধির আইনের ৩৫৪ ধারা।)

(৬) বলাৎকার করণ। (দণ্ডবিধির আইনের ৩৭৫ ধারা।)

(৭) অস্বাভাবিক অভিগমনের অপরাধ করণ। (দণ্ডবিধির আইনের ৩৭৭ ধারা।)

(৮) জাল করণ। (দণ্ডবিধির আইনের ৪৬৫, ৪৬৬, ৪৬৭, ৪৬৮, ও ৪৬৯ ধারা।)

অপরাধযুক্ত নরহত্যা করণ। (৩০৪ ধারা।)

গুরুতর পীড়া জন্মাওন। (৩২৩ অবধি ৩২৬ পর্য্যন্ত ও ৩২৯ ও ৩৩১ ও ৩৩৩ ও ৩৩৫ ও ৩৩৮ ধারা।)

২। কোন ব্যক্তি দোষীকৃত হইলে দণ্ডাজ্ঞা প্রচারিত হইবামাত্র জিলার মাজিষ্ট্রেটের কার্য্যালয়ে সেই দোষী করণের কথা লিখিতে হইবে। দোষী করণের রেজিষ্টর রাখা যে কার্য্যকারকের কর্ত্তব্য তিনি তাহা লিখিবেন। মোকদ্দমা সেশনে সমর্পিত হইলে সেশন জজ সাহেবের দ্বারা দণ্ডাজ্ঞা প্রচারিত হইবামাত্রে ঐ কথা লিখিতে হইবে। কয়েদী যদি আপীলক্রমে জজ কি মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা মুক্ত হয়, তবে মন্তব্যের ঘরে আপীল আদালতের আজ্ঞার তারিখ ও মর্ম্ম বিষয়ক মন্তব্য লিখিতে হইবে।

৩। জিলাখণ্ডের কার্য্যকারকদের উচিত যে পূর্ব্বনির্দ্দিষ্ট সকল অপরাধ বিষয়ক তদ্রূপ রেজিষ্টর, অর্থাৎ তাঁহাদের বিচারাধিপত্যের সীমার মধ্যে তদ্রূপ যেং অপরাধ করা যায় ও তৎপ্রযুক্ত যে ব্যক্তিরা দোষীকৃত হয়, তৎপ্রকাশক রেজিষ্টর সেই মতে রাখেন। সেই রেজিষ্টরে একং মাসে যেং কথা লেখা যায় তাহা পর মাসের আরম্ভকালে উক্ত কার্য্যকারকেরা মাজিষ্ট্রেট সাহেবদিগকে জানাইবেন, তাহাতে জিলার সাধারণ রেজিষ্টরে সেই সকল কথা তোলা যাইবে।

৪। উক্ত রেজিষ্টর যে উচিতমতে প্রস্তুত হয় ও রাখা যায় ইহা নিশ্চয় করিবার অভিপ্রায়ে মাজিষ্ট্রেট সাহেব কি ভারপ্রাপ্ত অথচ মাজিষ্ট্রেটের ক্ষমতাবিশিষ্ট অন্য কর্ত্তৃপক্ষ ঐ রেজিষ্টর প্রস্তুত করণে নিযুক্ত কর্ম্মচারিকে অন্ততঃ সপ্তাহের মধ্যে একবার আপনার নিরীক্ষণ ও স্বাক্ষর করণোপলক্ষে আপনার নিকটে ঐ রেজিষ্টর আনিবার আজ্ঞা দিবেন।

৫। ঐ রেজিষ্টরের কথা নিরীক্ষণ সহজ করিবার অভিপ্রায়ে প্রত্যেক বৎসরের শেষে সেই বৎসরের মধ্যে দোষীকৃত ব্যক্তিদের বর্ণাবলিক্রমে রেজিষ্টর প্রস্তুত করিতে হইবে, ও পাঁচং বৎসরের শেষে সেই পাঁচ বৎসরের পাঁচ খান বর্ণাবলিক্রমের রেজিষ্টর দেখিয়া বর্ণাবলিক্রমে এক রেজিষ্টর প্রস্তুত করিতে হইবে।

৬। যে কয়েদী একের অধিক বার দোষীকৃত হইয়াছে, উক্ত অভিপ্রায়ের জন্যে প্রস্তুত রেজিষ্টরে তাহার নামের পার্শ্বে সেই মর্ম্মের মন্তব্য লিখিতে হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ৮ আগষ্ট।]

7. For the purpose of giving the foregoing Rules retrospective effect, an Alphabetical Register should be at once prepared in the form prescribed in this Circular Order of parties convicted since the date on which the Penal Code came into force, *i. e.*, from the 1st January 1862 to the end of 1864, the requisite information being derived from the Register of convictions in the charge of the Record-keeper and of the Jailor.

By Order of the High Court,

H. T. PRINSEP,

*Registrar.*

৭। পূর্ব্বলিখিত সকল বিধিকে অতীতকালাপেক্ষী বল দিবার জন্যে অবিলম্বে এই সরকুলর অর্ডরের নির্দ্দিষ্ট পাঠে যে সকল ব্যক্তিরা দণ্ডবিধির আইন প্রবল হইবার তারিখ অবধি অর্থাৎ ১৮৬২ সালের জানু-আরি মাসের ১ তারিখ অবধি ১৮৬৪ সালের শেষ পর্য্যন্ত দোষীকৃত হইয়াছে, বর্ণাবলিক্রমে তাহাদের রেজিষ্টর করিতে হইবে। তজ্জন্য যেং কথা জানা আবশ্যক তাহা রিকার্ডের রক্ষক ও জেলরের হস্তগত দোষীকরণের রেজিষ্টর দেখিয়া পাওয়া যাইতে পারিবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ টি প্রিন্‌সেপ,

রেজিষ্ট্রার।

| Name of the Prisoner (including his alias if any). | Name of his Father. | Residence. | Profession or Trade. | Caste. | Age or supposed age. | Height. | Personal marks, such as squint, lameness, loss of limb, permanent scars, &c. | Of what offence convicted. | Date of conviction. | Sentence passed. | Previous conviction. | Remarks. |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | |

| কয়েদীর নাম। (তাহার অন্য নাম থাকিলে তাহাও দিতে হইবে)। | তাহার পিতার নাম। | বাসস্থান। | কর্ম্ম কি ব্যবসা। | জাতি। | বয়স বা আনুমানিক বয়স। | দৈর্ঘ্য। | ঢেরা কি খোঁড়া কি বিকলাঙ্গ কি চিরস্থায়ি কোন দাগ বিশিষ্ট ইত্যাদি শরীরের চিহ্ন কি লক্ষণ। | যে অপরাধে দোষীকৃত হইল। | দোষীকৃত হওনের তারিখ। | যে দণ্ডের আজ্ঞা হইয়াছে। | পূর্ব্ব বার দোষীকৃত হওন। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | |

J. WENGER, *Offg. Bengalee Translator.*

[*Government Gazette*, 8*th August* 1865.]

## HOME DEPARTMENT.

No. 388.

*The 24th July* 1865.

Her Majesty has been pleased to appoint Elphinstone Jackson, Esq., to be a Judge of the High Court of Judicature at Fort William in Bengal, from the 25th May last.

No. 393.

Her Majesty has been pleased to appoint Arthur George Macpherson, Esq., Barrister-at-Law, to be a Judge of the High Court of Judicature at Fort William in Bengal, from the 23rd May last.

No. 431.

*The 26th July* 1865.

Lieutenant-General Sir Robert Napier, K. C. B., has resigned his appointment as a Member of the Council of the Governor General of India, with effect from the 10th of March 1865, the date of his departure from Calcutta.

The Hon'ble George Noble Taylor will accordingly be held to have assumed permanently the office of an Ordinary Member of the Governor General's Council from that date, and Colonel the Hon'ble H. M. Durand, C. B., to have filled the vacancy caused by the resignation of the Hon'ble H. B. Harrington, notified under date the 27th April 1865.

E. C. Bayley,
*Secy. to the Govt. of India.*

## ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 4677.

APPOINTMENTS.

*The 11th July* 1865.

The following Assistant Superintendents of Police are transferred, *viz.* :—

Lieutenant H. M. Ramsay from Maunbhoom to Beerbhoom.

Mr. J. B. Birch from Monghyr to Maunbhoom.

*The 19th July* 1865.

Mr. A. H. Giles to officiate as District Superintendent of Police of Nuddea, during the absence, on leave, of Lieutenant W. B. Birch, or until further orders.

## হোম ডিপার্টমেণ্ট।

৩৮৮ নম্বর।

১৮৬৫ সাল ২৪ জুলাই।

শ্রীশ্রীমতী মহারাণী শ্রীযুত এলফিনষ্টন জাকসন্ সাহেবকে গত মে মাসের ২৫ তারিখ অবধি বঙ্গদেশের অন্তর্গত ফোর্ট উলিয়মে স্থিত হাই কোর্টের জজের পদে নিযুক্ত করিয়াছেন।

৩৯৩ নম্বর।

শ্রীশ্রীমতী মহারাণী বারিষ্টর শ্রীযুত আর্থর জর্জ মাকফর্সন সাহেবকে গত মে মাসের ২৩ তারিখ অবধি বঙ্গদেশের অন্তর্গত ফোর্ট উলিয়মে স্থিত হাই কোর্টের জজের পদে নিযুক্ত করিয়াছেন।

৪৩১ নম্বর।

১৮৬৫ সাল ২৬ জুলাই।

লেপ্টেনেণ্ট জেনরল শ্রীযুত সর রবার্ট নেপিয়র, কে সি বি, সাহেব ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার মেম্বরের পদ ত্যাগ করিয়াছেন। উক্ত পদ ত্যাগ করণ ১৮৬৫ সালের মার্চ মাসের ১০ তারিখ অবধি অর্থাৎ তাঁহার কলিকাতাহইতে যাত্রা করিবার তারিখ অবধি সফল হইবে।

অতএব মান্যবর শ্রীযুত জর্জ্জ নোবল টেলর সাহেব সেই তারিখ অবধি শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভার নৈয়মিক মেম্বরের পদে চিরস্থায়িরূপে নিযুক্ত বলিয়া গণ্য হইবেন, এবং মান্যবর শ্রীযুত এচ বি হারিংটন সাহেবের যে পদত্যাগের কথা ১৮৬৫ সালের ২৭ এপ্রেল তারিখের বিজ্ঞাপনে প্রকাশিত হয়, তৎক্রমে যে আসন শূন্য হইয়াছিল তাহাতে মান্যবর শ্রীযুত এচ এম ডুরাণ্ড সাহেব আরূঢ় বলিয়া গণ্য হইবেন।

ই সি বেলী,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৪৬৭৭ নম্বর।

নিয়োগ।

১৮৬৫ সাল ১১ জুলাই।

পশ্চাৎ লিখিত পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবেরা স্থানান্তরে নিযুক্ত হইয়াছেন, অর্থাৎ—

মানভূমহইতে বীরভূমে, লেপ্টেনেণ্ট শ্রীযুত এচ এম রামসে সাহেব।

মুঙ্গেরহইতে মানভূমে, শ্রীযুত জে বি বর্চ সাহেব।

১৮৬৫ সাল ১৯ জুলাই।

লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ বি বর্চ সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এ এচ জাইল্‌স সাহেব নদীয়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

*The 22nd July 1865.*

Mr. J. C. Geddes, Officiating Deputy Commissioner of the Eastern Dooars of Bootan, is vested with the powers of a Magistrate in Gowalparah.

Mr. J. A. Graham, Assistant Commissioner of Darjeeling, is authorized, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

Baboo Chumpuck Narain, Moonsiff of Luckimpore, is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class described in Section XXII. of the Code of Criminal Procedure, (Act XXV. of 1861.)

The following gentlemen to be Municipal Commissioners, under Act III. (B. C.) of 1864, for the Towns mentioned against their respective names, *viz.* :—

| | |
|---|---|
| Mr. A. C. Howard | ... Patna. |
| Captain H. E. Waller | ... Monghyr. |
| Mr. R. W. King | ... Darjeeling. |
| Captain A. Francis | ... Bhaugulpore. |
| „ G. J. Reeves | ... Gya. |
| Lieut. R. M. Skinner | ... Chuprah. |
| Major C. P St. | ... Arrah. |
| Captain J. Cent. Daunt | ... Mozufferpore. |
| Lieut. H. B. Sanderson | ... Hooghly. |
| Captain W. Gordon | ... Howrah. |
| „ D. H. Osborn | ... Burdwan. |

Baboo Denonath Burroah to officiate as Moonsiff of Burpetah, during the absence, on leave, of Baboo Sreegobind Biswas, or until further orders.

Baboo Jonardun Bhooia to officiate as Moonsiff of Nowgong.

*The 24th July 1865.*

Lieutenant L. J. H. Grey, Assistant Commissioner of Mungledye, is vested with powers to try cases under Act XIII. of 1859.

*The 26th July 1865.*

Mr. C. G. Baker, v. c., to be Deputy Inspector-General of Police in the Dooars of Bootan, but to continue to officiate, until further orders, as Deputy Inspector-General of the Fifth Circle.

Captain W. R. Gordon to officiate as Deputy Inspector-General of Police in the Dooars of Bootan.

The above appointments will have effect from the 21st ultimo.

Mr. J. Patch to officiate temporarily as District Superintendent of Police of Maldah.

১৮৬৫ সাল ২২ জুলাই।

ভূটানের পূর্ব্ব দুয়ারের একটিং ডেপুটী কমিসানর শ্রীযুত জে সি জেডেস্ সাহেব গোয়ালপাড়ার মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

দার্জ্জিলিঙ্গের আসিষ্টান্ট কমিসানর শ্রীযুত জে এ গ্রেহাম সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথমস্থলায় অনুসন্ধান করিতে ও উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে, কি তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে, ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

লক্ষ্মীপুরের মুনসেফ শ্রীযুত চম্পাকনারায়ণ বাবু ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫ আইনের) ২২ ধারার নির্দ্দিষ্ট মতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা আপন২ নামের পার্শ্বে লিখিত শহরে বঙ্গদেশের ১৮৬৪ সালের ৩ আইনমতে মুনিসিপল কমিসানর হইবেন, অর্থাৎ—

| | |
|---|---|
| শ্রীযুত এ সি হাউয়ার্ড সাহেব ... | পাটনায়। |
| কাপ্তান শ্রীযুত এচ ই ওয়ালার সাহেব | মুঙ্গেরে। |
| শ্রীযুত আর ডবলিউ কিং সাহেব ... | দার্জ্জিলিঙ্গে। |
| কাপ্তান শ্রীযুত এ ফ্রান্সিস সাহেব ... | ভাগলপুরে। |
| „ „ জি জে রীবস সাহেব ... | গয়ায়। |
| লেপ্টেনেন্ট শ্রীযুত আর এম স্কিনর সাহেব | ছাপরায়। |
| মেজর শ্রীযুত সি রিয়ে সাহেব .. | আরায়। |
| কাপ্তান শ্রীযুত জে সি সি ডান্ট সাহেব | মজফরপুরে। |
| লেপ্টেনেন্ট শ্রীযুত এচ বি সাণ্ডর্সন সাহেব | হুগলীতে। |
| কাপ্তান শ্রীযুত ডবলিউ গর্ডন সাহেব | হাবড়ায়। |
| „ „ ডি এচ অসবর্ণ সাহেব | বর্দ্ধমানে। |

শ্রীযুত বাবু শ্রীগোবিন্দ বিশ্বাসের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু দীননাথ বড়ুয়া বড়পেটার মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু জনার্দ্দন ভূঁয়ে নৌগাঁয়ের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৬৫ সাল ২৪ জুলাই।

মঙ্গলদায়ীর আসিষ্টান্ট কমিসানর লেপ্টেনেন্ট শ্রীযুত এল জে এচ গ্রে সাহেব ১৮৫৯ সালের ১৩ আইন মতের মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৫ সাল ২৬ জুলাই।

শ্রীযুত সি জি বেকর সাহেব বি, সি, ভুটান দুয়ারে পোলীসের ডেপুটী ইনস্পেকুটর জেনরল হইবেন. কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পঞ্চম চক্রের ডেপুটী ইন্‌স্পেকুটর জেনরলের কর্ম্ম করিতে থাকিবেন।

কাপ্তান শ্রীযুত ডবলিউ আর গর্ডন সাহেব ভুটান দুয়ারে পোলীসের ডেপুটী ইন্‌স্পেকুটর জেনরলের কর্ম্ম করিবেন।

উপরোক্ত নিয়োগ গত মাসের ২১ তারিখ অবধি সফল হইবে।

শ্রীযুত জে প্যাচ সাহেব কিয়ৎকালের নিমিত্তে মালদহের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপারিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

Mr. E. H. Whinfield to officiate as Joint-Magistrate and Deputy Collector of Sarun, during the absence, on deputation, of Mr. J. Monro, or until further orders.

Mr. S. C. Hampton, Deputy Magistrate and Deputy Collector of Patna, to have charge of the Sub-Division of Barh.

Mr. T. T. Allen to officiate as Joint Magistrate and Deputy Collector of Tipperah, during the absence, on deputation, of Mr. F. G. Millett, or until further orders.

This cancels Mr. Allen's appointment to Mymensing, notified in the *Calcutta Gazette* of the 12th July 1865.

Mr. R. F. Rampini to be Assistant to the Magistrate and Collector of Moorshedabad, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class, described in Section XXII. of the Code of Criminal Procedure, (Act XXV. of 1861.)

Baboo Chumpuck Narain, Moonsiff of Luckimpore, is vested with the powers of a Deputy Collector.

*The 27th July* 1865.

The following promotions in the Police are sanctioned, *viz.:*—

Captain G. J. Reeves to be a District Superintendent of the Second Grade.

Captain J. C. C. Daunt, v. c., to be District Superintendent of the Third Grade.

Lieutenant T. H. Lewin }
Captain H. E. Waller ... } To be District Superintendents of the Fourth Grade.

Lieutenant H. B. Sanderson }
Lieutenant W. Howey ... }
Captain W. Gordon ... }
Mr. J. H. Thompson ... } To be District Superintendents of the Fifth Grade.

Mr. R. Grant ... }
" C. H. Malpas ... }
" A. H. Giles ... }
" D. Lacey ... }
" D. W. Ritchie ... }
" E. O. White ... } To be Assistant Superintendents of the First Grade.

শ্রীযুত জে মনরো সাহেবের রাজকীয় কর্ম্মোপলক্ষে গমনজন্য অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত ই এচ উইনফিল্ড সাহেব সারণের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

পাটনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এস সি হাম্পটন সাহেব বাঢ় জিলাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন।

শ্রীযুত এফ জি মিলেট সাহেবের রাজকীয় কার্য্যোপলক্ষে গমনজন্য অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত টি টি আলেন সাহেব ত্রিপুরার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত আলেন সাহেবের ময়মনসিংহে নিযুক্ত হইবার যে কথা ১৮৬৫ সালের ১৮ জুলাই তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ইহাতে রহিত হইল।

শ্রীযুত আর এফ রাম্পীনি সাহেব মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন, ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫ আইনের) ২২ ধারার নির্দ্দিষ্ট মতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

লক্ষ্মীপুরের মুনসেফ শ্রীযুত চম্পকনারায়ণ বাবু ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৫ সাল ২৭ জুলাই।

পোলীসের পশ্চাৎ লিখিত পদ বৃদ্ধি অনুমোদিত হইয়াছে, অর্থাৎ—

কাপ্তান শ্রীযুত জি জে রীবস সাহেব দ্বিতীয় শ্রেণীর ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

কাপ্তান শ্রীযুত জে সি সি ডান্ট সাহেব, বি সি, তৃতীয় শ্রেণীর ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত টি এচ লুইন সাহেব, ও }
কাপ্তান শ্রীযুত এচ ই ওয়ালর সাহেব। } চতুর্থ শ্রেণীর ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

লেপ্টেনেন্ট শ্রীযুত এচ বি সাণ্ডর্সন সাহেব, ও }
লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ হৌয়ে সাহেব, ও }
কাপ্তান শ্রীযুত ডবলিউ গর্ডন সাহেব ও }
শ্রীযুত জে এচ তামসন সাহেব। } পঞ্চম শ্রেণীর ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত আর গ্রাণ্ট সাহেব, ও }
" সি এচ মালপাস সাহেব, ও }
শ্রীযুত এ এচ জাইলস সাহেব, ও }
শ্রীযুত ডি লেসী সাহেব, ও }
শ্রীযুত ডি ডবলিউ রিচি সাহেব, ও }
শ্রীযুত ই ও ওরাইট সাহেব } প্রথম শ্রেণীর আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

| | |
|---|---|
| Mr. M. B. Rochfort ... <br> " J. Patch ... <br> " A. Blair ... <br> " W. D. Pratt ... | To be Assistant Superintendents of the Second Grade. |

Dr. G. N. Nill to officiate temporarily as Medical Officer of Monghyr.

Mr. T. W. Gribble to be an Assistant Commissioner in the Western Dooars of Bootan.

## LEAVE OF ABSENCE.

*The 22nd July* 1865.

Mr. C. P. Crouch, Assistant Superintendent of Police, Cuttack, for one month, from the 8th proximo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Baboo Sree Gobind Biswas, Moonsiff of Burpetah, for six months, from the 3rd May last, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

*The 24th July* 1865.

Baboo Mohun Chunder Burroah, Sudder Ameen of Gowhatty, for three months, from the 16th proximo, under the Financial Notification dated 31st July 1863.

*The 26th July* 1865.

Captain R. Stewart, Deputy Commissioner of Cachar, for twenty days, under Section VIII. of the Covenanted S[illegible] Absentee Rules, from the date on which he [illegible] avail himself of the leave, making over charge of his office to the Assistant Commissioner.

The Revd. F. W. Ellis, Chaplain of Dum-Dum, for eighteen months, on Medical Certificate, under Section 11 of the new Military Furlough Regulations.

## NOTIFICATION.

*The 27th July* 1865.

The services of Dr. J. M. Cameron, Civil Assistant Surgeon of Monghyr, and of Dr. S. Delpratt, Civil Assistant Su geon of Hazareebaugh, are placed, temporarily, at the disposal of the Government of India in the Military Department for employment with the Regiments serving in the Dooars of Bootan.

---

## NOTIFICATION.

*The 13th July* 1865.

It is hereby notified that, under the power vested in him by Section II. of Act VII. of 1865, the Lieutenant-Governor has been pleased to declare the undermentioned Tracts to be Government Forests for the purposes contemplated by the Act.

[*Government Gazette,* 8*th August* 1865.]

| | |
|---|---|
| শ্রীযুত এম বি রচফোর্ট সাহেব, ও <br> শ্রীযুত জে প্যাচ সাহেব, ও <br> " এ ব্লের সাহেব, ও <br> " ডবলিউ ডি প্রাট সাহেব। | দ্বিতীয় শ্রেণীর আসিস্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন। |

ডাক্তর শ্রীযুত জি এন নিল সাহেব কিয়ৎকালের নিমিত্তে মুঙ্গেরের চিকিৎসকের কর্ম্ম করিবেন।

শ্রীযুত টি ডবলিউ গ্রিবল সাহেব ভুটানের পশ্চিম দুয়ারে আসিস্টান্ট কমিস্যনর হইবেন।

## ছুটী।

১৮৬৫ সাল ২২ জুলাই।

কটকের পোলীসের আসিস্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত সি পি ক্রৌচ সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে আগামি মাসের ৮ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বড়পেটার মুনসেফ শ্রীযুত বাবু শ্রীগোবিন্দ বিশ্বাস অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে গত মে মাসের ৩ তারিখ অবধি ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৫ সাল ২৪ জুলাই।

গৌহাটীর সদর আমীন শ্রীযুত বাবু মোহনচন্দ্র বড়ুয়া ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৬৩ সালের ৩১ জুলাই তারিখের বিজ্ঞাপনমতে আগামি মাসের ১৬ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৫ সাল ২৬ জুলাই।

কাছাড়ের ডেপুটী কমিস্যনর কাপ্তান শ্রীযুত আর ষ্টুয়ার্ট সাহেব যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৮ ধারামতে বিংশতি দিনের ছুটী পাইয়াছেন। তিনি আপন কার্য্যালয়ের ভার আসিস্টান্ট কমিস্যনরের প্রতি অর্পণ করিবেন।

দমদমার পুরোহিত পাদরী শ্রীযুত এফ ডবলিউ এলিস সাহেব চিকিৎসকের সার্টিফিকুট ক্রমে সৈন্য সম্পর্কীয় নিয়মিত ছুটীর নূতন বিধির ১১ ধারামতে আঠার মাসের ছুটী পাইয়াছেন।

## বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ২৭ জুলাই।

মুঙ্গেরের সিবিল আসিস্টান্ট চিকিৎসক ডাক্তর শ্রীযুত জে এম কেঁমরণ সাহেব ও হাজারিবাগের সিবিল আসিস্টান্ট চিকিৎসক ডাক্তর শ্রীযুত এস ডেলপ্রাট সাহেব ভুটান দুয়ারে কর্ম্মকারি সৈন্যদল সম্বন্ধীয় কর্ম্মে নিযুক্ত হইবার নিমিত্তে কিয়ৎকালের জন্যে মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের আজ্ঞাধীন হইয়াছেন।

---

## বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ১৩ জুলাই।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৫ সালের ৭ আইনের ২ ধারার বলে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি আজ্ঞা করিতেছেন যে পশ্চাৎ লিখিত সকল ভূমি উক্ত আইনের অভিপ্রায় সাধনার্থে রাজকীয় বন হইবে।

1. All the Forest Lands in Darjeeling (with the exception of the Goompahar Range,) at or above an elevation of 6,000 feet, hitherto reserved from sale under the Waste Land Rules, as notified in the *Calcutta Gazette* of the 21st December 1864, page 2268.

2. The reserved Lands of the Lebong Spur, from Mr. Grant's location to Ging.

3. All the Sâl Forests in the Valley of the Teesta, the Great Rungeet, and the Burnaum, in British Sikkim. Also, the Sâl Forests on the left bank of the Teesta, and lying in the recently acquired Territory of Bootan.

4. All the Sâl Forests of the Terai Districts reserved from sale under the Waste Land Rules.

The Rules under which the Forests are to be managed will be published when they receive the sanction of the Governor General in Council.

---

NOTIFICATION.

*The 16th July* 1865.

A case having lately come before the Lieutenant-Governor, in which doubts were entertained as to whether the receipt of commission on purchases by a public servant was a legal remuneration or not, it is hereby notified that any such commission, or any gratification or payment, the receipt of which is not specially sanctioned by Government, is not a legal remuneration within the meaning of Section 161, Cap. IX. of Act XLV. of 1860.

---

NOTIFICATION.

*The 26th July* 1865.

Act No. XVI. of 1864, (to provide for the Registration of Assurances) is hereby extended to all parts of the Lieutenant-Governorship of Bengal, not included in the Presidency of Bengal, except the Tributary Mehals of Cuttack and Chota Nagpore, and the Hill Tracts of Chittagong.

---

The following Orders issued by the Government of India, Home Department, are re-published for general information :—

*No.* 245.

*Simla, the 19th July* 1865.

Messrs. * * * and R. F. Rampini, Junior Civil Servants, having obtained certificates of high proficiency in Hindi and Bengali, respectively, have each been presented with the authorized donation of Rupees 800.

*No.* 248.

The Governor General in Council is pleased to attach Mr. R. F. Rampini, of the Civil Service, reported qualified for the public service

১। গুমপাহাড় শ্রেণীভিন্ন দার্জিলিঙ্গের অন্তর্গত অন্য যে সকল বনভূমি সমুদ্রপৃষ্ঠ অপেক্ষা ৬০০০ ফুট কি তদপেক্ষা উচ্চ তাহা। ১৮৬৪ সালের ২১ ডিসেম্বর তারিখের বাঙ্গলা গেজেটের ১৩২৪ পৃষ্ঠায় প্রকাশিত বিজ্ঞাপন মতে তাহা পতিত ভূমি বিক্রয়ের বিধির বলে বিক্রয়হইতে অদ্যাপি রক্ষিত হইয়া আসিতেছে।

২। শ্রীযুত গ্রাণ্ট সাহেবের বাটীহইতে জিং পর্য্যন্ত লিবং নামে পর্ব্বতনাসিকার রক্ষিত ভূমি।

৩। ব্রিটনীয় সিকিমের অন্তর্গত তীস্টা ও বৃহৎ রনজীৎ ও বরনাম এই২ উপত্যকার শাল বন। আরও তীস্টার বাম তটে স্থিত অথচ সম্প্রতি প্রাপ্ত ভূটান দেশের মধ্যগত শাল বন।

৪। তেরাই জিলার অন্তর্গত যে সকল শাল বন পতিত ভূমি বিক্রয়ের বিধির বলে বিক্রয়হইতে রক্ষিত হইল তাহা।

যে২ বিধিমতে বন সকলের তত্ত্বাবধান করিতে হইবে তাহা মন্ত্রিসভাগত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমোদিত হইলে প্রকাশ করা যাইবে।

---

বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ১৬ জুলাই।

সম্প্রতি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সম্মুখে এক বিষয় উপস্থিত হইয়াছে, তাহাতে রাজকীয় কর্ম্মচারিদ্বারা দ্রব্য ক্রয়ের উপর কমিসান লাভ আইনমতের বেতন বলিয়া গণ্য কি না এই সন্দেহ হইয়াছিল, অতএব ইহাদ্বারা জানান যাইতেছে যে উক্তরূপ কোন কমিসান কি পারিতোষিক কি দান গ্রহণ বিষয়ে বিশেষরূপে গবর্ণমেণ্টের অনুমোদন না হইলে ১৮৬০ সালের ৪৫ আইনের ৯ অধ্যায়ের ১৬১ ধারার অর্থমতে তাহা আইনমতের বেতন বলিয়া গণ্য হয় না।

---

বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ২৬ জুলাই।

কটকের ও ছোট নাগপুরের করদায়ি মহাল ও চাটিগাঁয়ের পর্ব্বতীয় দেশ ভিন্ন অন্য যে সকল স্থান বঙ্গ প্রেসিডেন্সীতে পরিগৃহীত না হইলেও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবেরকর্ত্তৃত্বাধীন আছে সেই২ সকল স্থানে ১৮৬৪ সালের ১৬ আইন (অর্থাৎ নিদর্শনপত্রাদি রেজিষ্টরী করিবার বিধান করণার্থ আইন) ইহাদ্বারা প্রবল করা গেল।

---

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের পশ্চাল্লিখিত যে আজ্ঞা প্রকাশ হয়, তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে পুনর্ব্বার মুদ্রিত হইল।

২৪৫ নম্বর।

সিমলা ১৮৬৫ সাল ১৯ জুলাই।

জুনিয়র সিবিল সর্ব্বেণ্ট শ্রীযুত * * * সাহেব ও শ্রীযুত আর এফ রাম্পীনি সাহেব এই দুই জনের মধ্যে এক জন হিন্দী ও অন্য জন বাঙ্গলা ভাষায় অসাধারণ বুৎপত্তির প্রমাণপত্র প্রাপ্ত হওয়াতে প্রত্যেকে নিয়মিত ৮০০৲ টাকা পুরস্কার পাইয়াছেন।

২৪৮ নম্বর।

মন্ত্রিসভাগত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সিবিল কার্য্য সম্পর্কীয় শ্রীযুত আর এফ রাম্পীনি সাহেবকে রিপোর্টমতে রাজকীয় কর্ম্মের উপযুক্ত জ্ঞান করাতে

to the Bengal Division of the Presidency of Fort William.

*No.* 251.

Messrs. R. F. Rampini and * * Junior Civil Servants, having obtained certificates of high proficiency in Oordoo and Bengali, respectively, have each been presented with the authorized donation of Rupees 800.

---

The following Order issued by the Government of India, Foreign Department, is re-published for general information :—

*No.* 1494.

*General.*

*Simla, the 17th July* 1865.

*Notification.*

The Governor General in Council has been pleased to appoint Mr. W. B. Buckle, C. S., to officiate as Agent to the Governor General at Moorshedabad, during the absence, on leave, of Lieutenant-Colonel W. A. A. Thomson, or until further orders.

Mr. C. H. Campbell appointed to officiate in Orders of 6th instant, will make over the duties of the Agency to Mr. Buckle.

---

The following order issued by the Government of India, Military Department, is re-published for general information.

*No.* 698.

*Simla, the 17th July* 1865.

The undermentioned Officer is permitted to proceed to Europe, on leave of absence, on sick certificate:

| | |
|---|---|
| Surgeon-Major Frederick John Monat, M. D., F. R. C. S., and FEL. U. C., of the Medical Department, Inspector-General of Jails, Lower Provinces. | For twenty months, under the new Regulations. |

---

DECLARATION UNDER SECTION II. OF ACT VI. OF 1857.

WHEREAS it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the purpose of building a new Police Station at Kessurreah, in the District of Chumparun, it is hereby declared that, for the above purpose, a piece of land is

ফোর্ট উলিয়ম রাজধানীর বাঙ্গলা বিভাগে নিযুক্ত করিলেন।

২৫১ নম্বর।

জুনিয়র সিবিল সর্বেন্ট শ্রীযুত আর এফ রাম্পীনি ও শ্রীযুত * * * সাহেব এই দুই জনের মধ্যে এক জন উর্দ্দু ও অন্য জন বাঙ্গলা ভাষায় অসাধারণ ব্যুৎপত্তির প্রমাণপত্র প্রাপ্ত হওয়াতে প্রত্যেকে নিয়মিত ৮০০৲ টাকা পুরস্কার পাইয়াছেন।

---

ফরিন ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের পশ্চাৎ লিখিত যে আজ্ঞা প্রকাশ হয় তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে পুনর্ব্বার মুদ্রিত হইল।

১৪৯৪ নম্বর।

সাধারণ।

সিমলা, ১৮৬৫ সাল ১৭ জুলাই।

বিজ্ঞাপন।

মন্ত্রিসভাগত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব লেপ্টেনেন্ট কর্ণেল শ্রীযুত ডবলিউ এ এ তামসন সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত সিবিল কার্য্য সম্পর্কীয় শ্রীযুত ডবলিউ বি বকল সাহেবকে মুরশিদাবাদে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এজেন্টের কর্ম্ম করণার্থে নিযুক্ত করিয়াছেন।

শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব যিনি এই মাসের ৬ তারিখের আজ্ঞামতে সেই কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন তিনি এজেন্সীর কার্য্য শ্রীযুত বকল সাহেবের প্রতি অর্পণ করিবেন।

---

*To His Excellency the Right Hon'ble the Governor General of India in Council.*

Sir,—I transmit herewith, for the information of your Excellency's Government, copy of a letter received from the Secretary of State for Foreign Affairs, stating that Her Majesty's Government are of opinion that, in the existing state of the Civil war in America, the time has arrived for ceasing to enforce the orders passed in 1862, limiting the stay of vessels of war or privateers of either belligerent visiting British Ports.

Dated 11th May 1865.

I have, &c.,
(Sd.) C. Wood.

---

Foreign Office;
*The 11th May* 1865.

*To the Right Hon'ble Sir Charles Wood, Bart., M. P.*

Sir,—I have the honor to acquaint you that, in the existing state of the Civil war in America, and the uncertainty which may be felt as to its

১৮৬৫ সাল ৪ আগষ্ট।

ময়মুনসিংহের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ এচ তামসন সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ১ আগষ্ট।

গত মে মাসের ৬ তারিখের আজ্ঞামতে তৎকালীন নৌগাঁয়ের ডেপুটী কমিসনর শ্রীযুত এচ সি বি সি রেবান সাহেবকে যে ছুটী দেওয়া গিয়াছিল, তাহা তাঁহার প্রার্থনাক্রমে রহিত হইল।

১৮৬৫ সাল ২ আগষ্ট।

শ্রীযুত ডবলিউ বি বকল সাহেব লেপ্টেনেন্ট কর্ণেল শ্রীযুত ডবলিউ এ এ তামসন সাহেবের স্থানে গত মাসের ৩১ তারিখে শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের মুরশিদাবাদে অবস্থিত এজেন্টের কার্য্যালয়ের ভার গ্রহণ করিলেন।

---

ফরিন ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টহইতে প্রাপ্ত পশ্চাৎলিখিত পত্র ক্রোড়পত্র সুদ্ধ সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

বঙ্গদেশের গবর্ণমেন্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের নিকটে ফরিন ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের একটিং ছোট সেক্রেটারী শ্রীযুত এ কলবিন্ সাহেবের পত্র। (৫৮৫ নম্বর। সিমলা, ১৮৬৫ সাল ৭ জুলাই।)

ভারতবর্ষের পক্ষ শ্রীশ্রীমতী মহারাণীর ষ্টেট সেক্রেটারী সাহেবের গত মে মাসের ৩১ তারিখের ৩৯ নং যে পত্রের নকল ইহার সঙ্গে দেওয়া গেল, মহিমবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের জ্ঞান ও উপদেশার্থে তাহা প্রেরণ করিতে আমার প্রতি আদেশ হইয়াছে।

পলিটিকাল। ৩৯ নং। — ইণ্ডিয়া আফিস, লণ্ডন। ১৮৬৫ সাল ৩১ মে।

মন্ত্রিসভাগত ভারতবর্ষের মহিমবর শ্রীযুত গবর্ণর জেনলর সাহেব সমীপেষু।

ভিন্নদেশীয় ব্যাপার সম্পর্কীয় শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব ১৮৬৫ সালের ১১ মে তারিখে যে পত্র লেখেন, তাহার প্রতিলিপি আপনকার গবর্ণমেন্টের জ্ঞানার্থে প্রেরণ করিতেছি। তদনুসারে আমেরিকার গৃহযুদ্ধের বর্ত্তমান অবস্থা বুঝিয়া শ্রীশ্রীমতী মহারাণীর গবর্ণমেন্টের এমত বোধ হয় যে ব্রিটনীয় বন্দরসমূহে আগমনকারি উভয় পক্ষের সরকারী কি প্রকারান্তরের যুদ্ধজাহাজ থাকিবার কালের সীমা নিরূপক যে রাজাজ্ঞা ১৮৬২ সালে জারী হয়, তাহা আর প্রবল না রাখিবার সময় উপস্থিত হইয়াছে।

সি, উড।

---

ফরিন আফিস। ১৮৬৫ সাল ১১ মে।

মহিমবর শ্রীযুত সর চার্লস উড, বারনেট, এম, পি. সাহেব সমীপেষু।

আমি আপনাকে জ্ঞাত করিতেছি যে আমেরিকার গৃহযুদ্ধের বর্ত্তমান অবস্থা, বিশেষতঃ তাহার স্থায়িত্বের অনিশ্চিতত্ব বুঝিয়া শ্রীশ্রীমতীর গবর্ণমেন্টের বোধ হয় যে

continuance; it appears to Her Majesty's Government that the time has arrived for ceasing to enforce so much of the orders which, in pursuance of my letter of the 31st of January 1862, were issued by the several Departments of Her Majesty's Government, as empowered the authorities of any Port belonging to Her Majesty either in the United Kingdom, or in the Channel Islands, or in any of Her Majesty's Colonies or Foreign Possessions or Dependencies, to require any ship of war or privateer of either belligerent which might enter any port, roadstead, or waters belonging to Her Majesty, in order to obtain provisions or things necessary for the subsistence of her crew, or to effect repairs, to put to sea as soon as possible after the expiration of a period of twenty-four hours, without permitting her to take in supplies beyond what might be necessary for her immediate use; and not to suffer any such vessels as might have been allowed to remain within British waters for the purpose of repair, to continue in any port, roadstead, or waters belonging to Her Majesty, for a longer period than twenty-four hours after her necessary repairs should have been completed, and also so much of the same orders as limited the quantity of coal, and the period within which it might be obtained, to be embarked on board any such ship of war or privateer of either belligerent.

আমার ১৮৬২ সালের ৩১ জানুআরি তারিখের পত্রক্রমে শ্রীশ্রীমতী মহারাণীর গবর্ণমেন্টের ভিন্ন২ ডিপার্টমেন্টের প্রচারিত রাজাজ্ঞাদ্বারা যে পর্য্যন্ত সংযুক্ত রাজ্যের কি চানেলস্থ উপদ্বীপ সকলের কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর কোন উপনিবেশের কি দূরবর্ত্তি অধিকারের কি অধীন দেশের অন্তর্গত কোন বন্দরের কর্ত্তৃপক্ষকে এই ক্ষমতা দেওয়া গিয়াছিল যে, ঐ যুদ্ধকারি পক্ষদ্বয়ের মধ্যে কোন পক্ষের সরকারী কি প্রকারান্তরের কোন যুদ্ধ-জাহাজ মল্লাদের প্রাণধারণোযোগি খাদ্য প্রভৃতি দ্রব্য পাইবার জন্যে কি মেরামৎ হইবার জন্যে শ্রীশ্রীমতী মহা-রাণীর অধিকৃত কোন বন্দরে কি পোতাশ্রয়ে কি জলা-ধিকারে আইলে ঐ কর্ত্তৃপক্ষ তাহাকে অব্যবহিত প্রয়ো-গের জন্যে যাহা আবশ্যক তদতিরিক্ত খাদ্য দ্রব্যাদি গ্রহণ করিতে না দিয়া ২৪ ঘন্টা অতীত হওনানন্তর সাধ্যমতে শীঘ্র সমুদ্রে যাত্রা করিবার আদেশ দিতে পারিবেন, এবং তদ্রূপ কোন জাহাজকে মেরামৎ হই-বার জন্যে ব্রিটনীয় জলাধিকারের মধ্যে থাকিবার অনুমতি দিলে সেই আবশ্যক মেরামৎ সমাপ্ত হইলে পর ২৪ ঘন্টার অধিক কাল পর্য্যন্ত শ্রীশ্রীমতী মহারাণীর কোন বন্দরে কি পোতাশ্রয়ে কি জলাধিকারে থাকিতে দিবেন না সেই পর্য্যন্ত, এবং উক্ত আজ্ঞাদ্বারা যে পর্য্যন্ত উভয় পক্ষের সরকারী কি প্রকারান্তরের কোন যুদ্ধ-জাহাজের গ্রহণীয় কয়লার পরিমাণের সীমা ও তাহা গ্রহণের কালের সীমা নিরূপিত হইয়াছিল সেই পর্য্যন্ত ঐ আজ্ঞা আর প্রবল না রাখিবার সময় উপস্থিত হইয়াছে।

I have addressed a similar letter to the Secretaries of State for the Home, Colonial, and War Departments, to the Lords Commissioners of Her Majesty's Treasury, and to the Lords Commissioners of the Admiralty.

(Sd.) RUSSELL.

আমি হোম ও উপনিবেশ ও সমরের ডিপার্টমেন্ট সম্পর্কীয় শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবদিগকে ও শ্রীশ্রীমতী মহারাণীর রাজকোষের লর্ড কমিস্যনর সাহেবদিগকে ও আডমিরাল্‌টীর লর্ড কমিস্যনর সাহেব-দিগকে সেই মর্ম্মের পত্র লিখিয়াছি।

রসেল।

---

The following Order issued by the Government of India in the Home Department, is re-published for general information:—

হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের পশ্চা-ল্লিখিত যে আজ্ঞা প্রকাশ হয়, তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে পুনর্ব্বার মুদ্রিত হইল।

No 446.

৪৪৬ নম্বর।

*Simla, the 26th July* 1865.

সিমলা ১৮৬৫ সাল ২৬ জুলাই।

The Governor General in Council is pleased to attach Mr. W. H. Thompson, of the Civil Service, reported qualified for the Public Service, to the Bengal Division of the Presidency of Fort William.

মন্ত্রিসভাগত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সিবিল কার্য্য সম্পর্কীয় শ্রীযুত ডবলিউ এচ তামসন সাহেবকে রিপোর্টমতে রাজকীয় কর্ম্মের উপযুক্ত জ্ঞান করাতে ফোর্ট উলিয়ম প্রেসিডেন্সীর অন্তর্গত বাঙ্গলা বিভাগে নিযুক্ত করিয়াছেন।

S. C. BAYLEY,
*Junior Secy. to the Govt. of Bengal.*

এস সি বেলি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের দ্বিতীয় সেক্রেটারী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ১৫ আগস্ট।]

## PUBLIC WORKS DEPARTMENT.

LOCAL.

No. 252.

*The 3rd July* 1865.

NOTIFICATIONS.

IT is hereby notified, under Section II. of the "Canals' Act, 1864," (No. V., B. L. C.,) that the provisions of the said Act shall apply, from and after the 1st September 1865, to the undermentioned Navigable Channels from Kanteetollah to Khoolna, known as the "Eastern Canals," *viz.:—*

The lines of Channels from Kanteetollah eastward to Myehattee, then so much of the Jaboona or Echamuttee River as lies between Myehattee and Bussuntpore, both routes between the mouth of the Koomrea Khall and Subdulpore to the junction of the Seepsa Aga and Seepsa Rivers; also the Menus River from its junction with the Mooreechap River to Koocheea Haut, and so much of the Seepsa River as lies between Koocheea Haut and Mooreechap; also from the head of the Seepsa to Khoolna eastward.

## পবলিক ওকস ডিপার্টমেণ্ট।

স্থানীয়।

২৫২ নম্বর।

১৮৬৫ সাল ৩ জুলাই।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের ১৮৬৪ সালের ৫ আইনের (অর্থাৎ খাল বিষয়ক আইনের) ২ ধারামতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত আইনের বিধান ১৮৬৫ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখ অবধি পূর্ব্বদেশীয় খাল নামে খ্যাত পশ্চাৎ লিখিত যেং নৌকাগম্য খাল কান্তিটোলাহইতে খুলনায় যায় তাহার প্রতি বর্ত্তিবে, অর্থাৎ

কান্তিটোলাহইতে ময়হাটীগামি পূর্ব্বাভিমুখ সকল খাড়ী, ও তৎপরে ময়হাটী ও বসন্তপুরের মধ্যস্থিত যবুনা কি ইচ্ছামতী নদীর অংশ, পরে কুমরিয়া খালের মুহানা ও শব্দলপুরহইতে সিপসা আগার সহিত সিপসা নদীর সংযোগস্থানগামি উভয় খাল, এবং মুরিচাপ নদীর সহিত সংযোগস্থানহইতে কুচিয়া হাট পর্য্যন্ত মিনস নদী, এবং কুচিয়া হাটের ও মুরিচাপের মধ্যস্থিত সিপসা নদীর অংশ, ও সিপসা নদীর মুহানা অবধি খুলনাপর্য্যন্ত পূর্ব্বাভিমুখ পথ।

---

No. 253.

The following draft of Rules having reference to the undermentioned Navigable Channels from Kanteetollah to Khoolna, known as the "Eastern Canals," is published for information under Section XI. of the "Canals' Act, 1864," No. V., B. L. C.:—

*The lines of Channels from Kanteetollah eastward to Myehattee, then so much of the Jaboona or Echamuttee River as lies between Myehattee and Bussuntpore, both routes between the mouth of the Koomrea Khall and Subdulpore to the junction of the Seepsa Aga and Seepsa Rivers; also the Menus River from its junction with the Mooreechap River to Koocheea Haut, and so much of the Seepsa River as lies between Koocheea Haut and Mooreechap; also from the head of the Seepsa to Khoolna eastward.*

1. Wherever mooring posts may have been put up by the Supervisor, vessels shall be made fast by the head and stern along the banks to such posts, and shall not be moored in any other manner.

2. The dropping of anchors and the putting up of bamboos or luggees on the banks, or in the channel, is prohibited.

3. As the water falls, the head and stern ropes of moored vessels must be loosened, and the vessels gradually pushed towards the centre of the

২৫৩ নম্বর।

"পূর্ব্বদেশীয় খাল" নামে খ্যাত পশ্চাৎ লিখিত নৌকাগম্য যেং খাল কান্তিটোলাহইতে খুলনায় যায় তদ্বিষয়ক নিম্নলিখিত বিধির পাণ্ডুলিপি বঙ্গদেশের ১৮৬৪ সালের ৫ আইনের (অর্থাৎ খালবিষয়ক আইনের) ১১ ধারামতে সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

কান্তিটোলাহইতে ময়হাটীগামি পূর্ব্বাভিমুখ সকল খাড়ী, ও তৎপরে ময়হাটী ও বসন্তপুরের মধ্যস্থিত যবুনা কি ইচ্ছামতী নদীর অংশ, পরে কুমরিয়া খালের মুহানা ও শব্দলপুরহইতে সিপসা আগার সহিত সিপসা নদীর সংযোগস্থানগামি উভয় খাল, এবং মুরিচাপ নদীর সহিত সংযোগস্থানহইতে কুচিয়া হাট পর্য্যন্ত মিনস নদী, এবং কুচিয়া হাটের ও মুরিচাপের মধ্যস্থিত সিপসা নদীর অংশ, ও সিপসা নদীর মুহানা অবধি খুলনা পর্য্যন্ত পূর্ব্বাভিমুখ পথ।

১। সুপরিন্টেণ্ডেণ্ট যেং স্থানে নৌকা বান্ধিবার খোঁটা গাড়িয়া রাখেন, সেইং স্থানে খালের ধারেং নৌকার গলই ও পশ্চাদ্ভাগ বান্ধিয়া রাখিতে হইবে, অন্য কোন প্রকারে লাগাইয়া রাখিতে হইবে না।

২। খালের মধ্যে কি ধারে লঙ্গড় ফেলিতে কি বাঁশ কি লগি পুঁতিতে নিষেধ হইল।

৩। জল যেমন কমিবে, তেমনি বান্ধা নৌকার গলইর ও পশ্চাদ্ভাগের কাছি শল দিয়া ক্রমে নৌকা খালের মধ্যপানে নামাইতে হইবে। যখন জোয়ার আইসে

canal; when the flood comes in these two ropes must be gradually pulled in and the vessels kept as close to the bank as possible.

4. Only one vessel shall be allowed to make fast along and in line with the canal's banks, and no vessel shall be made fast or be placed outside of vessels so secured. No vessel shall be placed in such a position as to endanger the safety of other vessels or obstruct the passage of other vessels.

5. Vessels passing through the canals shall keep in separate lines; empty vessels keeping close to the bank, and those that are laden in the centre.

6. In portions of the canals where only one towing-path exists, vessels shall moor on the off side, and the towing-path side shall always be kept clear. The towing-path side shall be used by vessels going against the tide, and by no others.

7. In order to avoid collision and confusion, vessels waiting for a favorable tide at the junction of two or more rivers shall be moored at a distance of not less than 1,000 feet from the point of junction.

8. No person shall commit a nuisance or deposit filth of any sort in the canals, nor do any act to cause injury to the canals' works.

9. Every person, either personally or by his servant, infringing any of the above Rules numbered from 1 to 8, shall be liable, under Section XI. of the Canals' Act, to a fine not exceeding fifty Rupees for any one infringement; or to a fine not exceeding five Rupees a day for any continued infringement.

10. At the instance of the Supervisor of Navigation, any Magistrate who imposes a fine under Sections XI. or XVI. of the Act may award any portion of such fine to the informer.

11. Any person who *wilfully* or *negligently* allows a vessel to sink in the canals shall be liable to a fine not exceeding Rupees fifty.

12. In every case of wreck caused by negligence or otherwise, the Supervisor and his Subordinates will give every assistance in removing the same.

13. A notice shall be affixed on such wreck when recovered calling on those concerned to pay to the Supervisor any fine which may have been adjudged, as well as the expenses incurred in the recovery or removal of the wreck, and intimating that if the sum be not paid within 15 days of the date of notice, the boat and its contents, or so much of it as may be necessary for the recovery

।গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৪। ১৫ আগষ্ট।]

তখন ক্রমশঃ ঐ কাছি টানিয়া নৌকা যথাসাধ্য কিনারার নিকটে রাখিতে হইবে।

৪। খালের ধারের পাশে অথচ সমান্তরালে কেবল এক২ খানি নৌকা বান্ধিবার অনুমতি হইবে। ঐরূপে বান্ধা নৌকার বাহিরে কোন নৌকা বান্ধিতে কি রাখিতে হইবে না। যে স্থানে রাখিলে অন্য নৌকার হানি জন্মিবার কি পথ বন্ধ হইবার সম্ভাবনা হয়, এমত স্থানে কোন নৌকা রাখিতে হইবে না।

৫। খালের মধ্য দিয়া যে সকল নৌকা যায় তাহা ভিন্ন২ পথে যাইবে, অর্থাৎ খালী নৌকা ধারে২ ও বোঝাই নৌকা মধ্য দিয়া যাইবে।

৬। খালের যে২ ভাগে কেবল একটি গুণ টানিবার পথ থাকে, তাহার অন্য পারে নৌকা বান্ধিতে হইবে। গুণ টানিবার পথ যে পাশে থাকে সেই পার সর্ব্বদা খোলাসা রাখিতে হইবে। গুণ টানিবার পথের দিক দিয়া উজানগামি নৌকা ভিন্ন অন্য কোন নৌকা যাইবে না।

৭। দুই কি অধিক নদীর সংযোগস্থানে যে সকল নৌকার সুবিধাজনক জোয়ারের কি ভাটার অপেক্ষাতে বিলম্ব হয়, তাহাদের মধ্যে যেন আঘাত কি গোলযোগ না হয়, তন্নিমিত্তে ঐ সংযোগস্থানহইতে ন্যূন কল্পে ১০০০ ফুট দূরে সেই সকল নৌকা বান্ধিতে হইবে।

৮। কোন ব্যক্তি খালের মধ্যে কি ধারে মল ত্যাগ করিবে না, ও কোন প্রকারের দুর্গন্ধ দ্রব্য ফেলিবে না, ও খালের কার্য্যোপযোগি বিষয়ের হানিজনক কোন কর্ম্ম করিবে না।

৯। যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত ১ অবধি ৮ পর্য্যন্ত কোন বিধি স্বয়ং লঙ্ঘন করে কি চাকরদ্বারা লঙ্ঘন করায়, তবে খালবিষয়ক আইনের ১১ ধারার বলে কোন এক বিধি লঙ্ঘনের জন্যে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড ও সেইরূপে লঙ্ঘন করিতে থাকিলে দিন প্রতি পাঁচ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

১০। যে মাজিষ্ট্রেট উক্ত আইনের ১১ কি ১৬ ধারামতে অর্থদণ্ডের আজ্ঞা করেন, তিনি জলপথের সুপরিন্টেণ্ডেন্টের প্রার্থনাক্রমে উক্ত দণ্ডের কোন অংশ সংবাদদাতাকে দিতে পারিবেন।

১১। যে কোন ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক কি শৈথিল্যক্রমে খালের মধ্যে নৌকা ডুবায়, তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবেক।

১২। শৈথিল্যক্রমে কি অন্য কারণে নৌকা মারা পড়িলে সুপরিন্টেণ্ডেণ্ট ও তাহার অধীন লোকেরা তাহা স্থানান্তর করণে সর্ব্ব প্রকারে সাহায্য করিবেন।

১৩। সেই মারা পড়া নৌকা উদ্ধার করা গেলে তাহার উপর এই মর্ম্মের সংবাদ লটকাইয়া দিতে হইবে, যে তাহাতে যাহাদের সম্পর্ক আছে তাহারা সুপরিন্টেণ্ডেণ্টকে বিচারে যে অর্থদণ্ড হইয়া থাকে তাহা এবং ভগ্ন নৌকা উদ্ধার করিতে কি স্থানান্তর করিতে যে খরচ হইয়া থাকে তাহা দেয়, নতুবা ঐ সংবাদ দিবার তারিখ অবধি পনের দিনের মধ্যে যদি টাকা না দেওয়া যায়, তবে ঐ নৌকা ও তাহাতে যাহা থাকে

the dues, will be sold, the proceeds of the sale being dealt with as directed in Section IX. of the Act.

তাহা কিম্বা দেয় টাকা আদায়ার্থে প্রয়োজনীয় অংশ বিক্রয় হইবে, ও উক্ত আইনের ৯ ধারার আদেশমতে বিক্রয়োৎপন্ন টাকা লইয়া কার্য্য করা যাইবে।

14. Every Canal Officer is authorized to remove any vessel, anchor, pole or other thing which he may find in a position which is in contravention of these Rules, and to deal with it in such a manner as may be necessary to give effect to the Rules.

১৪। খালসম্পর্কীয় প্রত্যেক কার্য্যকারকের এই ক্ষমতা আছে যে তিনি এই সকল বিধির নিষিদ্ধ স্থানে নৌকা কি লঙ্গর কি খোঁটা প্রভৃতি অন্য যে কোন দ্রব্য পান তাহা স্থানান্তর করিতে, ও তাহা লইয়া এই বিধি প্রবল করিবার মত যাহা কর্ত্তব্য তাহা করিতে পারিবেন।

15. Whenever any laden vessel is seized by a Canal Officer, it shall be the duty of the Supervisor to give immediate notice of the same to the owner or his agent, and to require the removal of the cargo without delay, intimating at the same time that the owner will be required to pay all expenses necessary for the proper custody and storage of the same.

১৫। খালসম্পর্কীয় কোন কার্য্যকারক কোন বোঝাই নৌকা ধরিলে সুপরিন্টেণ্ডেন্টের কর্ত্তব্য যে তৎক্ষণাৎ সেই সংবাদ স্বামিকে কি তাঁহার এজেন্টকে দিয়া অবিলম্বে মাল স্থানান্তর করিবার আজ্ঞা করেন, ও উচিত মতে তাহা রক্ষা ও গুদামজাত করিবার খরচ তাঁহার দিতে হইবে ইহাও তাঁহাকে জানান।

16. If the Supervisor be unable to ascertain the name and place of business or of abode of the owner of the cargo of any vessel seized under the Canals' Act, he shall notify the seizure by advertisement in his Office, and in one or more of the Calcutta newspapers or advertisement papers. Such notices shall call upon the owner tent under the immediate removal of the cargo and Office any necessary expenses incurred in providing the its proper custody and storage.

১৬। সুপরিন্টেণ্ডেন্ট যদি খাল বিষয়ক আইনমতে ধৃত কোন নৌকাদির মালের স্বামির নাম ও বাণিজ্য কি বাসস্থান জানিতে না পারেন, তবে তিনি আপন কার্য্যালয়ে ও কলিকাতার এক কি অধিক সংবাদপত্রে ঐ ধৃত হওনের সংবাদ প্রকাশ করিবেন। উক্ত সংবাদে স্বামির প্রতি এমত আদেশ থাকিবে যে তিনি অবিলম্বে মাল স্থানান্তর করান, ও মাল উচিতমতে রক্ষা ও গুদামজাত করিতে প্রয়োজনীয় যে খরচ হইয়াছে তাহা দেন।

17. The Supervisor may incur whatever expense he may think necessary for the proper custody and storage of the cargo of any vessel seized under the Canals' Act; and if the cargo be not removed within ten days from the date of seizure, he may sell the same at public auction to the highest bidder after giving fifteen days' notice of the same by advertisement in one or more of the Calcutta newspapers, or advertisement papers, and affixed in his Office.

১৭। সুপরিন্টেণ্ডেন্ট খালবিষয়ক আইনমতে ধৃত কোন নৌকার মাল উপযুক্ত মতে রক্ষা ও গুদামজাত করিবার নিমিত্ত যে খরচ প্রয়োজনীয় জ্ঞান করেন তাহা করিতে পারিবেন। নৌকা ধৃত হওনের তারিখ অবধি দশ দিনের মধ্যে যদি সেই মাল স্থানান্তর না করা যায়, তবে তিনি কলিকাতার এক কি অধিক সংবাদপত্রে কি বিজ্ঞাপনপত্রে সংবাদ দিয়া আপন কার্য্যালয়েও তাহা লটকাইয়া পনের দিন পরে সেই মাল প্রকাশ্য নীলামে বিক্রয় করিতে পারিবেন, ও যে ব্যক্তি সর্ব্বাপেক্ষা অধিক মূল্য ডাকিবে তাহাকে দিবেন।

18. The money realized at such a sale shall be applied first to defray any expenditure that may have been incurred by the Supervisor on account of the cargo sold, and the balance, if any, shall be held in deposit, to be paid to the owner of the said cargo on his applying for the same.

১৮। উক্ত নীলামে যে টাকা পাওয়া যায় তাহা হইতে প্রথমে ঐ বিক্রীত মালের জন্যে সুপরিন্টেণ্ডেন্টের কৃত খরচ শোধ করিতে, এবং কিছু টাকা অবশিষ্ট থাকিলে তাহা জমা করিয়া রাখিতে ও সেই মালের স্বামির প্রার্থনামতে তাঁহাকে দিতে হইবে ইতি।

J. E. T. NICOLLS, *Lt.-Col.*, *R. E.*,

*Offg. Secy. to the Govt. of Bengal,*

*P. W. D.*

জে ই টি নিকলস্, লেপ্টেনেন্ট কর্ণেল, আর ই,

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে বঙ্গদেশের

গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

## RAILWAY DEPARTMENT.

*Fort William, the 7th August* 1865.

*Notification.*

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government, at the public expense, for a public purpose, *viz.* for the Railway Terminus at Howrah, it is hereby declared that, for the above purpose, the portion of the Calcutta Docking Company's property at the above Station, known as the Upper Dock Premises and the house known as Currie's House, with the out-offices and land appertaining thereto, is required, with the exception of the present roadway leading from the Middle Dock Premises to the Howrah Main Road. This piece of land, measuring 35 biggahs, 8 cottahs, 2 chittacks, more or less, and having a divisional wall in the middle along from North to South, is bounded on the

North by Noontullah Ghaut Road.

South by a road and drain on the north side of the Middle Dock Premises and the Salt Golahs.

East by the Hooghly River.

West by the public road leading to Golabaree and Sulkea.

Of the two blocks of this land one is more or less 186 yards long and 180 yards broad and comprises an area of about 18 biggahs, 19 cottahs; the other is more or less 164 yards long and 162 yards broad and contains an area of about 16 biggahs, 9 cottahs, 2 chittacks.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

By Order of the Lieutenant-Governor of Bengal,

J. Hovenden, *Major, R. E.,*
*Asst. Secy. to Govt. of Bengal,*
*P. W. D., Railway Branch.*

## ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE, AT FORT WILLIAM IN BENGAL.

### LEAVE OF ABESENCE.

*The 3rd August* 1865.

Baboo Kaderessur Roy, Moonsiff of Gopalpore, Zillah Beerbhoom, for six days, from the 7th Instant, under Paragraph 16 of the Uncovenanted Absentee Rules.

H. T. Prinsep,
*Registrar.*

## রেলওয়ে ডিপার্টমেন্ট।

ফোর্ট উলিয়ম, ১৮৬৫ সাল ৭ আগস্ট।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বিবেচনানুসারে বোধ হয় যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ হাবড়ার রেলওয়ের টর্ম্মিনস অর্থাৎ প্রান্তস্থানের জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভুমি লওয়া আবশ্যক। অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের জন্যে উক্ত মোকামে অপ্পর ডক বাটী নামে খ্যাত কলিকাতা ডকিং কোম্পানির সম্পত্তির কিয়দংশ এবং গুদাম প্রভৃতি ঘর সুদ্ধ করিস হৌস নামে খ্যাত বাটী ও তৎসংযুক্ত ভূমির প্রয়োজন। তন্মধ্যে মিডল ডক বাটীহইতে যে রাস্তা হাবড়ার বড় রাস্তায় মিলে, কেবল তাহার প্রয়োজন নাই।

উক্ত ভূমি নূনাধিক ৩৫।৩৮/ ছটাক পরিমিত। ও ইহার মধ্যস্থলে উত্তর দক্ষিণ লম্বা ইষ্টকের ভিত্তি আছে।

উক্ত ভূমির উত্তর সীমা নুণতোলা ঘাটের পথ।

দক্ষিণ সীমা মিডল ডক বাটীর ও লবণগোলার উত্তর দিকস্থ পথ ও জলপ্রণালী।

পূর্ব্ব সীমা হুগলী নদী।

পশ্চিম সীমা গোলাবাড়ী ও শালিখায় গমনের পথ।

উক্ত দুই খণ্ড ভূমির মধ্যে এক খণ্ড ন্যূনাধিক ১৮৬ গজ ১৮০ গজ প্রশস্ত, ইহার পরিমাণ ১৮৸৪ কাঠা। [illegible]ও ১৬৪ গজ দীর্ঘ ও ১৬২ গজ প্রশস্ত, ইহার [illegible]রিমাণ প্রায় ১৬।৯৷২/ ছটাক।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

জে হবেনডেন, মেজর, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টের রেলওয়ে শাখার
বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিষ্টান্ট সেক্রেটারী।

## বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

### ছুটী।

১৮৬৫ সাল ২৬ আগেষ্ট।

বীরভুম জিলার অন্তর্গত গোপালপুরের মুন্সেফ শ্রীযুত বাবু কেদারেশ্বর রায় অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এই মাসের ৭ তারিখ অবধি ছয় দিনের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

## NOTIFICATION.

By order of the Government of Bengal, the RULES FOR THE DEPARTMENT OF REGISTRATION OF ASSURANCES, which have received the sanction of Government, are published as follows. These Rules supersede the "Instructions to Registering Officers" previously issued.

WILFRED L. HEELEY,
*Registrar General.*

*The 18th July* 1865.

## Rules for the Registration of Assurances under Act XVI. of 1864.

REGISTRATION ESTABLISHMENT.

1. THE District Registrar shall be *ex-officio* the Officer in executive charge of the District. During his absence in the interior of his District he shall retain the duties of District Registrar, but the Registration Books shall remain in the Sudder Office. Instruments presented for registration to the District Registrar while on tour, under Sections 22, 24, and 25, shall, if accepted by him, after he has made the endorsement under Section 36, be transmitted to the Sudder Office to be copied under the superintendence of the Deputy Registrar of the Sudder Station, who shall perform all other routine duties connected with the District Registrar's Office in his absence except control under Section 61, and appeal under Section 62. But he shall always sign as "on behalf of the District Registrar."

2. The Office of the Deputy Registrar of a Sub-District having its Head-Quarters at a Sudder Station shall never be removed from the Station and the word "absence" in Section 10 of Act XVI. shall, with reference to this Officer, be taken to mean "absence from the Station;" but with reference to the Deputy Registrars of other Sub-Districts, the word absence shall be taken to mean "absence from the Sub-District."

3. In the case of the absence of a Deputy Registrar, the District Registrar shall nominate, if possible, a Magisterial Officer subordinate to himself; if such Officer be not available he may, at his discretion, nominate a Ministerial Officer, or, with the permission of the Judge, a Subordinate Judicial Officer.

4. The Officer nominated shall have passed the Lower Standard for the examination of Assistants, or shall satisfy the District Registrar in

## বিজ্ঞাপন।

নিদর্শনপত্রাদির রেজিষ্টরী ডিপার্টমেন্টের বিধি গবর্ণমেন্টকর্ত্তৃক অনুমোদিত হওয়াতে বঙ্গদেশের গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে নিম্নে প্রকাশ করা গেল। রেজিষ্টরীকারি কার্য্যকারকদের প্রতি যে উপদেশ পূর্ব্বে প্রকাশিত হইয়াছে, এই বিধিদ্বারা তাহা রহিত হইল।

উইলফ্রেড এল হীলি,
রেজিষ্ট্রার জেনরল্।

১৮৬৫ সাল ১৮ জুলাই।

## ১৮৬৪ সালের ১৬ আইনমতে নিদর্শন-পত্রাদি রেজেষ্টরী করিবার বিধি।

রেজিষ্টরী করিবার সিরিস্তার কথা।

১। যে কার্য্যকারক জিলার রাজকার্য্য নির্ব্বাহ করণের ভার প্রাপ্ত হইয়াছেন, তিনি স্বীয় পদের বলে ডিষ্ট্রিকৃট রেজিষ্ট্রার হইবেন। জিলার মফঃসলে গমন প্রযুক্ত তাঁহার অনুপস্থান কালে ডিষ্ট্রিকৃট রেজিষ্ট্রারের কার্য্যের ভার তাঁহার প্রতি থাকিবে, কিন্তু রেজিষ্টর বহী সকল সদর কার্য্যালয়ে থাকিবে। ডিষ্ট্রিকৃট রেজিষ্ট্রারের ভ্রমণ কালে ২২ ও ২৪ ও ২৫ ধারামতে যে সকল নিদর্শনপত্রাদি রেজিষ্টরী করণার্থে তাঁহার নিকটে উপস্থিত করা যায়, তাহা যদি তিনি গ্রাহ্য করেন, তবে তাহাতে ৩৬ ধারামতে পৃষ্ঠলিপি দিলে পর সদর মোকামের ডেপুটী রেজিষ্ট্রারের তত্ত্বাবধানের অধীনে নকল হইবার জন্যে তাহা সদর আফিসে পাঠান যাইবে। ডিষ্ট্রিকৃট রেজিষ্ট্রারের অনুপস্থানকালে তাঁহার কার্য্যালয় সম্পর্কীয় অন্য সকল চলিত কর্ম্মও উক্ত ডেপুটী রেজিষ্ট্রার করিবেন, কেবল ৬১ ধারামতে কর্ত্তৃত্ব করিবার ও ৬২ ধারামতে আপীল গ্রাহ্য করিবার অধিকার তাঁহার হইবে না, কিন্তু সর্ব্বদা "ডিষ্ট্রিকৃট রেজিষ্ট্রারের পরিবর্ত্তে" বলিয়া তিনি স্বাক্ষর করিবেন।

২। যে সব-ডিষ্ট্রিকৃটের সদর স্থান সদর মোকামে আছে, তথাকার ডেপুটী রেজিষ্ট্রারের কার্য্যালয় কখন সেই মোকামহইতে স্থানান্তরীকৃত হইবে না। এবং ১৬ আইনের ১০ ধারামতে "অনুপস্থিত" এই যে শব্দ আছে, তাহাতে উক্ত কার্য্যকারকের সম্পর্কে মোকামে অনুপস্থান বুঝাইবে, কিন্তু অন্যান্য সব-ডিষ্ট্রিকৃটের ডেপুটী রেজিষ্ট্রারের সম্পর্কে "অনুপস্থান" শব্দে সব-ডিষ্ট্রিকৃটে অনুপস্থান বুঝাইবে।

৩। কোন ডেপুটী রেজিষ্ট্রার অনুপস্থিত থাকিলে ডিষ্ট্রিকৃটের রেজিষ্ট্রার সাহেব যদি পারেন, তবে মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত আপনার অধীন কোন কার্য্যকারককে নিযুক্ত করিবেন। যদি এমত কার্য্যকারককে না পাওয়া যায়, তবে তিনি স্বীয় বিবেচনামতে কোন আমলাকে, কিম্বা জজ সাহেবের অনুমতি লইয়া বিচারকার্য্য সম্পর্কীয় নিম্নতর কোন কার্য্যকারককে নিযুক্ত করিবেন।

৪। নিযুক্ত হইবার নিমিত্তে ইহা আবশ্যক যে সেই কার্য্যকারক অগ্রে আসিষ্টান্টদের নিম্নতর শ্রেণীর পরীক্ষা উত্তীর্ণ হন, অথবা জিলার চলিত ভাষা তিনি

some other way that he has a competent knowledge of the vernacular language of the District.

5. Any absence or vacancy in the office of Deputy Registrar, or nomination to that post, and any transfer of the office of District Registrar, shall at once be reported to the Registrar-General.

6. Suspensions or dismissals of Subordinates shall be reported to the Registrar-General.

REGISTERS.

7. Registers Nos. I. to IV. are to be kept, under Section 56, in every Office. They will be supplied by the Registrar-General in books of 200 pages; each Register will commence in a new volume at the commencement of the year, and, as soon as it becomes apparent that a second volume will be required in the course of the year, intimation must be given to the Registrar-General. The serial number of the registered instruments will be continued from one volume to another till the close of the year, and will not begin anew with each volume.

8. In Register I. will be copied all deeds of gift of immoveable property, all perpetual leases of immoveable property, all instruments which purport or operate to create, declare, transfer, or extinguish absolutely any right, title, or interest in immoveable property, and all instruments acknowledging the receipt or payment of consideration on account of such creation, &c. This will include deeds of sale of immoveable property, deeds of partition of ditto, deeds of surrender of ditto, the creation of permanent under-tenures, &c.

9. In Register II. will be copied all leases of immoveable property other than perpetual leases and all instruments purporting or operating to create, declare, transfer or extinguish a right, title, or interest in immoveable property of contingent or limited duration, as mortgages, (whether giving immediate possession or not) re-conveyances, and deeds creating or surrendering temporary under-tenures, and instruments acknowledging the receipt or payment of consideration on account of the above.

10. Register III. will contain all memoranda of decrees and orders of Court affecting immoveable property forwarded by the Civil Courts under Section 45; also decrees and private awards of arbitration affecting immoveable property presented for registration by individuals.

11. Register IV. shall be confined to moveable property. It shall contain all instruments which

ভাল জানেন, প্রকারান্তরে ইহার প্রমাণ ডিষ্ট্রিক্‌ট রেজিষ্ট্রার সাহেবের হৃদ্বোধমতে দেন।

৫। কোন ডেপুটী রেজিষ্ট্রার অনুপস্থিত থাকিলে কি তাঁহার পদ শূন্য হইলে, কিম্বা সেই পদে কোন ব্যক্তিকে নিযুক্ত করা গেলে, কিম্বা ডিষ্ট্রিক্‌ট রেজিষ্ট্রারের পদ অন্য ব্যক্তির প্রতি বর্ত্তিলে অবিলম্বে রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকটে তাহার রিপোর্ট করিতে হইবে।

৬। অধীন কর্ম্মকারককে স্থগিত বা কর্ম্মচ্যুত করিলে রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকটে তাহার সংবাদ দিতে হইবে।

রেজিষ্টরের কথা।

৭। ৫৬ ধারামতে প্রত্যেক কার্য্যালয়ে ১ নং অবধি ৪ নং রেজিষ্টর রাখিতে হইবে। রেজেষ্ট্রার জেনরল সাহেব ২০০ পৃষ্ঠাযুক্ত বহী বান্ধাইয়া তাহা দিবেন। বৎসরের আরম্ভকালে নূতন বালমে প্রত্যেক রেজিষ্টর আরম্ভ হইবে। বৎসরের মধ্যে দ্বিতীয় বালমের প্রয়োজন হইবে, ইহা প্রকাশ পাইলে রেজিষ্ট্রার জেনরল সাহেবকে অবিলম্বে তাহার সংবাদ দিতে হইবে। রেজিষ্টরী হওয়া নিদর্শনপত্রাদির ক্রমাগত নম্বর এক বালমের পরে অন্য বালমে বৎসরের শেষ পর্য্যন্ত চলিবে। একং বালমের আরম্ভস্থানে নূতন শ্রেণী আরম্ভ হইবে না।

৮। ১ নং যে রেজিষ্টর তাহাতে স্থাবর সম্পত্তির সকল দানপত্র, ও স্থাবর সম্পত্তির সকল চিরস্থায়ি পাট্টা, ও স্থাবর সম্পত্তিতে কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক অপরিচ্ছিন্নরূপে সৃষ্টি কি প্রকাশ কি হস্তান্তর কি লোপ করণের অভিপ্রায়বোধক কিম্বা তদ্রূপ ফলজনক সকল নিদর্শনপত্র, এবং পূর্ব্বোক্ত প্রকারের সৃষ্টি প্রভৃতি জন্য মূল্য পাইবার কি দিবার প্রমাণস্বরূপ সকল নিদর্শনপত্র, এই সকলের নকল করিতে হইবে। তাহার মধ্যে স্থাবর সম্পত্তির বিক্রয়পত্র ও বিভাগপত্র ও সমর্পণবিষয়ক পত্র ও চিরস্থায়ি পেটাও পাট্টা প্রভৃতির সৃষ্টিও গণনীয়।

৯। ২ নং যে রেজিষ্টর তাহাতে স্থাবর সম্পত্তির চিরস্থায়ি পাট্টা ভিন্ন অন্য সকল পাট্টা, ও যে সকল নিদর্শনপত্রের মর্ম্মানুসারে কি ফলস্বরূপে কোন স্থাবর সম্পত্তিতে নৈমিত্তিক কালের কি মেয়াদী কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক সৃষ্ট কি প্রকাশ কি হস্তান্তর কি লোপ করা যায় এমত সকল নিদর্শনপত্র, অর্থাৎ যাহার বলে একেবারে কি বিলম্বে দখল হয় এমত বন্ধকপত্র, ও প্রত্যর্পণপত্র, ও অচিরস্থায়ি পেটাও পাট্টার সৃষ্টি কি প্রত্যর্পণপত্র, এবং পূর্ব্বোক্ত প্রকারের পত্র প্রভৃতি জন্য মূল্য ইত্যাদি পাইবার কি দিবার প্রমাণস্বরূপ সকল নিদর্শনপত্র নকল করিতে হইবে।

১০। ৩ নং যে রেজিষ্টর তাহাতে স্থাবর সম্পত্তি বিষয়ক আদালতের ডিক্রীর ও আজ্ঞার যেং মর্ম্মলিপি দেওয়ানী আদালতকর্ত্তৃক ৪৫ ধারামতে প্রেরিত হয় তাহা, এবং স্থাবর সম্পত্তি বিষয়ক যেং ডিক্রী ও উভয় পক্ষের মানিত মধ্যস্থদের যেং নিষ্পত্তি রেজিষ্টরী করণার্থে বিশেষং ব্যক্তিদ্বারা উপস্থিত করা যায় তাহাও লিখিতে হইবে।

১১। ৪ নং যে রেজিষ্টর তাহাতে কেবল অস্থাবর সম্পত্তির কথা লিখিতে হইবে। যে সকল নিদর্শন-

purport or operate to create, declare, transfer, or extinguish any right, title, or interest in such property; all acknowledgments of the receipt or payment of consideration on account of the above; all decrees and orders of Court and awards of arbitrators relative to moveable property; all deeds, bonds, contracts, and other obligations, being of such a nature that they require to be stamped under Schedule A. of Act X. of 1862.

12. Kabuliyats are engagements for the payment of money. They may, therefore, be registered under Section 16, Clause 7, as instruments the registration of which is optional, and will be entered in Book IV.

13. Instruments affecting both moveable and immoveable property will be registered in Book I., II. or III., as the case may be, and also in Book IV., and the appropriate fee will be charged upon each registration. The registration in Book IV. in this case is compulsory, but the optional fee will be charged.

14. By immoveable property is meant land and things attached to the earth, or permanently fixed to something which is attached to the earth, as houses, wells, standing trees, &c.

MODE OF REGISTRATION.

15. All Registering Officers must appoint a definite time of not less than one hour per diem during which they will be accessible to persons wishing to register documents. The time may be fixed to suit the convenience of the Officer, but should be in the early portion of the day, in order that instruments to be registered may be copied out, if possible, in the course of the same day. The Officer will be careful not to employ himself during the hours of registry in any work incompatible with his duties as Registrar, and he must sit in his public Cutchery in some room specially appointed for the purpose.

16. On an instrument being presented for registration, the Registering Officer shall, in the first place, satisfy himself that it has been correctly stamped, and that it has been presented within the prescribed period after execution. This will be certified on the instrument either by the Registering Officer himself, or by some one of his Establishment (who shall be responsible for the correctness of the certificate) in the following form:—

Duly stamped under Schedule Section
Presented within months of execution.

(Sd.) A. B.

পত্রের মর্ম্মানুসারে কি কল্পস্বরূপে তদ্রূপ অস্থাবর সম্পত্তি বিষয়ক কোন স্বত্ব কি অধিকার কি সম্পর্ক সৃষ্ট কি প্রকাশ কি হস্তান্তর কি লোপ করা যায় এমত সকল পত্র, এবং পূর্ব্বোক্ত প্রকারের পণ প্রভৃতি জন্য মূল্য ইত্যাদি পাইবার কি দিবার প্রমাণস্বরূপ সকল পত্র, এবং অস্থাবর সম্পত্তি সম্পর্কে আদালতের সকল ডিক্রী ও আজ্ঞা ও উভয় পক্ষের মানিত মধ্যস্থদের সকল নিষ্পত্তি, ও যে সকল নিয়ম ও প্রতিজ্ঞা ও চুক্তি ও অন্য পনিবন্ধনপত্রের মর্ম্ম বুঝিয়া তাহাতে ১৮৬২ সালের ১০ আইনের A চিহ্নিত তফসীলমতে ইষ্টাম্পের প্রয়োজন হয় তাহাও সেই রেজিষ্টরে লিখিতে হইবে।

১২। কবুলিয়ৎ টাকা দিবার একরার বিশেষ, অতএব ১৬ ধারার ৭ প্রকরণমতে যে প্রকারের নিদর্শনপত্র রেজিষ্টরী করা কি না করা ইচ্ছাধীন, কবুলিয়ৎ তাহার মধ্যে গণ্য বলিয়া রেজিষ্টরী হইতে পারিবে, হইলে তাহা ৪ নং বহীতে লিখিতে হইবে।

১৩। যে নিদর্শনপত্র স্থাবর ও অস্থাবর উভয় প্রকারের সম্পত্তি বিষয়ক, তাহা স্থাবর সম্পত্তির বিশেষ প্রস্তাব বুঝিয়া ১ কি ২ নং কি ৩ নং বহীতে, এবং ৪ নং বহীতেও রেজিষ্টরী করিতে হইবে, এবং এক২ রেজিষ্টরীর জন্যে নিরূপিত ফী আদায় হইবে। এই স্থলে ৪ নং বহীতে রেজিষ্টরী হওয়া নিতান্ত আবশ্যক বটে, তথাপি স্বেচ্ছাধীন রেজিষ্টরীর ফী লওয়া যাইবে।

১৪। "স্থাবর সম্পত্তি" এই কথাতে ভূমি, এবং ভূমিতে সংলগ্ন গৃহ কূপ এবং বৃক্ষ প্রভৃতি বস্তু, ও এমত ভূমিসংলগ্ন বস্তুতে চিরস্থায়িরূপে বদ্ধ কোন বস্তু এই সকল বুঝায়।

রেজিষ্টরী করিবার রীতি।

১৫। রেজিষ্টরী কর্ম্মে নিযুক্ত সকল কার্য্যকারক নিদর্শনপত্র রেজিষ্টরী করণাকাঙ্ক্ষি লোকদিগকে আপনাদের সহিত সাক্ষাৎ করিতে দিবার জন্যে প্রতিদিন এক ঘণ্টার অন্যূন বিশেষ কোন সময় নিরূপণ করিবেন। প্রত্যেক কার্য্যকারক আপনার সুবিধা বুঝিয়া সেই সময় নিরূপণ করিতে পারেন। কিন্তু তাহা পূর্ব্বাহ্ণ হইলে ভাল হয়, কেননা তাহা হইলে যে নিদর্শনপত্র রেজিষ্টরী করা যায়, সাধ্য হইলে সেই দিনে তাহার নকল হইতে পারিবে। রেজিষ্টরী কর্ম্মের নিমিত্তে নিরূপিত সময়ে কার্য্যকারক যেন রেজিষ্ট্রারস্বরূপে আপনার কর্ত্তব্য কর্ম্মের বাধাজনক অন্য বিষয়ে ব্যস্ত না হন, তদর্থে সাবধান থাকিবেন, ও সেই কর্ম্মের নিমিত্তে তাঁহার কাচারীর বিশেষ যে কুঠরী নিরূপিত হইয়াছে তন্মধ্যে বসিবেন।

১৬। কোন নিদর্শনপত্র রেজিষ্টরী হইবার জন্যে উপস্থিত করা গেলে তাহাতে যথার্থ মূল্যের ইষ্টাম্প যে দেওয়া গিয়াছে, এবং দস্তখৎ অবধি নিরূপিত কালের মধ্যে তাহা যে দাখিল করা গিয়াছে, এই দুই বিষয় প্রথমতে অবগত হওয়া রেজিষ্টরীকারি কার্য্যকারকের প্রথম কর্ত্তব্য। ঐ রেজিষ্টরীকারি কার্য্যকারক আপনি সেই নিদর্শনপত্রেতে ইহার সর্টিফিকট লিখিবেন, অথবা আপন নিজস্বের কোন ব্যক্তিদ্বারা লেখাইবেন, লেখাইলে সর্টিফিকটের সত্যতার দায় সেই ব্যক্তির প্রতি থাকিবে।

সর্টিফিকটের পাঠ এই, অর্থাৎ,—

"অমুক ধারার অমুক তফসীলমতে ইহাতে উচিত মূল্যের ইষ্টাম্প দেওয়া গিয়াছে। দস্তখতের পরে এত মাসের মধ্যে ইহা দাখিল করা গেল।

শ্রী ..."

This certificate will be placed on the face of the instrument close to the stamp. If there be any doubt about the date of execution, evidence may be taken on this point as provided in the Act.

17. The Officer will then satisfy himself that the parties purporting to have executed the instrument, or their accredited agents, admit the execution thereof. If they or any of them deny the execution, the Officer must refuse to register it, stating his reasons for refusal, and in that case it can only be registered upon the order of the Civil Court under Section 15.

18. The word "parties to any instrument" in Sections 29, 31, 51, and elsewhere must be taken to mean "parties who executed the instrument."

19. The only enquiry allowable is an enquiry as to the fact and date of the execution, and to prove the identity of the parties appearing with the parties who executed the instrument. There shall be no enquiry as to the right of the parties executing to make the instrument. But if, at the time of presentation of the instrument, a petition is filed denying such right, a note of the objection made will be appended to the entry on the Register, and also endorsed upon the instrument; this will be appended to abstracts and copies made by the authority of the Registering Officer.

This will include [illegible] presented, and the exe[illegible]

20. Instruments du[illegible] [illegible] parties [illegible] execution of which is admitted by [illegible] executing them. can only be rejected on the following grounds:—

(*a.*)—That they are *prima facie* fraudulent.

(*b.*)—That they are contrary to law, as in the case of the sale of a slave.

(*c.*)—That they are contrary to morality, as in the case of the Lease of a female child for purposes of prostitution.

(*d.*)—That they are contrary to public policy, as where their effect is to supply an enemy with munitions of war.

21. In all cases the Registering Officer will record the reasons of rejection in a book to be kept for the purpose, and must be prepared to give a copy of the record on application within three days from the conclusion of the enquiry. The order will be dated on the day on which it is actually written and signed.

এই সর্টিফিকট নিদর্শনপত্রের শিরোভাগে ইষ্টাম্পের পার্শ্বে লিখিত হইবে। যদি দস্তখতের তারিখের বিষয়ে সন্দেহ জন্মে, তবে আইনের বিধানমতে তদ্বিষয়ের প্রমাণ লওয়া যাইতে পারিবে।

১৭। অনন্তর যে ব্যক্তিরা নিদর্শনপত্রে দস্তখৎকারি লোক বলিয়া প্রতীয়মান হন তাঁহারা, কিম্বা তাঁহাদের স্থানে ক্ষমতাপ্রাপ্ত এজেণ্টেরা যে সেই দস্তখৎ স্বীকার করেন, ইহা যথোচিতমতে জানিতে চেষ্টা করা ঐ কার্য্যকারকের উচিত। যদি তাঁহারা কি তাঁহাদের মধ্যে কোন ব্যক্তি সেই দস্তখৎ অস্বীকার করেন, তবে ঐ কার্য্যকারক সেই নিদর্শনপত্র রেজিষ্টরী করিতে অসম্মত হইয়া সেই অসম্মতির কারণ প্রকাশ করিবেন। এমত স্থলে কেবল ১৫ ধারামতে দেওয়ানী আদালতের আজ্ঞাক্রমে তাহা রেজিষ্টরী করা যাইতে পারিবে।

১৮। "কোন নিদর্শনপত্র সম্বন্ধীয় ব্যক্তিরা" কি "কোন নিদর্শনপত্রের পক্ষ" এইং যে কথা ২৯ ও ৩১ ও ৫১ ও অন্যান্য ধারাতে আছে, তাহাতে নিদর্শনপত্রে দস্তখৎকারিদিগকে বুঝায় এমত অর্থ করিতে হইবে।

১৯। দস্তখৎ যে হইয়াছে ও যে তারিখে হইয়াছে, ও উপস্থিত ব্যক্তিরা সেই নিদর্শনপত্রে দস্তখৎকারি ব্যক্তিরা বটেন, এই কএক বিষয়ের অনুসন্ধান হইতে পারে, তদ্ভিন্ন অন্য কোন অনুসন্ধান করা অনুচিত, বিশেষতঃ সেই নিদর্শনপত্র করিবার অধিকার ঐ দস্তখৎকারি ব্যক্তিদের আছে কি না, এই বিষয়ের অনুসন্ধান করা অকর্ত্তব্য। কিন্তু যে সময়ে নিদর্শনপত্র উপস্থিত করা যায় সেই সময়ে ঐ ব্যক্তিদের অধিকার যে নাই এই মর্ম্মের আবেদনপত্র দাখিল করা গেলে, রেজিষ্টরে লিখিত কথার শেষে সেই আপত্তির মন্তব্য লিখিতে হইবে, এবং নিদর্শনপত্রের পৃষ্ঠেও তাহা লিখিতে হইবে, পরে রেজিষ্টরীকারি কার্য্যকারকের আজ্ঞাক্রমে ঐ নিদর্শনপত্রের কোন সারসংগ্রহ কি নকল করা গেলে তাহার শেষেও সেই মন্তব্য লিখিতে হইবে।

২০। নিদর্শনপত্র উচিতমতে উপস্থিত করা গেলে ও দস্তখৎকারি ব্যক্তিদের দ্বারা দস্তখৎ স্বীকার করা গেলে, কেবল নিম্নলিখিত কএক কারণে তাহা অগ্রাহ্য হইতে পারিবে, অর্থাৎ—

(ক) তাহা দৃষ্টিমাত্রে প্রতারণামূলক প্রতীয়মান হইলে।

(খ) তাহা ব্যবস্থাবিরুদ্ধ হইলে। ইহার উদাহরণ, দাস বিক্রয়।

(গ) তাহা ধর্ম্মনীতিবিরুদ্ধ হইলে। ইহার উদাহরণ, বেশ্যাবৃত্তির আশয়ে বালিকা ভাড়া দেওন।

(ঘ) তাহা রাজনীতিবিরুদ্ধ হইলে। ইহার উদাহরণ, শত্রুকে যুদ্ধোপযোগি দ্রব্য যোগাইয়া দিবার উপায় করা।

২১। নিদর্শনপত্র এমত অগ্রাহ্য করিবার কারণ লিপিবদ্ধ করিবার জন্যে বিশেষ এক বহী রাখিতে হইবে, এবং এমত প্রত্যেক স্থলে রেজিষ্টরীকারি কার্য্যকারক পত্র অগ্রাহ্য করিবার কারণ সেই বহীতে লিখিবেন, এবং অনুসন্ধান সমাপ্ত হওয়া অবধি তিন দিবসের মধ্যে প্রার্থনা করা গেলে সেই লিপির এক খান প্রতিলিপি দিতে প্রস্তুত হইবেন। ঐ আজ্ঞা যে তারিখে বাস্তবিক লিখিত ও স্বাক্ষরীকৃত হয়, সেই তারিখ তাহাতে দিতে হইবে।

22. In order to satisfy himself of the identity of the parties appearing with those who actually executed the instrument, the Registering Officer may compare the signatures of the parties, or examine any witnesses they may bring. But he should prefer witnesses of respectability or notable persons, such as Government Officers, Vakeels or Mookhtars ordinarily practising at the Station, or persons known to himself. The enquiry will, in the first instance, be a *vivâ voce* one, and its record will be contained on the endorsement on the instrument.

23. If evidence other than that of persons brought by the parties be necessary, the Registrar will adjourn the case and fix a day for its hearing, which should be in as short a time as will allow of summoning the witnesses under Sections 31 to 33.

24. The persons applying for a summons will pay the Peon's Meeran Fees at the usual rates and the summons will be served by the Peons employed in Revenue work. The rules of Act VIII. of 1859, Sections 151, 154, 157, 159, 160, 167-9, and 182 must be strictly attended to. Under the last Section Deputy Registrars will have the evidence written out in full under their personal direction, and District Registrars will merely make a memorandum of it.

25. If application has to be made to another Officer for the service of summons under Section 32, the fee for service must be enclosed in the application, and the party applying will pay for the stamp and registration of the letter of application.

26. When the Registering Officer has determined to register the instrument he will receive the fee, which will be at once placed in a box and the amount entered by his Clerk in the fee book. He will then proceed in the presence of the parties to enter with his own hand in the Register Book on the left hand margin the information required by Section 30 of the Act, and by the several headings of the spaces in the marginal column. He will also satisfy himself that interlineations, &c., are properly attested under Section 35.

27. At the same time the endorsement under Section 26 will be made. The following are models of the required endorsement :—

A.

*(Where the party is personally known.)*

Presented for registration on the 1st April 1865 between the hours of 11 and 12 A. M., by



২২। উপস্থিত ব্যক্তিরা যে নিদর্শনপত্রে দস্তখৎকারি লোক বটেন, ইহা সুযোগমতে জানিবার জন্যে রেজিষ্টরীকারি কার্য্যকারক সেই ব্যক্তিদের স্বাক্ষর মিলাইতে পারিবেন, কিম্বা তাঁহাদের আনীত কোন কি সকল সাক্ষিকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন। কিন্তু ভদ্র সাক্ষিদিগকে কিম্বা গবর্ণমেণ্টের কর্ম্মচারি কি মোকামে নিত্য কর্ম্মকারি উকীল কি মোক্তার প্রভৃতি সুপরিচিত লোকদিগকে কি আপনার জানা লোকদিগকে মনোনীত করিলে ভাল হইবে। উক্ত জিজ্ঞাসাবাদ প্রথমে বাক্যক্রমে হইবে, ও নিদর্শনপত্রের পৃষ্ঠলিপিতে তাহার রিকার্ড করিতে হইবে।

২৩। পক্ষ ব্যক্তিদের আনীত লোক ভিন্ন অন্য লোকের সাক্ষ্য আবশ্যক হইলে রেজিষ্ট্রার সেই মামলা স্থগিত রাখিয়া তাহা শুনিবার জন্যে বিশেষ কোন তারিখ নিরূপণ করিবেন। অত্যল্প কাল নিরূপিত হইলে ভাল হয়, কিন্তু ৩১ ও ৩২ ও ৩৩ ধারামতে সাক্ষিদিগকে সমন করিবার মত উপযুক্ত অবকাশ দিতে হইবে।

২৪। যে ব্যক্তিরা সমনের প্রার্থনা করেন তাঁহাদিগকে চলিত হারে পেয়াদার মীরন ফী দিতে হইবে, এবং রাজস্ব সম্পর্কীয় কার্য্যে নিযুক্ত পেয়াদারা সেই সমন জারী করিবেন। ১৮৫৯ সালের ৮ আইনের ১৫১ ও ১৫৪ ও ১৫৭ ও ১৫৯ ও ১৬০ ও ১৬৭ ও ১৬৮ ও ১৬৯ ও ১৮২ ধারার বিধি অতি দৃঢ়রূপে পালন করিতে হইবে। শেষোক্ত ধারামতের যে সাক্ষ্য তাহা ডেপুটী রেজিষ্ট্রারেরা নিজ তত্ত্বাবধানের অধীনে যদি শেষে লেখাইবেন, ও ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারেরা তাঁহার স্মারক লিপিমাত্র করিবেন।

২৫। যদি ৩২ ধারামতে সমন জারী করিবার প্রার্থনা অন্য কার্য্যকারকের নিকটে করিতে হয়, তবে জারী করিবার ফী প্রার্থনাপত্রের সঙ্গে দিতে হইবে, ও যে ব্যক্তি প্রার্থনা করেন, তাঁহাকে প্রার্থনাপত্রের ইষ্টাম্প ও ডাকের রেজিষ্টরীর মাসুল দিতে হইবে।

২৬। রেজিষ্টরীকারি কার্য্যকারক নিদর্শনপত্র রেজিষ্টরী করিতে স্থির করিলে তজ্জন্য ফী লইবেন, লইবামাত্র তাহা বাক্সে রাখিতে হইবে, ও তাঁহার কেরাণী ফীর বহীতে সেই ফী লিখিয়া লইবেন। পরে আইনের ৩০ ধারামতে ও বাম হাসিয়ার স্তম্ভের ভিন্ন২ ঘরের ভিন্ন২ শিরোভাগমতে যাহা২ লিখিবার, উক্ত কার্য্যকারক পক্ষ ব্যক্তির সম্মুখে স্বহস্তে রেজিষ্টর বহীর বাম দিগের হাসিয়াতে তাহা লিখিবেন। এবং নিদর্শনপত্রে পংক্তিদ্বয়ের মধ্যে লিখিত প্রভৃতি কোন কথা থাকিলে, ৩৫ ধারামতে তাহার বিষয়ে উচিত সাক্ষ্য যে দেওয়া গিয়াছে, ইহাও তিনি সুবোধজনকরূপে দেখিবেন।

২৭। সেই সময়ে তাহাতে ২৬ ধারামতের পৃষ্ঠলিপি দিতে হইবে। পশ্চাৎ লিখিত কএক পাঠ প্রয়োজনীয় পৃষ্ঠলিপির আদর্শ, অর্থাৎ—

A

(পক্ষ ব্যক্তি পরিচিত হইলে)

দৌলতগঞ্জ পরগনার অন্তর্গত নীলপুরের শ্রী জান স্মিথ সাহেব ১৮৬৫ সালের ১ আপ্রিল তারিখে বেলা

John Smith, of Nilpur, Pergunnah Daulatganj.

(Sd) JOHN SMITH.

*Signature of Registrar.*

B.

*(Where evidence has been taken.)*

Presented for registration on the 2nd April 1865 between the hours of 10 and 11 A. M., by Ram Das and Krishna Das, both of Fattihabad, Pergunnah Munshipur. The evidence of the following witnesses was taken:—

1. Harikrishna Bhattacharjya, Mohurrir of Magistrate's Court, Maldah, resident of Tilochanpur, Pergunnah Kaima.

2. Iswar Chandra Rai, resident of Fattihabad, Pergunnah Munshipur, Naib of Baboo Prasanna Kumar Rai, Zemindar.

(The consideration money, Rupees 150, was paid by Munshi Ahmadullah to Ram Das and Krishna Das in the presence of the Registering Officer.)

(Sd.) RAM DAS.

(Sd.) KRISHNA DAS.

*Signature of Registrar.*

C.

*(When presented by an Agent.)*

Presented for registration on the 2nd April 1865, between the hours of 11 and 12 A. M., by John Smith, Agent for Thomas Smith, of Richmond, in the County of Surrey, by a general power of attorney duly executed in the presence of Richard Jones, Notary Public, of Lincoln's Inn Fields, in the County of Middlesex, and by George Brown, Agent for William Williams, of Chittagong, by a special power of attorney duly executed in the presence of the Deputy Registrar of Chittagong.

(Sd.) JOHN SMITH.

(Sd.) GEORGE BROWN.

*Seal and Signature of Registrar.*

১১ ও ১২ ঘন্টার মধ্যে রেজিষ্টরী করণার্থে এই নিদর্শনপত্র উপস্থিত করিলেন।

জান স্মিথ।

রেজিষ্ট্রারের স্বাক্ষর।

B

(সাক্ষ্য লওয়া গেলে)

মুন্সীপুর পরগনার অন্তর্গত ফাতিহাবাদ বাসি শ্রী রামদাস ও কৃষ্ণদাস ১৮৬৫ সালের ২ আপ্রেল তারিখে বেলা ১০ ও ১১ ঘন্টার মধ্যে রেজিষ্টরী করণার্থে এই নিদর্শনপত্র উপস্থিত করিলেন। পশ্চাৎ লিখিত সাক্ষিদের সাক্ষ্য লওয়া গেল, অর্থাৎ—

১। কাইমা পরগনার অন্তর্গত তিলোচনপুর বাসি শ্রী হরিকৃষ্ণ ভট্টাচার্য্যের। ইনি মালদহের মাজিষ্ট্রেটের কাছারির মুহরীর।

২। মুন্সীপুর পরগনার অন্তর্গত ফাতিহাবাদ বাসি শ্রী ঈশ্বরচন্দ্র রায়ের। ইনি বাবু প্রসন্নকুমার রায় জমিদারের নায়েব

(মুন্সী আহমদ উল্লা রেজিষ্টরীকারি কার্য্যকারকের সম্মুখে উক্ত রামদাস ও কৃষ্ণদাসকে উচিত মূল্য ১৫০ টাকা দিলেন)

শ্রীরামদাস।

শ্রীকৃষ্ণদাস।

রেজিষ্ট্রারের স্বাক্ষর,

C.

(মোক্তারের দ্বারা পত্র উপস্থিত করা গেলে)

এই নিদর্শনপত্র ১৮৬৫ সালের ২ আপ্রেল তারিখে বেলা ১১ ও ১২ ঘন্টার মধ্যে রেজিষ্টরী হইবার জন্যে শ্রী জান স্মিথ সাহেব ও জর্জ ব্রৌন সাহেবের দ্বারা উপস্থিত করা গেল। উক্ত জান স্মিথ সাহেব সরে নামক কৌণ্টির অন্তর্গত রিচমণ্ডবাসি শ্রী তামস স্মিথ সাহেবের আম মোক্তারনামাদ্বারা নিযুক্ত মোক্তার। মিডলসেক্স নামক কৌণ্টির অন্তর্গত লিঙ্কন্স ইন ফিল্ডস পল্লীর নোটারি পবলিক শ্রীযুত রিচার্ড জোন্স সাহেবের সম্মুখে ঐ মোক্তারনামাতে উচিত দস্তখৎ হইয়াছিল। এবং উক্ত শ্রী জর্জ ব্রৌন সাহেব চট্টগ্রাম নিবাসি শ্রী উলিয়ম উলিয়মস সাহেবের বিশেষ মোক্তারনামাদ্বারা নিযুক্ত মোক্তার। চট্টগ্রামের ডেপুটী রেজিষ্ট্রারের সম্মুখে সেই মোক্তারনামাতে উচিত দস্তখৎ হইয়াছিল।

জান স্মিথ।

জর্জ ব্রৌন।

রেজিষ্ট্রারের স্বাক্ষর ও মোহর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১১ আগষ্ট।]

28. In any case where evidence has been taken, if it has been separately recorded under paragraph 24, the Registrar will note beneath the endorsement, "evidence of the witnesses named above is recorded in the Registrar's Office." If not, an additional endorsement will be made in the language of the witnesses to the following effect:—

"We declare that we know Ram Das here present to be the party who executed this instrument."

Or "We declare that we know Ram Das, of Jadupur, and that he is the party here present."

Or "I declare that I was present at the time of the execution of this Deed, and that it was executed on the 24th of February."

And the same shall be signed by the witnesses.

29. All entries and endorsements upon instruments (except signatures) shall be made with red ink.

30. The instrument shall then be copied in its appropriate book, the amount of the stamp being noted, and the above endorsements shall also be copied in red ink. No two instruments or portions of two instruments must on any account be copied on the same page. If an instrument occupy more than one page, the marginal entries will of course only be made on the first page, with the exception of the serial number, which should be repeated upon every page. The Registering Officer will append his initials to each page, and at the end of the copy of the instrument will attest it to be a true copy, and will make the note of interlineations required by Section 35 of the Act.

31. As under paragraph 26 the marginal notes must often be filled in before the preceding instruments have been copied, the Registering Officer must exercise his judgment in reserving for each instrument and appropriate number of pages.

32. Compulsory registrations under Section 13 will be distinguished by the letter A. appended to the serial number and optional registrations by the letter B.

33. Copies of instruments forwarded from other Registration Offices, and copies of instruments registered in the Office, will be entered consecutively in order of receipt; but the copies of instruments originally registered elsewhere will be distinguished by the colours of the ink being reversed, *i. e.*, the instruments themselves and the marginal notes will be in

২৮। কোন স্থলে সাক্ষ্য গৃহীত হইলে যদি ২৪ দফামতে তাহা স্বতন্ত্ররূপে লিপিবদ্ধ হইয়া থাকে, তবে রেজিষ্ট্রার প্রতিলিপির নিম্নে এই মন্তব্য লিখিবেন অর্থাৎ, "পূর্ব্বোক্ত সাক্ষিদের দত্ত প্রমাণ রেজিষ্ট্রারের কার্য্যালয়ে লিপিবদ্ধ হইয়াছে।" যদি না হইয়া থাকে, তবে সাক্ষিদের ভাষাতে অতিরিক্ত এক প্রতিলিপি লিখিতে হইবে, তাহার মর্ম্ম এই২ প্রকার, অর্থাৎ—

"এই নিদর্শনপত্রে যে ব্যক্তি দস্তখৎ করিয়াছেন এখানে উপস্থিত রামদাস সেই ব্যক্তি, তাহা আমরা জানি, ইহা প্রকাশ করিলাম।"

অথবা "যদুপুর নিবাসি রামদাসকে আমরা চিনি, ও এই স্থানে উপস্থিত ব্যক্তি সেই রামদাস বটেন, ইহা প্রকাশ করিলাম।"

অথবা "এই নিদর্শনপত্রে যখন দস্তখৎ হইল, তখন আমি উপস্থিত ছিলাম, এবং ফেব্রুআরি মাসের ২৫ তারিখে তাহাতে দস্তখৎ হইল, ইহা প্রকাশ করিলাম।"

এবং সাক্ষিরা সকলে সেই লিপিতে স্বাক্ষর করিবে।

২৯। স্বাক্ষর ভিন্ন অন্য যত কথা, বিশেষতঃ যত পৃষ্ঠলিপি নিদর্শনপত্রে লেখা যায়, তাহা লাল সেহাইয়ে লিখিতে হইবে।

৩০। তৎপরে উপযুক্ত বহীতে নিদর্শনপত্রের নকল করিতে হইবে, ও ইষ্টাম্পের মন্তব্য লিখিতে হইবে, এবং লাল সেহাইয়ে পূর্ব্বোক্ত এক কি অধিক প্রতিলিপিরও নকল করিতে হইবে। দুই খান নিদর্শনপত্রের নকল কি দুই খান নিদর্শনপত্রের অংশের নকল এক পৃষ্ঠায় করা নিতান্ত অকর্ত্তব্য। এক পৃষ্ঠায় যদি কোন নিদর্শনপত্র না ধরে, তবে হাসিয়াতে যে সকল কথা লিখিতে হয় তাহা কেবল প্রথম পৃষ্ঠায় লিখিতে হইবে। কেবল ক্রমঘটিত যে নম্বর তাহা প্রত্যেক পৃষ্ঠায় লিখিতে হইবে। রেজিষ্টরীকারি কার্য্যকারক প্রত্যেক পৃষ্ঠার নিম্নে আপন নামের আদ্য অক্ষর লিখিবেন, ও নিদর্শনপত্রের নকলের শেষে তাহা যে যথার্থ নকল, এই মর্ম্মের প্রমাণ লিখিবেন। ও পংক্তিদ্বয়ের মধ্যে লিখিত কথা বিষয়ক যে মন্তব্য আইনের ৩৫ ধারানুসারে লিখিতে হয় তাহাও লিখিবেন।

৩১। ২৬ ধারার বলে অনেক বার এমন ঘটিতে পারে যে এক কি অধিক নিদর্শনপত্র বিশেষের নকল সমাপ্ত না হইতে পশ্চাতের নিদর্শনপত্র সম্পর্কীয় মন্তব্য কথা হাসিয়াতে লিখিতে হয়। অতএব রেজিষ্টরীকারি কার্য্যকারক বিবেচনাপূর্ব্বক অনুমান করিয়া একং নিদর্শনপত্রের জন্যে প্রয়োজনীয় সংখ্যার পৃষ্ঠা রাখিবেন।

৩২। ১৩ ধারামতে যেং রেজিষ্টরী নিতান্ত আবশ্যক তাহার চিহ্নস্বরূপে তাহার ক্রমঘটিত নম্বরের পার্শ্বে ইংরাজী A অক্ষর লিখিতে হইবে, ও যেং রেজিষ্টরী ইচ্ছাধীন তাহার নম্বরের পার্শ্বে B অক্ষর লিখিতে হইবে।

৩৩। অন্যান্য রেজিষ্টরী কার্য্যালয়হইতে প্রেরিত যেং নিদর্শনপত্র ও স্বকীয় কার্য্যালয়ে রেজিষ্টরী হওয়া যেং নিদর্শনপত্র তাহা যে ক্রমে পাওয়া যায়, সেই ক্রমে তাহার নকল করিতে হইবে। কিন্তু যেং নিদর্শনপত্র অন্যান্য স্থানে প্রথমে রেজিষ্টরী হয়, তাহার নকল চিনিবার জন্যে কালির রং উল্টা ব্যবহার করিতে হইবে, অর্থাৎ নিদর্শনপত্রখানি ও তৎসম্পর্কীয় হাসিয়ার মন্তব্য লাল সেহাইয়ে লিখিতে হইবে, কিন্তু

red ink, and the copy of the endorsement in black ink. Copies will be made from the book, not from the instrument, and will contain all the marginal entries, &c., contained in the book. The serial number in the secondary Register will be added in black ink to that of the original Register in red.

পৃষ্ঠলিপির নকল কাল কালিতে করিতে হইবে। নকল করিতে হইলে নিদর্শনপত্র না দেখিয়া বহী দেখিয়া নকল করিতে হইবে, ও হাসিয়াতে লিখিত প্রভৃতি যে২ কথা বহীতে থাকে তৎসমুদয় তাহাতে লিখিতে হইবে। প্রথম স্থানের রেজিষ্টরের ক্রমঘটিত নম্বর লাল সেহাইয়ে, ও তৎসহ দ্বিতীয় স্থানের রেজিষ্টরের ক্রমঘটিত নম্বর কাল কালিতে লিখিতে হইবে।

34. Copies under Sections 23, 25, and 27, for transmission to other Districts and Sub-Districts, will be made by extra copyists at the expense of the party applying for registry. A separate copy should be made for each District Registrar, who, after registering the instrument, may circulate the copy received by him among the Deputy Registrars. Thus under Section 23 one copy will suffice; under Section 25 one copy must be made for the Deputy Registrars in the District of original registration, and one copy for each of the other Districts in which the property covered by the deed lies. Payments for copying should not be brought into the accounts but recorded separately. Postages must also be paid by the party registering. It will be easy to calculate the amount to be paid; for instance, if a transfer takes place of lands in Kishnaghur, Chooadangah, Kooshtea, and Jenidah Sub-Districts, the party applying for registration to the District Registrar of Nuddea must have one copy made to be circulated through the three Nuddea Sub-Districts, and another to be sent to Jenidah through the District Office at Jessore; and these will require four postages, *i. e.*, (1) Kishnaghur to Chooadangah; (2) Chooadangah to Kooshtea; (3) District Office Nuddea to District Office Jessore; (4) Jessore to Jenidah. These sums should be paid by the applicant previously to his receiving back the document, but not necessarily at the time of paying his fees, and stamps will be enclosed by the District Registrar to the other Offices from which the copy will have to be posted.

৩৪। অন্যান্য ডিষ্ট্রিকুটে কি সব-ডিষ্ট্রিকুটে পাঠাইবার জন্যে ২৩ ও ২৫ ও ২৭ ধারামতে নকল করিতে হইলে রেজিষ্টরীর প্রার্থনাকারি ব্যক্তিদের খরচে অতিরিক্ত নকলনবীসের দ্বারা তাহা লেখাইতে হইবে। একং ডিষ্ট্রিকুট রেজিষ্ট্রারের জন্যে স্বতন্ত্র একং নকল করিতে হইবে, তিনি সেই নিদর্শনপত্র রেজিষ্টরী করিলে পর সেই লব্ধ নকল খানি ডেপুটী রেজিষ্ট্রারদের নিকটে পাঠাইবেন। ফলতঃ ২৩ ধারামতে এক খান নকল হইলেই হইবে। কিন্তু ২৫ ধারামতে প্রথম রেজিষ্টরী হইবার ডিষ্ট্রিকুটের ডেপুটী রেজিষ্ট্রারদিগের জন্যে এক খান নকল, ও নিদর্শনপত্রে নির্দ্দিষ্ট সম্পত্তি অন্য যেং ডিষ্ট্রিকুটের অন্তর্গত তাহার একং ডিষ্ট্রিকুটের জন্যে একং নকল করিতে হইবে। নকল করিবার যে খরচ তাহা হিসাবে ধরা যাইবে না, তাহার স্বতন্ত্র রিকার্ড করিতে হইবে। রেজিষ্টরীকারি ব্যক্তিদের ডাকের মাসুলও দিতে হইবে। ইহাতে যত খরচ লাগিবে তাহা হিসাব করা সহজ। ইহার উদাহরণ, কৃষ্ণনগর ও চুয়াডাঙ্গা ও কুস্ত্যা ও ঝিনিদহ এই চারি সব-ডিষ্ট্রিকুটের অন্তর্গত ভুমি হস্তান্তরীকৃত হইলে, যে ব্যক্তি নদীয়া ডিষ্ট্রিকুট রেজিষ্ট্রারের নিকটে রেজিষ্টরী হইবার প্রার্থনা করেন, তাহাকে নদীয়ার তিন সব-ডিষ্ট্রিকুটে পাঠাইবার জন্যে এক খান নকল, ও যশোহর ডিষ্ট্রিকুটের কার্য্যালয়দ্বারা ঝিনিদহে পাঠাইবার জন্যে আর এক খান নকল করাইতে হইবে, ও তৎসম্বন্ধে চারি ডাকের মাসুল লাগিবে, অর্থাৎ—(১) কৃষ্ণনগরহইতে চুয়াডাঙ্গাতে, ও (২) চুয়াডাঙ্গাহইতে কুস্ত্যাতে, ও (৩) নদীয়া ডিষ্ট্রিকুটের কার্য্যালয়হইতে যশোহর ডিষ্ট্রিকুটের কার্য্যালয়ে, ও (৪) যশোহরহইতে ঝিনিদহে। প্রার্থনাকারি ব্যক্তি নিদর্শনপত্র ফিরিয়া পাইবার পূর্ব্বে এই সকল মাসুল দিবেন, কিন্তু ফী দিবার সময়ে তাহা দেওয়া আবশ্যক নয়। এবং ডিষ্ট্রিকুট রেজিষ্ট্রার আপনার কার্য্যালয় ভিন্ন অন্য যেং কার্য্যালয়হইতে সেই নকল পাঠাইতে হইবে, সেইং কার্য্যালয়ে তৎসহ ডাকের মাসুল পাঠাইবেন।

35. When an instrument has been copied, it shall be given back (by the Registering Officer in person) to the party presenting it, or on his written order, and a receipt taken in a book to be kept for the purpose.

৩৫। কোন নিদর্শনপত্রের নকল করা গেলে পর তাহা ফিরিয়া দিতে হইবে, ফলতঃ যে ব্যক্তি তাহা উপস্থিত করিয়াছিলেন তাঁহার হস্তে, কি তাঁহার লিখিত আজ্ঞাক্রমে, রেজিস্টরীকারি কার্য্যকারক আপনি তাহা ফিরিয়া দিবেন। ফিরিয়া দিলে রসীদ লিখিবার অভিপ্রায়ে যে বহী রাখিতে হয় সেই বহীতে রসীদ লইতে হইবে।

36. Before the return of the instrument the further endorsement will be made under Section

৩৬। নিদর্শনপত্র প্রত্যর্পণের পূর্ব্বে ৩৯ ধারামতে অতিরিক্ত এই পৃষ্ঠলিপি দিতে হইবে, ও রেজিষ্টরী-

39, and must be *separately* signed and sealed by the Registering Officer.

Registered in Book ...
Volume ... for 186 .
Page ...
Being number in that Register.

*Date.*

*Seal and Signature.*

This endorsement need not be copied into the books.

37. It is of great importance that the Registering Officer should carefully present the receipt of any illegal consideration by the Clerks under him, he will, therefore, take care that they have no dealings with the public except in his presence. Out of Office hours documents and books will remain in the personal custody of the Registering Officer, or, if it is necessary to leave them in the hands of a Clerk, a receipt will be taken from the Clerk of the documents and books made over to him. If this is likely to be frequently the case, personal security of not less than Rupees 500 should be taken from the Head Clerk.

38. The date of completion of registration will be noted in the Register Book, and a note will be appended to the buisness Statement in the following form :—

Instruments of which the registration was completed

| | | |
|---|---|---|
| on the day of presentation | ... | 5 |
| On the 2nd day | ... | 15 |
| ,, 3rd day | ... | 4 |

### Powers of Attorney.

39. Powers of Attorney attested under Section 28 will be endorsed as follows :—

Executed by A. B. of C. D in my presence on the 1st of March 1865, his identity being proved by E. F. of G. H. and recorded as No. 27 for the year 1865.

*Seal and Signature.*

Powers need not be copied, but they will be entered in a book under the following headings: —

Number of power.
Date of execution.
Name of party executing.
Address of ditto.

[*Government Gazette*, 15*th August* 1865.]

কারি কার্য্যকারক তাহাতে স্বতন্ত্র স্বাক্ষর ও মোহর করিবেন।

১৮৬ সালের ... নং বহীর
... নং বালমের
... পৃষ্ঠায় রেজিস্টরী হইল।
ইহা উক্ত রেজিস্টরের ... নম্বর।

তারিখ।

মোহর ও স্বাক্ষর।

বহীতে এই পৃষ্ঠলিপির নকল করিবার প্রয়োজন নাই।

৩৭। অধীন কেরাণীরা যাহাতে ব্যবস্থাবিরুদ্ধ কোন পারিতোষিক লইতে না পারে তজ্জন্য রেজিস্টরীকারি কার্য্যকারকের অতি সাবধান থাকা উচিত, অতএব তিনি নিকট না থাকিলে যাহাতে লোকদের সহিত তাঁহাদের আলাপ না হয়, এমত চেস্টা তিনি করিবেন। কার্য্য চলিবার সময় ভিন্ন অন্য সময়ে নিদর্শনপত্র ও বহী সকল রেজিস্টরীকারি কার্য্যকারকের নিজ রক্ষণে থাকিবে। কিম্বা যদি কোন কেরাণীর হস্তে তাহা রাখিতে হয়, তবে তাঁহার প্রতি সমর্পিত নিদর্শনপত্র ও বহী সকলের রসীদ ঐ কেরাণীর নিকটে লইতে হইবে। বারম্বার এই প্রকার হইবার সম্ভাবনা থাকিলে প্রধান কেরাণীর স্থানে অন্যূন ৫০০৲ টাকার প্রতিভূ লইতে হইবে।

৩৮। যে দিনে রেজিস্টরী সমাপ্ত হয় তাহার তারিখ রেজিস্টর বহীতে লিখিতে হইবে, ও কার্য্যের কৈফিয়তে পশ্চাৎ লিখিত পাঠে মন্তব্য সংযোগ করিতে হইবে।

যে২ নিদর্শনপত্রের রেজিস্টরী সমাপ্ত হইল তাহার সংখ্যা।

| | | |
|---|---|---|
| প্রথম দিনে অর্থাৎ উপস্থিত করিবার তারিখে | ... | ৫ খান। |
| দ্বিতীয় দিনে | ... | ১৫ ঐ |
| তৃতীয় দিনে | ... | ৪ ঐ |

### মোক্তারনামার কথা।

৩৯। কোন মোক্তারনামা ২৮ ধারামতে সপ্রমাণীকৃত হইলে তাহার পৃষ্ঠে এই মর্ম্মের কথা লিখিতে হইবে অর্থাৎ—

১৮৬৫ সালের ১ মার্চ তারিখে অমুক স্থান নিবাসি শ্রী অমুক আমার সাক্ষাতে ইহাতে দস্তখৎ করিলেন, ও তিনি যে সেই ব্যক্তি তাহার প্রমাণ অমুক স্থান নিবাসি শ্রী অমুক দিলেন। ইহা ১৮৬৫ সালের ২৭ নম্বর বলিয়া রিকার্ড হইল।

মোহর ও স্বাক্ষর।

মোক্তারনামার নকল করা আবশ্যক নাই, কিন্তু পশ্চাৎ লিখিত কএক শিরোভাগ করিয়া তাহার কথা বিশেষ এক বহীতে লিখিতে হইবে, অর্থাৎ—

মোক্তারনামার নম্বর।
দস্তখতের তারিখ।
দস্তখতকারি ব্যক্তির নাম।
তাঁহার ঠিকানা।

Name of Attorney.

Address of ditto.

Witnesses (if any) for the identification of the party.

Remarks.

Under the head remarks will be inserted the conditions of the power, *i. e.*, whether special or general, and whether to be used in any special, or in all Registration Offices.

40. A general power of attorney previously executed may be made valid for registration purposes by the addition of a clause to that effect, which must be separately executed before the appropriate Officer.

41. Special powers presented to any Registering Officer by parties registering Deeds will be filed by him.

42. Powers of Attorney, for whatever purpose, are registrable in Book IV. as instruments; but this registration does not qualify them to be used for the purposes of Section 28, unless they have also been attested under that Section.

43. Powers of Attorney under Section 28 must be stamped in accordance with Clause 43 of Schedule A. of Act X. of 1862.

44. Commissions under Section 28, for the examination of native women, shall not necessarily issue if the Registrar is otherwise satisfied that the power of attorney is the free and voluntary act of the women by whom it purports to have been made. The fee of Rupees 10 will be charged upon each separate attestation.

ABSTRACTS.

45. Abstracts will contain full information as to the names of the parties executing the instrument, the parties in whose favour it is made, the situation of the property dealt with, together with such boundaries or other specifications as are given on the original deed, the nature of the interest transferred, the consideration, if any given, the conditions of lease or mortgage, &c., and if the instrument does not contain full particulars on these points a note to that effect will be entered in the abstract.

46. Abstracts will be copied in the Offices of District Registrar in books provided for that purpose, and these books will include—

1*st.*—Abstracts forwarded by the Deputy Registrar under Section 7 of Act IX. of 1865.

2*nd.*—Abstracts prepared in the Office of District Registrar under Section 41 of Act XVI. of 1864.

মোক্তারের নাম।

তাঁহার ঠিকানা।

পক্ষব্যক্তি যে তিনি বটেন তাহা প্রমাণদাতা সাক্ষী থাকিলে তাঁহার নাম।

মন্তব্য।

এই মন্তব্যের শিরোভাগে মোক্তারনামার নিয়ম লিখিতে হইবে, অর্থাৎ তাহা বিশেষ কি আম মোক্তারনামা, এবং বিশেষ কোন রেজিস্টরী কার্য্যালয়ে কি সমুদয় রেজিস্টরী কার্য্যালয়ে ব্যবহার্য্য কি না।

৪০। যে আম মোক্তারনামাতে পূর্ব্বে দস্তখৎ হইয়াছিল তাহাতে রেজিস্টরী সম্পর্কীয় অভিপ্রায়ে ব্যবহার্য্য হইবার মম্মের কথা যোগ করিলে তাহা সেই অভিপ্রায় সাধনার্থে সিদ্ধ করা যাইতে পারিবে। কিন্তু সেই কথাতে উপযুক্ত কার্য্যকারকের সম্মুখে স্বতন্ত্র দস্তখৎ করতে হইবে।

৪১। যে ব্যক্তিরা নিদর্শনপত্র রেজিস্টরী করান তাঁহারা রেজিস্টরীকারি কার্য্যকারকের নিকটে বিশেষ মোক্তারনামা দাখিল করিলে তিনি তাহা কাগজপত্রের সহিত রাখিবেন।

৪২। নিদর্শনপত্র বলিয়া যাবতীয় মর্ম্মের মোক্তারনামার রেজিস্টরী ৪নং বহীতে হইতে পারিবে, কিন্তু সেই রেজিস্টরীতেই তাহা যে ২৮ ধারার নির্দ্দিষ্ট অভিপ্রায় সাধনার্থে ব্যবহার্য্য হইবার যোগ্য হইবে তাহা নয়, উক্ত ধারামতে তাহা সপ্রমাণ করা আবশ্যক।

৪৩। ২৮ ধারামতের যত মোক্তারনামা তাহাতে ১৮৬২ সালের ১০ আইনের A চিহ্নিত তফসীলের ৪৩ দফার বিধানানুসারে ইষ্টাম্প দিতে হইবে।

৪৪। ২৮ ধারামতে দেশীয় স্ত্রীলোককে জিজ্ঞাসাবাদের নিমিত্তে কমিসান জারী করা সর্ব্বদা আবশ্যক নয়, অর্থাৎ মোক্তারনামা যে স্ত্রীলোকের কৃত বলিয়া প্রতীয়মান হয়, তাঁহার অপরতন্ত্র ইচ্ছাপূর্ব্বক কর্ম্ম বটে, রেজিষ্ট্রার প্রকারান্তরে ইহা অবগত হইলে ঐ কমিসনের প্রয়োজন হইবে না। একং বার সপ্রমাণ করণে দশং টাকা লাগিবে।

খোলাসা বা সারসংগ্রহ।

৪৫। খোলাসা বা সারসংগ্রহে পশ্চাৎলিখিত কথা সবিশেষে লিখিতে হইবে, অর্থাৎ নিদর্শনপত্রে দস্তখৎকারি ব্যক্তিদের নাম, ও যাঁহাদের পক্ষে করা গেল সেই ব্যক্তিদের নাম, ও তন্নির্দ্দিষ্ট সম্পত্তির স্থানের নির্ণয়, বিশেষতঃ আসল পত্রে লিখিত তাহার চৌহদ্দী প্রভৃতি বৃত্তান্ত, ও হস্তান্তরীকৃত সম্পর্কের মর্ম্মের বৃত্তান্ত ও তাহার মূল্যাদি দত্ত হইলে তাহার কথা, এবং পাট্টার কি বন্ধকের নিয়ম ইত্যাদি। নিদর্শনপত্রে এই সকল বিষয়ের সবিশেষ বৃত্তান্ত না থাকিলে সেই অভাবসূচক মন্তব্য সারসংগ্রহে লিখিতে হইবে।

৪৬। সারসংগ্রহ সকলের নকল করিবার জন্যে ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারের কার্য্যালয়ে বিশেষ বহী রাখিতে হইবে, সেই বহীতে সকল সারসংগ্রহ লেখা যাইবে। বিশেষতঃ তাহার মধ্যে পশ্চাৎলিখিত কএক প্রকারের সারসংগ্রহ থাকিবে, অর্থাৎ—

(১) ১৮৬৫ সালের ৯ আইনের ৭ ধারামতে ডেপুটী রেজিষ্ট্রারের দ্বারা প্রেরিত সারসংগ্রহ।

(২) ১৮৬৪ সালের ১৬ আইনের ৪১ ধারামতে ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারের কার্য্যালয়ে প্রস্তুত সারসংগ্রহ।

*3rd.*—Abstracts of those portions of instruments sent from other Districts under Sections 25 and 27 which relate to the District in which the books are kept. These last abstracts need not be forwarded to the Registrar-General, who will have received them from the District in which the original registration took place under Section 25, or have himself registered the original instrument under Section 27.

47. Deputy Registrars will send abstracts of original registrations only made in Books I. and II., and of the registrations made on the application of private parties in Book III.

MEMORANDA OF CIVIL COURTS.

48. No fee is payable upon the registration of Memoranda sent by the Civil Courts under Sections 43 and 45. But all other decrees, orders, and private awards of arbitrations entered in Book III. on the applications of individuals will be charged with the optional fee of Rupees 2.

49. The Memoranda of the Courts will be received without reference to the date on which the decree was passed; but decrees, orders and awards presented by private parties will not be registered unless presented within two months from the date on which they were passed.

50. If a decree entered in the books be reversed or modified on appeal, the Registering Officer will, on the receipt and entry of the Memorandum of the orders passed on appeal, draw a line in red ink across the entry of the Memorandum of the original decree, and make a reference in the margin to the number and date of the Memorandum of the order on appeal.

51. If the Memorandum be forwarded by any Court in any vernacular language, an English translation of it, duly certified by the Registering Officer, will be entered instead of the Vernacular Memorandum.

MISCELLANEOUS.

52. District Registrars will only receive appeals when accompanied by the duly attested copy of the reasons for refusal which the Deputy Registrar is required by Section 66 to give.

53. District Registrars have a general discretionary power of supervision and control, and they should take frequent opportunities of examining the Offices, Books, &c. of Deputy Registrars, and report the results of such visits to the Registrar-General.

54. In the case of native noblemen exempted by Government from appearance in Civil Courts

(৩) ২৫ ও ২৭ ধারামতে অন্যান্য ডিষ্ট্রিক্টহইতে প্রেরিত নিদর্শনপত্রের যেং অংশের সহিত বহী রাখিবার ডিষ্ট্রিকুটের কোন সম্পর্ক আছে, সেইং অংশের সারসংগ্রহ। এই শেষোক্ত প্রকারের সারসংগ্রহ রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকটে পাঠাইবার প্রয়োজন নাই, কেননা ২৫ ধারামতে যে ডিষ্ট্রিকুটে প্রথমে রেজিষ্টরী হইয়াছিল তথাহইতে তিনি সেই সারসংগ্রহ পাইয়া থাকিবেন, অথবা ২৭ ধারামতে আপনি আসল নিদর্শনপত্রখানি রেজিষ্টরী করিয়া থাকিবেন।

৪৭। ডেপুটী রেজিষ্ট্রারেরা কেবল ১ ও ২ নং বহীর প্রথমস্থলীয় রেজিষ্টরীর সারসংগ্রহ, এবং ৩ নং বহীর যে রেজিষ্টরী ব্যক্তিবিশেষের প্রার্থনাক্রমে করা যায় তাহারও সারসংগ্রহ পাঠাইবেন।

দেওয়ানী আদালতের স্মারক লিপি।

৪৮। দেওয়ানী আদালত দ্বারা ৪৩ ও ৪৫ ধারামতে প্রেরিত স্মারক লিপির রেজিষ্টরীতে ফী লাগিবে না, কিন্তু ব্যক্তি বিশেষের প্রার্থনাক্রমে অন্য কোন ডিক্রী কি আজ্ঞা কি উভয় পক্ষের মানিত মধ্যস্থদের নিষ্পত্তি ৩ নং বহীতে লিখিলে ইচ্ছাধীন রেজিষ্টরী সম্পর্কীয় ফী অর্থাৎ ২৲ টাকা লাগিবে।

৪৯। আদালতের প্রেরিত স্মারক লিপি গ্রাহ্য হইবার জন্যে ডিক্রী জারী হইবার তারিখ বিষয়ক বিশেষ কোন বিধি নাই। কিন্তু বিশেষ ব্যক্তিরা যে কোন ডিক্রী কি আজ্ঞা কি উক্ত প্রকারের নিষ্পত্তি উপস্থিত করেন, তাহা জারী হইবার তারিখ অবধি দুই মাসের মধ্যে উপস্থিত করিতে হইবে, নতুবা তাহা রেজিষ্টরী হইবে না।

৫০। বহীতে লিখিত কোন ডিক্রী যদি আপীলক্রমে রহিত কি সংশোধিত হয়, তবে আপীলক্রমে প্রচারিত আজ্ঞার স্মারক লিপি পাইয়া লিখিলে পর রেজিষ্টরীকারি কার্য্যকারক আসল ডিক্রীর স্মারক লিপির কথা দিয়া আড় ভাবে লাল সেহাইয়ের রেখা টানিয়া আপীলক্রমে প্রচারিত আজ্ঞার স্মারক লিপির নম্বর ও তারিখপূর্ব্বক মন্তব্য হাসিয়াতে লিখিবেন।

৫১। কোন আদালত দেশীয় কোন ভাষাতে লিখিত স্মারক লিপি পাঠাইলে সেই দেশীয় ভাষার স্মারক লিপির পরিবর্ত্তে তাহার ইংরাজী অনুবাদ লিখিতে হইবে। রেজিষ্টরীকারি কার্য্যকারক সেই অনুবাদের যথার্থতা সপ্রমাণ করিবেন।

বিবিধ কথা।

৫২। ডিষ্ট্রিকুট রেজিষ্ট্রারের নিকটে আপীল হইলে, ডেপুটী রেজিষ্ট্রারের অসম্মতির যেং হেতু লিখিয়া দিবার আদেশ ৬৬ ধারাতে আছে, তাহার উচিতমতে সপ্রমাণীকৃত নকল আপীলের সঙ্গে উপস্থিত করিতে হইবে, নতুবা আপীল অগ্রাহ্য হইবে।

৫৩। স্ববিবেচনামতে তত্ত্বাবধারণ ও কর্ত্তৃত্ব করিবার সাধারণ ক্ষমতা ডিষ্ট্রিকুট রেজিষ্ট্রারের আছে, অতএব ডেপুটী রেজিষ্ট্রারদের কার্য্যালয় ও বহী প্রভৃতি বারম্বার নিরীক্ষণ করা তাঁহার উচিত। পরে তিনি সেই নিরীক্ষণের ফল রেজিষ্ট্রার জেনরল সাহেবকে জ্ঞাত করিবেন।

৫৪। দেশীয় যে মান্য লোকেরা দেওয়ানী আদালতে উপস্থিত হইবার আবশ্যকতাহইতে গবর্ণমেণ্ট

the execution of the instrument may be witnessed by the Registrar privately.

55. Fees are, under Section 14, to be regulated by the stamp value, and the fee will be charged on the minimum amount of consideration for which a given stamp is available. Thus a conveyance for a consideration of upwards of Rupees 80,000 to Rupees 1,00,000 requires a stamp of Rupees 500, and whatever the actual amount of consideration may be, the fee charged will be on Rupees 85,000.

56. In the case of a conveyance of immoveable, as well as moveable property, if separate consideration be not stated, the value of the immoveable property will be taken to be the whole amount of consideration represented by the stamp.

57. It is only necessary for the party or parties *executing* the instrument to sign the agreement under Section 51. It shall in every case be copied into the Register Book.

58. A table of fees shall be painted in white letters on a black board and hung up in every Registration Office.

59. Two or more volumes of any Register may be kept up simultaneously, but the entries must be numbered in order of entry without reference to the volume in which they are entered. An entry will always be cited by the volume and page as well as by the register and serial number.

60. There will be kept up in each Office an alphabetical index of persons, *i. e.*, all parties to instruments and their Attorneys, and also an index of places. Index entries relating to original registration will be made in black ink, and index entries referring to abstracts and copies forwarded from other Offices will be made in red ink.

61. The index of places will only refer to registrations of immoveable property; the index of persons is to contain the names of all the parties to every transaction represented by any document—the purchaser, lessee, mortgagee, as well as the vendor, lessor, or mortgagor. The index should be filled up under the several letters of the Alphabet in the order of representation of documents, and at the close of the year it should be re-written in strictly alphabetical order. In the index of persons the place should be determined by the family name of a Hindoo, as

Thákur, Debendranath.
Basu, Rám Kumár.
Sing, Rájá Mán.

কর্ত্তৃক মুক্ত হইয়াছেন, তাঁহারা নিদর্শনপত্রে দস্তখৎ করিলে, রেজিষ্ট্রার অপ্রকাশ্যরূপে তাহাতে সাক্ষ্য দিতে পারিবেন।

৫৫। ১৪ ধারামতে ইষ্টাম্পঘটিত মূল্য বুঝিয়া ফী অবধারণ করিতে হইবে, ও বিশেষ কোন ইষ্টাম্প যেং মূল্য সম্পর্কীয় তাহার মধ্যে সর্ব্বাপেক্ষা অল্প মূল্য ধরিয়া ফী লওয়া যাইবে। ইহার উদাহরণ। যে হস্তান্তরীকরণপত্রে ৫০০৲ টাকা মূল্যের ইষ্টাম্প লাগে তন্নির্দ্দিষ্ট সম্পত্তির ৮০,০০০৲ টাকা অবধি ১০০,০০০৲ টাকা পর্য্যন্ত মূল্য হইতে পারে, অতএব পাঁচ শত টাকা মূল্যের ইষ্টাম্প দেখিলে, প্রকৃত মূল্য যাহা হউক, ৮৫০০০৲ টাকা ধরিয়া ফী অবধারণ করিতে হইবে।

৫৬। কোন হস্তান্তরীকরণপত্রে স্থাবর ও অস্থাবর দুই প্রকারের সম্পত্তি নির্দ্দিষ্ট হইলে যদি তাহার স্বতন্ত্রং মূল্য লিখিত না থাকে, তবে স্থাবর সম্পত্তির যে মূল্য তাহা ঐ ইষ্টাম্পঘটিত সমুদয় অর্থ বলিয়া গণ্য হইবে।

৫৭। ৫১ ধারামতের যে সম্মতিকথা তাহাতে স্বাক্ষর করা নিদর্শনপত্রে দস্তখৎকারি ব্যক্তির কি ব্যক্তিদের ভিন্ন কাহারও আবশ্যক নাই। তদ্রূপ প্রত্যেক সম্মতিকথার নকল সর্ব্বদা রেজিষ্টর বহীতে তুলিতে হইবে।

৫৮। শাদা রঙ্গের অক্ষরে কালো রঙ্গের তক্তাতে লিখিত ফীর তালিকা প্রত্যেক রেজিষ্টরী কার্য্যালয়ে লট্‌কাইয়া রাখিতে হইবে।

৫৯। রেজিষ্টরের দুই কি অধিক বালম এক সময়ে রাখা যাইতে পারিবে। যে বালমে লেখা যাউক না কেন, যে কথা যে ক্রমে লেখা যায় সেই ক্রমানুসারে তাহাতে নম্বর দিতে হইবে। কোন কথার উল্লেখ করিতে হইলে রেজিষ্টর ও ক্রমাগত নম্বরের সহিত বালম ও পৃষ্ঠাও উল্লেখ করিতে হইবে।

৬০। প্রত্যেক কার্য্যালয়ে ব্যক্তিদের ফর্দ্দ অর্থাৎ নিদর্শনপত্রের পক্ষ ব্যক্তিদের ও তাঁহাদের মোক্তারদের বর্ণাবলিক্রমিক সূচীপত্র ও স্থান সকলেরও সূচীপত্র রাখিতে হইবে। সূচীপত্রের যে কথা স্থানীয় রেজিষ্টরী সম্পর্কীয় তাহা কালো কালিতে লিখিতে হইবে, কিন্তু সূচীপত্রের যে কথা অন্যান্য স্থানের কার্য্যালয়হইতে প্রেরিত সারসংগ্রহ কি নকল সম্পর্কীয় তাহা লাল কালিতে করিতে হইবে।

৬১। স্থানের যে সূচীপত্র তাহা কেবল স্থাবর সম্পত্তির রেজিষ্টরী সম্পর্কীয় হইবে, কিন্তু ব্যক্তিদের যে সূচীপত্র তাহাতে নিদর্শনপত্রে নির্দ্দিষ্ট যাবতীয় কার্য্যের যাবতীয় পক্ষ ব্যক্তিদের নাম অর্থাৎ ক্রেতা কি পাট্টাদার কি বন্ধকগ্রহীতা এবং বিক্রেতা কি পাট্টাদাতা কি বন্ধকদাতা, সকলের নাম লিখিতে হইবে। বর্ণাবলির একং অক্ষরের শিরোভাগে নিদর্শনপত্র উপস্থিত হইবার ক্রমানুসারে তাহার কথা লিখিয়া সূচীপত্র প্রস্তুত করিতে হইবে, কিন্তু বৎসর অতীত হইলে ঠিক বর্ণাবলিক্রমে সকল কথা লিখিয়া তাহা নূতন করিয়া প্রস্তুত করিতে হইবে। ব্যক্তিদের সূচীপত্রের যে স্থানে যাহার নাম দিতে হইবে তাহা হিন্দু লোকের কুলনাম বুঝিয়া নির্ণয় করিতে হইবে। ইহার উদাহরণ,

ঠাকুর, দেবেন্দ্রনাথ।
বসু, রামকুমার।
সিংহ, রাজা মান।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ১৫ আগষ্ট।]

But in the case of Mussulmans, by the beginning of the real name as distinguished from the titles of Shaik, Moulvie, &c.

62. It is of great importance to preserve a uniformity of spelling in the transcriptions of Native names; an index would be of little use if Umesh figured as Oomes, Oomesh, Woomes, and Umesh, or if Elahi Bux and Ilahi Bakhsh were written promiscuously.

The following table has, therefore, been drawn up to regulate the spelling of Bengalee and Urdu words in indexes and abstracts:—

মুসলমানদের নাম হইলে, সেখ মৌলবী প্রভৃতি উপাধি না ধরিয়া প্রকৃত নামের আরম্ভ বুঝিয়া সেই স্থান নির্ণয় করিতে হইবে।

৬২। দেশীয় সকল নাম ইংরাজী অক্ষরে লিখিতে হইলে লিখিবার রীতির ঐক্য রক্ষা করা অতি আবশ্যক, কেননা সূচীপত্রে "উমেশ" এই নাম কখন Oomes, কখন বা Oomesh, কখন বা Woomes, ও কখন বা Umesh লিখিলে, কিম্বা "ইলাহী বকস" এই নাম কখন Elahi Bux, ও কখন বা Ilahi Bakhsh লিখিলে সূচীপত্র প্রায় বিফল হয়।

অতএব সূচীপত্রে ও সারসংগ্রহে বাঙ্গলা ও উর্দ্দু শব্দ ইংরাজী অক্ষরে লিখিবার বিধান করণার্থে নিম্ন লিখিত তালিকা প্রস্তুত করা গেল।

*Bengali.*

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ক | k | ড | d | ম | m | ই | i |
| খ | kh | ঢ | dh | য | j, y | ঈ | í |
| গ | g | ণ | n | র | r | উ | u |
| ঘ | gh | ত | t | ল | l | ঊ | ú |
| ঙ | n | থ | th | ব | v | ঋ | ri |
| চ | ch | দ | d | শ | sh | ৠ | rí |
| ছ | chh | ধ | dh | ষ | s | এ | e |
| জ | j | ন | n | স | s | ঐ | ai |
| ঝ | jh | প | p | হ | h | ও | o |
| ঞ | n | ফ | ph | ক্ষ | khy | ঔ | au |
| ট | t | ব | b | অ | a | | |
| ঠ | th | ভ | bh | আ | á | | |

*Urdu.*

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| g | گ | s | ص | kh | خ | a, á, i, u, | ا أ إ آ |
| l | ل | z | ض | d | د | b | ب |
| m | م | t | ط | d | ڈ | p | پ |
| n | ن | z | ظ | r | ر | t | ت |
| w, o, u, au | و | a, á, i, u | ع | z | ز | t | ٹ |
| h | ہ | gh | غ | y | ڑ | s | ث |
| y, ai, ei | ی | f | ف | zh | ژ | j | ج |
| | | q | ق | s | س | ch | چ |
| | | k | ک | sh | ش | h | ح |

[*Government Gazette*, 15*th August* 1865.]

63. Copies can only be given under Section 60 of instruments, registered in books Nos. 1, 2, 3, and of Wills registered under Section 49, except on the application of a party to an instrument. If the application distinctly specifies the instrument to be copied, the fee for copy alone will be levied, but if a previous search is requisite, the fees both for search and copy, will be levied.

64. Copies under Section 60 will be given on stamped paper in accordance with Clauses 28 to 31 of Schedule A., and Clauses 4 and 5 of Schedule B. of Act X. of 1862.

65. Applications for copies and other petitions or applications to Registering Officers may be made on plain paper.

66. A call for information from any Court or Revenue Authority shall, if it necessitates search in the Registers, be accompanied by the necessary fee for search. Officers of Government will be permitted to inspect the Registers without fee; but if the production of a Register Book in any Court is required, it shall be produced by an Officer of the Registrar's Establishment deputed for that purpose, and his expense shall be paid by the Court.

67. Deputy Registrars shall submit to the District Registrars the following Statements, forms of which will be provided:—

1st.—Statement shewing the number of instruments registered, both compulsory and optional (A. and B.)

2nd.—Classified Statement of fees received.

3rd. General Business Statement.

4th. —List of general powers of attorney executed in presence of Deputy Registrar.

5th.—List of Commissions issued under Section 28, with particulars of distance of place visited and travelling allowance paid.

68. District Registrars shall submit to the Registrar-General the following Statements:—

(1.) Statement shewing the number of documents registered in each Sub-District and in the District Office.

(2.) Classified Statement of fees received in each Sub-District and in the District Office.

(3.) General Business Statement for the District Office, which shall be accompanied by the corresponding Statements received from the Sub-Districts.

(4.) List of general powers of attorney, which shall be accompanied by the corresponding Statements received from the Sub-Districts.

৬৩। নিদর্শনপত্রের পক্ষ কোন ব্যক্তির প্রার্থনা করিবার স্থল ভিন্ন অন্য সকল স্থলে ৬০ ধারামতে কেবল ১ কি ২ কি ৩ নং বহীতে রেজিষ্টরী হওয়া নিদর্শনপত্রের নকল কি ৪৯ ধারামতে রেজিষ্টরী হওয়া উইলের অর্থাৎ চরমপত্রের নকল দেওয়া যাইতে পারে। যে নিদর্শনপত্রের নকল করিতে হয়, তাহা যদি প্রার্থনাপত্রে স্পষ্টরূপে নির্দ্দিষ্ট থাকে, তবে কেবল নকল করিবার ফী লওয়া যাইবে। কিন্তু যদি অগ্রে অনুসন্ধান করা আবশ্যক হয়, তবে দুই ফী অর্থাৎ অনুসন্ধান করিবার ও নকল করিবার ফী লওয়া যাইবে।

৬৪। ৬০ ধারামতে যে নকল দেওয়া যাইবে তাহা ১৮৬২ সালের ১০ আইনের A চিহ্নিত তফসীলের ২৮ অবধি ৩১ পর্য্যন্ত দফার ও B চিহ্নিত তফসীলের ৪ ও ৫ দফার বিধানমতে ইষ্টাম্প কাগজে দেওয়া যাইবে।

৬৫। নকলের প্রার্থনাপত্র ও অন্য প্রার্থনাপত্র প্রভৃতি যত দরখাস্ত রেজিষ্টরীকারি কার্য্যকারকদের নিকটে করা যায়, তাহা শাদা কাগজে করা যাইতে পারিবে।

৬৬। কোন আদালত কিম্বা রাজস্বসম্পর্কীয় কোন কর্ত্তৃপক্ষ কোন কথা জিজ্ঞাসা করিলে যদি রেজিষ্টর সকলে সেই কথা অনুসন্ধান করা আবশ্যক হয়, তবে তৎসহ অনুসন্ধানজন্য উচিত ফী পাঠাইতে হইবে। রাজকীয় কার্য্যকারকেরা ফী না দিয়া রেজিষ্টর নিরীক্ষণ করিতে পারিবেন, কিন্তু কোন আদালতে রেজিষ্টর বহী উপস্থিত করিবার আজ্ঞা হইলে রেজিষ্ট্রারের সিরিস্তার কোন কর্ম্মচারী সেই অভিপ্রায়ে প্রেরিত হইয়া তাহা উপস্থিত করিবেন, এবং ঐ আদালত তাঁহার খরচ দিবেন।

৬৭। ডেপুটী রেজিষ্ট্রারেরা পশ্চাৎ লিখিত সকল কৈফিয়ৎ ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারদিগের নিকট পাঠাইবেন। তাহার পাঠ পশ্চাৎ প্রেরিত হইবে।

(১) আবশ্যকতাক্রমে ও ইচ্ছাধীনে (A ও B) যত নিদর্শনপত্র রেজিষ্টরী হইয়াছে তাহার সংখ্যাসূচক কৈফিয়ৎ।

(২) যত ফী আদায় হইয়াছে তাহার শ্রেণীতে বিভক্ত কৈফিয়ৎ।

(৩) সাধারণ কার্য্যের কৈফিয়ৎ।

(৪) ডেপুটী রেজিষ্ট্রারের সম্মুখে যাহাতে দস্তখৎ হইয়াছে সেই সকল আম মোখ্তারনামার ফর্দ্দ।

(৫) ২৮ ধারামতে জারী হওয়া কমিসনের ফর্দ্দ, ও তদুপলক্ষে যেং স্থানে যাইতে হইল, তাহা কত দূর ও কত পাথেয় দেওয়া গেল, তাহার বৃত্তান্ত।

৬৮। ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রার পশ্চাৎ লিখিত সকল কৈফিয়ৎ রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকটে পাঠাইবেন অর্থাৎ—

(১) ডিষ্ট্রিক্টের ও একং সব-ডিষ্ট্রিক্টের কার্য্যালয়ে যত নিদর্শনপত্রের রেজিষ্টরী হইয়াছে তৎসংখ্যাসূচক কৈফিয়ৎ।

(২) ডিষ্ট্রিক্টের ও একং সব-ডিষ্ট্রিক্টের কার্য্যালয়ে যত ফী আদায় হইয়াছে তাহার শ্রেণীতে বিভক্ত কৈফিয়ৎ।

(৩) ডিষ্ট্রিক্ট কার্য্যালয়ের সাধারণ কার্য্যের কৈফিয়ৎ, ও তৎসহ সমুদয় সব-ডিষ্ট্রিক্টহইতে প্রাপ্ত সেই বিষয়ের কৈফিয়ৎ।

(৪) আম মোখ্তারনামার ফর্দ্দ, ও তৎসহ সমুদয় সব-ডিষ্ট্রিক্টহইতে প্রাপ্ত সেই বিষয়ের ফর্দ্দ।

(5.) Monthly Statement of expenditure,—see paragraph 86.

69. The Deputy Registrar's Statements will be drawn up on the first working day of the month following that to which they refer. The District Registrar's Statements should be dispatched by the 5th of the month, or as soon as possible.

70. Stationery will be supplied by the Superintendent of Stationery on the requisition of the District Registrar, with the countersignature of the Registrar-General.

71. Almirahs must be provided for each Office for the safe custody of the Registers and Indexes. They should be of a substantial character, tin lined, and with good English locks; estimates of the cost to be incurred on this account must be submitted to the Registrar-General.

72. A Deputy Registrar visiting any place under Sections 28 and 65 shall, if travelling allowance is paid by the party, report the same to the District Registrar. Travelling allowance shall not be received except for *bonâ fide* expenditure.

73. The seal shall always remain in the personal custody of the Officer.

74. If a Sub-District be partly contained in two or more Districts the Deputy Registrar shall supply abstracts, copies, &c., to the Registrar within whose District the immoveable property, which is affected by the instrument shall be situated; but his Returns, Accounts, &c., shall be rendered to that Registrar within whose District the Office of the Deputy Registrar shall be situated.

75. **Abstracts must** be sent in seven days, and the District Registrar will invariably call for explanation in case of delay.

76. Registers kept up previously to the period when Act XVI. of 1864 commenced to operate will be kept in the custody of the District Registrar of the Sudder Station, who will grant copies and permit search at the same rate of fees and to the same extent as is prescribed with regard to Registers under the Act. Copies will be granted to instruments relating to immoveable property only, except in the case of application being made by the parties to the instrument themselves.

77. A Deputy Registrar about to make a tour in his Sub-District should notify previously the route he will take, and the days on which he may be expected to arrive at the various places on his route.

(৫) খরচের মাসিক কৈফিয়ৎ। (৮৬ বিধি দেখ।)

৬৯। ডেপুটী রেজিষ্ট্রারের কৈফিয়ৎ যে মাস সম্পর্কীয় তৎপর মাসের প্রথম যে দিনে রাজকীয় কর্ম্ম চলে সেই দিনে তাহা প্রস্তুত করিতে হইবে। ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারের যে কৈফিয়ৎ, তাহা মাসের ৫ তারিখে অথবা সাধ্যমতে শীঘ্র পাঠাইতে হইবে।

৭০। ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রার প্রার্থনাপত্র পাঠাইলে ও রেজিষ্ট্রার জেনরল সাহেব তাহাতে সম্মতিসূচক স্বাক্ষর করিলে ষ্টেশোনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব কাগজ কলম ইত্যাদি পাঠাইবেন।

৭১। রেজিষ্টর ও সূচীপত্র সকলের সুরক্ষার্থে প্রত্যেক কার্য্যালয়ে আলমারী থাকিবে। তাহা যে দৃঢ়রূপে গঠিত হয় ও অভ্যন্তরে টিনের পাত মারা যায় ও উত্তম বিলাতী কল থাকে, ইহা আবশ্যক। এ বিষয়ে যে খরচ লাগিবে, তাহার আনুমানিক হিসাব রেজিষ্ট্রার জেনরল সাহেবের কাছে পাঠাইতে হইবে।

৭২। কোন ডেপুটী রেজিষ্ট্রার ২৮ ও ৬৫ ধারামতে কোন স্থানে গমন করিলে পক্ষ ব্যক্তি যদি তাঁহার পথখরচ দেন, তবে ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারকে তাহা জানাইতে হইবে। বাস্তবিক যে অর্থ ব্যয় হয়, তদতিরিক্ত পথখরচ গ্রহণ করা অকর্ত্তব্য।

৭৩। মোহর সর্ব্বদা কার্য্যকারকের নিজ রক্ষণে থাকিবে।

৭৪। কোন সব-ডিষ্ট্রিকটের ভিন্ন২ অংশ দুই কি অধিক ডিষ্ট্রিকটের অন্তর্গত হইলে, নিদর্শনপত্রে নির্দ্দিষ্ট স্থাবর সম্পত্তি যাঁহার ডিষ্ট্রিকটের অন্তর্গত সেই রেজিষ্ট্রারের নিকটে ডেপুটী রেজিষ্ট্রার সারসংগ্রহ ও নকল প্রভৃতি পাঠাইবেন, কিন্তু ডেপুটী রেজিষ্ট্রারের কার্য্যালয় যাঁহার ডিষ্ট্রিকটের অন্তর্গত সেই রেজিষ্ট্রারের নিকটে তিনি আপনার কৈফিয়ৎ ও হিসাব ইত্যাদি পাঠাইবেন।

৭৫। সারসংগ্রহ পাঠাইতে হইলে সাত দিনের মধ্যে তাহা পাঠাইতে হইবে। পাঠাইতে বিলম্ব হইলে ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রার তাহার কারণ জিজ্ঞাসা করিতে ত্রুটি করিবেন না।

৭৬। ১৮৬৪ সালের ১৬ আইনের প্রবলতার আরম্ভকালের পূর্ব্বে যেং রেজিষ্টর রাখা যাইত, তাহা সদর মোকামের ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারের রক্ষণে থাকিবে। তিনি তাহার নকল পাইবার ও অনুসন্ধান করিবার অনুমতি দিবেন, অর্থাৎ যে হারের ফী লইয়া এই আইনমতের রেজিষ্টরের সম্পর্কে তদ্রূপ অনুমতি যে পর্য্যন্ত দেওয়া যায়, সেই হারের ফী লইয়া সেই পর্য্যন্ত অনুমতি দিবেন। নিদর্শনপত্রের পক্ষ ব্যক্তিদেরই দ্বারা প্রার্থনা হইবার স্থল ভিন্ন অন্য সকল স্থলে কেবল স্থাবর সম্পত্তি বিষয়ক নিদর্শনপত্রের নকল দেওয়া যাইবে।

৭৭। কোন ডেপুটী রেজিষ্ট্রার যখন আপনার সব-ডিষ্ট্রিক্টের মধ্যে ভ্রমণ করিতে উদ্যত হন, তখন যে পথে যাইবেন ও তাহার যে স্থানে যে তারিখে পঁহুছিবার সম্ভাবনা আছে, তাহা অগ্রে প্রকাশ করিবেন।

## Accounts.

78. Ordinary receipts will be classified under the three heads of Registration Fees, Meeran Fees, and Fines. Each Office will, at the close of working hours, pay in the receipts of the day to the Sub-Divisional or District Treasury. Fees as received will be entered in the Fee Book in order of receipt, with specification of the party paying and the Schedule under which paid. A rate will also be made in the Register of the fee received in each case. At the close of the hours allotted for registration the entries in the Fee Book under each Schedule will be added up and compared with the totals of entries in corresponding Registration Book, and the grand total will be compared with the cash actually received; the result then will be entered in the Abstract Fee Book under the several heads and the amount sent to the Treasury, together with the Abstract Fee Book signed by the Registering Officer; the Treasury Officer will after receipt sign the certificate of receipt at the bottom of the page in the Abstract Fee Book, each page of which will thus serve as Chullan and Voucher, and also as a classified abstract of all the receipts.

79. The head of fines will include only fines actually levied in cash, not those deducted from the salary of Establishment in which the net amount only will be paid. Fees for copying will be paid to the copyists and not brought into account.

80. A monthly abstract will be prepared by each Registering Officer containing the totals of the daily abstract, and will be submitted to the District Registrar on the 2nd of the month, who will forward it to the Registrar-General. On receipt the Registrar-General will furnish a general abstract of the receipt in each District (under the general heads of account only) to the Deputy Auditor and Accountant-General, who will compare with the Collectorate Accounts.

81. The Receiving Officers in Calcutta (Registrar-General and District Registrar of Calcutta) will, instead of sending the Abstract Fee Book with the remittance to the Bank, send a Bank Pass Book in which the Bank will every day enter a receipt. The Registrar-General will send his cash daily at 2 P. M.; the Registrar of Calcutta on the following morning.

82. Salaries and Establishments will be paid on permanent orders by the Account Department. But as the full amount allowed for Establishment is not always payable, the countersignature of the Registrar-General will be necessary before

## হিসাবের কথা।

৭৮। সাধারণ যে আয় তাহা রেজিষ্টরী জন্য ফী ও মীরন ফী ও অর্থদণ্ড এই তিন শ্রেণীতে বিভক্ত হইবে। প্রত্যেক কার্য্যালয়ে কর্ম্ম করিবার দৈবসিক কাল প্রায় অতীত হইলে সেই দিনের আয় জিলাখণ্ডের কি জিলার খাজানাখানায় দিতে হইবে। ফী যে ক্রমে আদায় হয় সেই ক্রমে ফীর বহীতে তাহা লিখিতে হইবে, অর্থাৎ আদায় হইবামাত্র পরিশোধকারি ব্যক্তির নাম ও যে তফসীলমতে আদায় হয়, তাহা সুদ্ধ সেই ফীর কথা লিখিতে হইবে। প্রত্যেক স্থলে যে২ ফী আদায় হয় তাহার মনুর্য্য রেজিষ্টরেও লিখিতে হইবে। রেজিষ্টরী করিবার দৈবসিক সময় অতীত হইবামাত্র ফীর বহীতে এক২ তফসীলমতের যত ফী আদায় হইবার কথা আছে তাহা সঙ্কলন করিয়া তাহার মোট প্রাসঙ্গিক রেজিষ্টর বহীতে লিখিত কথার মোটের সহিত মিলাইয়া সমুদয়ের মোট হস্তে আসা টাকার সহিত মিলাইতে হইবে। পরে তাহার ফল ফীর সারসংগ্রহ বহীতে ভিন্ন২ শিরোভাগে লিখিয়া সেই ফীর সারসংগ্রহ বহীতে রেজিষ্টরীকারি কার্য্যকারকের স্বাক্ষর হইলে তাহা ও টাকা উভয়ই খাজানাখানায় পাঠাইতে হইবে। খাজানাখানার কার্য্যকারক টাকা লইয়া ফীর সারসংগ্রহ বহীর পৃষ্ঠার তলভাগে তৎপ্রাপ্তির সর্টিফিকেটে স্বাক্ষর করিবেন। এইরূপে উক্ত বহীর প্রত্যেক পৃষ্ঠ যাবতীয় আয়ের চালান ও বৌচর ও শ্রেণীসূচক সারসংগ্রহ হইবে।

৭৯। অর্থদণ্ডের শিরোভাগে কেবল যাহা নগদ পাওয়া যায় এমত অর্থদণ্ডের কথা লিখিতে হইবে, সুতরাং সিরিস্তার কেরাণী প্রভৃতি লোকদের বেতন হইতে যাহা কাটা যায় সেই জরীমানা ধরিতে হইবে না, কেননা এমত স্থলে কেবল শুদ্ধ মোট দেওয়া যাইবে। নকল করিবার ফী হিসাবে না ধরিয়া নকলনবীশদিগকে দিতে হইবে।

৮০। রেজিষ্টরীকারি প্রত্যেক কার্য্যকারক প্রাত্যহিক সারসংগ্রহের সমুদয় মোট লিখিয়া মাসিক সারসংগ্রহ প্রস্তুত করিবেন, ও মাসের দ্বিতীয় তারিখে তাহা ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারের নিকটে পাঠাইবেন, তিনি রেজিষ্ট্রার জেনরল সাহেবের কাছে তাহা প্রেরণ করিবেন। তাহা পাইলে পর রেজিষ্ট্রার জেনরল সাহেব হিসাবের সাধারণ শিরোভাগমাত্র ধরিয়া এক২ জিলায় আদায় হওয়া টাকার সাধারণ সারসংগ্রহ প্রস্তুত করিয়া ডেপুটী আডিটর ও আকৌন্টেন্ট জেনরল সাহেবের নিকটে পাঠাইবেন, তিনি কালেক্টরির হিসাবের সঙ্গে তাহা মিলাইবেন।

৮১। যে কার্য্যকারকেরা কলিকাতায় ফী আদায় করেন তাঁহারা অর্থাৎ রেজিষ্ট্রার জেনরল সাহেব ও কলিকাতার ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রার ব্যাঙ্কে টাকা পাঠাইবার সময়ে তৎসহ ফীর সারসংগ্রহ বহী না পাঠাইয়া এক খান ব্যাঙ্ক পাস বহী পাঠাইবেন। তন্মধ্যে ব্যাঙ্ক প্রত্যহ রসীদ লিখিবেন। রেজিষ্ট্রার জেনরল সাহেব প্রত্যহ বেলা দুই টার সময়ে, ও কলিকাতার রেজিষ্ট্রার পরদিন পূর্ব্বাহ্নে টাকা পাঠাইবেন।

৮২। বেতন ও সিরিস্তাঘটিত টাকা আকৌন্ট ডিপার্টমেন্টের চিরস্থায়ি আজ্ঞার বলে দেওয়া যাইবে। কিন্তু সিরিস্তার জন্যে যত খরচ অনুমোদিত হইয়াছে, সর্ব্বদা তৎসমুদয় দেওয়া বিহিত হইবে না, অতএব কোন সিরিস্তা বিষয়ক বিলের টাকা পাইবার জন্যে

the payment of each Establishment Bill. The Bills paid will be submitted to the Accountant-General with vouchers.

83. Country stationery and other petty contingencies will, for the present, be paid on monthly Bills countersigned by the District Registrar and presented to the Treasury Officer; but any Bill exceeding Rupees 4 must be sent to the Registrar-General for countersignature. The Registrar-General will require a monthly Statement from each District Registrar of the amounts passed by him for country stationery in the District and Sub-Districts, and after a short time a fixed contract rate will be assigned to each District.

84. All the contingent charges, as for purchasing furniture, travelling allowance for Omlahs, &c., will be paid by the Treasury Officer on the countersignature of the Registrar-General, unless the estimates have been sanctioned by him before purchase, when his countersignature to the Bill will not be again required.

85. The Treasury Officer will charge the amount of all payments in his list of payments, but the Accountant-General will debit the proper head of service.

86. District Registrars will submit to Registrar-General a monthly Statement of payments actually made, under the headings of salary of Deputy Registrar, salaries of Establishments, country stationery, and contingencies.

WILFRED L. HEELEY,
*Registrar-General.*

অগ্রে রেজিষ্ট্রার জেনরল সাহেবের সম্মতিসূচক স্বাক্ষরের প্রয়োজন হইবে। বিলের টাকা দিলে পর সেই বিল বৌচরের সহিত আকৌণ্টেণ্ট জেনরল সাহেবের নিকটে পাঠাইতে হইবে।

৮৩। দেশীয় কাগজ কলম প্রভৃতি খুচরা নৈমিত্তিক ব্যয়ের টাকা পাইবার জন্যে মাসিক বিল প্রস্তুত করিতে হইবে, পরে ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রার তাহাতে সম্মতিসূচক স্বাক্ষর করিলে তাহা খাজানাখানার কার্য্যকারকের নিকটে দাখিল করিতে হইবে। কিন্তু চারি টাকার অধিক মূল্যের বিল হইলে রেজিষ্ট্রার জেনরল সাহেবের সম্মতিসূচক স্বাক্ষরের প্রয়োজন হইবে, অতএব তাঁহার নিকটে তাহা পাঠাইতে হইবে। একং ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রার ডিষ্ট্রিক্টে ও সকল সব-ডিষ্ট্রিক্টে দেশীয় কাগজ কলম জন্য যত খরচের প্রতি সম্মতি দেন, তাহার মাসিক কৈফিয়ৎ রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকটে পাঠাইতে হইবে। তাহাতে অল্প কাল পরে একং ডিষ্ট্রিক্টের জন্যে চুক্তিঘটিত চিরস্থায়ি হার নিরূপিত হইতে পারিবে।

৮৪। কার্য্যালয়ের সামগ্রী ক্রয় ও আমলাদের পাথেয় প্রভৃতি নৈমিত্তিক খরচের সকল বিলে রেজিষ্ট্রার জেনরল সাহেবের সম্মতিসূচক স্বাক্ষর দেখিলে খাজানাখানার কর্ম্মকারক তাহার টাকা দিবেন। কিন্তু ক্রয়ের পূর্ব্বে যদি রেজিষ্ট্রার জেনরল সাহেব তাহার আনুমানিক হিসাবে সম্মতি দিয়া থাকেন, তবে বিলে তাঁহার সম্মতিসূচক স্বাক্ষরের আর প্রয়োজন হইবে না।

৮৫। খাজানাখানার কার্য্যকারক যত টাকা দেন, তাহা আপনার দত্ত টাকার ফর্দ্দে লিখিবেন, পরে আকৌণ্টেণ্ট জেনরল সাহেব রাজকীয় কার্য্যঘটিত প্রাসঙ্গিক শিরোভাগে তাহা খরচ লিখিবেন।

৮৬। ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রারেরা বাস্তবিক যে টাকা খরচ করেন, তাহার মাসিক কৈফিয়ৎ ডেপুটী "রেজিষ্ট্রারের বেতন" ও "সিরিস্তার বেতন" ও "দেশীয় কাগজ কলম" ও "নৈমিত্তিক খরচ" এই কএক শিরোভাগে প্রস্তুত করিয়া রেজিষ্ট্রার জেনরল সাহেবের নিকটে পাঠাইবেন।

উইলফ্রেড এল হীলি,
রেজিষ্ট্রার জেনরল।

J. WENGER, *Offg. Bengalee Translator.*

## Report on two acts of exemplary liberality by Rajah Joymungul Sing.

From A. MONEY, ESQ., C. B., Commissioner of the Bhaugulpore Division, to the Secretary to the Government of Bengal on tour, Buxar,—(No. 33, dated the 10th June 1865.)

I HAVE the honor to bring to the Lieutenant-Governor's notice two acts of enlightened liberality on the part of Rajah Joymungul Sing, of Zillah Monghyr.

2. This gentleman has sent me two Urzees to the effect that he wishes to give towards the construction of a proper School house at Bhaugulpore a sum of Rupees, 10,000 to which his brother adds 1,000 and his sons 500, and that he

## শ্রীযুত রাজা জয়মঙ্গল সিংহের বিলক্ষণ ঔদার্য্যের কার্য্যদ্বয়ের বৃত্তান্ত।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ভ্রমণকারি শ্রীযুত সেক্রেটারী সাহেবের নিকটে বক্সারে প্রেরিত ভাগলপুর এলাকার কমিস্যনর শ্রীযুত এ মনি সি, বি, সাহেবের পত্র। (৩৩ নং ১৮৬৫ সাল ১০ জুলাই।)

আমি সমাদর পূর্ব্বক মুঙ্গের জিলার শ্রীযুত রাজা জয়মঙ্গল সিংহের জ্ঞানমূলক ঔদার্য্যের কার্য্যদ্বয় শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবকে জ্ঞাত করা বিহিত বুঝিলাম।

২। উক্ত মহোদয় আমার নিকটে দুই খানি আরজী প্রেরণ করিয়াছেন, তন্মধ্যে এপের দ্বারা প্রকাশ করেন যে ভাগলপুরে উপযুক্ত বিদ্যালয় নির্ম্মাণার্থে তিনি ১০,০০০৲ ও তাঁহার ভ্রাতা ১০০০৲ ও তাঁহার পুত্রগণ ৫০০৲ টাকা দান করিতে ইচ্ছা করেন। অন্য আরজীর

intends to make over without payment to the Government all the land required for the new Railway line from Raneegunge to Luckheeserai which may be within the limits of his estate.

3. As the Railway will run for some miles through his property, this offer of the Rajah's is a very liberal one.

4. I beg to suggest, for the Lieutenant-Governor's consideration, whether it would not be well, as an example and encouragement to others, to give publicity in the *Gazette* to this generous and public spirited conduct of Rajah Joymungul Sing, Bahadoor.

মর্ম্ম এই যে রাণীগঞ্জ অবধি লক্ষ্মী সরাই পর্য্যন্ত যে নূতন রেলওয়ে হইবে তাহার জন্যে তাঁহার মহালের অন্তর্গত যত ভূমির প্রয়োজন হইবে, তিনি তাহার মূল্য না লইয়া তাহা গবর্ণমেণ্টকে দিবেন।

৩। সেই রেলওয়ের যে অংশ তাঁহার মহালের মধ্যে পড়িবে তাহা কএক মাইল পরিমিত, অতএব রাজার এই দানে বিলক্ষণ ঔদার্য্য প্রকাশ পায়।

৪। আমি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের বিবেচনার্থে এই কথা জিজ্ঞাসা করি, যে শ্রীযুত রাজা জয়মঙ্গল সিংহ বাহাদুরের এতাদৃশ উদার ও সাধারণের মঙ্গলজনক কার্য্যবৃত্তান্তদ্বারা অন্যান্য লোককে দৃষ্টান্ত ও আশ্বাস দিবার জন্যে গেজেটে তাহা প্রকাশ করিলে ভাল হয় কি না।

---

From the HON'BLE A. EDEN, Secretary to the Government of Bengal, to the Commissioner of Bhaugulpore,—(No. 139T., dated on board the Yacht *Rhotas*, the 18th July 1865.

I AM directed to acknowledge the receipt of your letter No. 33, dated the 10th instant, and in reply to request that you will communicate to Rajah Joymungul Sing the acknowledgments of Government for his public spirited and liberal conduct in respect to the donation for a School at Bhaugulpore, and the grant of land within the limits of his estate for the new Railway line from Raneegunge to Luckheeserai.

This correspondence will be published in the Supplement to the *Calcutta Gazette*.

ভাগলপুরের কমিস্যনর সাহেবের নিকটে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী মান্যবর শ্রীযুত এ ইডেন সাহেবের পত্র। (১৩৯ T নং। রোটাস নামক জাহাজে লিখিত। ১৮৬৫ সাল ১৮ জুলাই।)

আমি আজ্ঞাক্রমে জানাইতেছি যে আপনকার এই মাসের ১০ তারিখের ৩৩ নং পত্র পাওয়া গিয়াছে, এবং তদুত্তরে বিনয় করি যে আপনি শ্রীযুত রাজা জয়মঙ্গল সিংহকে জ্ঞাত করিবেন যে ভাগলপুরের বিদ্যালয় নির্ম্মাণার্থে টাকা, ও রাণীগঞ্জ অবধি লক্ষ্মী সরাই পর্য্যন্ত যে নূতন রেলওয়ে হইবে তাহার জন্যে নিজ মহালের অন্তর্গত ভূমি দান করাতে সাধারণের মঙ্গলার্থি উদার স্বভাবের যে কার্য্য তিনি করিয়াছেন তৎপ্রযুক্ত গবর্ণমেণ্ট তাঁহার নিকটে কৃতজ্ঞতা স্বীকার করিতেছেন।

এই দুই পত্র কলিকাতা গেজেটের ক্রোড়পত্রে প্রকাশ করিতে হইবে।

---

## GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

---

### LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা নদীয়া।

এস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা নদীয়া।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নিম্নের লিখিত মহল সন ১৮৬৫ সালের ২৮ জুন পর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারায় অন্য২ যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে এবং চলিত আইনমতে সন ১৮৬৫ সালের ১ সেপ্টেম্বর তারিখে মোতাবেক সন ১২৭২ সালের ১৭ ভাদ্র তারিখে এ জেলার কালেক্টরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধায় বিক্রয় হইবেক ইতি। সন ১৮৬৫ সাল তারিখ ১৫ জুলাই।

ইস্তমুরারি বন্দবস্তি মহল।

র মালিক রঘুনাথ রায় ।।৶১৩। — আনা অংশের ... ... ১১৬১।।৴৮

H. ULICK BROWNE,
*Offg. Collector.*

## NOTICE.

### CALCUTTA MUNICIPALITY.

NOTICE is hereby given, that the valuation and measurement of the portion of the 3rd Division of the Town, noted in the margin, has been completed, and that the Books containing the said valuations and the rates assessed can be inspected on any day (Sundays excepted,) at the Office of the Justices, between the hours of 11 o'clock A. M. and 4 o'clock P. M., free of charge.

Bounded on the North by Machooa Bazar, on the South by Bow Bazar, on the East by College Street and the West by Chitpore Road.

The Justices will, on the 15th, 16th, and 17th, day of August next, proceed to revise the said valuation and assessment and to hear all appeals connected therewith, but no such appeal can be heard unless the amount of rate has been deposited with the Justices in accordance with the Provisions of Section 77 of the above Act.

R. TURNBULL,
*Secretary to the Justices of the Peace.*

OFFICE OF THE JUSTICES OF THE PEACE;
1, CHOWRINGHEE ROAD,
*Calcutta, 18th July* 1865.

## বিজ্ঞাপন।

### সন ১৮৬৩ সালের ৬ আইনের ৭২ ও ৭৩ ধারামতে।

ইহার দ্বারা জ্ঞাত করা হইল যে, শহরের ৩ ডিবিজনের (১) বাটী সকলের মূল্য · জমির পরিমাণ সকল নিশ্চিত করা হইবাতে যে বহিতে ঐ মূল্য ও নিরূপিত কর সকল লেখা হইয়াছে তাহা বিনা ব্যয়ে বেলা ১১ ঘন্টা নাগায়েদ ৪ ঘন্টার সময় সকলের মধ্যে সাধারণকর্ত্তৃক দৃষ্টি করা হইতে পারিবেক জষ্টিস অব পিসসকলে ১৫। ১৬। ১৭ আগষ্ট তারিখঅবধি ঐ লিখিত করের সংশোধন জন্য আপিল সকল শুনিতে আরম্ভ করিবেন কিন্তু ঐ আইনের ৭৭ ধারানুসারে রেট জমা রাখিয়া আপিল করিলে গ্রাহ্য হইবেক।

অর্থাৎ যে সকল বাটীর নম্বর উত্তর মেছোয়াবাজার ইষ্ট্রীট দক্ষিণ বৌবাজার ইষ্ট্রীট পূর্ব্ব কলেজ ইষ্ট্রীট পশ্চিম চিতপুর রোড ৩ ডিবিজিয়ন কিয়ৎঅংশ।

আদেশানুসারে,
রবার্ট টরণবুল,
জষ্টিস অব দি পিসদিগের সেক্রেটর।

জষ্টিস অব দি পিসদিগের আফিস
১ নং চৌরঙ্গি রোড়,
কলিকাতা ১৮ জুলাই ১৮৬৫ সাল।

## NOTICE

Is hereby given that payment of the Notes specified in the margin, which were stolen either at Gowalparah or Gowhatty, between the 13th and 16th of July 1865, has been stopped, and that the undersigned has been authorized to offer a reward of 5 per cent. on their recovery.

*Currency Notes.*
Nos. 35112, 36940, 36884.

The attention of all Collectors is drawn to this notice, with request they will be good enough to stop payment of the said Notes at their respective Treasuries and Sub-Treasuries. The cooperation of all Magistrates, District and Assistant Superintendents in the recovery of these Notes is earnestly solicited,

The undersigned requests that steps may be taken to publish the numbers of the Notes and the reward offered for their recovery in every Bazar.

J. J. S. DRIBERG, *Extra Assist. Commr.*
*for*
*Deputy Commissioner.*

GOWALPARAH,
*The 28th July* 1865.

## বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৫ সালের জুলাই মাসের ১৩ ও ১৬ তারিখের মধ্যে গোয়ালপাড়া কি গৌহাটীহইতে ৩৫১১২ ও ৩৬৯৪০ ও ৩৬৮৮৪ এই কএক নম্বরের করেন্সী নোট চুরি গিয়াছে, এই হেতু পূর্ব্বোক্ত নোটের টাকা দেওয়া স্থগিত হইয়াছে, যে ব্যক্তি তাহার সন্ধান করিয়া দিবে তাহাকে শতকরা ৫ টাকার হিসাবে পুরস্কার দিতে আমি আজ্ঞা পাইয়াছি।

সকল কালেক্টরের নিকটে আমার নিবেদন এই যে তাঁহারা অনুগ্রহপূর্ব্বক এই বিজ্ঞাপনের প্রতি মনোযোগ রাখিয়া আপনং খাজানাখানা ও অধীন খাজানাখানাহইতে উক্ত নোটের টাকা দেওয়া স্থগিত করেন। উক্ত নোট যাহাতে পাওয়া যায় এই বিষয়ে সকল মাজিষ্ট্রেট এবং ডিষ্ট্রিক্ট ও আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট সাহেবেরা যেন সাহায্য করেন, এই আমার প্রার্থনা।

উক্ত কএক নোটের নম্বর ও তাহা পাওয়া গেলে যত পুরস্কার দেওয়া যাইবে ইহা যেন প্রত্যেক বাজারে প্রকাশ হয় এই আমার প্রার্থনা।

ডেপুটী কমিসনরের নামে,
জে জে এস ড্রিবর্গ,
অতিরিক্ত আসিষ্টান্ট কমিসনর।

গোয়ালপাড়া
১৮৬৫ সাল ২৮ জুলাই।

## কৃষিকার্য্য সম্পর্কীয় প্রদর্শন।

রাজশাহী প্রদেশের জীব জন্তু ও কৃষিকার্য্যের উৎপন্ন দ্রব্য ও অস্ত্রশস্ত্রের প্রদর্শন বহরমপুর মোকামে আগামি ১৮৬৬ সালের জানুআরি মাসের ২৩ সা ও তৎপরের চারি দিবস হইবেক। পুরস্কারের ফর্দ্দ পশ্চাৎ স্বত্বরই প্রকাশ করা যাইবেক। এতৎসম্বন্ধীয় কোন সংবাদ প্রয়োজন হইলে নিম্ন স্বাক্ষরকারীদ্বারা তাহা প্রদানিত হইবেক ইতি।

বহরমপুর।
২৮ এ জুলাই ১৮৬৫।

কলিন মেকঞ্জি।
সেক্রেটারী।

[গবর্নমেন্ট গেজেট। ১৮৬৫। ১৫ আগস্ট।]

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত তামস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, AUGUST 15, 1865.

মঙ্গলবার ১৮৬৫ সাল ১৫ আগস্ট।

## বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেন্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

### বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক প॰ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেন্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,
আর বি চাপমান।
সেক্রেটারী।

# নীলামের ইশ্‌তিহার।

## জিলা ভুলুয়া।

ইশ্‌তেহার নামা কাছারি কালেক্টরি জিলা ভুলুয়া।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ভুলুয়া জিলার মধ্যবর্ত্তি পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরেজী ১৮৬৫ সালের নবেম্বর মাসের ১০ দশ তারিখে ও মোতাবেক বাঙ্গলা সন ১২৭২ সালের কার্ত্তিক মাসের ২৬ তারিখে শুক্রবার জিলা ভুলুয়ার কালেক্টরিতে বিক্রয় হইবে।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

| রাজকীয় মহালের কৈফিয়তের নম্বর | জিলার বহীতে নম্বর | মহাল ও পরগনার নাম | যত একর পরিমাণ | সদর জমা | | | নীলামে প্রথম ডাক | মন্তব্য কথা। |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাল্যকরা রাজস্ব | রাস্তার টেক্স | মোট | | |
| | | | এঃ রুঃ পঃ | টাকা | টাকা | টাকা | | |
| ১৬৮ | ১৪২০ | হকিয়তসরকার পরগনে দাডরা চর গোয়ালগাও | ৩৭৮।০১৭ | ৬৬৫৲ | ৭৲ | ৬৭২৲ | সরকারী অংশের সদর জমার দ্বিগুণ ৫১০৲ | প্রকাশ থাকে যে এই বাজেয়াপ্তী মহালের শ্রীশ্রীমতী মহারাণী হকিয়তসূত্রে মালীকানা প্রাপ্তে। ১৮।। ১০ ক্রান্তের মালীক বটেন ঐ মহাল নীলামী এস্তেহারে ৪। ৫ নং কালমে মহালের মোট জমি জমা লিখিয়া সরকারি অংশের জমা কৈফিয়তে লেখা গেল, এই জমা খরিদার আদায় করিবে ও বর্ত্তমান ১২৭২ সন হইতে খরিদার দখল পাইবে।<br>সদর জমা ২০৫৲ মহাল উন্নতি ২৲ একুন ২০৭৲ |
| ৭ | ১২৭৮ | পরগনে বাবুপুর হিসে ⁄১১ গণ্ডা মাহাল খাশ। | ১৭০৬।।৩০ | ১৭৫১৲ | ১৮৲ | ১৭৬৯৲ | ৩৫০২৲ | এই মহাল ১২৭২ সন হইতে খরিদারের স্বত্ব বর্ত্তিবেক। |

G. A. PEPPER,
*Collector.*

ভুলুয়ার জিলার কালেক্টরি ১৮৬৫ সনের ১০ জুলাই।

বাঙ্গালসেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত তামস জোন্স সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 22, 1865.

মঙ্গলবার ১৮৬৫ সাল ২২ আগষ্ট।



## CIRCULAR ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

*(Criminal Side.)*

No. 6.

FROM H. T. PRINSEP, ESQ., Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to Sessions Judges and Magistrates of Districts,—(dated Calcutta, the 17th July 1865.)

THE Court having reason to believe that the terms of the late Sudder Court's Circular No. 20, dated 20th August 1857, have in many cases been neglected, are pleased to call the attention of all Sessions Judges and Magistrates of Districts thereto, with the view to enforcing for the future a more general observance of its requirements.

2. The Circular is re-produced for easy reference.

3. If the Sessions Judges and Magistrate will from time to time visit their Record Rooms (as they should), there will, the Court think, be no difficulty in obtaining a proper arrangement of all their records. The Court desire to impress seriously upon all Officers the extreme importance of this work for, without a proper arrangement of its records, and a periodical clearance of all old

## বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

(ফৌজদারী পক্ষ)

৬ নম্বর।

সকল সেশন জজ সাহেবের ও জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়মের হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র।

কলিকাতা, ১৮৬৫ সাল ১৭ জুলাই।

ভুতপূর্ব্ব সদর আদালতের ১৮৫৭ সালের ২০ আগষ্ট তারিখের ২০ নম্বর সরক্যুলর অর্ডরের বিধির প্রতি অনেক বার উপেক্ষা হইয়াছে, হাই কোর্ট এমত বিশ্বাস করিবার কারণ প্রাপ্ত হওয়াতে উক্ত নিয়মের বিষয়ে সকল সেশন জজ ও জিলার মাজিষ্ট্রেট সাহেবদের মনোযোগ করাইতেছেন, কেননা ইহার পরে সেই সরক্যুলরের আদেশ পূর্ব্বাপেক্ষা সচরাচর মান্য হইবার মতে তাহা প্রবল করিতে হইবে।

২। উক্ত সরক্যুলর দেখিবার সুবিধার্থে তাহা পুনর্ব্বার মুদ্রিত হইল।

৩। সেশন জজ ও মাজিষ্ট্রেট সাহেবদের যেমন উচিত তেমনি যদি সময়ে২ আপনং মহাফেজখানা পরিদর্শন করিতে যান, তবে আপনাদের সকল স্মরণার্থ কাগজপত্রের পরিপাটী রক্ষা করা দুঃসাধ্য হইবে না, হাই কোর্টের এমত বোধ হয়। এই কার্য্য যে অত্যন্ত গুরুতর, সকল কার্য্যকারকদিগের মনে এমত দৃঢ় সংস্কার জন্মাইতে হাই কোর্টের চেষ্টা, কেননা যে রাজকীয় কার্য্যালয়ের স্মরণার্থ কাগজপত্র পরিপাটীরূপে রক্ষিত

and useless papers, the efficiency of a public Office is much impaired On the other hand, a neglect of this duty in the course of time leads to such confusion as invariably results in an application for an extra Establishment to perform a duty which, if regularity had been enforced in the Office, should have been executed without any difficulty by the Establishment attached to that Office. The subject has recently been brought to notice by certain applications of this nature, which the Court have with considerable reluctance been compelled to submit to Government; but after this warning the Court wish to inform all Sessions Judges and Magistrates of Districts that they expect that the necessity for applications for extra Establishments will not arise, and that if any such applications are submitted, the Court will be compelled to hold the individual Officer personally responsible for an expense which must be held to have been caused solely by his carelessness and inattention to orders.

4. Mention of the state of their Record Rooms should invariably be made in the Criminal Reports of Sessions Judges and Magistrates. The Court will not be satisfied with a mere cursory mention, but require a clear description of the state of each Record Room, and the dates up to which the records have been sorted or destroyed, so that it may appear without doubt that this duty has in no way been neglected.

By Order, &c.,

(Signed) H. T. Prinsep,
*Registrar.*

## RULES.

I. Records of Sessions trials and heinous (*i. e.*, non-bailable) cases of Magistrates' Courts generally of above 14 years' date may unobjectionally be destroyed, a discretion being exercised at the same time by the Sessions Judges and Magistrates of preserving individual cases or papers on any grounds appearing to them sufficient; cases in which sentences are not expired must invariably be preserved.

II. Provided that cases in which parties accused have hitherto eluded apprehension shall always be preserved.

III. The above Rules should be acted on from year to year, so that no accumulation may occur beyond a term of 14 years in regard of the records of heinous (*i. e.*, non-bailable) cases.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৫। ২২ আগষ্ট।]

না হয় ও যাহার নিস্প্রয়োজনীয় পুরাতন কাগজপত্র সকল সময়ে২ নষ্ট করা না যায়, তাহার কর্ম্মোপযোগিতার বিলক্ষণ বাধা জন্মে। পরন্তু সেই কর্ত্তব্য কর্ম্মে শৈথিল্য করিলে কালক্রমে আত্যন্তিক বিশৃঙ্খলতা উৎপন্ন হয়। তাহাতে কার্য্যালয়ের পরিপাটী নিয়ম রক্ষিত হইলে যে কার্য্য তাহার সিরিস্তার অনায়াসে সাধ্য হইত, সেই কার্য্য করিবার জন্যে অতিরিক্ত সিরিস্তার প্রার্থনা করা নিতান্ত আবশ্যক হয়। সম্প্রতি তদ্রূপ কএক প্রার্থনাদ্বারা উক্ত বিষয়ে হাই কোর্টের মনোযোগ হইয়াছে, এবং কোর্ট দুঃখিত হইযাও উক্ত সকল প্রার্থনা গবর্ণমেন্টকে জানাইতে বাধিত হইয়াছেন। হাই কোর্ট সকল সেশন জজ ও জিলার মাজিষ্ট্রেট সাহেবদিগকে জ্ঞাত করেন, যে এই ভর্ৎসনার পরে অতিরিক্ত সিরিস্তার প্রার্থনা করিবার প্রয়োজন আর হইবে না, তাঁহারা এমত প্রত্যাশা করিতেছেন। যদি তদ্রূপ প্রার্থনা পাঠান যায়, তবে কার্য্যকারকবিশেষের শৈথিল্য ও অমাজ্ঞাবহতা মাত্র দ্বারা সেই অর্থব্যয়ের প্রয়োজন হইল বলিয়া তাঁহারা সেই কার্য্যকারকের প্রতি উক্ত ব্যয়ের দায় বর্ত্তাইতে বাধ্য হইবেন।

৪। সেশন জজ ও মাজিষ্ট্রেট সাহেবেরা যখন ফৌজদারী রিপোর্ট পাঠান, তখন সর্ব্বদা আপনং মহাফেজখানার অবস্থার উল্লেখও করিবেন। ইহাতে শুদ্ধ তাহার সংক্ষেপ উল্লেখ করিলে তাঁহারা সন্তুষ্ট হইবেন না, বরং পুরাতন কাগজপত্র নষ্ট করিবার কার্য্য সাধনে কোন শৈথিল্য যে হয় নাই, ইহা নিঃসন্দেহে প্রকাশ করিবার মত প্রত্যেক মহাফেজখানার অবস্থার স্পষ্ট বর্ণনা যে করা যায়, ও যে তারিখ পর্য্যন্ত কাগজপত্র সকলের শ্রেণীতে বিভাগ কি বিনাশ করা গিয়াছে তাহার উল্লেখ যে করা যায় ইহা তাঁহাদের অভিমত।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্ট্রার।

## রিধি।

১ ধারা। সাধারণমত সেশন আদালতের বিচার করা মোকদ্দমার ও মাজিষ্ট্রেট সাহেবদের আদালতের ভারিং (অর্থাৎ যাহাতে হাজিরজামিন লওয়া যাইতে পারে না এমত) মোকদ্দমার যে সকল কাগজপত্র ১৪ বৎসরের অধিক কালের হয়, তাহা নষ্ট করিবার কোন আপত্তি নাই। কিন্তু সেশন জজ সাহেবেরা ও মাজিষ্ট্রেট সাহেবেরা যদি কোন কারণে উপযুক্ত বোধ করেন, তবে তাঁহারা আপনাদের বিবেচনামতে কোনং মোকদ্দমার নথী কি কাগজপত্র রক্ষা করিতে পারিবেন। যে মোকদ্দমার দণ্ডাজ্ঞার মিয়াদ গত না হইয়াছে তাহার কাগজপত্র সর্ব্বদাই রক্ষা করিতে হইবে।

২ ধারা। পরন্তু কোন মোকদ্দমাতে যে লোকদের নামে নালিশ হইয়াছে তাহারদিগকে যদি অদ্যাপি ধরা না গিয়াছে, তবে সেই মোকদ্দমার কাগজপত্র সর্ব্বদাই রক্ষা করিতে হইবেক।

৩ ধারা। পূর্ব্বের বিধিমতে বৎসরেং কার্য্য করিতে হইবেক, তাহাতে ভারিং (অর্থাৎ যাহাতে হাজিরজামিন লওয়া যাইতে পারে না এমত) মোকদ্দমার কাগজপত্র ১৪ বৎসরের অধিক কাল জমা না হইয়া থাকে।

IV. In regard to the records of the Magistrate's Court the following may be destroyed yearly, if upwards of two years old, excepting those which the Magistrate may deem it prudent to preserve in consequence of the non-arrest of particular offenders or non-realization of fines. In cases of the last description the records should be destroyed, at all events, after six years from the date of sentence :—

Security cases, if expired.

Petty (*i. e.*, bailable) trials.

Act IV of 1840 (re-enacted in Ch. XXII, Act XXV of 1861.) Suits, excepting the decisions and documents, plaints, and answers.

Miscellaneous cases.
Thannah Diaries.
Police Reports, in which no further proceedings followed.
Miscellaneous Ruboocarees.
Ditto Reports and Returns by the Nazir.
Copies of Perwannahs.
Ditto of Ishtahars.
Dispatch Books.
Receipt Books of the Record Room.
Rough Order Books.
Witnesses' Attendance Books.

*Appeals.*

Nazir's records, excepting lotbundees, accounts of money, and Ferry Ghât papers.

Miscellaneous Reports of the Jailor.
Miscellaneous Petitions.
Periodical Statement, except Registrar of petty (*i. e.*, bailable) cases.

Register of Mooktearnamahs excepting "general" ones.
Register of Miscellaneous cases.
Ditto Petitions.

V. In regard to cases appealed to the Sessions Court, the Sessions Court record of such cases may be periodically destroyed after a term of six years. Thus, on the 1st January next, all appeal records of this nature may be destroyed appertaining to a date previous to 1st January 1853, (*i. e.*, at the present time 1861.)

(True copy.)
THOS. C. LEDLIE,
*Assistant Registrar.*

[*Government Gazette*, 22nd *August* 1865.]

৪ ধারা। মাজিষ্ট্রেট সাহেবদের আদালতের নীচের লিখিত কাগজপত্র দুই বৎসরের অধিক কালের হইলে বৎসরেং নষ্ট করা যাইতে পারিবেক। কেবল বিশেষং অপরাধিদের গ্রেপ্তার কিম্বা অর্থদণ্ড আদায় না হওয়া প্রযুক্ত মাজিষ্ট্রেট সাহেব যেং কাগজপত্র রক্ষা করা উপযুক্ত বোধ করেন, তাহা নষ্ট হইবেক না। শেষোক্ত প্রকারের কাগজপত্রও দণ্ডাজ্ঞা হইবার তারিখ অবধি ৬ বৎসর পরে সর্ব্বদাই নষ্ট করিতে হইবে।

জামিনীপত্রের মোকদ্দমা অর্থাৎ যাহার মিয়াদ অতীত হইলে তাহা।

ক্ষুদ্রং (অর্থাৎ যাহাতে হাজির জামিন লওয়া যাইতে পারে এমত) মোকদ্দমা।

১৮৪০ সালের ৪ আইনের মোকদ্দমা। (উক্ত আইন ১৮৬১ সালের ২৫ আইনের ২২ অধ্যায়ে পুনর্ব্বার বিধিবদ্ধ হইয়াছে।) কিন্তু নিষ্পত্তি ও দলীল ও নালিশপত্র ও জওয়াব নষ্ট করিতে হইবেক না।

মুৎফরক্কা মোকদ্দমা।
থানার রোজনামা।
পোলীসের যে রিপোর্টের উপর অন্য কোন কার্য্য হয় নাই।
মুৎফরক্কা রুবকারী।
নাজিরের মুৎফরক্কা রিপোর্ট ও রিটর্ণ।
পরওয়ানার নকল।
ইস্তাহারের নকল।
চালানের বহী।
মহাফেজখানার রসীদের বহী।
হুকুম লিখিবার সামান্য বহী।
সাক্ষিদের হাজিরী বহী।

আপীল।

নাজিরের সকল কাগজপত্র। কিন্তু লাটবন্দী ও টাকার হিসাব ও খেয়াঘাটের কাগজপত্র নষ্ট করিতে হইবে না।

জেলরের মুৎফরক্কা রিপোর্ট।
মুৎফরক্কা দরখাস্ত।

সাময়িক কৈফিয়ৎ। কিন্তু ক্ষুদ্রং (অর্থাৎ যাহাতে হাজির জামিন লওয়া যাইতে পারে এমত) রেজিষ্টর নষ্ট করিতে হইবে না।

মোক্তারনামার রেজিষ্টর। কিন্তু আম মোক্তারনামার রেজিষ্টর নষ্ট করিতে হইবেক না।

মুৎফরক্কা মোকদ্দমার রেজিষ্টর।
দরখাস্তের রেজিষ্টর।

৫ ধারা। সেশন আদালতে যেং মোকদ্দমার আপীল হয় সেইং মোকদ্দমার সেশন আদালতের রিকার্ড ছয়ং বৎসর মিয়াদের পরে নষ্ট করা যাইতে পারিবে। যথা, এই প্রকারের যে সকল আপীলের রিকার্ড ১৮৫৩ সালের ১ জানুআরি তারিখের পূর্ব্বে (অথবা এইক্ষণকার কথা ধরিলে ১৮৬১ সালের ১ জানুআরি তারিখের পূর্ব্বে) হয়, তাহা আগামি জানুআরি মাসের ১ তারিখে নষ্ট করা যাইতে পারিবেক।

যথার্থ নকল।
টামস সি লেডলি,
আসিষ্টান্ট রেজিষ্ট্রার।

*(Criminal Side.)*

No. 7.

FROM H. T. PRINSEP, ESQ., Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to all Sessions Judges,—(dated Calcutta, the 28th July 1865.)

AN instance having been reported to the Court in which a Judge allowed the salary of a particular appointment on his Establishment to be drawn by an Officer who did not hold or conduct the duties of that appointment, the Court are pleased to remind all Sessions Judges that such a practice is altogether irregular and directly opposed to the orders of Government, which have created certain appointments with fixed salaries. No deviation from these orders can be permitted without special sanction, and if any irregularities of the nature above noticed exist, they should at once be put an end to, the Court being informed of the fact.

By Order, &c.,

H. T. PRINSEP,
*Registrar.*

(ফৌজদারী পক্ষ)

৭ নম্বর।

সকল সেশন জজ সাহেবের নিকটে বঙ্গদেশস্থ কোর্ট উলিয়মের হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র।

কলিকাতা, ১৮৬৫ সাল ২৮ জুলাই।

কোন জজ সাহেব আপন কার্য্যালয় সম্পর্কীয় বিশেষ কোন পদের বেতন এমত এক কার্য্যকারককে পাইতে দিতেন, যিনি সেই পদে নিযুক্ত ছিলেন না ও সেই পদঘটিত কর্ম্মও করিতেন না, এই কথা হাই কোর্টকে জ্ঞাত করা গিয়াছে। অতএব উক্ত কোর্ট সকল সেশন জজ সাহেবকে ইহা স্মরণ করাইতেছেন যে উক্ত প্রকারের প্রথা নিতান্ত নিয়মবিরুদ্ধ, ও গবর্ণমেন্টের আজ্ঞার সম্পূর্ণ বিপরীত। উক্ত আজ্ঞাদ্বারা অবধারিত বেতনের বিশেষ২ পদ সৃষ্ট হইয়াছে, ও বিশেষ সম্মতি ব্যতিরেকে সেই আজ্ঞার অতিক্রম কোন মতে সহ্য হইতে পারে না। যদি কোন স্থানে পূর্ব্বোক্ত প্রকারের নিয়মবিরুদ্ধ কার্য্য হইয়া থাকে, তবে অবিলম্বে তাহা পরিষ্কার করিতে হইবে, ও করিলে উক্ত হাই কোর্টকে জানাইতে হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

---

*(Civil Side.)*

No. 15.

FROM H. T. PRINSEP, ESQ., Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to all Civil Judges,—(dated Calcutta, the 28th July 1865.)

AN instance having been reported to the Court in which a Judge allowed the salary of a particular appointment on his Establishment to be drawn by an Officer who did not hold or conduct the duties of that appointment, the Court are pleased to remind all Civil Judges that such a practice is altogether irregular and directly opposed to the orders of Government, which have created certain appointments with fixed salaries. No deviation from these orders can be permitted without special sanction, and if any irregularities of the nature above noticed exist, they should at once be put an end to, the Court being informed of the fact.

By Order, &c.,

H. T. PRINSEP,
*Registrar.*

(দেওয়ানী পক্ষ)

১৫ নম্বর।

সকল সিবিল জজ সাহেবের নিকটে বঙ্গদেশস্থ কোর্ট উলিয়মের হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র।

কলিকাতা, ১৮৬৫ সাল ২৮ জুলাই।

কোন জজ সাহেব আপন কার্য্যালয় সম্পর্কীয় বিশেষ কোন পদের বেতন এমত এক কার্য্যকারককে পাইতে দিতেন, যিনি সেই পদে নিযুক্ত ছিলেন না ও সেই পদঘটিত কর্ম্মও করিতেন না, এই কথা হাই কোর্টকে জ্ঞাত করা গিয়াছে। অতএব উক্ত কোর্ট সকল সিবিল জজ সাহেবকে ইহা স্মরণ করাইতেছেন যে উক্ত প্রকারের প্রথা নিতান্ত নিয়মবিরুদ্ধ ও গবর্ণমেন্টের আজ্ঞার সম্পূর্ণ বিপরীত। উক্ত আজ্ঞাদ্বারা অবধারিত বেতনের বিশেষ২ পদ সৃষ্ট হইয়াছে, ও বিশেষ সম্মতি ব্যতিরেকে সেই আজ্ঞার অতিক্রম কোন মতে সহ্য হইতে পারে না। যদি কোন স্থানে পূর্ব্বোক্ত প্রকারের নিয়মবিরুদ্ধ কার্য্য হইয়া থাকে, তবে অবিলম্বে তাহা পরিষ্কার করিতে হইবে, ও করিলে উক্ত হাই কোর্টকে জানাইতে হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

এচ টি প্রিন্সেপ,
রেজিষ্ট্রার।

J. WENGER, *Offg. Bengalee Translator.*

## HOME DEPARTMENT.

No. 622.

*The 2nd August* 1865.

Under the provisions of the Act of Parliament XXIV. and XXV. Vic., Cap. 104, Section 7, the Governor General in Council has been pleased to appoint the Hon'ble Charles Binny Trevor, to officiate as the Chief Justice of the High Court of Judicature at Fort William in Bengal, during the absence of the Hon'ble Sir Barnes Peacock, or until further orders.

No. 628.

*The 3rd August* 1865.

The Governor General in Council has been pleased to appoint Mr. Whitley Stokes to be Assistant Secretary to the Government of India in the Home Department, Legislative Branch, from the 23rd May last.

No. 630.

Under Section 12 of Act II. of 1857, the Governor General in Council is pleased to authorize the affiliation of the Presidency College, (Calcutta), in Engineering to the Calcutta University, with effect from the 1st of January last.

No. 843.

*The 9th August* 1865.

The Honorable Elphinstone Jackson and the Honorable Arthur George Macpherson took their seats as Puisne Judges of the High Court of Judicature at Fort William, on the 1st instant.

No. 861.

*The 10th August* 1865.

*Notifications.*

The following Act of Parliament XXVIII. Vict., Cap. 17, is published for general information :—

CAP. XVII.

*An Act to enlarge the Powers of the Governor General of India in Council at Meetings for making Laws and Regulations, and to amend the Law respecting the Territorial Limits of the several Presidencies and Lieutenant Governorships in India.*

*9th May* 1865.

[XXIV. and XXV. Vict., c. 67.]

WHEREAS by an Act passed in the Session holden in the Twenty-fourth and Twenty-fifth Years of the Reign of Her present Majesty,

## হোম ডিপার্টমেন্ট।

৬২২ নম্বর।

১৮৬৫ সাল ২ আগস্ট।

মহারাণী বিকুটোরিয়ার পার্লিমেন্টের ২৪ ও ২৫ আইনের ১০৪ অধ্যায়ের ৭ ধারার বিধানমতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব মান্যবর শ্রীযুত সর বার্নস পীকক্ সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়মের অন্তর্গত হাই কোর্টের চীফ জুষ্টিসের কর্ম্ম করণার্থে মান্যবর শ্রীযুত চার্লস বিনি ট্রেবর সাহেবকে নিযুক্ত করিলেন।

৬২৮ নম্বর।

১৮৬৫ সাল ৩ আগস্ট।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব শ্রীযুত উইৎলি ষ্টোকস সাহেবকে গত মে মাসের ২৩ তারিখ অবধি হোম ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের ব্যবস্থাপক শাখার আসিষ্টান্ট সেক্রেটারীর পদে নিযুক্ত করিলেন।

৬৩০ নম্বর।

১৮৫৭ সালের ২ আইনের ১২ ধারামতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কলিকাতার বিশ্ববিদ্যালয়ের সহিত কলিকাতাস্থ ইঞ্জিনিয়রিং বিদ্যাধ্যাপনীয় প্রেসিডেন্সী কালেজ সংযোগ করিবার অনুমতি দিয়াছেন। এই আজ্ঞা গত জানুআরি মাসের ১ তারিখ অবধি প্রবল হইবে।

৮৪৩ নম্বর।

১৮৬৫ সাল ৯ আগস্ট।

মহিমবর শ্রীযুত এলফিনিষ্টন জাকসন সাহেব ও মহিমবর শ্রীযুত আর্থর জর্জ মাকফরসন সাহেব এই মাসের ১ তারিখে ফোর্ট উলিয়মের হাই কোর্টের পুয়ন জজের আসন গ্রহণ করিয়াছেন।

৮৬১ নম্বর।

১৮৬৫ সাল ১০ আগস্ট।

বিজ্ঞাপন।

পার্লিমেন্টের প্রণীত পশ্চাৎ লিখিত যে আইন, শ্রীশ্রীমতী মহারাণী বিকুটোরিয়ার অধিকারের ২৮ বৎসরের ব্যবস্থার সপ্তদশ অধ্যায়, তাহা সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৭ অধ্যায়।

আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ অধিবেশনে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ক্ষমতা বর্দ্ধনার্থ এবং ভারতবর্ষের একং প্রেসিডেন্সীর ও একং লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবদ্বারা শাসনীয় প্রদেশের স্থানীয় সীমা বিষয়ক ব্যবস্থা সংশোধনার্থক আইন।

১৮৬৫ সাল ৯ মে।

[শ্রীশ্রীমতী বিকটোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের ব্যবস্থার ৬৭ অধ্যায়ের কথা।]

বর্ত্তমান রাজ্যাধিকারিণী শ্রীশ্রীমতীর রাজত্বের ২৪ ও ২৫ বৎসরের অধিবেশনে প্রণীত ৬৭ অধ্যায়ে যে আইন প্রচারিত হয়, তদ্দ্বারা অন্যান্য বিধানের মধ্যে এমত

Chapter Sixty-seven, it was, among other things, enacted that the Governor General of *India*, in Council shall have Power, at Meetings for the Purpose of making Laws and Regulations, to make Laws and Regulations for all Persons, whether *British* or Native, Foreigners or others within the *Indian* Territories under the Dominion of Her Majesty, and for all Servants of the Government of *India* within the Dominions of Princes and States in alliance with Her Majesty: And whereas it is expedient to enlarge the said Power by authorizing the Governor General of *India* in Council to make Laws and Regulations for all *British* Subjects of Her Majesty within the Dominions of such Princes and States: Be it enacted by the Queen's most Excellent Majesty, by and with the Advice and Consent of the Lords Spiritual and Temporal, and Commons, in this present Parliament assembled and by the Authority of the same, as follows:—

[Power to Governor General to make Laws for all British Subjects, whether in Service of Government of India or otherwise.]

1. The Governor General of *India* shall have Power, at Meetings for the purpose of making Laws and Regulations, to make Laws and Regulations for all *British* Subjects of Her Majesty within the Dominions of Princes and States in *India* in alliance with Her Majesty, whether in the Service of the Government of *India* or otherwise.

[Preceding Section to be read as Part of Section 22 of recited Act.]

2. The preceding Section shall be read with and taken as Part of Section Twenty-two of the said Act of the Twenty-fourth and Twenty-fifth Years of Her Majesty, Chapter Sixty-seven.

[Section 18. of XVI. and XVII., Vict., c. 95 repealed.]

3. And whereas it is expedient to amend the Law respecting the Territorial Limits of the several Presidencies and Lieutenant Governorships in *India*: Section Eighteen of the Act of the Sixteenth and Seventeenth Years of the Reign of Her present Majesty, Chapter Ninety-five intituled *An Act to provide for the Government of* India, is hereby repealed.

[Power to Governor General to appoint Territorial Limits of Presidencies, &c., by Proclamation.]

4. It shall be lawful for the Governor General of *India* in Council from Time to Time to declare and appoint, by Proclamation, what Part or Parts of the *Indian* Territories for the Time being under the Dominion of Her Majesty shall be or continue subject to each of the Presidencies and

বিধানও হইয়াছিল যে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই ক্ষমতা থাকিবে যে আইন ও ব্যবস্থা প্রণয়নোপযোগি অধিবেশনে তিনি শ্রীশ্রীমতীর কর্ত্তৃত্বাধীন ভারতবর্ষস্থ প্রদেশের অন্তর্গত কি ব্রিটনীয় কি তদ্দেশীয় কি ভিন্নদেশীয় কি অন্যান্য সকল ব্যক্তিদের জন্যে, এবং ভারতবর্ষের গবর্ণমেণ্টের বেতনভোগী যত লোক শ্রীশ্রীমতী মহারাণীর সহায় রাজাদের ও সরকারদের রাজ্যের অন্তর্গত তাহাদের জন্যে আইন ও ব্যবস্থা করিতে পারিবেন, পরন্তু উক্ত ক্ষমতা বৃদ্ধি করা অর্থাৎ শ্রীশ্রীমতীর যত ব্রিটনীয় প্রজা উক্ত রাজাদের ও সরকারদের রাজ্যের অন্তর্গত তাঁহাদের সকলের জন্যে আইন ও ব্যবস্থা করিবার ক্ষমতা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে দেওয়া বিহিত, অতএব এই পার্লিমেণ্টে সমাগত ধর্ম্মপদ সম্পর্কীয় ও সাংসারিক লার্ড সাহেবদের ও কমনস সাহেবদের পরামর্শ ও সম্মতি পুরঃসর ও সহকারে শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর অনুমতি ও কর্ত্তৃত্বের বলে পশ্চাৎ লিখিত বিধান প্রচারিত হউক।

[ভারতবর্ষের গবর্ণমেণ্টের বেতনভোগী হউক কি না হউক, ব্রিটনীয় যাবতীয় প্রজাদের জন্যে ব্যবস্থা করিবার ক্ষমতা শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি অর্শিবার কথা।]

১ ধারা। আইন ও ব্যবস্থা করণোপযোগি অধিবেশনে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই ক্ষমতা থাকিবে যে শ্রীশ্রীমতীর যত ব্রিটনীয় প্রজা অর্থাৎ ভারতবর্ষের গবর্ণমেণ্টের বেতনভোগী কি প্রকারান্তরের যত ব্রিটনীয় প্রজা শ্রীশ্রীমতীর সহায় রাজাদের কি সরকারদের রাজ্যের অন্তর্গত আছে তৎসমুদয়ের জন্যে তিনি আইন ও ব্যবস্থা করিতে পারিবেন ইতি।

[পূর্ব্বধারা উক্ত আইনের ২২ ধারার অংশ বলিয়া পাঠ করিতে হইবে ইহার কথা।]

২ ধারা। শ্রীশ্রীমতীর অধিকারের ২৪ ও ২৫ বৎসরের ব্যবস্থার ৬৭ অধ্যায়ে উক্ত যে আইন আছে, পূর্ব্বধারা তাহার ২২ ধারার অংশ বলিয়া তাহার সহিত পাঠ করিতে হইবে ইতি।

[শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ১৬ ও ১৭ বৎসরের ৯৫ অধ্যায়ের ১৮ ধারা রহিত হইবার কথা।]

৩ ধারা। পরন্তু ভারতবর্ষের এক২ প্রেসিডেন্সীর ও এক২ লেপ্টেনেণ্ট গবর্ণরদ্বারা শাসনীয় প্রদেশের স্থানীয় সীমা বিষয়ক ব্যবস্থা সংশোধন করা বিহিত, অতএব বর্ত্তমান রাজ্যাধিকারিণী শ্রীশ্রীমতীর রাজত্বের ১৬ ও ১৭ বৎসরের ৯৫ অধ্যায়ে ভারতবর্ষের গবর্ণমেণ্টের বিধান করণার্থ আইন নামে যে আইন আছে তাহার ১৮ ধারা ইহাতে রহিত হইল ইতি।

[ঘোষণাপত্রদ্বারা প্রেসিডেন্সী প্রভৃতির স্থানীয় সীমা নিরূপণ করিবার ক্ষমতা শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি অর্শিবার কথা।]

৪ ধারা। ভারতবর্ষীয় যে২ প্রদেশ সময়ক্রমে শ্রীশ্রীমতীর কর্ত্তৃত্বাধীন তাহার যে অংশ কি যত অংশ উক্ত প্রদেশে বিদ্যমান এক২ প্রেসিডেন্সীর কি এক২ লেপ্টেনেণ্ট গবর্ণরদ্বারা শাসনীয় প্রদেশের অধীন হইবে কি থাকিবে, সময়ে২ ঘোষণাপত্রদ্বারা তাহা প্রকাশ করিবার ও নির্দ্ধারণ করিবার ক্ষমতা, এবং উক্ত মন্ত্রিসভাধি-

Lieutenant Governorships for the Time being subsisting in such Territories, and to make such Distribution and Arrangement, or new Distribution and Arrangement, of such Territories into or among such Presidencies and Lieutenant Governorships as to the said Governor General in Council may seem expedient.

[Power to Secretary of State in Council to signify Disallowance of such Proclamation ]

5. Provided always, That it shall be lawful for the Secretary of State in Council to signify to the said Governor General in Council his Disallowance of any such Proclamation: And provided further, that no such Proclamation for the Purpose of transferring an entire Zillah or District from one Presidency to another, or from one Lieutenant Governorship to another, shall have any Force or Validity until the Sanction of Her Majesty to the same shall have been previously signified by the Secretary of State in Council to the Governor General.

By Order of the Governor General in Council.

E. C. BAYLEY,
*Secy. to the Govt. of India.*

ষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব যাহা বিহিত জ্ঞান করিবেন তদনুসারে উক্ত প্রেসিডেন্সীর কি লেপ্টেনেন্ট গবর্ণরদ্বারা শাসনীয় প্রদেশের উদ্দেশে কি তাহার মধ্যে ঐ সকল প্রদেশের বিভাগ ও নিয়ম কিম্বা নূতন বিভাগ ও নিয়ম করিবার ক্ষমতা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি থাকিবে ইতি।

[উক্ত প্রকার ঘোষণাপত্রের অগ্রাহ্যতা প্রকাশ করিবার ক্ষমতা শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের প্রতি অর্শিবার কথা ।।

৫ ধারা। পরন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের সর্ব্বদা এই ক্ষমতা থাকিবে যে তিনি উক্ত প্রকারের কোন ঘোষণাপত্র আপনার অগ্রাহ্য হইবার কথা উক্ত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে জ্ঞাত করিতে পারিবেন। এবং এক প্রেসিডেন্সীহইতে অন্য প্রেসিডেন্সীতে কি এক লেপ্টেনেন্ট গবর্ণরদ্বারা শাসনীয় প্রদেশহইতে অন্য লেপ্টেনেন্ট গবর্ণরদ্বারা শাসনীয় প্রদেশে সম্পূর্ণ এক জিলা কি অঞ্চল যোগ করিবার অভিপ্রায়ে যে ঘোষণাপত্র হয় তাহার প্রতি শ্রীশ্রীমতীর সম্মতি যাবৎ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের দ্বারা শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবকে জ্ঞাত না করা যায় তাবৎ তাহার কোন বল কি সিদ্ধতা থাকিবে না ইতি।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে।

ই সি বেলি,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।
J. WENGER, *Offg. Bengalee Translator.*

## ORDERS BY THE LIEUTENANT GOVERNOR OF BENGAL.

No. 4868.

APPOINTMENTS.

*The 28th July* 1865.

The Reverend Thomas Martin, of Serampore, is licensed, under Section 47, Part V. of Act V. of 1865, to grant certificates of marriages between Native Christians being converts from any religion in India.

*The 31st July* 1865.

The following Sub-Assistant Commissioners in the Sonthal Pergunnahs are transferred, *viz.*—

Mr. A. C. Woodward from Nulla to Deoghur.
Mr. A. J. Fraser from Deoghur to Nulla.

*The 1st August* 1865.

The Reverend Robert John Ellis, of Burrisaul, is licensed to solemnize marriages under Clause 4, Section 6, Part I. of Act V. of 1865, and to grant, under Section 47, Part V. of that Act, certificates of marriage between Native Christians being converts from any religion in India.

[*Government Gazette, 22nd August* 1865.]

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৪৮৬৮ নম্বর।

নিয়োগ।

১৮৬৫ সাল ২৮ জুলাই।

১৮৬৫ সালের ৫ আইনের পঞ্চম খণ্ডের ৪৭ ধারামতে শ্রীরামপুরের পাদরী শ্রীযুত তামস মার্টিন সাহেব ভারতবর্ষের কোন ধর্ম্মের পরিবর্ত্তে যাঁহারা খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বী হন তাঁহাদের বিবাহের সর্টিফিকট দিবার ক্ষমতাপত্র পাইয়াছেন।

১৮৬৫ সাল ৩১ জুলাই।

সাঁওতাল পরগনার পশ্চাৎ লিখিত সব-আসিষ্টান্ট কমিসনর সাহেবেরা স্থানান্তরে নিযুক্ত হইয়াছেন, অর্থাৎ—

শ্রীযুত এ সি উডওয়ার্ড সাহেব, নল্লাহইতে দেবগড়ে।
শ্রীযুত এ জে ফ্রেজর সাহেব, দেবগড়হইতে নল্লায়।

১৮৬৫ সাল ১ আগষ্ট।

১৮৬৫ সালের ৫ আইনের প্রথম খণ্ডের ৬ ধারার ৪ প্রকরণমতে বিবাহ সাধনের ক্ষমতাপত্র, এবং ভারতবর্ষের কোন ধর্ম্মের পরিবর্ত্তে যাঁহারা খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বী হন উক্ত আইনের পঞ্চম খণ্ডের ৪৭ ধারামতে তাঁহাদের বিবাহের সর্টিফিকট দিবার ক্ষমতাপত্র বরিশালের পাদরী শ্রীযুত রবর্ট জান এলিস সাহেবকে দত্ত হইয়াছে।

*The 4th August* 1865.

Mr. W. Cornell, Officiating Deputy Collector of Howrah, is appointed, under Section III of Act VI. of 1857, to take order for the acquisition of lands on account of the East India Irrigation and Canal Company for the Ooloobariah Canal.

*The 7th August* 1865.

Mr. L. B. B. King, Assistant Superintendent of Survey, Seebsaugor, is vested with the powers of an Assistant Commissioner in that District.

Mr G. S. Andrew is appointed to be a Deputy Magistrate, under Act XV. of 1843, and a Deputy Collector, under Regulation IX. of 1833, in the Dacca Division, and is posted to the District of Mymensing. Mr. Andrew is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class, described in Section XXII. of the Code of Criminal Procedure, (Act XXV. of 1861,) in any or all the Districts of the Dacca Division.

Mr. E. S. Moseley to have temporary charge of the Sub-Division of Julpigoree, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, described in Section XXII. of the Code of Criminal Procedure, and the powers of a Deputy Collector, in Rungpore. Mr. Mosely is also empowered, under Section 38 of that Code, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or by the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose.

Mr. T. H. H. Shortt, Assistant Magistrate of Balasore, is empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

Mr. M. L. Ferrar, Assistant Magistrate and Collector of Rajshahye, is transferred to Balasore, and is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class, described in Section XXII. of the Code of Criminal Procedure, in the latter District.

Dr. Norman Chevers is appointed to officiate as Inspector-General of Jails, and is vested with the powers of a Magistrate, under Regulation XIV. of 1816, within the Jails of the Lower Provinces.

Dr. C. R. Francis to officiate as Principal of the Medical College, Calcutta, and also as Professor of Medicine in the College and ex-officio First Physician of the College Hospital.

১৮৬৫ সাল ৪ আগস্ট।

হাবড়ার একটিং ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত ডবলিউ কর্ণেল সাহেব, উলুবেড়িয়ার খালের জন্যে ইষ্ট ইণ্ডিয়া ইরিগেশন্ ও কেনাল কোম্পানির পক্ষে ভূমি গ্রহণ করিবার সুনিয়ম করণার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ৩ ধারামতে নিযুক্ত হইয়াছেন।

১৮৬৫ সাল ৭ আগস্ট।

শিবসাগরের জরীপীকার্য্যের আসিস্টান্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এল বি বি কিং সাহেব ঐ জিলাতে আসিস্টাণ্ট কমিস্যনরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত জি এস আন্দ্রু সাহেব ঢাকা এলাকায় ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেটের ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়াছেন, এবং ময়মুনসিংহ জিলাতে অবস্থিতি করিবেন। তিনি ঢাকা এলাকার কোন কি সকল জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫) আইনের ২২ ধারার নির্দ্দিষ্ট মতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত ই এস মোসলী সাহেব কিয়ৎকালের নিমিত্তে জলপাইগুড়ি জিলাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, এবং রঙ্গপুরে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো উক্ত আইনের ৩৮ ধারামেতে তিনি সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথমস্থলীয় অনুসন্ধান লইতে, ও উক্ত সেশন আদালতের কিম্বা হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কি তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে, ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

বালেশ্বরের আসিস্টান্ট মাজিষ্ট্রেট শ্রীযুত টি এচ এচ শর্ট সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথমস্থলীয় অনুসন্ধান লইতে, ও উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কি তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে, ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

রাজশাহীর আসিস্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এম এল ফেরার সাহেব বালেশ্বরে নিযুক্ত হইয়াছেন, ও শেষোক্ত জিলাতে তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ডাক্তর শ্রীযুত নর্ম্মান চিবর্স সাহেব জেলসমূহের ইনস্পেক্টর জেনরলের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন, এবং নিম্নতর প্রদেশের জেলসমূহের মধ্যে ১৮১৬ সালের ১৪ আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ডাক্তর শ্রীযুত সি আর ফ্রান্সিস সাহেব কলিকাতার মেডিকাল কালেজের প্রিন্সিপলের, এবং উক্ত কালেজে চিকিৎসা বিদ্যার অধ্যাপকের এবং স্বীয় পদের বলে উক্ত কালেজ হাসপাতালের প্রথম চিকিৎসকের কর্ম্ম করিবেন।

*The 8th August* 1865.

Mr. H. F. J. Kean to have charge of the Sub-Division of Sasseram, and to exercise the powers of a Magistrate and Deputy Collector in Shahabad.

Mr. R. Grant to officiate as District Superintendent of Police of Kamroop, during the absence, on leave, of Captain C. T. Hitchens, or until further orders.

Mr. J. A. Floyd to officiate as District Superintendent of Police of Gowalparah.

Mr. J. R. B. Ross, Deputy Magistrate and Deputy Collector of Hooghly, is transferred to Mymensing, and is vested with the powers of a Magistrate in the latter District.

Mr. W. C. Taylor, Deputy Magistrate and Deputy Collector of Mymensing, is transferred to Tipperah, and is vested with the powers of a Magistrate in the latter District.

Baboo Sapreshwur Das, Surburahkar of the Estate of Killah Kunika, is vested with the powers of a Deputy Collector in Cuttack.

*The 10th August* 1865.

Mr. F. J. G. Campbell to be Deputy Registrar of Assurances of the Sub-District of Mymensing, having its Head-Quarters at the Sudder Station of the District of Mymensing.

Mr. E. V. Westmacott, Assistant Commissioner in Cachar, is vested with powers to try cases under Act XIII. of 1859.

Mr. W. Cardozo, Moonsiff of Sealtekh, is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class, described in Section 22 of the Code of Criminal Procedure, in Cachar.

## LEAVE OF ABSENCE.

*The 4th August* 1865.

Baboo Purnanund Surma, Extra Assistant Commissioner of Durrung, is allowed an extension of leave up to the 23rd ultimo under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Lieutenant R. C. Beavan, Assistant Revenue Surveyor, Second or Southern Division, Lower Provinces, for three months, under the Financial Notification dated 22nd February 1856, in extension of the leave sanctioned under orders of the 1st June last.

Mr. J. Belchambers, Assistant Superintendent of Police, Cachar, for three months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may have availed himself of the leave.

*The 7th August* 1865.

Moulvy Ali Newaz Khan, Sudder Ameen of Mymensing, is allowed leave during the ensuing

১৮৬৫ সাল ৮ আগষ্ট।

শ্রীযুত এচ এফ জে কীন সাহেব সাশিরাম জিলা-খণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং শাহাবাদে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

কাপ্তান শ্রীযুত সি টি হিচিন্স সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত আর গ্রাণ্ট সাহেব কামরূপের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে এ ফ্লয়ড্ সাহেব গোয়ালপাড়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে আর বি রাস সাহেব ময়মনসিংহে নিযুক্ত হইয়াছেন ও শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ময়মনসিংহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ সি টেলর সাহেব ত্রিপুরায় নিযুক্ত হইয়াছেন ও শেষোক্ত জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

কিল্লা কনিকা মহালের সরবরাহকার শ্রীযুত বাবু সাপ্রেশ্বর দাস কটকে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৫ সাল ১০ আগষ্ট।

শ্রীযুত এফ জে জি কাম্বেল সাহেব ময়মনসিংহ সব-ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির ডেপুটী রেজিষ্ট্রার হইবেন। উক্ত সব-ডিষ্ট্রিক্টের সদর স্থান ময়মনসিংহ জিলার সদর মোকামে হইবে।

কাছাড়ের আসিষ্টাণ্ট কমিসনর শ্রীযুত ই বি ওয়েষ্টমাকট সাহেব ১৮৫৯ সালের ১৩ আইনমতের মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা পাইয়াছেন।

সিয়ালটেখের মুনসেফ শ্রীযুত ডবলিউ কার্ডোজো সাহেব কাছাড়ে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

## ছুটী।

১৮৬৫ সাল ৪ আগষ্ট।

দরঙ্গের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিসনর শ্রীযুত বাবু পূর্ণানন্দ শর্ম্মা যে ছুটী পাইয়াছেন, অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে তাহা গত মাসের ২৩ তারিখ পর্য্যন্ত বাড়ান গিয়াছে।

নিম্নতর প্রদেশের দ্বিতীয় অর্থাৎ দক্ষিণ খণ্ডের আসিষ্টাণ্ট রেবিনিউ সরবেয়র লেপ্টেনেন্ট শ্রীযুত আর সি বীবান সাহেবের যে ছুটী গত জুন মাসের ১ তারিখের আজ্ঞামতে অনুমোদিত হয়, তদতিরিক্ত ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের বিজ্ঞাপনমতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

কাছাড়ের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জে বেলচেম্বর্স সাহেব যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন, সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৫ সাল ৭ আগষ্ট।

ময়মনসিংহের সদর আমীন শ্রীযুত মৌলবী আলি নেওয়াজ খাঁ অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির

Dusserah vacation under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Mr. J. Stewart, Assistant Magistrate of Julpigoree, for two months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may be relieved by his successor.

১৬ ধারামতে আগামি দুর্গোৎসবের বন্ধে ছুটী পাইয়াছেন।

জলপাইগুড়ির আসিষ্টান্ট মাজিষ্ট্রেট শ্রীযুত জে ষ্টুয়ার্ট সাহেব আপন উত্তরাধিকারিদ্বারা যে তারিখে অবকাশ পান, সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

*The 8th August* 1865.

১৮৬৫ সাল ৮ আগষ্ট।

Mr. W. M. Smith, Assistant Commissioner of Rajmehal, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

Mr. L. Barber, Deputy Magistrate and Deputy Collector of Tipperah, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

Captain C. T. Hitchens, District Superintendent of Police, Kamroop, for three months, under the Financial Notification dated 22nd February 1856, from the date on which he may avail himself of the leave.

Mr. H. Osborne, Officiating Sub-Deputy Opium Agent at Ghazeepore, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

রাজমহলের আসিষ্টান্ট কমিসনর শ্রীযুত ডবলিউ এম স্মিথ সাহেব যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন, সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিপুরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এল বারবর সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

কামরূপের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত সি টি হিচিন্স সাহেব যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন সেই তারিখ অবধি ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের বিজ্ঞাপনমতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

গাজিপুরের আফীমের একটিং সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত এচ অসবর্ণ সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

The following Orders issued by the Government of India in the Military Department are re-published for general information:—

মিলিটারী ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের পশ্চাৎ লিখিত যে আজ্ঞা প্রকাশ হয় তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে পুনর্ব্বার মুদ্রিত হইল।

No. 738.

৭৩৮ নম্বর।

*The 31st July* 1865.

১৮৬৫ সাল ৩১ জুলাই।

The services of Lieutenant W. F. Trotter, of Her Majesty's 34th Regiment, a candidate for the Staff Corps, are placed at the disposal of the Government of Bengal.

শ্রীশ্রীমতী মহারাণীর ৩৪ সৈন্যদলের লেপ্টেনেন্ট শ্রীযুত ডবলিউ টুটর সাহেব ষ্টাফ দলভুক্ত হওনাকাঙ্ক্ষী হওয়াতে বঙ্গদেশের গবর্ণমেন্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

No. 743.

৭৪৩ নম্বর।

The undermentioned Officer is permitted to proceed to Europe on urgent private affairs:—

পশ্চাৎ লিখিত কার্য্যকারক নিজের বিশেষ প্রয়োজনোপলক্ষে ইউরোপে গমনের অনুমতি পাইয়াছেন, অর্থাৎ—

| | |
|---|---|
| Lieutenant William Brereton Birch, of the late 21st Regiment Native Infantry, District Superintendent, Bengal Police, Nuddea .. | For six months, without pay. |

| | |
|---|---|
| নদীয়ার বেঙ্গল পোলীস পল্টনের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট ও পূর্ব্বকার ২১ দেশীয় পদাতিক পল্টনের লেপ্টেনেন্ট শ্রীযুত উলিয়ম ব্রিরার্টন বর্চ সাহেব। | বিনা বেতনে ছয় মাসের ছুটী পাইয়াছেন। |

No. 752.

*The 2nd August* 1865.

The undermentioned Officers have reported their departure on the dates specified opposite to their respective names:—

*   *   *   *   *   *

| | |
|---|---|
| Lieutenant-Colonel J. C. Haughton, of the Bengal Staff Corps, Commissioner of Cooch Behar, on leave for twenty months. G. G. O. No. 682 of the 10th July 1865 ... | *Nemesis*, 10th July 1865. |

*   *   *   *   *   *

No. 759.

*The 4th August* 1865.

His Excellency the Governor General in Council has been pleased to sanction the formation of a Volunteer Corps in Cachar, to be designated the "Cachar Mounted Volunteers," and to make the following appointment to the Corps:—

*To be Commandant.*

Captain R. Stewart, of the Bengal Staff Corps.

NOTIFICATION.

*The 10th August* 1865.

The Lieutenant-Governor is pleased specially to extend the operation of Section 34 of Act V. of 1861, entitled an Act for the regulation of Police, to the undermentioned Town and places:—

Town of Revilgunge in the District of Sarun, including the Bazaars of Sumsteepore, Godna, Seemurria, and Maharajgunge, appertaining to the said Town.

S. C. Bayley,
*Junior Secy. to the Govt. of Bengal.*

## PUBLIC WORKS DEPARTMENT.

Local.

No. 281.

*The 15th August* 1865.

*Notification.*—The following Rules having reference to the undermentioned Navigable Channels from Kanteetollah to Khoolna, known as the "Eastern Canals," have been passed this

৭৫২ নম্বর।

১৮৬৫ সাল ২ আগষ্ট।

পশ্চাৎ লিখিত কার্য্যকারকেরা আপনং নামের পার্শ্বে লিখিত তারিখে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন,—

*   *   *   *   *   *   *

| | |
|---|---|
| কুচবেহারের কমিসানর ও বেঙ্গল ষ্টাফ দলভুক্ত লেপ্টেনেন্ট কর্ণেল শ্রীযুত জে সি হাটন সাহেব শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ১৮৬৫ সালের ১০ জুলাই তারিখের ৬৮২ নং আজ্ঞামতে বিংশতি মাসের ছুটী পাইয়াছেন। | নেমিসিস ১৮৬৫ সাল ১০ জুলাই। |

*   *   *   *   *   *   *

৭৫৯ নম্বর।

১৮৬৫ সাল ৪ আগষ্ট।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কাছাড়ে বলন্টীর সেনাদল স্থাপিত হইবার অনুমতি দিয়াছেন, উক্ত দল "কাছাড় মৌন্টেড বলন্টীরস" নামে খ্যাত হইবে। এবং উক্ত দলে পশ্চাৎ লিখিত নিয়োগ করিয়াছেন, অর্থাৎ—

বেঙ্গল ষ্টাফ দলের কাপ্তান শ্রীযুত আর ষ্টুয়ার্ট সাহেব সেনাপতি হইবেন।

বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ১০ আগষ্ট।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বিশেষ অনুমতিক্রমে ১৮৬১ সালের ৫ আইনের অর্থাৎ পোলীসের বিধান করণার্থ আইনের ৩৪ ধারা পশ্চাৎ লিখিত নগরে ও স্থানে প্রবল করিয়াছেন, অর্থাৎ—

সারণ জিলার অন্তর্গত রেবিলগঞ্জ নগর। উক্ত নগরের সমস্তিপুর ও গদনা ও সিমুরিয়া ও মহারাজগঞ্জ নামক বাজার তাহার মধ্যে পরিগৃহীত হইবে।

এস সি বেলী।
বঙ্গদেশের গবর্ণমেন্টের দ্বিতীয় সেক্রেটারী।

## পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

স্থানীয়।

২৮১ নম্বর।

১৮৬৫ সাল ১৫ আগষ্ট।

বিজ্ঞাপন।

"পূর্ব্বদেশীয় খাল" নামে খ্যাত পশ্চাৎ লিখিত নৌকাগম্য যেং খাল কান্তিটোলাহইতে খুলনায় যায় তদ্বিষয়ক নিম্নলিখিত বিধি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কর্ত্তৃক বঙ্গদেশের ১৮৬৪ সালের

day by the Lieutenant-Governor of Bengal, under the provisions of Sections XI. and XII of the "Canals' Act, 1864," (No. V., B. L. C.):—

*The lines of Channels from Kanteetollah eastward to Myehattee, then so much of the Jaboona or Echamuttee River as lies between Myehattee and Bussuntpore, both routes between the mouth of the Koomrea Khall and Subdulpore to the junction of the Seepsa Aga and Seepsa Rivers; also the Menus River from its junction with the Mooreechap River to Koocheea Haut, and so much of the Seepsa River as lies between Koocheea Haut and Mooreechap; also from the head of the Seepsa to Khoolna eastward.*

1. Wherever mooring posts may have been put up by the Supervisor, vessels shall be made fast by the head and stern along the banks to such posts, and shall not be moored in any other manner.

2. The dropping of anchors and the putting up of bamboos or luggees on the banks, or in the channel, is prohibited.

3. As the water falls, the head and stern ropes of moored vessels must be loosened, and the vessels gradually pushed towards the centre of the canal; when the flood comes in these two ropes must be gradually pulled in and the vessels kept as close to the bank as possible.

4. Only one vessel shall be allowed to make fast along and in line with the canal's banks, and no vessel shall be made fast or be placed outside of vessels so secured. No vessel shall be placed in such a position as to endanger the safety of other vessels or obstruct the passage of other vessels.

5. Vessels passing through the canals shall keep in separate lines; empty vessels keeping close to the bank, and those that are laden in the centre.

6. In portions of the canals where only one towing-path exists, vessels shall moor on the off side, and the towing-path side shall always be kept clear. The towing-path side shall be used by vessels going against the tide, and by no others.

7. In order to avoid collision and confusion, vessels waiting for a favorable tide at the junction of two or more rivers shall be moored at a distance of not less than 1,000 feet from the point of junction.

8. No person shall commit a nuisance or deposit filth of any sort in the canals, nor do any act to cause injury to the canals' works.

৫ আইনের (অর্থাৎ খালবিষয়ক আইনের) ১১ ও ১২ ধারার বিধানমতে অদ্য অনুমোদিত হইল।

কান্তিটোলাহইতে ময়হাটীগামি পূর্ব্বাভিমুখ সকল খাড়ী, ও তৎপরে ময়হাটী ও বসন্তপুরের মধ্যস্থিত যবুনা কি ইচ্ছামতী নদীর অংশ, পরে কুমরিয়া খালের মুহানা ও শব্দলপুরহইতে সিপসা আগার সহিত সিপসা নদীর সংযোগস্থানগামি উভয় খাল, এবং মুরিচাপ নদীর সহিত সংযোগস্থানহইতে কুচিয়া হাট পর্য্যন্ত মিনস নদী, এবং কুচিয়া হাটের ও মুরিচাপের মধ্যস্থিত সিপসা নদীর অংশ, ও সিপসা নদীর মুহানা অবধি খুলনা পর্য্যন্ত পূর্ব্বাভিমুখ পথ।

১। সুপরিন্টেণ্ডেন্ট যে২ স্থানে নৌকা বান্ধিবার খোঁটা গাড়িয়া রাখেন, সেই২ স্থানে খালের ধারে২ নৌকার গলহী ও পশ্চাদ্ভাগ বান্ধিয়া রাখিতে হইবে, অন্য কোন প্রকারে লাগাইয়া রাখিতে হইবে না।

২। খালের মধ্যে কি ধারে লঙ্গড় ফেলিতে কি বাঁশ কি লগি পুঁতিতে নিষেধ হইল।

৩। জল যেমন কমিবে, তেমনি বান্ধা নৌকার গলহীর ও পশ্চাদ্ভাগের কাছি শল দিয়া ক্রমে নৌকা খালের মধ্যপানে নামাইতে হইবে। যখন জোয়ার আইসে তখন ক্রমশঃ ঐ কাছি টানিয়া নৌকা যথাসাধ্য কিনারার নিকটে রাখিতে হইবে।

৪। খালের ধারের পার্শ্বে অথচ সমান্তরালে কেবল এক২ খানি নৌকা বান্ধিবার অনুমতি হইবে। ঐরূপে বান্ধা নৌকার বাহিরে কোন নৌকা বান্ধিতে কি রাখিতে হইবে না। যে স্থানে রাখিলে অন্য নৌকার হানি জন্মিবার কি পথ বন্ধ হইবার সম্ভাবনা হয়, এমত স্থানে কোন নৌকা রাখিতে হইবে না।

৫। খালের মধ্য দিয়া যে সকল নৌকা যায় তাহা ভিন্ন২ পথে যাইবে, অর্থাৎ খালী নৌকা ধারে২ ও বোঝাই নৌকা মধ্য দিয়া যাইবে।

৬। খালের যেং ভাগে কেবল একটি গুণ টানিবার পথ থাকে, তাহার অন্য পারে নৌকা বান্ধিতে হইবে। গুণ টানিবার পথ যে পারে থাকে সেই পার সর্ব্বদা খোলাসা রাখিতে হইবে। গুণ টানিবার পথের দিক দিয়া উজানগামি নৌকা ভিন্ন অন্য কোন নৌকা যাইবে না।

৭। দুই কি অধিক নদীর সংযোগস্থানে যে সকল নৌকার সুবিধাজনক জোয়ারের কি ভাটার অপেক্ষাতে বিলম্ব হয়, তাহাদের মধ্যে যেন আঘাত কি গোলযোগ না হয়, তন্নিমিত্তে ঐ সংযোগস্থানহইতে ন্যূন কল্পে ১০০০ ফুট দূরে সেই সকল নৌকা বান্ধিতে হইবে।

৮। কোন ব্যক্তি খালের মধ্যে কি ধারে মল ত্যাগ করিবে না, ও কোন প্রকারের দুর্গন্ধ দ্রব্য ফেলিবে না, ও খালের কার্য্যোপযোগি বিষয়ের হানিজনক কোন কর্ম্ম করিবে না।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ২২ আগস্ট।]

9. Every person, either personally or by his servant, infringing any of the above Rules numbered from 1 to 8, shall be liable, under Section XI. of the Canals' Act, to a fine not exceeding fifty Rupees for any one infringement; or to a fine not exceeding five Rupees a day for any continued infringement.

10. At the instance of the Supervisor of Navigation, any Magistrate who imposes a fine under Sections XI. or XVI. of the Act may award any portion of such fine to the informer.

11. Any person who *wilfully* or *negligently* allows a vessel to sink in the canals shall be liable to a fine not exceeding Rupees fifty.

12. In every case of wreck caused by negligence or otherwise, the Supervisor and his Subordinates will give every assistance in removing the same.

"২৫ A। যদি কোন মহাল বৎসরের অংশমাত্র ব্যাপিয়া কালেক্টরের সরবরাহের অধীন থাকে, তবে সদর জমার কি মফস্বল জমার যে অংশ তাঁহার সরবরাহ কাল সম্পর্কীয়, তাহাইমাত্র তিনি কৈফিয়তে প্রকাশ করিবেন।"

---

No. 6.

THE Board of Revenue have prepared and distributed printed blank forms of Bills for establishment and other allowances chargeable against the rate levied under Miscellaneous Rule LXXVI, 17, &c. Such Bills must not be submitted in any other, but this printed form.

৬ নম্বর।

৭৬ বিবিধ বিধির ১৭ প্রভৃতি দফামতে আদায় হওয়া হারহইতে পোষণীয় বলিয়া যে সিরিস্তাব বেতন প্রভৃতি টাকা খরচ লেখা যাইতে পারে, রেবিনিউ বোর্ড তাহার বিলের ছাপা করা পাঠ প্রস্তুত করিয়া প্রেরণ করিয়াছেন। তদ্রূপ বিল অন্য কোন পাঠে না পাঠাইয়া কেবল ঐ মুদ্রিত পাঠে প্রস্তুত করিয়া পাঠাইতে হইবে।

---

No. 7.

THE Board of Revenue observe that some Collectors have assumed the management of lands attached by the Magistrate, under Section 319, Act XXV. of 1861. Such an intervention by the Collector is not authorized by the law.

2. Any Collector, therefore, who has erroneously taken upon himself the management of such lands, should at once make them over to the Magistrate again, together with any sums collected during his (the Collector's) management.

3. Add now to the Vth Miscellaneous Rule.

13A. Section 319, Act XXV. of 1861, does not authorize a Magistrate to call upon a Collector to attach or manage lands. Collectors should therefore decline to comply with any such requisitions made upon them under colour of that Section.

৭ নম্বর।

১৮৬১ সালের ২৫ আইনের ৩১৯ ধারামতে মাজিষ্ট্রেট ভূমি ক্রোক করিলে কোনং কালেক্টর সেই ভূমির সরবরাহের ভার গ্রহণ করিয়াছেন, ইহা রেবিনিউ বোর্ডের জ্ঞানগোচর হইয়াছে। এমত ভূমিতে হস্তক্ষেপ করিতে কালেক্টরের ব্যবস্থাসিদ্ধ ক্ষমতা নাই।

২। অতএব যদি কোন কালেক্টর ভ্রম বশতঃ স্বয়ং তদ্রূপ কোন ভূমির সরবরাহ করণের ভার লইয়া থাকেন, তবে তাঁহার (অর্থাৎ কালেক্টরের) সরবরাহ কালে তাহাহইতে যত টাকা আদায় হইয়াছে তাহা সুদ্ধ সেই ভূমি তিনি অবিলম্বে মাজিষ্ট্রেটের হস্তে পুনরায় সমর্পণ করিবেন।

অতএব পঞ্চম বিবিধ বিধিতে এই কথা যোগ করিতে হইবে, অর্থাৎ—

"১৩ A। ভূমি ক্রোক কি সরবরাহ করিবার আদেশ কোন কালেক্টরকে দিবার ক্ষমতা ১৮৬১ সালের ২৫ আইনের ৩১৯ ধারামতে মাজিষ্ট্রেটের প্রতি বর্ত্তে না, অতএব উক্ত ধারা ছদ্ম করিয়া কালেক্টরের প্রতি তদ্রূপ আদেশ করা গেলে তিনি তাহা মান্য করিতে অস্বীকার করিবেন।"

---

No. 8.

THE practice of crediting the proceeds from fisheries in navigable rivers to "Public Debt," is, under orders received from Government to be discontinued. In future the revenue arising from fisheries *of all kinds* must be credited simply to "Land Revenue." Fisheries should therefore be all brought at once upon the District Revenue Rolls, and their proceeds shewn in Table II, Return No. X, accordingly.

৮ নম্বর।

নৌকাগম্য নদীর জলকর যে টাকা আদায় হয় তাহা রাজকীয় ঋণের হিসাবে জমা করণের যে রীতি আছে, গবর্ণমেণ্টহইতে প্রাপ্ত আজ্ঞামতে তাহা রহিত করিতে হইবে। ইহার পরে যাবদীয় জলকরহইতে যে রাজস্ব উৎপন্ন হয়, তাহা "ভূমির রাজস্বের হিসাবে" জমা লিখিতে হইবে। অতএব জলকর সকল অযোগে জিলার তৌজীতে লিখিতে ও তদুৎপন্ন টাকা সকল ১০ নং রিটর্ণের ২ টেবিলে প্রকাশ করিতে হইবে।

---

No. 9.

UNDER instructions from the Government of India, District Officers are directed to make to the Commissioners, on or before the 1st October, a report shewing, *first*, the ascertained outturn of the Cotton crop in the District in 1864-65; and, *secondly*, the estimated outturn of the same crop for 1865-66, giving in each case, the acres culti-

৯ নম্বর।

ভারতবর্ষের গবর্ণমেণ্টহইতে প্রাপ্ত আজ্ঞামতে জিলার কার্য্যকারকদিগের প্রতি আদেশ হইতেছে যে তাঁহারা প্রত্যেকে অক্টোবর মাসের ১ তারিখে কি তৎপূর্ব্বে কমিস্যনর সাহেবের নিকটে তুলা বিষয়ক রিপোর্ট পাঠান। তাহাতে প্রথমে জিলার মধ্যে ১৮৬৪। ৬৫ সালে নিশ্চয় যত তুলা জন্মিয়াছে, এবং দ্বিতীয়তঃ ১৮৬৫। ৬৬ সালে অনুমান যত তুলা জন্মিতে পারে

vated, and the number of pounds produced or expected.

*

2. The Report should also notice again the state of the Native cloth manufacture, and of the demand for British Piece Goods.

3. In giving this early notice, the Board of Revenue trust that the District Officers will take care to submit their returns punctually.

4. Each Commissioner should make an abstract Return to this order, for his Division, by the 1st November, at the latest.

---

No. 10.

THE following addition is to be made to the Rent Law Rules:—

IVA. It is important to distinguish clearly between the "authorized agent who has personal knowledge of the facts of the case" or "is accompanied by a person who has such personal knowledge," (*vide* Sections XXXV, and XLIII, Act X. of 1859), and the "authorized agent *or Mukhtar*" employed, under Section LXXI, "to conduct a case."

2. The "authorized agent or Mukhtar" of Section LXXI, can only be employed, under a special power of attorney, (see MISCELLANEOUS RULE LVII., 2), and his appointment, in no respect, excuses the presence of his principal.

3. The "authorized agent of Sections XXXV and XLIII is, in the opinion of the Board of Revenue, identical, ordinarily, with the "Naib," "Gomashta," &c. of Section LXIX. He requires *no power of Attorney* to enable him to appear, and he has the prerogative of so representing his principal that the principal can only be summoned in person, under the special circumstances stated in Section XLIII or Section LXIV.

4. Either the plaintiff himself, or an authorized agent appointed, under Section XXXV, or again the defendant himself, or an authorized agent appointed under Section XLIII, *must* appear in every case. The appointment of a Mukhtar, under Section LXXI, in no way relieves his principal of the obligation of either appearing himself, or being represented by an authorized agent under Section XXXV, or Section XLIII, accordingly as he is plaintiff or defendant.

5. A comparison of Section XXXV with Section XLIII makes it clear, in the Board's opinion, that the legal position of the "authorized agents" of those Sections is the same, whether they have themselves personal knowledge, or only bring some subordinate with them who has.

তাহা প্রকাশ করিতে হইবে, বিশেষতঃ যত একর ভূমি চাষ হইয়াছে ও যত পৌণ্ড তূলা জন্মিয়াছে কি জন্মিবার সম্ভাবনা, তাহা উক্ত দুইয়ের প্রত্যেক শিরোভাগে লিখিতে হইবে।

২। আরো দেশীয় বস্ত্র প্রস্তুত করণ ব্যবসায়ের অবস্থা, এবং বিলাতী থান কাপড়ের গ্রাহকতা উক্ত রিপোর্টে পুনরায় প্রকাশ করিতে হইবে।

৩। এত অগ্রে সংবাদ দেওয়াতে রেবিনিউ বোর্ড এমত বিশ্বাস করেন যে জিলার কার্য্যকারকেরা ঠিক নিয়মিত সময়ে রিটর্ণ পাঠাইতে যত্ন করিবেন।

৪। প্রত্যেক কমিস্যনর সাহেব আপন এলাকার জন্যে অতিবিলম্বে ১ নবেম্বরের মধ্যে এই আজ্ঞামতের সকল রিটর্ণের সারসংগ্রহ পাঠাইবেন।

---

১০ নম্বর

খাজানার আইন বিষয়ক বিধিতে পশ্চাৎ লিখিত বিধি যোগ করিতে হইবে, অর্থাৎ—

"৪ A। ক্ষমতাপন্ন যে এজেন্ট মোকদ্দমার বৃত্তান্ত নিজে জানেন কিম্বা যে এজেন্টের সঙ্গে তদ্রূপ জ্ঞানপ্রাপ্ত কোন ব্যক্তি থাকে, (১৮৫৯ সালের ১০ আইনের ৩৫ ও ৪৩ ধারা দেখ,) সেই এজেন্টের, এবং ৭১ ধারামতে মোকদ্দমা চালাইবার জন্যে নিযুক্ত যে ক্ষমতাপন্ন এজেন্ট বা মোক্তার, তাঁহার মধ্যে যে প্রভেদ আছে তাহা স্পষ্ট জ্ঞাত হওয়া অতি আবশ্যক।

"৭১ ধারামতের যে ক্ষমতাপন্ন এজেন্ট বা মোক্তার তিনি কেবল বিশেষ মোক্তারনামাক্রমে নিযুক্ত হইতে পারেন, (বিবিধ বিধির ৫৭ বিধির ২ প্রকরণ দেখ,) এবং নিযুক্ত হইলেও নিয়োগকারির উপস্থান কোন ক্রমে অনাবশ্যক হয় না।

"৩। ৩৫ ও ৪৩ ধারাতে যে ব্যক্তিকে ক্ষমতাপন্ন এজেন্ট বলে, তাঁহার বিষয়ে রেবিনিউ বোর্ডের এমত বোধ হয় যে সামান্যতঃ 'তিনি ৬৯ ধারার উল্লিখিত নায়েব কি গোমাস্তা ইত্যাদি। তিনি যেন উপস্থিত হইতে পারেন, তন্নিমিত্তে তাঁহার মোক্তারনামা পাইবার প্রয়োজন নাই, ও তাঁহার বিশেষ অধিকার [illegible] যে তিনি নিজ মনিবের প্রতিনিধি হইলে সামান্যতঃ মনিবের প্রতি স্বয়ং উপস্থিত হইবার আদেশ সমনে হইতে পারে না, কেবল ৪৩ কি ৬৪ ধারার নির্দ্দিষ্ট স্থলবিশেষে তদ্রূপ আদেশ হইতে পারে।

"৪। বাদী আপনি কিম্বা ৩৫ ধারামতে নিযুক্ত কোন ক্ষমতাপন্ন এজেন্ট, কি পক্ষান্তরে প্রতিবাদী আপনি কিম্বা ৪৩ ধারামতে নিযুক্ত কোন ক্ষমতাপন্ন এজেন্ট যে উপস্থিত হন, ইহা প্রত্যেক মোকদ্দমাতে নিতান্ত আবশ্যক। ৭১ ধারামতে কোন মোক্তারকে নিযুক্ত করিলেও তাঁহার নিয়োগকারী আপনি উপস্থিত হইবার, কিম্বা বাদী হইলে ৩৫ ধারামতে, অথবা প্রতিবাদী হইলে ৪৩ ধারামতে নিযুক্ত কোন ক্ষমতাপন্ন এজেন্টদ্বারা উপস্থিত হইবার আবশ্যকতাহইতে কোন মতে মুক্ত হন না।

"৫। ৩৫ ধারার সহিত ৪৩ ধারা মিলাইলে বোর্ডের জ্ঞানে ইহা স্পষ্ট বোধ হয় যে সেই দুই ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাপন্ন এজেন্টেরা আপনারা মোকদ্দমার বৃত্তান্ত জ্ঞাত হউন কিম্বা তদ্রূপ জ্ঞানপ্রাপ্ত অধীন কোন ব্যক্তিকে সঙ্গী করিয়া উপস্থিত হউন, ইহাতে তাঁহাদের আইনঘটিত অবস্থা কিছুই অন্যথা হইবে না।"

## No. 11.

The following Extract, paragraph 1, from the High Court's Circular No. 14, dated 7th July, is published for general information:—

"The Court are pleased to direct that every judgment recorded by a Judge, sitting as an Appellate Court, under Act X. of 1859, shall invariably be communicated to the Court of first instance, *through the Collector of the District;* as it is a matter of the utmost importance that the Collector, as the Chief Executive authority in a District, should be kept fully informed of the manner in which his subordinate Deputy Collectors discharge the duties committed to them."

Add, at the same time, to the XVIth Rent Law Rule.

2. By Circular Order No. 14, dated 7th July 1865, the High Court have instructed the Judges to communicate their judgments passed in appeal from the judgments of Deputy Collectors to those Officers, *through the Collector.* In case this is not done, the Collector should remind the Judge of those orders. In making the report required by this Rule, he should mention the character of the comments made by the Judge on each Deputy Collector's proceedings, during the year, and the result of the appellate revision of the Deputy's proceedings, keeping to this end a Register of the appeals of each of his Deputies.

3. The Commissioner should forward to the Board any report that is especially favorable, or especially unfavorable.

---

## No. 12.

Add to the Board's List of Returns (Quarterly.)

XXIA. Settlements confirmed since the Survey. (See Survey Rule XCI.)

---

## No. 13.

In order to bring the practice into accordance with Act VI. of 1853, the following alterations are to be made in Survey Rule XXXII:—

For the first paragraph substitute—

XXXII. "Estates which are found to be situate wholly, or in greater part, in another District than that on the Revenue Roll of which they are borne, should be reported by the Superintendent for transfer to the Revenue Roll of the other District."

And for the last paragraph, substitute—

"Outlying lands, situate in Districts other than those on the Roll of which the Estates to which

## ১১ নম্বর।

হাই কোর্টের ৭ জুলাই তারিখের ১৪ নম্বর সরকুলর হইতে উদ্ধৃত ১ প্রকরণ সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

"এই আদালত এই আজ্ঞা করিতেছেন যে ১৮৫৯ সালের ১০ আইনমতের আপীল আদালতস্বরূপে অধিবেশনকারি কোন জজ সাহেব যে কোন নিষ্পত্তি লিপিবদ্ধ করেন, তাহা সর্ব্বদা জিলার কালেক্টর সাহেবের দ্বারা প্রথমস্থলীয় আদালতের নিকটে পাঠাইতে হইবে, কেননা জিলার মধ্যে কালেক্টর সাহেব রাজকার্য্য নির্ব্বাহক প্রধান কর্ত্তৃপক্ষ, অতএব তাঁহার অধীন ডেপুটী কালেক্টরেরা যে২ প্রকারে আপনাদের প্রতি অর্পিত কার্য্য সাধন করেন, তাহা তিনি যে সর্ব্বদা সবিশেষে জ্ঞাত থাকেন ইহা অতি আবশ্যক।"

অতএব খাজানার আইন বিষয়ক বিধির ১৬ বিধিতে পশ্চাৎ লিখিত কথা যোগ করিতে হইবে।

"২। ১৮৬৫ সালের ৭ জুলাই তারিখের ১৪ নম্বর সরকুলর দ্বারা হাই কোর্ট জজ সাহেবদিগকে এই আদেশ দিয়াছেন যে, ডেপুটী কালেক্টরদের নিষ্পত্তির উপর তাঁহাদের নিকটে আপীল হইলে, তাঁহারা আপীলক্রমে যে নিষ্পত্তি করেন তাহা কালেক্টর সাহেবের দ্বারা জানাইবেন। যদি তাহা না করা যায়, তবে কালেক্টর সাহেব জজ সাহেবকে সেই আজ্ঞা স্মরণ করাইবেন। এই বিধিমতে যে রিপোর্ট করিতে হইবে, তাহাতে তিনি বৎসরের মধ্যে এক২ ডেপুটী কালেক্টরের বিচারকার্য্যের বিষয়ে জজ সাহেবের লিখিত মন্তব্যের মর্ম্ম ও আপীলক্রমে ডেপুটী কালেক্টরের বিচারকার্য্যের যে সংশোধন হয় তাহার ফল উল্লেখ করিবেন ও তদুপলক্ষে আপনার অধীন প্রত্যেক কালেক্টর সম্বন্ধীয় আপীলের এক২ খান রেজিস্টর রাখিবেন।

"৩। তদ্রূপ কোন রিপোর্ট অতি সন্তোষসূচক কি অতি অসন্তোষসূচক হইলে কমিস্যনর সাহেব তাহা বোর্ডে পাঠাইবেন।"

---

## ১২ নম্বর।

বোর্ডের প্রকাশিত (ত্রৈমাসিক) রিটর্ণের ফর্দ্দে পশ্চাৎ লিখিত কথা যোগ করিতে হইবে, অর্থাৎ—

"২১A। জরীপের পরে স্থিরীকৃত বন্দোবস্ত। (বন্দোবস্তের ৯১ বিধি দেখ।)"

---

## ১৩ নম্বর।

কার্য্যপ্রণালী যেন ১৮৫৩ সালের ৬ আইনের সহিত মিলে, তন্নিমিত্তে জরীপের ৩২ বিধিতে পশ্চাৎ লিখিত পরিবর্ত্তন করিতে হইবে।

তাহার ১ প্রকরণের পরিবর্ত্তে এই কথা লিখিতে হইবে, অর্থাৎ—

"৩২। যে মহাল যে জিলার তৌজীতে পরিগৃহীত তাহার সমুদয় কি অধিকাংশ তদ্ভিন্ন অন্য জিলার অন্তঃপাতী, ইহা প্রকাশ পাইলে সেই অন্য জিলার তৌজীতে তাহা লিখিবার উপলক্ষে সুপরিন্টেণ্ডেণ্ট তদ্বিষয়ক রিপোর্ট করিবেন।"

ও শেষ প্রকরণের পরিবর্ত্তে এই কথা লিখিতে হইবে, অর্থাৎ—

"পৃথক্ স্থিত ভূমি অর্থাৎ আসল মহাল যে জিলার তৌজীতে পরিগৃহীত তদ্ভিন্ন অন্য জিলাতে স্থিত

they belong are borne, must be distinguished in the Map."

The transfers provided for by the XXth Rule of Practice should be made upon this revised principle.

---

No. 14.

MANY Officers have not yet submitted to the Board of Revenue their Bills on account of Expenditure incurred during the year ending 30th April, 1865 which is debitable against the rate from Wards', &c., Estates, (see paragraph 4, C. O. No. 9 of February.)

2. Each Divisional and District Officer is requested to ascertain, upon receipt of this order, that his Bill has been submitted, or to submit it at once.

3. If this is neglected, confusion and trouble in the department of accounts will, sooner or later result.

---

No. 15.

WITH reference to the second general exemption Article 10, Schedule B, Act X. of 1862, the following omission is to be supplied, after the words "Section LXVI" in Clause 3 of the IVth Rent Law Rule.

"And in respect of the production or filing of of any exhibit."

---

No. 16.

WITH reference to Circular Order No. 2 of April, the Post Office Authorities have reported to the Government of India that, in many places* the Post Masters are entirely unable to effect the exchange of their copper receipts for silver at the discount of "one or two pice" authorized by the Rules.

2. A Circular letter of the Accountant-General, (No. 27, dated 27th July,) has already informed Collectors, that the Government of India has been pleased accordingly to sanction, for the present, the free receipt of copper coin from the Post Masters.

The Government have now called upon the Board to report whether other District Receivers have found a similar difficulty in disposing of their copper coin receipts; and, if so, whether it may not be concluded that, so far from there being a deficiency of copper coins in circulation, there is a superabundance.

* The following places especially are named:—Arrah, Bhaugulpore, Beerbhoom, The Chota Nagpore Division, Dinagepore, Patna, Tipperah.

[*Government Gazette*, 5th September 1865.]

ভূমি যাহাতে চেনা যাইতে পারে, নকসাতে এমত উপায় করিতে হইবে।"

কার্য্যপ্রণালীর ২০ বিধিমতে উঠাইয়া অন্য স্থানে যোগ করণ যে কর্ম্ম তাহা এই সংশোধিত মূলনিয়মানুসারে করিতে হইবে।

---

১৪ নম্বর।

নাবালগ প্রভৃতি লোকদের মহাল সম্পর্কীয় হারের হিসাবে যাহা খরচ লিখিতে হয়, (ফেব্রুআরি মাসের ৯ নম্বর সরকুলরের ৪ দফা দেখ,) এমত যে অর্থ ১৮৬৫ সালের ৩০ আপ্রিল তারিখে অবসান প্রাপ্ত সালে ব্যয় হইয়াছে, তাহার বিল অনেক কার্য্যকারক অদ্যাপি রেবিনিউ বোর্ডে পাঠান নাই।

২। সেই বিল পাঠান গিয়াছে কি না, ইহা এই আজ্ঞা পাইবামাত্র এলাকা ও জিলা সম্পর্কীয় প্রত্যেক কার্য্যকারক দেখিবেন, পাঠান না গেলে একেবারে তাহা পাঠাইবেন।

৩। এ বিষয়ে শৈথিল্য করিলে অল্প কি অধিক বিলম্বে হিসাবের ডিপার্টমেণ্টে গোলযোগ ও ক্লেশ হইবার সম্ভাবনা।

---

১৫ নম্বর।

১৮৬২ সালের ১০ আইনের B চিহ্নিত তফসীলের ১০ দফাতে দ্বিতীয় যে সাধারণ বর্জ্জিত স্থল নির্দ্দিষ্ট হইয়াছে, তৎসম্পর্কে খাজানার আইন বিষয়ক ৪ বিধির ৩ প্রকরণে "৬৬ ধারা" এই শব্দের পরে পশ্চাৎ লিখিত কথা যোগ করিতে হইবে, অর্থাৎ—

"ও কোন নিদর্শনপত্র উপস্থিত কি দাখিল করণ বিষয়ে।"

---

১৬ নম্বর।

আপ্রিল মাসের ২ নম্বর সরকুলর অর্ডর বিষয়ে ডাকঘর সম্পর্কীয় কর্ত্তৃপক্ষ ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিকটে এই মর্ম্মের রিপোর্ট করিয়া পাঠাইয়াছেন যে বিধির অনুমোদিত বাটাতে অর্থাৎ এক কি দুই পয়সা বাটাতে আপনাদের সঞ্চিত তাম্রমুদ্রা দিয়া রৌপ্য মুদ্রা ক্রয় করা অনেক স্থানের* পোষ্ট মাষ্টরের নিতান্ত অসাধ্য।

২। ইহার মধ্যে আকৌণ্টেণ্ট জেনরল সাহেব ২৭ জুলাই তারিখের ২৭ নম্বরের যে সরকুলর পাঠাইয়াছেন, তদ্দ্বারা কালেক্টর সাহেবেরা অবগত হইয়াছেন যে ভারতবর্ষের গবর্ণমেণ্ট উক্ত কারণে কিয়ৎকালের নিমিত্তে পোষ্ট মাষ্টর সকলের স্থানে অবাধে তাম্রমুদ্রা গ্রহণ করিবার অনুমতি দিয়াছেন।

৩। সম্প্রতি গবর্ণমেণ্ট বোর্ডের প্রতি তৎসদৃশ অন্য বিষয়ের রিপোর্ট করিবার আদেশ করিয়াছেন, অর্থাৎ সঞ্চিত তাম্রমুদ্রা বিক্রয় করা জিলা সম্পর্কীয় অন্যান্য অর্থসংগ্রহকারিদের তদ্রূপ দুঃসাধ্য হইয়াছে কি না, ও যদি হইয়া থাকে, তবে যে সকল তাম্রমুদ্রা চলে তাহা প্রয়োজনাপেক্ষা ন্যূন না হইয়া বরং অতি প্রচুর আছে, এমত সিদ্ধান্ত করিতে পারা যায় কি না, এই বিষয়ের রিপোর্ট করিতে হইবে।

* বিশেষতঃ পশ্চাৎ লিখিত স্থানের নাম উল্লেখ হইয়াছে, অর্থাৎ—

আরা। ভাগলপুর। বীরভূম। ছোট নাগপুর এলাকা। দিনাজপুর। পাটনা। ত্রিপুরা।

4. Each District Officer is, accordingly, as soon as possible after the receipt of these orders, to make a report upon these points to the Commissioner.

5. Each Commissioner is enjoined to see that no delay is permitted on the part of his District Officers, and to submit a report embodying all the District information, at latest within a month after he receives this order.

---

No. 17.

The Board of Revenue find that it will not after all, be possible to dispense with the entry, in Return No. XVII, of particulars of the exchange of Notes for Notes authorized in Circular Order No. 3 of May.

2. Paragraphs 2 and 3 of that Circular Order must therefore be cancelled, and the following headings inserted by hand in Return No. XVII:—

4A. From the Public, in exchange for Notes of the same Circle.

10A. To the Public, in exchange for Notes of the same Circle.

3. It will be noticed that the entries in column *i.* opposite to these new headings—4A. and 10A. must always be the same.

4. It will not be necessary, the Board think for the present at any rate, to alter the Form of Register 79. Exchange transactions should, for the present, be entered in that Register in red ink, under the headings "From the Public in exchange for silver" and "To the Public in exchange for silver."

---

No. 18.

Whenever, in Return No. XVII, there are any entries against the Heading "3 From other Treasuries" and "9 To other Treasuries" the names of the Treasuries to which notes have been dispatched, or from which notes have been received, with the dates and amounts of each remittance, must be mentioned on the reverse of the Return.

---

No. 19.

Of the instruments affected by Section XVI, Act XVI. of 1864, to which Government or the Court of Wards are parties, those described in Clauses 1 and 2 must be registered in order to meet the Provisions of Section LXVIII, as to the priority of such deeds. The Board do not consider that any of the other instruments, described in Section XVI, need be registered.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ৫ সেপ্টেম্বর।]

৪। অতএব জিলার কার্য্যকারকেরা প্রত্যেকে এই আজ্ঞা পাইবার পরে সাধ্যমতে শীঘ্র উক্ত দুই বিষয়ের রিপোর্ট কমিস্যনর সাহেবের নিকটে পাঠাইবেন।

৫। কমিস্যনর সাহেবদের প্রতি এই আদেশ হইতেছে যে তাঁহারা প্রত্যেকে আপনার অধীন জিলার কার্য্যকারকদের শৈথিল্যে এই বিষয়ের বিলম্ব যে না হয় তাহা দেখিবেন, ও সকল জিলাহইতে প্রাপ্ত উত্তর সম্বলিত রিপোর্ট এই আজ্ঞা পাইবার পরে অত্যধিক এক মাসের মধ্যে পাঠাইবেন।

---

১৭ নম্বর।

নোটের বিনিময়ে নোট গ্রহণ করিবার যে অনুমতি মে মাসের ৩ নম্বর সরকুলর অর্ডরে দত্ত হইয়াছে, তাহার সবিশেষ বৃত্তান্ত ১৭ নম্বরের রিটর্ণে না লিখিলে নয় ইহা রেবিনিউ বোর্ড এখন জানিতে পাইয়াছেন।

২। অতএব উক্ত সরকুলর অর্ডরের ২ ও ৩ দফা রহিত বলিয়া কাটিতে হইবে, ও ১৭ নম্বর রিটর্ণে পশ্চাৎ লিখিত দুই শিরোভাগ কলম দিয়া লিখিতে হইবে, অর্থাৎ—

"৪ A। সাধারণহইতে, সেই চক্রের নোটের বিনিময়ে।"

"১০ A। সাধারণের প্রতি, সেই চক্রের নোটের বিনিময়ে।"

৩। ইহাতে মনোযোগের যোগ্য যে *i* ঘরে এই দুই নূতন শিরোভাগের পার্শ্বে অর্থাৎ ৪ A ও ১০ A শিরোভাগের পার্শ্বে যে দুই কথা লিখিতে হইবে, তাহা সর্ব্বদা তুল্যার্থ হইবে।

৪। ৭৯ নম্বরের রেজিষ্টরের পাঠ অন্যথা করা বোর্ডের জ্ঞানে সম্প্রতি অনাবশ্যক। অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত মুদ্রাদি বিনিময়জন্য কার্য্যের কথা সেই রেজিষ্টরে লিখিতে হইলে "সাধারণহইতে, রূপার বিনিময়ে" ও "সাধারণের প্রতি, রূপার বিনিময়ে" এই দুই শিরোভাগে লাল কালীতে তাহা লিখিতে হইবে।

---

১৮ নম্বর।

১৭ নম্বর রিটর্ণের "৩ অন্যান্য খাজানাখানাহইতে" ও "৯ অন্যান্য খাজানাখানার প্রতি" এই দুই শিরোভাগের পার্শ্বে যদি কোন কথা লিখিতে হয়, তবে নোট সকল যে২ খাজানাখানায় পাঠান গিয়াছে কিম্বা যে২ খাজানাখানাহইতে পাওয়া গিয়াছে তাহার নাম, ও যে তারিখে যত টাকার নোট পাঠান কি পাওয়া গিয়াছে, তাহাও রিটর্ণের পৃষ্ঠে লিখিতে হইবে।

---

১৯ নম্বর।

গবর্ণমেণ্ট কি কোর্ট ওয়ার্ডস যাহার পক্ষ হন, এমত যে২ নিদর্শনপত্র ১৮৬৪ সালের ১৬ আইনের ১৬ ধারার নির্দ্দিষ্ট প্রকারের নিদর্শনপত্র আছে, তাহার মধ্যে ১ ও ২ প্রকরণের নির্দ্দিষ্ট প্রকারের নিদর্শনপত্র সকল রেজিষ্টরী করা আবশ্যক, কেননা রেজিষ্টরী না হইলে তদ্রূপ নিদর্শনপত্রের অগ্রগণ্যতা বিষয়ক ৬৮ ধারার যে বিধান তাহার লঙ্ঘন হইবে। কিন্তু ১৬ ধারার নির্দ্দিষ্ট অন্যান্য প্রকারের নিদর্শনপত্র রেজিষ্টরী করা বোর্ডের অনাবশ্যক বোধ হয়।

Add therefore to the Miscellaneous Rules.

LXA. REGISTRATION OF ASSURANCES.—Of the instruments described in Section XVI, Act XVI. of 1864, to which Government or the Court of Wards may be a party, those described in Clauses 1 and 2 should always be registered. If a District Officer consider it *desirable* for any special reasons to register any of the other instruments described in the Section, he is at liberty to do so, but ordinarily, the Board do not consider that it would be necessary.

---

EXCISE.

No. 20.

BY Excise Rules 120 and 123, read with paragraph 1, Rule 7, no new shop may be opened for the sale of FERMENTED TARI OR PACHWAI at a lower rate of tax than eight Rupees a month, without the express sanction of the Commissioner.

The Board of Revenue having consulted the local Officers chiefly concerned, consider it expedient to withdraw this limitation in the case of these two articles. After the figure 7, therefore, in Rule 120, insert "(with the exception of Rule 1 in Section 7.)"

---

INCOME TAX.

No. 21.

IN Return No. XLIII. for the Income Tax, year 1864-65, no entries whatever are to be made on account of Schedules 3 and 4 *for that year.*

---

SALT.

No. 22.

WITH reference to the Government Notification dated the 16th May 1865, (*vide* page 915 of the *Calcutta Gazette* of the 24th idem), fixing the 1st July 1865, as the date from and after which Act VII. of 1864, B. C., shall come into operation, the Collectors of Districts* within the scope of the Salt Act (VII.) (B. C.) of 1864), are requested from this date, to take charge from the respective District Superintendents of Police of their Districts of the Excise manufacturing duties, and the issue of Documents for the sale and protection of salt now performed by those Officers.

---

* Chittagong, Noacolly, Backergunge, Jessore, 24-Pergunnahs, Midnapore, Balasore, Cuttack, Pooree, Howrah.

অতএব বিবিধ বিধিতে পশ্চাৎলিখিত বিধি যোগ করিতে হইবে, অর্থাৎ—

"৬০ A—নিদর্শনপত্রের রেজিষ্টরী। গবর্ণমেণ্ট কি কোর্ট ওয়ার্ডস যাহার পক্ষ, এমত যেং নিদর্শনপত্র ১৮৬৪ সালের ১৬ আইনের ১৬ ধারার নির্দ্দিষ্ট প্রকারের নিদর্শনপত্র আছে, তাহার মধ্যে ১ ও ২ দফার নির্দ্দিষ্ট প্রকারের নিদর্শনপত্র সর্ব্বদা রেজিষ্টরী করিতে হইবে। সেই ধারার নির্দ্দিষ্ট অন্যান্য প্রকারের কোন নিদর্শনপত্র রেজিষ্টরী করা যদি বিশেষ কোন কারণে জিলার কার্য্যকারকের বাঞ্ছনীয় বোধ হয়, তবে তিনি তাহা করিতে পারিবেন, কিন্তু সামান্যতঃ তাহা বোর্ডের অনাবশ্যক বোধ হয়।"

---

আবকারী।

২০ নম্বর।

আবকারী বিধির ৭ ধারার ১ দফার সহিত ১২০ ও ১২৩ বিধি পাঠ করিলে ইহা প্রকাশ পায় যে কমিসনর সাহেবের বিশেষ অনুমতি ব্যতিরেকে মাসিক ৮ টাকার ন্যূন টাকসের হারে গাঁজলা তাড়ী কি পচওয়াই বিক্রয় করণার্থে নূতন দোকান করা নিষিদ্ধ।

সেই বিষয়ে যে স্থানীয় কার্য্যকারকদের বিশেষ সম্পর্ক আছে, রেবিনিউ বোর্ড তাঁহাদের মত অবগত হইয়া উক্ত দুই দ্রব্যের সম্বন্ধে সেই নিষেধ রহিত করা বিহিত জ্ঞান করেন। অতএব ১২০ ধারার অন্তর্গত ৭ অঙ্কের পূর্ব্বে "(৭ ধারার ১ দফা ছাড়া)" এই কথা যোগ করিতে হইবে।

---

ইনকম টাক্স।

২১ নম্বর।

১৮৬৪। ৬৫ সালের ইনকম টাক্স বিষয়ক অর্থাৎ ৪৩ নম্বর রিটর্ণে সেই বৎসরের জন্যে ৩ ও ৪ তফসীল সম্পর্কীয় কোনই কথা লিখিতে হইবে না।

---

লবণ।

২২ নম্বর।

১৮৬৫ সালের ১৬ মে তারিখের গবর্ণমেণ্টের বিজ্ঞাপনে, (৭ জুন তারিখের বাঙ্গলা গেজেটের ৫৭২ পৃষ্ঠা দেখ) ১৮৬৪ সালের বঙ্গদেশীয় ৭ আইন প্রবল হইবার তারিখ বলিয়া ১৮৬৫ সালের ১ জুলাই নিরূপিত হইয়াছে। অতএব তৎসম্পর্কে বঙ্গদেশীয় ১৮৬৪ সালের ৭ আইনের (অর্থাৎ লবণ বিষয়ক আইনের) বিধানের অধীন জিলা * সকলের কালেক্টরেরা অনুগ্রহ করিয়া, এখন লবণ বিষয়ক যেং কর্ম্মের নির্ব্বাহ তাঁহাদের অধীন সকল জিলার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদিগের দ্বারা হয়, সেইং কর্ম্মের, অর্থাৎ লবণ প্রস্তুত করণ সম্পর্কীয় আবকারী মাশুলের ভার এবং লবণ বিক্রয় ও রক্ষোপযোগি কাগজপত্র জারী করণের ভার উক্ত ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদিগের হইতে গ্রহণ করিবেন।

---

* চট্টগ্রাম। নওয়াখালী। বাকরগঞ্জ। যশোহর। চব্বিশ পরগনা। মেদিনীপুর। বালেশ্বর। কটক। পুরী। হাবড়া।

No. 23.

THE attention of Collectors is drawn to the Forms of Documents noted in the margin,* of which supplies have been issued, enjoined by the notified Rules of the 16th May 1865.

* Attraffee Rowannahs, Char Chitties, Chálans, Monthly Account.

2. The Attraffee Rowannahs and Char Chitties, otherwise designated Retail Rowannahs, are the protective documents referred to in Rule XXVI, and the Chálan is the document referred to in Rule XXXIV. All these documents should have an Office number and Collector's seal and signature. They will not require any Stamp but Attraffee Rowannahs will be issued on payment of the fee of four annas prescribed by Rule XXX.

3. The Monthly Account is that which Salt Traders are required to submit to the Collectors, under Rule XL.

4. The Deputy Collectors of Sub-Divisions must be supplied by the Collectors with blank Forms, according to their requirements, under Rule XXIX, no special directions being called for in addition to the Rules.

5. Arrangements must be made by Collectors for future supplies of these Forms, by timely application direct to the Superintendent of Stationery.

২৩ নম্বর।

আতরাফি রওয়ানা ও ছাড়চিঠী ও চালান ও মাসিক হিসাব, এই২ যে কাগজপত্র ১৮৬৫ সালের ১৬ মে তারিখের বিজ্ঞাপনের বিধিমতে ব্যবহার করিতে হয়, তাহার পাঠ পাঠান গিয়াছে, অতএব তাহার প্রতি কালেক্টরদের মনোযোগ করান যাইতেছে।

২। আতরাফি রওয়ানার ও ছাড়চিঠীর অন্য নাম খুজরা বিক্রয়ঘটিত রওয়ানা। ইহা ২৬ বিধির নির্দ্দিষ্ট রক্ষোপযোগি কাগজপত্র। এবং চালান ৩৪ বিধির নির্দ্দিষ্ট কাগজপত্র। ইহার প্রত্যেক খানে কার্য্যালয়ঘটিত নম্বর এবং কালেক্টর সাহেবের মোহর ও স্বাক্ষর দিতে হইবে। তাহাতে কোন ইষ্টাম্প লাগিবে না, কিন্তু আতরাফি রওয়ানার জন্যে ৩০ বিধির নির্দ্দিষ্ট চারি আনা ফী না লইয়া তাহা দিতে হইবে না।

৩। পূর্ব্বোক্ত মাসিক হিসাব ৪০ বিধিমতে কালেক্টর সাহেবকে দেওয়া লবণব্যবসায়িদের উচিত।

৪। জিলাখণ্ডের ডেপুটী কালেক্টরদের প্রয়োজনানুসারে কালেক্টর সাহেবেরা ২৯ বিধিমতে তাঁহাদের নিকটে শাদা পাঠ পাঠাইবেন। এ বিষয়ে উক্ত বিধির অতিরিক্ত বিশেষ উপদেশ অনাবশ্যক।

৫। ইহার পরে যাহাতে উক্ত সকল পাঠের অভাব না হয়, এমত নিয়ম করা কালেক্টর সাহেবদের উচিত, ফলতঃ সর্ব্বদা উপযুক্ত সময়ে ষ্টেসনরী সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে সেই পাঠ চাহিতে হইবে।

J. WENGER, *Offg. Bengalee Translator.*

---

## ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 4989.

APPOINTMENTS.

*The 9th August* 1865.

The Sessions Judge of Rungpore is vested with the powers of a Sessions Judge in the Western Dooars of Bootan.

*The 17th August* 1865.

Lieutenant-Colonel W. Agnew to officiate as Civil Officer with the Right Column, Bootan Field Force, and to exercise the powers of a Magistrate and Collector in the Districts of Kamroop, Gowalparah, Durrung, and Rungpore, and in the Eastern Dooars of Bootan.

Major H. S. Bivar to officiate as Judicial Commissioner of Assam.

Captain W. C. S. Clarke to officiate temporarily as Deputy Commissioner of the Cossyah and Jynteah Hills.

*The 18th August* 1865.

Mr. J. Sanders, Professor of English Literature, Presidency College, to carry on the current

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৪৯৮৯ নম্বর।

নিয়োগ।

১৮৬৫ সাল ৯ আগস্ট।

রঙ্গপুরের সেশন জজ ভুটানের পশ্চিম দুয়ারে সেশন জজের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬৫ সাল ১৭ আগস্ট।

লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত ডবলিউ আগ্নিউ সাহেব ভুটান রণস্থলে নিযুক্ত সেনাসমূহের দক্ষিণ দলের সহিত থাকিয়া সিবিল কার্য্যকারকের কর্ম্ম করিবেন, এবং কামরূপ ও গোয়ালপাড়া ও দরঙ্গ ও রঙ্গপুর জিলাতে এবং ভুটানের পূর্ব্ব দুয়ারে মাজিষ্ট্রেট ও কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

মেজর শ্রীযুত এচ এস বিবার সাহেব আসামের জুডিসিয়ল কমিসানরের কর্ম্ম করিবেন।

কাপ্তান শ্রীযুত ডবলিউ সি এস ক্লার্ক সাহেব কিয়ৎকালের নিমিত্তে কাশীয়া ও জয়ন্তী পর্ব্বতের ডেপুটী কমিসানরের কর্ম্ম করিবেন।

১৮৬৫ সাল ১৮ আগস্ট।

শ্রীযুত জে সটক্লিফ সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত প্রেসিডেন্সী

duties of the Principal of that College, during the absence on leave of Mr. J. Sutcliffe, or until further orders.

কালেজের ইংরাজী সাহিত্যবিদ্যার অধ্যাপক শ্রীযুত জে সাণ্ডর্স সাহেব উক্ত কালেজের প্রিন্সিপলের চলিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

*The 19th August* 1865.

১৮৬৫ সাল ১৯ আগষ্ট।

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Gowhatty under Act III. (B. C.) of 1864, *viz.:—*

Captain C. T. Hitchins.
Dr. W. G. Clark.
Mr. Fisher.

পশ্চাৎ লিখিত মহাশয়েরা বঙ্গদেশের ১৮৬৪ সালের ৩ আইনমতে গৌহাটী শহরের মুনসিপল কমিসনরস্‌ হইবেন, অর্থাৎ—

কাপ্তান শ্রীযুত সি টি হিচিন্স সাহেব।
ডাক্তর শ্রীযুত ডবলিউ জি ক্লার্ক সাহেব।
শ্রীযুত ফিশর সাহেব।

*The 23rd August* 1865.

১৮৬৫ সাল ২৩ আগষ্ট।

Mr. T. H. H. Shortt, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-Division of Tumlook, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, described in Section XXII. of the Code of Criminal Procedure, (Act XXV. of 1861,) and the powers of a Deputy Collector, in Midnapore. Mr. Shortt is also empowered, under Section XXXVIII. of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions, and to exercise all the powers necessary for that purpose.

আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত টি এচ এচ শর্ট সাহেব তমলুক জিলাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, এবং মেদিনীপুরে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫ আইনের) ২২ ধারার নির্দ্দিষ্ট মতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে এবং ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে তিনি সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথমস্থলীয় অনুসন্ধান করিতে, এবং উক্ত সেশন আদালতের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কি তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে, ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

The undermentioned Officers are vested with the powers of a Sudder Ameen in the Province of Assam, *viz.:—*

Lieutenant N. Lewis.
Captain W. C. S. Clarke.
,, A. E. Campbell.
Lieutenant J. Gregory.
,, L. J. H. Grey.
Mr. H. W. Mackenzie.
,, J. J. S. Driberg.
Baboo Goonabhiram Surma.

পশ্চাৎ লিখিত কার্য্যকারকেরা আসাম প্রদেশে সদর আমীনের ক্ষমতা পাইয়াছেন, অর্থাৎ—

লেপ্টেনেন্ট শ্রীযুত এন লৌইস সাহেব।
কাপ্তান শ্রীযুত ডবলিউ সি এস ক্লার্ক সাহেব।
,, শ্রীযুত এ ই কাম্বেল সাহেব।
লেপ্টেনেন্ট শ্রীযুত জে গ্রেগরি সাহেব।
,, শ্রীযুত এল জে এচ গ্রে সাহেব।
শ্রীযুত এচ ডবলিউ মাকেঞ্জি সাহেব।
,, জে জে এস ড্রিবর্গ সাহেব।
,, বাবু গুণাভিরাম শর্ম্মা।

Mr. W. R. Larminie to be Secretary to the Local Committee of Public Instruction at Patna.

শ্রীযুত ডবলিউ আর লার্মিনী সাহেব পাটনার সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটির সেক্রেটারী হইবেন।

Mr. A. Manson to be Assistant to the Magistrate and Collector of Balasore, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class, described in Section XXII. of the Code of Criminal Procedure (Act XXV. of 1861.)

শ্রীযুত এ মানসন সাহেব বালেশ্বরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন, এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫ আইনের) ২২ ধারার নির্দ্দিষ্ট মতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

[*Government Gazette, 5th September* 1865.]

*The 24th August* 1865.

The following gentlemen to be Members of the Dispensary Committee at Patna, *viz.*:—

Syed Willyut Ali Khan.
Syed Sukhawut Hossein Khan.
Rae Hurri Kishen.
Baboo Heeraloll Dutt.

১৮৬৫ সাল ২৪ আগস্ট।

পশ্চাৎ লিখিত মহাশয়েরা পাটনার দাতব্য ঔষধালয় কমিটীর মেম্বর হইবেন, অর্থাৎ—

শ্রীযুত সৈয়দ উলায়ৎ আলী খাঁ।
,, সৈয়দ সখাওয়াৎ হুসেন খা।
,, রায় হরিকৃষ্ণ।
,, বাবু হীরালাল দত্ত।

*The 25th August* 1865.

Mr. A. T. Maclean to officiate, until further orders, as Magistrate and Collector of Shahabad.

১৮৬৫ সাল ২৫ আগস্ট।

শ্রীযুত এ টি মাকলীন সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শাহাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

*The 26th August* 1865.

Moulvy Musheeatoollah, Officiating Sudder Ameen of Moorshedabad, to officiate also as Moonsiff of the Sudder Station of that District.

১৮৬৫ সাল ২৬ আগস্ট।

মুরশিদাবাদের একটিং সদর আমীন শ্রীযুত মৌলবী মসীহৎউল্লা ঐ জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্মও করিবেন।

*The 29th August* 1865.

Baboo Prosonno Coomar Surbadicari to officiate as Principal of the Sanscrit College, during the absence on leave of Mr. E. B. Cowell, or until further orders.

১৮৬৫ সাল ২৯ আগস্ট।

শ্রীযুত ই বি কৌএল সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু প্রসন্নকুমার সর্ব্বাধিকারী সংস্কৃত কালেজের প্রিন্সিপলের কর্ম্ম করিবেন।

## LEAVE OF ABSENCE.

*The 15th August* 1865.

Mr. J. P. H. Ward, Magistrate and Collector of Shahabad, is allowed ten days' leave, from the 15th instant, preparatory to proceeding to Europe on furlough. Mr. Ward will make over charge of his office, temporarily, to the Joint Magistrate and Deputy Collector of Shahabad.

*The 18th August* 1865.

Moulvy Azharool Huq, Deputy Magistrate and Deputy Collector, recently stationed at Cox's Bazaar, for six months, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 10th June last.

Mr. A. D. B. Gomes, Deputy Collector in the Soonderbuns, for two months, under the Financial Notification dated 31st July 1863, from the date on which he may avail himself of the leave

Mr. J. H. Johnston, Assistant Superintendent of Police, Contai, for three months, under paragraph 11 of the Uncovenanted Service Ab.

## ছুটী।

১৮৬৫ সাল ১৫ আগস্ট।

শাহাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে পি এচ ওয়ার্ড সাহেব নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থে প্রস্তুত হইবার জন্যে এই মাসের ১৫ তারিখ অবধি দশ দিনের ছুটী পাইয়াছেন। তিনি কিয়ৎকালের জন্যে আপন কার্য্যালয়ের ভার শাহাবাদের জইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করিবেন।

১৮৬৫ সাল ১৮ আগস্ট।

সম্প্রতি কক্স বাজারে অবস্থিত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আজহরল হক্ গত জুন মাসের ১০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

সুন্দরবনের ডেপুটী কালেক্টর শ্রীযুত এ ডি বি গোমেস সাহেব যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন সেই তারিখ অবধি ফিনানসিয়ল ডিপার্টমেন্টের ১৮৬৩ সালের ৩১ জুলাই তারিখের বিজ্ঞাপনমতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

কাঁতির পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে এচ জনষ্টন সাহেব যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন, সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্য-

**sentee Rules, from the date on which he may have availed himself of the leave.**

The following Officers have been granted leave of absence during the ensuing Dusserah vacation under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, *viz.*:—

Baboo Annund Chunder Banerjee, Judge of the Small Cause Court of Beauleah.

Syed Imdad Ali, Judge of the Small Cause Court of Mozufferpore.

Baboo Nobin Kissen Paulit, Judge of the Small Cause Court of Midnapore.

Mr. L. W. Hutchinson, Principal Sudder Ameen of Furreedpore.

Moulvy Mahomed Nazim Khan, Principal Sudder Ameen of Mymensing.

Moulvy Anwar Ali, Principal Sudder Ameen of Tipperah.

*The 19th August* 1865.

Mr. W. H. Verner, Assistant Commissioner, Western Dooars of Bootan, for three months, under Section 11 of the Covenanted Service Absentee Rules, in extension of the leave granted to him under orders of the 12th ultimo.

*The 21st August* 1865.

The Revd. W. Spencer, Chaplain of Howrah, for eighteen months, under Section 5, Clause b, of the new Furlough and Absentee Rules for Chaplains.

---

NOTIFICATION.

*The 6th August* 1865.

It is notified, for general information, that the Lieutenant-Governor has authorized the removal

কারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

পশ্চাৎ লিখিত কার্য্যকারকেরা অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে আগামি দুর্গোৎসবের বন্ধে ছুটী পাইয়াছেন, অর্থাৎ—

বোয়ালীয়ার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু আনন্দচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

মজফরপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত সৈয়দ ইমদাদ আলী।

মেদিনীপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ পালিত।

ফরিদপুরের প্রধান সদর আমীন শ্রীযুত এল ডবলিউ হচিন্‌সন সাহেব।

ময়মনসিংহের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ নাজিম খাঁ।

ত্রিপুরার প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আনওয়ার আলী।

১৮৬৫ সাল ১৯ আগষ্ট।

ভুটানের পশ্চিম দুয়ারের আসিষ্টান্ট কমিস্যনর শ্রীযুত ডবলিউ এচ বর্ণর সাহেব গত মাসের ১২ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৫ সাল ২১ আগষ্ট।

হাবড়ার পুরোহিত পাদরী শ্রীযুত ডবলিউ স্পেন্‌সর সাহেব পুরোহিতদের নিয়মিত ও অন্য ছুটীর নূতন বিধির ৫ ধারার b প্রকরণমতে আঠার মাসের ছুটী পাইয়াছেন।

---

বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ৬ আগষ্ট।

সর্ব্বসাধারণের জ্ঞানার্থে ইহাতে প্রকাশ করা যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব পোলীসের

Of the Head-Quarters of the Fifth Circle of Police from Dacca to Rampore Beauleah.

পঞ্চম চক্রের সদর স্থান ঢাকাহইতে উঠাইয়া রামপুর বোয়ালিয়াতে করিবার অনুমতি দিয়াছেন।

---

## NOTIFICATION.

*The 6th August* 1865.

It is hereby notified that the Lieutenant-Governor, under the power vested in him by Sections CXCVI. and CCCLXIV. of the Code of Criminal Procedure, (Act XXV. of 1861,) is pleased to direct that in every District of the Lower Provinces the evidence of witnesses in trials before the Court of Sessions shall be taken down by the Judge with his own hand and in his own vernacular language, unless he be prevented, by any sufficient reason, from taking down the evidence of any witness, in which case he shall record the reason of his inability to do so, and shall cause the evidence to be taken down in writing from his dictation in open Court.

## বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ৬ আগষ্ট।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৬১ সালের ২৫ আইনের) ১৯৬ ও ৩৬৪ ধারামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে, তদনুসারে তিনি আজ্ঞা করিতেছেন যে নিম্নতর প্রদেশের প্রত্যেক জিলাতে সেশন আদালতের সম্মুখে মোকদ্দমার বিচার কালে সাক্ষিদের সাক্ষ্য জজ স্বদেশীয় ভাষায় স্বহস্তে লিখিয়া লইবেন। কিন্তু তিনি যদি উপযুক্ত কোন কারণে কোন সাক্ষির সাক্ষ্য লিখিতে না পারেন, তবে সেই অপারকতার কারণ লিখিবেন, এবং মুক্তদ্বার আদালতে আপনার বাক্যক্রমে ঐ সাক্ষ্য লেখাইবেন।

---

*The 16th August* 1865.

The following extract from a Despatch from the Right Hon'ble the Secretary of State for India, addressed to the Government of India in the Financial Department, No. 159 of 1865, dated the 22nd June, is published for general information :—

*Paragraph* 3.—The undermentioned Officers have been granted extensions of leave for the periods specified, *viz.* :—

* * * * *

*Uncovenanted.*

Mr. P. Bonnaud ... 6 months S. C.

১৮৬৫ সাল ১৬ আগষ্ট।

ভারতবর্ষের পক্ষ মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব ফিনান্সিয়ল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের প্রতি ১৮৬৫ সালের ২২ জুন তারিখে ১৫৯ নম্বরের যে পত্র লেখেন, তাহাহইতে উদ্ধৃত পশ্চাৎ লিখিত কথা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল, অর্থাৎ—

৩ দফা। পশ্চাৎ লিখিত কার্য্যকারকেরা আপন২ নামের পার্শ্বে লিখিত অতিরিক্ত কালের ছুটী পাইয়াছেন, অর্থাৎ—

* * * * *

অচিহ্নিত।

শ্রীযুত পি বনোড্ সাহেব .. চিকিৎসকের সর্টিফিকটক্রমে ৬ মাস।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ৫ সেপ্টেম্বর।]

NOTIFICATION.—*The 25th August* 1865.—With reference to the Notification, dated the 9th June 1865, published at page 1380 of the *Calcutta Gazette* of the 23rd instant, the following *Certificate of Release* is published for general information:—

*CERTIFICATE of Release under Section* 24, *Act VI. (B. C.) of* 1865.

THIS is to certify that the Laborer from the District of in the District of herein described has been legally released from h engagement of service to

| NAME. | Father's name. | Village. | Zillah. | Sex. | Age on entering into contract. | Date of contract. | Date of Embarkation List in which previously entered and registered number. | Estate on which last employed. | Contract how determined. |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

*The* day *of* 186 .

*Protector of Laborers.*

S. C. BAYLEY,
*Junior Secy. to the Govt. of Bengal.*

[*Government Gazette*, 5*th September* 1865.]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ৫ সেপ্টেম্বর।]

বিজ্ঞাপন।—১৮৬৫ সাল ২৫ আগষ্ট। ১৮৬৫ সালের জুন মাসের ৯ তারিখের যে বিজ্ঞাপন এই মাসের ২৯ তারিখের বাঙ্গলা গেজেটের ৮৯৮ পৃষ্ঠায় প্রকাশিত হয় তৎসম্বন্ধে মজুরদিগের মুক্তির সর্টিফিকটের পশ্চাৎ লিখিত পাঠ সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

বঙ্গদেশের ১৮৬৫ সালের ৬ আইনের ২৪ ধারামতের মুক্তির সর্টিফিকট।

ইহাতে প্রমাণ দেওয়া যাইতেছে যে অমুক জিলাহইতে আনীত এই স্থলে বর্ণিত মজুর অমুক জিলাতে অমুকের অধীনে কর্ম্ম করণের যে চুক্তি করিয়াছিল তাহাহইতে আইনমতে মুক্ত হইল।

| নাম। | পিতার নাম। | গ্রাম। | জিলা। | পুরুষ কি স্ত্রী। | চুক্তি করণকালে বয়স। | চুক্তির তারিখ। | যাত্রাঘটিত যে ফর্দ্দে পূর্ব্বে লিখিত হইয়াছিল তাহার তারিখ ও সেই ফর্দ্দে রেজিষ্টরী হওয়া নম্বর। | শেষে যে আবাদে নিযুক্ত ছিল। | চুক্তির যেরূপ পরিণাম হইয়াছে। |
|---|---|---|---|---|---|---|---|---|---|

১৮৬ সাল তাং

মজুরদের রক্ষক।
এস সি বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্তিহার।

SALT. — নিমক।

বিক্রী নেমকের মাসকাবারী হিসাব সন ১৮৬২ সাল তারিখ ৩১ জুলাই

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | | | ৬ |
|---|---|---|---|---|---|---|---|
| এজেন্সীর নাম | সন ১২৬৮ সাল অথবা ১৮৬১ । ৬২ সালের পূর্ব্ব সনহাতের উৎপন্ন নেমকের মৌজুদ | সন ১২৬৮ সাল মোতাবেকে ইং ১৮৬১ । ৬২ সাল | সন ১২৬৯ সাল মোতাবেকে ইং ১৮৬২ । ৬৩ সাল | মৌজুদ নেমকের একুন | | | দর ফি ১০০/ মোন |
| | | | | পাঙ্গা | করকচ | মোট একুন | |
| হিজলী। | মোন | মোন | মোন | মোন | মোন | মোন | কোং টাকা |
| পাঙ্গা নেমক ঘাট রসুলপুর | ১,৫৫১/ | ৮৯,৯৫৩/ | ৩০,২৪৬/ | ১,২১,৯৮০/ | ০ | ১,২১,৯৮০/ | ৩৯৯৲ |
| ঐ ঐ কৃষ্ণনগর ... | ৯,৩৯১/ | ২,১৮,১৭০/ | ০ | ২,২৮,০৬১/ | ০ | ২,২৮,০৬১/ | ৩৯৯৲ |
| ঐ ঐ রামনগর ... | ৩,৭১৩/ | ১,১১,৬২৯/ | ০ | ১,৩৭,৩৭২/ | ০ | ১,৩৭,৩৭২/ | ৩৯৯৲ |
| ঐ ঐ কালীনগর ... | ৭,৭০৮/ | ২,২০,৮৬৬/ | ২৬,৭৭০/ | ২,৭৫,৩৪৪/ | ০ | ২,৭৫,৩৪৪/ | ৩৯৯৲ |
| ঐ ঐ পুরীঘাটা ... | ০ | ৪৩,৮৩৪/ | ০ | ৪৩,৮৩৪/ | ০ | ৪৩,৮৩৪/ | ৩৯৯৲ |
| একুন | ২২,২৬২/ | ৭,০৬,৯১২/ | ৫৭,০১৬/ | ৭,৮৬,৪৪২/ | ০ | ৭,৮৬,৪৪২/ | |
| তমলুক। | | | | | | | |
| পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর | ০ | ৯,০২২/ | ৭,৭১১/ | ১৬,৭৫৭/ | ০ | * ১৬,৭৫৭/ * | ৩৯৯৲ |
| ঐ ঐ রসুলপুর | ২৯,৭৫৭/ | ৩৩,৭০৪/ | ০ | ৬৬,৪৭১/ | ০ | ৬৬,৪৭১/ | ৪০৮৲ |
| একুন | ২৯,৭৫৭/ | ৪২,৭২৯/ | ৭,৭১১/ | ৮৩,১৮৮/ | ০ | ৮৩,১৮৮/ | |

* বিক্রীর যোগ্য নহে। ৯৬ মন ২৬ সের লোকসানের দরুণ জলে ভিজিয়া গেল।

| এজেন্সীর নাম | সন ১২৬৮ সাল অথবা ১৮৬১। ৬২ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ | সন ১২৬৮ সাল মোতাবকে ইং ১৮৬১। ৬২ সাল | সন ১২৬৯ সাল মোতাবকে ইং ১৮৬২। ৬৩ সাল | মৌজুদ নেমকের একুন — পাঙ্গা | মৌজুদ নেমকের একুন — করকচ | মোট একুন | দর ফি ১০০/ মোন |
|---|---|---|---|---|---|---|---|
| শালিখা। | মোন | মোন | মোন | মোন | মোন | মোন | কোং টাকা |
| করকচ নেমক মান্দ্রাজ পরমিট | ৭,১৯,৮৪৯/ | ০ | ০ | ০ | ৭,১৯,৮৪৯/ | ৭,১৯,৮৪৯/ | ৩৯৬৲ |
| ঐ ঐ চিলকা ... | ১,৪৫,১৬২/ | ০ | ০ | ০ | ১,৪৫,১৬২/ | ১,৪৫,১৬২/ | ৩৮৬৲ |
| ঐ ঐ সিন্ধু ... | ৫,০০,০০০/ | ০ | ০ | ০ | ৫,০০,১০০/ | ৫,০০,০০০/ | ৪১৮৲ |
| মিশ্রিত করকচ নেমক ... | ২,৬৭৯/ | ০ | ০ | ০ | ২,৬৭৯/ | ২,৬৭৯/ | |
| পাঙ্গা নেমক কটক ... | ১,০৭,১৮৬/ | ০ | ০ | ১,০৭,১৮৬/ | ০ | ১,০৭,১৮৬/ | ৪২১৲ |
| ঐ ঐ বালেশ্বর ... | ৫,৮৩৭/ | ২,০৮,২২৮/ | ০ | ২,১৪,০৬৫/ | ০ | ২,১,৪০৬৫/ | |
| ঐ ঐ খোরদা ... | ১,৬৯,৯৬৯/ | ৫১,০৮৮/ | ০ | ২,২১,০৫৭/ | ০ | ২,২১,০৫৭/ | |
| ঐ ঐ চিলকা ... | ২,০২৮৮২/ | ৩৮,০৪৪/ | ০ | ২,৪০,৯২৬/ | ০ | ২,৪০,৯২৬/ | |
| ঐ ঐ রামনগর ... | ৪৭,১৯০/ | ০ | ০ | ৪৭,১৯০৲ | ০ | ৪৭,১৯০/ | |
| ঐ ঐ পুরীঘাটা ... | ৮৩,২১৮/ | ৩৩,৩৬৯/ | ০ | ১,১৬,৫৮৭/ | ০ | ১,১৬,৫৮৭/ | |
| ঐ ঐ কৃষ্ণনগর ... | ১,৩০,১২০/ | ০ | ০ | ১,৩০,১২০/ | ০ | ১,৩০,১২০/ | |
| ঐ ঐ নারায়ণপুর ... | ২,৯৫,৬৯৬/ | ০ | ০ | ২,৯৫,৬৯৬/ | ০ | ২,৯৫,৬৯৬/ | |
| একুন | ২৪,০৯,৭৮৮/ | ৩,৩০,৭২৯/ | ০ | ১৩,৭,২৮২৭/ | ১৩,৬৭,৬৯০/ | ২৭,৪০,৫১৭/ | |

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ৫ সেপ্টেম্বর।]

| এজেন্সীর নাম। | সন ১২৬৮ সাল অথবা ১৮৬১ । ৬২ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ। | সন ১২৬৮ সাল মোতাবকে ইং ১৮৬১ । ৬২ সাল | সন ১২৬৯ সাল মোতাবকে ইং ১৮৬২ । ৬৩ সাল | মৌজুদ নেমকের একুন | | | দর ফি ১০০/ মোন |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | পাঙ্গা | করকচ | মোট একুন | |
| ঘুষড়ি। | মোন | মোন | মোন | মোন | মোন | মোন | কোং টাকা |
| পাঙ্গা নেমক ঘাট কালীনগর | ১,০০,৫১৩/ | ০ | ০ | ১,০০,৫১৩/ | ০ | ১,০০,৫১৩/ | ৪২১\ |
| ঐ ঐ রসুলপুর ... | ৪৮,৫৯৩/ | ০ | ০ | ৪৮,৫৯৩/ | ০ | ৪৮,৫৯৩/ | |
| মিশ্রিত ঐ ঐ রামনগর ... | ৩৮,৪৭৩/ | ০ | ০ | ৩৮,৪৭৩/ | ০ | ৩৮,৪৭৩/ | |
| সন ১২৬৫ । ১২৬৬ । ১২৬৭ সাল একুন | ১,৮৭,৫৭৯/ | ০ | ০ | ১,৮৭,৫৭৯/ | ০ | ১,৮৭,৫৭৯/ | |
| চট্টগ্রাম। | | | | | | | |
| পাঙ্গা নেমক সদরঘাট ... | ০ | ৫,১৫৩/ | ০ | ৫,১৫৩/ | ০ | * ৫,১৫৩/ | ৩৯১ |
| ঐ ঐ আরাকিন ... | ০ | ১৮৫/ | ১,১০৭/ | ১,২৯২/ | ০ | * ১,২৯২/ | ৪২৪\ |
| করকচ নেমক মান্দ্রাজ ... | ০ | ১,২৪,৫৫৯/ | ০ | ০ | ১,২৪,৫৫৯/ | ১,২৪,৫৫৯\ | ৩৭১\ |
| ঐ ঐ জেদ্দা ... | ২,৬৮৯/ | ০ | ০ | ০ | ২,৬৮৯/ | ২,৬৮৯/ | |
| একুন | ২,৬৮৯/ | ১,৩০,৭৯৭/ | ১,১০৭/ | ৬,৪৪৫/ | ১২৭,১৪৮/ | ১,৩২,৫৯৩/ | |

* বিক্রীর যোগ্য নহে। গোলা সফাইর সকল রাখা গেল।

| এজেন্সীর নাম | সন ১২৬৮ সাল অথবা ১৮৬১। ৬২ সালের পূর্ব্ব সনহায়োর উৎপন্ন নেমকের মৌজুদ। | সন ১২৬৮ সাল মোতাবেক ইং ১৮৬১। ৬২ সাল | সন ১২৬৯ সাল মোতাবেক ইং ১৮৬২। ৬৩ সাল | মৌজুদ নেমকের একুন। পাঙ্গা | করকচ | মোট একুন | দর ফি ১০০/ মোন |
|---|---|---|---|---|---|---|---|
| কটক। | মোন | মোন | মোন | মোন | মোন | মোন | কোং টাকা |
| পাঙ্গা নেমক ... | ০ | ০ | ০ | ১০,৪২২/ | ০ | ১০,৪২২/ | ৩৯৯৲ |
| একুন | ০ | ০ | ০ | ১০,৪২২/ | ০ | ১০,৪২২/ | |
| পুরী। | | | | | | | |
| পাঙ্গা নেমক ... | ০ | ০ | ০ | ২,৫৪,৪৯২/ | ০ | ২,৫৪,৪৯২/ | ৩৯৯৲ |
| করকচ নেমক ... | ০ | ০ | ০ | ০ | ৯,৭৮,৫০৮/ | ৯,৭৮,৫০৮/ | ৩৫৬৲ |
| একুন | ০ | ০ | ০ | ২,৫৪,৪৯২/ | ৯,৭৮,৫০৮/ | ১২,৩৩,০০০/ | |
| মোট একুন | ২৬,৫১,৯২৭/ | ১১,১১,২১৭/ | ৬৬,১২১/ | ২৭,১০,৫০১/ | ২২,১৩,২৫৫/ | ৫১,৬৩,৮৭১/ | |

মন্তব্য।—শহর কলিকাতার অন্তর্গত রেবিনিউ বোর্ডের দফ্তরখানাহইতে সকল রকম নেমকের বাবৎ যে রওয়ানা পাওয়া যায়, সেই রওয়ানা গোলাঘাটে দাখিল করিয়া যে সকল ব্যক্তিরা নেমক প্রার্থনা রাখে, তাহাদিগকে ৬ ঘরের লিখিত দরে ১ ঘরের লিখিত সরকারী গোলাহইতে ৫০/ মোন এবং তাহার ঊর্দ্ধ পরিমাণে উপরের লিখিত নেমক ওজন দেওয়া যাইবেক।

টি ক্রসলেন।

ছোট সেক্রেটারী।

বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৬৫ সাল তারিখ ২৯ আগষ্ট।

## WANTED

A HEAD Clerk in the Diamond Harbour Sub-Divisional Office. Salary Rupees 35 per mensem. Security to the amount of Rupees 500 will be required. Candidates are requested to present themselves for examination in English, Arithmetic and Bengalee at the Magistrate's Office, Alipore, on Wednesday, the 6th proximo at 11 A. M.

A. J. R. BAINBRIDGE,
*Offg. Magistrate.*

ALIPORE,
*The 26th August* 1865.

## বিজ্ঞাপন।

কলাগাছি জিলাখণ্ডের আদালতে এক জন হেড ক্লার্কের প্রয়োজন হইয়াছে। উক্ত পদের মাসিক বেতন ৩৫৲ টাকা, কিন্তু ৫০০৲ টাকা আমানৎ করিতে হইবে। উক্ত কর্ম্মাকাঙ্ক্ষিগণ ইংরাজী ও বাঙ্গলা ভাষার ও অঙ্কবিদ্যার পরীক্ষা দিতে আগামি মাসের ৬ তারিখ বুধবার বেলা ১১ টার সময়ে আলীপুরের মাজিষ্ট্রেটের কার্য্যালয়ে উপস্থিত হইবেন।

এ জে আর বেনব্রিজ।
একটিং মাজিষ্ট্রেট।

আলীপুর।
১৮৬৫ সাল ২৬ আগষ্ট।

J. WENGER, *Offg. Bengalee Translator.*

---

## MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

---

### NOTICE.

That Raj Chunder Dass, of Topponvag, in the District of Jessore, who was by me under a power of Attorney appointed Naib and Mookhtar, to realize the rents of my Zemindary from the subjects thereof and to act for in all suits instituted by or against me, has absconded without furnishing me with an account of the sum or sums be realized out of the said Zemindary and of his dealings in divers transactions. And all the Courts and Offices which have in their custody or power any of my papers and documents, and all persons with whom my money is deposited, are hereby prohibited from or especially forbidden delivering same or any part thereof unto the said Raj Chunder Dass, on his hand receipts and accepting his Rajeenamah or some such thing in any suit instituted by or against me.

BISSESSUR PAUL CHOUDRY, *Hogulcooriah.*



কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেন্টের জন্যে শ্রীযুত তামস জোন্স সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, SEPTEMBER 5, 1865.

মঙ্গলবার ১৮৬৫ সাল ৫ সেপ্টেম্বর।

## বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

### বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে. প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান,
সেক্রেটারী।

# নীলামের ইশ্‌তিহার।

---

## জিলা ভুলুয়া।

### ইশ্‌তেহার নামা কাছারি কালেক্টরি জিলা ভুলুয়া।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ভুলুয়া জিলার মধ্যবর্ত্তি পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরেজী ১৮৬৫ সালের নবেম্বর মাসের ১০ দশ তারিখে ও মোতাবেক বাঙ্গলা সন ১২৭২ সালের কার্ত্তিক মাসের ২৬ তারিখে শুক্রবার জিলা ভুলুয়ার কালেক্টরিতে বিক্রয় হইবে।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

| রাজকীয় মহালের টৈকিফিয়তের নম্বর | জিলার বহীতে নম্বর | মহাল ও পরগনার নাম | যত একর পরিমাণ | সদর জমা | | | নীলামে প্রথম ডাক | মন্তব্য কথা। |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | মাথোটকরা রাজস্ব | রাস্তার টেক্স | মোট | | |
| | | | এঃ রুঃ পঃ | টাকা | টাকা | টাকা | | |
The following Officers are allowed leave of absence during the Dusserah vacation, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, *viz.* :—

Baboo Gungachurn Sircar, Sudder Ameen of Moorshedabad.

Syud Soadut Hossein, Sudder Ameen of Arrah.

*The 22nd September* 1865.

Major E. H. C. Wintle, Cantonment Magistrate of Dum-Dum, for three months, under Section 6 of the Covenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

*The 23rd September* 1865.

Dr. T. Parker, Medical Officer of Pubna, for one month, under paragraph 11 of the Uncovenanted Service Absentee Rules.

Mr. G. S. Swiney, Assistant Revenue Surveyor, Third Division, Lower Provinces, for one month,

পশ্চাৎ লিখিত মহাশয়েরা বালেশ্বরের সাধারণ বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন, অর্থাৎ—

শ্রীযুত এ মান্সন সাহেব।
„ জে ডি ওয়াইট সাহেব।
„ আর বি স্মলে সাহেব।

১৮৬৫ সাল ২৩ সেপ্টেম্বর।

কাপ্তান শ্রীযুত ই ওয়াই ওয়ালকট সাহেব শিবসাগর সব-ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির ডেপুটী রেজিষ্ট্রার হইবেন। উক্ত সব-ডিষ্ট্রিক্টের সদর স্থান শিবসাগর জিলার সদর মোকামে হইবে। এবং যে তারিখে তিনি সেই কর্ম্মের ভার গ্রহণ করেন, সেই তারিখ অবধি উক্ত নিয়োগ সফল হইবে।

১৮৬৫ সাল ৩০ সেপ্টেম্বর।

লেপ্টেনেন্ট শ্রীযুত এফ এচ কনলি সাহেব নদীয়ার তৃতীয় শ্রেণীর পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

ছুটী।

১৮৬৫ সাল ২১ সেপ্টেম্বর।

শ্রীহট্টের জজ শ্রীযুত এফ জে কোবর্ণ সাহেব আগামি নবেম্বর মাসের ১ তারিখ অবধি অথবা অন্য যে কোন তারিখে ছুটী লইতে আরম্ভ করেন, সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন। তিনি আপন কার্য্যালয়ের চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিবেন।

হুগলীর জজ শ্রীযুত এ পিগু সাহেব যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন, সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

কলিকাতার মাষ্টর আটেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত জে জি রেডি সাহেব এই মাসের ২৫ তারিখ অবধি অথবা অন্য যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন। তিনি আপন কার্য্যালয়ের ভার ডেপুটী মাষ্টর আটেণ্ডেণ্ট সাহেবের প্রতি অর্পণ করিবেন।

পশ্চাৎ লিখিত কার্য্যকারকেরা অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে দুর্গোৎসবের বন্ধকালীন ছুটী পাইয়াছেন, অর্থাৎ—

মুরশিদাবাদের সদর আমীন শ্রীযুত বাবু গঙ্গাচরণ সরকার।

আরার সদর আমীন শ্রীযুত সৈয়দ সোয়াদৎ হুসেন।

১৮৬৫ সাল ২২ সেপ্টেম্বর।

দমদমার কাণ্টনমেণ্টের মাজিষ্ট্রেট মেজর শ্রীযুত ই এচ সি উইণ্টেল সাহেব যে তারিখে ছুটী লইতে আরম্ভ করেন, সেই তারিখ অবধি চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৫ সাল ২৩ সেপ্টেম্বর।

পাবনার চিকিৎসক ডাক্তর শ্রীযুত টি পার্কর সাহেব অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ১১ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

নিম্নতর প্রদেশের তৃতীয় খণ্ডের আসিষ্টাণ্ট রেবিনিউ সরবেয়র শ্রীযুত জি এস সুইনি সাহেব অচিহ্নিত

from the 9th proximo, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules.

NOTIFICATIONS.

*The 21st September 1865.*

The transfer of Mr. W. C. Taylor, Deputy Magistrate and Deputy Collector of Mymensing, to Tipperah, notified in the *Calcutta Gazette* of the 16th August 1865, is cancelled.

The leave granted to Mr. H. S. Thompson, Judge of the Small Cause Court of Backergunge, on the 18th instant, is cancelled at his own request.

NOTIFICATION.

*The 6th September 1865.*

It is hereby notified that, under the authority vested in him for that purpose, by Section 35 of Act III. (B. C.) of 1864, the Lieutenant-Governor is pleased to declare that, subject to the limitations therein contained, a tax shall be imposed upon carriages, horses, and elephants, kept within the limits of the Town and Suburbs of Dacca, within which the Act is in operation.

S. C. BAYLEY,

*Junior Secy. to the Govt. of Bengal.*

## PUBLIC WORKS DEPARTMENT.

CIVIL BUILDINGS.

No. 321.

*The 20th September 1865.*

*Declaration under Section II. of Act VI. of 1857.*

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government, at the public expense, for a public purpose, *viz.*, for the extension of the ground attached to the Darjeeling Jail, it is hereby declared that, for the above purpose, a piece of land is required, measuring 150 feet long and 40 feet broad, situate at Darjeeling, and bounded as follows:—

On the South by the Jail location.

On the East, North and West by Mr. Stoelke's location—(No. 21 Lease.)

2. This Declaration is made, under the provisions of Section II. of Act VI. of 1857, to all whom it may concern.

No. 328.

LOCAL.

*The 23rd September 1865.*

*Declaration under Section II. of Act VI. of 1857, in supersession of Declaration No. 244 of the 26th June 1865, published in the Calcutta Gazette of the 28th idem.*

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be

কার্য্যকারকদের ছুটীর বিধির ১৬ ধারামতে আগামি মাসের ৯ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ২১ সেপ্টেম্বর।

ময়মনসিংহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ সি টেলর সাহেবের ত্রিপুরায় নিযুক্ত হইবার যে কথা ১৮৬৫ সালের আগষ্ট মাসের ২২ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা রহিত হইল।

বাকরগঞ্জের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত এচ এস তামসন সাহেব এই মাসের ১৮ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ৬ সেপ্টেম্বর।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বঙ্গদেশের ১৮৬৪ সালের ৩ আইনের ৩৫ ধারামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি অনুমতি করিতেছেন যে ঢাকা শহরের ও তাহার শাখানগরের যে পরিসীমার মধ্যে উক্ত আইন প্রবল আছে, তথায় যে সকল গাড়ী ও ঘোড়া ও হস্তী রাখা যায় তাহার উপর উক্ত আইনের নির্দ্দিষ্ট নিয়মানুসারে টাক্স ধার্য্য হইবে।

এস সি বেলী,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

## পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

রাজকার্য্যোপযোগি ঘর।

৩২১ নম্বর।

১৮৬৫ সাল ২০ সেপ্টেম্বর।

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বিবেচনানুসারে বোধ হয় যে রাজকীয় কার্য্যার্থে, অর্থাৎ দার্জ্জিলিঙ্গের জেল সংযুক্ত ভূমি বৃদ্ধি করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে দার্জ্জিলিঙ্গের মধ্যে ১৫০ ফুট দীর্ঘ ও ৪০ ফুট প্রশস্ত ভূমির প্রয়োজন। উক্ত ভূমির সীমা এই২ অর্থাৎ—

দক্ষিণ সীমা জেল বাড়ী।

পূর্ব্ব ও উত্তর ও পশ্চিম সীমা শ্রীযুত ষ্টেল্কি সাহেবের (অর্থাৎ ২১ নং পাট্টাই) বাটী।

২। উক্ত ভূমিতে যাহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

৩২৮ নম্বর।

স্থানীয়।

১৮৬৫ সাল ২৩ সেপ্টেম্বর।

১৮৬৫ সালের ২৬ জুন তারিখের ২৪৪ নম্বরের যে বিজ্ঞাপন জুলাই মাসের ৪ তারিখের বাঙ্গালা গেজেটে প্রকাশ হয় তৎপরিবর্ত্তে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের এই বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বিবেচনানুসারে বোধ হয় যে রাজকীয় কার্য্যার্থে, অর্থাৎ

taken up, at the public expense, for a public purpose, *viz.*, for the erection of a Road Bungalow or Chowkey on the Mozufferpore and Hajeepore Road, in the District of Tirhoot, it is hereby declared that, for the above purpose, a piece of land is required, measuring $1\frac{1}{8}$ beegahs, more or less, and situated on the east of the public road, west of seesum and mangoe trees of Mussamut Bhola Koer, north of the garden of Busunt Rai, and south of the field of Mungul Mullah, at Garia Ghât, in Mouzah Goriah, Pergunnah Bessarah, in the above District.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

J. E. T. NICOLLS, *Lt.-Col.*, R. E.,
*Offg. Secy. to the Govt. of Bengal, P. W. D.*

ত্রিহুত জিলার অন্তর্গত মজফরপুরহইতে হাজিপুর গমনের পথের ধারে রোড বাঙ্গলা অর্থাৎ চৌকীর ঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের জন্যে ন্যূনাধিক ১।১।। কাঠা ভূমির প্রয়োজন। এই ভূমি উক্ত জিলার অন্তর্গত বিশারে পরগনার গোরিয়া মৌজার গাড়িয়া ঘাট রাজপথের পূর্ব্ব ও মসম্মত ভোলা কোঃরের শিমু ও আম্র বাগানের পশ্চিম ও বসন্ত রায়ের বাগানের উত্তর ও মঙ্গল মোল্লার ক্ষেত্রের দক্ষিণ দিগে স্থিত।

২। উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

জি ই টি নিকলস্, লেপ্টেনেন্ট কর্ণেল আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

## GOVERNMENT ADVERTISEMENTS.

## গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

নং ৮৮৬।

### ইস্তাহার।

ফোর্ট উইলিয়ম।

তারিখ ২১ আগস্ট সন ১৮৬৫ সাল।

এতদ্দারা ইস্তাহার দেওয়া যাইতেছে যে হাসিয়ার লিখিত মোকাম হাযে মৌজুদ ১০২৪০০০ দশ লক্ষ চব্বিশ হাজার মোন সরকারি পাঙ্গা নেমক যাহা গত জুলাই মাহার নীলামের ইস্তেহার দেওয়া ১৫ লক্ষ মোন নেমকের মধ্যে বাকী আছে তাহা আগামি ১ নবেম্বর তারিখে বিক্রয়ার্থ প্রকাশ্য নীলামে ধরা যাইবেক।

| মোকাম | | মোন। |
|---|---|---|
| হিজলি রসুলপুর সন ১২৬৭ (১২৬৮। ১২৬৯ সালের | ... | ১,১১০০০/ |
| কৃষ্ণনগর সন ১২৬৭। ১২৬৮ সালের | ... | ১,৫১০০০/ |
| রামনগর সন ১২৬৮ সালের | ... | ১০,৫০০০/ |
| কালীনগর সন ১২৬৭। ১২৬৮। ১২৬৯ সালের | ... | ১,৮০০০০/ |
| পুরিঘাটা সন ১২৬৮ সালের | ... | ৩১০০০/ |
| | | ৫৮২০০০/ |
| তমলুক রসুলপুর নেমক সন ১২৬৭। ১২৬৮ সালের | ... | ২৫০০০/ |
| উড়িষ্যা পুরি সন ১২৬৮। ১২৬৯ সালের | ... | ২৫০০০০/ |
| সালিখার প্রেসিডেন্সী গোলার। | | |
| বালেশ্বর পাঙ্গানেমক সন ১২৬৮ সালের | ... | ১৭৭০০১/ |
| | | ১০২৪০০০/ |

মন্তব্য। যে সকল পরিমাণে নেমক এই স্থানে লেখা গেল তাহা ১ নবেম্বর তারিখে মৌজুদ থাকিবেক হিসাব করা হইয়াছে, যদ্যপি কোন সালের নেমক কমি হয় তবে অন্য সালের সেই রকম নেমক সেই [illegible] হইতে দেওয়া যাইবেক, অথবা দাখিলি টাকা ফেরত দেওয়া যাইবেক।

উক্ত নীলাম ব্যাঙ্কশাল ঘাটের নিকট গঙ্গার ধারের রাস্তার উপর ১৩ এ। নম্বরের নূতন আফিম গুদামে হইবেক।

নীলামের সরত সকল নিম্নে লেখা গেল।

১ দফা। সেই সময়ের বাজারের অবস্থানুসারে মসস্যাল ও সালিখার নেমকের জন্য যে ভিন্ন২ দর স্থির করা হইবেক সেই২ দরে উক্ত নেমক বিক্রয়ার্থে ধরা যাইবেক এবং ঐ২ দরের উপর যাহার ডাক সর্ব্বাপেক্ষা উচ্চ হইবেক তাহাকেই বিক্রয় করা যাইবেক, অথবা যদ্যপি ঐ২ দরের উপর কাহারো ডাক উচ্চ না হয় তাহা হইলে সেই২ দরেতেই বিক্রয় করা হইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১০ অক্টোবর।]

২ দফা। উপরোক্ত তারিখে বেলা ১১ ঘন্টার সময় নীলাম আরম্ভ হইবেক এবং দুই প্রহর ৫ ঘন্টার অতিরিক্ত হইবেক না, কিন্তু যদ্যপি এই সময়ের মধ্যে বিক্রয়ের জন্য ইস্তেহার দেওয়া লাটের মধ্যে কোন লাট অবিক্রীত থাকে তাহা হইলে সাহেবান বোর্ডের ইচ্ছানুসারে হয় পর দিবস রবিবার কিম্বা সাধারণের বন্দের দিবস না হইলে বেলা ১১ ঘন্টার সময় পুনরায় নীলাম আরাম্ভ হইবেক এবং যে পর্য্যন্ত সমুদায় বক্রী লাট বিক্রয় না হয় সেই পর্য্যন্ত এই প্রকার ক্রমাগত নীলাম হইবেক অথবা যদ্যপি নির্দ্ধারিত দিনে ইস্তাহারের লিখিত সমুদয় নেমক বিক্রয় না হয় তাহা হইলে সাহেবান বোর্ড বক্রী লাট সকল ভবিষ্যৎ নীলামে বিক্রয় করিতে পারিবেন।

৩ দফা। ৮০ তোলার সেরে ৪০ সেরে যে এক মোন হয় এমত পাঁচ শত মোন প্রত্যেক লাটে থাকিবেক।

৪ দফা। যে যে মোকামে মৌজুদ আছে সেই সেই মোকাম হইতে নেমক ওজন দেওয়া যাইবেক।

৫ দফা। নীলামের ঘরে এবং সেল বহিতে লাট লেখা হইবার অগ্রে খরিদারের নিকট হইতে প্রত্যেক লাটের উপর ডিপাজিট অর্থাৎ আমানত স্বরূপ এক শত টাকার প্রামিশরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া লওয়া হইবেক, খরিদারগণকে বাঙ্গালব্যাঙ্ক রসিদ অথবা তাহার বদলে অন্য কোন একম সরকারি মাতব্বরি দস্তাবেজাত এই দফ্তরখানায় নীলামের পর পঞ্চম দিবসে বেলা দুই প্রহর ৪ ঘন্টার সময় কিম্বা ইহার অগ্রে দাখিল করিয়া উক্ত প্রমিশরী নোট অর্থাৎ তমসুক খালাস করিয়া লইতে হইবেক যদ্যপি উক্ত সময়ের মধ্যে তমসুক এই প্রকার খালাস করা না হয় তাহা হইলে যে লাট কিম্বা লাট সমূহের জন্য উপরোক্ত বাঙ্গালব্যাঙ্কের রসিদ অথবা অন্য কোন সরকারি মাতব্বরী দস্তাবেজাত দাখিল করা না হইবেক সেই লাট কিম্বা লাট সমূহ পুনর্ব্বার বিক্রয় করা যাইবেক পুনঃবিক্রয়ের সময় ও সরত সাহেবান বোর্ড যেমত ভাল বিবেচনা করিবেন সেই মত হইবেক এই প্রকার পুনর্ব্বার বিক্রয় করিলে যে কোন ক্ষতি ও খরচা হইবেক তাহা খেসারৎ খরিদারগণকে দিতে হইবেক এবং তাহা হইতে যে লভ্য হইবেক তাহা সরকারে জমা হইবেক।

৬ দফা। শেষ দফার সরত মত নীলামের দিন যে প্রমিশরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া লওয়া হইবেক তাহা যদ্যপি নীলামের পর পঞ্চম দিবসে বেলা চারি ঘন্টা পর্য্যন্ত খালাস করিয়া লইতে বাকী থাকে তাহা হইলে সেই সকল প্রমিশরী নোট অর্থাৎ তমসুক আদায়ের কারণ সরকারি উকিলের হস্তে অর্পণ করা যাইবেক।

৭ দফা। যে নেমকের জন্য নীলামের পর দিন হইতে পঞ্চম দিনের বেলা ৪ ঘন্টা পর্য্যন্ত নিয়মিত আমানত দাখিল করা না হইবেক সেই নেমকের জন্য পরে আর টাকা কি বাঙ্গালব্যাঙ্কের রসিদ কি সরকারি মাতব্বরি দস্তাবেজাত লওয়া যাইবেক না।

৮ দফা। নেমকের দরের টাকা নীলামের দিন হইতে পোনের দিবসের মধ্যে দাখিল করিতে হইবেক এবং যদ্যপি কোন লাটের বাবত দরের টাকা এইরূপ দাখিল ও নিষ্পত্তি করা না হয় তাহা হইলে পঞ্চম সরত মত সেই লাটের জন্য যে টাকা কি সরকারী মাতব্বরী দস্তাবেজাৎ আমানত রহিবেক তাহা বাজেয়াপ্ত হইবেক এবং ঐ নেমক সরকারের হিসাবে বিক্রয় করা যাইবেক যে সময় ও যে প্রকারে বিক্রয় হইবেক তাহা সাহেবান বোর্ড যেমত ভাল বিবেচনা করিবেন সেই মত হইবেক। আর ইহাতে যে ক্ষতি হইবেক অর্থাৎ পুনঃবিক্রয়ের মূল্য ও প্রথম যে টাকায় খরিদ করা হয় ইহার মধ্যে যে অন্তর হইবেক তাহা প্রথম খরিদারকে দিতে হইবেক এবং পুনঃবিক্রয় হইতে যে লভ্য হইবেক তাহাতে তাহার কোন দাবি থাকিবেক না।

৯ দফা। খরিদার নেমক বান করিতে ইচ্ছা না করিলে তাহার উপর সাকারী মাসুল নীলামের দিন হইতে ষাইট দিবসের মধ্যে দাখিল করিতে হইবেক যে সকল লাট বান করা হইবেক তাহা ব্যতীত আরং লাট যাহা উপরোক্ত ষাইট দিবসের মধ্যে গোলা হইতে খালাস করিয়া না লওয়া হইবে তাহার উপর উক্ত সময়ের পর মাসিক এক শত মোনে ৫৲ টাকার হিসাবে গোলা ভাড়া লওয়া যাইবেক

১০ দফা। জাহাজি আমদানি নেমক বান অর্থাৎ গোলাজাত করিবার যেমত নিয়ম আছে সেই নিয়ম মত উক্ত নেমক সরকারী কিম্বা প্রাইবেট গোলায় বান করা হইতে পারিবেক।

১১ দফা। পঞ্চম শরতের লিখিত সময়ের মধ্যে ও তদনুসারে আমানতি টাকা দাখিল করিলে খরিদার দিগকে সারটিফিকট দেওয়া যাইবেক তাহাতে খরিদার কি খরিদারগণের নাম এবং লাট বিক্রয় করা হইয়াছে ও যে রকম নেমক খরিদ করা হইয়াছে তাহা লেখা থাকিবেক এবং এই রকম যে প্রত্যেক সারটিফিকেট দেওয়া যাইবেক তদনুযায়িক নেমক ওজন দিবার হুকুম এবং রওয়ানা পাইবার অগ্রে সেই সারটিফিকেট বোর্ডের দপ্তর-খানায় অবশ্যই ফেরত দিতে হইবেক।

১২ দফা। যে পর্য্যন্ত কোন লাটের নেমকের দরের ও মাসুলের বেবাক টাকা দাখিল করা না হয় সেই পর্য্যন্ত তাহার ওজন দিবার হুকুম কি রওয়ানা দেওয়া যাইবেক না।

১৩ দফা। ১৮৬৪ সালের ৭ আইনের ১১ ধারার সরত মত বাঙ্গালা গবর্ণমেণ্টের দ্বারা প্রচলিত নিয়মের ২৭ নিয়ম অনুসারে রওয়ানার ফিজ দিতে হইবেক।

[*Government Gazette*, 10*th October* 1865.] 10 G

১৪ দফা। যে ব্যক্তির নাম সেল বহিতে খরিদার বলিয়া লেখা হইবেক তাহার অথবা তাহার ক্ষমতা বিশিষ্ট মোক্তারের নিকট ভিন্ন আর কাহারো নিকট হইতে পঞ্চম সরতের লিখিত সরকারী মাতব্বরী দস্তাবেজাত এই দপ্তরখানায় আমানত লওয়া যাইবে না সরকারী মাতব্বরী দস্তাবেজাত আমানত করা হইলে তাহার রসিদ কেবল ঐ খরিদারের নামে দেওয়া যাইবেক এবং পূরা টাকা দাখিল করিলে তাহাকে কিম্বা যাহাকে তিনি বরাত দিবেন তাহাকে উক্ত দস্তাবেজাত ফেরত দেওয়া যাইবেক।

১৫ দফা। পঞ্চম সরত অনুসারে যে পরিমাণ টাকার প্রমিশ্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিতে হইবেক সেই পরিমাণে টাকা হয় ইণ্ডিয়া গবর্ণমেণ্ট নোট বা বাঙ্গালব্যাঙ্ক রসিদ কিম্বা সরকারী মাতব্বরী দস্তাবেজাতে যে কোন খরিদার হউক তলব করিলে সেই সময় দিতে না পারিলে যে কর্ম্মচারি সাহেবান বোর্ডের তরফ নীলামে উপস্থিত থাকিয়া তদারক করিবেন তিনি আপন ইচ্ছামত তাহার ডাক নামঞ্জুর করিতে সক্ষম হইবেন।

১৬ দফা। যদি সাকুল্যে ১০০ লাট হইতে পারে এমত উপযুক্ত সংখ্যা লাট থাকে তাহা হইলে যে কোন খরিদার হউক ইচ্ছা করিলে এক রকম নেমক পর পর সমান দরে ও সমান সরত মত এক শত লাট পর্য্যন্ত ডাক দিয়া খরিদ করিতে পারিবেক।

১৭ দফা। এই ইস্তেহার ভুক্ত নেমক বিক্রয়ের দরুণ কিম্বা তাহার হিসাব মিটাইতে যদি কোন বিষয় বা কথার জন্য কোন মামলা অথবা কথান্তর হয় তাহা হইলে বাঙ্গলা প্রদেশের ফোর্ট উলিয়ম মোকামের হাই কোর্টে তাহার মোকদ্দমা ও মীমাংসা হইবেক।

বিমৌজিব হুকুম সাহেবান আলীশান বোর্ড রিবিনিউ ফোর্ট উইলিয়ম।

T. Bruce Lane,
*Junior Secretary.*

---

## বিজ্ঞাপন।

---

মেদিনীপুর মেলা।

সন ১৮৬৬ সালের জানুআরি মাহার ২২ তারিখ ও তৎপশ্চাদগামি পঞ্চ দিবস পর্য্যন্ত যৎকালীন হিন্দু-দিগের শ্রীপঞ্চমী পূজার মহোৎসব হইবেক তৎকালীন জেলা ও শহর মেদিনীপুরে এক মেলা হইবেক। এই মেলাতে যে সমস্ত দ্রব্য আনয়ন হইবেক তাহা সকলে ক্রয় বিক্রয় করিতে পারিবেন এই মেলার কার্য্য অত্র শহরস্থ বাসিন্দাগণ ও গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ কর্ত্তৃক নির্ব্বাহ হইবেক। এবং পুলিষ কর্ত্তৃক দ্রব্য সমস্ত রক্ষণা বেক্ষণ হইবেক। যাহারা বিক্রয়ার্থে প্রচুর দ্রব্য আনিবেন তাহারা বিনা ভাড়াতে পৃথক২ চালা পাইবেন। কিন্তু ইহাও অভিলাষ করা গিয়াছে যে অধিকাংশ বিক্রেতাগণ এই রূপ মেলাতে যেরূপ আপন২ মাল আনয়ন করিয়া থাকেন তদ্রূপ আপন২ মাল আনয়ন করিবেন। মেলার জন্য যে স্থান স্থির হইয়াছে তাহা সরকারি ভূমি ও মেদিনীপুর শহরের পশ্চিমাংশ তথায় প্রচুর জল ও স্থান পাওয়া যাইবেক ইহাও মনস্থ হইয়াছে যে এই মেলা প্রতিবৎসর শ্রীপঞ্চমী পূজার মহোৎসব সময়ে হইবেক।

মেলাতে যে সমস্ত প্রধান দ্রব্য আনয়ন হইবেক তাহার মধ্যে নিম্ন লিখিত দ্রব্য সমূহ বিক্রয় হইবেক।

সকল প্রকার পশু।
জঙ্গল উৎপাদিত সকল প্রকার দ্রব্য।
সকল প্রকার শস্য।
সকল প্রকার দেশী ও বিলাতি সুতার ও রেসমের কাপড়।
সকল প্রকার ধাতু নির্ম্মিত দ্রব্য লোহার দ্রব্যাদি থাল, ঘটী, ইত্যাদি।
সকল প্রকার মৃত্তিকা নির্ম্মিত দ্রব্য।

W. J. Herschel,
*Magistrate and Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১০ অক্টোবর।]

# ঢাকা বিভাগের কৃষি ও শিল্প প্রদর্শনের পারিতোষিকের বিবরণ।

ময়মনসিংহ মোকামে হইবে।

সন ১৮৬৫ সাল।

---

এই প্রদর্শন ইং ১৮৬৫ সালের ২৮ নবেম্বর অবধি ২ ডিসেম্বর পর্য্যন্ত বর্ত্তমান থাকিবেক।

---

## কৃষি ও শিল্প কার্য্যাদি প্রদর্শন নিমিত্ত যে যে সভা সংস্থাপিত হইয়াছে সেই সেই সভার সভ্যদিগের নামাবলি।

---

### প্রধান সভা।

সভাপতি।

শ্রীল শ্রীযুক্ত সি টী বকুলাণ্ড সাহেব
,, ,, ডবলিউ এইচ হেণ্ডরসন সাহেব

সভ্যগণ।

শ্রীল শ্রীযুত এফ বি সিমসন্ সাহেব
,, ,, রাজা রাজ কৃষ্ণসিংহ বাহাদুর
,, ,, ডবলিউ মেন্‌স্‌ম ,,
,, ,, বাবু কাশীকিশোর রায় চৌধুরী
,, ,, এফ জে জি কেম্বল ,,
,, ,, সইয়দ শাদত আলি খাঁ
,, ,, মৌলবি মাহামদ নাজিব
,, ,, ডাক্তর ফ্রেঞ্চ, এম ডি
,, ,, বাবু হরিশ্চন্দ্র চৌধুরী
,, ,, ডবলিউ বি বল্‌ডুইন্ ,,
,, ,, বাবু কালীচন্দ্র বন্দোপাধ্যায়
,, ,, ডবলিউ সি টেইলর
,, ,, বাবু রামশঙ্কর সেন
,, ,, রাম কিশোর আচার্য্য
,, ,, ই এম রেলি ,,
,, ,, টি স্মিথ ,,
,, ,, আর যে এলিস ,,

সম্পাদকগণ।

শ্রীল শ্রীযুক্ত এ ডি ডন সাহেব
,, ,, জান বক্সওএল ,,

যে যে দ্রব্যাদি এই প্রদর্শনে প্রদর্শিত হইবে, তৎসমুদায় চারি শ্রেণীতে বিভক্ত হইবে, এবং সেই চারি শ্রেণীর দ্রব্যজাতের রক্ষণাবেক্ষণের ভার নিম্ন লিখিত সভ্য মহোদয়দিগের হস্তে অর্পিত হইয়াছে।

যথা;

### প্রথম শ্রেণীস্থ দ্রব্যজাতের পরিদর্শকগণ।

সভাপতি

শ্রীল শ্রীযুক্ত এফ বি সিমসন সাহেব

সভ্যগণ।

শ্রীল শ্রীযুক্ত ডবলিউ বি বলডুইন্ সাহেব
,, ,, রাজা রাজকৃষ্ণ সিংহ বাহাদুর
,, ,, ডবলিউ সি টেইলর ,,
,, ,, সইয়দ সাদত আলি খাঁ

সম্পাদকগণ।

শ্রীল শ্রীযুক্ত এ ডি ডন সাহেব জন্ বক্সওএল সাহেব

### দ্বিতীয় শ্রেণীস্থ দ্রব্য জাতের পরিদর্শকগণ।

সভাপতি।

শ্রীল শ্রীযুক্ত ডাক্তার ফ্রেঞ্চ সাহেব, এম ডি

সভ্যগণ।

শ্রীল শ্রীযুক্ত এফ জে জি কেম্বল সাহেব
,, ,, বাবু হরিশ্চন্দ্র চৌধুরী
,, ,, ডবলিউ সি টেইলর ,,
,, ,, এ টমস ,,

সম্পাদকগণ।

শ্রীল শ্রীযুক্ত এ ডি ডন সাহেব এবং জন বক্সওএল সাহেব

### তৃতীয় শ্রেণীস্থ দব্য জাতের পরিদর্শক সভ্য।

সভাপতি।

শ্রীল শ্রীযুক্ত ডবলিউ বি বলডুইন সাহেব।

সভ্যগণ।

শ্রীল শ্রীযুক্ত টি স্মিথ সাহেব
,, ,, ই এম রেলি ,,
,, ,, বাবু কাশীকিশোর রায় চৌধুরী
,, ,, কালীচন্দ্র বন্দোপাধ্যায়

সম্পাদকগণ।

শ্রীল শ্রীযুক্ত এ ডি ডন সাহেব এবং জন বকসওএল সাহেব

## চতুর্থ শ্রেণীস্থ দ্রব্য জাতের পরিদর্শক সভ্য।

সভাপতি।

শ্রীল শ্রীযুক্ত টি স্মিথ সাহেব

সভ্যগণ।

শ্রীল শ্রীযুক্ত এফ বি সিমসন্ সাহেব
,, ,, ই এম রেলি ,,
মৌলবি মহাম্মদ নাজিম

সম্পাদকগণ।

শ্রীল শ্রীযুক্ত এ ডি ডন সাহেব এবং জন্ বক্সওএল সাহেব

কার্য্যনির্ব্বাহের নিয়মাবলি।

১। ময়মনসিংহ নসিরাবাদ নগরের মধ্যে গির্জ্জাঘরের সম্মুখে যে ভূমি খণ্ড আছে, সেই স্থানে উক্ত প্রদর্শন হইবে।

২। ১৮৬৫ সালের ২৮ নবেম্বর সেই প্রদর্শন আরম্ভ হইবে।

৩। কৃষি-যন্ত্র ব্যতীত যত কৃষিজাত বা শিল্পজাত বস্তু এই প্রদর্শনে প্রদর্শিত হইবেক, তৎসমুদায় যেন যথার্থতঃ ভারতবর্ষোৎপন্ন দ্রব্য হয়। অন্য দেশজাত বস্তু গৃহীত হইবে না।

৪। যাঁহারা কোন প্রকার জীব জন্তু দেখাইতে চাহেন, তাঁহারা নির্দ্ধারিত দিনের দুইদিন পূর্ব্বে তৎসমুদায় প্রদর্শন স্থানে উপস্থিত করিবেন।

৫। যাঁহারা কোন প্রকার ভূমিজাত, বা অন্য কোন প্রকারে উৎপন্ন বস্তু প্রদর্শন করিতে ইচ্ছা করেন, তাঁহারা তাহা ৫ই নবেম্বর হইতে ২৫ নবেম্বর মধ্যে আনয়ন করিবেন। ইহার পর আনিলে আর লওয়া যাইবে না।

৬। যাঁহারা কৃষি বা শিল্পকার্য্যোপযোগী কোন প্রকার যন্ত্র দেখাইতে ইচ্ছুক, তাঁহারা তৎসমুদায় প্রদর্শনের অন্যূন এক সপ্তাহ পূর্ব্বে যথাস্থানে আনয়ন ও স্থাপন করিবেন।

৭। যাঁহারা কৃষি বা শিল্পকার্য্যোপযোগী কোন প্রকার যন্ত্র দেখাইতে ইচ্ছা করেন, তাঁহারা যথাস্থানে যন্ত্র স্থাপন জন্য অন্যূন এক মাস পূর্ব্বে সভ্যগণ সমীপে স্থান প্রাপ্তির প্রার্থনা করিবেন।

৮। যাঁহারা জীবজন্তু বা ভূমিজাত কি শিল্পযন্ত্রজাত দ্রব্যাদি দেখাইতে ইচ্ছুক, তাঁহারা স্ব স্ব প্রদেশীয় সভার নিকট প্রদর্শন দিনের অন্যূন এক মাস পূর্ব্বে তৎসমুদায় দ্রব্য বা পশুর বিবরণ প্রেরণ করিবেন।

৯। কৃষিজাত বস্তুর সঙ্গে সঙ্গেই এক এক খানি টিকিট বা পরিচয়পত্র সভায় প্রেরণ করিতে হইবে সেই পত্রে বস্তুর নাম, পরিমাণ ও সংখ্যা, তাহা কোন্ প্রদেশোৎপন্ন এবং তৎপ্রেরয়িতা কোন্ শ্রেণীর পারিতোষিকের প্রার্থী, তৎসমুদায় সুস্পষ্টরূপে লিখিতে হইবে।

১০। যে যে জীবজন্তু, যন্ত্র, কৃষিজাত বা শিল্পজাত দ্রব্য সভায় প্রেরিত হইবে, তাহা বিক্রয় করার মানস থাকিলে অধিকারিদিগকে তাহার উপর নির্দ্ধারিত মূল্য লিখিতে হইবে।

১১। যে যে বস্তু প্রদর্শন স্থানে প্রেরিত হইবে প্রদর্শন কার্য্য শেষ না হইলে কমিটির অনুমতি ব্যতীত সেই২ বস্তু স্থানান্তরে নীত হইতে পারিবে না।

১২। যে যে পশু প্রেরিত হইবে, কমিটি তাহাদের আহারীয় বস্তু সংগ্রহ করিয়া রাখিবে না। কিন্তু উহার আবশ্যক ব্যয় তত্তৎ পশুর অধিকারিদিগকে দিতে হইবে।

১৩। সভ্যগণ প্রেরিত পশু ও যন্ত্রাদি নির্ব্বিঘ্নে রক্ষার নিমিত্ত সচেষ্ট হইবেন। কিন্তু দ্রব্য স্বামিরাও আপন২ চাকর পাঠাইয়া স্বীয় বস্তুর রক্ষার জন্য যত্ন করিবেন।

১৪। প্রদর্শন শেষ হইলে ৩ দিবস মধ্যে পশুপালকগণ স্ব২ পশু প্রদর্শন স্থান হইতে লইয়া যাইবেক।

১৫। যাঁহারা প্রদর্শন দেখিতে আসিবেন তাঁহাদের নিকট হইতে নির্দ্ধারিত নিয়মানুসারে প্রত্যেক দিবসের প্রবেশিকা ফি গৃহীত হইবে।

১৬। বিশেষ২ প্রদেশের পণ্যাদির নিমিত্ত বিশেষ২ পারিতোষিক তালিকায় স্থিরীকৃত হইয়াছে। কিন্তু যে যে স্থানে বিশেষ প্রদেশের কথা উল্লিখিত হয় নাই, সেই২স্থানে সমুদয় ভারতবর্ষের পণ্যাদি বুঝিতে হইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১০ অক্টোবর।]

১৮৬৫ সালের কৃষি প্রদর্শনের পারিতোষিকের ফর্দ্দ।

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| | ১ প্রথম শ্রেণী। | | | | |
| | গৃহ পোষ্য গো, মেষ, ও পশ্বাদি। | | | | |
| | ১ ম শাখা গো প্রভৃতি। | | | | |
| ১ | ঢাকা বিভাগস্থ কোন ব্যক্তির ভারতবর্ষজাত সর্ব্বোৎকৃষ্ট আঁড়িয়া গরু। বয়স ২ বৎসরের অধিক, ৭ বৎসরের অনধিক। | ৭৫ | ৫০ | ২৫ | |
| ২ | ময়মনসিংহস্থ কোন ব্যক্তির ঐ ঐ | ৫০ | ৩০ | ২০ | |
| ৩ | শ্রীহট্টস্থ কোন ব্যক্তির ,, ,, | ৫০ | ৩০ | ২০ | |
| ৪ | ঢাকা প্রদেশস্থ কোন ব্যক্তির ,, ,, | ৫০ | ৩০ | ২০ | |
| ৫ | ফরিদপুরস্থ কোন ব্যক্তির ,, ,, | ৫০ | ৩০ | ২০ | |
| ৬ | বাকরগঞ্জস্থ কোন ব্যক্তির ,, ,, | ৫০ | ৩০ | ২০ | |
| ৭ | কাছাড়স্থ কোন ব্যক্তির ,, ,, | ৫০ | ৩০ | ২০ | |
| ৮ | ঢাকাবিভাগস্থ কোন ব্যক্তির ভারতবর্ষজাত সর্ব্বোৎকৃষ্ট দুগ্ধবতী সবৎসা বা গর্ব্ভিণী গাভী। বয়স ৭ বৎসরের অনধিক ... | ৭৫ | ৫০ | ২৫ | |
| ৯ | ঢাকাপ্রদেশস্থ কোন ব্যক্তির ঐ ঐ | ৪০ | ৩০ | ২০ | |
| ১০ | বাকরগঞ্জস্থ কোন ব্যক্তির ,, ,, | ৪০ | ৩০ | ২০ | |
| ১১ | ময়মনসিংহস্থ কোন ব্যক্তির ,, ,, | ৪০ | ৩০ | ২০ | |
| ১২ | শ্রীহট্টস্থ কোন ব্যক্তির ,, ,, | ৪০ | ৩০ | ২০ | |
| ১৩ | ফরিদপুরস্থ কোন ব্যক্তির ,, ,, | ৪০ | ৩০ | ২০ | |
| ১৪ | কাছাড়স্থ কোন ব্যক্তির ,, ,, | ৪০ | ৩০ | ২০ | |
| ১৫ | সর্ব্বসাধারণের নিমিত্ত সর্ব্বোৎকৃষ্ট আঁড়িয়া গরু বয়স ২ বৎসরের অধিক, ৭ বৎসরের অনধিক .. | ৭৫ | ৫০ | ,, | |
| ১৬ | সেই রূপ গাভী ... | ৭৫ | ৫০ | ,, | |
| ১৭ | ঢাকা বিভাগস্থ কোন ব্যক্তির ভারতবর্ষজাত গাড়ী বা লাঙ্গল টানিবার সর্ব্বোৎকৃষ্ট ১ যোড়া আবাল গরু | ৫০ | ৩০ | ২০ | |
| ১৮ | ঢাকাপ্রদেশস্থ কোন ব্যক্তির ঐ ঐ | ৩০ | ২০ | ১০ | |
| ১৯ | বাকরগঞ্জস্থ কোন ব্যক্তির ,, ,, | ৩০ | ২০ | ১০ | |
| ২০ | ময়মনসিংহস্থ কোন ব্যক্তির ,, ,, | ৩০ | ২০ | ১০ | |
| ২১ | শ্রীহট্টস্থ কোন ব্যক্তির ভারতবর্ষজাত গাড়ী বা লাঙ্গল টানিবার সর্ব্বোৎকৃষ্ট ১ জোড়া আবাল গরু | ৩০ | ২০ | ১০ | |
| ২২ | ফরিদপুরস্থ কোন ব্যক্তির ঐ ঐ | ৩০ | ২০ | ১০ | |
| ২৩ | কাছাড়স্থ কোন ব্যক্তির ,, ,, | ৩০ | ২০ | ১০ | |
| ২৪ | সর্ব্বসাধারণের নিমিত্ত ,, ,, | ৩০ | ২০ | ১০ | |
| ২৫ | সর্ব্বোৎকৃষ্ট মহিষ ,, ,, | ৩০ | ২০ | ১০ | |
| ২৬ | সর্ব্বোৎকৃষ্ট মহিষী বা কাকনী | ৩০ | ২০ | ১০ | |
| | ৭৮ টী পারিতোষিক। মোট— | | | | |
| | দ্বিতীয় শাখা। ঘোড়া ও টাট্টু। | | | | |
| ২৭ | সর্ব্বোত্তমজাতীয় ঘোড়ার পক্ষে এই নিয়ম যে ত্রিশ টাকাতে প্রতি মাঠে পাল দিতে হইবে ... | ১৫০ | ১০০ | ৫০ | |
| ২৮ | ঢাকা বিভাগস্থ অতিউৎকৃষ্ট বেতোঘোড়া ... | ৭৫ | ৫০ | ৩০ | |
| ২৯ | বৎস প্রসবকারিণী অতি উৎকৃষ্ট মাদেয়ান, সবৎসা বা গর্ব্ভিণী ... | ১০০ | ৫০ | ৪০ | |
| ৩০ | বৎস প্রসবকারিণী অতি উৎকৃষ্ট মাদেয়ান ... | ১০০ | ৫০ | ২৫ | |
| ৩১ | ভারতবর্ষজাত অতি উৎকৃষ্ট ঘোড়ার বাচ্চা, বয়স ৪ বৎসরের অনধিক ... | ১০০ | ৭৫ | ৫০ | |
| ৩২ | ঐ ঐ মাদেয়ান-বাচ্চা ... | ১০০ | ৫০ | ৫০ | |

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট। |
|---|---|---|---|---|---|
| ৩৩ | ঢাকা বিভাগজাত সর্ব্বোৎকৃষ্ট টাটু … | ৭৫ | ৫০ | ৩০ | |
| ৩৪ | ঢাকা প্রদেশ জাত ঐ ঐ … | ৫০ | ৩০ | ২০ | |
| ৩৫ | বাকরগঞ্জ জাত ,, ,, … | ৫০ | ৩০ | ২০ | |
| ৩৬ | ময়মনসিংহ জাত ,, ,, … | ৫০ | ৩০ | ২০ | |
| ৩৭ | শ্রীহট্ট জাত ,, ,, … | ৫০ | ৩০ | ২০ | |
| ৩৮ | ফরিদপুর জাত ,, ,, … | ৫০ | ৩০ | ২০ | |
| ৩৯ | কাছাড় জাত ,, ,, … | ৫০ | ৩০ | ২০ | |
| ৪০ | মনিপুর জাত ,, ,, … | ৫০ | ৩০ | ২০ | |
| | ৪১ টা পারিতোষিক। মোট— | | | | |
| | তৃতীয় শাখা। মেষ ও ছাগ। | | | | |
| ৪১ | এক খোঁয়াড়েস্থিত অতি উত্তম চারি বা ততোধিক দন্তযুক্ত ৫ টা ভেড়ী … | ৪০ | ২০ | ১০ | |
| ৪২ | এক খোঁয়াড়েস্থিত অতি উত্তম চারি বা ততোধিক দন্তযুক্ত ৫ টা খাসি ভেড়া … | ৪০ | ২০ | ১০ | |
| ৪৩ | ঐ ঐ অন্যূন ৪ দন্ত বিশিষ্ট যে কোন প্রকার ভেড়া কি ভেড়ী … | ৪০ | ২০ | ১০ | |
| ৪৪ | ঢাকাপ্রদেশীয় অতি উৎকৃষ্ট এক যোড়া ভেড়ী (১ ভেড়া ১ ভেড়ী) … | ৩০ | ২০ | ১০ | |
| ৪৫ | বাকরগঞ্জ … | ৩০ | ২০ | ১০ | |
| ৪৬ | ময়মনসিংহ … | ৩০ | ২০ | ১০ | |
| ৪৭ | শ্রীহট্ট … | ৩০ | ২০ | ১০ | |
| ৪৮ | ফরিদপুর … | ৩০ | ২০ | ১০ | |
| ৪৯ | কাঁছাড় … | ৩০ | ২০ | ১০ | |
| ৫০ | যে কোন স্থানজাত অতি উৎকৃষ্ট ভেড়া … | ৪০ | ৩০ | ২০ | |
| | ২২ টা পারিতোষিক। | | | | |
| ৫১ | ঢাকা বিভাগস্থ অতি উৎকৃষ্ট রোকা পাঁঠা … | ২০ | ১০ | ৫ | |
| ৫২ | ঐ ঐ ,, পাঁঠী … | ২০ | ১০ | ৫ | |
| ৫৩ | ঢাকা প্রদেশ জাত অতি উৎকৃষ্ট সবৎসা পাঁঠী … | ১৫ | ১০ | ৫ | |
| ৫৪ | ময়মনসিংহ ঐ ঐ … | ১৫ | ১০ | ৫ | |
| ৫৫ | বাকরগঞ্জ ,, ,, … | ১৫ | ১০ | ৫ | |
| ৫৬ | শ্রীহট্ট ,, ,, … | ১৫ | ১০ | ৫ | |
| ৫৭ | ফরিদপুর ,, ,, … | ১৫ | ১০ | ৫ | |
| ৫৮ | কাছাড় ,, ,, … | ১৫ | ১০ | ৫ | |
| | ২৪ টা পারিতোষিক। মোট— | | | | |
| | ৪র্থ শাখা। মোর্গা, মুর্গী প্রভৃতি। | | | | |
| ৫৯ | ঢাকা প্রদেশ জাত এতদ্দেশীয় সর্ব্বোৎকৃষ্ট মুর্গী এক খাঁচায় তিনটী করিয়া অর্থাৎ একটা মোর্গা ও দুইটা মুর্গী … | ২০ | ১০ | ৫ | |
| ৬০ | ময়মনসিংহ ঐ ঐ … | ২০ | ১০ | ৫ | |
| ৬১ | ফরিদপুর ,, ,, … | ২০ | ১০ | ৫ | |
| ৬২ | বাকরগঞ্জ ,, ,, … | ২০ | ১০ | ৫ | |
| ৬৩ | শ্রীহট্ট ,, ,, … | ২০ | ১০ | ৫ | |
| ৬৪ | কাছাড় ,, ,, … | ২০ | ১০ | ৫ | |
| ৬৫ | ঢাকা বিভাগস্থ এতদ্দেশীয় সর্ব্বোৎকৃষ্ট মুর্গী এক খাঁচায় তিনটি করিয়া অর্থাৎ একটি মোর্গা ও দুইটা মুর্গী … | ২০ | ১০ | ৫ | |
| ৬৬ | চট্টগ্রামের মোর্গা মুর্গী ঐ ঐ | ১৫ | ১০ | ৫ | |
| ৬৭ | তিনটা আক্রা মোরগ | ১৫ | ১০ | ৫ | |

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১০ অক্টোবর।]

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| ৬৮ | বান্টাম। এক মোর্গা দুই মুর্গী লোমহীন পদবিশিষ্ট | ১০ | ৮ | ৫ | |
| ৬৯ | ঐ ঐ পাখাযুক্ত পদবিশিষ্ট ... | ১০ | ৮ | ৫ | |
| | ৩১ টী পারিতোষিক। মোট— | | | | |
| | পেরু। | | | | |
| ৭০ | এক খাঁচায় সর্ব্বোৎকৃষ্ট ৩টা করিয়া অর্থাৎ ১ টী মর্দ্দা দুইটী মাদী পেরু ... | ২৫ | ১৫ | ১০ | |
| ৭১ | সর্ব্বোৎকৃষ্ট মর্দ্দা পেরু ... | ১৫ | ১০ | ৫ | |
| ৭২ | ঐ মাদী পেরু ... | ১৫ | ১ | ৫ | |
| | ৪ টী পারিতোষিক। মোট— | | | | |
| | গিনি ফৌল। | | | | |
| ৭৩ | এক খাঁচায় সর্ব্বোৎকৃষ্ট ৩ টী করিয়া অর্থাৎ ১ টী মর্দ্দা ২ টী মাদি ... | ২০ | ১০ | ৫ | |
| | ২ টী পারিতোষিক। | | | | |
| | রাজহংস। | | | | |
| ৭৪ | এক খাঁচায় সর্ব্বোৎকৃষ্ট ৩ টী করিয়া অর্থাৎ ১ রাজহংস ২ রাজহংসী ... | ২৫ | ১১ | ৫ | |
| ৭৫ | ঐ সর্ব্বোৎকৃষ্ট রাজহংস ... | ১৫ | ১০ | ৫ | |
| ৭৬ | ঐ রাজহংসী ... | ১৫ | ১০ | ৫ | |
| | ৪ টী পারিতোষিক। মোট— | | | | |
| | পাতিহাঁস। | | | | |
| ৭৭ | সর্ব্বোৎকৃষ্ট ৩ টী করিয়া অর্থাৎ এক পাতিহংস ও দুই পাতিহংসী ... | ১০ | ৬ | ৪ | |
| ৭৮ | সর্ব্বোৎকৃষ্ট পাতিহংস ... | ১০ | ,, | ,, | |
| ৭৯ | ঐ পাতিহংসী ... | ১০ | ,, | ,, | |
| | ৫ টী পারিতোষিক। মোট— | | | | |
| | খরগোস। | | | | |
| ৮০ | সর্ব্বোৎকৃষ্ট যে কোন দেশজাত ৪ টী খরগোস ... | ২০ | ১৫ | ১০ | |
| ৮১ | এতদ্দেশীয় সর্ব্বোৎকৃষ্ট মর্দ্দা খরগোস ... | ১০ | ৮ | ৫ | |
| ৮২ | ঐ ঐ মাদী ... | ১৭ | ৮ | | |
| | ৫ টী পারিতোষিক মোট— | | | | |
| | পায়রা। | | | | |
| ৮৩ | সর্ব্বোৎকৃষ্ট ভিন্ন২ প্রকার ৩ যোড়া পায়রা এক খাঁচায় স্থিত ... | ১৫ | ১০ | ৫ | |
| ৮৪ | সর্ব্বোৎকৃষ্ট এক যোড়া লোটন ... | ১০ | ৫ | ,, | |
| ৮৫ | ঐ ঐ মুখী ... | ১০ | ৫ | ,, | |
| ৮৬ | ঐ ঐ লক্কা ... | ১০ | ৫ | ,, | |
| ৮৭ | অন্যান্য প্রকারের যোড়া যোড়ার নিমিত্ত পাঁচটী পারিতোষিক প্রত্যেক ... | ০ | ৫ | ০ | ৩০ |
| | ১৪ টী পারিতোষিক। মোট— | | | | |
| | সমুদয় মোট— | | | | |
| | পঞ্চম শাখা। | | | | |
| | দুগ্ধজাত সামগ্রী। | | | | |
| ৮৮ | টাটকা মাখন একসেরের ন্যূন না হয় ... | ৬ | ৪ | ,, | |
| ৮৯ | পনির ৩খণ্ড প্রত্যেক খণ্ড দুই সেরের ন্যূন না হয় ... | ৬ | ৪ | ,, | |

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| ৯০ | তিন থানা মলাই প্রত্যেক থানা এক সেরের ন্যূন না হয় ... | ৬ | ৪ | ,, | |
| ৯১ | গাভীর ঘৃত ২০ সেরের ন্যূন না হয় ... | ৬ | ৪ | ,, | |
| ৯২ | মহিষী ঐ ঐ ঐ ... | ৬ | ৪ | ,, | |
| | দুগ্ধজাত সামগ্রীর মোট— | | | | |
| | ১০ টী পারিতোষিক। | | | | |
| | মন্তব্য এই সমস্ত দুগ্ধজাত সামগ্রী প্রদর্শনের প্রথম দিনে আনীত হইবেক। | | | | |
| | প্রথম শ্রেণীর পুরস্কারের সংক্ষিপ্ত বিবরণ ... | | | | |
| | গরু আঁড়িয়াগরু প্রভৃতি ... | | | | |
| | ঘোড়া ও টাট্টু ... | | | | |
| | ভেড়া ছাগ প্রভৃতি ... | | | | |
| | মোর্গা মুর্গী প্রভৃতি ... | | | | |
| | দুগ্ধজাত সামগ্রী ... | | | | |
| | মোট টাকা।— | | | | |
| | দ্বিতীয় শ্রেণী। | | | | |
| | কৃষি যন্ত্র। | | | | |
| | প্রথম শাখা। | | | | |
| | কৃষি আদি কার্য্য সাধক যন্ত্র। | | | | |
| ১ | পরিচালক কফিবিশিষ্ট ১০ হইতে ১৮ হর্স পাওয়ার অতি উৎকৃষ্ট সাধারণ কার্য্য সাধক হালকা ডবল সিলিণ্ডর এনজিন বা বাষ্পীয় যন্ত্র ইহার ৪ চাকা ও ঘোড়া সংযোগ করিবার উপায় থাকিবেক ... | ২৫০ | ,, | ,, | |
| ২ | সাধারণ কৃষি যন্ত্রকে চালাইতে সক্ষম একরূপ অশ্ব বা অন্য কোন পশু যোজিত যন্ত্র ... | ১০০ | ,, | ,, | |
| ৩ | স্রোত দ্বারা চালিত অতি উৎকৃষ্ট কার্য্যসাধক চাকা ... | ১০০ | ,, | ,, | |
| ৪ | অতি উৎকৃষ্ট টর্বিন (ইংরেজী নাম) ... | ১০০ | ,, | ,, | |
| ৫ | অতি উৎকৃষ্ট ট্রেকসন ইঞ্জিন। ... | ২০০ | ,, | ,, | |
| | ৫ টী পারিতোষিক। মোট— | | | | |
| | দ্বিতীয় শাখা। | | | | |
| | লাঙ্গলাদি কৃষিযন্ত্র। | | | | |
| ৬ | সাধারণ কর্ম্মের উপযুক্ত এক যোড়া কি এক যোড়া বলদ টানিতে পারে এমত অতি উত্তম হালকা লাঙ্গল। | ৫০ | ৩০ | ২০ | |
| ৭ | সাধারণ বলদ দ্বারা টানা যায় এদেশের নির্ম্মিত এমত অতি উত্তম লাঙ্গল। ... | ৫০ | ২৫ | ১৫ | |
| ৮ | সাধারণ কর্ম্মের উপযুক্ত, এক যোড়া বলদ দ্বারা টানা যায় এমত লাঙ্গল ইহা সাধারণ লাঙ্গল অপেক্ষা উত্তম হইবে ও কাষ্ঠ, লৌহ বা উভয় পদার্থে নির্ম্মিত হইবে। | ৫০ | ২৫ | ২০ | |
| ৯ | কম্র মাটীর উপযুক্ত অতি উত্তম মই ইহা এক যোড়া সাধারণ বলদদ্বারা টানা যায়। | ৫০ | ২৫ | ২০ | |
| ১০ | চা কিম্বা তুলা বৃক্ষ সারির মধ্যে মধ্যে চসিবার ও সাধারণ কর্ম্মের উপযুক্ত চসিবার ও ক্ষুদ্র বন ছেদন করিবার বা মাটী কাটিবার অতি উত্তম লাঙ্গল ইহা সাধারণ এক যোড়া বলদ দ্বারা টানা যায় এমত হইবে। | ৫০ | ২৫ | ২০ | |
| ১১ | বীজ বপন করিবার জন্য ভূমি প্রস্তুত করিবার নানা প্রকার যন্ত্র যে সকল, হস্ত দ্বারা ব্যবহৃত হয়। | ৫০ | ২৫ | ,, | |
| | ৬টী পারিতোষিক। মোট... | | | | |

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| | তৃতীয় শাখা। | | | | |
| | খনন ও বপন করিবার যন্ত্র। | | | | |
| ১২ | ওট, গম, নীল ইত্যাদি বীজ বপনের উপযুক্ত অতি উত্তম যন্ত্র। | ৫০ | ,, | ,, | |
| ১৩ | বীজ ছড়াইয়া বুনিবার অতি উত্তম যন্ত্র ... | ৩০ | ,, | ,, | |
| ১৪ | বীজ বুনিতে ছিদ্র করিবার অথবা ছিদ্র করিয়া বীজ বুননের অতি উত্তম যন্ত্র ... | ২০ | ,, | ,, | |
| ১৫ | ছিদ্রের মধ্যে নিড়াইবার অতি উত্তম যন্ত্র ইহা ঘোড়া বা বলদ দ্বারা টানা যায় ... | ৫০ | ২৫ | ,, | |
| ১৬ | বীজ বুনিবার ছিদ্রের ও অঙ্কুরিত পল্লবের মধ্যে মধ্যে পরিষ্কারাদি কার্য্যের উপযুক্ত খনন বা নিড়াইবার অতি উত্তম হাতিয়ার ... | ২০ | ১০ | ,, | |
| | ৫ টী পারিতোষিক মোট— | | | | |
| | চতুর্থ শাখা। | | | | |
| | গ্রাম্য পশু পক্ষী প্রভৃতি পালনার্থ বাথানে ব্যবহার্য্য যন্ত্র। | | | | |
| ১৭ | গোম, ওট, ধান্য প্রভৃতি মর্দ্দন করিবার নিমিত্ত মধ্যম পরিমাণের অতি উত্তম যন্ত্র ইহা পশ্বাদি দ্বারা চালিত হয়। | ১০০ | ,, | ,, | |
| ১৮ | শস্য চালনের অতি উত্তম যন্ত্র। | ৫০ | ,, | ,, | |
| ১৯ | হস্ত দ্বারা চালিত তৃণাদি কাটিবার যন্ত্র। | ৫০ | ,, | ,, | |
| ২০ | ওট ধান্যাদি পিশিবার অতি উত্তম যন্ত্র ইহা হস্তদ্বারা চালিত হয়। | ৫০ | ,, | ,, | |
| ২১ | তৈলের শস্য মর্দ্দন করিবার অতি উত্তম যন্ত্র। | ০ | ,, | ,, | |
| ২২ | গো, মেষ, শূকর, মুরগী প্রভৃতির আহারের জন্য অতি উত্তম নানা প্রকার কাটের টাগারী। | ৫০ | ,, | ,, | |
| | ৬টী পারিতোষিক। মোট— | | | | |
| | পঞ্চম শাখা। | | | | |
| | ক্ষেত্রোৎপন্ন বস্তুদ্বারা অন্য দ্রব্য প্রস্তুত করিবার কল। | | | | |
| ২৩ | তুলা হইতে বীজ পৃথক করিবার অতি উত্তম এতদ্দেশীয় যন্ত্র অর্থাৎ ডলন কাটি। | ১০ | ,, | ,, | |
| ২৪ | উপরোক্ত ডলন কাটি অপেক্ষা তুলা হইতে বীজ বাহির করিবার অতি উত্তম যন্ত্র। | ৫০ | ,, | ,, | |
| ২৫ | ইক্ষুরস বাহির করিবার জন্য এদেশীয় অতি উত্তম যন্ত্র অর্থাৎ ঘানি গাছ। | ২০ | ,, | ,, | |
| ২৬ | উপরোক্ত ঘাণিগাছ অপেক্ষা আকের রস বাহির করিবার জন্যউত্তম যন্ত্র। | ৫০ | ,, | ,, | |
| ২৭ | তণ্ডুল প্রস্তুত করিবার অতি উত্তম যন্ত্র অর্থাৎ কুলো বা ঝাড়ুণী। | ৫০ | ,, | ,, | |
| ২৮ | শণ, পাট প্রভৃতি আশযুক্ত বস্তু খুলিয়া পরিষ্কার করিবার অতি উত্তম যন্ত্র ইহা দ্বারা আশের গাড়া, লড়া বা গিট কাটা যায়। | ৫০ | ,, | ,, | |
| ২৯ | এদেশীয় হস্ত চালিত অতি উত্তম ময়দার জাঁতা। | ২৫ | ,, | ,, | |
| ৩০ | অন্য কোন প্রকার অতি উত্তম ময়দার জাঁতা | ৫০ | ,, | ,, | |
| | ৮ টী পারিতোষিক। মোট— | | | | |

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| | ষষ্ঠ শাখা। | | | | |
| | জল তুলিবার যন্ত্র। | | | | |
| ৩১ | পারস্য দেশীয় অতি উৎকৃষ্ট হালকা জল তুলিবার চক্র। ইহা ৩৫ ফুট গভীর কূপ হইতে জল তুলিতে পারে। | ৫০ | ,, | ,, | |
| ৩২ | এদেশীয় কাষ্ঠ নির্ম্মিত পারস্য জল তুলিবার চক্র। | ৩০ | ,, | ,, | |
| ৩৩ | পশ্বাদি দ্বারা চালিত কূপ বা পুষ্করিণী হইতে জল তুলিবার অতি উৎকৃষ্ট চক্র। | ৫০ | ,, | ,, | |
| ৩৪ | পশ্বাদি দ্বারা চালিত অতি উৎকৃষ্ট চীন দেশীয় সাধারণ জল তুলিবার ব্যোমা। | ৫০ | ,, | ,, | |
| ৩৫ | জল তুলিবার অতি উৎকৃষ্ট যন্ত্রের নানা প্রকার আদর্শ। | ৫০ | ,, | ,, | |
| ৩৬ | অতি উৎকৃষ্ট সাধারণ হালকা ব্যোমা। ইহা চাকা ও উপকরণ বিশিষ্ট হওয়া আবশ্যক এবং যেন দুই চারি জন উহাকে অনায়াসে এক কূপ হইতে কূপান্তরে লইয়া যাইতে পারে। | ৫০ | ,, | ,, | |
| | ৬ টি পারিতোষিক। মোট— | | | | |
| | সপ্তম শাখা। | | | | |
| | কৃষিকার্য্যে ব্যবহার্য্য গাড়ী ও সাজ প্রভৃতি। | | | | |
| ৩৭ | সাধারণ কর্ম্মের উপযুক্ত ঘোড়া বা বলদের অতি উত্তম হালকা গাড়ী। ইহা শস্যকাটিবার সময় প্রয়োজন মতে গড়াইয়া দেওয়া যাইতে পারে। | ৭৫ | ৫০ | ২৫ | |
| ৩৮ | যে ছাকড়া গাড়ী এক্ষণে ব্যবহার হইয়া থাকে তাহার পরিবর্ত্তে বা তদপেক্ষা উত্তম গাড়ী ইহার চাকার আল ও গেবিয়া ও চাকার লৌহ পাত থাকা আবশ্যক ও বাঁশের নূতন গাড়ীর ভার অপেক্ষা চতুর্থাংশ অধিক ভারি না হয়। | ৭৫ | ৫০ | ২৫ | |
| ৩৯ | জল সেচন করিবার অতি উৎকৃষ্ট গাড়ী ইহাতে যেন জল সেচনের উৎকৃষ্ট উপায় থাকে এবং ইহা যেন সহজে নির্ম্মিত হয়। | ৫০ | ৩০ | ,, | |
| ৪০ | এদেশীয় লাঙ্গল বা গাড়ীতে যোজিত দুই বা চারি বলদের সাজ। ইহা যেন উৎকৃষ্ট ও শীঘ্র নির্ম্মিত হইতে পারে ও বলদের গায় উত্তমরূপে বসিতে পারে। | ২৫ | ১৫ | ১০ | |
| ৪১ | ঐ ঐ এক বলদ | ২৫ | ১০ | ৫ | |
| | ৫ টি পারিতোষিক। | | | | |
| | ৮ম শাখা। | | | | |
| | মাখন প্রভৃতি প্রস্তুত করিবার যন্ত্র। | | | | |
| ৪২ | অতি উত্তম মন্থন পাত্র। | ১৫ | ,, | ,, | |
| ৪৩ | এদেশীয় অতি উত্তম মন্থন পাত্র। | ১৫ | ,, | ,, | |
| ৪৪ | অতি উত্তম মন্থন দণ্ড | ১৫ | ,, | ,, | |
| ৪৫ | নানা প্রকার অতি উৎকৃষ্ট মাখনের ছাপ। | ১৫ | ,, | ,, | |
| ৪৬ | মাটির বা কাচের বা মিনার অতি উত্তম দুগ্ধপাত্র। | ২৫ | ,, | ,, | |
| | ৫ টি পারিতোষিক। | | | | |
| | ৯ম শাখা। | | | | |
| | অতিরিক্ত নানা প্রকার যন্ত্র। | | | | |
| ৪৭ | অতিউৎকৃষ্ট হাল্কা অর্থাৎ এক স্থান হইতে অন্য স্থানে অনায়াসে লওয়া যায় এই প্রকার হাপর সহিত কামারের অগ্নি লাগিবার পাত্র। | ২০ | ৫ | ০ | ১০ |

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ১০ অক্টোবর।]

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| ৪৮ | অতি উৎকৃষ্ট ক্ষেত্রে ব্যবহার্য্য অথবা ২। ৩ বা ৪ শাখা বিশিষ্ট কোদালি বা ফাওড়া। | ২৫ | ... | ... | ২৫ |
| ৪৯ | শস্যের বস্তা চায়ের বাক্স প্রভৃতি স্থানান্তর করিবার উপযুক্ত হালকা ট্রক। | ১৫ | ... | ... | ২৫ |
| ৫০ | ছোট বড় নানাপ্রকার কুড়ালি ও গাছ ঝুরিবার ছুরি ও করাত ও বিলহক ও নানাপ্রকারের কাঁচি প্রভৃতি সংগৃহীত দ্রব্য। | ২৫ | ... | ... | ২৫ |
| ৫১ | নর্দ্দমা প্রভৃতি করিবার কর্ম্মে ব্যবহার্য্য হাতিয়ার। | ২০ | ... | ... | ২০ |
| ৫২ | অতি উৎকৃষ্ট টাইল প্রস্তুত করিবার যন্ত্র ইহা দ্বারাও ছাতের টাইল প্রস্তুত হয় ... | ৫০ | ... | ... | ৫০ |
| ৫৩ | ২০ অবধি ৫০ ফুট পর্য্যন্ত বিস্তৃত পিটা লৌহ ছাদা ইহাতে যেন কোঁড়া গালবা নাইজেড লোহা বা অন্য কোন হালকা দ্রব্যের ছাদ বহন করিতে সক্ষম হয়। ... | ৫০ | ... | ... | ৫০ |
| ৫৪ | হস্ত নির্ম্মিত ইট প্রস্তুত করিবার সময় হস্ত চাপ দিবার অতি উত্তম যন্ত্র ... | ১৫ | ... | ... | ২৫ |
| ৫৫ | হস্তদ্বারা চালিত কাদার ইটের অতি উত্তম ফর্ম্মা ... | ৩০ | ... | ... | ৩১ |
| ৫৬ | অতি উত্তম সুরকী প্রস্তুত করিবার কল ... | ২৫ | ... | ... | ১৫ |
| ৫৭ | পাট খুলিয়া পরিষ্কার করিবার অতি উত্তম যন্ত্র ইহা পশুর বা বাষ্পীয় যন্ত্রের বলে চালিত হইয়া শণের গাড়া কাটিবে ... | ৫০ | ... | ... | ৫০ |
| ৫৮ | ছালার চট প্রস্তুত করিবার অতি উত্তম চরকা ইহা হস্তদ্বারা চালিত হয় ... | ৫০ | ... | ... | ৫০ |
| ৫৯ | শণ, পাট প্রভৃতি আঁশযুক্ত বৃক্ষাদিকে অনেক ক্ষণ জলে রাখিলে উহাদের আঁশ কার্য্যোপযোগী হয় বটে কিন্তু তাহাতে আঁশের বর্ণ ও শক্তি হ্রস্ব হইয়া পড়ে তাহা জলে না, ভিজাইয়া অন্য কোন উপায় বা যন্ত্র দ্বারা কোন ব্যক্তি আঁশ বাহির করিলে সে ১০০৲ টাকা পুরস্কার পাইবে। ... | ১০০ | ... | ... | ১০০ |
| ৬০ | করাত চালাইবার অতি উৎকৃষ্ট যন্ত্র ... | ৫৫ | ... | ... | ৫০ |
| ৬১ | পশু বা অন্য কোন উপায় দ্বারা তিল প্রভৃতি তৈলের শস্য হইতে তৈল বাহির করিবার অতি উত্তম যন্ত্র অর্থাৎ ঘানী ... | ৫০ | ... | ... | ৫০ |
| ৬২ | ঐ ঐ খুইল বিশিষ্ট ফল হইতে তৈল বাহির করিবার উত্তম যন্ত্র ... | ৫০ | ... | ... | ৫০ |
| ৬৩ | ঐ ঐ দেশীয় যন্ত্রদ্বারা ... | ৩০ | ... | .. | ৩০ |
| ৬৪ | পশু বা বাষ্পীয় যন্ত্রদ্বারা চালিত ধান্যের তুষ বাহির করিবার উৎকৃষ্ট যন্ত্র ... | ৫০ | ... | ... | ৫০ |
| | ১৮ টি পারিতোষিক। | | | মোট। | ৭২৫ |

১০ শাখা।

চা প্রস্তুত করিবার যন্ত্রাদি।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬৫ | চায়ের পাতাকে ঢাকনা রহিত লৌহ পাত্রে রাখিয়া অনাবৃত অগ্নির উপরে রাখা যায় ইহা চা পাত প্রস্তুত করিবার বর্ত্তমান রীতি কিন্তু ইহাতে চায়ের পাত সমভাবে প্রস্তুত হয় না। কোন২ পাত প্রায় দগ্ধ হইয়া যায় কোন২ পাত প্রায় আগুণের তাপ পায় না এই দোষ বারণ করিবার নিমিত্ত যে কোন ব্যক্তি | | | | |

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| | বাষ্পীয় যন্ত্র দ্বারা চালিত দ্বিগুণ বা অন্য কোন রূপ পাত্র বিশিষ্ট যন্ত্র প্রস্তুত করিলে সে ১০০ টাকা পুরস্কার পাইবে। | ১০০ | ... | ... | ১০০ |
| ৬৬ | বাষ্পীয় যন্ত্র দ্বারা চালিত চায়ের পাতকে বাটিয়া দিবার অতি উৎকৃষ্ট যন্ত্র। | ১০০ | ... | ... | ১০০ |
| ৬৭ | বাষ্পীয় যন্ত্র দ্বারা চালিত চায়ের পাত হইতে গুঁড়া গাঁড়া পৃথক করিবার অতি উৎকৃষ্ট যন্ত্র ... | | | | |
| ৬৮ | চায়ের পাতকে শেষবার শুকাইবার নিমিত্ত ঢোলাকার টুক্রিতে রাখা যায় ইহা উৎকৃষ্টরূপে শুকাইবার যন্ত্র বা উপায়। ... | ১০০ | ... | ... | ১০০ |
| ৬৯ | সচরাচর চায়ের বাক্স পার্শ্বের সন্ধিতে খুলিয়া যায়। যে কোন ব্যক্তি এমন বাক্স প্রস্তুত করিতে পারে যাহার সন্ধি শীঘ্র খুলিয়া না যায় অথবা অল্প খরচে প্রস্তুত হয় এবং অল্প কষ্টে স্থিতি হয় সে ব্যক্তি ৩০ টাকা পুরস্কার পাইবে ... | ৩০ | ... | ... | ৩০ |
| | | | | মোট— | ৩৩০ |

৫টী পারিতোষিক।

দ্বিতীয় শ্রেণীর সংক্ষিপ্ত বিবরণ।

| | |
|---|---|
| কৃষির আদি কার্য্য সাধক ৫ টী পারিতোষিক ... | মোট টাকা |
| লাঙ্গলাদি কৃষি ৬ ঐ ... | ,, |
| খনন ও বপন করিবার যন্ত্র ৫ ঐ ... | ,, |
| গ্রাম্য পশু পক্ষী প্রভৃতি পালনার্থ বাথানে ব্যবহার্য্য যন্ত্র ৬ ঐ ... | ,, |
| ক্ষেত্রোৎপন্ন বস্তু দ্বারা অন্য দ্রব্য প্রস্তুত করিবার কল ৮ ঐ ... | ,, |
| জল তুলিবার যন্ত্র ৬ ঐ ... | ,, |
| কৃষি কার্য্য ব্যবহার্য্য গাড়ী ও সাজ প্রভৃতি ৫ ঐ ... | ,, |
| মাখন প্রস্তুত করিবার যন্ত্র ৫ ঐ ... | ,, |
| অতিরিক্ত যন্ত্র ১৮ ঐ ... | ,, |
| চা-পাত প্রস্তুত করিবার যন্ত্র ৫ ঐ ... | ,, |

৬৯টী পারিতোষিক।

৩য় শ্রেণী।

ক্ষেত্রোৎপন্ন দ্রব্যাদি।

১ম শাখা।

শস্য।

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | পাঁচ মণ গোম প্রদর্শন স্থানে আনিয়া পাঁচ সের নমুনা দেখাইতে হইবেক। ... | ১০ | ৬ | ৪ | ২০ |
| ২ | দুই মণ যব ঐ ঐ ঐ ... | ১০ | ৬ | ৪ | ২০ |
| ৩ | তিন মণ ওট ঐ ঐ ঐ ... | ১০ | ৬ | ৪ | ২০ |
| ৪ | এক মণ ভুট্টা ঐ ঐ ঐ ... | ১০ | ৬ | ৪ | ২০ |
| ৫ | পাঁচ মণ নানাপ্রকার সিদ্ধ চাউল ঐ ... | ৩০ | ২০ | ১০ | ৬০ |
| ৬ | পাঁচ মণ নানাপ্রকার আতপ চাউল ঐ ... | ৩০ | ২০ | ১০ | ৬০ |
| ৭ | অতি উৎকৃষ্ট যব পাঁচ মণ ঐ ... | ২০ | ১৫ | ৭ | ৪২ |
| | ২১টী পারিতোষিক। | | | মোট— | ২৪২ |

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ১০ অক্টোবর।]

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কর | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| | ২য় শাখা। | | | | |
| | ছোলা কলাই প্রভৃতি। | | | | |
| ৮ | ১০ মণ ছোলা প্রদর্শন স্থানে আনিয়া ৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে … | ২০ | ১৫ | ১০ | ৪৫ |
| ৯ | ৫ মণ মটর … | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| ১০ | ৫ মণ কলাই … | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| ১১ | ১ মণরিচ ম … | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| | ১২টী পারিতোষিক। | | | মোট— | ১৩৫ |
| | ৩য় শাখা। | | | | |
| | নানাপ্রকার মূল। | | | | |
| ১২ | ৩ মণ আলু প্রদর্শন স্থানে আনিয়া ৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে … | ২৫ | ১৫ | ১০ | ৫০ |
| ১৩ | ২ মণ সকরকন্দ অর্থাৎ মিস্ট আলু … | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| ১৪ | হরিদ্রা ঐ ঐ … | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| ১৫ | ১ মণ আদা নমুনা স্বরূপ দেখাইতে হইবে … | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| ১৬ | ১ মণ আরারুট ঐ ঐ … | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| ১৭ | ১ মণ কচু ঐ ঐ … | ১০ | ৫ | … | ১৫ |
| | ১৭ টী পারিতোষিক। | | | মোট— | ১৮৫ |
| | ৪র্থ শাখা। | | | | |
| | আঁশযুক্ত পদার্থ। | | | | |
| ১৮ | ৫ মণ কোষ্টা প্রদর্শন স্থানে আনিয়া /৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে … | ৭৫ | ৫০ | ২৫ | ১৫০ |
| ১৯ | ঐ পাট … | ৫০ | ৩০ | ২০ | ১০০ |
| ২০ | ঐ শণ … | ২৫ | ২০ | ১০ | ৫৫ |
| ২১ | ঐ ধঞ্চা বা ধান্‌কা … | ২০ | ১৫ | … | ৩৫ |
| ২২ | ঘৃতকুমারী … | ২০ | ১৫ | … | ৩৫ |
| ২৩ | রেউচিনি … | ৩০ | ১৫ | … | ৪৫ |
| | ১৫ টী পারিতোষিক। | | | মোট— | ৪২০ |
| | ৫ম শাখা। | | | | |
| | তুলা। | | | | |
| ২৪ | ৫ মণ বীজ শুন্ধ তুলা প্রদর্শন স্থানে আনিয়া /৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে … | ১০০ | ৫০ | ২০ | ১৭০ |
| ২৫ | ঐ পরিষ্কৃত তুলা … | ১০০ | ৫০ | ২০ | ১৭০ |
| | ৬টী পারিতোষিক। | | | মোট— | ৩৪০ |
| | ৬ষ্ঠ শাখা। | | | | |
| | কাঁচা রেশম। | | | | |
| ২৬ | গুটিপোকার ৫০টি কোষা উহার তসর ও রেশম সহিত প্রদর্শন করিতে হইবে … | ৫০ | ২৫ | … | ৭৫ |
| ২৭ | ঢাকা বিভাগস্থ অন্য কোন প্রকার ঐ … | ৩০ | ২০ | … | ৫০ |
| | ৪টী পারিতোষিক। | | | মোট— | ১২৫ |

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| | ৭ম শাখা। | | | | |
| | রং। | | | | |
| ২৮ | ২ মণ কুসুম প্রদর্শন স্থানে আনিয়া /৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে ... | ১০০ | ৫০ | ২৫ | ১৭৫ |
| ২৯ | ঢাকা বিভাগস্থ ১ বাকস নীল প্রদর্শন স্থানে আনিয়া /২ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে ... | ১০০ | ৭৫ | ৫০ | ২২৫ |
| | ৬টী পারিতোষিক। | | | মোট— | ৪০০ |
| | ৮ম শাখা। | | | | |
| | তৈলীয় শস্য। | | | | |
| ৩০ | ৫ মণ ত্বিতশি প্রদর্শন স্থানে আনিয়া /৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবেক ... | ২৫ | ১০ | ... | ৩৫ |
| ৩১ | ঐ সর্ষপ ঐ ... | ২৫ | ১০ | ... | ৩৫ |
| ৩২ | ঐ তিল ঐ ... | ২৫ | ১০ | ... | ৩৫ |
| ৩৩ | ঐ রামতিল ঐ ... | ২৫ | ১০ | ... | ৩৫ |
| ৩৪ | ঐ ভেরেণ্ডা ঐ ... | ২৫ | ৫ | ... | ৩৫ |
| ৩৫ | ঐ পোস্তা ঐ ... | ১০ | ১০ | ... | ১৫ |
| ৩৬ | ঐ কুসুমবীজ ঐ ... | ২৫ | ১০ | ... | ৩৫ |
| ৩৭ | ঐ নারিকেল নমুনা স্বরূপ ৫ টা নারিকেল ঐ.. | ২৫ | ১০ | ... | ৩৫ |
| ৩৮ | ঐ তুলা বীজ ঐ ... | ২৫ | ১০ | ... | ৩৫ |
| | ১৮টী পারিতোষিক। | | | মোট— | ২৯৫ |
| | ৯ম শাখা। | | | | |
| | তামাক। | | | | |
| ৩৯ | ২ মণ অত্যন্ত শুষ্কতামাক পাতা বা সাদা, প্রদর্শন স্থানে আনিয়া /৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে ... | ৫০ | ২৫ | ১০ | ৮৫ |
| | ৩টী পারিতোষিক। | | | মোট— | ৮৫ |
| | ১১শ শাখা। | | | | |
| | কাফি। | | | | |
| ৪০ | ঢাকা বিভাগস্থ ১ মণ কাফি প্রদর্শন স্থানে আনিয়া /৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে। | ৫০ | ২৫ | ... | ৭৫ |
| | ২টী পারিতোষিক। | | | মোট— | ৭৫ |
| | ১২শ শাখা। | | | | |
| | ইক্ষু বা আক। | | | | |
| ৪১ | এক বিঘা ভূমির উৎপন্ন আকের নমুনা স্বরূপ ১০টি সফেদ আক ... | ৩০ | ২০ | ১০ | ৬০ |
| ৪২ | ঐ ঐ লাল আক ... | ৩০ | ২০ | ১০ | ৬০ |
| | ৬টী পারিতোষিক। | | | মোট— | ১২০ |
| | মধু ও মোম। | | | | |
| ৪৩ | চাকের সহিত /২ সের মধু আনিতে হইবে ... | ১৫ | ১০ | ... | ২৫ |
| ৪৪ | চাকের সহিত /২ সের মোম আনিতে হইবে ... | ১০ | ৫ | ... | ১৫ |
| | ৪টী পারিতোষিক। | | | মোট— | ৪০ |

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১০ অক্টোবর।]

## ৩য় শ্রেণী।

### ২য় অংশ। কৃষিজাত ভক্ষ্য পদার্থ।

১ ম শাখা। যে যে কৃষিজাত বস্তু অগ্নিপক্ব না হইয়াই আহার শিল্প ও ঔষধে ব্যবহৃত হয় তাহা।

| | | | | |
|---|---|---|---|---|
| ক, | জীবিজাত | | | ... |
| খ, | উদ্ভিজ্জ | | | ... |
| গ, | খনিজ | পারিতোষিক | মোট | ১০০ |

২য় শাখা। যে যে কৃষিজাত বস্তু অগ্নিপক্ব হইয়া আহার শিল্প ও ঔষধে ব্যবহৃত হয় তাহা।

| | | | | |
|---|---|---|---|---|
| ক, | মোরব্বা আহার ও শুষ্ক ফল | | | ... |
| খ, | মোশল্লা | | | ... |
| গ, | চিনি গুড় প্রভৃতি এবং তদুৎপন্ন মিষ্ট দ্রব্য | | | ... |
| ঘ, | নানা প্রকার তৈল | | | |
| ঙ, | নানা প্রকার রঙ | | | |
| চ, | নানা প্রকার পদার্থ | পারিতোষিক | মোট | ২৫০ |

## ৩য় শ্রেণীর সংক্ষিপ্ত বিবরণ।

### ১ম অংশ। কৃষিজাত নানা প্রকার ব্যবহার্য্য পদার্থ।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১ ম | শাখা। | শস্যাদি | ২১ শ | পারিতোষিক | মোট | ২৪২ |
| ২ য় | ঐ। | বুট কলাই প্রভৃতি | ১২ | ঐ | ঐ | ১৩৫ |
| ৩ য় | ঐ। | মূলাদি | ১৭ | ঐ | ঐ | ১৮৫ |
| ৪ র্থ | ঐ। | আঁশ আদি | ১৫ | ঐ | ঐ | ৪২০ |
| ৫ ম | ঐ। | তূলা | ৬ | ঐ | ঐ | ৩৪০ |
| ৬ ষ্ঠ | ঐ। | কাঁচা রেশম | ৪ | ঐ | ঐ | ১২৫ |
| ৭ ম | ঐ। | রঙ | ৬ | ঐ | ঐ | ৪০০ |
| ৮ ম | ঐ। | তৈলের শস্য | ১৮ | ঐ | ঐ | ২৯৫ |
| ৯ ম | ঐ। | তামাক পাত | ৩ | ঐ | ঐ | ৮৫ |
| ১০ ম | ঐ। | চা | ৩ | ঐ | ঐ | ২২৫ |
| ১১ শ | ঐ। | কাফি | ২ | ঐ | ঐ | ৭৫ |
| ১২ শ | ঐ। | আখ | ৬ | ঐ | ঐ | ১২০ |
| ১৩ শ | ঐ। | মোম ও মধু | ৪ | ঐ | ঐ | ৪০ |
| | | ৫২ টী পারিতোষিক | | মোট | | ২৬৮৭ |

### ২ য় অংশ। কৃষিজাত ভক্ষ্য পদার্থ।

| | | | | |
|---|---|---|---|---|
| ১ ম শাখা। | অনগ্নি পক্ব | | মোট | ০০ |
| ২ য় ঐ। | অগ্নিপক্ব | | ঐ | ২৫০ |
| | | মোট | | ৩৫০ |

সমুদয় ৩ য় শ্রেণীর মোট ৩০৩৭

## ৪ র্থ শ্রেণী।

এদেশীয় যে সকল শিল্পজাত পদার্থ কৃষি ব্যতীত অন্যান্য কার্য্যের উপযোগী তাহা।

১ ম অংশ। চিত্রাদি ভিন্ন অন্যবিধ শিল্পজাত বস্তু।

১ ম শাখা। তূলাজাত পদার্থ
২ য় ঐ। পশম ঐ
৩ য় ঐ। রেশম ঐ
৪ র্থ ঐ। অন্যবিধ সূত্রজাত পদার্থ
৫ ম ঐ। জরীর কাপড় ও সূত্রাদিদ্বারা চিত্রিত কাপড়।
৬ ষ্ঠ ঐ। কৃত্রিম ও অকৃত্রিম অলঙ্কার।
৭ ম ঐ। ছুরি কাঁচি তালা চাবি প্রভৃতি লোহাদি ধাতু নির্ম্মিত পদার্থ।

[*Government Gazette*, 10*th October* 1865.]

৮ ম ঐ । চীনের ও মাটীর বাসন ইত্যাদি। ইহার মধ্যে ইট টালি পরিগণিত হইবে।
৯ ম ঐ । কাঁচা নির্ম্মিত পদার্থ।
১০ ম ঐ । কাষ্ঠ মার্ব্বলাদি দ্বারা নির্ম্মিত মেজ চৌকী প্রভৃতি।
১১ শ ঐ । উত্তম রূপে খোদিত কাষ্ঠ বা হস্তিদন্ত নির্ম্মিত পদার্থ।
১২ শ শাখা চর্ম্ম নির্ম্মিত নানাপ্রকার পদার্থ।
১৩ শ ঐ নানাপ্রকার কাগজ।
১৪ শ ঐ কাগজ মোম্ লোম বাস ও পোত নির্ম্মিত সুন্দর পদার্থ।
১৫ শ ঐ অস্ত্রশস্ত্র ও সৈন্য পরিধেয় বস্ত্র।
১৬ শ ঐ নানাপ্রকার শকট ও শিবিকা।
১৭ শ ঐ অন্য কোন শিল্পজাত পদার্থ। মোট পারিতোষিক ১০০

২ য় অংশ। চিত্র ও প্রতিমূর্ত্তি ইত্যাদি।
১ ম শাখা নানা বস্তুর আদর্শ ও প্রতিমূর্ত্তি।
২ য় ঐ প্রিণ্টিং লিথগ্রাফি খোদা ও সাজেতোলা দ্রব্য।
৩ য় ঐ ফোটগ্রাফি।
৪ র্থ ঐ হস্ত লিখিত বিবিধ অক্ষর ও জল এবং তৈলে মর্দ্দিত বর্ণযুক্ত ছবি।
৫ ম ঐ যে সকল শিল্পজাত সূক্ষ্ম বস্তু পূর্ব্বোল্লিখিত দ্রব্যের মধ্যে গণনীয় নহে, তাহা।
মোট পারিতোষিক ২০০

৩ য় অংশ। শিল্পী, চিত্রকর, জ্যোতির্ব্বিৎ, ক্ষেত্র মাপক, প্রভৃতি লোকদিগের যে সকল ব্যবহার্য্য যন্ত্র উল্লিখিত লিষ্টে গণনা করা হয় নাই, তাহা মোট পারিতোষিক ৩০০

৪র্থ শ্রেণীর সংক্ষিপ্ত বিবরণ।

| | | |
|---|---|---|
| ১ ম অংশ। | চিত্রাদি ভিন্ন অন্যবিধ শিল্পজাত বস্তু। | মোট টাকা |
| ২ য় ঐ | চিত্র প্রতিমূর্ত্তি ইত্যাদি | ঐ |
| ৩ য় ঐ | শিল্পী প্রভৃতির ব্যবহার্য্য যন্ত্র | ঐ |
| | | মোট টাকা |

মন্তব্য। ১ ম যেং কৃষিজাত বা অন্য কোন বস্তুর বিষয় এই লিষ্টের চারি অংশে লিখিত হয় নাই সেইং বস্তু উৎকৃষ্ট হইলে তন্নির্ম্মাতাদিগকে এ প্রদর্শনের রক্ষকেরা পুরস্কার দিবেন।

মোট বিবরণ।

| | | |
|---|---|---|
| ১ ম | শ্রেণী | মোট টাকা |
| ২ য় | ঐ | ঐ |
| ৩ য় | ঐ | ঐ |
| ৪ র্থ | ঐ | ঐ |

মোট টাকা

উদ্বর্ত্তীয় টাকাহইতে উপযুক্ত প্রদর্শনকারিদিগকে অতিরিক্ত পুরস্কারও দেওয়া যাইবে।
প্রদর্শন দেখিবার ফিস।

সমুদায় প্রদর্শন কালের টিকট (টিকিটধারি ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তি ইহা ৎইয়া প্রদর্শন দেখিতে পারিবে না)। ৩৲
১ ম দিনের টিকিটের মূল্য ১৲
২ য়, ৩ য়, দিনের টিকিটের মূল্য ।০
শেষ ২ দিন। ফ্রী

বিজ্ঞাপন।

প্রদর্শনোপলক্ষে ময়মনসিংহ নগরে ঢাকার অন্তঃপাতি মুন্সিগঞ্জের কার্ত্তিক বারুণির তুল্য একটি মেলা হইবে এবং প্রদর্শন সম্বন্ধীয় টাকার কিয়দংশ তৎ সাহায্যার্থে ব্যয় করা যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১০ অকুটোবর।]

---

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত তামস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, OCTOBER 10, 1865.

মঙ্গলবার ১৮৬৫ সাল ১০ অক্টোবর।

## বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেণ্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

### বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যে২ খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে, কিম্বা সেই দিবস বন্দের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ন কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান।
সেক্রেটারী।

# নীলামের ইশ্‌তিহার।

## জিলা ভুলুয়া।

ইশ্‌তেহার নামা কাছারি কালেক্টরি জিলা ভুলুয়া।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ভুলুয়া জিলার মধ্যবর্ত্তি পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরেজী ১৮৬৫ সালের নবেম্বর মাসের ১০ দশ তারিখে ও মোতাবেক বাঙ্গলা সন ১২৭২ সালের কার্ত্তিক মাসের ২৬ তারিখে শুক্রবার জিলা ভুলুয়ার কালেক্টরিতে বিক্রয় হইবে।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

| রাজকীয় মহালের কৈফিয়তের নম্বর | জিলার বহীতে নম্বর | মহাল ও পরগনার নাম | যত একর পরিমাণ | সদর জমা | | | নীলামে প্রথম ডাক | মন্তব্য কথা। |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | মার্য্যকরা রাজস্ব | রাস্তার টেক্স | মোট | | |
| | | | এ: রু: প: | টাকা | টাকা | টাকা | | |
| ১৬৮ | ১৪২০ | হকিয়তসরকার পরগনে দাডরা চর গোয়ালগাও | ৩৭৮।০।১৭ | ৬৬৫৲ | ৭৲ | ৬৭২৲ | সরকারী অংশের সদর জমার দ্বিগুণ ৪১০৲ | প্রকাশ থাকে যে এই বাজেয়াপ্তী মহালের শ্রীশ্রীমতী মহারাণী হকিয়তসূত্রে মালীকানা প্রাপ্তে। ১৮ ॥ ১০ ক্রান্তের মালীক বটেন ঐ মহাল নীলামী এস্তেহারে ৪। ৫ নং কালমে মহালের মোট জমি জমা লিখিয়া সরকারি অংশের জমা কৈফিয়তে লেখা গেল, এই জমা খরিদার আদায় করিবে ও বর্ত্তমানে ১২৭২ সন হইতে খরিদার দখল পাইবে।<br>সদর জমা মহাল উন্নতি একুন<br>২০৫৲ ২৲ ২০৭৲ |
| ৭ | ১৩৭৮ | পরগনে বাবুপুর হিসে /১১ গণ্ডা মহাল খাশ। | ১৭০৬।১।১০ | ১৭৫১৲ | ১৮৲ | ১৭৬৯৲ | ৩৫০২৲ | এই মহাল ১২৭২ সন হইতে খরিদারের স্বত্ব বর্ত্তিবেক। |

G. A. Pepper,
*Collector.*

ভুলুয়ার জিলার কালেক্টরি ১৮৬৫ সনের ১০ জুলাই।

## জিলা মুরশিদাবাদ।

### ইস্তাহারনামা কাছারি কালেকুটরি জিলা মুরশিদাবাদ।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জিলার মধ্যবর্ত্তী নিম্নের লিখিত খাষ মহালের গবর্ণমেন্টের মালিকি স্বত্ব সন ১৮৬৫ সালের ২৪ অকুটোবর মোতাবক সন ১২৭২ সালের ৯ কার্ত্তিক মঙ্গলবারে জিলা মুরশিদাবাদের কালেকুটরি কাছারিতে বিক্রয় হইবেক।

| ৮৮ | টাটকা মাখন একসেরের ন্যূন না হয় ... | ৬ | ৪ | ,, | |
| ৮৯ | পনির ৩খণ্ড প্রত্যেক খণ্ড দুই সেরের ন্যূন না হয় ... | ৬ | ৪ | ,, | |

[*Government Gazette*, 17th October 1865.]

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| ৯০ | তিন খাব্দা মলাই প্রত্যেক খানা এক সেরের ন্যূন না হয় ... | ৬ | ৪ | ,, | |
| ৯১ | গাভীর ঘৃত ২০ সেরের ন্যূন না হয় ... | ৬ | ৪ | ,, | |
| ৯২ | মহিষা ঐ ঐ ঐ ... | ৬ | ৪ | ,, | |
| | দুগ্ধজাত সামগ্রীর মোট— | | | | |
| | ১০ টী পারিতোষিক। | | | | |
| | মন্তব্য এই সমস্ত দুগ্ধজাত সামগ্রী প্রদর্শনের প্রথম দিনে অপ্রীত হইবেক। | | | | |
| | প্রথম শ্রেণীর পুরস্কারের সংক্ষিপ্ত বিবরণ ... | | | | |
| | গরু আঁড়িয়াগরু প্রভৃতি ... | | | | |
| | ঘোড়া ও টাটু ... | | | | |
| | ভেড়া ছাগ প্রভৃতি ... | | | | |
| | মোর্গা মুর্গী প্রভৃতি ... | | | | |
| | দুগ্ধজাত সামগ্রী ... | | | | |
| | মোট টাকা।— | | | | |
| | **দ্বিতীয় শ্রেণী।** | | | | |
| | **কৃষি যন্ত্র।** | | | | |
| | **প্রথম শাখা।** | | | | |
| | **কৃষি আদি কার্য্য সাধক যন্ত্র।** | | | | |
| ১ | পরিচালক কর্ফিবিশিষ্ট ১০ হইতে ১৮ হর্স পাওয়ার অতি উৎকৃষ্ট সাধারণ কার্য্য সাধক হালকা ডবল সিলিণ্ডর এন্‌জিন বা বাষ্পীয় যন্ত্র ইহার ৪ চাকা ও ঘোড়া সংযোগ করিবার উপায় থাকিবেক ... | ২৫০ | ,, | ,, | |
| ২ | সাধারণ কৃষি যন্ত্রকে চালাইতে সক্ষম এরূপ অশ্ব বা অন্য কোন পশু যোজিত যন্ত্র ... | ১০০ | ,, | ,, | |
| ৩ | স্রোত দ্বারা চালিত অতি উৎকৃষ্ট কার্য্যসাধক চাকা ... | ১০০ | ,, | ,, | |
| ৪ | অতি উৎকৃষ্ট টর্বিন (ইংরেজী নাম) ... | ১০০ | ,, | ,, | |
| ৫ | অতি উৎকৃষ্ট ট্রেক্‌সন ইঞ্জিন। ... | ২০০ | ,, | ,, | |
| | ৫ টী পারিতোষিক। মোট— | | | | |
| | **দ্বিতীয় শাখা।** | | | | |
| | **লাঙ্গলাদি কৃষিযন্ত্র।** | | | | |
| ৬ | সাধারণ কর্ম্মের উপযুক্ত এক ঘোড়া কি এক যোড়া বলদ টানিতে পারে এমত অতি উত্তম হালকা লাঙ্গল। | ৫০ | ৩০ | ২০ | |
| ৭ | সাধারণ বলদ দ্বারা টানা যায় এদেশের নির্ম্মিত এমত অতি উত্তম লাঙ্গল। ... | ৫০ | ২৫ | ১৫ | |
| ৮ | সাধারণ কর্ম্মের উপযুক্ত, এক যোড়া বলদ দ্বারা টানা যায় এমত লাঙ্গল ইহা সাধারণ লাঙ্গল অপেক্ষা উত্তম হইবে ও কাষ্ঠ, লৌহ বা উভয় পদার্থে নির্ম্মিত হইবে। | ৫০ | ২৫ | ২০ | |
| ৯ | নম্র মাটীর উপযুক্ত অতি উত্তম মই ইহা এক যোড়া সাধারণ বলদদ্বারা টানা যায়। | ৫০ | ২৫ | ২০ | |
| ১০ | চা কিম্বা তুলা বৃক্ষ সারির মধ্যে মধ্যে চসিবার ও সাধারণ কর্ম্মের উপযুক্ত চসিবার ও ক্ষুদ্র বন ছেদন করিবার বা মাটী কাটাবার অতি উত্তম লাঙ্গল ইহা সাধারণ এক যোড়া বলদ দ্বারা টানা যায় এমত হইবে। | ৫০ | ২৫ | ২০ | |
| ১১ | বীজ বপন করিবার জন্য ভূমি প্রস্তুত করিবার নানা প্রকার যন্ত্র যে সকল, হস্ত দ্বারা ব্যবহৃত হয়। | ৫০ | ২৫ | ,, | |
| | ৬টী পারিতোষিক। মোট... | | | | |

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১৭ অক্টোবর।]

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| | তৃতীয় শাখা। | | | | |
| | খনন ও বপন করিবার যন্ত্র। | | | | |
| ১২ | ওট, গম, নীল ইত্যাদি বীজ বপনের উপযুক্ত অতি উত্তম যন্ত্র। | ৫০ | ,, | ,, | |
| ১৩ | বীজ ছড়াইয়া বুনিবার অতি উত্তম যন্ত্র ... | ৩০ | ,, | ,, | |
| ১৪ | বীজ বুনিতে ছিদ্র করিবার অথবা ছিদ্র করিয়া বীজ বুননের অতি উত্তম যন্ত্র ... | ২০ | ,, | ,, | |
| ১৫ | ছিদ্রের মধ্যে নিড়াইবার অতি উত্তম যন্ত্র ইহা ঘোড়া বা বলদ দ্বারা টানা যায় ... | ৫০ | ২৫ | ,, | |
| ১৬ | বীজ বুনিবার ছিদ্রের ও অঙ্কুরিত পল্লবের মধ্যে মধ্যে পরিষ্কারাদি কার্য্যের উপযুক্ত খনন বা নিড়াইবার অতি উত্তম হাতিয়ার ... | ২৫ | ১০ | ,, | |
| | ৫ টী পারিতোষিক মোট— | | | | |
| | চতুর্থ শাখা। | | | | |
| | গ্রাম্য পশু পক্ষী প্রভৃতি পালনার্থ বাথানে ব্যবহার্য্য যন্ত্র। | | | | |
| ১৭ | গোম, ওট, ধান্য প্রভৃতি মর্দ্দন করিবার নিমিত্ত মধ্যম পরিমাণের অতি উত্তম যন্ত্র ইহা পশ্বাদি দ্বারা চালিত হয়। | ১০০ | ,, | ,, | |
| ১৮ | শস্য চালনের অতি উত্তম যন্ত্র। | ৫০ | ,, | ,, | |
| ১৯ | হস্ত দ্বারা চালিত তৃণাদি কাটিবার যন্ত্র। | ৫০ | ,, | ,, | |
| ২০ | ওট ধান্যাদি পিশিবার অতি উত্তম যন্ত্র ইহা হস্তদ্বারা চালিত হয়। | ৫০ | ,, | ,, | |
| ২১ | তৈলের শস্য মর্দ্দন করিবার অতি উত্তম যন্ত্র। | ০ | ,, | ,, | |
| ২২ | গো, মেষ, শূকর, মুরগী প্রভৃতির আহারের জন্য অতি উত্তম নানা প্রকার কাটের টাগারী। | ৫০ | ,, | ,, | |
| | ৬টী পারিতোষিক। মোট— | | | | |
| | পঞ্চম শাখা। | | | | |
| | ক্ষেত্রোৎপন্ন বস্তুদ্বারা অন্য দ্রব্য প্রস্তুত করিবার কল। | | | | |
| ২৩ | তূলা হইতে বীজ পৃথক করিবার অতি উত্তম এতদ্দেশীয় যন্ত্র অর্থাৎ ডলন কাটি। | ২০ | ,, | ,, | |
| ২৪ | উপরোক্ত ডলন কাটি অপেক্ষা তূলা হইতে বীজ বাহির করিবার অতি উত্তম যন্ত্র। | ৫০ | ,, | ,, | |
| ২৫ | ইক্ষুরস বাহির করিবার জন্য এদেশীয় অতি উত্তম যন্ত্র অর্থাৎ ঘানি গাছ। | ২০ | ,, | ,, | |
| ২৬ | উপরোক্ত ঘাণিগাছ অপেক্ষা আকের রস বাহির করিবার জন্যউত্তম যন্ত্র। | ৫০ | ,, | ,, | |
| ২৭ | তণ্ডুল প্রস্তুত করিবার অতি উত্তম যন্ত্র অর্থাৎ কুলো বা ঝাড়ুনী। | ৫০ | ,, | ,, | |
| ২৮ | শণ, পাট প্রভৃতি আশযুক্ত বস্তু খুলিয়া পরিষ্কার করিবার অতি উত্তম যন্ত্র ইহা দ্বারা আশের গাড়া, লড়া বা গিট কাটা যায়। | ৫০ | ,, | ,, | |
| ২৯ | এদেশীয় হস্ত চালিত অতি উত্তম ময়দার জাঁতা। | ২৫ | ,, | ,, | |
| ৩০ | অন্য কোন প্রকার অতি উত্তম ময়দার জাঁতা | ৫০ | ,, | ,, | |
| | ৮ টী পারিতোষিক। মোট— | | | | |

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| | ষষ্ঠ শাখা। | | | | |
| | জল তুলিবার যন্ত্র। | | | | |
| ৩১ | পারস্য দেশীয় অতি উৎকৃষ্ট হালকা জল তুলিবার চক্র। ইহা ৩৫ ফুট গভীর কূপ হইতে জল তুলিতে পারে। | ৫০ | ” | ” | |
| ৩২ | এদেশীয় কাষ্ঠ নির্ম্মিত পারস্য জল তুলিবার চক্র। | ৩০ | ” | ” | |
| ৩৩ | পশ্বাদি দ্বারা চালিত কূপ বা পুষ্করিণী হইতে জল তুলিবার অতি উৎকৃষ্ট চক্র। | ৫০ | ” | ” | |
| ৩৪ | পশ্বাদি দ্বারা চালিত অতি উৎকৃষ্ট চীন দেশীয় সাধারণ জল তুলিবার বোমা। | ৫০ | ” | ” | |
| ৩৫ | জল তুলিবার অতি উৎকৃষ্ট যন্ত্রের নানা প্রকার আদর্শ। | ৫০ | ” | ” | |
| ৩৬ | অতি উৎকৃষ্ট সাধারণ হালকা বোমা। ইহা চাকা ও উপকরণ বিশিষ্ট হওয়া আবশ্যক এবং যেন দুই চারি জন উহাকে অনায়াশে এক কূপ হইতে কূপান্তরে লইয়া যাইতে পারে। | ৫০ | ” | ” | |
| | ৬ টি পারিতোষিক। মোট— | | | | |
| | সপ্তম শাখা। | | | | |
| | কৃষিকার্য্যে ব্যবাহার্য্য গাড়ী ও সাজ প্রভৃতি। | | | | |
| ৩৭ | সাধারণ কর্ম্মের উপযুক্ত ঘোড়া বা বলদের অতি উত্তম হালকা গাড়ী। ইহা শস্যকাটিবার সময় প্রয়োজন মতে গড়াইয়া দেওয়া যাইতে পারে। | ৭৫ | ৫০ | ২৫ | |
| ৩৮ | যে ছাকড়া গাড়ী এক্ষণে ব্যবহার হইয়া থাকে তাহার পরিবর্ত্ত বা তদপেক্ষা উত্তম গাড়ী ইহার চাকার আল ও গেবিয়া ও চাকার লৌহ পাত বথক আবশ্যক ও বাঁশের নূতন গাড়ীর ভার অপেক্ষা চতুর্থাংশ অধিক ভারি না হয়। | ৭৫ | ৫০ | ২৫ | |
| ৩৯ | জল সেচন করিবার অতি উৎকৃষ্ট গাড়ী ইহাতে যেন জল সেচনের উৎকৃষ্ট উপায় থাকে এবং ইহা যেন সহজে নির্ম্মিত হয়। | ৫০ | ৩০ | ” | |
| ৪০ | এদেশীয় লাঙ্গল বা গাড়ীতে যোজিত দুই বা চারি বলদের সাজ। ইহা যেন উৎকৃষ্ট ও শীঘ্র নির্ম্মিত হইতে পারে ও বলদের গায় উত্তমরূপে বসিতে পারে। | ২৫ | ১৫ | ১০ | |
| ৪১ | ঐ ঐ এক বলদ | ২৫ | ১০ | ৫ | |
| | ৫ টি পারিতোষিক। | | | | |
| | ৮ ম শাখা। | | | | |
| | মাখন প্রভৃতি প্রস্তুত করিবার যন্ত্র। | | | | |
| ৪২ | অতি উত্তম মন্থন পাত্র। | ২৫ | ” | ” | |
| ৪৩ | এদেশীয় অতি উত্তম মন্থন পাত্র। | ১৫ | ” | ” | |
| ৪৪ | অতি উত্তম মন্থন দণ্ড … | ১৫ | ” | ” | |
| ৪৫ | নানাপ্রকার অতি উৎকৃষ্ট মাখনের ছাপ। | ১৫ | ” | ” | |
| ৪৬ | মাটির বা কাচের বা মিনার অতি উত্তম দুগ্ধপাত্র। | ২৫ | ” | ” | |
| | ৫ টি পারিতোষিক। | | | | |
| | ৯ম শাখা। | | | | |
| | অতিরিক্ত নানাপ্রকার যন্ত্র। | | | | |
| ৪৭ | অতিউৎকৃষ্ট হাল্কা অর্থাৎ এক স্থান হইতে অন্য স্থানে অনায়াসে লওয়া যায় এই প্রকার ঢাপর সহিত কামানের অগ্নি রাখিবার পাত্র। | ২০ | ০ | ০ | ২০ |

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১৭ অক্টোবর।]

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| ৪৮ | অতি উৎকৃষ্ট ক্ষেত্রে ব্যবহার্য্য অথবা ২। ৩ বা ৪ শাখা বিশিষ্ট কোদালি বা ফাওড়। | ২৫ | ... | ... | ২৫ |
| ৪৯ | শস্যের বস্তা চায়ের বাক্স প্রভৃতি স্থানান্তর করিবার উপযুক্ত হালকা ট্রেক। | ২৫ | ... | ... | ২৫ |
| ৫০ | ছোট বড় নানাপ্রকার কুড়ালি ও গাছ ঝুরিবার ছুরি ও করাত ও বিদক ও নানাপ্রকারের কাঁচি প্রভৃতি সংগৃহীত দ্রব্য। | ২৫ | ... | ... | ২৫ |
| ৫১ | নর্দ্দমা প্রভৃতি করিবার কর্ম্মে ব্যবহার্য্য হাতিয়ার। | ২০ | ... | ... | ২০ |
| ৫২ | অতি উৎকৃষ্ট টাইল প্রস্তুত করিবার যন্ত্র ইহা দ্বারাও ছাতের টাইল প্রস্তুত হয় ... | ৫০ | ... | ... | ৫০ |
| ৫৩ | ২০ অবধি ৪০ ফুট পর্য্যন্ত বিস্তৃত পিটা লৌহ ছাদ। ইহাতে যেন কোবড়া গালবা নাইছেড লোহা বা অন্য কোন হালকা দ্রব্যের ছাদ বহন করিতে সক্ষম হয়। ... | ৫০ | ... | ... | ৫০ |
| ৫৪ | হস্ত নির্ম্মিত ইট প্রস্তুত করিবার সময় হস্ত চাপ দিবার অতি উত্তম যন্ত্র ... | ২৫ | ... | ... | ২৫ |
| ৫৫ | হস্তদ্বারা চালিত কাদার ইটের অতি উত্তম কর্ম্মা ... | ৩০ | ... | ... | ৩০ |
| ৫৬ | অতি উত্তম সুরকী প্রস্তুত করিবার কল ... | ২৫ | ... | ... | ২৫ |
| ৫৭ | পাট খুলিয়া পরিষ্কার করিবার অতি উত্তম যন্ত্র ইহা পশুর বা বাষ্পীয় যন্ত্রের বলে চালিত হইয়া শণের গাড়া কাটিবে ... | ৫০ | ... | ... | ৫০ |
| ৫৮ | ছালার চট প্রস্তুত করিবার অতি উত্তম চরকা ইহা হস্তদ্বারা চালিত হয় ... | ৫০ | ... | ... | ৫০ |
| ৫৯ | শণ, পাট প্রভৃতি আঁশযুক্ত বৃক্ষাদিকে অনেক ক্ষণ জলে রাখিলে উহাদের আঁশ কার্য্যোপযোগী হয় বটে কিন্তু তাহাতে আঁশের বর্ণ ও শক্তি হ্রস্ব হইয়া পড়ে তাহা জলে না, ভিজাইয়া অন্য কোন উপায় বা যন্ত্র দ্বারা কোন ব্যক্তি আঁশ বাহির করিলে সে ১০০৲ টাকা পুরস্কার পাইবে। ... | ১০০ | ... | ... | ১০০ |
| ৬০ | করাত চালাইবার অতি উৎকৃষ্ট যন্ত্র ... | ৫০ | ... | ... | ৫০ |
| ৬১ | পশু বা অন্য কোন উপায় দ্বারা তিল প্রভৃতি তৈলের শস্য হইতে তৈল বাহির করিবার অতি উত্তম যন্ত্র অর্থাৎ ঘানী ... | ৫০ | ... | ... | ৫০ |
| ৬২ | ঐ ঐ খুইল বিশিষ্ট ফল হইতে তৈল বাহির করিবার উত্তম যন্ত্র ... | ৫০ | ... | ... | ৫০ |
| ৬৩ | ঐ ঐ দেশীয় যন্ত্রদ্বারা ... | ৩০ | ... | .. | ৩০ |
| ৬৪ | পশু বা বাষ্পীয় যন্ত্রদ্বারা চালিত ধান্যের তুষ বাহির করিবার উৎকৃষ্ট যন্ত্র ... | ৫০ | ... | ... | ৫০ |
| | ১৮ টি পারিতোষিক। | | | মোট। | ৭২৫ |

১০ শাখা।

চা প্রস্তুত করিবার যন্ত্রাদি।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬৫ | চায়ের পাতাকে ঢাকনা রহিত লৌহ পাত্রে রাখিয়া অনাবৃত অগ্নির উপরে রাখা যায় ইহা চা পাত প্রস্তুত করিবার বর্ত্তমান রীতি কিন্তু ইহাতে চায়ের পাত সমভাবে প্রস্তুত হয় না। কোন২ পাত প্রায় দগ্ধ হইয়া যায় কোন২ পাত প্রায় আগুণের তাপ পায় না এই দোষ বারণ করিবার নিমিত্ত যে কোন ব্যক্তি | | | | |

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| | বষ্পীয় যন্ত্র দ্বারা চালিত দ্বিগুণ বা অন্য কোন রূপ পাত্র বিশিষ্ট যন্ত্র প্রস্তুত করিলে সে ১০০ টাকা পুরস্কার পাইবে। | ১০০ | ... | ... | ১০০ |
| ৬৬ | বাষ্পীয় যন্ত্র দ্বারা চালিত চায়ের পাতকে বাটিয়া দিবার অতি উৎকৃষ্ট যন্ত্র। | ১০০ | ... | ... | ১০০ |
| ৬৭ | বাষ্পীয় যন্ত্র দ্বারা চালিত চায়ের পাত হইতে গুঁড়া গাঁড়া পৃথক করিবার অতি উৎকৃষ্ট যন্ত্র ... | | | | |
| ৬৮ | চায়ের পাতকে শেষবার শুকাইবার নিমিত্ত ঢোলাকার টুক্রিতে রাখা যায় ইহা উৎকৃষ্টরূপে শুকাইবার যন্ত্র বা উপায়। ... | ১০০ | ... | ... | ১০০ |
| ৬৯ | সচরাচর চায়ের বাকুস পার্শ্বের সন্ধিতে খুলিয়া যায়। যে কোন ব্যক্তি এমন বাকুস প্রস্তুত করিতে পারে যাহার সন্ধি শীঘ্র খুলিয়া না যায় অথবা অল্প খরচে প্রস্তুত হয় এবং অল্প কষ্টে স্মৃষ্টি হয় সে ব্যক্তি ৩০ টাকা পুরস্কার পাইবে ... | ৩০ | ... | ... | ৩০ |
| | | | | মোট— | ৩৩০ |

৫টী পারিতোষিক।

দ্বিতীয় শ্রেণীর সংক্ষিপ্ত বিবরণ।

| | |
|---|---|
| কৃষির আদি কার্য্য সাধক ৫ টী পারিতোষিক ... | মোট টাকা |
| লাঙ্গলাদি কৃষি ৬ ঐ ... | „ |
| খনন ও বপন করিবার যন্ত্র ৫ ঐ ... | „ |
| গ্রাম্য পশু পক্ষী প্রভৃতি পালনার্থ বাথানে ব্যবহার্য্য যন্ত্র ৬ ঐ ... | „ |
| ক্ষেত্রোৎপন্ন বস্তু দ্বারা অন্য দ্রব্য প্রস্তুত করিবার কল ৮ ঐ ... | „ |
| জল তুলিবার যন্ত্র ৬ ঐ ... | „ |
| কৃষি কার্য্য ব্যবহার্য্য গাড়ী ও সাজ প্রভৃতি ৫ ঐ ... | „ |
| মাখন প্রস্তুত করিবার যন্ত্র ৫ ঐ ... | „ |
| অতিরিক্ত যন্ত্র ১৮ ঐ ... | „ |
| চা-পাত প্রস্তুত করিবার যন্ত্র ৫ ঐ ... | „ |

৬৯টী পারিতোষিক।

৩য় শ্রেণী।

ক্ষেত্রোৎপন্ন দ্রব্যাদি।

১ম শাখা।

শস্য।

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | পাঁচ মণ গোম প্রদর্শন স্থানে আনিয়া পাঁচ সের নমুনা দেয়াইতে হইবেক। ... | ১০ | ৬ | ৪ | ২০ |
| ২ | দুই মণ যব ঐ ঐ ঐ ... | ১০ | ৬ | ৪ | ২০ |
| ৩ | তিন মণ ওট ঐ ঐ ঐ ... | ১০ | ৬ | ৪ | ২০ |
| ৪ | এক মণ ভুট্টা ঐ ঐ ঐ ... | ১০ | ৬ | ৪ | ২০ |
| ৫ | পাঁচ মণ নানাপ্রকার সিদ্ধ চাউল ঐ ... | ৩০ | ২০ | ১০ | ৬০ |
| ৬ | পাঁচ মণ নানাপ্রকার আতপ চাউল ঐ ... | ৩০ | ২০ | ১০ | ৬০ |
| ৭ | অতি উৎকৃষ্ট যব পাঁচ মণ ঐ ... | ২০ | ১৫ | ৭ | ৪২ |
| | | | | মোট— | ২৪২ |

২১টী পারিতোষিক।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ১৭ অক্টোবর।]

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| | **২য় শাখা।** | | | | |
| | **ছোলা কলাই প্রভৃতি।** | | | | |
| ৮ | ১০ মণ ছোলা প্রদর্শন স্থানে আনিয়া ৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে … | ২০ | ১৫ | ১০ | ৪৫ |
| ৯ | ৫ মণ মটর … | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| ১০ | ৫ মণ কলা … | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| ১১ | ১ মণ মরিচ … | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| | ১২টী পারিতোষিক। | | | মোট— | ১৩৫ |
| | **৩য় শাখা।** | | | | |
| | **নানা প্রকার মূল।** | | | | |
| ১২ | ৩ মণ আলু প্রদর্শন স্থানে আনিয়া ৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে … | ২৫ | ১৫ | ১০ | ৫০ |
| ১৩ | ২ মণ সকরকন্দ অর্থাৎ মিস্ট আলু … | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| ১৪ | হরিদ্রা ঐ ঐ … | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| ১৫ | ১ মণ আদা নমুনা স্বরূপ দেখাইতে হইবে … | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| ১৬ | ১ মণ আরারুট ঐ ঐ … | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| ১৭ | ১ মণ কচু ঐ ঐ … | ১০ | ৫ | … | ১৫ |
| | ১৭ টী পারিতোষিক। | | | মোট— | ১৮৫ |
| | **৪র্থ শাখা।** | | | | |
| | **আঁশযুক্ত পদার্থ।** | | | | |
| ১৮ | ৫ মণ কোষ্টা প্রদর্শন স্থানে আনিয়া /৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে … | ৭৫ | ৫০ | ২৫ | ১৫০ |
| ১৯ | ঐ পাট … | ৫০ | ৩০ | ২০ | ১০০ |
| ২০ | ঐ শণ … | ২৫ | ২০ | ১১ | ৫৫ |
| ২১ | ঐ ধঞ্চা বা ধান্‌কা … | ২০ | ১৫ | … | ৩৫ |
| ২২ | ঘৃতকুমারী … | ২০ | ১৫ | … | ৩৫ |
| ২৩ | রেউচিনি … | ৩০ | ১৫ | … | ৪৫ |
| | ১৫ টী পারিতোষিক। | | | মোট— | ৪২০ |
| | **৫ম শাখা।** | | | | |
| | **তূলা।** | | | | |
| ২৪ | ৫ মণ বীজ শুদ্ধ তূলা প্রদর্শন স্থানে আনিয়া /৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে … | ১০০ | ৫০ | ২০ | ১৭০ |
| ২৫ | ঐ পরিষ্কৃত তূলা … | ১০০ | ৫০ | ২০ | ১৭০ |
| | ৬টী পারিতোষিক। | | | মোট— | ৩৪০ |
| | **৬ষ্ঠ শাখা।** | | | | |
| | **কাঁচা রেশম।** | | | | |
| ২৬ | গুটিপোকার ৫০টি কোষা উহার তসর ও রেশম সহিত প্রদর্শন করিতে হইবে … | ৫০ | ২৫ | … | ৭৫ |
| ২৭ | ঢাকা বিভাগস্থ অন্য কোন প্রকার ঐ … | ৩০ | ২০ | … | ৫০ |
| | ৪টী পারিতোষিক। | | | মোট— | ১২৫ |

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| | ৭ম শাখা। | | | | |
| | রং। | | | | |
| ২৮ | ২ মণ কুসুম প্রদর্শন স্থানে আনিয়া /৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে ... | ১০০ | ৫০ | ২৫ | ১৭৫ |
| ২৯ | ঢাকা বিভাগস্থ ১ বাক্স নীল প্রদর্শন স্থানে আনিয়া /২ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে ... | ১০০ | ৭৫ | ৫৭ | ২২৫ |
| | ৬টী পারিতোষিক। | | | মোট— | ৪০০ |
| | ৮ম শাখা। | | | | |
| | তৈলীয় শস্য। | | | | |
| ৩০ | ৫ মণ তিশি প্রদর্শন স্থানে আনিয়া /৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবেক ... | ২৫ | ১০ | ... | ৩৫ |
| ৩১ | ঐ সর্ষপ ঐ ... | ২৫ | ১০ | ... | ৩৫ |
| ৩২ | ঐ তিল ঐ ... | ২৫ | ১০ | ... | ৩৫ |
| ৩৩ | ঐ রামতিল ঐ ... | ২৫ | ১০ | ... | ৩৫ |
| ৩৪ | ঐ ভেরেণ্ডা ঐ ... | ২৫ | ৫ | ... | ৩৫ |
| ৩৫ | ঐ পোস্তা ঐ ... | ১০ | ১০ | ... | ১৫ |
| ৩৬ | ঐ কুসুমবীজ ঐ ... | ২৫ | ১০ | ... | ৩৫ |
| ৩৭ | ঐ নারিকেল নমুনা স্বরূপ ৫ টা নারিকেল ঐ.. | ২৫ | ১০ | ... | ৩৫ |
| ৩৮ | ঐ তুলা বীজ ঐ ... | ২৫ | ১০ | ... | ৩৫ |
| | ১৮টী পারিতোষিক। | | | মোট— | ২৯৫ |
| | ৯ম শাখা। | | | | |
| | তামাক। | | | | |
| ৩৯ | ২ মণ অত্যন্ত শুষ্কতামাক পাতা বা সাদা, প্রদর্শন স্থানে আনিয়া /৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে ... | ৫০ | ২৫ | ১০ | ৮৫ |
| | ৩টী পারিতোষিক। | | | মোট— | ৮৫ |
| | ১১শ শাখা। | | | | |
| | কাফি। | | | | |
| ৪০ | ঢাকা বিভাগস্থ ১ মণ কাফি প্রদর্শন স্থানে আনিয়া /৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে। | ৫০ | ২৫ | ... | ৭৫ |
| | ২টা পারিতোষিক। | | | মোট— | ৭৫ |
| | ১২শ শাখা। | | | | |
| | ইক্ষু বা আক। | | | | |
| ৪১ | এক বিঘা ভূমির উৎপন্ন আকের নমুনা স্বরূপ ১০টি সফেদ আক ... | ৩০ | ২০ | ১০ | ৬০ |
| ৪২ | ঐ ঐ লাল আক ... | ৩০ | ২০ | ১০ | ৬০ |
| | ৬টী পারিতোষিক। | | | মোট— | ১২০ |
| | মধু ও মোম। | | | | |
| ৪৩ | চাকের সহিত /২ সের মধু আনিতে হইবে ... | ১৫ | ১০ | ... | ২৫ |
| ৪৪ | চাকের সহিত /২ সের মোম আনিতে হইবে ... | ১০ | ৫ | ... | ১৫ |
| | ৪টী পারিতোষিক। | | | মোট— | ৪০ |

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১৭ অকুটোবর।]

## ৩য় শ্রেণী।

### ২য় অংশ। কৃষিজাত ভক্ষ্য পদার্থ।

১ ম শাখা। যে যে কৃষিজাত বস্তু অগ্নিপক্ব না হইয়াই আহার শিল্প ও ঔষধে ব্যবহৃত হয় তাহা।

| | | | | |
|---|---|---|---|---|
| ক, | জীবিজাত | | | ... |
| খ, | উদ্ভিজ্জ | | | ... |
| গ, | খনিজ | পারিতোষিক | মোট | ১০০ |

২য় শাখা। যে যে কৃষিজাত বস্তু অগ্নিপক্ব হইয়া আহার শিল্প ও ঔষধে ব্যবহৃত হয় তাহা।

| | | | | |
|---|---|---|---|---|
| ক, | মোরব্বা আহার ও শুষ্ক ফল | | | ... |
| খ, | মোশল্লা | | | ... |
| গ, | চিনি গুড় প্রভৃতি এবং তদুৎপন্ন মিষ্ট দ্রব্য | | | ... |
| ঘ, | নানা প্রকার তৈল | | | |
| ঙ, | নানা প্রকার রঙ | | | |
| চ, | নানা প্রকার পদার্থ | পারিতোষিক | মোট | ২৫০ |

### ৩য় শ্রেণীর সংক্ষিপ্ত বিবরণ।

#### ১ম অংশ। কৃষিজাত নানা প্রকার ব্যবহার্য্য পদার্থ।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১ ম | শাখা। | শস্যাদি | ২১ শ | পারিতোষিক | মোট | ২৬২ |
| ২ য় | ঐ। | বুট কলাই প্রভৃতি | ১২ | ঐ | ঐ | ১৩৫ |
| ৩ য় | ঐ। | মূলাদি | ১৭ | ঐ | ঐ | ১৮৫ |
| ৪ র্থ | ঐ। | আঁশ আদি | ১৫ | ঐ | ঐ | ৪২০ |
| ৫ ম | ঐ। | তূলা | ৬ | ঐ | ঐ | ৩৪০ |
| ৬ ষ্ঠ | ঐ। | কাঁচা রেশম | ৪ | ঐ | ঐ | ১২৫ |
| ৭ ম | ঐ। | রঙ | ৬ | ঐ | ঐ | ৪০০ |
| ৮ ম | ঐ। | তৈলের শস্য | ১৮ | ঐ | ঐ | ২৭৫ |
| ৯ ম | ঐ। | তামাক পাত | ৩ | ঐ | ঐ | ৮৫ |
| ১০ ম | ঐ। | চা | ৩ | ঐ | ঐ | ২২৫ |
| ১১ শ | ঐ। | কাফি | ২ | ঐ | ঐ | ৭৫ |
| ১২ শ | ঐ। | আখ | ৬ | ঐ | ঐ | ১২০ |
| ১৩ শ | ঐ। | মোম ও মধু | ৪ | ঐ | ঐ | ৪০ |
| | | ৫২ টী পারিতোষিক | | মোট | | ২৬৮৭ |

#### ২ য় অংশ। কৃষিজাত ভক্ষ্য পদার্থ।

| | | | | |
|---|---|---|---|---|
| ১ ম | শাখা। | অনগ্নি পক্ব | মোট | ১০০ |
| ২ য় | ঐ। | অগ্নিপক্ব | ঐ | ২৫০ |
| | | | মোট | ৩৫০ |

সমুদয় ৩ য় শ্রেণীর মোট ৩০৩৭

## ৪র্থ শ্রেণী।

এদেশীয় যে সকল শিল্পজাত পদার্থ কৃষি ব্যতীত অন্যান্য কার্য্যের উপযোগী তাহা।

১ ম অংশ। চিত্রাদি ভিন্ন অন্যবিধ শিল্পজাত বস্তু।

১ ম শাখা। তূলাজাত পদার্থ
২ য় ঐ। পশম ঐ
৩ য় ঐ। রেশম ঐ
৪ র্থ ঐ। অন্যবিধ সূত্রজাত পদার্থ
৫ ম ঐ। জরীর কাপড় ও সূত্রাদিদ্বারা চিত্রিত কাপড়।
৬ ষ ঐ। কৃত্রিম ও অকৃত্রিম অলঙ্কার।
৭ ম ঐ। ছুরি কাঁচি তালা চাবি প্রভৃতি লোহাদি ধাতু নির্ম্মিত পদার্থ।

[*Government Gazette*, 17*th October* 1865.]

৮ ম ঐ । চীনের ও মাটীর বাসন ইত্যাদি। ইহার মধ্যে ইট টালি পরিগণিত হইবে।
৯ ম ঐ । কাঁচে নির্ম্মিত পদার্থ।
১০ ম ঐ । কাষ্ঠ মার্ব্বলাদি দ্বারা নির্ম্মিত মেজ চৌকী প্রভৃতি।
১১ শ ঐ । উত্তম রূপে খোদিত কাষ্ঠ বা হস্তিদন্ত নির্ম্মিত পদার্থ।
১২ শ শাখা চর্ম্ম নির্ম্মিত নানাপ্রকার পদার্থ।
১৩ শ ঐ নানাপ্রকার কাগজ।
১৪ শ ঐ কাগজ মোম্ লোম বাস ও পোত নির্ম্মিত সুন্দর পদার্থ।
১৫ শ ঐ অস্ত্রশস্ত্র ও সৈন্য পরিধেয় বস্ত্র।
১৬ শ ঐ নানাপ্রকার শকট ও শিবিকা।
১৭ শ ঐ অন্য কোন শিল্পজাত পদার্থ। মোট পারিতোষিক ১০০

২ য় অংশ। চিত্র ও প্রতিমূর্ত্তি ইত্যাদি।

১ ম শাখা নানা বস্তুর আদর্শ ও প্রতিমূর্ত্তি।
২ য় ঐ প্রিন্টিং লিথগ্রাফ খোদা ও সাজেতোলা দ্রব্য।
৩ য় ঐ ফোটগ্রাফি।
৪ র্থ ঐ হস্ত লিখিত বিবিধ অক্ষর ও জল এবং তৈলে মর্দ্দিত বর্ণযুক্ত ছবি।
৫ ম ঐ যে সকল শিল্পজাত সুক্ষ্ম বস্তু পুর্ব্বোল্লিখিত দ্রব্যের মধ্যে গণনীয় নহে, তাহা।
মোট পারিতোষিক ২০০

৩ য় অংশ। শিল্পী, চিত্রকর, জ্যোতির্ব্বিৎ, ক্ষেত্র মাপক, প্রভৃতি লোকদিগের যে সকল ব্যবহার্য্য যন্ত্র উল্লিখিত লিষ্টে গণনা করা হয় নাই, তাহা মোট পারিতোষিক ৩০০

৪র্থ শ্রেণীর সংক্ষিপ্ত বিবরণ।

১ ম অংশ। চিত্রাদি ভিন্ন অন্যবিধ শিল্পজাত বস্তু। মোট টাকা
২ য় ঐ চিত্র প্রতিমূর্ত্তি ইত্যাদি ঐ
৩ য় ঐ শিল্পীপ্রভৃতির ব্যবহার্য্য যন্ত্র ঐ
মোট টাকা

মন্তব্য। ১ম যে২ কৃষিজাত বা অন্য কোন বস্তুর বিষয় এই লিষ্টের চারি অংশে লিখিত হয় নাই সেই২ বস্তু উৎকৃষ্ট হইলে তন্নির্ম্মাতাদিগকে এ প্রদর্শনের রক্ষকেরা পুরস্কার দিবেন।

মোট বিবরণ।

১ ম শ্রেণী মোট টাকা
২ য় ঐ ঐ
৩ য় ঐ ঐ
৪ র্থ ঐ ঐ

মোট টাকা

উদ্বর্ত্তীয় টাকাহইতে উপযুক্ত প্রদর্শনকারিদিগকে অতিরিক্ত পুরস্কারও দেওয়া যাইবে।
প্রদর্শন দেখিবার ফিস।

সমুদায় প্রদর্শন কালের টিকট (টিকিটধারি ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তি ইহা লইয়া প্রদর্শন দেখিতে পারিবে না)। ৩

১ ম দিনের টিকিটের মূল্য ২
২ য়, ৩ য়, দিনের টিকিটের মূল্য ।০
শেষ ২ দিন। ফ্রী

বিজ্ঞাপন।

প্রদর্শনোপলক্ষে ময়মনসিংহ নগরে ঢাকার অন্তঃপাতি মুন্সিগঞ্জের কার্ত্তিক বারুণির তুল্য একটি মেলা হইবে এবং প্রদর্শন সম্বন্ধীয় টাকার কিয়দংশ তৎ সাহায্যার্থে ব্যয় করা যাইবে।

[গবর্ণমেন্ট্ গেজেট। ১৮২৫। ২১ অক্টোবর।]

# বিজ্ঞাপন।

মেদিনীপুর মেলা।

সন ১৮৬৬ সালের জানুআরি মাহার ২২ তারিখ ও তৎপশ্চাদ্‌গামি পঞ্চ দিবস পর্য্যন্ত যৎকালীন হিন্দু-দিগের শ্রীপঞ্চমী পূজার মহোৎসব হইবেক তৎকালীন জেলা ও শহর মেদিনীপুরে এক মেলা হইবেক। এই মেলাতে যে সমস্ত দ্রব্য আনয়ন হইবেক তাহা সকলে ক্রয় বিক্রয় করিতে পারিবেন এই মেলার কার্য্য অত্র শহরস্থ বাসিন্দাগণ ও গবর্নমেন্টের কর্ম্মচারিগণ কর্ত্তৃক নির্ব্বাহ হইবেক। এবং পুলিষ কর্ত্তৃক দ্রব্য সমস্ত রক্ষণা-বেক্ষণ হইবেক। যাহারা বিক্রয়ার্থে প্রচুর দ্রব্য আনিবেন তাহারা বিনা ভাড়াতে পৃথক২ চালা পাইবেন। কিন্তু ইহাও অভিলাষ করা গিয়াছে যে অধিকাংশ বিক্রেতাগণ এই রূপ মেলাতে যেরূপ আপন২ পাল আন-য়ন করিয়া থাকেন তদ্রূপ আপন২ পাল আনয়ন করিবেন। মেলার জন্য যে স্থান স্থির হইয়াছে তাহা সরকারি ভূমি ও মেদিনীপুর শহরের পশ্চিমাংশ তথায় প্রচুর জল ও স্থান পাওয়া যাইবেক ইহাও মনস্থ হইয়াছে যে এই মেলা প্রতিবৎসর শ্রীপঞ্চমী পূজার মহোৎসব সময়ে হইবেক।

মেলাতে যে সমস্ত প্রধান দ্রব্য আনয়ন হইবেক তাহার মধ্যে নিম্ন লিখিত দ্রব্য সমূহ বিক্রয় হইবেক।

সকল প্রকার পশু।
জঙ্গল উৎপাদিত সকল প্রকার দ্রব্য।
সকল প্রকার শস্য।
সকল প্রকার দেশী ও বিলাতি সূতার ও রেসমের কাপড়।
সকল প্রকার ধাতু নির্ম্মিত দ্রব্য লোহার দ্রব্যাদি থালা, ঘটী, ইত্যাদি।
সকল প্রকার মৃত্তিকা নির্ম্মিত দ্রব্য।

W. J. HERSCHEL,
*Magistrate and Collector.*

## MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

### বিজ্ঞাপন।

শিবাদহার ছোট আদালতের সন ১৮৬১ সালের ১৩২৪ নং মোকদ্দমার ডিক্রী ১ কেতা ও সর্টিফিকট ১ কেতা যাহার বাদী নবীনচন্দ্র বন্দ্যোপাধ্যায় প্রতিবাদী ভূতিমণি দাসী ১৫ ভাদ্রে হারাইয়া গিয়াছে যদি কেহ পাইয়া থাকেন কালীঘাটের মহেশচন্দ্র রায় চৌধুরীর বাটীতে অর্পণ করিলে পারিতোষিক পাইবেন।



কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্নমেন্টের জন্যে শ্রীযুত তামস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, OCTOBER 17, 1865.

মঙ্গলবার ১৮৬৫ সাল ১৭ অক্টোবর।

## বিজ্ঞাপন।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত বিক্রয়ের বিজ্ঞাপনে যে সকল মহালের উল্লেখ হইল সে সকল মহালে গবর্ণমেন্টের যে মালিকী স্বত্ব আছে তাহা নিম্ন লিখিত নিয়মের অধীন হইয়া বিক্রয় হইবে।

### বিক্রয়ের নিয়ম।

১।—প্রত্যেক মহাল পার্শ্বের লিখিত নির্দ্দিষ্ট সদর জমার অধীন হইয়া যে ব্যক্তি নীলামে প্রথম ডাকের উপর সর্ব্বাপেক্ষা উচ্চ ডাকিবেক তাহাকে দেওয়া যাইবে।

২।—বর্ত্তমান পাট্টা এবং বন্দোবস্তের কার্য্য কি প্রবল আইনহইতে উৎপন্ন স্বত্ব সকল বিক্রয়ের পরেও বহাল থাকিবে। রাজস্বের কার্য্যকারকদিগের কৃত জমাবন্দীতে যেং খোদকস্তা রাইয়ত স্বাক্ষর করিয়াছে ক্রেতারা তাহারদিগের স্বত্ব মানিতে বাধ্য হইবে।

৩।—একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবে।

৪।—একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের এক অংশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবে বিক্রয়ের দিবস এক দিন বলিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্ণ কালে, কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিনের মধ্যাহ্ণ কালে, যদি অবশিষ্ট টাকা দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেন্টে জব্দ হইবে, ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবে।

৫।—মহালের উপর যে সামান্য সদর জমা ধার্য্য হইয়াছে ক্রেতারা তদতিরিক্ত রাস্তা প্রস্তুত ও গমনাগমনের সুবিধার নিমিত্ত করও দিতে বাধিত হইবেন। তাঁহারা যে তারিখঅবধি ক্রীত মহাল দখল করেন সেই তারিখঅবধি সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে ঐ কর ধার্য্য হইবে। ঐ কর বাকী রাজস্বের ন্যায় আদায় হইতে পারিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে,

আর বি চাপমান।
সেক্রেটারী।

# নীলামের ইশ্‌তিহার।

## জিলা ভুলুয়া।

ইশ্‌তেহার নামা কাছারি কালেক্টরি জিলা ভুলুয়া।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ভুলুয়া জিলার মধ্যবর্ত্তি পশ্চাৎ লিখিত মহালে গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরেজী ১৮৬৫ সালের নবেম্বর মাসের ১০ দশ তারিখে ও মোতাবেক বাঙ্গলা সন ১২৭২ সালের কার্ত্তিক মাসের ২৬ তারিখে শুক্রবার জিলা ভুলুয়ার কালেক্টরিতে বিক্রয় হইবে।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন।

| রাজকীয় মহালের কৈফিয়তের নম্বর | জিলার বহীতে নম্বর | মহাল ও পরগনার নাম | যত একর পরিমাণ | সদর জমা | | | নীলামে প্রথম ডাক | মন্তব্য কথা। |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | সর্কারের রাজস্ব | রাস্তার চাঁদা | মোট | | |
| | | | এঃ রুঃ পঃ | টাকা | টাকা | টাকা | | |
| ১৬৮ | ১৪২০ | হকিয়তসরকার পরগনে দাডরা চর গোয়ালগাও | ৩৭৮।০।১৭ | ৬৬৫৲ | ৭৲ | ৬৭২৲ | সরকারী অংশের সদর জমার দ্বিগুণ ৪১০৲ | প্রকাশ থাকে যে এই বাজেয়াপ্তী মহালের শ্রীশ্রীমতী মহারাণী হকিয়তসূত্রে মালীকানা প্রাপ্তে। ১৮॥ ১০ উক্ত অংশের মালীক বটেন ঐ মহাল নীলামী এস্তেহারে ৪। ৫ নং কালমে মহালের মোট জমি জমা লিখিয়া সরকারি অংশের জমা কৈফিয়তে লেখা গেল, এই জমা খরিদার আদায় করিবে ও বর্ত্তমান ১২৭২ সন হইতে খরিদার দখল পাইবে।<br>সদর জমা ২০৫৲ মহাল উন্নতি ২৲ একুন ২০৭৲ |
| ৭ | ১২৭৮ | পরগনে বাবুপুর হিসে /১১ গণ্ডা মহাল খাশ। | ১৭০৬।১।৩০ | ১৭৫১৲ | ১৮৲ | ১৭৬৯৲ | ৩৫০২৲ | এই মহাল ১২৭২ সন হইতে খরিদারের স্বত্ব বর্জ্জিবেক। |

G. A. Pepper,
*Collector.*

ভুলুয়ার জিলার কালেক্টরি ১৮৬৫ সনের ১০ জুলাই।

## জিলা মুরশিদাবাদ।

### ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা মুরশিদাবাদ।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জিলার মধ্যবর্ত্তী নিম্নের লিখিত খাষ মহালের গবর্ণমেন্টের মালিকি স্বত্ব সন ১৮৬৫ সালের ২৪ অকুটোবর মোতাবক সন ১২৭২ সালের ৯ কার্ত্তিক মঙ্গলবারে জিলা মুরশিদাবাদের কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাঁহারা ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারির সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন ইতি। সন ১৮৬৫ সাল তারিখ ৬ সেপ্টেম্বর মোতাবক সন ১২৭২ সাল তারিখ ২২ ভাদ্র।

| রাজকীয় মহালের টেকিশিরতের নম্বর। | জিলার বহিতে নম্বর। | মহাল ও পরগনার নাম। | জমির পরিমাণ একর রুড পুল। | সদরজমা। ধার্য্য করা রাজস্ব। | রাস্তার টাকস। | মোট। | নীলামের প্রথম ডাক। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২৬ | ৫৯২ নং | মৌজে বুধড়া পরগনে বিছড়োন | ২০১।১।২৩ | ৩৩৪॥/০ | ৩।/৬ | ৩৩৭৸৵৬ | ৬৬৯৵০ | এই মাহাল সন ১৮৬৫ সালের ১ মে হইতে সন ১৮৬৬ সালের ৩০ এপরেল এক শন মিয়াদে ইজারার বন্দোবস্ত আছে। |

COLIN MACKENZIE,
*Collector.*

---

## জিলা বাকরগঞ্জ।

### এস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা বাকরগঞ্জ।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বাকরগঞ্জের জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহাল গবর্ণমেন্টের মালিকি স্বত্ব ইংরেজী সন ১৮৬৫ সালের ২২ নবেম্বর মোতাবেক সন ১২৭২ সনের ৮ অগ্রহায়ণ রোজ বুধ বার বাকরগঞ্জ জেলার কালেক্টরিতে বিক্রয় হইবেক ইতি। সন ১৮৬৫। ইং তারিখ ৯ সেপ্টেম্বর মোং সন ১২৭২। তাং ২৫ ভাদ্র।

২। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাহারা এই ক্রোড়পত্রের সিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটরী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেক।

| রাজকীয় মহালের টৈকশিরতের নম্বর। | জিলার বহিতে নম্বর। | মহালের ও পরগনার নাম। | পরিমাণ যত একর। | সদরজমা। ধার্য্য করা রাজস্ব। | রাস্তার টাকস। | মোট। | নীলামের প্রথম ডাক। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১৭ | ১৪০৬<br>৫৫ | সরকারের খরিদা পরগনে বোজরগোমেদপুরের অন্তঃপাতি কিং লোহানিয়া ও কিং তালগাছিয়া ও কিং পাজাখালি ও কি গোটবাড়িয়া ও কিং কাটাখালি তাং সেখ আরিপ। | এঃ রুঃ পঃ গঃ<br>১৫৮।৩।৩৬।২৮ | ৩৩৯৸৶ | ৩।৵৪ | ৩৪৩।/৪ | ৬৭৯৸৵ | |
| ১৯ | ১৪০৬<br>৫৭ | পং ঐ<br>কিং করুণাক্ষ হাওলা রাম রাম দাস ... | ৫৯।০।৯।৭ | ১২০৵ | ১৶৪ | ১২১।/৪ | ২৪০।০ | |
| ২৫ | ১৪০৬<br>১০১ | পং ঐ<br>কিং বন্দর বাকরগঞ্জ মং পাইমোটী আলেকজন্দর সাহেব ও দল সিংহ বাবু | ৫৬।১।০।০ | ২৪৩৶ | ২।৵১১ | ২৪৫॥/১১ | ৪৮৬।৵ | |

H. C. SUTHERLAND,
*Collector.*

## জিলা রাজশাহী।

### ইস্তাহারনামা কাছারি কালেকুটরি জিলা রাজশাহী।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে এই জিলার অন্তর্গত নিম্নোক্ত খাস মহাল গবর্ণমেণ্টের জমীদারি স্বত্ব জিলা রাজশাহীর কালেকুটরি কাছারিতে সন ১৮৬৫ সনের ২০ নবেম্বর মোতাবেক ১২৭২ সনের ৬ অগ্রহায়ণ সোমবার দিবসে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তি ক্রয় করেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন এবং তদতিরিক্ত প্রতি মহালের খরিদার পুলীষ রক্ষার জওয়াব দিহী করিবেন।

| নম্বর ক্রমিক। | নম্বর তৌজি। | নাম মহাল ও পরগনা। | জমীর পরিমাণ। এঃ রূঃ পঃ | সদর জমা। বার্ষিক টাকা। | ডাকচৌকী ইত্যাদি বাবত। | মোট | নিরূপিত উক্তমূল্য। | কৈফিয়ৎ। |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৭ | ১৫৯১ | কিং বিজোড়া পং নক্করপুর ... | ১৫৫।৩।১৬ | ৪০৲ | ।৵০ | ৪০।৵০ | ৮০৲ | সন ১২৭২ সনের জন্য ইজারা আছে। |
| ৬২ | ৬৭৭ | কিং দিঘই পং কাটারমল্ল ... | ৬৮।০।১৮ | ২৯৲ | ।/০ | ২৯।/০ | ৫৮৲ | খাষে আছে। |
| ৫২ | ৫৯১ | কিং শ্যামপুর পং নক্করপুর ... | ৭৭।০।৩ | ২৭॥/ | ।০ | ২৭৸/০ | ৫৫৵০ | ইং ১২৬৩ লাং ১২৭২ সন পর্য্যন্ত ইজারার মেয়াদ আছে। |
| ২৪ | ১৬১৬ | চক কচুয়া পং চৌগাঁও ... | ১১৯।১।১৪ | ১১৭।৶ | ১৶০ | ১১৮॥৵০ | ২৩৪৸৵০ | ১২৭২ সালের জন্যে ইজারা আছে। |
| ১১ | ১৬০৩ | মৌজে আড়কান্দী পং কাটারমল্ল | ৩৮।১।৩১ | ৬০ | /০ | ৬।/০ | ১২॥০ | ঐ |

V. Taylor,
*Offg. Collector.*

জিলা রাজশাহীর কালেকুটরী তারিখ ২১ আগস্ট ১৮৬৫ ইং

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত জামস জোন্স সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# অতিরিক্ত গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 17, 1865.

মঙ্গলবার ১৮৬৫ সাল ১৭ অক্টোবর।

## NOTIFICATION.

THE 29TH AUGUST 1865.

THE following Rules are published by order of the Lieutenant-Governor of Bengal for general information.

S. C. BAYLEY,
*Junior Secy. to the Govt. of Bengal.*

RULES FOR REGULATING THE TRANSPORT OF NATIVE LABORERS TO ASSAM, CACHAR AND SYLHET, UNDER ACT III. (B. C.) OF 1863.

### CHAPTER I.

*A.—Rules for the guidance of the Superintendent of Labor Transport at Calcutta.*

1. IT will be the duty of the Superintendent to concentrate Depôts as much as possible for their more efficient control and inspection by himself and by the Medical Inspector.

2. The Superintendent shall not license a Depôt until it is approved of by himself and the Medical Inspector.

3. The Superintendent and his Assistants shall pay constant visits to the Depôts, and one or the other must be present at every despatch of Laborers from Calcutta.

## বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ২৯ আগষ্ট।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে পশ্চাৎ লিখিত বিধিসংগ্রহ সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশিত হইল।

এস সি বেলী,
বঙ্গদেশের গবর্ণমেন্টের দ্বিতীয় সেক্রেটারী।

বঙ্গদেশীয় ১৮৬৩ সালের ৩ আইনমতে আসামে ও কাছাড়ে ও শ্রীহট্টে দেশীয় মজুর প্রেরণ কর্ম্মের নিয়ম বিধায়ক বিধি।

### ১ অধ্যায়।

(ক) মজুর প্রেরণ কর্ম্মের যে সুপরিন্টেণ্ডেণ্ট কলিকাতায় অবস্থিত আছেন তাঁহার উপদেশার্থ বিধি।

১। আড্ডা সকল সাধ্যমতে পরস্পরের নিকটবর্ত্তী করা সুপরিন্টেণ্ডেণ্টের কর্ত্তব্য, কেননা তাহা করিলে তিনি ও পরিদর্শক চিকিৎসক আরো সফলরূপে তাহার তত্ত্বাবধারণ ও পরিদর্শন করিতে পারিবেন।

২। বিশেষ কোন আড্ডা বিষয়ক অনুমতিপত্র দিবার পূর্ব্বে তিনি আপনি ও পরিদর্শক চিকিৎসক যে তাহার অনুমোদন করেন, ইহা অতি আবশ্যক।

৩। সুপরিন্টেণ্ডেণ্ট ও তাঁহার অধীন কর্ম্মচারিরা আড্ডা সকল নিত্য দেখিতে যাইবেন, ও কলিকাতা হইতে যখন মজুরদের কোন দল যাত্রা করে তখন তিনি কি তাঁহার অধীন কোন কর্ম্মচারী উপস্থিত থাকিবেন।

4. It shall be the duty of the Superintendent to see that all Laborers are free agents, and that they have not been induced, through false representations, to contract to labor in Assam, Cachar, or Sylhet.

5. It shall be the duty of the Superintendent to see that no Laborers are so despatched unless they are duly registered in accordance with Sections XI. and XII. of Act III. (B. C.) of 1863.

6. The Superintendent shall not permit any Laborer to be despatched until he is satisfied that the Contractor has provided the full quantity of clothing, provisions, &c., required by these Rules, and that they are of good quality.

7. The Superintendent shall in person explain the nature of the contract to every Laborer prior to his signing the Agreement and he shall then attach his own signature thereto.

8. The Superintendent will carefully survey every Vessel or Boat before granting a License. No Steamer shall be licensed which is not provided with two latrines, and no Flat which does not carry four; nor should any Vessels be licensed that are roofed with corrugated iron only.

9. The Superintendent shall see that chloride of lime, carbolic acid, or some other efficient disinfectant is supplied in sufficient quantities to every Steamer or Flat at the expense of the Contractors.

10. The Superintendent or his Assistants shall inspect all provisions supplied for the use of Laborers on board any Steamer, Flat, or Boat, and shall satisfy himself that all the arrangements on board these Vessels are complete and sufficient.

11. The Superintendent will grant no License to a Steamer, Flat, or Boat, unless a qualified Medical Officer holding a certificate from the Medical Inspector is appointed to the Medical charge of the Laborers proceeding in such Vessel.

12. The Superintendent will see that the prescribed number of Cooks, Mehters, and other attendants are on board each Steamer, Flat, or Boat, before departure.

13. It will be the duty of the Superintendent to see that all Rules for the guidance of persons concerned in the transport of Laborers under the Law are strictly carried out.

14. The Superintendent will see that all blankets are, before distribution to the Laborers, carefully washed and thoroughly dried.

৪। মজুরেরা সকলে যে অপরতন্ত্র, বিশেষতঃ আসামে কি কাছাড়ে কি শ্রীহট্টে মজুরী করিবার চুক্তি করিতে কেহ যে প্রতারণাদ্বারা তাহাদিগকে মুগ্ধ করে নাই, ইহা দেখা সুপরিন্টেণ্ডেন্টের উচিত।

৫। বঙ্গদেশীয় ১৮৬৩ সালের ৩ আইনের ১১ ও ১২ ধারার বিধানানুসারে উচিতমতে রেজিষ্টরী না হইলে কোন মজুর যে প্রেরিত না হয় তাহা দেখা সুপরিন্টেণ্ডেন্টের উচিত।

৬। এই বিধি অনুসারে যে পরিমাণে খাদ্য দ্রব্য বস্ত্রাদি যোগান কন্‌ট্রাক্টরের উচিত, তিনি সম্পূর্ণরূপে সেই পরিমাণে উত্তম খাদ্য দ্রব্য বস্ত্রাদি যোগাইয়াছেন, ইহা যাবৎ সুপরিন্টেণ্ডেন্ট হৃদ্বোধমতে না জানেন, তাবৎ কোন মজুরকে প্রেরণের অনুমতি দিবেন না।

৭। কোন মজুর একরারনামাতে স্বাক্ষর করিবার পূর্ব্বে সুপরিন্টেণ্ডেণ্ট আপনি তাহাকে চুক্তির মর্ম্ম বুঝাইয়া দিবেন, পরে আপনিও তাহাতে স্বাক্ষর করিবেন।

৮। সুপরিন্টেণ্ডেন্ট অগ্রে জাহাজ কি নৌকা যত্নপূর্ব্বক পরিদর্শন না করিলে তাহার অনুমতিপত্র দিবেন না। বাষ্পীয় জাহাজে দুইটা, ও অন্ধ পোতে চারিটা পায়খানা না থাকিলে তাহার অনুমতি দিতে হইবে না। ও যে জাহাজের কেবল করুগেটেড আইরণ (অর্থাৎ কুঞ্চিত লৌহপত্র) নির্ম্মিত ছাদ আছে তাহারও অনুমতিপত্র দেওয়া অনুচিত।

৯। ক্লোরাইড অফ লাইম কি কার্ব্বলিক আসিড কি দুষ্ট বায়ুনাশক অন্য প্রকারের কোন উপযুক্ত দ্রব্য উচিত পরিমাণে কন্‌ট্রাক্টরের খরচে একং বাষ্পীয় জাহাজে কি অন্ধ পোতে দেওয়া যায়, তাহা সুপরিন্টেণ্ডেণ্ট দেখিবেন।

১০। বাষ্পীয় জাহাজে কি অন্ধ পোতে কি নৌকাতে মজুরদের জন্যে যে সকল খাদ্যাদি দ্রব্য দেওয়া যায়, তাহা সুপরিন্টেণ্ডেন্ট কি তাঁহার অধীন কর্ম্মচারিরা নিরীক্ষণ করিবেন, ও উক্ত জলযানে থাকিবার যে উপায় আছে তাহা যে সম্পূর্ণ ও পর্য্যাপ্ত, ইহা তিনি হৃদ্বোধমতে জানিতে চেষ্টা করিবেন।

১১। কোন বাষ্পীয় জাহাজে কি অন্ধ পোতে কি নৌকাতে যে সকল মজুর গমন করে, তাহাদের চিকিৎসাকর্ম্মের ভার লইতে যদি পরিদর্শক চিকিৎসকের স্থানে প্রমাণপত্রপ্রাপ্ত অথচ গুণবান কোন চিকিৎসক না থাকেন, তবে সুপরিন্টেণ্ডেণ্ট সেই জলযানের অনুমতিপত্র দিবেন না।

১২। কোন বাষ্পীয় জাহাজ কি অন্ধ পোত কি নৌকা যাত্রা করিবার পূর্ব্বে বিধ্যনুযায়ি সংখ্যার পাচক ও মেহতর প্রভৃতি চাকর যে উপস্থিত আছে তাহা সুপরিন্টেণ্ডেন্ট দেখিবেন।

১৩। মজুর প্রেরণে যে সকল লোকের সম্পর্ক আছে তাহাদের উপদেশার্থে আইনমতে প্রণীত বিধি সকল যে দৃঢ়রূপে প্রতিপালিত হয়, ইহা সুপরিন্টেণ্ডেন্টের দেখা উচিত।

১৪। মজুরদিগকে কম্বল দিবার পূর্ব্বে তাহা যে যত্নপূর্ব্বক ধোয়া যায় ও উত্তমরূপে শুষ্ক করা যায়, সুপরিন্টেণ্ডেন্ট তাহা দেখিবেন।

15. No Steamer should be licensed to carry Laborers except on the condition that the Flats are towed astern instead of being lashed alongside or that a proper hospital boat is towed astern, or that the upper deck of one Flat shall be devoted to the use of the sick in case of the outbreak of an Epidemic.

---

*B.—Rules for the guidance of the Superintendent of Labor Transport at Kooshtea.*

1. EVERY Vessel applying for a License to ship Laborers from Kooshtea must be surveyed by the Superintendent of Labor Transport at that place.

2. The Superintendent at Kooshtea in licensing Vessels and superintending the despatch of Laborers must follow the Rules laid down for the guidance of the Superintendent at Calcutta.

3. The Superintendent will be responsible that the provisions according to the List supplied from Calcutta are put on board for the use of the Laborers, and he shall satisfy himself that all the provisions put on board are of good quality and sufficient quantity.

4. The Superintendent shall examine the Laborers with the Embarkation Lists prepared under Section XXVIII. of the Act, and shall satisfy himself of the identity of the Laborers.

5. The Superintendent shall visit the Embarkation Depôt frequently, and it will be his duty to see that the Laborers are properly provided with food while awaiting embarkation.

6. The Superintendent will return a duplicate Embarkation List, signed by himself and the Master or Manjee, to the Superintendent at Calcutta, as also the Provision List and Medical Inspector's List.

---

## CHAPTER II.

*A.—Rules for the guidance of the Medical Inspector of Laborers at Calcutta.*

1. THE Medical Inspector is responsible for the sanitary state of the Depôts. He will see that the Laborers while in Depôt are properly housed, fed, and clothed and provided with Medical attendance, Medicines, and Medical Comforts.

2. Unless under exceptional circumstances, Laborers shall be kept at least three days in a Calcutta Depôt prior to despatch to the Eastern Districts.

১৫। কোন বাষ্পীয় জাহাজে মজুরদিগের গমনের অনুমতি দিবার পূর্ব্বে সর্ব্বদা এই নিয়ম করিতে হইবে যে অঙ্ক পোত তাহার পার্শ্বে না বাঁধিয়া কাছী দিয়া তাহার পাছেং টানা যাইবে, অথবা চিকিৎসালয় হইবার যোগ্য একখান নৌকা পাছেং টানা যাইবে, অথবা পীড়ার প্রাচুর্ভাব হইলে এক অঙ্ক পোতের উপরের তুতক পীড়িতদের ব্যবহারার্থে দেওয়া যাইবে।

---

(খ) মজুর প্রেরণ কর্ম্মের যে সুপরিন্টেণ্ডেন্ট কুস্ত্যাতে অবস্থিত আছেন তাঁহার উপদেশার্থ বিধি।

১। কুস্ত্যাহইতে মজুরদিগকে লইয়া যাইবার অনুমতিপত্র যে পোতের জন্যে প্রার্থনা করা যায়, তাহা তথায় অবস্থিত মজুর প্রেরণ কার্য্যের সুপরিন্টেণ্ডেন্ট পরিদর্শন করিবেন।

২। কলিকাতায় অবস্থিত সুপরিন্টেণ্ডেন্টের উপদেশার্থে যে২ বিধি প্রণীত হইয়াছে কুস্ত্যায় অবস্থিত সুপরিন্টেণ্ডেন্টও সেই২ বিধি মানিয়া পোতের অনুমতিপত্র দিবেন ও মজুর প্রেরণের তত্ত্বাবধারণ করিবেন।

৩। কলিকাতাহইতে প্রেরিত ফর্দ্দে নির্দ্দিষ্ট খাদ্য দ্রব্যাদি মজুরদের ব্যবহারার্থে পোতে যে দেওয়া যায়, ইহার দায় সুপরিন্টেণ্ডেন্টের প্রতি বর্ত্তিবে, ও যত খাদ্য দ্রব্যাদি দেওয়া যায় তাহা সকলই যে উত্তম ও তাহার পরিমাণ যে পর্য্যাপ্ত, ইহা তিনি স্বচ্ছোধমতে জানিতে চেষ্টা করিবেন।

৪। আইনের ২৮ ধারামতে পোতারোহণোদ্যত মজুরদের যে ফর্দ্দ প্রস্তুত হয়, সুপরিন্টেণ্ডেন্ট তাহা দেখিয়া তদনুসারে মজুরদিগকে নিরীক্ষণ করিবেন, ও তাহারা যে সেই লোক বটে ইহা স্বচ্ছোধমতে জানিতে চেষ্টা করিবেন।

৫। সুপরিন্টেণ্ডেন্ট নৌকারোহণোপযোগি আড্ডা বারম্বার দেখিতে যাইবেন, ও জলযানারোহণের অপেক্ষা করণকালে মজুরেরা যে উপযুক্ত আহারীয় দ্রব্য পায় তাহা দেখা তাঁহার উচিত।

৬। সুপরিন্টেণ্ডেন্ট পোতারোহণোদ্যত মজুরদের দুই খান ফর্দ্দ প্রস্তুত করিয়া তাহাতে স্বাক্ষর করিয়া জলযানের অধ্যক্ষ কি মাঝিকেও তাহাতে স্বাক্ষর করাইবেন, পরে তাহা ও খাদ্যদ্রব্যের ফর্দ্দ ও পরিদর্শক চিকিৎসকের প্রস্তুত ফর্দ্দ কলিকাতায় অবস্থিত সুপরিন্টেণ্ডেন্টের নিকটে পাঠাইবেন।

---

## ২ অধ্যায়।

(ক) মজুরদের পরিদর্শক যে চিকিৎসক কলিকাতায় অবস্থিত আছেন তাঁহার উপদেশার্থ বিধি।

১। আড্ডা সকলের স্বাস্থ্যসম্পর্কীয় অবস্থার দায় পরিদর্শক চিকিৎসকের প্রতি বর্ত্তে। মজুরেরা যাবৎ আড্ডায় থাকে, তাবৎ তাহারা থাকিবার উপযুক্ত স্থান ও উপযুক্ত আহার ও বস্ত্রাদি ও চিকিৎসা ও ঔষধ ও পথ্য পায় ইহা তিনি দেখিবেন।

২। অতি অসাধারণ গতিক্রম না হইলে মজুরদিগকে পূর্ব্বাঞ্চলে প্রেরণের পূর্ব্বে অতিন্যূন তিন দিন কলিকাতার কোন আড্ডায় তাহাদিগকে রাখিতে হইবে।

3. The Medical Inspector will carefully inspect all the Laborers before their departure for the Eastern Districts, and he will not, except under very peculiar circumstances, allow any Laborers who are sick, or unfit to undertake the voyage, or who are not in a state of health to warrant their proceeding to the Tea Districts for the purpose of laboring, to embark.

4. If he thinks right, on the special application of a Contractor, to pass any sick or infirm Laborer accompanying his family, he will explain the circumstances of the case in the column of remarks in his Inspection List.

5. The Medical Inspector will not allow any sick or infirm Laborer to be removed from a Depôt unless on his written order. Further, he will not allow any disqualified Laborer to remain longer than is necessary in a Depôt.

6. The Medical Inspector will constantly visit each Depôt. A Visitor's Book must be kept up at each Depôt in which the Superintendent and Medical Inspector will note their visits and enter remarks as to the state ot the Depôt.

7. The Medical Inspector will take care that none but qualified Medical Officers are placed in charge of Depôts, or despatched in charge of batches of Laborers. Every Medical Officer prior to leaving in charge of Laborers must obtain a License from the Medical Inspector, and must on return submit his Diary for the Medical Inspector's perusal.

8. The Medical Inspector will inspect the Medicines and Medical Comforts provided for every party of Laborers who embark for the Tea Districts, and will satisfy himself that they are according to the scale laid down in these Rules, and that the sanitary arrangements of the Steamer, Flat, or Boat, are efficient and complete.

9. It will be the duty of every Medical Officer in charge of Laborers to see that all blankets and clothing belonging to Laborers who have suffered from cholera or small-pox are destroyed in his presence; and the Medical Inspector will pay particular attention to the observance of this duty.

---

*B.—Rules for the guidance of the Medical Inspector of Laborers at Kooshtea.*

1. The Medical Inspector is responsible for the sanitary state of the Embarkation Depôt. He will see that the

৩। পূর্ব্বাঞ্চলে গমনোপলক্ষে মজুরদের যাত্রা করিবার পূর্ব্বে পরিদর্শক চিকিৎসক যত্নপূর্ব্বক তাহাদের সকলকে পরিদর্শন করিবেন, তাহাতে যে কোন মজুর পীড়িত কি সেই যাত্রা করণে অসমর্থ কিম্বা চার আবাদে গিয়া পরিশ্রম করিতে যাহার উপযুক্ত শক্তি নাই, অতি অসাধারণ গতিক্রম না হইলে চিকিৎসক তাহাকে পোতে উঠিতে দিবেন না।

৪। পীড়িত কি দুর্ব্বল যে মজুর নিজ পরিবারের সঙ্গে আছে তাঁহাকে যাইবার অনুমতি দেওয়া যদি কন্‌ট্রাকটরের বিশেষ প্রার্থনাক্রমে বিহিত বোধ হয়, তবে তিনি আপন পরিদর্শনসূচক ফর্দ্দে মন্তব্যের ঘরে তৎসম্পর্কীয় গতিক্রম লিখিবেন।

৫। পরিদর্শক চিকিৎসক পীড়িত কি দুর্ব্বল যে মজুরকে আড্ডাহইতে স্থানান্তর করিবার অনুমতি আপনি লিপিবদ্ধ করেন নাই, তাহাকে স্থানান্তরীকৃত হইতে দিবেন না। পরন্তু যে মজুর কর্ম্ম করণে অসমর্থ তাহাকে প্রয়োজনাপেক্ষা অধিক কাল আড্ডাতে থাকিতে দিবেন না।

৬। পরিদর্শক চিকিৎসক এক২ আড্ডা নিত্য দেখিতে যাইবেন। প্রত্যেক আড্ডাতে একখান পরিদর্শকদের বহী রাখিতে হইবে, তন্মধ্যে সুপরিন্টেণ্ডেণ্ট ও পরিদর্শক চিকিৎসক আপন২ কৃত পরিদর্শনের মন্তব্য লিখিবেন ও আড্ডার অবস্থা বিষয়ক কথাও লিখিবেন।

৭। যে২ চিকিৎসককে আড্ডার ভার দেওয়া যায় কি মজুরদের কোন দলের সহিত তত্ত্বাবধারকস্বরূপে পাঠান যায়, তাঁহারা সকলে উপযুক্ত গুণবিশিষ্ট লোক ইহা পরিদর্শক চিকিৎসক যত্নপূর্ব্বক দেখিবেন। যে কোন চিকিৎসক মজুরদের দলের সহিত তাহার তত্ত্বাবধারকস্বরূপে গমন করেন, তাঁহাকে যাত্রার পূর্ব্বে পরিদর্শক চিকিৎসকের স্থানে অনুমতিপত্র লইতে হইবে, ও প্রত্যাগমন কালে পরিদর্শক চিকিৎসকের পাঠার্থে আপনার রোজনামা তাঁহাকে দিতে হইবে।

৮। জলপথে চার আবাদে যাত্রাকারি এক২ দল মজুরদের ব্যবহারার্থে যে সকল ঔষধ ও পথ্য দেওয়া যায়, পরিদর্শক চিকিৎসক তাহা নিরীক্ষণ করিয়া তাহা যে এই বিধির নির্দ্দিষ্ট হারানুযায়ী বটে ইহা হৃদ্বোধমতে দেখিবেন, এবং বাষ্পীয় জাহাজের কি অন্ধ পোতের কি নৌকার স্বাস্থ্যোপযোগি উপায় সকল যে সফল ও সম্পূর্ণ তাহাও দেখিবেন।

৯। যে মজুরদের ওলাউঠা কি বসন্ত রোগ হইয়াছিল তাহাদের কম্বল প্রভৃতি সকল কাপড় যে মজুরদের ভারপ্রাপ্ত চিকিৎসকের সাক্ষাতে নিঃশেষে বিনষ্ট করা যায়, ইহা দেখা তদ্রূপ প্রত্যেক চিকিৎসকের উচিত। এবং এই কার্য্য বাস্তবিক যে করা যায়, তদ্বিষয়ে পরিদর্শক চিকিৎসকের বিশেষ মনোযোগ করা কর্ত্তব্য।

---

(খ) মজুরদের পরিদর্শক যে চিকিৎসক কুষ্ঠ্যায় অবস্থিত আছেন তাঁহার উপদেশার্থ বিধি।

১। পোতারোহণোপযোগি আড্ডার স্বাস্থ্যসম্পর্কীয় অবস্থার দায় পরিদর্শক চিকিৎসকের প্রতি বর্ত্তিবে। মজুরেরা যে উপযুক্ত আহারীয় দ্রব্য পায় ইহা

Laborers are properly fed and will make arrangements for Contractor's Agents to have a cooked meal ready on arrival for all batches of Laborers forwarded from Calcutta.

2. He will inspect the Depôt and Hospital attached as often as circumtances require, and will provide for suitable Medical attendance, Sweepers, Medicines, and Comforts.

3. On arrival of each batch of Laborers from Calcutta he will examine the Laborers with the Medical Inspector's List and the List prepared under Section XXVIII. and satisfy himself of the identity of the Laborers, and should it appear that any are unfit to undertake the voyage, he will return them to the Depôt from whence they came, reporting his proceedings to the Medical Inspector at Calcutta.

4. It will be the duty of the Medical Inspector to see that properly screened off Hospital accommodation is provided on board Steamers and Flats, and to see that an Hospital boat accompanies all batches proceeding in boats.

5. He will inspect all Medicine Chests and Medical Comforts on arrival and see that they agree with the List forwarded.

6. He will inspect all Native Doctors' Licenses and see that no batch of Laborers depart without a licensed Doctor.

---

## CHAPTER III.

*A.—Rules for the guidance of Contractors in the management of Inland Labor Transport Depôts.*

1. EVERY Contractor will be held responsible that no Recruiter is employed by him who is not duly licensed by the Superintendent, and will clearly understand that in case of any infraction of this Rule his own License may be withdrawn, and that he will be liable to a fine not exceeding Rupees 200, or in default of payment to imprisonment for a term not exceeding one month.

2. All Magistrates have been instructed to give to each Laborer a ticket containing particulars as to his name, residence, District, date of recruitment, and Depôt for which recruited. Any Contractor admitting to his Depôt any person not provided with such a ticket will be held liable to the cancelment of his License.

তিনি দেখিবেন, বিশেষতঃ কলিকাতাহইতে প্রেরিত একং দল মজুরেরা পঁহুছিবামাত্র যাহাতে কন্‌ট্রাক্‌টরের এজেণ্টদের চেষ্টাতে তাহাদের জন্যে পাক হওয়া আহারীয় দ্রব্য প্রস্তুত থাকে এমত উপায় তিনি করিবেন।

২। আড্ডা ও তৎসংযুক্ত চিকিৎসালয় নিরীক্ষণ করা যত বার প্রয়োজনীয় বোধ হয় তত বার তিনি তাহা দেখিতে যাইবেন, এবং উপযুক্ত চিকিৎসার উপায় ও মেহতর ও ঔষধ ও পথ্য যোগাইবেন।

৩। কলিকাতাহইতে একং দল মজুরেরা পঁহুছিলে তিনি পরিদর্শক চিকিৎসকের প্রস্তুত ফর্দ্দ ও ২৮ ধারামতে প্রস্তুত ফর্দ্দ দেখিয়া তদনুসারে মজুরদিগকে নিরীক্ষণ করিবেন ও তাহারা যে সেই লোক বটে ইহা হৃদ্বোধমতে দেখিবেন। তাহাতে যদি তাহাদের মধ্যে যাত্রা করণে অসমর্থ কোন ব্যক্তিকে দেখা যায়, তবে সেই ব্যক্তি যে আড্ডাহইতে আসিয়াছিল সেই স্থানে তাহাকে ফিরিয়া পাঠাইবেন, ও তদ্বিষয়ে যাহা করেন তাহার রিপোর্ট কলিকাতায় অবস্থিত পরিদর্শক চিকিৎসকের নিকটে পাঠাইবেন।

৪। বাষ্পীয় জাহাজে ও অঙ্ক পোতে হাস্‌পিটালের মত ব্যবহার্য্য পর্দ্দাদ্বারা উচিত মতে ঘেরা স্থান যে থাকে, এবং মজুরদের কোন দল নৌকাযোগে যাত্রা করিলে হাস্‌পিটালস্বরূপে ব্যবহার্য্য এক খান নৌকা যে তাহাদের সঙ্গে যায়, ইহা পরিদর্শক চিকিৎসকের দেখা কর্ত্তব্য।

৫। ঔষধের বাক্স ও পথ্য কুস্তাতে আইলে তিনি তাহা নিরীক্ষণ করিবেন, এবং তাহা প্রেরিত ফর্দ্দের সহিত যে মিলে ইহা দেখিবেন।

৬। তিনি দেশীয় চিকিৎসকদের সকল অনুমতিপত্র নিরীক্ষণ করিবেন, এবং অনুমতিপত্র প্রাপ্ত চিকিৎসক সঙ্গে না থাকিলে মজুরদের কোন দলকে যাত্রা করিতে দিবেন না।

---

## ৩ অধ্যায়।

(ক) মজুর প্রেরণোপযোগি মফঃসলের আড্ডা তত্ত্বাবধারণ বিষয়ে কন্‌ট্রাক্‌টরদের উপদেশার্থ বিধি।

১। প্রত্যেক কন্‌ট্রাক্‌টর যে কেবল সুপরিণ্টেণ্ডেণ্টের স্থানে উচিত মতে অনুমতিপত্র প্রাপ্ত মজুরসংগ্রাহকদিগকে নিযুক্ত করেন, ইহার দায় তাঁহার প্রতি বর্ত্তিবে, বিশেষতঃ কোন মতে এই বিধি লঙ্ঘন করিলে তাহার নিজ অনুমতিপত্র যে অসিদ্ধ হইতে পারে, এবং তাঁহার দুই শত টাকার অনধিক অর্থদণ্ড কিম্বা সেই টাকা না দিলে এক মাসের অনধিক কারাদণ্ড হইতে পারে, ইহা তিনি স্পষ্ট বুঝিবেন।

২। প্রত্যেক মজুরকে তাহার নাম ও বাসস্থান ও জিলা ও মজুরস্বরূপে যাইবার করারের তারিখ ও যে আড্ডার সম্পর্কে করার করিয়াছে সেই আড্ডা, এই সকল কথা সম্বলিত টিকিট দিবার আদেশ সকল মাজিষ্ট্রেটদিগকে দত্ত হইয়াছে। যে ব্যক্তির তদ্রূপ টিকিট নাই এমত ব্যক্তিকে আপনার আড্ডাতে গ্রাহ্য করিলে কন্‌ট্রাকটরের অনুমতিপত্র রহিত হইতে পারিবে।

3. In cases where the Contractor does not reside on the premises of his Depôt, he shall be bound to appoint some suitable person who shall always reside there, to conduct in his absence the arrangements of the Depôt on his (Contractor's) responsibility, and such Agent must be registered in the Office of the Superintendent.

4. The Contractor will furnish a monthly Return, in the Form given in the Appendix, of all Laborers who pass through his Depôt.

5. The Contractor will give implicit obedience to the directions of the Medical Inspector on his visits to the Depôt, and will be responsible to him for the sanitary condition of the Depôt, including the housing, clothing, and feeding of its inmates.

6. On the arrival of Laborers at the Depôt they must be inspected by the Contractor or his Agent, and their names must be without delay entered in a Register to be kept for that purpose with correct descriptions according to the Forms prescribed. The Contractor will at the same time be very particular in ascertaining that the Recruiter has conformed to those Sections of Act III. which relate to the registration and safe conduct of the Laborer to the Depôt for which he was recruited and registered. In case of any contravention of the Act the Recruiter shall be detained, and the circumstance immediately reported to the Superintendent.

7. The Contractor will report to the Superintendent every morning before 12 o'clock, in the annexed Form No. 1, all arrivals of Laborers during the previous day.

8. He will immediately report the occurrence of any case of cholera in his Depôt to the Medical Inspector.

9. He shall entertain a qualified Medical Officer who shall reside constantly on the spot, and he shall provide such separate Hospital accommodation and Medical Stores as the Medical Inspector and Superintendent may deem sufficient. He shall not send any sick Laborer to a Calcutta Hospital unless under the written instructions of the Medical Inspector.

10. The Laborers shall be turned out for inspection every morning at 5 o'clock in the hot weather and 7½ in the cold weather. A Muster Roll shall then be called, and the resident Medical Attendant shall give in his report of the sick

৩। কনট্রাকটর যদি আপনি নিজ আড়ডার বাটীতে না বাস করেন, তবে তাঁহার উচিত যে আপনার দায়ে নিজ অনুপস্থানকালে আড়ডার তত্ত্বাবধারণ কর্ম্ম চালাইবার জন্যে উপযুক্ত কোন ব্যক্তিকে নিযুক্ত করিয়া সর্ব্বদা তথায় বাস করিবার আজ্ঞা দেন। সুপরিন্টেণ্ডেন্টের কার্য্যালয়ে সেই এজেন্টের নাম রেজিস্টরী করিতে হইবে।

৪। কোন কনট্রাকটরের আড়ডাতে যত মজুরেরা প্রবেশ করিয়া তথাহইতে নির্গত হয়, তাহাদের মাসিক কৈফিয়ৎ সেই কনট্রাকটর ইহার ক্রোড়পত্রে নির্দ্দিষ্ট পাঠে প্রস্তুত করিয়া পাঠাইবেন।

৫। পরিদর্শক চিকিৎসক আড্ডা পরিদর্শনকালে যেহ আদেশ করেন, কনট্রাকটর তাহা সম্পূর্ণরূপে মান্য করিবেন, এবং আডডার স্বাস্থ্যসম্পার্কীয় অবস্থা, বিশেষতঃ তথায় বাসকারী সকলের থাকিবার স্থান ও অশন বসন বিষয়ে কনট্রাকটর সেই পরিদর্শক চিকিৎসকের নিকটে দায়ী হইবেন।

৬। মজুরেরা আডডায় আইলে কনট্রাকটর কি তাঁহার এজেন্ট তাহাদিগকে নিরীক্ষণ করিবেন, ও তাহাদের নাম লিখিবার জন্যে যে বহী রাখিতে হয় সেই বহীতে কর্ত্তৃপক্ষের নির্দ্দিষ্ট পাঠে যথার্থ বর্ণনাযুক্ত তাহাদের নাম অবিলম্বে লিখিবেন। এবং মজুরের রেজিস্টরী করিবার কথা, ও যে আডডার উপলক্ষে সে করার করিয়াছে ও রেজিস্টরী হইয়াছে সেই আডডাতে নির্ব্বিঘ্নে তাহাকে লইয়া যাইবার কথা ও আইনের যেহ ধারাতে থাকে, মজুর সংগ্রাহক যে তাহার বিধান মান্য করিয়াছে, অতি যত্নপূর্ব্ব ইহা তদন্ত করা সেই সময়ে কনট্রাকটরের কর্ত্তব্য। মজুরসংগ্রাহক যদি কোন মতে আইন লঙ্ঘন করিয়া থাকে, তবে তাহাকে আটক করিয়া অবিলম্বে সেই বিষয়ের কথা সুপরিন্টেণ্ডন্টকে জানাইতে হইবে।

৭। একং দিনে যত মজুর আইসে, তদ্বিষয়ক রিপোর্ট কনট্রাকটর ইহার শেষভাগে সংযুক্ত ১ নম্বর পাঠে তৎপরদিন পূর্ব্বাহ্নে অর্থাৎ দুই প্রহরের পূর্ব্বে সুপরিন্টেণ্ডেন্টের নিকটে পাঠাইবেন।

৮। তাঁহার আডডার মধ্যে কোন ব্যক্তির ওলাউঠা রোগ হইলে তিনি অবিলম্বে পরিদর্শক চিকিৎসককে তাহার সংবাদ দিবেন।

7. Such being the opinion of the Board, it follows that, as they think, Section 152 has no direct reference to the orders now under consideration. Over those orders that Section gives to the Executive Authorities no power of revision whatever, unless the Act contains elsewhere, provision for appeals from such orders.

8. The remarks which I am now, in the first place, to make, apply to the first class of orders described in paragraph 5; orders, *viz.*, "passed in a suit and relating to the trial thereof." The Board are, decidedly of opinion, that no revision or appeal is expressly or inferentially provided from such orders in the Act, and, therefore, that such orders are absolutely final.

9. In this respect, however, the law regulating the procedure of the Courts which try cases under the Rent Laws, in no way differs from that which governs the procedure of the Civil Court. Section 363 of Act VIII. of 1859 contains a provision in regard to orders passed in the course of a suit and relating thereto, prior to decree, *in Civil suits of all kinds*, identical with that which you consider so objectionable as applied to Rent Suits. The proviso in that Section, which gives the key to the policy of the law, is no doubt, *ipso facto*, applicable, and is, unquestionably, daily applied in Rent Law cases.

10. Indeed, the object of prohibiting appeals from such orders is of great importance and perfectly intelligible. If the final judgment itself is *not* appealable, it would be absurdly incongruous to allow an appeal from interlocutory orders passed in the course of the proceedings: and, if the final

৫। অতএব বোর্ড কেবল দুই প্রকার আপীলের সম্বন্ধে আইনের বিবেচনা করিয়াছেন, অর্থাৎ—

(১) মোকদ্দমা চলিবার সময়ে তাহার বিচার বিষয়ে কোন কালেক্টরের কি ডেপুটী কালেক্টরের প্রচারিত আজ্ঞার উপর যে আপীল হয়, এবং—

(২) ডিক্রীর পরে তৎসাধনের বিষয়ে প্রচারিত তদ্রূপ আজ্ঞার উপর যে আপীল হয়, তাহার সম্বন্ধে।

৬। উক্ত আইনে প্রকারান্তরের স্পষ্ট বিধান না থাকিলে পূর্ব্বোক্ত দুই প্রকারের আজ্ঞার উপর আপীল হইতে পারে না, এবং তাহার পুনরালোচনা হইতে পারে না, ইহাতে সন্দেহমাত্র নাই। এ বিষয়ে আইনের শব্দ অত্যন্ত বিস্তারিত অর্থযুক্ত, সুতরাং ১৫১ ধারার আরম্ভস্থানে রাজস্বসম্পর্কীয় উচ্চতর কর্ত্তৃপক্ষকে যে সাধারণ তত্ত্বাবধারণ ও কর্ত্তৃত্ব দেওয়া যায় তাহার উপরে নির্ভর করিয়া বিচারাধিপত্যের কোন দাওয়া করা দৃঢ়রূপে নিষিদ্ধ হয়, বোর্ডের এমত বোধ হয়, বোর্ডের মতানুসারে উক্ত কথার অর্থ বিষয়ক কোন সন্দেহ হইতে পারে না, হইলেও বোর্ড যে সিদ্ধান্ত করিয়াছেন তাহার যথার্থতার প্রমাণ পশ্চাৎ প্রকাশ পাইবে।

৭। বোর্ড যখন এমত বিচার করেন, তখন এই পত্রে যে আজ্ঞার মীমাংসা হইতেছে তাহার প্রতি ১৫২ ধারা সাক্ষাৎ সম্বন্ধে খাটে না, বোর্ডের অবশ্য এমত বোধ হয়। তদ্রূপ আজ্ঞার উপর আপীল করিবার বিধান আইনের অন্য কোন স্থানে না থাকিলে উক্ত ধারাতে রাজকর্ম্ম নির্ব্বাহক কর্ত্তৃপক্ষকে সেই প্রকারের আজ্ঞা পুনরালোচনা করিবার কোনই ক্ষমতা দেওয়া যাই নাই।

৮। আমার প্রথম বক্তব্য কথা ৫ প্রকরণে নির্দ্দিষ্ট প্রথম প্রকারের আজ্ঞার প্রতি, অর্থাৎ মোকদ্দমা চলিবার সময়ে তাহার বিচারের বিষয়ে প্রচারিত আজ্ঞার প্রতি খাটিবে। বোর্ডের স্পষ্ট বোধ হয় যে তদ্রূপ আজ্ঞার উপর আপীল করিবার কি তাহার পুনরালোচনা করিবার স্পষ্ট কি অনুমানসিদ্ধ কোন বিধান আইনে নাই, সুতরাং তদ্রূপ আজ্ঞা সকল একেবারে চূড়ান্ত হয়।

৯। এই বিষয়ে খাজানার আইন মতে মোকদ্দমার বিচারকারি আদালতের কার্য্যপ্রণালী বিধায়ক আইন, ও দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালী বিধায়ক আইন এই দুইয়ের মধ্যে কিছুই প্রভেদ নাই। মোকদ্দমা চলিবার সময়ে তাহার বিচারের বিষয়ে ডিক্রীর পূর্ব্বে প্রচারিত আজ্ঞা সম্পর্কীয় যে বিধান অর্থাৎ ১৮৫৯ সালের ৮ আইনের ৩৬৩ ধারার যে বিধান সর্ব্ব প্রকারের দেওয়ানী মোকদ্দমাতে খাটে, তাহা এবং খাজানা বিষয়ক মোকদ্দমা সম্পর্কীয় যে বিধান আপনকার এত অসন্তোষজনক বোধ হয় উভয়ই এক। উক্ত ধারার বর্জ্জিত স্থলের কথাতে আইনের রাজনীতি বোধগম্য হয়, ও তাহা যে স্বভাবতঃ খাজানার আইনমতের মোকদ্দমাতে খাটে ও প্রতি দিন তাহাতে বর্ত্তান যায়, ইহাতে সন্দেহমাত্র নাই।

১০। বাস্তবিক এমত আজ্ঞার উপর আপীল করিবার নিষেধ অতি আবশ্যক ও তাহার কারণ অনায়াসে বোধগম্য। যে মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির উপরও আপীল হইতে পারে না, এমত মোকদ্দমা চলিবার সময়ে উত্তরপ্রত্যুত্তরঘটিত যে আজ্ঞা প্রচারিত হয় তাহার উপর আপীল করিবার অনুমতি

[*Government Gazette, 24th October* 1865.]

judgment *is* appealable, all objections to any intermediate irregularities can be best considered when the proceedings of the Lower Court are closed, and an appeal is submitted against the general result. To allow appeals from orders passed during the proceedings, before their close, would only be to multiply litigation, and prolong proceedings indefinitely, with no good purpose.

11. You will probably agree with the Board, upon re-consideration, that there is no reason to suppose that, in providing no appeal from "orders passed in any suit and relating to the trial thereof," the Legislature committed any oversight. The Board are clearly of opinion that the policy thus imported into the procedure of the Revenue Courts under the Rent Laws is founded upon sound principles; and it is most improbable at any rate, that the Legislature would contemplate the abandonment of a general principle of this character, upon any representation that the Revenue Authorities might make.

12. The Board proceed now to consider the other class of orders in regard to which you think the law of appeal defective, *viz.*, those passed "after decree and relating to the execution thereof."

13. In the first place I am to remark that the provision of the law in regard to these orders, also is imported into Act X. of 1859, *totidem verbis*, from Act VIII. of 1859. (*Vide Section* 364).

14. In the next place, the Board do not at all agree with you that Act X. of 1859 contains no provisions defining the procedure in appeal from or the appellate authority which can take cognizance of such orders. I proceed to describe what, in the opinion of the Board, those provisions are.

15. The Rules provided by Act X. of 1859 for the execution of decrees, are, in some respects more elaborate even than those of Act VIII. of 1859. The Act divides executions into several classes as follows:—

1*st*.—Execution by compelling specific performance.—(*Sections* 80-83.)

2*nd*.—Execution against the the person.—(*Sections* 84 *and* 93.)

3*rd*.—Execution by sale of—

(*a*) Moveable property.—(*Sections* 98, *&c*.)

দেওয়া যৎপরোনাস্তি অসঙ্গত। এবং যে মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির উপর আপীল হইতে পারে, তাহা চলিবার সময়ে কোন অপরিপাটী কার্য্য হইলে সেই কার্য্যের প্রতি যে সকল আপত্তি হয়, নিম্নতর আদালতের বিচারকার্য্য সমাপ্ত হইলে যখন সাধারণ ফলের উপর আপীল করা যায়, অন্যান্য সময়াপেক্ষা তখন ঐ সকল আপত্তির আলোচনা করিবার সুবিধা হয়। বিচারকার্য্য সমাপ্ত না হইতে অর্থাৎ তাহা চলিবার সময়ে প্রচারিত আজ্ঞার উপর আপীলের অনুমতি দিলে কেবল বিবাদের বৃদ্ধি হইবে, এবং বিচারকার্য্যের অসীম বিফল বিলম্ব হইবে।

১১। আপনি যদি এই সকল বিষয়ে পুনরায় বিবেচনা করেন, তবে বোধ হয় মোকদ্দমা চলিবার সময়ে তাহার বিচার বিষয়ে প্রচারিত আজ্ঞার উপর আপীল করিবার কোন বিধান না করাতে ব্যবস্থাপক সভার উপেক্ষাজন্য ভ্রম যে হইয়াছে, এমত অনুমান করিবার কোন কারণ নাই, আপনিও বোর্ডের ন্যায় ইহা বুঝিবেন। বোর্ডের স্পষ্ট মত এই যে খাজানার আইন উপলক্ষে রেবিনিউ বোর্ডের কার্য্যপ্রণালীতে প্রবেশিত এই রাজনীতি যথার্থ মূলনিয়মের উপর নির্ভর করে। সে যাহা হউক, রাজস্ব সম্পর্কীয় কর্তৃপক্ষের আবেদনক্রমে ব্যবস্থাপক সভা যে এই প্রকারের সাধারণ মূলনিয়ম ত্যাগ করিতে সম্মত হইবেন, ইহা নিতান্ত অসম্ভব।

১২। আপনি অন্য প্রকারের যে আজ্ঞার সম্পর্কে আপীল বিষয়ক আইন অসম্পূর্ণ জ্ঞান করেন, সম্প্রতি তাহার অর্থাৎ ডিক্রীর পরে তৎসাধন বিষয়ে প্রচারিত আজ্ঞার বিবেচনা করিতে বোর্ডের সাহেবেরা প্রবর্ত্ত হইতেছেন।

১৩। প্রথমে আমার ইহা বক্তব্য যে সেই আজ্ঞার বিষয়ে আইনের যে বিধান আছে তাহাও ১৮৫৯ সালের ৮ আইনহইতে ১৮৫৯ সালের ১০ আইনে প্রবেশিত হইয়াছে। সেই বিধানের কথা উভয় আইনে সমান। (৮ আইনের ৩৬৪ ধারা দেখ)

১৪। আমার দ্বিতীয় কথা এই। আপনি কহিতেছেন যে উক্ত প্রকারের আজ্ঞার উপর আপীল করিবার কার্য্য প্রণালী কি তদ্রূপ আজ্ঞার বিচার করিতে ক্ষমতাপন্ন আপীলী কর্তৃপক্ষ নির্ণায়ক কোন বিধান ১৮৫৯ সালের ১০ আইনে নাই, কিন্তু এই কথা বোর্ডের যথার্থ বোধ হয় না। বরং বোর্ডের মতানুসারে উক্ত প্রকারের বিধান আইনে আছে, আমি তাহার বৃত্তান্ত উল্লেখ করিব।

১৫। ডিক্রী সাধনের যে২ বিধি ১৮৫৯ সালের ৮ আইনে আছে, তদপেক্ষা ১৮৫৯ সালের ১০ আইনের নির্দ্দিষ্ট বিধির [illegible]তে কোন২ বিষয়ে আরো মহাযত্ন প্রকাশ পায়। [illegible]ক্ত ১০ আইনে ডিক্রী সাধনের কএকটি প্রকার নির্দ্দিষ্ট হয়, অর্থাৎ—

(১) বিশেষ কার্য্যসাধনের আজ্ঞাদ্বারা ডিক্রীর সাধন। (৮০—৮৩ ধারা).

(২) ব্যক্তির উপর ডিক্রীর সাধন। (৮৪ ও ৯৩ ধারা)

(৩) বিক্রয়দ্বারা ডিক্রীর সাধন, অর্থাৎ—

(ক) অস্থাবর সম্পত্তি বিক্রয়দ্বারা। (৯৮ প্রভৃতি ধারা)

(*b*) **Under-tenures for their own arrears.**—(*Section* 105.)

(*c*) Houses or buildings.
(*d*) Under-tenures not for their own arrears.
(*e*) Estates or shares of Estates.
} (*Section* 110.)

16. In regard to executions by compelling specific performance, and executions against the person, neither Act X. nor Act VIII. of 1859 provide, apparently, for an appeal; though, doubtless, an action would lie for damages in the case of any irregularity, especially in the case of a personal arrest. Evidently, the law does not contemplate the possibility of disobedience to its plain directions in respect of these executions. It would, at any rate, for reasons above given, be probably useless for the Revenue Authorities to ask for any power of interference, unless the Judicial Authorities concurred in the proposal.

17. Section 104 of Act X. contains an express provision for a suit for damage on account of any "irregularity in publishing or conducting a sale" of *moveable property;* and no amendment of the law in this respect appears to be necessary.

18. For the sale in execution of the different classes of property marked (*b*), (*d*), and (*e*), in paragraph 15 Act X. provides that the procedure already in force by other laws shall be employed; as follows:—

I. *For the sale of under-tenures for their own arrears;* "the Rules for the sale" of such under-tenures "contained in any law for the time being in force;"* that is to say, at present, Act VIII. of 1865, B. C.

II. *For the sale of under-tenures not for their own arrears,* "the law for the time being in force applicable to the sale of such under-tenures for demands other than those of arears of rent due in respect thereof;"† that is to say, at present, Act VIII. of 1859, Section 248, &c.

III. *For the sale of an Estate or share of an Estate,* "the Rules in force for the sale of Estates for the recovery of demands recoverable by the same process as arrears of land revenue;"‡ that is to say, at present, Act XI. of 1859.

* Section 105.

† Section 110.

‡ Section 110.

(খ) পেটাও তালুকের বাকী খাজানা প্রযুক্ত সেই পেটাও তালুকের বিক্রয়দ্বারা। ( ১০৫ ধারা)

(গ) ঘর ইত্যাদির বিক্রয়দ্বারা।
(ঘ) পেটাও তালুকের বাকী খাজানা ভিন্ন অন্য কারণে সেই পেটাও তালুক বিক্রয়দ্বারা।
(ঙ) মহাল কি মহালের অংশ বিক্রয়দ্বারা।
} ( ১১০ ধারা)

১৬। বিশেষ কার্য্যসাধনের আজ্ঞাদ্বারা ডিক্রীর যে সাধন হয়, এবং ব্যক্তির উপর ডিক্রীর যে সাধন হয়, তাহার সম্পর্কে আপীলের স্পষ্ট কোন বিধান যদ্যপি ১৮৫৯ সালের ১০ আইনে ও ৮ আইনে না থাকে, তথাপি অপরিপাটীরূপে কোন কার্য্য বিশেষতঃ কোন ব্যক্তিকে আসেধ করিলে ক্ষতিপূরণার্থ নালিশ হইতে পারে, ইহাতে সন্দেহ নাই। এই প্রকারের ডিক্রী সাধনের সম্বন্ধে আইনের স্পষ্ট আদেশের লঙ্ঘন নিতান্ত অসম্ভব বলিয়া আইনের বিধান প্রস্তুত হইয়াছে, ইহা প্রতীয়মান হয়। সে যাহা হউক, পূর্ব্বে যে কারণ উল্লিখিত হইয়াছে তাহাতে বোধ হয় রাজস্ব সম্পর্কীয় কর্তৃপক্ষ এই বিষয়ে হস্তক্ষেপের ক্ষমতা প্রার্থনা করিলে যদি ধর্ম্মাধিকরণের কর্তৃপক্ষ সম্মত না হন, তবে সেই প্রার্থনা বিফল হইবে।

১৭। অস্থাবর সম্পত্তি বিক্রয় প্রকাশ করণে কি নির্ব্বাহ করণে দাঁড়ার ব্যতিক্রম হইলে তজ্জন্য ক্ষতিপূরণার্থ নালিশ করিবার স্পষ্ট বিধান ১০ আইনের ১০৪ ধারাতে আছে, অতএব উক্ত বিষয়ে আইনের পরিবর্ত্তন করা অনাবশ্যক বোধ হয়।

১৮। ১৫ প্রকরণে (খ) (ঘ) ও (ঙ) চিহ্নিত তিন প্রকারের সম্পত্তি বিক্রয়দ্বারা ডিক্রীর সাধনের বিষয়ে ১০ আইনের বিধান এই যে অন্যান্য আইনের বলে প্রচলিত কার্য্যপ্রণালী অবলম্বন করিতে হইবে, অর্থাৎ—

(১) পেটাও তালুকের বাকী খাজানা প্রযুক্ত সেই পেটাও তালুক বিক্রয় করিতে হইলে তদ্রূপ তালুকের বিক্রয় করিবার যে বিধি সময়ক্রমে প্রবল কোন আইনে আছে তাহা অবলম্বন করিতে হয়। * এই বর্ত্তমান কালে বঙ্গদেশের ১৮৬৫ সালের ৮ আইন সেই আইন জানিবা।

(২) পেটাও তালুকের বাকী খাজানা ভিন্ন অন্য কারণ প্রযুক্ত সেই পেটাও তালুক বিক্রয় করিতে হইলে তদ্রূপ তালুকের বাকী খাজানা ভিন্ন অন্য দাওয়ার নিমিত্তে ঐ পেটাও তালুকের নীলামের বিষয়ে তৎকালের চলিত আইন অবলম্বন করিতে হইবে। † এই বর্ত্তমান কালে ১৮৫৯ সালের ৮ আইনের ২৪৮ ইত্যাদি ধারা সেই আইন জানিবা।

(৩) মহাল কি মহালের অংশ বিক্রয় করিতে হইলে ভূমির বাকী মালগুজারীর ন্যায় যে দাওয়া আদায় হইতে পারে, তাহা আদায়ের জন্যে মহাল নীলাম করিবার যে বিধি সময়ক্রমে প্রবল আছে ‡ তাহা অবলম্বন করিতে হইবে। এই বর্ত্তমান কালে ১৮৫৯ সালের ১১ আইন সেই বিধি জানিবা।

* ১০৫ ধারা।

† ১১০ ধারা।

‡ ১১০ ধারা।

19. Now, from proceedings under each of the three laws which are thus made applicable to sales in execution of decree under Act X. of 1859, an appeal lies. In the case of sales under Act VIII. of 1865, B. C., and XI. of 1859, the appeal lies to the Commissioner of Revenue, on the ground of irrelevancy and irregularity. In the case of a sale under Act VIII. of 1859, it is not, perhaps, so clear to what authority the appeal should lie; all that is absolutely certain is that, by Section 257 of Act VIII. of 1859, there is an apeal, under certain circumstances, to correct irregularities in such sales, In view, however, of the analogy of the provisions of Act X. generally, the Board have no hesitation in pronouncing their opinion that, in regard to these cases, a Collector should entertain an appeal presented to him against an order passed by a Deputy Collector, and a Commissioner should entertain an appeal presented to him from the original proceedings of a Collector, under Section 257 of Act VIII. of 1859, and that, in regard to orders passed in appeal under that Section, the Commissioner and the Board of Revenue may exercise the powers of revision entrusted to them by Section 152, Act X. of 1859.

20. The question which the Board has had to consider is whether the several passages quoted from Sections 105 and 110 of Act X. of 1859, in paragraph 18, may be held to provide, in regard to each class of sales therein referred to, for the appeal described in paragraph 19, and they have come to the conclusion that, most certainly, it was the intention of the Legislature so to provide.

21. In all the preliminary discussions in the Legislative Council upon the subject of Act X. of 1859, a strong and persistent opposition was offered to every part of the Bill which had reference to the extension of the powers of the Revenue Courts; and it is impossible to believe that, if the Legislature had concluded to attach a finality to a most important class of orders by Revenue Officers, which, by the Code of Civil Procedure, is denied to the same class of orders when issued by the most experienced Judicial Officers, there would not have been, in the first place, at least an ample discussion of the project; yet, so far as the Board are aware, there is not on record, in the proceedings of the Council, a word upon this point.

22. The inference is irresistible, that the words of Act X. of 1859, quoted in paragraph 18 above, were intended to have a wide interpretation, and to provide for the same power of appeal in the case of sales in execution of decrees of the Revenue Courts under the various laws made applicable to such sales, as is, by those laws, provided

১৯। পূর্ব্বোক্ত যে তিন আইন ১৮৫৯ সালের ১০ আইনমতের ডিক্রীর সাধনার্থ বিক্রয়ের প্রতি বর্ত্তান যাইতে পারে, তাহার একং আইনমতের বিচারকার্য্যের উপর আপীল হইতে পারে। বঙ্গদেশীয় ১৮৬৫ সালের ৮ আইনমতের এবং ১৮৫৯ সালের ১১ আইনমতের বিক্রয়ক্রমে অপ্রাসঙ্গিকতা কি দাঁড়ার ব্যতিক্রম হইলে রাজস্ব সম্পর্কীয় কমিস্যনর সাহেবের নিকটে আপীল হইতে পারে। ১৮৫৯ সালের ৮ আইনমতের বিক্রয় হইলে কোন্ কর্ত্তৃপক্ষের নিকটে আপীল হইতে পারে তাহা তদ্রূপ স্পষ্ট প্রকাশ পায় না, কেবল ইহা নিতান্ত নিশ্চয় যে বিশেষ গতিকক্রমে তদ্রূপ বিক্রয়ের অপারিপাট্যের প্রতীকারার্থে ১৮৫৯ সালের ৮ আইনের ২৫৭ ধারার বলে আপীল হইতে পারে। উক্ত ১০ আইনের বিধানের সাধারণ ভাবহইতে যে অনুমান হয়, তাহাতে বোর্ডের সাহেবেরা নিঃসন্দিগ্ধরূপে আপনাদের এই মত প্রচার করেন, যে তদ্রূপ স্থলে ১৮৫৯ সালের ৮ আইনের ২৫৭ ধারার বলে ডেপুটী কালেক্টরের আজ্ঞার উপর আপীল হইলে কালেক্টর সাহেব তাহা গ্রহণ করিতে পারেন, এবং কালেক্টর সাহেবের প্রথমস্থলীয় বিচারকার্য্যের উপর আপীল হইলে কমিস্যনর সাহেব তাহা গ্রহণ করিতে পারেন, এবং উক্ত ধারামতের আপীলক্রমে যেং আজ্ঞা প্রচার করা যায় তৎসম্পর্কে কমিস্যনর সাহেব ও রেবিনিউ বোর্ড ১৮৫৯ সালের ১০ আইনের ১৫২ ধারার বলে প্রাপ্ত পুনরালোচনার ক্ষমতা প্রয়োগ করিতে পারেন।

২০। বোর্ডের সাহেবেরা যে প্রশ্নের আলোচনা করিয়াছেন তাহা এই। ১৮৫৯ সালের ১০ আইনের ১০৫ ও ১১০ ধারাহইতে উদ্ধৃত যে কথা ইহার ১৮ প্রকরণে উল্লেখ হয় তাহা তন্মধ্যে নির্দ্দিষ্ট একং প্রকারের বিক্রয়ের সম্বন্ধে ১৯ প্রকরণে বর্ণিত আপীলের বিধান বলিয়া খাটে কি না? তাঁহারা এই সিদ্ধান্ত করিয়াছেন যে অবশ্য ব্যবস্থাপক সভার এই উদ্দেশ্য ছিল যে তাহা তদ্রূপ বিধান বলিয়া মান্য হয়।

২১। ১৮৫৯ সালের ১০ আইনের বিষয়ে ব্যবস্থাপক সভাতে যে প্রথমস্থলীয় বাদানুবাদ হইয়াছিল তাহাতে রাজস্ব সম্পর্কীয় আদালত সকলের ক্ষমতা বাড়াইবার যত কথা বিলের কোন অংশে হইত। সেই সকলের দৃঢ় প্রতিবাদ নিয়ত হইত। অতি পরিপক্ব বিচারকর্ত্তাদের দ্বারা প্রচারিত হইলে যে শ্রেণীর আজ্ঞা দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে চূড়ান্ত হয় না, সেই অতি গুরুতর শ্রেণীর আজ্ঞা রাজস্ব সম্পর্কীয় কর্ত্তৃপক্ষদ্বারা প্রচারিত হইলে তাহা চূড়ান্ত করা যদি ব্যবস্থাপক সভার অভিপ্রেত হইত, তবে প্রথমে সেই প্রস্তাব বিষয়ক প্রচুর বাদানুবাদ অবশ্য হইত। না হইবে ইহা নিতান্ত অসম্ভব। কিন্তু বোর্ডের সাহেবেরা যে পর্য্যন্ত জানেন সেই পর্য্যন্ত ঐ ব্যবস্থাপক সভার কার্য্যবৃত্তান্তে এতদ্বিষয়ক একটি কথাও পাওয়া যায় না।

২২। ইহাতে নিতান্ত এমত অনুভব হয় যে পূর্ব্বে অর্থাৎ ১৮ প্রকরণে ১৮৫৯ সালের ১০ আইনের যেং কথা উদ্ধৃত হইল তাহার অতি বিস্তারিত অর্থ করা উচিত, বিশেষতঃ রাজস্ব সম্পর্কীয় আদালতের ডিক্রী সাধনার্থ বিক্রয় হইলে যেং আইনমতে বিক্রয় হইতে পারে, সেইং আইনমতে অন্য কোন বিক্রয় হইলে যেরূপ আপীলের অনুমতি খাটে, তদ্রূপ আপীল

in the case of *all* sales held under them. To interpret the provisions of Act X. in these important particulars more narrowly, would lead to most convenient results, and is opposed to the general policy of the law in similar cases as declared in Act VIII. of 1859. Such an interpretation cannot in the opinion of the Board, be adopted without violence to the plain meaning of the words of the Act.

23. The Board, then hold, that, in regard to sales in execution of decrees of property of each of the three classes (*b*), (*d*), and (*e*), an appeal lies, under the several laws applicable to each several case, to the Commissioner of Revenue from the proceedings of a Collector, upon the ground of irrelevancy or irregularity as laid down in each law.

24. To the Collector from the proceedings of a Deputy Collector an appeal lies, according to the view of the Board, in cases dealt with under Sections 248, &c., of Act VIII. of 1859. In an execution carried out by a sale under Act XI. of 1859, a Deputy Collector has no further jurisdiction, and the Collector's order will be the original order.

25. Act X. of 1859 itself provides specially for the adjudication of *claims* to attached property to all kinds, and for an appeal to the Civil Courts from a Collector's decision in regard to such claims. (*See Sections* 103, 107, *and* 111.)

26. The only, or, at least, the chief defect in the law, as it stands, which appears to the Board, is in regard to executions by sale of "houses or other buildings." The wording of the commencement of Section 110, in regard to sales of this class of property, is peculiar. The only law of appeal that could possibly, by the widest interpretation of the words, apply to such sales, would be Section 104, but the Board cannot suppose, either from analogy, or from the wording of the law, that that Section was intended so to apply.

27. In their view, therefore, no appeal is, by the law, provided for the correction of any irregularity in a sale, in execution under Act X. of 1859, of "houses or buildings." If this reading of the law be correct, there is no doubt that the omission is serious, and should, on the first opportunity, be rectified; but this error does not appear to the Board to be of sufficient importance to render advisable a special law for its correction. The supervising authorities must only be very careful, meanwhile, to hold officers personally responsible that irregularities in these cases are not committed.

[*Government Gazette*, 24*th October* 1865.]

করিবার অনুমতি করা উক্ত আইনের অভিপ্রায় ছিল। এই গুরুতর বিষয়ে ১০ আইনের বিধানের অর্থ অধিক সংকুচিত করা নানা মতে অসুবিধাজনক হইবে, এবং তাদৃশ অন্যান্য স্থলে ব্যবস্থার যে সাধারণ ভাব ১৮৫৯ সালের ৮ আইনে প্রকাশিত হইয়াছে তাহার বিপরীত হইবে। বোর্ডের মত এই যে আইনের স্পষ্ট কথার বিপরীত অর্থ না করিলে ঐ সংকুচিত অর্থ করিতে পারা যায় না।

২৩। অতএব বোর্ডের এমত বোধ হয় যে ডিক্রীর সাধনার্থ (খ) কি (ঘ) কি (ঙ) চিহ্নিত তিন প্রকার সম্পত্তির বিক্রয় হইলে যে আইন অনুসারে বিক্রয় হয়, সেই আইনের বলে তন্নির্দিষ্ট অপ্রাসঙ্গিকতা কি অপারিপাট্য প্রযুক্ত আপীল হইতে পারে, অর্থাৎ কালেক্টর সাহেবের বিচারকার্য্যের উপর রাজস্ব সম্পর্কীয় কমিসানর সাহেবের নিকটে আপীল হইতে পারে।

২৪। বোর্ডের আরো বোধ হয় যে ১৮৫৯ সালের ৮ আইনের ২৪৮ প্রভৃতি ধারামতের বিচারকার্য্য হইলে ডেপুটী কালেক্টরের বিচারকার্য্যের উপর কালেক্টর সাহেবের নিকট আপীল হইতে পারে। ১৮৫৯ সালের ১১ আইনমতের ডিক্রী সাধনার্থ বিক্রয় হইলে এখন ডেপুটী কালেক্টরের কোন বিচারাধিপত্য নাই, সুতরাং কালেক্টর সাহেবের যে আজ্ঞা তাহাই প্রথমস্থলীয় আজ্ঞা।

২৫। ক্রোক হওয়া সর্ব্ব প্রকারের সম্পত্তির উপর যে দাওয়া হয় তাহার নিষ্পত্তি করণার্থ এবং তদ্রূপ দাওয়ার বিষয়ে কালেক্টরের নিষ্পত্তির উপর দেওয়ানী আদালতে আপীল করণার্থ বিশেষ বিধান ১৮৫৯ সালের ১০ আইনে পাওয়া যায়। (১০৩ ও ১০৭ ও ১১১ ধারা দেখ)

২৬। আইন এখন যেমন আছে তাহাতে বোর্ডের মতানুসারে তাহার একমাত্র বা প্রধান দোষ ডিক্রী সাধনার্থ ঘর ইত্যাদির বিক্রয় সম্পর্কীয়। উক্ত প্রকার সম্পত্তির বিক্রয়ের বিষয়ে ১১০ ধারার আরম্ভস্থলে যে কথা পাওয়া যায় তাহা আশ্চর্য্য। সেই কথার অতি উদার অর্থ করিলেও তদ্রূপ বিক্রয়ের প্রতি ১০৪ ধারা ভিন্ন আপীলের অন্য কোন আইন বর্ত্তিতে পারে না, এবং তাহার প্রতি সেই ধারা বর্ত্তাইবার অভিপ্রায় যে ছিল, রেবিনিউ বোর্ড আইনের ভাব কি আইনের কথা বুঝিয়া তাহার কোন প্রমাণ দেখেন না।

২৭। অতএব বোর্ডের বোধ হয় যে ১৮৫৯ সালের ১০ আইনমতের ডিক্রী সাধনার্থে ঘর ইত্যাদি বিক্রয় করণে কোন অপারিপাট্য ঘটিলে তাহার প্রতীকারার্থ আপীল করিবার কোন বিধান আইনে নাই। আইনের এই অর্থ যদি যথার্থ হয়, তবে গুরুতর ত্রুটি যে হইয়াছে ইহা স্বীকার করিতে হইবে, এবং সুযোগ পাইলেই সেই ত্রুটি পূরণ করা উচিত। তথাপি বোর্ডের মতানুসারে সেই ভ্রম এমত গুরুতর নয় যে তৎসংশোধনার্থ বিশেষ আইন করা বাঞ্ছনীয় হয়। তত্ত্বাবধারক কর্ত্তৃপক্ষ অতি সাবধান থাকিয়া এই প্রকার স্থলে অপারিপাট্য যাহাতে না হয়, তদর্থে আপনং অধীন প্রত্যেক কার্য্যকারককে দায়ী জ্ঞান করিবেন।

28. It will be observed from what has been above said, that, in the opinion of the Board, the law provides no appeal, *upon the merits*, from any order passed after decree and relating to the execution thereof, *except when the claim of an intervenor has been adjudicated upon*; but that, (except in the case of "houses and buildings," in regard to which there has been an omission), there is, in each case of execution by sale, an appeal against any irregularity or illegality. *If no appeal is made*, no interference can, under any circumstances, be exercised. The Board of Revenue or the Commissioner can, in the opinion of the Board, only, under Section 152, "call for a case and pass orders upon it," when an appeal has been, in the first instance, made, under the law, to the Commissioner or Collector.

29. This state of the law is precisely the same in regard to proceedings in execution of decrees of the Civil Courts. It is due, not to any oversight on the part of the Legislature, but to a deliberate general policy, applicable to all civil contentions throughout the country. That policy commends itself to the judgment of the Board, and it would certainly be inappropriate for the Revenue Authorities to initiate any agitation for its abandonment.

[Appeal.]

*Rent Law Rule XXXI.*—The following is the construction which the Board of Revenue put upon the provisions of Section 151, Act X. of 1859, in regard to appeals from, or the revision of "*orders passed in the course of suits and relating to the trial thereof,*" and "*orders passed after decree, and relating to the execution thereof.*"

[Interlocutory orders.]

2. From the analogy of Section 363 of Act VIII. of 1859, it is plain that there is absolutely no appeal from, and no power of revision of, an "ORDER PASSED IN THE COURSE OF SUIT AND RELATING TO THE TRIAL THEREOF," but, "if the decree be appealed against, any error, defects, or irregularity in any such order, affecting the merits of the case, or the jurisdiction of the Court, may be set forth as a ground of objection in the memorandum of appeal."

[Specific performance. Sections 80-83.]

3. There is no appeal from, and no power of revision of, "ORDERS PASSED AFTER DECREE AND RELATING TO THE EXECUTION THEREOF" by COMPELLING SPECIFIC PERFORMANCE (Sections 80-83.) The requirements of the law in regard to this class of executions are specific and definite, and there is no apparent room for irregularity in carrying them out. Until they are carried out, the decree is unexecuted; and it is competent to the supe-

২৮। ইহাতে যে সকল কথা কহা গেল তাহাতে বোর্ডের এই মত প্রকাশ পাইবে যে ডিক্রীর পরে তৎসাধন বিষয়ে প্রচারিত আজ্ঞার দোষ গুণ বুঝিয়া তাহার উপর আপীল করিতে আইনমতে পরা যায় না, কেবল মধ্যবর্ত্তি কোন ব্যক্তির দাওয়া নির্ণীত হইলে পর আপীল হইতে পারে। কিন্তু ডিক্রীর সাধনার্থ বিক্রয় হইলে অপারিপাট্য কি আইনবিরুদ্ধতা প্রযুক্ত আপীল অন্য সকল স্থলে হইতে পারে, কেবল ঘর ইত্যাদির বিক্রয়ের স্থলে আইনের ত্রুটি প্রযুক্ত আপীল হইতে পারে না। যদি আপীল না করা যায়, তবে কোন প্রকারের হস্তক্ষেপ হইতে পারে না। রেবিনিউ বোর্ডের মত এই যে অগ্রে আইন অনুসারে কমিস্যনর সাহেবের কি কালেকটর সাহেবের নিকটে আপীল না করা গেলে রেবিনিউ বোর্ড কি কমিস্যনর সাহেব ১৫২ ধারার বলেও কোন মোকদ্দমা তলব করিয়া তাহাতে যে হুকুম উচিত বোধ করেন তাহা করিতে পারিবেন না।

২৯। এই বিষয়ে আইনের অবস্থা এবং দেওয়ানী আদালতের ডিক্রী সাধনার্থ বিচারকার্য্য বিষয়ক আইনের অবস্থা সমান। তাহা যে ব্যবস্থাপক সভার উপেক্ষাজন্য ভ্রমের ফল এমত নয়, বরং তাহা বিবেচনাসিদ্ধ সাধারণ রাজনীতির ফল, ও সেই রাজনীতি দেশের সকল দেওয়ানী বিবাদের প্রতি বর্ত্তে। রেবিনিউ বোর্ড সেই রাজনীতির অনুমোদন করেন, ও তাহা ত্যাগ করণার্থ চেষ্টার উপক্রম করা রাজস্ব সম্পর্কীয় কর্ত্তৃপক্ষের নিতান্ত অনুপযুক্ত বোধ হয়।

[আপীলের কথা।]

খাজানার আইন বিষয়ক ৩১ বিধি।—মোকদ্দমা চলিবার সময়ে প্রচারিত অথচ তদ্বিচার সম্পর্কীয় আজ্ঞার এবং ডিক্রীর পরে প্রচারিত অথচ তৎসাধন সম্পর্কীয় আজ্ঞার উপর আপীল করণ বিষয়ে কিম্বা তদ্রূপ আজ্ঞার পুনরালোচনার বিষয়ে ১৮৫৯ সালের ১০ আইনের ১৫১ ধারার বিধানের যে অর্থ রেবিনিউ বোর্ড করেন তাহা এই, অর্থাৎ—

[উত্তর প্রত্যুত্তরঘটিত আজ্ঞার কথা।]

২। ১৮৫৯ সালের ৮ আইনের ৩৬৩ ধারা বুঝিয়া অনুমান করিলে স্পষ্ট দেখা যায় যে মোকদ্দমা চলিবার সময়ে তাহার বিচার বিষয়ে প্রচারিত কোন আজ্ঞার উপর আপীল কোন ক্রমে হইতে পারে না এবং তাহা পুনরালোচনা করিবার কোন ক্ষমতাও নাই, কিন্তু "যদি ডিক্রীর উপর আপীল হয়, তবে সেই প্রকারের কোন হুকুমের যে কোন চুক কি ত্রুটি কি দাঁড়ার ব্যতিক্রমেতে মোকদ্দমার দোষগুণের কি আদালতের এলাকার ক্ষতিবৃদ্ধি হয় তাহা আপত্তির কারণ বলিয়া আপীলের খোলাসাতে ব্যক্ত করা যাইতে পারিবে।"

[বিশেষ সাধনের আজ্ঞার কথা। ৮০—৮৩ ধারা।]

৩। ডিক্রীর পরে প্রচারিত অথচ বিশেষ ক্রিয়া সাধনদ্বারা ডিক্রী সাধন সম্পর্কীয় আজ্ঞার উপর আপীল হইতে পারে না এবং তদ্রূপ আজ্ঞা পুনরালোচনা করিবার ক্ষমতাও নাই। (৮০—৮৩ ধারা।) এই প্রকারের ডিক্রীর বিষয়ে আইনের আদেশ সবিশেষ ও নিশ্চিত, ও তাহা প্রবল করণে অপারিপাট্য হইবার সম্ভাবনা দেখা যায় না। সেই আদেশমতের কার্য্য যাবৎ অসমাপ্ত থাকে তাবৎ ডিক্রীর সাধন হয় নাই। এবং এমত স্থলে রাজকার্য্যনির্ব্বাহক উচ্চতর কর্ত্তৃপক্ষ আই-

rior Executive Authorities to point out, under such circumstances, to a Lower Court the requirements of the law, and remind it of the duty imposed upon it. Such an interference by higher authority would probably meet with immediate attention. If it did not, it would be the duty of the higher authority to proceed to ulterior measures.

[Imprisonment of the person. Sections 84 and 93.]

4. There is no appeal from, or power of revision of, "orders passed after decree and relating to the execution thereof" by IMPRISONMENT OF THE PERSON: though, no doubt, an action would lie in the Civil Court for damages, against any Officer guilty of irregularity in this class of executions. It behoves the superior Executive Authorities to supervise very carefully the proceedings of the Lower Courts in this matter, reproving and, if necessary, reporting for further orders, any serious irregularity.

[Sale of moveable property. Sections 98, &c.]

5. If a decree is executed by SALE OF MOVEABLE PROPERTY (Sections 98, &c.) there is no appeal from, or power of revision of, any order passed in the course of the execution; but an action lies in the Civil Court for the recovery of any damage sustained by any person by reason of any irregularity in publishing or conducting the sale (Section 104).

[Sale of under-tenure for its own arrears. Section 105.]

6. UNDER-TENURES are SOLD, in execution of decree, FOR THEIR OWN ARREARS under Act VIII. of 1865, B. C., which (Section 13) provides for an appeal on the ground of irrelevancy of the law or of irregularity of procedure.

[Sale of houses or buildings. Section 110.]

7. No appeal from, or power of revision of, any "order passed after decree and relating to the execution thereof" by the SALE OF HOUSES OR BUILDINGS, is provided by the law as it stands. It is very important, therefore, that the Lower Courts should be extremely careful in their proceedings as to such executions, and the higher Revenue Authorities must, as in the case referred to in Clause 4 above, carefully supervise the proceedings of the Lower Courts.

[Sale of under-tenures for arrears not accrued upon them. Section 110.]

8. UNDER-TENURES are SOLD, in execution of decree, FOR ARREARS NOT DUE IN RESPECT THEREOF under Section 248, &c., Act VIII. of 1859. An appeal therefore lies, under certain circumstances, as described in Section 257 of that Act, to correct irregularities in such sales. This appeal should, in

মের আদেশের প্রতি নিম্নতর আদালতের মনোযোগ করাইতে ও তাহার কর্ত্তব্য কর্ম্ম তাঁহাকে স্মরণ করাইতে ক্ষমতাপন্ন আছেন। বোধ হয় উচ্চতর কর্ত্তৃপক্ষ এমত হস্তক্ষেপ করিলে তাহা একেবারে মান্য হইবে। যদি না হয়, তবে সেই উচ্চতর কর্ত্তৃপক্ষের অন্য উপায় করা কর্ত্তব্য হইবে।

[ব্যক্তির কারাদণ্ড করিবার কথা। ৮৪ ও ৯৩ ধারা।]

৪। ডিক্রীর পরে প্রচারিত অথচ ব্যক্তির কারাদণ্ডদ্বারা ডিক্রী সাধন সম্পর্কীয় আজ্ঞার উপর কোন আপীল হইতে পারে না, এবং তাহার পুনরালোচনা করিবার ক্ষমতাও নাই। তথাপি এই প্রকারের ডিক্রী সাধনে যদি কোন কার্য্যকারক নিয়ম বিরুদ্ধ কর্ম্ম করেন, তবে দেওয়ানী আদালতে ক্ষতিপূরণার্থে তাঁহার নামে নালিশ হইতে পারে ইহাতে সন্দেহ নাই। এই বিষয়ে নিম্নতর আদালত সকলের কার্য্য অতি যত্নপূর্ব্বক তত্ত্বাবধারণ করা ও নিয়মের গুরুতর লঙ্ঘন হইলে তাঁহাদিগকে ভর্ৎসনা করা ও আবশ্যক হইলে তদ্বিষয়ে রিপোর্ট করিয়া অতিরিক্ত আদেশের প্রার্থনা করা রাজকার্য্য নির্ব্বাহক উচ্চতর কর্ত্তৃপক্ষের উচিত।

[অস্থাবর সম্পত্তি বিক্রয়ের কথা। ৯৮ প্রভৃতি ধারা।]

৫। অস্থাবর সম্পত্তি বিক্রয়দ্বারা কোন ডিক্রীর সাধন হইলে (৯৮ প্রভৃতি ধারা দেখ) তৎসাধনক্রমে প্রচারিত কোন আজ্ঞার উপর আপীল হইতে পারে না, এবং তাহার পুনরালোচনা করিবার ক্ষমতাও নাই। কিন্তু নীলাম প্রকাশ কি নির্ব্বাহ করণে দাঁড়ার কোন ব্যতিক্রম হইলে যদি কাহারো কোন ক্ষতি জন্মে, তবে তৎপূরণার্থে দেওয়ানী আদালতে নালিশ হইতে পারে। (১০৪ ধারা দেখ)

[পেটাও তালুকের বাকী খাজানার জন্যে সেই পেটাও তালুক বিক্রয় করিবার কথা। ১০৫ ধারা।]

৬। পেটাও তালুকের বাকী খাজানা প্রযুক্ত ডিক্রীর সাধনক্রমে সেই পেটাও তালুক বিক্রয় করিতে হইলে বঙ্গদেশীয় ১৮৬৫ সালের ৮ আইনমতে তাহা বিক্রয় করিতে হয়। ব্যবস্থার অপ্রাসঙ্গিকতা কি কার্য্যপ্রণালীর অপারিপাট্য প্রযুক্ত আপীল হইবার বিধান উক্ত আইনের ১৩ ধারাতে আছে।

[ঘর ইত্যাদি বিক্রয়ের কথা। ১১০ ধারা।]

৭। ডিক্রীর পরে প্রচারিত অথচ ঘর ইত্যাদি বিক্রয় করণদ্বারা তৎসাধন সম্পর্কীয় আজ্ঞার উপর ব্যবস্থার বর্ত্তমান অবস্থামতে আপীল হইতে পারে না, এবং তদ্রূপ আজ্ঞার পুনরালোচনা করিবার ক্ষমতাও নাই, অতএব এমত ডিক্রী সাধন সম্পর্কীয় কার্য্য করণে নিম্নতর আদালত সকলের সাধ্যমতে সতর্ক থাকা আবশ্যক, এবং এই বিধির ৪ দফাতে উল্লিখিত স্থলের ন্যায় এই স্থলেও যত্নপূর্ব্বক নিম্নতর আদালতের কার্য্যের তত্ত্বাবধারণ করা রাজস্ব সম্পর্কীয় উচ্চতর কর্ত্তৃপক্ষের কর্ত্তব্য।

[পেটাও তালুকের খাজানা ভিন্ন অন্য বাকী খাজানা প্রযুক্ত পেটাও তালুকের বিক্রয়ের কথা। ১১০ ধারা।]

৮। পেটাও তালুকের খাজানা ভিন্ন অন্য বাকী খাজানাপ্রযুক্ত পেটাও তালুকের যে বিক্রয় তাহা ১৮৫৯ সালের ৮ আইনের ২৪৮ প্রভৃতি ধারামতে করিতে হয়। অতএব তদ্রূপ বিক্রয়ের অপারিপাট্যের প্রতিকারার্থে বিশেষ গতিক্রমে অর্থাৎ উক্ত আইনের ২৫৭ ধারার নির্দ্দিষ্ট স্থলে আপীল হইতে পারে।

the opinion of the Board of Revenue, be heard by Collectors from the orders of Deputy Collectors, and by Commissioners from the orders of Collectors.

[Sale of Estates or shares of Estates. Section 110.]

9. ESTATES OR SHARES OF ESTATES are SOLD, in execution of decree, under Act XI. of 1859. The sale can only be held after special notification under Section 5 of that Act. The date fixed in the notification should be the latest date for payment of such demands in the District, as determined by the Board of Revenue under Section 3 (*See Sale Rule I*). An appeal lies to the Commissioner under Section 25 Act XI. of 1859 in case of any irregularities, &c., in such a sale.

[Claims to attached property. Sections 103, 107, and 111.]

10. Special provision is made by the Act (*Sections* 103, 107, *and* 111) for the adjudication of CLAIMS to ATTACHED PRORERTY OF ALL KINDS and for a suit in the Civil Courts to question the decision of the Revenue Courts in regard to such claims.

[No appeal upon the merits, except upon a claim.]

11. There is NO APPEAL from, and NO POWER OF REVISION of, any "ORDER PASSED AFTER DECREE and RELATING TO THE EXECUTION THEREOF" UPON THE MERITS, except when a claim has been adjudicated.

[Board and Commissioner's powers. Section 152.]

12. Unless an appeal is made to the proper authority, there is no power of interference by the superior authorities. The Board of Revenue or the Commissioner can, only, under Section 152 "call for a case and pass orders upon it," *when an order has been passed* IN APPEAL by the Commissioner or the Collector respectively.

---

No. 3.

It has been suggested to the Board that, in order to obviate the necessity for illegitimate practices, parties to pending cases, or their agents, should be allowed, upon payment of the fees of the copyist and the cost of paper, to obtain *unauthenticated* copies of any papers in the case that they may require.

2. The Board, at present, see no objection to the proposal. But before they issue formal instructions upon it, they wish to give the Officers of the Revenue Department the opportunity of bringing to notice any objections that may occur to them.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ২৬ অক্টোবর।]

বোর্ডের মত এই যে ডেপুটী কালেক্টরের আজ্ঞার উপর আপীল হইলে কালেক্টর সাহেব তাহা শুনিবেন, ও কালেক্টর সাহেবের আজ্ঞার উপর আপীল হইলে কমিস্যনর সাহেব তাহা শুনিবেন।

[মহাল কি মহালের অংশ বিক্রয় করিবার কথা। ১১০ ধারা।]

৯ ধারা। ডিক্রীর সাধনক্রমে মহাল কি মহালের অংশ বিক্রয় করিতে হইলে ১৮৫৯ সালের ১১ আইনমতে তাহা বিক্রয় করিতে হয়। অগ্রে উক্ত আইনের ৫ ধারামতে বিশেষ বিজ্ঞাপন প্রকাশ না করিলে নীলাম হইতে পারে না। রেবিনিউ বোর্ড ৩ ধারামতে (নীলামের ১ বিধি দেখ) জিলাতে তদ্রূপ দাওয়ার টাকা দিবার যে শেষ তারিখ অবধারণ করেন, উক্ত বিজ্ঞাপনে সেই তারিখ নীলামের দিন বলিয়া নিরূপণ করিতে হইবে। তদ্রূপ নীলামের কোন অপারিপাট্য ইত্যাদি হইলে ১৮৫৯ সালের ১১ আইনের ২৫ ধারামতে কমিস্যনর সাহেবের নিকটে আপীল হইতে পারে।

[ক্রোক হওয়া সম্পত্তিতে দাওয়ার কথা। ১০৩ ও ১০৭ ও ১১১ ধারা।]

১০। সর্ব্ব প্রকারের ক্রোক হওয়া সম্পত্তিতে যে২ দাওয়া হইতে পারে তাহার নিষ্পত্তি করিবার বিশেষ বিধান, ও তদ্রূপ দাওয়ার সম্পর্কে রাজস্ব সম্পর্কীয় আদালতের নির্ণয় পরীক্ষা করণার্থে দেওয়ানী আদালতে মোকদ্দমা করিতে পারিবার বিশেষ বিধান আইনের ১০৩ ও ১০৭ ও ১১১ ধারাতে আছে।

[দাওয়ার স্থল ভিন্ন অন্য স্থলে দোষগুণ বুঝিয়া আপীল করিতে না পারিবার কথা।]

১১। ডিক্রীর পরে তৎসাধন বিষয়ে প্রচারিত কোন আজ্ঞার উপর দোষগুণপ্রযুক্ত আপীল হইতে পারে না ও তাহা পুনরালোচনা করিবার ক্ষমতাও নাই. তথাপি কাহারো দাওয়ার নিমিত্ত হইলে পর তদ্রূপ আপীলি কি ক্ষমতা হইতে পারে।

[বোর্ডের ও কমিস্যনর সাহেবের ক্ষমতার কথা। ১৫২ ধারা।]

১২। উপযুক্ত কর্ত্তৃপক্ষের নিকটে আপীল না করা গেলে উচ্চতর কর্ত্তৃপক্ষও হস্তক্ষেপ করিতে ক্ষমতাপন্ন নন। কমিস্যনর সাহেব কি কালেক্টর সাহেব অগ্রে আপীলক্রমে কোন আজ্ঞা প্রচার না করিলে রেবিনিউ বোর্ড কি কমিস্যনর সাহেব ১৫২ ধারার বলেও কোন মোকদ্দমা তলব করিয়া তদ্বিষয়ক কোন হুকুম করিতে পারেন না।

---

৩ নম্বর।

বোর্ডের নিকটে এই প্রস্তাব করা গিয়াছে যে কোন মোকদ্দমা চলিবার সময়ে পক্ষ ব্যক্তিরা কি তাঁহাদের এজেন্টেরা কাগজের মূল্য ও নকলনবীসদের ফী দিলে মোকদ্দমা সম্পর্কীয় যে কোন কাগজপত্রে তাঁহাদের প্রয়োজন, তাহার অপ্রামাণিক প্রতিলিপি পাইবার অনুমতি পাইলে ব্যবস্থা বিরুদ্ধ কার্য্য করা আর আবশ্যক হইবে না।

২। বোর্ড এই বর্ত্তমান কালে সেই প্রস্তাবের কোন আপত্তি দেখেন না, কিন্তু রাজস্বের ডিপার্টমেণ্টভুক্ত কার্য্যকারকেরা তাহার কোন আপত্তি দেখিলে যেন তাহা জ্ঞাত করিবার অবকাশ পান, তন্নিমিত্তে একেবারে উক্ত প্রস্তাবানুযায়ি নিয়মিত আদেশ প্রকাশ না করিয়া তাঁহাদিগকে অবকাশ দেওয়া বোর্ডের উচিত বোধ হয়।

3. For this purpose, the Board will postpone issuing any orders upon the subject until the end of October. Any Officer who sees any objection to the proposed arrangement, is desired, meanwhile, to address the Board in the usual channel.

No. 4.

The following addition is to be made to Miscellaneous Rule LXXVI :—

24A. Applications for increased establishments chargeable to the rate must be made in the form given in Rule XXVIII, 2. If the application is made by a District Officer, he must submit it through the Commissioner, giving, at the same time, an estimate of the receipts from the rate, during the year from each estate in the District. If the application is for an increase to the Commissioner's establishment, it must be accompanied by a similar estimate of the receipts from the rate in the Division, and by a Statement of the charges already sanctioned in the Division against it.

24B. It must, however, be clearly understood that the amount of the rate that is locally raised has no absolute connection with the scale of the local establishments, and will never be admitted as any argument for an increase to the local establishments, unless it can be shown that such increase is otherwise necessary. The income of, and expenditure from, the rate are adjusted for the whole Province,—not by Divisions or by Districts.

No 5.

The following order by the Government of India, in the Financial Department, No. 1513, dated 31st July 1865, is published, under instructions from the Government of Bengal, for the guidance of all Officers subordinate to the Board :—

"The Resolution of the 11th December 1863, is only to apply to the servants who are designated as Peons (or Chuppprassees), and is further limited to such members of this body as had been discharged prior to the date of the order, on reduction of Establishments, after thirty years' service.

"The order in question was passed to meet an exceptional condition of affairs; *viz.*, to relieve the distress consequent on a large and sudden general reduction of Peons, and is not to be treated as a standing Regulation of the service."

No. 6.

Add to Miscellaneous Rule LXVII :—after "Mohurirs."

Money Order Agents and their Sureties (see XLVI, 2) Rupees 500 each.

[*Government Gazette*, 24*th October* 1865.]

৩। এই অভিপ্রায়ে বোর্ড সম্প্রতি উক্ত বিষয়ে কোন আজ্ঞা প্রকাশ না করিয়া অক্টোবর মাসের শেষ পর্য্যন্ত বিলম্ব করিবেন। যে কার্য্যকারক প্রস্তাবিত নিয়মের প্রতি কোন আপত্তি দেখেন, তিনি ইহার মধ্যে চলিত রীতিমতে বোর্ডকে জ্ঞাত করিবেন।

৪ নম্বর।

বিবিধ বিধির ৭৬ বিধিতে পশ্চাৎ লিখিত কথা যোগ করিতে হইবে।

২৪ A। যাহার বেতনাদি খরচ সেই হারহইতে দিতে হইবে, সেরেস্তার এমত বৃদ্ধির প্রার্থনা করিতে হইলে ২৮ বিধির ২ দফার পাঠে প্রার্থনা করিতে হইবে। জিলার কার্য্যকারক যদি সেই প্রার্থনা করেন, তবে তিনি কমিসানর সাহেবের দ্বারা তাহা পাঠাইবেন, ও বৎসরের মধ্যে জিলার এক২ মহালহইতে সেই হারেতে করিয়া যত টাকা পাওয়া যাইবে তাহার আনুমানিক হিসাবও পাঠাইবেন। যদি কমিসানর সাহেবের সেরেস্তা বৃদ্ধি করিবার প্রার্থনা হয়, তবে তাঁহার এলাকার মধ্যে সেই হারজন্য আয়ের আনুমানিক হিসাব, ও সেই হারেতে যাহার টাকা দেওয়া যাইবে এলাকার মধ্যে এমত যে সকল খরচের অনুমোদন হইয়াছে তাহার এক কৈফিয়তও পাঠাইবেন।

২৪ B। তথাপি ইহা স্পষ্ট বুঝা উচিত যে হারজন্য স্থানীয় আয়ের সহিত স্থানীয় সেরেস্তার হ্রাসবৃদ্ধির অবেদা কোন সম্বন্ধ নাই, বিশেষতঃ স্থানীয় সেরেস্তার বৃদ্ধির আবশ্যকতার অন্য প্রমাণ না দেখাইলে উক্ত সম্বন্ধ কখন তাহার প্রমাণ বলিয়া গ্রাহ্য হইবে না। ঐ হারজন্য আয়ব্যয়ের নিষ্পত্তি করণে কেবল এলাকা কি জিলা নয়, বরং সমস্ত প্রদেশ ধরিয়া নিয়ম করা যায়।

৫ নম্বর।

ফিনান্সিয়ল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের পশ্চাৎ লিখিত অর্থাৎ ১৮৬৫ সালের ৩১ জুলাই তারিখের ১৫১৩ নম্বরের আজ্ঞা বঙ্গদেশের গবর্ণমেন্টের আদেশমতে বোর্ডের অধীন সকল কার্য্যকারকদের উপদেশার্থে প্রকাশ করা যাইতেছে।

"১৮৬৩ সালের ১১ ডিসেম্বরের নির্দ্ধারণ কেবল পেয়াদা কি চাপরাসী নামে প্রসিদ্ধ কর্ম্মচারিদের প্রতি খাটে, এবং তাহাদের মধ্যেও সকলের প্রতি নয়, কিন্তু ত্রিশ বৎসর কার্য্য করণানন্তর যাহারা সেরেস্তা ন্যূন করিবার সময়ে উক্ত আজ্ঞার তারিখের পূর্ব্বে বিদায় হইয়াছিল কেবল তাহাদের প্রতি খাটে।

"অসাধারণ গতিক্রমের প্রতিকারার্থে অর্থাৎ একেবারে সকল প্রকারের অনেক পেয়াদাদিগকে বিদায় করাতে যে ক্লেশের সম্ভাবনা ছিল তাহার প্রতিকারার্থে পূর্ব্বোক্ত আজ্ঞা করা গিয়াছিল, সুতরাং তাহা কার্য্যসম্পর্কীয় চিরস্থায়ি বিধি বলিয়া গণ্য নয়।"

৬ নম্বর।

বিবিধ বিধির ৬৭ বিধিতে "মুহরিরা" শব্দের পরে পশ্চাৎ লিখিত কথা যোগ করিতে হইবে, অর্থাৎ—

"মণি অর্ডর এজেণ্টেরা ও তাঁহাদের প্রতিভূগণ (৪৬ বিধির ২ দফা দেখ) প্রত্যেক জন ৫০০৲ টাকা"

### No 7.

MISCELLANEOUS RULE XV., 3 being superseded by the Accountant-General's Circular Order No. 24, dated 28th June, is hereby cancelled.

---

### No. 8.

ADD to the XXXth MISCELLANEOUS RULE:—

3. The date on which any exhibit is filed in a Court should be noted upon it, and authenticated by the initials of the Collector or of a Deputy or Assistant Collector.

---

### No. 9.

THE following additions are to be made to the MISCELLANEOUS RULES.—

XA. CIRCULAR ORDERS.—The Board's Circular Orders are issued in monthly parts, which are supplied direct, (in any number required for Office use), to every Divisional, District, and Sub-Divisional Officer subordinate to the Board.

2. Immediate attention must be paid by all grades of Officers to the Board's Circular Orders. A Sub-Divisional Deputy Collector, for instance, should at once prepare and submit to the Collector any information that he finds, from a Circular Order, will be required from him, without waiting for any special instructions.

3. Vernacular versions of the Circular Orders are issued for the use of the Ministerial Officers as soon after the English version is circulated, as they can be got ready.

4. All the extant Circular Orders of the Board of Revenue have been codified in the different Manuals, and every Circular Order of a permanent character now takes the shape of a Rule, to be added, in its proper place, to one or other of the Board's Manuals. Printed slips of all such Rules are supplied for the purpose to all the subordinate Revenue Officers.

5. No Circular Order, except those of mere current effect, should be quoted. The Rules are the only recognized authority. Old Circular Orders not abstracted in the Rules must be understood to be cancelled. *(See also Rules XII. 12, XLIII. 7, and XLII. A)*

XXXVIA. HIGH COURT.—The Board supply to each Divisional, District, and Sub-Divisional Officer as many copies as he requires for the use of his Office, of a SELECTION, which they issue monthly, of such decisions of the High Court as bear upon the duties of Officers in the Revenue Department.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৭। ২৪ অক্টোবর।]

### ৭ নম্বর।

বিবিধ বিধির ১১ বিধির ৩ দফা আকৌন্টেন্ট জেনরল সাহেবের ২৮ জুন তারিখের ২৪ নং সরকুলর অর্ডর দ্বারা ব্যর্থ হইয়াছে, অতএব তাহা ইহাতে রহিত করা গেল।

---

### ৮ নম্বর।

বিবিধ বিধির ৩০ বিধিতে এই কথা যোগ করিতে হইবে, অর্থাৎ—

"৩। কোন নিদর্শনপত্র আদালতে দাখিল করা গেলে দাখিল হইবার তারিখ তাহাতে লিখিয়া কালেক্টর সাহেবের কিম্বা কোন ডেপুটী কি আসিষ্টান্ট কালেক্টরের নামের আদ্যক্ষরের দ্বারা প্রামাণিক করিতে হইবে।"

---

### ৯ নম্বর।

বিবিধ বিধিতে পশ্চাৎ লিখিত কএক বিধি যোগ করিতে হইবে, অর্থাৎ—

১০A। সরকুলর অর্ডর। বোর্ডের সরকুলর অর্ডর সকল মাসিক খণ্ডে প্রকাশিত হয়, এবং এলাকার ও জিলার ও জিলাখণ্ডের যত কার্য্যকারক বোর্ডের অধীন আছেন, একেবারে তাঁহাদের প্রত্যেকের নিকটে পাঠান যায়, ফলতঃ যাঁহার কার্য্যালয়ে ব্যবহারার্থে যত খানির প্রয়োজন তত পাঠান যায়।

২। বোর্ডের প্রণীত সরকুলর অর্ডর অবিলম্বে মান্য করা সকল শ্রেণির কার্য্যকারকদের উচিত। ইহার উদাহরণ। জিলাখণ্ডে নিযুক্ত কোন ডেপুটী কালেক্টর সরকুলর অর্ডর পাঠ করিয়া যদি দেখেন যে বিশেষ কোন কথা জ্ঞাত করিবার আদেশ তাঁহার প্রতি বর্ত্তিবে, তবে বিশেষ আজ্ঞার অপেক্ষা না করিয়া অবিলম্বে সেই কথার বৃত্তান্ত প্রস্তুত করিয়া কালেক্টর সাহেবের নিকটে প্রেরণ করা তাঁহার উচিত।

৩। সরকুলর অর্ডর ইংরাজী ভাষাতে প্রেরিত হইলে পরে দেশীয় ভাষাতে তাহার অনুবাদ যত শীঘ্র প্রস্তুত হইতে পারে, তত শীঘ্র আমলাদের ব্যবহারার্থে পাঠান যায়।

৪। রেবিনিউ বোর্ডের যত সরকুলর অর্ডর আছে সে সমুদয় বিশেষ২ বহীতে সংগৃহীত হইয়াছে, এবং চিরস্থায়ি প্রকারের যাবতীয় সরকুলর অর্ডর এখন বিধিবদ্ধ হইয়া থাকে, সুতরাং বোর্ডের প্রকাশিত বহীর মধ্যে বিশেষ কোন বহীর উপযুক্ত স্থানে তাহা যোগ করা উচিত। তদ্রূপ সকল বিধি স্বতন্ত্র২ কাগজখণ্ডে মুদ্রিত হইয়া রাজস্ব সম্পর্কীয় অধীন সকল কার্য্যকারকদের নিকটে প্রেরিত হইয়া থাকে।

৫। নৈমিত্তিক বলবিশিষ্ট ভিন্ন অন্য কোন সরকুলর অর্ডর উল্লেখ করা অনুচিত। কেবল উক্ত বিধি সকল প্রামাণিক বিধি বলিয়া গণ্য হয়। পুরাতন যত সরকুলর অর্ডরের সারকথা উক্ত বিধিতে উদ্ধৃত হয় নাই, সে সকল রহিত বলিয়া গণ্য হইবে। (১২ বিধির ১২ দফা ও ৪৩ বিধির ৭ দফা ও ৪৪ A বিধিও দেখ।)

৩৬ A। হাই কোর্ট। রাজস্বের ডিপার্টমেন্ট ভুক্ত কার্য্যকারকদের কর্ত্তব্য কর্ম্মের প্রতি হাই কোর্টের যেং নিষ্পত্তি খাটে, রেবিনিউ বোর্ড তাহার সারসংগ্রহ মাসেং প্রকাশ করিয়া এলাকার ও জিলার ও জিলাখণ্ডের সকল কার্য্যকারকদের নিকটে পাঠান, অর্থাৎ প্রত্যেকের কার্য্যালয়ের ব্যবহারার্থে যত খানের প্রয়োজন হয় তত খান পাঠান।

2. These monthly selections are to be carefully kept and bound into volumes as the Board may direct.

3. Slips, containing printed abstracts of such of these decisions as bear upon the Rent Laws, are furnished by the Board, from time to time, for insertion, each in its proper indicated place, in the "LAW OF LANDLORD AND TENANT."

(*See also Rules XII.* 12, *and XLIII.* 7.)

XLIVA. MANUALS.—The Rules and Orders of the Board of Revenue, in every branch of the Department which they administer, are now codified in the various Manuals of the Board; and new orders issuing are in the forms of Rules to be added to these compilations. Officers are to be careful to remember that the Manuals only, and not the old Circular Orders, are now of recognized authority. They are to make provision also for the intelligent addition to the Manuals of all new Rules that issue.

2. Whenever the Board publish a new and revised edition of any Manual, it is to be understood that the old edition is thereby cancelled. (*See also Rule XII.*, 12.)

XXXIIIA. FORMS.—Printed forms of Returns, Registers, &c., are supplied on indent, by the Superintendent of Stationery, to whom application should be made direct.

2. The Superintendent of Stationery will supply no forms not approved and sanctioned by the Board of Revenue.

3. In making an indent, the date of the last indent made for the particular form required, and the number then received, should be stated, any unusual consumption being accounted for. (*See also Periodical Return Rule* 2.)

4. Manuscript Forms should on no account be used.

---

No. 10.

To obviate misunderstandings, the Board of Revenue are pleased to notify the following addition to Miscellaneous Rule LX. 14.

6. The Head Assistants of the Board of Revenue are authorized to sign Reminders' Dockets, and other formal letters, and to authenticate copies, &c.

২। উক্ত মাসিক সারসংগ্রহ অতি সাবধানে রাখিয়া বোর্ডের আদেশানুসারে বহী করিয়া বাঁধাইতে হইবে।

৩। উক্ত নিষ্পত্তির মধ্যে যত নিষ্পত্তি খাজানার আইনের প্রতি খাটে, বোর্ড সময়ে২ তাহার সারসংগ্রহ স্বতন্ত্র২ কাগজ খণ্ডে মুদ্রিত করিয়া পাঠান। ভূম্যধিকারী ও প্রজার আইন নামক গ্রন্থের উপযুক্ত যে২ স্থান নির্দ্দিষ্ট হয়, সেই২ স্থানে তদ্রূপ প্রত্যেক কাগজখণ্ড লাগাইতে হইবে। (১২ বিধির ১২ দফা ও ৪৩ বিধির ৭ দফাও দেখ।)

৪৪ A। বিধ্যাদির বহী। রেবিনিউ বোর্ড যে ডিপার্টমেণ্টের কর্ত্তা নির্ব্বাহ করেন তাহার এক২ শাখাসম্পর্কীয় বিধি ও অর্ডর সকল বোর্ডের প্রণীত এক২ বহীতে সংগৃহীত হইয়াছে, ও নূতন যত অর্ডর প্রচারিত হয় তাহা উক্ত বহীতে সংযুক্ত হইবার যোগ্যরূপে রচিত হইয়া বিধিবদ্ধ হয়। কার্য্যকারকেরা সাবধানমতে ইহা স্মরণ করিবেন যে পুরাতন সরক্যুলর অর্ডর সকল প্রামাণিক বিধিরূপে আর গণ্য নয়, কেবল উক্ত বহী সকল প্রামাণিক এবং নূতন যত বিধি প্রচারিত হয়, বিবেচনাপূর্ব্বক বহীতে তাহা লাগাইবার উপায় তাঁহারা করিবেন।

২। বোর্ড যখন কোন বহী সংশোধন পূর্ব্বক পুনরায় মুদ্রিত করিয়া প্রকাশ করেন, তখন সেই প্রকারের পুরাতন বহী সকল রহিত হইল ইহা সকলে জানিবেন। (১২ বিধির ১২ দফা দেখ।)

৩৩ A। পাঠ। রিটর্ণ ও রেজিষ্টর ইত্যাদির মুদ্রিত পাঠের প্রয়োজন হইলে তাহা পাইবার জন্যে একেবারে ষ্টেসনরি সুপরিণ্টেণ্ডেণ্টের নিকটে প্রার্থনা করিতে হইবে, তাহাতে তিনি তাহা পাঠাইবেন।

২। ষ্টেসনরি সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব রেবিনিউ বোর্ডের গ্রাহ্য ও অনুমোদিত ভিন্ন অন্য পাঠ পাঠাইবেন না।

৩। যখন তদ্রূপ প্রার্থনাপত্র লেখা যায়, তখন প্রার্থিত পাঠবিশেষ পাইবার জন্যে শেষ বারের যে প্রার্থনাপত্র তাহার তারিখ, ও তখন যত খান পাওয়া গিয়াছিল তাহার সংখ্যা লিখিতে হইবে, এবং সাধারণ স্থল অপেক্ষা অনেক পাঠ খরচ হইলে তাহার কারণও জানাইতে হইবে। (সাময়িক রিটর্ণের ২ বিধিও দেখ।)

৪। হাতের লেখা পাঠ কোন ক্রমে ব্যবহার করিতে হইবে না।

---

১০ নম্বর।

ভ্রম নিবারণার্থে রেবিনিউ বোর্ড বিবিধ বিধির ৬০ বিধির ১৪ দফাতে পশ্চাৎ লিখিত কথা যোগ করিবার আদেশ প্রকাশ করিতেছেন।

৬। রেবিনিউ বোর্ডের হেড আসিষ্টাণ্টেরা স্মারক চিঠীতে ও লিপির মর্ম্মসূচক খোলাসাতে ও দাঁড়ামতের অন্যান্য পত্রে স্বাক্ষর করিতে ও প্রতিলিপির যথার্থতার প্রমাণ ইত্যাদি লিখিতে ক্ষমতাপন্ন আছেন।

**EXCISE.**

**No. 11.**

THE following is to be added to the Board's *Excise Rules* :—

**73A.** Whenever it is proposed to establish a new Central Distillery, the following form must be filled up and submitted to the Board of Revenue, through the Commissioner.

| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 | 14 | 15 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|

---

১৮৬৫ সাল ৩১ আগষ্ট।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ভাগলপুর জিলার অন্তর্গত মদ্ধেপুরার মুনসেফী বিচারাধিপত্য ঐ জিলার অন্তর্গত নাথপুর থানা পর্য্যন্ত বিস্তারিত করিলেন।

---

১৮৬৫ সাল ৬ সেপ্টেম্বর।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে ২৪ পরগনা জিলার অন্তর্গত বারুইপুর নামে যে সংযোগ ১৮৫৬ সালের ২০ আইন মতে হইয়াছে (১৮৬১ সালের ৩১ মে তারিখের গবর্ণমেন্টের বিজ্ঞাপন দেখ, ঐ বিজ্ঞাপন ১৮৬১ সালের জুন মাসের ১৮ তারিখের বাঙ্গলা গেজেটের ৩৬০ পৃষ্ঠায় প্রকাশ হইয়াছে) তাহা [illegible] ও [illegible] বিভক্ত হইয়াছে, অর্থাৎ বারুইপুর [illegible] [illegible]পুর। পশ্চাৎ [illegible] এই দুই গ্রাম বারুইপুর সংযোগের মধ্যে, এবং মালঞ্চ, রাজপুর সংযোগের মধ্যে পরিগৃহীত হইল, অর্থাৎ—

| বারুইপুর সংযোগ। | রাজপুর সংযোগ। |
|---|---|
| বারুইপুর। | রাজপুর। |
| মাদারহাট। | হরিনাভি। |
| সাসন। | মালঞ্চ। |

---

১৮৬৫ সাল ১৯ অক্টোবর।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের প্রতি ১৮১৯ সালের ৬ আইনমতে যে ক্ষমতা অর্পিত হইয়াছে, তদনুসারে তিনি প্রকাশ করিতেছেন যে হাজারিবাগ ও রাঞ্চী গমনাগমনের পথে দামোদর নদের উপর যে খেয়াঘাট আছে তাহা রাজকীয় খেয়াঘাট বলিয়া গণ্য হইবে।

---

১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতের বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ২১ অক্টোবর।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের বিবেচনানুসারে বোধ হয় যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ের হুগলী ইষ্টেশন অবধি হুগলী নদী পর্য্যন্ত পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে গড়ে ৩০ ফুট প্রশস্ত ভূমির প্রয়োজন। উক্ত ভূমি হুগলী জিলার অন্তর্গত এবং বাবুগঞ্জের ট্রাঙ্ক পথের পার্শ্ব-

feet is required, situated within the District of Hooghly and extending from the side of the Strand Road at Baboogunge to the Punkatoolee road in a place near Aymah at the point where the unmetalled road branches from Punkatoolee road to the Grand Trunk Road.

This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all it may concern.

S. C. BAYLEY,
*Offg. Secy. to the Govt. of Bengal.*

হইতে পাকাটুলীর পথ পর্য্যন্ত অর্থাৎ কাঁচা রাস্তা আয়-মার নিকটবর্ত্তি যে স্থানে পাকাটুলীর পথহইতে উত্তরপশ্চিম গমনের পথে যায় সেই স্থান পর্য্যন্ত যায়।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এস সি বেলী,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

## GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

৫৮৭ নং।

### আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৫ সাল তারিখ ১০ নবেম্বর শুক্রবার পূর্ব্বাহ্ণে দিবা এগার ঘন্টার সময়ে মোং কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬৩। ৬৪ সালের উৎপন্ন আফিমের একাদশ নীলাম হইবেক এবং ঐ নীলামে ৫৩৫৫ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম ———— ২৯২০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ২৪৩৫

জুমলা সিন্দুক ———
৫৩৫৫

iboo Gour
lo Moh
Ima... ...d Deputy
...nnahs, for one month
...nted Service

...নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ ... সকল ...

২ দফা। এইক্ষণে Surgeon Charles Hayes ... কলিকাতার মেডিকেল ... লিখিত ইশ্‌তেহার দৃষ্টি গবর্ণমেণ্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬৪ সালের ১০ নবেম্বর ... করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং ক্লিয়ারেন্স অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬৫ সালের ১৫ এবং ২৫ নবেম্বর এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামী খরিদারগণ যে সকল প্রমিস্বরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা অন্য কোন রকম সর-কারী মাতবরী দস্তাবেজাৎ যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬৫ সালের ১৫ নবেম্বর বুধবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিম্মতের পুরা টাকার দরুণ বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ সন ১৮৬৫ সালের ২৫ নবেম্বর শনিবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরোক্ত এই নীলামের ইশ্‌তেহারের লিখিত পরিমাণ আফিম ভিন্ন বর্ত্তমান বর্ষে সন ১৮৬৩। ৬৪ সালের উৎপন্ন নীচের লিখিত পরিমাণ বেহারের ও বানারসের আফিম কিঞ্চিৎ কমি বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখসময়ে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতু-প্রযুক্ত নীলামের তারিখ বদল করিবার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যক মতে তারিখ বদল করিবেন।

| | বেহারের সিন্দুক | বানারসের সিন্দুক | জুমলা সিন্দুক |
|---|---|---|---|
| সন ১৮৬৫ সাল তারিখ ৮ ডিসেম্বর শুক্রবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ | ২৯১৭ | ২৪৪৫ | ৫৩৬২ |

টি. ক্রস লেন।
ছোট সেক্রেটারী।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ।
ফোর্ট উইলিয়ম সন ১৮৬৫ সাল তারিখ ২৬ অক্টোবর।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ৩১ অক্টোবর।]

নং ৮৮৬ ।

# ইস্তাহার।

---

ফোর্ট উইলিয়ম।

তারিখ ২১ আগস্ট সন ১৮৬৫ সাল।

এতদ্দারা ইস্তাহার দেওয়া যাইতেছে যে হাসিয়ার লিখিত মোকাম হায়ে মৌজুদ ১০২৫০০০ দশ লক্ষ চব্বিশ হাজার মোন সরকারি পাঙ্গা নেমক যাহা গত জুলাই মাহার নীলামের ইস্তেহার দেওয়া ১৫ লক্ষ মোন নেমকের মধ্যে বাকী আছে তাহা আগামি ১ নবেম্বর তারিখে বিক্রয়ার্থ প্রকাশ্য নীলামে ধরা যাইবেক।

| মোকাম | | মোন। |
|---|---|---|
| হিজলি রসুলপুর সন ১২৬৭ ( ১২৬৮ । ১২৬৯ সালের... | | ১,১১০০০/ |
| কৃষ্ণনগর সন ১২৬৫ । ১২৬৮ সালের | ... | ১,৫৫০০০/ |
| রামনগর সন ১২৬৮ সালের | ... | ১০,৫০০০/ |
| কালীনগর সন ১২৬৭ । ১২৬৮ । ১২৬৯ সালের | ... | ১,৮০০০০/ |
| পুরিঘাটা সন ১২৬৮ সালের | ... | ৩৩০০০/ |
| | | ৫৮২০০০/ |
| ঐ | | |
| তমলুক রসুলপুর নেমক সন ৬৭ । ১২৬৮ সালের | ... | ২৫০০০/ |
| উড়িষ্যা পুরি সন ১২৬৮ । ১২৬৯ সালের | ... | ২৫০০০০/ |
| সালিখার প্রেসিডেন্সী গোলার। | | |
| বালেশ্বর পাঙ্গানেমক সন ১২৬৮ সালের | ... | ১৭৭০০০/ |
| | | ১০২৪০০০/ |

মন্তব্য। যে সকল পরিমাণে নেমক এই স্থানে লেখা গেল তাহা ১ নবেম্বর তারিখে মৌজুদ থাকিবেক হিসাব করা হইয়াছে, যদ্যপি কোন সালের নেমক কমি হয় তবে অন্য সালের সেই রকম নেমক সেই মোং হইতে দেওয়া যাইবেক, অথবা দাখিলি টাকা ফেরত দেওয়া যাইবেক।

উক্ত নীলাম ব্যাঙ্কশাল ঘাটের নিকট গঙ্গার ধারের রাস্তার উপর ১৩ এ নম্বরের নূতন আফিম গুদামে হইবেক।

নীলামের সরত সকল নিম্নে লেখা গেল।

১ দফা। সেই সময়ের বাজারের অবস্থানুসারে মফস্যাল ও সালিখার নেমকের জন্য যে ভিন্ন২ দর স্থির করা হইবেক সেই২ দরে উক্ত নেমক বিক্রয়ার্থে ধরা যাইবেক এবং ঐ২ দরের উপর যাহার ডাক সর্ব্বাপেক্ষা উচ্চ হইবেক তাহাকেই বিক্রয় করা যাইবেক, অথবা যদ্যপি ঐ২ দরের উপর কাহারো ডাক উচ্চ না হয় তাহা হইলে সেই২ দরেতেই বিক্রয় করা হইবেক।

২ দফা। উপরোক্ত তারিখে বেলা ১১ ঘণ্টার সময় নীলাম আরম্ভ হইবেক এবং দুই প্রহর ৫ ঘণ্টার অতিরিক্ত হইবেক না, কিন্তু যদ্যপি এই সময়ের মধ্যে বিক্রয়ের জন্য ইস্তেহার দেওয়া লাটের মধ্যে কোন লাট অবিক্রীত থাকে তাহা হইলে সাহেবান বোর্ডের ইচ্ছানুসারে হয় পর দিবস রবিবার কিম্বা সাধারণের বন্দের দিবস না হইলে বেলা ১১ ঘণ্টার সময় পুনরায় নীলাম আরাম্ভ হইবেক এবং যে পর্য্যন্ত সমুদায় বক্রী লাট বিক্রয় না হয় সেই পর্য্যন্ত এই প্রকার ক্রমাগত নীলাম হইবেক অথবা যদ্যপি নিৰ্দ্ধারিত দিনে ইস্তাহারের লিখিত সমুদয় নেমক বিক্রয় না হয় তাহা হইলে সাহেবান বোর্ড বক্রী লাট সকল ভবিষ্যৎ নীলামে বিক্রয় করিতে পারিবেন।

৩ দফা। ৮০ তোলার সেরে ৪০ সেরে যে এক মোন হয় এমত পাঁচ শত মোন প্রত্যেক লাটে থাকিবেক।

৪ দফা। যে যে মোকামে মৌজুদ আছে সেই সেই মোকাম হইতে নেমক ওজন দেওয়া যাইবেক।

৫ দফা। নীলামের ঘরে এবং সেল বহিতে লাট লেখা হইবার অগ্রে খরিদারের নিকট হইতে প্রত্যেক লাটের উপর ডিপাজিট অর্থাৎ আমানত স্বরূপ এক শত টাকার প্রামিশরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া লওয়া হইবেক, খরিদারগণকে বাঙ্গালব্যাঙ্ক রসিদ অথবা তাহার বদলে অন্য কোন রকম সরকারি মাতব্বরি দস্তাবেজাত এই দফ্তরখানায় নীলামের পর পঞ্চম দিবসে বেলা দুই প্রহর ৪ ঘণ্টার সময় কিম্বা ইহার অগ্রে দাখিল করিয়া উক্ত প্রমিশরী নোট অর্থাৎ তমসুক খালাস করিয়া লইতে হইবেক যদ্যপি উক্ত সময়ের মধ্যে তমস্বক এই প্রকার খালাস করা না হয় তাহা হইলে যে লাট কিম্বা লাট হায়ের জন্য উপরোক্ত বাঙ্গালব্যাঙ্কের রসিদ অথবা অন্য কোন সরকারি মাতব্বরী দস্তাবেজাত দাখিল করা না হইবেক সেই লাট কিম্বা লাট হায় পুনর্ব্বার বিক্রয় করা যাইবেক পুনঃবিক্রয়ের সময় ও সরত সাহেবান বোর্ড যেমত ভাল বিবেচনা করিবেন সেই মত হইবেক এই প্রকার পুনর্ব্বার বিক্রয় করিলে যে কোন ক্ষতি ও খরচা হইবেক তাহা খেলাপি খরিদারগণকে দিতে হইবেক এবং তাহা হইতে যে লভ্য হইবেক তাহা সরকারে জমা হইবেক।

৬ দফা। শেষ দফার সরত মত নীলামের দিন যে প্রমিশরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া লওয়া হইবেক তাহা যদ্যপি নীলামের পর পঞ্চম দিবসে বেলা চারি ঘন্টা পর্য্যন্ত খালাস করিয়া লইতে বাকী থাকে তাহা হইলে সেই সকল প্রমিশরী নোট অর্থাৎ তমসুক আদায়ের কারণ সরকারি উকিলের হস্তে অর্পণ করা যাইবেক।

৭ দফা। যে নেমকের জন্য নীলামের পর দিন হইতে পঞ্চম দিনের বেলা ৪ ঘন্টা পর্য্যন্ত নিয়মিত আমানত দাখিল করা না হইবেক সেই নেমকের জন্য পরে আর টাকা কি বাঙ্গালব্যাঙ্কের রসিদ কি সরকারি মাতব্বরি দস্তাবেজাত লওয়া যাইবেক না।

৮ দফা। নেমকের দরের টাকা নীলামের দিন হইতে পোনের দিবসের মধ্যে দাখিল করিতে হইবেক এবং যদ্যপি কোন লাটের বাবত দরের টাকা এইরূপ দাখিল ও নিষ্পত্তি করা না হয় তাহা হইলে পঞ্চম সরত মত সেই লাটের জন্য যে টাকা কি সরকারী মাতব্বরী দস্তাবেজাৎ আমানত করিবেক তাহা বাজেযাপ্ত হইবেক এবং ঐ নেমক সরকারের হিসাবে বিক্রয় করা যাইবেক যে সময় ও যে প্রকারে বিক্রয় হইবেক তাহা সাহেবান বোর্ড যেমত ভাল বিবেচনা করিবেন সেই মত হইবেক। আর ইহাতে যে ক্ষতি হইবেক অর্থাৎ পুনঃবিক্রয়ের মূল্য ও প্রথম যে টাকায় খরিদ করা হয় ইহার মধ্যে যে তফাত হইবেক তাহা প্রথম খরিদারকে দিতে হইবেক এবং পুনঃবিক্রয় হইতে যে লভ্য হইবেক তাহাতে তাহার কোন দাবি থাকিবেক না।

৯ দফা। খরিদার নেমক বান করিতে ইচ্ছা না করিলে তাহার উপর সরকারী মাসুল নীলামের দিন হইতে যাইট দিবসের মধ্যে দাখিল করিতে হইবেক যে সকল লাট বান করা হইবেক তাহা ব্যতীত আর২ লাট যাহা উপরোক্ত যাইট দিবসের মধ্যে গোলা হইতে খালাস করিয়া না লওয়া হইবে তাহার উপর উক্ত সময়ের পর মাসিক এক শত মোনে ৪৲ টাকার হিসাবে গোলা ভাড়া ধরা যাইবেক।

১০ দফা। জাহাজি আমদানি নেমক বান অর্থাৎ গোলাজাত করিবার যেমত নিয়ম আছে সেই নিয়ম মত উক্ত নেমক সরকারী কিম্বা প্রাইবেট গোলায় বান করা হইতে পারিবেক।

১১ দফা। পঞ্চম শরতের লিখিত সময়ের মধ্যে ও তদনুসারে আমানতি টাকা দাখিল করিলে খরিদার দিগকে সারটিফিকট দেওয়া যাইবেক তাহাতে খরিদার কি খরিদারগণের নাম যত লাট বিক্রয় করা হইয়াছে ও যে রকম নেমক খরিদ করা হইয়াছে তাহা লেখা থাকিবেক এবং এই রকম যে প্রত্যেক সারটিফিকেট দেওয়া যাইবেক তদনুযায়িক নেমক ওজন দিবার হুকুম এবং রওয়ানা পাইবার অগ্রে সেই সারটিফিকেট বোর্ডের দপ্তরখানায় অবশ্যই ফেরত দিতে হইবেক।

১২ দফা। যে পর্য্যন্ত কোন লাটের নেমকের দরের ও মাসুলের বেবাক টাকা দাখিল করা না হয় সেই পর্য্যন্ত তাহার ওজন দিবার হুকুম কি রওয়ানা দেওয়া যাইবেক না।

১৩ দফা। ১৮৬৪ সালের ৭ আইনের ১১ ধারার সরত মত বাঙ্গালা গবর্নমেন্টের দ্বারা প্রচলিত নিয়মের ২৭ নিয়ম অনুসারে রওয়ানার ফিজ দিতে হইবেক।

১৪ দফা। যে ব্যক্তির নাম সেল বহিতে খরিদার বলিয়া লেখা হইবেক তাহার অথবা তাহার ক্ষমতা বিশিষ্ট মোক্তারের নিকট ভিন্ন আর কাহারো নিকটহইতে পঞ্চম সরতের লিখিত সরকারী মাতব্বরী দস্তাবেজাত এই দপ্তরখানায় আমানত লওয়া যাইবে না সরকারী মাতব্বরী দস্তাবেজাত আমানত করা হইলে তাহার রসিদ কেবল ঐ খরিদারের নামে দেওয়া যাইবেক এবং পূরা টাকা দাখিল করিলে তাহাকে কিম্বা যাহাকে তিনি বরাত দিবেন তাহাকে উক্ত দস্তাবেজাত ফেরত দেওয়া যাইবেক।

১৫ দফা। পঞ্চম সরত অনুসারে যে পরিমাণ টাকার প্রমিশরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিতে হইবেক সেই পরিমাণে টাকা কি ইণ্ডিয়া গবর্নমেন্ট নোট বা বাঙ্গালব্যাঙ্ক রসিদ কিম্বা সরকারী মাতব্বরী দস্তাবেজাতে যে কোন খরিদার হউক তলব করিলে সেই সময় দিতে না পারিলে যে কর্ম্মচারি সাহেবান বোর্ডের তরফ নীলামে উপস্থিত থাকিয়া তদারক করিবেন তিনি আপন ইচ্ছামত তাহার ডাক নামঞ্জুর করিতে সক্ষম হইবেন।

১৬ দফা। যদিস্যাৎ ১০০ লাট হইতে পারে এমত উপযুক্ত সংখ্যা লাট থাকে তাহা হইলে যে কোন খরিদার হউক ইচ্ছা করিলে এক রকম নেমক পর পর সমান দরে ও সমান সরত মত এক শত লাট পর্য্যন্ত ডাক দিয়া খরিদ করিতে পারিবেক।

১৭ দফা। এই ইস্তেহার ভুক্ত নেমক বিক্রয়ের দরুণ কিম্বা তাহার হিসাব মিটাইতে যদি কোন বিষয় বাকশার জন্য কোন মামলা অথবা কথান্তর হয় তাহা হইলে বাঙ্গলা প্রদেশের ফোর্ট উলিয়ম মোকামের হাই কোর্টে তাহার মোকদ্দমা ও মীমাংসা হইবেক।

বিমৌজিব হুকুম সাহেবান আলীশান বোর্ড রিবিনিউ ফোর্ট উইলিয়ম।

T. BRUCE LANE,
*Junior Secretary.*

[গবর্নমেন্ট গেজেট। ১৮৬৭। ৩১ অক্টোবর।]

# ঢাকা বিভাগের কৃষি ও শিল্প প্রদর্শনের পারিতোষিকের বিবরণ।

ময়মনসিংহ মোকামে হইবে।

সন ১৮৬৫ সাল।

---

এই প্রদর্শন ইং ১৮৬৫ সালের ২৮ নবেম্বর অবধি ২ ডিসেম্বর পর্য্যন্ত বর্ত্তমান থাকিবেক।

---

## কৃষি ও শিল্প কার্য্যাদি প্রদর্শন নিমিত্ত যে যে সভা সংস্থাপিত হইয়াছে সেই সেই সভার সভ্যদিগের নামাবলি।

---

### প্রধান সভা।

সভাপতি।

শ্রীল শ্রীযুক্ত সি টী বকুলাণ্ড সাহেব
,, ,, ডবলিউ এইচ হেণ্ডরসন সাহেব

সভ্যগণ।

শ্রীল শ্রীযুত এফ বি সিমসন্ সাহেব
,, ,, রাজা রাজ কৃষ্ণসিংহ বাহাদুর
,, ,, ডবলিউ মেনসম ,,
,, ,, বাবু কাশীকিশোর রায় চৌধুরী
,, ,, এফ জে জি কেম্বল ,,
,, ,, সইয়দ শাদত আলি খাঁ
,, ,, মৌলবি মাহামদ নাজিম
,, ,, ডাক্তর ফেঞ্চ, এম ডি
,, ,, বাবু হরিশ্চন্দ্র চৌধুরী
,, ,, ডবলিউ বি বলড়ুইন্ ,,
,, ,, বাবু কালীচন্দ্র বন্দোপাধ্যায়
,, ,, ডবলিউ সি টেইলর
,, ,, বাবু রামশঙ্কর সেন
,, ,, রাম কিশোর আচার্য্য
,, ,, ই এম রেলি ,,
,, ,, টি স্মিথ ,,
,, ,, আর হোপ এলিস ,,

সম্পাদকগণ।

শ্রীল শ্রীযুক্ত এ ডি ডন সাহেব
,, ,, জান বকুসওএল ,,

যে যে দ্রব্যাদি এই প্রদর্শনে প্রদর্শিত হইবে, তৎসমুদায় চারি শ্রেণীতে বিভক্ত হইবে, এবং সেই চারি শ্রেণীর দ্রব্যজাতের রক্ষণাবেক্ষণের ভার নিম্ন লিখিত সভ্য মহোদয়দিগের হস্তে অর্পিত হইয়াছে।

যথা;

প্রথম শ্রেণীস্থ দ্রব্যজাতের পরিদর্শকগণ।

সভাপতি

শ্রীল শ্রীযুক্ত এফ বি সিমসন সাহেব

সভ্যগণ।

শ্রীল শ্রীযুক্ত ডবলিউ বি বলড়ুইন্ সাহেব
,, ,, রাজা রাজকৃষ্ণ সিংহ বাহাদুর
,, ,, ডবলিউ সি টেইলর ,,
,, ,, সইয়দ সাদত আলি খাঁ

সম্পাদকগণ।

শ্রীল শ্রীযুক্ত এ ডি ডন সাহেব জন্ বক্সওএল সাহেব

### দ্বিতীয় শ্রেণীস্থ দ্রব্য জাতের পরিদর্শকগণ।

সভাপতি।

শ্রীল শ্রীযুক্ত ডাক্তার ফ্রেঞ্চ সাহেব, এম ডি

সভ্যগণ।

শ্রীল শ্রীযুক্ত এফ জে জি কেম্বল সাহেব
,, ,, বাবু হরিশ্চন্দ্র চৌধুরী
,, ,, ডবলিউ সি টেইলর ,,
,, ,, এ টমস ,,

সম্পাদকগণ।

শ্রীল শ্রীযুক্ত এ ডি ডন সাহেব এবং জন বক্সওএল সাহেব

### তৃতীয় শ্রেণীস্থ দ্রব্য জাতের পরিদর্শক সভ্য।

সভাপতি।

শ্রীল শ্রীযুক্ত ডবলিউ বি বলডুইন সাহেব।

সভ্যগণ।

শ্রীল শ্রীযুক্ত টি স্মিথ সাহেব
,, ,, ই এম রেলি ,,
,, ,, বাবু কাশীকিশোর রায় চৌধুরী
,, ,, কালীচন্দ্র বন্দোপাধ্যায়

সম্পাদকগণ।

শ্রীল শ্রীযুক্ত এ ডি ডন সাহেব এবং জন বকসওএল সাহেব

[*Government Gazette*, 31st October 1865.]

## চতুর্থ শ্রেণীস্থ দ্রব্য জাতের পরিদর্শক সভ্য।

সভাপতি।

শ্রীল শ্রীযুক্ত টি স্মিথ সাহেব

সভ্যগণ।

শ্রীল শ্রীযুক্ত এফ বি সিমসন্ সাহেব
„ „ ই এম রেলি „
মৌলবি মহাম্মদ নাজিম

সম্পাদকগণ।

শ্রীল শ্রীযুক্ত এ ডি ডন সাহেব এবং জন্ বক্সওএল সাহেব

কার্য্যনির্ব্বাহের নিয়মাবলি।

১। ময়মনসিংহ নসিরাবাদ নগরের মধ্যে গির্জ্জাঘরের সম্মুখে যে ভূমি খণ্ড আছে, সেই স্থানে উক্ত প্রদর্শন হইবে।

২। ১৮৬৫ সালের ২৮ নবেম্বর সেই প্রদর্শন আরম্ভ হইবে।

৩। কৃষি-যন্ত্র ব্যতীত যত কৃষিজাত বা শিল্পজাত বস্তু এই প্রদর্শনে প্রদর্শিত হইবেক, তৎসমুদায় যেন যথার্থতঃ ভারতবর্ষোৎপন্ন দ্রব্য হয়। অন্য দেশজাত বস্তু গৃহীত হইবে না।

৪। যাঁহারা কোন প্রকার জীব জন্তু দেখাইতে চাহেন, তাঁহারা নির্দ্ধারিত দিনের দুইদিন পূর্ব্বে তৎসমুদায় প্রদর্শন স্থানে উপস্থিত করিবেন।

৫। যাঁহারা কোন প্রকার ভূমিজাত, বা অন্য কোন প্রকারে উৎপন্ন বস্তু প্রদর্শন করিতে ইচ্ছা করেন, তাঁহারা তাহা ৫ ইং নবেম্বরহইতে ২৫ নবেম্বর মধ্যে আনয়ন করিবেন। ইহার পর আনিলে আর লওয়া যাইবে না।

৬। যাঁহারা কৃষি বা শিল্পকার্য্যোপযোগী কোন প্রকার যন্ত্র দেখাইতে ইচ্ছুক, তাঁহারা তৎসমুদায় প্রদর্শনের অন্যূন এক সপ্তাহ পূর্ব্বে যথাস্থানে আনয়ন ও স্থাপন করিবেন।

৭। যাঁহারা কৃষি বা শিল্পকার্য্যোপযোগী কোন প্রকার যন্ত্র দেখাইতে ইচ্ছা করেন, তাঁহারা যথাস্থানে যন্ত্র স্থাপন জন্য অন্যূন এক মাস পূর্ব্বে সভ্যগণ সমীপে স্থান প্রাপ্তির প্রার্থনা করিবেন।

৮। যাঁহারা জীবজন্তু বা কৃষিজাত কি শিল্পযন্ত্রজাদ্রব্যাদি দেখাইতে ইচ্ছুক, তাঁহারা স্ব স্ব প্রদেশ সভার নিকট প্রদর্শন দিনের অন্যূন এক মাস পূর্ব্বে তৎসমুদায় দ্রব্য বা পশুর বিবরণ প্রেরণ করিবেন।

৯। কৃষিজাত বস্তুর সঙ্গে সঙ্গেই এক এক খানি টিকিট বা পরিচয়পত্র সভায় প্রেরণ করিতে হইবে সেই পত্রে বস্তুর নাম, পরিমাণ ও সংখ্যা, তাহা কোন্ প্রদেশোৎপন্ন এবং তৎপ্রেরয়িতা কোন্ শ্রেণীর পারিতোষিকের প্রার্থী, তৎসমুদায় সুস্পষ্টরূপে লিখিতে হইবে।

১০। যে যে জীবজন্তু, যন্ত্র, কৃষিজাত বা শিল্পজাত দ্রব্য সভায় প্রেরিত হইবে, তাহা বিক্রয় করার মানস থাকিলে অধিকারিদিগকে তাহার উপর নির্দ্ধারিত মূল্য লিখিতে হইবে।

১১। যে যে বস্তু প্রদর্শন স্থানে প্রেরিত হইবে প্রদর্শন কার্য্য শেষ না হইলে কমিটির অনুমতি ব্যতীত সেইং বস্তু স্থানান্তরে নীত হইতে পারিবে না।

১২। যে যে পশু প্রেরিত হইবে, কমিটি তাহাদের আহারীয় বস্তু সংগ্রহ করিয়া রাখিবে না। কিন্তু উহার আবশ্যক ব্যয় তত্তৎ পশুর অধিকারিদিগকে দিতে হইবে।

১৩। সভ্যগণ প্রেরিত পশু ও যন্ত্রাদি নির্ব্বিঘ্নে রক্ষার নিমিত্ত সচেষ্ট হইবেন। কিন্তু দ্রব্য স্বামিরাও আপনং চাকর পাঠাইয়া স্বীয় বস্তুর রক্ষার জন্য যত্ন করিবেন।

১৪। প্রদর্শন শেষ হইলে ৩ দিবস মধ্যে পশুপালকগণ স্বং পশু প্রদর্শন স্থান হইতে লইয়া যাইবেক।

১৫। যাঁহারা প্রদর্শন দেখিতে আসিবেন তাঁহাদের নিকট হইতে নির্দ্ধারিত নিয়মানুসারে প্রত্যেক দিবসের প্রবেশিকা ফি গৃহীত হইবে।

১৬। বিশেষং প্রদেশের পশ্বাদির নিমিত্ত বিশেষং পারিতোষিক তালিকায় স্থিরীকৃত হইয়াছে। কিন্তু যে যে স্থানে বিশেষ প্রদেশের কথা উল্লিখিত হয় নাই, সেইং স্থানে সমুদয় ভারতবর্ষের পশ্বাদি বুঝিতে হইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ৩১ অক্টোবর।]

## ১৮৬৫ সালের কৃষি প্রদর্শনের পারিতোষিকের ফর্দ্দ।

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| | ১ প্রথম শ্রেণী। | | | | |
| | গৃহ পোষ্য গো, মেষ, ও পশ্বাদি। | | | | |
| | ১ ম শাখা গো প্রভৃতি। | | | | |
| ১ | ঢাকা বিভাগস্থ কোন ব্যক্তির ভারতবর্ষজাত সর্ব্বোৎকৃষ্ট আঁড়িয়া গরু। বয়স ২ বৎসরের অধিক, ৭ বৎসরের অনধিক। | ৭৫ | ৫০ | ২৫ | |
| ২ | ময়মনসিংহস্থ কোন ব্যক্তির ঐ ঐ | ৫০ | ৩০ | ১০ | |
| ৩ | শ্রীহট্টস্থ কোন ব্যক্তির ,, ,, | ৫০ | ৩০ | ২০ | |
| ৪ | ঢাকা প্রদেশস্থ কোন ব্যক্তির ,, ,, | ৫০ | ৩০ | ২০ | |
| ৫ | ফরিদপুরস্থ কোন ব্যক্তির ,, ,, | ৫০ | ৩০ | ২০ | |
| ৬ | বাকরগঞ্জস্থ কোন ব্যক্তির ,, ,, | ৫০ | ৩০ | ২০ | |
| ৭ | কাছাড়স্থ কোন ব্যক্তির ,, ,, | ৫০ | ৩০ | ২০ | |
| ৮ | ঢাকাবিভাগস্থ কোন ব্যক্তির ভারতবর্ষজাত সর্ব্বোৎকৃষ্ট দুগ্ধবতী সবৎসা বা গর্ব্ভিণী গাভী। বয়স ৭ বৎসরের অনধিক ... | ৭৫ | ৫০ | ২৫ | |
| ৯ | ঢাকাপ্রদেশস্থ কোন ব্যক্তির ঐ ঐ | ৪০ | ৩০ | ২০ | |
| ১০ | বাকরগঞ্জস্থ কোন ব্যক্তির ,, ,, | ৪০ | ৩০ | ২০ | |
| ১১ | ময়মনসিংহস্থ কোন ব্যক্তির ,, ,, | ৪০ | ৩০ | ২০ | |
| ১২ | শ্রীহট্টস্থ কোন ব্যক্তির ,, ,, | ৪০ | ৩০ | ২০ | |
| ১৩ | ফরিদপুরস্থ কোন ব্যক্তির ,, ,, | ৪০ | ৩০ | ২০ | |
| ১৪ | কাছাড়স্থ কোন ব্যক্তির ,, ,, | ৪০ | ৩০ | ২০ | |
| ১৫ | সর্ব্বসাধারণের নিমিত্ত সর্ব্বোৎকৃষ্ট আঁড়িয়া গরু বয়স ২ বৎসরের অধিক, ৭ বৎসরের অনধিক .. | ৭৫ | ৫০ | ,, | |
| ১৬ | সেই রূপ গাভী ... | ৭৫ | ৫০ | ,, | |
| ১৭ | ঢাকা বিভাগস্থ কোন ব্যক্তির ভারতবর্ষজাত গাড়ী বা লাঙ্গল টানিবার সর্ব্বোৎকৃষ্ট ১ যোড়া আবাল গরু | ৫০ | ৩০ | ২০ | |
| ১৮ | ঢাকাপ্রদেশস্থ কোন ব্যক্তির ঐ ঐ | ৩০ | ২০ | ১০ | |
| ১৯ | বাকরগঞ্জস্থ কোন ব্যক্তির ,, ,, | ৩০ | ২০ | ১০ | |
| ২০ | ময়মনসিংহস্থ কোন ব্যক্তির ,, ,, | ৩০ | ২০ | ১০ | |
| ২১ | শ্রীহট্টস্থ কোন ব্যক্তির ভারতবর্ষজাত গাড়ী বা লাঙ্গল টানিবার সর্ব্বোৎকৃষ্ট ১ জোড়া আবাল গরু | ৩০ | ২০ | ১০ | |
| ২২ | ফরিদপুরস্থ কোন ব্যক্তির ঐ ঐ | ৩০ | ২০ | ১০ | |
| ২৩ | কাছাড়স্থ কোন ব্যক্তির ,, ,, | ৩০ | ২০ | ১০ | |
| ২৪ | সর্ব্বসাধারণের নিমিত্ত ,, ,, | ৩০ | ২০ | ১০ | |
| ২৫ | সর্ব্বোৎকৃষ্ট মহিষ ,, ,, | ৩০ | ২০ | ১০ | |
| ২৬ | সর্ব্বোৎকৃষ্ট মহিষী বা কাকনী | ৩০ | ২০ | ১০ | |
| | ৭৮ টী পারিতোষিক। মোট— | | | | |
| | দ্বিতীয় শাখা। ঘোড়া ও টাটু। | | | | |
| ২৭ | সর্ব্বোত্তমজাতীয় ঘোড়ার পক্ষে এই নিয়ম যে ত্রিশ টাকাতে প্রতি মাঠে পাল দিতে হইবে ... | ১৫০ | ১০০ | ৫০ | |
| ২৮ | ঢাকা বিভাগস্থ অতিউৎকৃষ্ট বেতোঘোড়া ... | ৭৫ | ৫০ | ৩০ | |
| ২৯ | বৎস প্রসবকারিণী অতি উৎকৃষ্ট মাদোয়ান, সবৎসা বা গর্ব্ভিনী ... | ১০০ | ৫০ | ৪০ | |
| ৩০ | বৎস প্রসবকারিণী অতি উৎকৃষ্ট মাদোয়ান ... | ১০০ | ৫০ | ২৫ | |
| ৩১ | ভারতবর্ষজাত অতি উৎকৃষ্ট ঘোড়ার বাচ্চা, বয়স ৪ বৎসরের অনধিক ... | ১৫০ | ৭৫ | ৫০ | |
| ৩২ | ঐ ঐ মাদোয়ান বাচ্চা ... | ১০০ | ৫০ | ৫০ | |

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মো |
|---|---|---|---|---|---|
| ৩৩ | ঢাকা বিভাগজাত সর্ব্বোৎকৃষ্ট টাট্টু ... | ৭৫ | ৫০ | ৩০ | |
| ৩৪ | ঢাকা প্রদেশ জাত ঐ ঐ ... | ৫০ | ৩০ | ২০ | |
| ৩৫ | বাকরগঞ্জ জাত ,, ,, ... | ৫০ | ৩০ | ২০ | |
| ৩৬ | ময়মনসিংহ জাত ,, ,, ... | ৫০ | ৩০ | ২০ | |
| ৩৭ | শ্রীহট্ট জাত ,, ,, ... | ৫০ | ৩০ | ২০ | |
| ৩৮ | ফরিদপুর জাত ,, ,, ... | ৫০ | ৩০ | ২০ | |
| ৩৯ | কাছাড় জাত ,, ,, ... | ৫০ | ৩০ | ২০ | |
| ৪০ | মনিপুর জাত ,, ,, ... | ৫০ | ৩০ | ২০ | |
| | ৪১ টী পারিতোষিক। মোট— | | | | |
| | তৃতীয় শাখা। মেষ ও ছাগ। | | | | |
| ৪১ | এক খোঁয়াড়েস্থিত অতি উত্তম চারি বা ততোধিক দন্তযুক্ত ৪ টী ভেড়ী ... | ৪০ | ২০ | ১০ | |
| ৪২ | এক খোঁয়াড়েস্থিত অতি উত্তম চারি বা ততোধিক দন্তযুক্ত ৪ টী খাসি ভেড়া ... | ৪০ | ২০ | ১০ | |
| ৪৩ | ঐ ঐ অনূন ৪ দন্ত বিশিষ্ট যে কোন প্রকার ভেড়া কি ভেড়ী ... | ৪০ | ২০ | ১০ | |
| ৪৪ | ঢাকাপ্রদেশীয় অতি উৎকৃষ্ট এক যোড়া ভেড়ী (১ ভেড়া ১ ভেড়ী) ... | ৩০ | ২০ | ১০ | |
| ৪৫ | বাকরগঞ্জ ... | ৩০ | ২০ | ১০ | |
| ৪৬ | ময়মনসিংহ ... | ৩০ | ২০ | ১০ | |
| ৪৭ | শ্রীহট্ট ... | ৩০ | ২০ | ১০ | |
| ৪৮ | ফরিদপুর ... | ৩০ | ২০ | ১০ | |
| ৪৯ | কাছাড় ... | ৩০ | ২০ | ১০ | |
| ৫০ | যে কোন স্থানজাত অতি উৎকৃষ্ট ভেড়া ... | ৪০ | ৩০ | ২০ | |
| | ২২ টী পারিতোষিক। | | | | |
| ৫১ | ঢাকা বিভাগস্থ অতি উৎকৃষ্ট রোকা পাঁঠা ... | ২০ | ১০ | ৫ | |
| ৫২ | ঐ ঐ ,, পাঁঠী ... | ২০ | ১০ | ৫ | |
| ৫৩ | ঢাকা প্রদেশ জাত অতি উৎকৃষ্ট সবৎসা পাঁঠী ... | ১৫ | ১০ | ৫ | |
| ৫৪ | ময়মনসিংহ ঐ ঐ ... | ১৫ | ১০ | ৫ | |
| ৫৫ | বাকরগঞ্জ ,, ,, ... | ১৫ | ১০ | ৫ | |
| ৫৬ | শ্রীহট্ট ,, ,, ... | ১৫ | ১০ | ৫ | |
| ৫৭ | ফরিদপুর ,, ,, ... | ১৫ | ১০ | ৫ | |
| ৫৮ | কাছাড় ,, ,, ... | ১৫ | ১০ | ৫ | |
| | ২৪ টী পারিতোষিক। মোট— | | | | |
| | ৪র্থ শাখা। মোর্গা, মুর্গী প্রভৃতি। | | | | |
| ৫৯ | ঢাকাপ্রদেশ জাত এতদ্দেশীয় সর্ব্বোৎকৃষ্ট মুর্গী এক খাঁচায় তিনটী করিয়া অর্থাৎ একটা মোর্গা ও দুইটা মুর্গী ... | ২০ | ১০ | ৫ | |
| ৬০ | ময়মনসিংহ ঐ ঐ ... | ২০ | ১০ | ৫ | |
| ৬১ | ফরিদপুর ,, ,, ... | ২০ | ১০ | ৫ | |
| ৬২ | বাকরগঞ্জ ,, ,, ... | ২০ | ১০ | ৫ | |
| ৬৩ | শ্রীহট্ট ,, ,, ... | ২০ | ১০ | ৫ | |
| ৬৪ | কাছাড় ,, ,, ... | ২০ | ১০ | ৫ | |
| ৬৫ | ঢাকা বিভাগস্থ এতদ্দেশীয় সর্ব্বোৎকৃষ্ট মুর্গী এক খাঁচায় তিনটী করিয়া অর্থাৎ একটি মোর্গা ও দুইটী মুর্গী ... | ২০ | ১০ | ৫ | |
| ৬৬ | চট্টগ্রামের মোর্গা মুর্গী ঐ ঐ | ১৫ | ১০ | ৫ | |
| ৬৭ | তিনটী আক্রা মোরগ | ১৫ | ১০ | ৫ | |

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ৩১ অক্টোবর।]

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| ৬৮ | বান্টাম। এক মোর্গা দুই মুর্গী লোমহীন পদবিশিষ্ট | ১০ | ৮ | ৫ | |
| ৬৯ | ঐ ঐ পাখাযুক্ত পদবিশিষ্ট ... | ১০ | ৮ | ৫ | |
| | ৩১ টী পারিতোষিক। মোট— | | | | |
| | পেক। | | | | |
| ৭০ | এক খাঁচায় সর্ব্বোৎকৃষ্ট ৩ টী করিয়া অর্থাৎ ১ টী মর্দ্দা দুইটী মাদী পেক ... | ২৫ | ১৫ | ১০ | |
| ৭১ | সর্ব্বোৎকৃষ্ট মর্দ্দাপেক ... | ১৫ | ১০ | ৫ | |
| ৭২ | ঐ মাদী পেক ... | ১৫ | ১০ | ৫ | |
| | ৪ টী পারিতোষিক। মোট— | | | | |
| | গিণি ফৌল। | | | | |
| ৭৩ | এক খাঁচায় সর্ব্বোৎকৃষ্ট ৩ টী করিয়া অর্থাৎ ১ টী মর্দ্দা ২ টী মাদি ... | ২০ | ১০ | ৫ | |
| | ২ টী পারিতোষিক। | | | | |
| | রাজহংস। | | | | |
| ৭৪ | এক খাঁচায় সর্ব্বোৎকৃষ্ট ৩ টী করিয়া অর্থাৎ ১ রাজহংস ২ রাজহংসী ... | ২০ | ১১ | ৫ | |
| ৭৫ | ঐ সর্ব্বোৎকৃষ্ট রাজহংস ... | ১৫ | ১০ | ৫ | |
| ৭৬ | ঐ রাজহংসী ... | ১৫ | ১০ | ৫ | |
| | ৪ টী পারিতোষিক। মোট— | | | | |
| | পাতিহাঁস। | | | | |
| ৭৭ | সর্ব্বোৎকৃষ্ট ৩ টী করিয়া অর্থাৎ এক পাতিহংস ও দুই পাতিহংসী ... | ১০ | ৬ | ৪ | |
| ৭৮ | সর্ব্বোৎকৃষ্ট পাতিহংস ... | ১০ | ,, | ,, | |
| ৭৯ | ঐ পাতিহংসী ... | ১০ | ,, | ,, | |
| | ৫ টী পারিতোষিক। মোট— | | | | |
| | খরগোস। | | | | |
| ৮০ | সর্ব্বোৎকৃষ্ট যে কোন দেশজাত ৪ টী খরগোস ... | ২০ | ১৫ | ১০ | |
| ৮১ | এতদ্দেশীয় সর্ব্বোৎকৃষ্টমর্দ্দা খরগোস ... | ১০ | ৮ | ৫ | |
| ৮২ | ঐ ঐ মাদী ... | ১০ | ৮ | | |
| | ৫ টী পারিতোষিক মোট— | | | | |
| | পায়রা। | | | | |
| ৮৩ | সর্ব্বোৎকৃষ্ট ভিন্ন২ প্রকার ৩ যোড়া পায়রা এক খাঁচায় স্থিত ... | ১৫ | ১০ | ৫ | |
| ৮৪ | সর্ব্বোৎকৃষ্ট এক যোড়া লোটন ... | ১০ | ৫ | ,, | |
| ৮৫ | ঐ ঐ মুখী ... | ১০ | ৫ | ,, | |
| ৮৬ | ঐ ঐ লক্কা ... | ১০ | ৫ | ,, | |
| ৮৭ | অন্যান্য প্রকারের যোড়া যোড়ার নিমিত্ত পাঁচটী পারিতোষিক প্রত্যেক ... | ০ | ০ | ০ | ৩০ |
| | ১৪ টী পারিতোষিক। মোট— | | | | |
| | সমুদয় মোট— | | | | |
| | পঞ্চম শাখা। | | | | |
| | দুগ্ধজাত সামগ্রী। | | | | |
| ৮৮ | টাটকা মাখন একসেরের ন্যূন না হয় ... | ৬ | ৪ | ,, | |
| ৮৯ | পনির ৩খণ্ড ও প্রত্যেক খণ্ড দুই সেরের ন্যূন না হয় ... | ৬ | ৪ | ,, | |

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| ৯০ | তিন খানা মলাই প্রত্যেক খানা এক সেরের ন্যূন না হয় ... | ৬ | ৪ | ,, | |
| ৯১ | গাভীর ঘৃত ২০ সেরের ন্যূন না হয় ... | ৬ | ৪ | ,, | |
| ৯২ | মহিষা ঐ ঐ ঐ ... | ৬ | ৪ | ,, | |
| | দুগ্ধজাত সামগ্রীর মোট— ১০ টী পারিতোষিক। | | | | |
| | মন্তব্য এই সমস্ত দুগ্ধজাত সামগ্রী প্রদর্শনের প্রথম দিনে আনীত হইবেক। | | | | |
| | প্রথম শ্রেণীর পুরস্কারের সংক্ষিপ্ত বিবরণ ... | | | | |
| | গরু ভাঁড়িয়াগরু প্রভৃতি ... | | | | |
| | ঘোড় ও টাটু ... | | | | |
| | ভেড়া ছাগপ্রভৃতি ... | | | | |
| | মোর্গা মুর্গী প্রভৃতি ... | | | | |
| | দুগ্ধজাত সামগ্রী ... | | | | |
| | মোট টাকা।— | | | | |
| | দ্বিতীয় শ্রেণী। | | | | |
| | কৃষি যন্ত্র। | | | | |
| | প্রথম শাখা। | | | | |
| | কৃষি আদি কার্য্য সাধক যন্ত্র। | | | | |
| ১ | পরিচালক কফিবিশিস্ট ১০ হইতে ১৮ ফর্স পাওয়ার অতি উৎকৃস্ট সাধারণ কার্য্য সাধক হালকা ডবল সিলিণ্ডর এন্‌জিন বা বাষ্পীয় যন্ত্র ইহার ৪ চাকা ও ঘোড়া সংযোগ করিবার উপায় থাকিবেক ... | ২১০ | ,, | ,, | |
| ২ | সাধারণ কৃষি যন্ত্রকে চালাইতে সক্ষম এরূপ অশ্ব বা অন্য কোন পশু যোজিত যন্ত্র ... | ১০০ | ,, | ,, | |
| ৩ | স্রোত দ্বারা চালিত অতি উৎকৃস্ট কার্য্যসাধক চাকা ... | ১০০ | ,, | ,, | |
| ৪ | অতি উৎকৃস্ট টির্ব্বন (ইংরেজী নাম) ... | ১০০ | ,, | ,, | |
| ৫ | অতি উৎকৃস্ট ট্রেক্‌সন ইঞ্জিন। ... | ২০০ | ,, | ,, | |
| | ৫ টী পারিতোষিক। মোট— | | | | |
| | দ্বিতীয় শাখা। | | | | |
| | লাঙ্গলাদি কৃষিযন্ত্র। | | | | |
| ৬ | সাধারণ কর্ম্মের উপযুক্ত এক ঘোড়া কি এক ষোড়া বলদ টানিতে পারে এমত অতি উত্তম হালকা লাঙ্গল। | ৫০ | ৩০ | ২৫ | |
| ৭ | সাধারণ বলদ দ্বারা টানা যায় এদেশের নির্ম্মিত এমত অতি উত্তম লাঙ্গল। ... | ৫০ | ২৫ | ১২ | |
| ৮ | সাধারণ কর্ম্মের উপযুক্ত, এক যোড়া বলদ দ্বারা টানা যায় এমত লাঙ্গল ইহা সাধারণ লাঙ্গল অপেক্ষা উত্তম হইবে ও কাষ্ঠ, লৌহ বা উভয় পদার্থে নির্ম্মিত হইবে। | ৫০ | ২৫ | ২০ | |
| ৯ | নত্র মাটীর উপযুক্ত অতি উত্তম মই ইহা এক যোড়া সাধারণ বলদদ্বারা টানা যায়। | ৫০ | ২৫ | ২০ | |
| ১০ | চা কিম্বা তুলা বৃক্ষ সারির মধ্যে মধ্যে চসিবার ও সাধারণ কর্ম্মের উপযুক্ত চসিবার ও ক্ষুদ্র বন ছেদন করিবার বা মাটী কাটীবার অতি উত্তম লাঙ্গল ইহা সাধারণ এক যোড়া বলদ দ্বারা টানা যায় এমত হইবে। | ৫০ | ২৫ | ২০ | |
| ১১ | বীজ বপন করিবার জন্য ভূমি প্রস্তুত করিবার নানা প্রকার যন্ত্র যে সকল, হস্ত দ্বারা ব্যবহৃত হয়। | ৫০ | ২৫ | ,, | |
| | ৬টী পারিতোষিক। মোট... | | | | |

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ৩১ অক্টোবর।]

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| | তৃতীয় শাখা। | | | | |
| | খনন ও বপন করিবার যন্ত্র। | | | | |
| ১২ | ওট, গম, নীল ইত্যাদি বীজ বপনের উপযুক্ত অতি উত্তম যন্ত্র। | ৫০ | ,, | ,, | |
| ১৩ | বীজ ছড়াইয়া বুনিবার অতি উত্তম যন্ত্র … | ৩০ | ,, | ,, | |
| ১৪ | বীজ বুনিতে ছিদ্র করিবার অথবা ছিদ্র করিয়া বীজ বুননের অতি উত্তম যন্ত্র … | ২০ | ,, | ,, | |
| ১৫ | ছিদ্রের মধ্যে নিড়াইবার অতি উত্তম যন্ত্র ইহা ঘোড়া বা বলদ দ্বারা টানা যায় … | ৫০ | ২৫ | ,, | |
| ১৬ | বীজ বুনিবার ছিদ্রের ও অঙ্কুরিত পল্লবের মধ্যে মধ্যে পরিষ্কারাদি কার্য্যের উপযুক্ত খনন বা নিড়াইবার অতি উত্তম হাতিয়ার … | ২০ | ১০ | ,, | |
| | ৫ টী পারিতোষিক মোট— | | | | |
| | চতুর্থ শাখা। | | | | |
| | গ্রাম্য পশু পক্ষী প্রভৃতি পালনার্থ বাথানে ব্যবহার্য্য যন্ত্র। | | | | |
| ১৭ | গোম, ওট, ধান্য প্রভৃতি মর্দ্দন করিবার নিমিত্ত মধ্যম পরিমাণের অতি উত্তম যন্ত্র ইহা পশ্বাদি দ্বারা চালিত হয়। | ১০০ | ,, | ,, | |
| ১৮ | শস্য চালনের অতি উত্তম যন্ত্র। | ৫০ | ,, | ,, | |
| ১৯ | হস্ত দ্বারা চালিত তৃণাদি কাটিবার যন্ত্র। | ৫০ | ,, | ,, | |
| ২০ | ওট ধান্যাদি পিশিবার অতি উত্তম যন্ত্র ইহা হস্তদ্বারা চালিত হয়। | ৫০ | ,, | ,, | |
| ২১ | তৈলের শস্য মর্দ্দন করিবার অতি উত্তম যন্ত্র। | ৫০ | ,, | ,, | |
| ২২ | গো, মেষ, শূকর, মুরগী প্রভৃতির আহারের জন্য অতি উত্তম নানা প্রকার কাটের টাগারা। | ৫০ | ,, | ,, | |
| | ৬টী পারিতোষিক। মোট— | | | | |
| | পঞ্চম শাখা। | | | | |
| | ক্ষেত্রোৎপন্ন বস্তুদ্বারা অন্য দ্রব্য প্রস্তুত করিবার কল। | | | | |
| ২৩ | তূলা হইতে বীজ পৃথক করিবার অতি উত্তম এতদ্দেশীয় যন্ত্র অর্থাৎ ডলন কাটি। | ২০ | ,, | ,, | |
| ২৪ | উপরোক্ত ডলন কাটি অপেক্ষা তূলা হইতে বীজ বাহির করিবার অতি উত্তম যন্ত্র। | ৫০ | ,, | ,, | |
| ২৫ | ইক্ষুরস বাহির করিবার জন্য এদেশীয় অতি উত্তম যন্ত্র অর্থাৎ ঘানি গাছ। | ২০ | ,, | ,, | |
| ২৬ | উপরোক্ত ঘানিগাছ অপেক্ষা আকের রস বাহির করিবার জন্য উত্তম যন্ত্র। | ৫০ | ,, | ,, | |
| ২৭ | তণ্ডুল প্রস্তুত করিবার অতি উত্তম যন্ত্র অর্থাৎ কুলো বা ঝাড়ুনী। | ৫০ | ,, | ,, | |
| ২৮ | শণ, পাট প্রভৃতি আশযুক্ত বস্তু খুলিয়া পরিষ্কার করিবার অতি উত্তম যন্ত্র ইহা দ্বারা আশের গাড়া, লড়া বা গিট কাটা যায়। | ৫০ | ,, | ,, | |
| ২৯ | এদেশীয় হস্ত চালিত অতি উত্তম ময়দার জাঁতা। | ২৫ | ,, | ,, | |
| ৩০ | অন্য কোন প্রকার অতি উত্তম ময়দার জাঁতা | ৫০ | ,, | ,, | |
| | ৮ টী পারিতোষিক মোট— | | | | |

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| | ষষ্ঠ শাখা। | | | | |
| | জল তুলিবার যন্ত্র। | | | | |
| ৩১ | পারস্য দেশীয় অতি উৎকৃষ্ট হালকা জল তুলিবার চক্র। ইহা ৩৫ ফুট গভীর কূপ হইতে জল তুলিতে পারে। | ৫০ | ,, | ,, | |
| ৩২ | এদেশীয় কাষ্ঠ নির্ম্মিত পারস্য জল তুলিবার চক্র। | ৩০ | ,, | ,, | |
| ৩৩ | পশ্বাদি দ্বারা চালিত কূপ বা পুষ্করিণী হইতে জল তুলিবার অতি উৎকৃষ্ট চক্র। | ৫০ | ,, | ,, | |
| ৩৪ | পশ্বাদি দ্বারা চালিত অতি উৎকৃষ্ট চীন দেশীয় সাধারণ জল তুলিবার ব্যোমা। | ৫০ | ,, | ,, | |
| ৩৫ | জল তুলিবার অতি উৎকৃষ্ট যন্ত্রের নানা প্রকার আদর্শ। | ৫০ | ,, | ,, | |
| ৩৬ | অতি উৎকৃষ্ট সাধারণ হালকা ব্যোমা। ইহা চাক ও উপকরণ বিশিষ্ট হওয়া আবশ্যক এবং যেন দুই চারি জন উহাকে অনায়াসে এক কূপ হইতে কূপান্তরে লইয়া যাইতে পারে। | ৫০ | ,, | ,, | |
| | ৬ টি পারিতোষিক। মোট— | | | | |
| | সপ্তম শাখা। | | | | |
| | কৃষিকার্য্যে ব্যবহার্য্য গাড়ী ও সাজ প্রভৃতি। | | | | |
| ৩৭ | সাধারণ কর্ম্মের উপযুক্ত ঘোড়া বা বলদের অতি উত্তম হালকা গাড়ী। ইহা শস্যকাটিবার সময় প্রয়োজন মতে গড়াইয়া দেওয়া যাইতে পারে। | ৭৫ | ৫০ | ২৫ | |
| ৩৮ | যে ছাকড় গাড়ী এক্ষণে ব্যবহার হইয়া থাকে তাহার পরিবর্ত্তে বা তদপেক্ষা উত্তম গাড়ী ইহার চাকার আল ও গোবিষা ও চাকার লৌহ পাত বধক আবশ্যক ও বাঁশের নূতন গাড়ীর ভার অপেক্ষা চতুর্থাংশ অধিক ভারি না হয়। | ৭৫ | ৫০ | ২৫ | |
| ৩৯ | জল সেচন করিবার অতি উৎকৃষ্ট গাড়ী ইহাতে যেন জল সেচনের উৎকৃষ্ট উপায় থাকে এবং ইহা যেন সহজে নির্ম্মিত হয়। | ৫০ | ৩০ | ,, | |
| ৪০ | এদেশীয় লাঙ্গল বা গাড়ীতে যোজিত দুই বা চারি বলদের সাজ। ইহা যেন উৎকৃষ্ট ও শীঘ্র নির্ম্মিত হইতে পারে ও বলদের গায় উত্তমরূপে বসিতে পারে। | ২৫ | ১৫ | ১০ | |
| ৪১ | ঐ ঐ এক বলদ | ২৫ | ১০ | ৫ | |
| | ৫ টি পারিতোষিক। | | | | |
| | ৮ ম শাখা। | | | | |
| | মাখন প্রভৃতি প্রস্তুত করিবার যন্ত্র। | | | | |
| ৪২ | অতি উত্তম মন্থন পাত্র। | ২৫ | ,, | ,, | |
| ৪৩ | এদেশীয় অতি উত্তম মন্থন পাত্র। | ১৫ | ,, | ,, | |
| ৪৪ | অতি উত্তম মন্থন দণ্ড ... | ১৫ | ,, | ,, | |
| ৪৫ | নানাপ্রকার অতি উৎকৃষ্ট মাখনের ছাপ। | ১৫ | ,, | ,, | |
| ৪৬ | মাটির বা কাচের বা মিনার অতি উত্তম দুগ্ধপাত্র। | ২৫ | ,, | ,, | |
| | ৫ টি পারিতোষিক। | | | | |
| | ৯ম শাখা। | | | | |
| | অতিরিক্ত নানাপ্রকার যন্ত্র। | | | | |
| ৪৭ | অতিউৎকৃষ্ট হালকা অর্থাৎ এক স্থান হইতে অন্য স্থানে অনায়াসে লওয়া যায় এই প্রকার হাপর সহিত কামানের অগ্নি রাখিবার পাত্র। | ২০ | ০ | ০ | ২০ |

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| ৪৮ | অতি উৎকৃষ্ট ক্ষেত্রে ব্যবহার্য্য অথবা ২। ৩ বা ৪ শাখা বিশিষ্ট কোদালি বা কাওড়। | ২৫ | ... | ... | ২৫ |
| ৪৯ | শস্যের বস্তা চায়ের বাক্স প্রভৃতি স্থানান্তর করিবার উপযুক্ত হালকা ট্রক। | ২৫ | ... | ... | ২৫ |
| ৫০ | ছোট বড় নানাপ্রকার কুড়ালি ও গাছ ঝুরিবার ছুরি ও করাত ও বিলহক ও নানাপ্রকারের কাঁচি প্রভৃতি সংগৃহীত দ্রব্য। | ২৫ | ... | ... | ২৫ |
| ৫১ | নর্দ্দমা প্রভৃতি করিবার কর্ম্মে ব্যবহার্য্য হাতিয়ার। | ২০ | ... | ... | ২০ |
| ৫২ | অতি উৎকৃষ্ট টাইল প্রস্তুত করিবার যন্ত্র ইহা দ্বারাও ছাতের টাইল প্রস্তুত হয় ... | ৫০ | ... | ... | ৫০ |
| ৫৩ | ২০ অবধি ৪০ ফুট পর্য্যন্ত বিস্তৃত পিটা লৌহ ছাদা ইহাতে যেন কোরড়া গালবা নাইজেড লোহা বা অন্য কোন হালকা দ্রব্যের ছাদ বহন করিতে সক্ষম হয়। ... | ৫০ | ... | ... | ৫০ |
| ৫৪ | হস্ত নির্ম্মিত ইট প্রস্তুত করিবার সময় হস্ত চাপ দিবার অতি উত্তম যন্ত্র ... | ২৫ | ... | ... | ২৫ |
| ৫৫ | হস্তদ্বারা চালিত কাদার ইটের অতি উত্তম ফর্ম্মা ... | ৩০ | ... | ... | ৩০ |
| ৫৬ | অতি উত্তম সুরকী প্রস্তুত করিবার কল ... | ২৫ | ... | ... | ২৫ |
| ৫৭ | পাট খুলিয়া পরিষ্কার করিবার অতি উত্তম যন্ত্র ইহা পশুর বা বাষ্পীয় যন্ত্রের বলে চালিত হইয়া শণের গাড়া কাটিবে ... | ৫০ | ... | ... | ৫০ |
| ৫৮ | ছালার চট প্রস্তুত করিবার অতি উত্তম চরকা ইহা হস্তদ্বারা চালিত হয় ... | ৫০ | ... | ... | ৫০ |
| ৫৯ | শণ, পাট প্রভৃতি আঁশযুক্ত বৃক্ষাদিকে অনেক ক্ষণ জলে রাখিলে উহাদের আঁশ কার্য্যোপযোগী হয় বটে কিন্তু তাহাতে আঁশের বর্ণ ও শক্তি ক্ষুণ্ণ হইয়া পড়ে তাহা জলে না, ভিজাইয়া অন্য কোন উপায় বা যন্ত্র দ্বারা কোন ব্যক্তি আঁশ বাহির করিলে সে ১০০৲ টাকা পুরস্কার পাইবে। ... | ১০০ | ... | ... | ১০০ |
| ৬০ | করাত চালাইবার অতি উৎকৃষ্ট যন্ত্র ... | ৫০ | ... | ... | ৫০ |
| ৬১ | পশু বা অন্য কোন উপায় দ্বারা তিল প্রভৃতি তৈলের শস্য হইতে তৈল বাহির করিবার অতি উত্তম যন্ত্র অর্থাৎ ঘানী ... | ৫০ | ... | ... | ৫০ |
| ৬২ | ঐ ঐ খুইল বিশিষ্ট ফল হইতে তৈল বাহির করিবার উত্তম যন্ত্র ... | ৫০ | ... | ... | ৫০ |
| ৬৩ | ঐ ঐ দেশীয় যন্ত্রদ্বারা ... | ৩০ | ... | .. | ৩০ |
| ৬৪ | পশু বা বাষ্পীয় যন্ত্রদ্বারা চালিত ধান্যের তূষ বাহির করিবার উৎকৃষ্ট যন্ত্র ... | ৫০ | ... | ... | ৫০ |
| | ১৮ টি পারিতোষিক। | | | মোট। | ৭২৫ |
| | ১০ শাখা। | | | | |
| | চা প্রস্তুত করিবার যন্ত্রাদি। | | | | |
| ৬৫ | চায়ের পাতাকে ঢাকনা রহিত লৌহ পাত্রে রাখিয়া অনাবৃত অগ্নির উপরে রাখা যায় ইহা চা পাত প্রস্তুত করিবার বর্ত্তমান রীতি কিন্তু ইহাতে চায়ের পাত সমভাবে প্রস্তুত হয় না। কোনং পাত প্রায় দগ্ধ হইয়া যায় কোনং পাত প্রায় আগুণের তাপ পায় না এই দোষ বারণ করিবার নিমিত্ত যে কোন ব্যক্তি | | | | |

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| | বাষ্পীয় যন্ত্র দ্বারা চালিত দ্বিগুণ বা অন্য কোন রূপ পাত্র বিশিষ্ট যন্ত্র প্রস্তুত করিলে সে ১০০ টাকা পুরস্কার পাইবে। | ১০০ | ... | ... | ১০০ |
| ৬৬ | বাষ্পীয় যন্ত্র দ্বারা চালিত চায়ের পাতকে বাটিয়া দিবার অতি উৎকৃষ্ট যন্ত্র। | ১০০ | ... | ... | ১০০ |
| ৬৭ | বাষ্পীয় যন্ত্র দ্বারা চালিত চায়ের পাত হইতে গুঁড়া গাঁড়া পৃথক করিবার অতি উৎকৃষ্ট যন্ত্র ... | | | | |
| ৬৮ | চায়ের পাতকে শেষবার শুকাইবার নিমিত্ত ঢোলাকার টুক্রিতে রাখা যায় ইহা উৎকৃষ্টরূপে শুকাইবার যন্ত্র বা উপায়। ... | ১০০ | ... | ... | ১০০ |
| ৬৯ | সচরাচর চায়ের বাকৃস পার্শ্বের সন্ধিতে খুলিয়া যায়। যে কোন ব্যক্তি এমন বাকৃস প্রস্তুত করিতে পারে যাহার সন্ধি শীঘ্র খুলিয়া না যায় অথবা অল্প খরচে প্রস্তুত হয় এবং অল্প কষ্টে সৃষ্টি হয় সে ব্যক্তি ৩০ টাকা পুরস্কার পাইবে ... | ৩০ | ... | ... | ৩০ |
| | | | | মোট— | ৩৩০ |

৫টী পারিতোষিক।

দ্বিতীয় শ্রেণীর সংক্ষিপ্ত বিবরণ।

| | |
|---|---|
| কৃষির আদি কার্য্য সাধক ৫ টী পারিতোষিক ... | মোট টাকা |
| লাঙ্গলাদি কৃষি ৬ ঐ ... | ,, |
| খনন ও বপন করিবার যন্ত্র ৫ ঐ ... | ,, |
| গ্রাম্য পশু পক্ষী প্রভৃতি পালনার্থ বাথানে ব্যবহার্য্য যন্ত্র ৬ ঐ ... | ,, |
| ক্ষেত্রোৎপন্ন বস্তু দ্বারা অন্য দ্রব্য প্রস্তুত করিবার কল ৮ ঐ ... | ,, |
| জল তুলিবার যন্ত্র ৬ ঐ ... | ,, |
| কৃষি কার্য্য ব্যবহার্য্য গাড়ী ও সাজ প্রভৃতি ৫ ঐ ... | ,, |
| মাখন প্রস্তুত করিবার যন্ত্র ৫ ঐ ... | ,, |
| অতিরিক্ত যন্ত্র ১৮ ঐ ... | ,, |
| চা-পাত প্রস্তুত করিবার যন্ত্র ৫ ঐ ... | ,, |

৬৯টী পারিতোষিক।

৩য় শ্রেণী।

ক্ষেত্রোৎপন্ন দ্রব্যাদি।

১ম শাখা।

শস্য।

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | পাঁচ মণ গোম প্রদর্শন স্থানে আনিয়া পাঁচ সের নমুনা দেয়াইতে হইবেক। ... | ১০ | ৬ | ৪ | ২০ |
| ২ | দুই মণ যব ঐ ঐ ঐ ... | ১০ | ৬ | ৪ | ২০ |
| ৩ | তিন মণ ওট ঐ ঐ ঐ ... | ১০ | ৬ | ৪ | ২০ |
| ৪ | এক মণ ভুট্টা ঐ ঐ ঐ ... | ১০ | ৬ | ৪ | ২০ |
| ৫ | পাঁচ মণ নানাপ্রকার সিদ্ধ চাউল ঐ ... | ৩০ | ২০ | ১০ | ৬০ |
| ৬ | পাঁচ মণ নানাপ্রকার আতপ চাউল ঐ ... | ৩০ | ২০ | ১০ | ৬০ |
| ৭ | অতি উৎকৃষ্ট যব পাঁচ মণ ঐ ... | ২০ | ১৫ | ৭ | ৪২ |
| | | | | মোট— | ২৪২ |

২১টী পারিতোষিক।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ৩১ অক্টোবর।]

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| | ২য় শাখা। | | | | |
| | ছোলা কলাই প্রভৃতি। | | | | |
| ৮ | ১০ মণ ছোলা প্রদর্শন স্থানে আনিয়া ৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে ... | ২০ | ১৫ | ১০ | ৪৫ |
| ৯ | ৫ মণ মটর ... | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| ১০ | ৫ মণ কলাই .. | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| ১১ | ১ মণ মরিচ ... | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| | ১২টী পারিতোষিক। | | | মোট— | ১৩৫ |
| | ৩য় শাখা। | | | | |
| | নানা প্রকার মূল। | | | | |
| ১২ | ৩ মণ আলু প্রদর্শন স্থানে আনিয়া ৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে .. | ২৫ | ১৫ | ১০ | ৫০ |
| ১৩ | ৩ মণ সকরকন্দ অর্থাৎ মিষ্ট আলু ... | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| ১৪ | হরিদ্রা ঐ ঐ ... | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| ১৫ | ১ মণ আদা নমুনা স্বরূপ দেখাইতে হইবে ... | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| ১৬ | ১ মণ আরারুট ঐ ঐ .. | ১৫ | ১০ | ৫ | ৩০ |
| ১৭ | ১ মণ কচু ঐ ঐ .. | ১০ | ৫ | ... | ১৫ |
| | ১৭ টা পারিতোষিক। | | | মোট— | ১৮৫ |
| | ৪র্থ শাখা। | | | | |
| | আঁশযুক্ত পদার্থ। | | | | |
| ১৮ | ৫ মণ কোষ্টা প্রদর্শন স্থানে আনিয়া /৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে .. | ৭৫ | ৫০ | ২৫ | ১৫০ |
| ১৯ | ঐ পাট ... | ৫০ | ৩০ | ২০ | ১০০ |
| ২০ | ঐ শণ ... | ২৫ | ২০ | ১০ | ৫৫ |
| ২১ | ঐ ধঞ্চা বা ধানুকা ... | ২০ | ১৫ | ... | ৩৫ |
| ২২ | ঘৃতকমারী ... | ২০ | ১৫ | ... | ৩৫ |
| ২৩ | রেষ্টাঁস ... | ৩০ | ১৫ | ... | ৪৫ |
| | ১৫ টা পারিতোষিক। | | | মোট— | ৪২০ |
| | ৫ম শাখা। | | | | |
| | তূলা। | | | | |
| ৪ | ৫ মণ বীজ শুদ্ধ তূলা প্রদর্শন স্থানে আনিয়া /৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে .. | ১০০ | ৫০ | ২০ | ১৭০ |
| ৫ | ঐ পরিষ্কৃত তূলা . | ১০০ | ৫০ | ২০ | ১৭০ |
| | ৬টী পারিতোষিক। | | | মোট— | ৩৪০ |
| | ৬ষ্ঠ শাখা। | | | | |
| | কাঁচা রেশম। | | | | |
| ৬ | গুটিপোকার ২০টি কোষা উহার তসর ও রেশম সহিত প্রদর্শন করিতে হইবে ... | ৫০ | ২৫ | ... | ৭৫ |
| ৭ | ঢাকা বিভাগস্থ অন্য কোন প্রকার ঐ ... | ৩০ | ২০ | .. | ৫০ |
| | ৪টী পারিতোষিক। | | | মোট— | ১২৫ |

| | | প্রথম পুরস্কার | দ্বিতীয় পুরস্কার | তৃতীয় পুরস্কার | মোট |
|---|---|---|---|---|---|
| | ৭ম শাখা। | | | | |
| | রং। | | | | |
| ২৮ | ২ মণ কুসুম প্রদর্শন স্থানে আনিয়া /৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে ... | ১০০ | ৫০ | ২৫ | ১৭৫ |
| ২৯ | ঢাকা বিভাগস্থ ১ বাকুস নীল প্রদর্শন স্থানে আনিয়া /২ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে ... | ১০০ | ৭৫ | ৫০ | ২২৫ |
| | | | | মোট— | ৪০০ |
| | ৬টী পারিতোষিক। | | | | |
| | ৮ম শাখা। | | | | |
| | তৈলীয় শস্য। | | | | |
| ৩০ | ৫ মণ তিশি প্রদর্শন স্থানে আনিয়া /৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবেক ... | ২৫ | ১০ | ... | ৩৫ |
| ৩১ | ঐ সর্ষপ ঐ ... | ২৫ | ১০ | ... | ৩৫ |
| ৩২ | ঐ তিল ঐ ... | ২৫ | ১০ | ... | ৩৫ |
| ৩৩ | ঐ রামতিল ঐ ... | ২৫ | ১০ | ... | ৩৫ |
| ৩৪ | ঐ ভেরেণ্ডা ঐ ... | ২৫ | ৫ | ... | ৩৫ |
| ৩৫ | ঐ পোস্তা ঐ ... | ১০ | ১০ | ... | ১৫ |
| ৩৬ | ঐ কুসুমবীজ ঐ ... | ২৫ | ১০ | ... | ৩৫ |
| ৩৭ | ঐ নারিকেল নমুনা স্বরূপ ৫ টা নারিকেল ঐ.. | ২৫ | ১০ | ... | ৩৫ |
| ৩৮ | ঐ তূলা বীজ ঐ ... | ২৫ | ১০ | ... | ৩৫ |
| | ১৮টী পারিতোষিক। | | | | |
| | | | | মোট— | ২৯৫ |
| | ৯ম শাখা। | | | | |
| | তামাক। | | | | |
| [illegible] | ২ মণ অত্যাস্ত শুষ্কতামাক পাতা বা সাদা, প্রদর্শন স্থানে আনিয়া /৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে ... | ৫০ | ২৫ | ১০ | ৮৫ |
| | ৩টী পারিতোষিক। | | | | |
| | | | | মোট— | ৮৫ |
| | ১১শ শাখা। | | | | |
| | কাফি। | | | | |
| ৪০ | ঢাকা বিভাগস্থ ১ মণ কাফি প্রদর্শন স্থানে আনিয়া /৫ সের নমুনা স্বরূপ দেখাইতে হইবে। | ৫০ | ২৫ | ... | ৭৫ |
| | ২টী পারিতোষিক। | | | | |
| | | | | মোট— | ৭৫ |
| | ১২শ শাখা। | | | | |
| | ইক্ষু বা আক। | | | | |
| ৪১ | এক বিঘা ভুমির উৎপন্ন আকের নমুনা স্বরূপ ১০টি সফেদ আক ... | ৩০ | ২০ | ১০ | ৬০ |
| ৪২ | ঐ ঐ লাল আক ... | ৩০ | ২০ | ১০ | ৬০ |
| | ৬টী পারিতোষিক। | | | মোট— | ১২০ |
| | মধু ও মোম। | | | | |
| ৪৩ | চাকের সহিত /২ সের মধু আনিতে হইবে ... | ১৫ | ১০ | ... | ২৫ |
| ৪৪ | চাকের সহিত /২ সের মোম আনিতে হইবে ... | ১০ | ৫ | ... | ১৫ |
| | ৪টী পারিতোষিক। | | | | |
| | | | | মোট— | ৪০ |

[...র্ণমেন্ট গেজেট। ১৮৬৫। ৩১ অক্টোবর।]

### ৩য় শ্রেণী।

#### ২য় অংশ। কৃষিজাত ভক্ষ্য পদার্থ।

১ ম শাখা। যে যে কৃষিজাত বস্তু অগ্নিপক্ব না হইয়াই আহার শিল্প ও ঔষধে ব্যবহৃত হয় তাহা।

| | | | | |
|---|---|---|---|---|
| ক, | জীবিজাত | | | ... |
| খ, | উদ্ভিজ্জ | | | ... |
| গ, | খনিজ | পারিতোষিক | মোট | ১০০ |

২য় শাখা। যে যে কৃষিজাত বস্তু অগ্নিপক্ব হইয়া আহার শিল্প ও ঔষধে ব্যবহৃত হয় তাহা।

| | | | | |
|---|---|---|---|---|
| ক, | মোরব্বা আহার ও শুষ্ক ফল | | | ... |
| খ, | মোশল্লা | | | ... |
| গ, | চিনি গুড় প্রভৃতি এবং তদুৎপন্ন মিষ্ট দ্রব্য | | | ... |
| ঘ, | নানা প্রকার তৈল | | | |
| ঙ, | নানা প্রকার রঙ | | | |
| চ, | নানা প্রকার পদার্থ | পারিতোষিক | মোট | ২৫০ |

### ৩য় শ্রেণীর সংক্ষিপ্ত বিবরণ।

#### ১ম অংশ। কৃষিজাত নানা প্রকার ব্যবহার্য্য পদার্থ।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১ ম | শাখা। | শস্যাদি | ২১ শ | পারিতোষিক | মোট | ৩৫২ |
| ২ য় | ঐ। | বুট কলাই প্রভৃতি | ১২ | ঐ | ঐ | ১৩৫ |
| ৩ য় | ঐ। | মূলাদি | ১৭ | ঐ | ঐ | ১৮৫ |
| ৪ র্থ | ঐ। | আঁশ আদি | ১৫ | ঐ | ঐ | ৫২০ |
| ৫ ম | ঐ। | তূলা | ৬ | ঐ | ঐ | ৩৬০ |
| ৬ ষ্ঠ | ঐ। | কাঁচা রেশম | ৪ | ঐ | ঐ | ১২৫ |
| ৭ ম | ঐ। | রঙ | ৬ | ঐ | ঐ | ৫২০ |
| ৮ ম | ঐ। | তৈলের শস্য | ১৮ | ঐ | ঐ | ১৯৫ |
| ৯ ম | ঐ। | তামাক পাত | [illegible] | ঐ | ঐ | ৮৫ |
| ১০ ম | ঐ। | চা | ৩ | ঐ | ঐ | ২২৫ |
| ১১ শ | ঐ। | কাফি | ২ | ঐ | ঐ | ৭৫ |
| ১২ শ | ঐ। | আখ | ২ | ঐ | ঐ | ১২০ |
| ১৩ শ | ঐ। | মোম ও মধু | ৪ | ঐ | ঐ | ৫০ |
| | | ৫২ টী পারিতোষিক | | মোট | | ২৬৮৭ |

#### ২ য় অংশ। কৃষিজাত ভক্ষ্য পদার্থ।

| | | | | |
|---|---|---|---|---|
| ১ ম শাখা। | অনগ্নি পক্ব | | মোট | ১০০ |
| ২ য় ঐ। | অগ্নিপক্ব | | ঐ | ২৫০ |
| | | মোট | | ৩৫০ |

সমুদয় ৩ য় শ্রেণীর মোট ৩০৩৭

### ৪ র্থ শ্রেণী।

এদেশীয় যে সকল শিল্পজাত পদার্থ কৃষি ব্যতীত অন্যান্য কার্য্যের উপযোগী তাহা।

১ ম অংশ। চিত্রাদি ভিন্ন অন্যবিধ শিল্পজাত বস্তু।

১ ম শাখা। তূলাজাত পদার্থ

২ য় ঐ। পশম ঐ

৩ য় ঐ। রেশম ঐ

৪ র্থ ঐ। অন্যবিধ সূত্রজাত পদার্থ

৫ ম ঐ। জরীর কাপড় ও সূত্রাদিদ্বারা চিত্রিত কাপড়।

৬ ম ঐ। কৃত্রিম ও অকৃত্রিম অলঙ্কার।

৭ ম ঐ। ছুরি কাঁচি তালা চাবি প্রভৃতি লোহাদি ধাতু নির্ম্মিত পদার্থ।

# LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

## জেলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুযায় জেলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্ন লিখিত মাহাল সন ১৮৬৫ সালের নাগাএদ কিস্তি সেপ্টেম্বরের রাজস্বের বাকী আদায় কারণ সন ১৮৬৫ সালের ১১ নবেম্বর মোতাবক সন ১২৭২ সালের ২৭ কার্ত্তিক শনিবার জেলা মুরশিদাবাদের কালেক্‌টরীর কাছারিতে অবার্থ নীলাম হইবেক ইতি সন ১৮৬৫ সাল তারিখ ১০ অকুটোবর মোতাবক সন ১২৭২ সাল তারিখ ২৫ আশ্বিন।

| শ্রেণীর নম্বর | মাহালের প্রকরণ | তৌজির নম্বর | নাম মাহাল | নাম তালুকদারান | সদর জমা | কৈফিয়ত |
|---|---|---|---|---|---|---|
| ১ | প্রথম শ্রেণীর মাহাল | ১৬১ | কিঃ তঃ তিড়গ্রাম পঃ কুতুবপুর ফতেপুর | সম্টু বিবি | ১০৫৩৮ | সমুদয় মাহাল |
| ঐ | ঐ | ১৭৫৩ | তরফ শ্যামপুর পঃ আসদনগর | কৃষ্ণলাল চৌধুরী ও গোকুলচন্দ্র দত্ত | ৭৮৮৶৭ | ঐ |

COLIN MACKENZIE,
*Collector.*

---

## জেলা নদীয়া।

### এস্তেহারনামা কাছারি কালেকটরী জেলা নদীয়া।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নিম্নের লিখিত মহাল সন ১৮৬৫ সালের ৯ অকুটোবর সূর্য্যাস্ত পর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আকুটের দ্বারা অন্যং যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে এবং চলিত আইনমতে সন ১৮৬৫ সালের ২০ নবেম্বর তারিখে মোতাবেক সন ১২৭২ সালের ৬ অগ্রহায়ণ তারিখে এ জেলার কালেকটরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধায় বিক্রয় হইবেক সন ১৮৬৫ সাল তারিখ ১৮ অকুটোবর।

### ইস্তমুরারি বন্দোবস্তী মহাল।

১ নং ১১৭ নং ডিহি চুবড়া মালিক ঈশ্বরচন্দ্র মুস্তফী শ্যামলপ্রাণ কমলপ্রাণ মুস্তফী তারাপ্রাণ মুস্তফী উপেন্দ্রমোহন মুস্তফী ও ঈশানচন্দ্র বন্দোপাধ্যায় সদর জমা ১৪৬৬৯৸৵১১
পুলিস
১৬১৩

H. ULICK BROWNE,
*Collector.*

---

## জিলা ভুলুয়া।

### এওলানামা।

সন ১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারার মর্ম্মমতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা ভুলুয়ার নীচের লিখিত মহাল সন ১৮৬৫ সনের ২৮ সেপ্টেম্বর তারিখের সূর্য্যাস্তের বাকী মালগুজারি আদায় নিমিত্তক সন ১৮৬৫ সনের ১৩ নবেম্বর মোতাবেক বাঙ্গলা সন ১২৭২ সনের ২৯ কার্ত্তিক রোজ সোমবার ঐ জেলার কালেক্‌টরি কাছারিতে বিনাওজর নীলাম ধরা যাইবেক ও বিনাবাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৫ তাং ১৮ অকুটোবর।

### প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

| নম্বর মহাল | নাম মহাল | নাম মালিক | সদর জমা কোম্পানি | বাকীর সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| ২৮ নং | পঃ কাঞ্চনপুর হিস্যে ৵৫৴৩ দস্তী। | মাহাম্মদ গাজী ও মএমুনা বিবি চৌধুরাণী | ৫৬৩৶৭ | ৪১০৶৯ | প্রকাশ থাকে যে শ্রী দেনওয়ার আলী তহশীল মোহরের ডিক্রীদারের ১৮৫৯ সনের ১০ আইনের ডিক্রীর দাবী ৪১০৶৯ পাই আদায় কারণ ১৮৬৫ সনের ১২ সেপ্টেম্বর তারিখের হুকুমক্রমে এই মহালের মালিক মাহাম্মদ গাজীর ওয়ারিস শ্রীমতী তমীজাবিবিগং দাইকানের স্বত্ব গত ২৮ সেপ্টেম্বরের সূর্য্যাস্তের বাকী পড়া মহাল শামিল নীলামী এওলানামা জারী করা গেল ইতি। |
| ৫৫ নং | পঃ মিজ সন্দ্বীপ কিসমত মহিন্দ্রনারায়ণ সিংহ। | মাহাম্মদ আফায়ুল্লা ও মির আলাবাদী | ৬৩৭৴১১ | ৭২৸৴১১ | |

G. A. PEPPER,
*Collector.*

## NOTICE.

### CALCUTTA MUNICIPALITY.

NOTICE is hereby given, that the valuation and measurement of the portion of the 3rd Division of the Town, noted in the margin, has been completed, and that the Books containing the said valuations and the rates assessed can be inspected on any day (Sundays excepted), at the Office of the Justices, between the hours of 11 o'clock A. M. and 4 o'clock P. M., free of charge.

Bounded on the North by Machooa Bazar, on the South by Bow Bazar, on the East by Circular Road, and on the West by College Street.

The Justices will, on the 14th, 15th and 16th day of November next, proceed to revise the said valuation and assessment, and to hear all appeals connected therewith, but no such appeal can be heard unless the amount of rate has been deposited with the Justices in accordance with the Provisions of Section 77 of the above Act, on or before the 10th Day of November next.

ROBT. TURNBULL,
*Secretary to the Justices of the Peace.*

OFFICE OF THE JUSTICES OF THE PEACE,
1, CHOWRINGHEE ROAD ;
*Calcutta, 13th October 1865.*

## বিজ্ঞাপন।

সন ১৮৬৩ সালের ৬ আইনের ৭২ ও ৭৩ ধারামতে।

ইহার দ্বারা জ্ঞাত করা হইল যে, শহরের ৩ ডিবিজনের (১) বাটী সকলের মূল্য জমির পরিমাণ সকল নিশ্চিত করা হইবাতে যে বহিতে ঐ মূল্য ও নিরূপিত কর সকল লেখা হইয়াছে তাহা বিনা ব্যয়ে বেলা ১১ ঘন্টা নাগায়েদ ৪ ঘন্টার সময় সকলের মধ্যে সাধারণ কর্তৃক দৃষ্টি করা হইতে পারিবেক, জষ্টিস অব পিস সকলে ১৪, ১৫ ও ১৬ নবেম্বর তারিখ অবধি ঐ লিখিত করের সংশোধন জন্য আপিল সকল শুনিতে আরম্ভ করিবেন কিন্তু ঐ আইনের ৭৭ ধারানুসারে রেট আগত ১০ নবেম্বর অবধি জমা রাখিয়া আপিল করিলে গ্রাহ্য হইবেক।

অর্থাৎ যে সকল বাটীর নম্বর উত্তর মেছোয়া বাজার ইষ্ট্রীট দক্ষিণ বৌবাজার ইষ্ট্রীট পূর্ব্ব সারকুলার রোড পশ্চিম কালেজ ইষ্ট্রীট।

ROBT, TURNBULL,
*Secy. to the Justices of the Peace.*

আদেশানুসারে,
রবার্ট টরণবুল,
জষ্টিস অব দি পিসদিগের সেক্রেটর।

জষ্টিস অব দি পিসদিগের আফিস
১ নং চৌরঙ্গি রোড,
কলিকাতা, ১৩ আক্টোবর।

### CALCUTTA MUNICIPALITY.

A Special Meeting of the Justices of the Peace will be held at their Office at noon, on Monday, the 6th of November next, to take into consideration an application from Baboo Ramdhone Ghose, Collector of Taxes, for leave of absence, for six months, on private affairs.

ROBT. TURNBULL,
*Secy. to the Justices of the Peace.*

OFFICE OF THE JUSTICES OF THE PEACE,
1, CHOWRINGHEE ROAD ;
*Calcutta, 21st October 1865.*

### কলিকাতার মুনিসিপলিটী।

আগামি নবেম্বর মাসের ৬ তারিখ সোমবার বেলা দুই প্রহরের সময়ে শান্তিরক্ষার্থ জুষ্টিসদের কার্য্যালয়ে তাঁহাদের এক বিশেষ সভা হইবে। ঐ সভাতে টাক্সের কালেক্টর শ্রীযুত বাবু রামধন ঘোষ নিজ প্রয়োজনের জন্যে যে ছয় মাস ছুটীর প্রার্থনা করেন তাহার বিবেচনা হইবে।

রবার্ট টর্ণবুল।
শান্তিরক্ষার্থ জুষ্টিসদের সেক্রেটারী।

শান্তিরক্ষার্থ জুষ্টিসদের কার্য্যালয়।
১ নং চৌরঙ্গী রোড।
কলিকাতা ১৮৬৫ সাল ২১ অক্টোবর।

### HOOGHLY AGRICULTURAL EXHIBITION.

THE undersigned is prepared to sanction the plying of one or more small Ferry Steamers between Nyehatty and Bandel during the week

### হুগলীর কৃষিকার্য্য সম্পর্কীয় প্রদর্শন।

যে সপ্তাহে প্রদর্শন চলিবে সেই সপ্তাহে অর্থাৎ ডিসেম্বর মাসের ২৫ তারিখ সোমবার অবধি ডিসেম্বর মাসের ৩০ তারিখ শনিবার পর্য্যন্ত এক কি অধিক

of the Exhibition, *i. e.*, from Monday, December 25th to Saturday, December 30th.

Application stating fares and proposed arrangements to be made at once to the Magistrate, Alipore.

A. J. R. BAINBRIDGE,
*Magistrate, 24-Pergunnahs.*

ছোট বাষ্পীয় পোত নৈহাটী ও বান্দেল এই দুই স্থানের মধ্যে গমনাগমন করিতে পারিবে এতদ্বিষয়ে নিম্নে স্বাক্ষরকারি আমি অনুমোদন করিতে প্রস্তুত আছি।

অতএব ভাড়ার ও নিয়মের প্রস্তাব সম্বলিত আবেদনপত্র অবিলম্বে আলিপুরের মাজিষ্ট্রেটের নিকটে অর্পণ করিতে হইবে।

এ জে আর বেনব্রিজ,
২৪ পরগনার মাজিষ্ট্রেট।

---

## বিজ্ঞাপন।

এতদ্দ্বারা জানান যাইতেছে যে মাদারিপুর জিলা খণ্ডের এষ্টাব্লিশমেণ্টে নিম্ন লিখিত কর্ম্মের নিমিত্তে দুই জন উপযুক্ত লোক প্রয়োজনীয় কর্ম্মাকাঙ্ক্ষিগণ তাহাদের স্বহ আবেদন পত্র যোগ্যতা ও কৃতকর্ম্মের নিদর্শন সহিত নিম্ন স্বাক্ষরকারীর সমীপে আগামী ১৫ নবেম্বরের পূর্ব্বে পাঠাইবেন।

| পদ | বেতন |
| --- | --- |
| (১) হেড কেরাণি শেরেস্তাদার | ৩০৲ |
| (২) হেড মোহরের | ২০৲ |

শ্রী দীনবন্ধু মৌলিক।
ডেপুটী কালেক্টর ডেপুটী মাজিষ্ট্রেট।

মাদারিপুর।
১৭ ঐ অক্টোবর ১৮৬৫।

---

## WANTED

*For the Office of the Deputy Commissioner of the Eastern Dooars.*

1. A Head Clerk in the English and Bengali Departments. Salary Rupees 150.

He must be thoroughly acquainted with English and Bengali.

2. A second Clerk in the English Department. Salary Rupees 65.

3. A Treasurer. Salary Rupees 60.

He must give security to the extent of Rupees 10,000.

NOTE.—Arrangements have been made with the sanction of Government for paying the Travelling expenses incurred by selected Candidates in joining their appointments. The Station is at Dutma, between Goalpara and Cooch Behar, and four days distant by letter dâk from Calcutta.

Apply (post paid) to

J. C. GEDDES,
*Offg. Deputy Commissioner of the Eastern Dooars.*

DUTMA,
17*th September* 1865.

[*Government Gazette,* 31*st October* 1865.]

## বিজ্ঞাপন।

ভুটানের পূর্ব্ব দুয়ারের ডেপুটী কমিস্যনর সাহেবের কার্য্যালয়ে পশ্চাৎ লিখিত কর্ম্মকারকদিগকে প্রয়োজন হইয়াছে, অর্থাৎ—

| | বেতন |
| --- | --- |
| ১। ইংরাজী ও বাঙ্গলা ডিপার্টমেণ্টে এক জন প্রধান কেরাণী .. | ১৫০৲ |
| কিন্তু উক্ত কেরাণীর ইংরাজী ও বাঙ্গলা ভাষায় বিশেষ জ্ঞান থাকা আবশ্যক। | |
| ২। ইংরাজী ডিপার্টমেণ্টে দ্বিতীয় কেরাণী এক জন ... | ৬৫৲ |
| ৩। খাজাঞ্চী এক জন .. | ৬০৲ |
| কিন্তু খাজাঞ্চির ১০,০০০৲ টাকার জামিন দিতে হইবে। | |

মনোনীত কর্ম্মাকাঙ্ক্ষিগণের কর্ম্ম স্থানে পঁহুছিবার নিমিত্তে গবর্ণমেণ্টের সম্মতিক্রমে পথ খরচ দিবার নিয়ম করা গিয়াছে। উক্ত কর্ম্মের স্থান গোয়ালপাড়া ও কুচবেহারের মধ্যবর্ত্তী দত্মায় হইবে, কলিকাতা হইতে ডাকযোগে চারি দিনে সেই স্থানে পত্র পঁহুছে।

জে সি গেডেস,
পূর্ব্ব দুয়ারের একটিং ডেপুটী কমিস্যনর।

দত্মা। ১৮৬৫ সাল ১৭ সেপ্টেম্বর।

## বিজ্ঞাপন।

মেদিনীপুর মেলা।

সন ১৮৬৬ সালের জানুআরি মাহার ২২ তারিখ ও তৎপশ্চাদ্‌গামি পঞ্চ দিবস পর্য্যন্ত যৎকালীন হিন্দুদিগের শ্রীপঞ্চমী পূজার মহোৎসব হইবেক তৎকালীন জেলা ও শহর মেদিনীপুরে এক মেলা হইবেক। এই মেলাতে যে সমস্ত দ্রব্য আনয়ন হইবেক তাহা সকলে ক্রয় বিক্রয় করিতে পারিবেন এই মেলার কার্য্য অত্র শহরস্থ বাসিন্দাগণ ও গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ কর্ত্তৃক নির্ব্বাহ হইবেক। এবং পুলিষ কর্ত্তৃক দ্রব্য সমস্ত রক্ষণাবেক্ষণ হইবেক। যাহারা বিক্রয়ার্থে প্রচুর দ্রব্য আনিবেন তাহারা বিনা ভাড়াতে পৃথক২ চালা পাইবেন। কিন্তু ইহাও অভিলাষ করা গিয়াছে যে অধিকাংশ বিক্রেতাগণ এই রূপ মেলাতে যেরূপ আপন২ পাল আনয়ন করিয়া থাকেন তদ্রূপ আপন২ পাল আনয়ন করিবেন। মেলার জন্য যে স্থান স্থির হইয়াছে তাহা সরকারি ভূমি ও মেদিনীপুর শহরের পশ্চিমাংশ তথায় প্রচুর জল ও স্থান পাওয়া যাইবেক ইহাও মনস্থ হইয়াছে যে এই মেলা প্রতিবৎসর শ্রীপঞ্চমী পূজার মহোৎসব সময়ে হইবেক।

মেলাতে যে সমস্ত প্রধান দ্রব্য আনয়ন হইবেক তাহার মধ্যে নিম্ন লিখিত দ্রব্য সমূহ বিক্রয় হইবেক।

সকল প্রকার পশু।
জঙ্গল উৎপাদিত সকল প্রকার দ্রব্য।
সকল প্রকার শস্য।
সকল প্রকার দেশী ও বিলাতি সুতার ও রেসমের কাপড়।
সকল প্রকার ধাতু নির্ম্মিত দ্রব্য লোহার দ্রব্যাদি থালা, ঘটী, ইত্যাদি।
সকল প্রকার মৃত্তিকা নির্ম্মিত দ্রব্য।

W. J. Herschel,
*Magistrate and Collector.*

## MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

### বিজ্ঞাপন।

শিয়ালদহের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের ১৮৬৫ সালের ৪৭৭ নম্বরের মোকদ্দমার বাদী শ্রীমতী বরদা দাসী প্রতিবাদী কৈলাসচন্দ্র পাল এই মোকদ্দমার "প্লেন্ট রিসিট" হারাণ গিয়াছে, যদি কোন ব্যক্তি তাহা পাইয়া থাকেন, তবে শ্রীমতী বরদা দাসীকে অর্পণ করিবেন।

### বিজ্ঞাপন।

মোং হাওড়ার পেটী কোর্টের সন ১৮৬৩ সালের ২৯ নং মোকদ্দমার বাদী ভরত সরকার প্রতীবাদী চন্দ্রমোহন চৌধুরী উক্ত মোকদ্দমার পেলেণ্টীপ রসীদ খোয়া গিয়াছে যদি কাহার হস্তগত হইয়া থাকে তবে উক্ত কোর্টে দাখিল করিবেন ইতি।



XIV. If any such certificate be false, any such letter or other article contained in such certified parcel or book packet shall be charged with postage according to the rate specified in Section 5 or Section 6 of this Act as if sent separately, and the sender shall be subject to the penalty hereinafter provided. Parcels exceeding forty tolahs and not exceeding six hundred tolahs in weight, shall be transmitted along any such line as banghy parcels; but it shall be in the discretion of the Post-Master, or Deputy Post-Master to whom such parcels are brought for despatch, to forward them at such times and in such manner as may be convenient.

[Ship postage on parcels.]

XV. On all parcels chargeable under Section 10 of this Act with banghy postage, according to distance when conveyed by land, ship postage shall be charged when they are conveyed by means of Her Majesty's Indian post by sea, according to the following scale, that is to say—

On every parcel not exceeding twenty tolahs,—two annas.

On every parcel exceeding twenty tolahs, but not exceeding forty tolahs,—four annas.

On every parcel exceeding forty tolahs, but not exceeding one hundred tolahs in weight,—eight annas.

And for every hundred tolahs in weight above one hundred tolahs,—eight additional annas. Every fraction of one hundred tolahs above one hundred tolahs, shall be charged as one hundred additional tolahs; and if such parcel be conveyed by Her Majesty's Indian post, partly by banghy and partly by sea, ship postage shall be charged in addition to inland banghy postage.

[Books, phamphlets, &c.]

XVI. Subject to such rules and conditions as the Governor General of India in Council may from time to time direct, books, packets of newspapers and of printed or engraved or manuscript papers other than newspapers, provided the postage thereon be prepaid by means of a proper stamp or stamps to be affixed thereon, as hereinafter provided, shall, if sent by the banghy post, be charged with the following rates of postage, without refer-

[*Government Gazette*, 14*th November* 1865]

অথবা ১৫ ধারার নির্দ্দিষ্ট মতে বাঙ্গির মাসুল বসান যাইবে ইতি।

[প্রতিজ্ঞা লিপির কথা, ও ৪০ তোলার অধিক ওজনের পুলিন্দা পোষ্টমাষ্টরের বিবেচনামতে পাঠাইবার কথা।]

১৪ ধারা। যদি তদ্রূপ কোন প্রতিজ্ঞার লিপি অসত্য হয়, তবে সেই প্রতিজ্ঞাযুক্ত পুলিন্দায় কি পুস্তকের পুলিন্দায় উক্ত প্রকারের যে পত্র কি অন্য দ্রব্য থাকে, তাহা পৃথক পাঠান গেলে যেরূপ হইত সেইরূপে এই আইনের ৫ কি ৬ ধারার নির্দ্দিষ্ট হারানুসারে তাহার উপর মাসুল বসান যাইবে, ও এই আইনের পশ্চাৎ লিখিত বিধানমতে পুলিন্দা প্রেরকের দণ্ড হইবে। চল্লিশ তোলার অধিক, কিন্তু ছয় শত তোলার অনধিক ওজনের পুলিন্দ বাঙ্গির পুলিন্দার মত উক্ত প্রকারে কোন পথ দিয়া চালান হইবে, কিন্তু ঐ প্রকার পুলিন্দা চালান হইবার নিমিত্তে যে পোষ্টমাষ্টরের কি ডেপুটী পোষ্টমাষ্টরের নিকটে আনা যায়, তিনি যে সময়ে ও যে প্রকারে উচিত বোধ করেন সেই সময়ে ও সেই প্রকারে তাহা চালান করিতে পারিবেন ইতি।

[পুলিন্দার উপর জাহাজের মাসুলের কথা।]

১৫ ধারা। স্থলপথে চালান হইলে যে সকল পুলিন্দার উপর এই আইনের ১০ ধারামতে দূরত্বানুসারে বাঙ্গি ডাকের মাসুল লাগে, সেই সকল পুলিন্দা সমুদ্রপথে শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় ডাকদ্বারা চালান হইলে তাহার উপর পশ্চাৎ লিখিত হারে জাহাজীর মাসুল বসান যাইবে, অর্থাৎ—

বিংশতি তোলার অনধিক ওজনের প্রত্যেক পুলিন্দার উপর, দুই আনা।

বিংশতি তোলার অধিক, কিন্তু চল্লিশ তোলার অনধিক ওজনের প্রত্যেক পুলিন্দার উপর, চারি আনা।

চল্লিশ তোলার অধিক, কিন্তু একশত তোলার অনধিক ওজনের প্রত্যেক পুলিন্দার উপর, আট আনা।

এবং একশত তোলার অধিক ওজনের একশত তোলার উপর অধিক আট২ আনা মাসুল লাগিবে। এবং এক শত তোলার ঊর্দ্ধ এক২ শত তোলার কোন অংশের উপর অতিরিক্ত এক শত তোলার তুল্য মাসুল বসান যাইবে। এবং যদি ঐ প্রকার পুলিন্দা শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় ডাকদ্বারা অংশতঃ বাঙ্গিতে ও অংশতঃ সমুদ্রপথে চালান হয়, তবে দেশীয় বাঙ্গির ডাকমাসুল এবং জাহাজীর ডাকমাসুল উভয়ই বসান যাইবে ইতি।

[পুস্তক ও পামফ্লেট প্রভৃতির কথা।]

১৬ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ যে২ বিধি ও নিয়ম প্রকাশ করেন, তদধীনে পুস্তক ও সংবাদপত্রের পুলিন্দা এবং সংবাদপত্র ভিন্ন অন্য মুদ্রিত কাগজ কি খোদিত কাষ্ঠাদিহইতে ছাপা কি হস্তলিখিত কাগজ যদি বাঙ্গির ডাকে পাঠান যায়, তবে যে স্থানে পঁহুছাইতে হইবে তাহার দূরত্ব বিবেচনা না করিয়া ইহার পশ্চাৎ নির্দ্দিষ্ট হারে তাহার উপর মাসুল বসান যাইবে, কিন্তু তন্নিমিত্তে আবশ্যক যে পশ্চাৎ লিখিত বিধানানুযায়ি

ence to the distance to which they may be carried :—

If not exceeding twenty tolahs in weight, one anna.

If exceeding twenty tolahs, but not exceeding forty tolahs in weight,—two annas.

And for every twenty tolahs in weight above forty tolahs, there shall be charged and taken one additional anna ; and every fraction of twenty tolahs above forty tolahs, shall be charged as twenty additional tolahs.

If the postage chargeable on any such book, or other article, be not prepaid as aforesaid, it shall be subject to the rate of postage prescribed for banghy parcels in Section 10 of this Act.

[Governor General in Council may direct pre-payment of postage in all cases.]

XVII. It shall be lawful for the Governor General of India in Council at any time to direct that all or any letters or other articles shall not be forwarded by post unless the postage thereof shall be fully prepaid by means of a proper stamp or stamps ; or that on all or any letters, or other articles on which the postage shall not be fully prepaid by a stamp or stamps, or otherwise as the said Governor General in Council shall direct, there shall be charged such higher rates of postage as from time to time may be deemed expedient, not exceeding double the rates of postage hereinbefore specified.

[Governor General of India in Council may alter the rates of postage.]

XVIII. It shall be lawful for the Governor General of India in Council from time to time to authorize the levy of postage at rates different from those prescribed in this Act, provided that no increase be made in any particular of the rates prescribed in Sections 5 and 6 of this Act.

[Governor General may fix rates of steam postage.]

XIX. It shall be lawful for the Governor General of India in Council from time to time to direct that postage duties, different from the rates authorized by this Act, shall be chargeable on letters, or other articles to be specified in such order, sent through the post from or to any part of Great Britain, or any British Colony, or any Foreign Country to or from any places in British India. The postage charged on any letter, or other article specified in any order of Council

উপযুক্ত এক কি অনেক ইষ্টাম্প বসাইয়া সেই মাসুল অগ্রে দেওয়া যায়। মাসুলের হার এইং—

বিংশতি তোলার অনধিক ওজনের হইলে, এক আনা।

বিংশতি তোলার অধিক, কিন্তু চল্লিশ তোলার অনধিক ওজনের হইলে, দুই আনা।

চল্লিশ তোলার অধিক ওজনের প্রত্যেক বিংশতি তোলার উপর অতিরিক্ত একং আনা লওয়া যাইবে। এবং চল্লিশ তোলার অধিক বিংশতি তোলার কোন অংশ হইলে অতিরিক্ত বিংশতি তোলার তুল্য মাসুল বসান যাইবে।

এমত কোন পুস্তকের কি অন্য দ্রব্যের উপর যে মাসুল দিতে হয় তাহা যদি পূর্ব্বোক্তমতে অগ্রে না দেওয়া যায়, তবে এই আইনের ১০ ধারাতে বাঙ্গির পুলিন্দার মাসুলের যে হার নির্দ্দিষ্ট হইয়াছে সেই হারানুসারে মাসুল লাগিবে ইতি।

[মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সর্ব্ব স্থলে অগ্রিম মাসুল দিবার আজ্ঞা করিতে পারেন ইহার কথা।]

১৭ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কোন সময়ে এমত আজ্ঞা করিতে পারিবেন যে যাবতীয় কি বিশেষ কোনং পত্র কিম্বা অন্য দ্রব্যাদির সম্পূর্ণ অগ্রিম মাসুল উপযুক্ত এক কি অনেক ইষ্টাম্প বসাইয়া না দেওয়া গেলে ঐ পত্রাদি ডাকযোগে চালান না যায়, অথবা যাবতীয় কি বিশেষ কোনং পত্রের কি অন্য দ্রব্যাদির উপর এক কি অনেক ইষ্টাম্পের দ্বারা কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অন্য যে কোন প্রকারে আজ্ঞা করেন সেই প্রকারে সম্পূর্ণ অগ্রিম মাসুল না দেওয়া গেলে উচ্চতর যে হারের মাসুল সময়েং বিহিত বোধ হয় তাহা লওয়া যায়। কিন্তু মাসুলের যে হার এই আইনের পূর্ব্বে নির্দ্দিষ্ট হইয়াছে তাহার দ্বিগুণের অধিক লইতে হইবে না ইতি।

[মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব মাসুলের হার পরিবর্ত্তন করিতে পারেন ইহার কথা।]

১৮ ধারা। এই আইনে মাসুলের যে হার নির্দ্দিষ্ট হইয়াছে তৎপরিবর্ত্তে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং অন্য হারে মাসুল লইবার আজ্ঞা করিতে পারিবেন। পরন্তু এই আইনের ৫ ও ৬ ধারাতে যে হার নির্দ্দিষ্ট হইয়াছে, কোন বিষয়ে সেই হারের কোন বৃদ্ধি করিতে হইবে না ইতি।

[শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব বাষ্পীয় জাহাজের ডাকের মাসুল অবধারণ করিতে পারিবেন ইহার কথা।]

১৯ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ভারতবর্ষের গবর্ণর জেনরল সাহেবের এই ক্ষমতা থাকিবে যে গ্রেটব্রিটনের কি ব্রিটনীয় কোন উপনিবেশের কি পরকীয় কোন দেশের কোন অংশহইতে কি কোন অংশে ব্রিটনীয় ভারতবর্ষের কোন স্থানে কি কোন স্থানহইতে ডাকযোগে পত্র ইত্যাদি পাঠাইতে হইলে তিনি সময়েং এমত আজ্ঞা করিতে পারিবেন যে সেই পত্রের উপর কি উক্ত আজ্ঞাদ্বারা নিরূপণীয় অন্যান্য দ্রব্যের উপর এই আইনের নির্দ্দিষ্ট হার ভিন্ন অন্য হারে ডাকের মাসুল বসান যাইবে। এই ধারামতে মন্ত্রিসভার সাহায্যে

made under this Section, whether under the name of steam postage or any other denomination, shall, after the rates of such postage have been published in the Official *Gazette* of any Presidency, be recovered in the same manner as postage under this Act.

[May fix rates of postage for articles sent wholly or partly by sea.]

XX. It shall be lawful for the Governor General of India in Council to fix, from time to time, rates of postage to be levied on all letters or other articles transmitted by post, by sea or or partly by sea and partly by land from one port or place in India to another: it shall not be necessary that such rates be uniform; but they may vary according to the conveyance or route by which such letters or other articles shall be sent.

[Registered letters.]

XXI. Any person posting a letter or other article shall be entitled to require that it shall be registered at the Receiving Post Office, and that a receipt shall be granted for such registered letter or article; and it shall be lawful for the Governor General of India in Council to direct that, in addition to any rates of postage payable under this Act, a fee not exceeding four annas shall be charged on any letter or other article which the sender thereof shall require to be so registered, and such registration fee shall be paid on the letter or other article being delivered at the Post Office.

XXII. It shall be lawful for the Governor General of India in Council from time to time by order to declare in what cases registration shall be compulsory, and to direct that a double registration fee shall be levied on the delivery of any letter or other article which ought, under the order of the Governor General in Council to have been registered at the time of posting, on which the registration fee shall not have been prepaid.

[Expresses.]

XXIII. It shall be lawful for the Governor General of India in Council from time to time to fix and order any rate of postage to be charged for the conveyance of letters or other articles by express, in addition to or instead of any other rates of postage chargeable on such letters and articles under this Act.

[Re-directed letters.]

XXIV. On every letter or other article which shall be re-directed at any Post Office, or forward-

কোন আজ্ঞা করিলে সেই আজ্ঞাতে নির্দ্দিষ্ট পত্রের কি অন্য দ্রব্যের উপর যে ডাকের মাসুল বসান যাইবে, তাহা বাষ্পীয় জাহাজের ডাকমাসুল নামে কি অন্য কোন নামে বিখ্যাত হউক, সেই মাসুলের হার প্রেসিডেন্সীর রাজকীয় গেজেটে প্রকাশিত হইলে পর এই আইনমতের ডাক মাসুলের ন্যায় তাহাও আদায় হইতে পারিবে ইতি।

[যে২ দ্রব্য সম্পূর্ণরূপে কি অংশতঃ সমুদ্রপথে পাঠান যায়, তিনি তাহার উপর ডাকের মাসুল অবধারণ করিতে পারিবেন ইহার কথা।]

২০ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই ক্ষমতা থাকিবে যে সমুদ্রপথে কিম্বা অংশতঃ সমুদ্রপথে ও অংশতঃ স্থলপথে যে সকল পত্র কি অন্য দ্রব্য ডাকযোগে ভারতবর্ষের এক বন্দর কি স্থানহইতে অন্য বন্দরে কি স্থানে প্রেরণ করা যায়, সেই সকল পত্রের কি অন্যান্য দ্রব্যের উপর গ্রহণীয় ডাক মাসুলের হার তিনি সময়ে২ অবধারণ করেন। উক্ত সকল হার যে একরূপ হয় ইহা আবশ্যক নয়, বরং উক্ত পত্র কি অন্যান্য দ্রব্য যে যানে কি পথে প্রেরিত হয়, তদনুসারে ডাকমাসুলের ভিন্ন২ হার হইতে পারিবে ইতি।

[রেজিষ্টরী পত্রের কথা।]

২১ ধারা। যে কোন ব্যক্তি কোন পত্র কি অন্য দ্রব্য ডাকঘরে দেয় সেই ব্যক্তি এমত প্রার্থনা করিতে পারে যে পত্র গ্রহণের ডাকঘরে ঐ পত্রাদি রেজিষ্টরী করা যায়, এবং ঐ রেজিষ্টরী করা পত্রের কি দ্রব্যের রসীদ দেওয়া যায়। এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব আজ্ঞা করিতে পারিবেন যে, কোন পত্র কি অন্য দ্রব্য প্রেরক ব্যক্তি রেজিষ্টরী করণের প্রার্থনা করিলে এই আইন অনুসারে তাহার যে মাসুল লাগে তদতিরিক্ত তাহার স্থানে চারি আনার অধিক না হয়, এমত ফী লওয়া যায়। এবং ঐ পত্র কি অন্য দ্রব্য ডাকঘরে দেওন সময়ে ঐ রেজিষ্টরী করণের ফী দিতে হইবে ইতি।

২২ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই ক্ষমতা থাকিবে যে তিনি সময়ে২ আজ্ঞা দ্বারা যে২ স্থলে পত্রাদি রেজিষ্টরী করা নিতান্ত আবশ্যক তাহা প্রকাশ করিতে পারিবেন, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এমত আজ্ঞামতে যে কোন পত্র কি অন্য দ্রব্য ডাকঘরে দিবার সময়ে রেজিষ্টরী করা উচিত ছিল তাহার রেজিষ্টরী জন্য ফী অগ্রে দত্ত না হইলে সেই পত্র কি অন্য দ্রব্য বিলি করণ সময়ে তাহার উপর রেজিষ্টরী জন্যে দ্বিগুণ ফী আদায় করিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

[কাসিদের কথা।]

২৩ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই ক্ষমতা থাকিবে যে দূতের দ্বারা পত্র কি অন্য দ্রব্য পাঠাইতে হইলে সেই পত্রের কি দ্রব্যের উপর এই আইন অনুসারে অন্য যে হারের মাসুল লাগে তদতিরেকে কি তৎপরিবর্ত্তে বিশেষ হারের মাসুল বসান যায়, তিনি সময়ে২ এমত আজ্ঞা করিয়া সেই হার নিরূপণ করিতে পারিবেন ইতি।

[যে পত্রের উপর অন্য ঠিকানা লেখা যায় তাহার কথা।]

২৪ ধারা। কোন ডাকঘরে কোন পত্রের কি অন্য দ্রব্যের উপর যদি অন্য নূতন ঠিকানা লিখিতে হয়,

ed by post from any place to which it shall have been conveyed by post, there shall be charged for the postage thereof from the place at which the same shall be re-directed, in addition to all other postage paid or due thereon, the rate of postage to which it would be liable if posted and prepaid by stamp at the place where it shall be re-directed.

[Letters and other articles once put into the Post Office cannot be re-called.]

XXV. No person having delivered into any Post Office any letter or other article, shall be entitled to re-call the same; but nothing in this Section shall prevent the re-delivery of any such letter or other article to the sender thereof, subject to such Rules and Regulations, if any, as the Governor General of India in Council may from time to time provide in that behalf.

[Postage on unpaid letters, &c., to be paid by the receiver.]

XXVI. The person to whom any letter or other article, the postage of which has not been paid, shall be delivered, shall not be bound to pay the postage if he forthwith return the same unopened; but if he open the same, he shall be bound to pay the postage due thereon. If he forthwith return the same unopened, the sender of the letter or other article shall be bound to pay the postage thereof. If any person shall refuse to pay any postage which he is legally bound to pay for any letter or other article, the same may be recovered for the use of the Secretary of State for India by any Post-Master General, or by any Officer in charge of a Post Office by order of a Post-Master General, in the same manner as a fine may be recovered under this Act; and it shall be lawful for the Officer in charge of any Post Office to withhold from the person so refusing, until such postage be paid, any other letter or other article addressed to that person, not being superscribed as on Her Majesty's Service. Provided always, that if a letter or other article shall appear to the satisfaction of the Post-Master of the Office of Delivery to have been maliciously sent for the purpose of annoying the person to whom it is addressed, the Post-Master of the Delivery Office may remit the postage.

[Unclaimed letters, &c.]

XXVII. *Clause* 1.—A list of all letters and other articles posted and addressed to persons who cannot be found shall be prepared daily in every

কিম্বা উক্ত পত্রকি দ্রব্য ডাকযোগে যে স্থানে চালান হইয়াছিল তথাহইতে যদি ডাকযোগে স্থানান্তরে পাঠাইতে হয়, তবে এমত পত্রাদির উপর যে সকল ডাকমাসুল দেওয়া গিয়াছে কি পাওনা হয় তদতিরিক্ত ঐ যে স্থানে নূতন ঠিকানা লেখা গেল সেই স্থানের ডাকঘরে দিয়া ও ইষ্টাম্পের দ্বারা অগ্রিম মাসুল দেওয়া গেলে যে হারের মাসুল লাগিত, সেই হারের ডাকমাসুল ঐ নূতন ঠিকানা লিখিবার স্থানহইতে পত্রাদি পাঠাইবার উপযুক্ত ডাকমাসুল বলিয়া ধার্য্য হইবে ইতি।

[পত্র কি অন্য দ্রব্য কোন ডাকঘরে দেওয়া গেলে তাহা ফিরিয়া লইতে না পারিবার কথা।]

২৫ ধারা। কোন ব্যক্তি কোন পত্র কি অন্য দ্রব্য ডাকঘরে দিলে পর তাহা ফিরিয়া লইতে পারিবে না। পরন্তু তদ্রূপ কোন পত্র কি অন্য দ্রব্য যে ব্যক্তি পাঠাইয়াছিল, তাহাকে তাহা ফিরিয়া দিবার বিষয়ে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ যে বিধি কি নিয়ম করেন, সেই বিধি কি নিয়মমতে তাহা ফিরিয়া দিবার বিষয়ে এই ধারার কোন কথা বাধাজনক হইবে না ইতি।

[পত্রাদির অগ্রিম মাসুল দেওয়া না গেলে তাহা গ্রাহকের দিতে হইবার কথা।]

২৬ ধারা। যে কোন পত্রের কি অন্য দ্রব্যের মাসুল দেওয়া যায় নাই তাহা যে ব্যক্তির নিকটে পঁহুছান যায় সে যদি তাহা না খুলিয়া তৎক্ষণাৎ ফিরিয়া দেয়, তবে সেই মাসুল তাহার দিতে হইবে না। কিন্তু যদি তাহা খোলে, তবে তাহার যে মাসুল দেনা হয় তাহা তাহার দিতেই হইবে। যদি সেই ব্যক্তি ঐ পত্র কি অন্য দ্রব্য না খুলিয়া তৎক্ষণাৎ ফিরিয়া দেয়, তবে যে ব্যক্তি তাহা পাঠাইযাছিল সেই ব্যক্তিরই তাহার মাসুল দিতে হইবে। কোন পত্রের কি অন্য দ্রব্যের যে মাসুল আইনমতে কোন ব্যক্তির অবশ্য দিতে হয় তাহা যদি সে দিতে অস্বীকার করে, তবে এই আইনানুসারে যে প্রকারে অর্থদণ্ড আদায় হইতে পারে সেই প্রকারে কোন পোষ্টমাষ্টর জেনরল সাহেব কিম্বা পোষ্টমাষ্টর জেনরল সাহেবের আজ্ঞামতে ডাকঘরের কার্য্যের ভারপ্রাপ্ত কোন কার্য্যকারক ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেবের ব্যবহারের নিমিত্তে ঐ মাসুল আদায় করিতে পারিবেন। এবং ডাকঘরের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারকের এই ক্ষমতা থাকিবে যে ঐ মাসুল বাবৎ না দেওয়া যায় তাবৎ যে ব্যক্তি তাহা দিতে স্বীকার না করে, তাহার নামে অন্য যে কোন পত্র কি অন্য দ্রব্য আইসে তাহা তাহাকে না দেন, কিন্তু "রাজকার্য্য সম্পর্কীয়" এই কথা যে পত্রাদির উপর লেখা থাকে তাহা আটক করিবেন না। পরন্তু কোন পত্র কি অন্য দ্রব্য যে ডাকঘর হইতে বিলি হয় যদি ঐ ঘরের পোষ্ট মাষ্টরের হৃদ্বোধমতে দৃষ্ট হয় যে ঐ পত্রাদি যাহার নামে পাঠান গিয়াছে সেই ব্যক্তিকে বিরক্ত করিবার জন্যে তাহা দ্বেষভাবে পাঠান যায়, তবে সেই বিলি করিবার ডাকঘরের পোষ্টমাষ্টর সর্ব্বদা ঐ ডাকমাসুল ক্ষমা করিতে পারিবেন ইতি।

[দাওয়া না হওয়া পত্রাদির কথা।]

২৭ ধারা। ১ প্রকরণ।—যে সকল পত্র ও অন্য দ্রব্য ডাকে দেওয়া যায় কিন্তু শিরোনামায় লিখিত ব্যক্তিদের সন্ধান না পাওয়া যায় তাহার এক ফর্দ

Post Office, and exposed for not less than two weeks in the most conspicuous part of such Office; and all such letters and other articles which shall have remained three weeks unclaimed in any Office, shall, if the sender's name and address are written on the cover, be returned to the posting office to be delivered to the sender free of all charge: all letters and other articles, of which the sender's name and address cannot be ascertained, unless they be opened shall, after remaining unclaimed for three weeks as above, be forwarded to the Office of the Post-Master General of the Presidency.

[To be opened, &c.]

*Clause* 2.—The Post-Master General, or some person duly appointed for the purpose and bound to secrecy, shall immediately open all such letters or other articles, and if the address of the sender can be discovered, shall enclose them in Dead Letter covers and return them to the sender. All letters and other articles, of which neither the person addressed nor the sender can be found, shall, after they have remained unclaimed in the Office of the Post-Master General for one year, be destroyed.

[Money, &c., found therein.]

*Clause* 3.—All money found in any unclaimed letter, or other article, shall be paid into the Public Treasury; and all other valuable property found as above, shall be sold by the Post-Master General of the Presidency, or by some one duly authorized by him for that purpose; and the proceeds of the sale shall be paid into the Public Treasury for the benefit of any person who may have a right thereto, after deducting all sums due from such person for postage.

[Refused letters, &c.]

XXVIII. Every letter or other article rejected unopened by the person to whom it is addressed, shall, if any postage is due thereon and if the sender's name and address are written on the cover, be returned to the posting office, in order that the postage due may be recovered from the sender; in all other cases, or when the sender's name and address are not on the cover, such letter or other article shall be forthwith sent to the office of the Post-Master General of the Presidency, who shall open the letter or other article and take measures to recover the postage from the sender, or shall at his discretion destroy the letter or other



প্রত্যেক ডাকঘরে প্রতি দিন প্রস্তুত করা যাইবে, এবং ঐ ডাকঘরের অতি প্রকাশিত স্থানে অন্যূন দুই সপ্তাহ প্রকাশ থাকিবে। এবং তদ্রূপ যে সকল পত্র ও অন্য দ্রব্য কোন ডাকঘরে তিন সপ্তাহ পর্য্যন্ত দাওয়া না হইয়া ডাকঘরে থাকে, ও তাহার খামের উপর যদি প্রেরকের নাম ও ঠিকানা লেখা থাকে, তবে তাহাকে বিনা খরচে দেওয়া যাইবার নিমিত্তে ঐ পত্র যে ডাকঘরে দেওয়া গিয়াছিল সেই ডাকঘরে ফিরিয়া পাঠান যাইবে। যে সকল পত্র ও অন্য দ্রব্য না খুলিলে প্রেরকের নাম ও ঠিকানা নিশ্চয় করা যাইতে পারে না তাহা পূর্ব্বোক্তমতে দাওয়া না হইয়া তিন সপ্তাহ পর্য্যন্ত থাকিলে পর প্রেসিডেন্সীর পোষ্টমাষ্টর জেনরল সাহেবের কার্য্যালয়ে পাঠান যাইবে ইতি।

[খোলা যাইবার কথা প্রভৃতি।]

২ প্রকরণ। উক্ত পোষ্টমাষ্টর জেনরল সাহেব অথবা এই কর্ম্মের নিমিত্তে উচিতমতে নিযুক্ত ও পত্রের কথা গোপনে রাখিতে বদ্ধ কোন ব্যক্তি অগৌণে সেই প্রকারের সকল পত্র কি অন্য দ্রব্য খুলিবেন, তাহাতে যদি প্রেরকের ঠিকানা জানা যাইতে পারে, তবে তাহা ডেড লেটরের (অর্থাৎ অস্বামিক পত্রের) খামে দিয়া প্রেরকের নিকটে ফিরিয়া দিবেন। পত্র কি অন্য দ্রব্য যাহার নামে পাঠান যায় ও যে ব্যক্তি পাঠায় যদি এই দুয়ের মধ্যে কাহারও সন্ধান না পাওয়া যায়, তবে এমত সকল পত্র ও অন্য দ্রব্য এক বৎসর পর্য্যন্ত পোষ্টমাষ্টর জেনরল সাহেবের কার্য্যালয়ে দাওয়া না হইয়া থাকিলে পর নষ্ট করা যাইবে।

[তাহাতে টাকাপ্রভৃতি পাওয়া গেলে তাহার কথা।]

৩ প্রকরণ। দাওয়া না হওয়া কোন পত্রে কি অন্য দ্রব্যাদির মধ্যে যে সকল টাকা পাওয়া যায় তাহা রাজকীয় ধনাগারে অর্পণ করা যাইবে, এবং অন্য যে সকল মূল্যবান দ্রব্য উক্ত প্রকারে পাওয়া যায় তাহা প্রেসিডেন্সীর পোষ্টমাষ্টর জেনরল সাহেবের দ্বারা কিম্বা সেই অভিপ্রায়ে তাঁহাহইতে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির দ্বারা বিক্রয় করা যাইবে, এবং ঐ বিক্রয়োৎপন্ন টাকা রাজকীয় ধনাগারে অর্পণ করা যাইবে অর্থাৎ তাহাতে যে কোন ব্যক্তির স্বত্ব থাকিতে পারে তাহার স্থানে যত মাসুল পাওনা হয় তাহা বাদ দিয়া তাহার উপকারার্থে ঐ টাকা অর্পণ করা যাইবে ইতি।

[যে পত্রাদি না লওয়া যায় তাহার কথা।]

২৮ ধারা। কোন পত্রের কি অন্য দ্রব্যের শিরোনামায় যে ব্যক্তির নাম লেখা আছে সে যদি তাহা না খুলিয়া অগ্রাহ্য করে ও যদি তাহার উপর ডাকমাসুল পাওনা হয় ও তৎপ্রেরকের নাম ও ঠিকানা যদি ঐ পত্রাদির শিরোনামায় লেখা থাকে, তবে যে ডাকঘরে তাহা দেওয়া গিয়াছিল সেই ডাকঘরে তৎপ্রেরকের স্থানে ডাকমাসুল আদায় করণার্থে ঐ পত্রাদি ফিরিয়া দিতে হইবে। অন্য সকল স্থলে, কিম্বা যদি ঐ পত্রাদির শিরোনামায় তৎপ্রেরকের নাম ও ঠিকানা লেখা না থাকে, তবে তাহা প্রেসিডেন্সীর পোষ্টমাষ্টর জেনরল সাহেবের কার্য্যালয়ে অগৌণে পাঠান যাইবে। তিনি তাহা খুলিয়া প্রেরকের স্থানে মাসুল আদায় করিবার উপায় করিবেন, কিম্বা আপনার

article; and all money or other valuable property which such letter or other article may contain, shall be disposed of in the manner prescribed in the preceding Section, with respect to such money or property contained in unclaimed letters.

[Commanders of inward-bound vessels carrying Mails how to proceed. Penalty.]

XXIX. When any vessel arrives by sea at any place within British India at which there is a Post Office, the Commander of such vessel shall, as speedily as possible, cause every letter, mail bag, box and packet on board of such vessel which is directed to that place, and not excepted from the exclusive privilege of the Post Office, to be delivered either at the Post Office, or to some Officer of the Post Office authorized to receive the same; and if there be on board any letter, mail bag, box or packet directed to any other place, and not excepted from the exclusive privilege aforesaid, the said Commander shall, as speedily as possible, report the same to the Post-Master of the place at which he has arrived, and shall act according to the directions he may receive from such Post-Master, and the receipt of such Post-Master shall discharge such Commander from all responsibilty in respect of such letter or packet. Every Commander of a vessel, who shall wilfully disobey any of the directions, contained in this Section, shall be punished with a fine not exceeding one thousand Rupees.

[Detention of letters on board, prohibited.]

XXX. Every person, being either the Commander of a vessel inward-bound, or any one on board such vessel, who shall, within British India, knowingly have in his possession any letter not excepted from the privilege of the Post Office, after any part of the letters on board the said vessel shall have been sent to the Post Office, shall forfeit for every such letter a sum not exceeding fifty Rupees, whether the letter be in the baggage or on the person of the offender, or otherwise in his custody; and every such person who shall detain any such letter after demand made for the same by an Officer of the Post Office, shall forfeit for every such letter a sum not exceeding one hundred Rupees.

[Bounty Money.]

XXXI. For every letter delivered by the Commander of any ship, in conformity with the directions of Section 29 of this Act, the Officer in charge of the Post Office shall pay to the said Commander the sum of one anna; and the sum of one anna shall be chargeable as postage on such letter, in addition to any other postage

বিবেচনামতে ঐ পত্র কি অন্য দ্রব্য নষ্ট করিবেন। এবং ইহার পূর্ব্ব ধারামতে দাওয়া না হওয়া পত্রের মধ্যে যে টাকা কি মূল্যবান দ্রব্য থাকে তাহা লইয়া যেরূপ করিবার আজ্ঞা হইয়াছে, উক্ত পত্রের কি অন্য দ্রব্যাদির মধ্যে প্রাপ্ত সকল টাকা কি মূল্যবান অন্য দ্রব্য লইয়া সেইরূপ কার্য্য করা যাইবে ইতি।

[মেইলের যেং জাহাজ বন্দরে আসিতেছে তাহার অধ্যক্ষদের যে প্রকারে কার্য্য করিতে হইবে তাহার কথা। ও দণ্ডের কথা।]

২৯ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে যে স্থানে ডাকঘর আছে এমত কোন স্থানে যখন কোন জাহাজ সমুদ্র পথে পঁহুছে, তখন কেবল ডাকদারা পত্র প্রেরণের বিধানমতে বর্জ্জিত নহে ঐ জাহাজে স্থিত এমত যে প্রত্যেক পত্রের ও পত্রাদির থলির ও বাক্সের ও পুলিন্দার শিরোনামায় ঐ স্থানের ঠিকানা লেখা আছে তাহা ঐ জাহাজের অধ্যক্ষ যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র, হয় ঐ স্থানের ডাকঘরে দেওয়াইবেন, নয় ঐ ডাকঘরের যে কোন কার্য্যকারক তাহা লইবার ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহাকে দেওয়াইবেন। এবং পূর্ব্বোক্ত বিশেষ বিধানমতে বর্জ্জিত নহে এমত যে কোন পত্র কি পত্রের থলি কি বাক্স কি পুলিন্দার শিরোনামায় অন্য কোন স্থানের ঠিকানা লেখা আছে তাহা যদি সেই জাহাজে থাকে, তবে উক্ত জাহাজের অধ্যক্ষ যে স্থানে পঁহুছিয়াছেন সেই স্থানের পোষ্টমাষ্টরের নিকটে যত শীঘ্র পারেন তত শীঘ্র রিপোর্ট করিবেন, এবং ঐ পোষ্টমাষ্টরের স্থানে যে আজ্ঞা পান তদনুসারে কার্য্য করিবেন, এবং ঐ পোষ্টমাষ্টরের রসীদ পাইলে ঐ জাহাজের অধ্যক্ষ ঐ পত্রের কি পুলিন্দার সকল দায়হইতে মুক্ত হইবেন। যদি কোন জাহাজের অধ্যক্ষ এই ধারার লিখিত কোন আজ্ঞা জানিয়া শুনিয়া অমান্য করেন, তবে তাঁহার এক সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

[জাহাজে পত্র আটক করিয়া রাখণের নিষেধের কথা।]

৩০ ধারা। বন্দরে যে জাহাজ আইসে সেই জাহাজস্থ পত্র সকলের কোন ভাগ ডাকঘরে পাঠান গেলে পর, কেবল ডাকদার পত্র প্রেরণের বিধানমতে বর্জ্জিত নহে এমত কোন পত্র ঐ জাহাজের অধ্যক্ষ হউন কিম্বা জাহাজস্থ অন্য কেহ হউন, যে প্রত্যেক ব্যক্তি জানিয়া শুনিয়া উক্ত ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে আপন অধিকারে রাখেন, সেই পত্র অপরাধির দ্রব্যাদির মধ্যে হউক কি তাহার গাত্রে কিম্বা অন্য কোন প্রকারে তাহার রক্ষণে থাকুক, এমত প্রত্যেক পত্রের নিমিত্তে অপরাধির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে। এবং ডাকঘরের কার্য্যকারক এমত কোন পত্রের দাওয়া করিলে পর, তদ্রূপ যে প্রত্যেক ব্যক্তি তাহা আটক করিয়া রাখে তাহার সেই প্রত্যেক পত্রের নিমিত্তে এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

[পুরস্কারের কথা।]

৩১ ধারা। কোন জাহাজের অধ্যক্ষ এই আইনের ২৯ ধারার আজ্ঞামতে যেং পত্র পঁহুছাইয়া দেন তাহার প্রত্যেক পত্রের নিমিত্তে ডাকঘরের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক ঐ অধ্যক্ষকে এক আনা দিবেন। এবং ঐ পত্রের উপর এই আইন অনুসারে অন্য যে কোন মাসুল বসান যাইতে পারে তদতিরিক্ত মাসুল বলিয়া আর এক আনা বসান যাইবে।

chargeable thereon under this Act. Provided that no payment shall be made to the Commander of any vessel on account of the delivery of any letter, unless the claim of such Commander shall be preferred before the vessel leaves the place at which the letter was delivered, or before the expiration of two months from the date of the arrival of such vessel. Provided also, that nothing contained in Section 29 and the former part of this Section of this Act, shall extend to any letter or mail bag, or box or packet, conveyed by any* mail ship or mail steamer recognized as such by the Governor General of India in Council.

[Commanders of outward bound vessels to receive mails on board.]

XXXII. The Commander of every vessel leaving any place in British India by sea, shall receive on board of such vessel every letter and packet which he shall be required so to receive by any Officer of the Post Office, and shall give a receipt for such letter or packet; and every Commander of a vessel who shall wilfully disobey any direction contained in this Section, shall be punished with a fine not exceeding one thousand Rupees.

[No dangerous substance to be sent by post.]

XXXIII. No person shall knowingly post, or send, or tender or deliver in order to be sent by the post, any letter, parcel or packet containing any explosive or other dangerous material or substance; and any person contravening this prohibition shall be punished for every such offence, with a fine not exceeding two hundred Rupees.

[Postage Stamps.]

XXXIV. All letters and other articles having a stamp or stamps affixed thereto (such stamp or stamps in every case being affixed on the outside and being equal in value to the rate or rates of postage to which such letters or other articles are liable under this Act), shall, provided the stamp or stamps shall not have been used before, be considered as prepaid.

[How to be provided.]

XXXV. The Governor-General of India in Council shall cause postage stamps to be provided, denoting such values as the said Governor-General of India in Council may direct, and shall give such orders, and make such other regulations relative thereto, as may be deemed expedient.

পরন্তু কোন পত্র যে স্থানে পঁহুছাইয়া দেওয়া যায় সেই স্থানহইতে জাহাজ যাত্রা না করিতে কিম্বা ঐ জাহাজ পঁহুছিবার তারিখের পর দুই মাস অতীত না হইতে যদি ঐ জাহাজের অধ্যক্ষ দাওয়া না করেন, তবে ঐ পত্র পঁহুছাইয়া দিবার নিমিত্তে ঐ জাহাজের অধ্যক্ষকে কোন পুরস্কার দেওয়া যাইবে না। আরো মন্ত্রিসভাধিষ্টিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব কর্তৃক মেইলের জাহাজ কি মেইলের বাষ্পীয় জাহাজ স্বরূপে স্বীকৃত কোন পোতে যে কোন পত্র কি পত্রের থলি কি বাক্স কি পুলিন্দা চালান যায় তাহার প্রতি এই আইনের ২৯ ধারার কোন কথা ও এই ধারার পূর্ব্বভাগের কোন কথা বর্ত্তিবে না ইতি।

[যেং জাহাজ বন্দর ছাড়িয়া যাইতেছে তাহার অধ্যক্ষ ডাকের পত্রাদির পুলিন্দা লইবেন ইহার কথা।]

৩২ ধারা। যে কোন জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থান ছাড়িয়া সমুদ্র পথে যাত্রা করিতে উদ্যত হয় সেই জাহাজের অধ্যক্ষকে ডাকঘরের কোন কার্য্যকারক যেং পত্র ও পুলিন্দা লইয়া যাইতে আজ্ঞা করেন এমত প্রত্যেক পত্র ও পুলিন্দা তিনি জাহাজে লইবেন ও সেই পত্রের ও পুলিন্দার রসীদ দিবেন। এবং যে প্রত্যেক জাহাজের অধ্যক্ষ এই ধারার লিখিত কোন আজ্ঞা জানিয়া শুনিয়া অমান্য করেন তাঁহার এক সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

[কোন সঙ্কটজনক দ্রব্য ডাকে না পাঠাইবার কথা।]

৩৩ ধারা। যে দ্রব্য শব্দ করিয়া জ্বলিয়া উঠে এমত কোন দ্রব্য কিম্বা অন্য কোন সঙ্কটজনক দ্রব্য কি বিষয় যে পত্র কি পুলিন্দার মধ্যে থাকে এমত কোন পত্র কি পুলিন্দা কোন ব্যক্তি জানিয়া শুনিয়া ডাকে দিবে না কি পাঠাইবে না কি দিতে উদ্যত হইবে না কি ডাকযোগে পাঠাইবার জন্যে অর্পণ করিবে না। এবং যে কোন ব্যক্তি এই নিষেধের বিপরীত কর্ম্ম করে তাহার তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে দুই শত টাকার অনধিক অর্থ দণ্ড হইবে ইতি।

[ডাক মাসুলের ইষ্টাম্পের কথা।]

৩৪ ধারা। যে সকল পত্রেতে কি অন্য দ্রব্যেতে এক কি অনেক ইষ্টাম্প বসান যায় যদি সেই এক কি অনেক ইষ্টাম্প পূর্ব্বে ব্যবহার না হইয়া থাকে, তবে সেই পত্র প্রভৃতির অগ্রিম মাসুল দেওয়া হইয়াছে এমত জ্ঞান হইবে। কিন্তু ঐ এক বা অনেক ইষ্টাম্প সর্ব্বদা পত্রাদির উপর বসান যাইবে। এবং এই আইন অনুসারে ঐ পত্রের কি অন্য দ্রব্যের যে হারে মাসুল লাগিতে পারে ঐ ইষ্টাম্প তত্তুল্য মূল্যের হইবে ইতি।

[ইষ্টাম্প যে প্রকারে প্রস্তুত করা যাইবে তাহার কথা।]

৩৫ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ডাক মাসুলের ইষ্টাম্পের যেং মূল্য আজ্ঞা করেন সেইং মূল্য বোধক ইষ্টাম্প মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব প্রস্তুত করাইবেন। এবং তদ্বিষয়ে যে কোন আজ্ঞা এবং অন্য কোন বিধি বিহিত বোধ হয় তাহা করিবেন ইতি।

[Postage Stamps to be under management of any Officer to be appointed.]

XXXVI. Postage stamps, provided as aforesaid shall be under the care and management of such Officer or Officers as the Governor-General of India in Council shall from time to time direct: postage stamps shall be considered as stamps issued by Government for the purpose of Revenue, within the meaning of the Indian Penal Code; and all sums of money realized by the sale of such stamps, shall be carried in the public accounts to the credit of the Post Office.

[Venders of Postage Stamps to be appointed.]

XXXVII. The Governor General of India in Council may from time to time make rules for the appointment and government of vendors of postage stamps and thereby direct how and under what terms and condition postage stamps may be supplied to them for sale; and whether any and what security shall be given by such vendors, and whether any and what remuneration or discount shall be allowed to them; and how and in what manner, and at wh[illegible] time or times, such vendors shall keep and render their accounts, and pay over the proceeds of any sales made by them, or redeliver the stamps entrusted to them.

[Vendors to be bound by rules.]

XXXVIII. Government vendors of postage stamps shall be bound by such rules, and in case of any wilful breach thereof, shall be punished with a fine not exceeding two hundred Rupees, in addition to any other proceedings to which they may be liable.

[Penalty of vendor refusing to supply stamps.]

XXXIX. Any Government vendor of postage stamps who shall be convicted of refusing, or unnecessarily delaying without reasonable excuse to furnish postage stamps to any person desiring to purchase the same, and tendering in lawful currency the full value thereof (the stamp vendor having in his possession for sale sufficient stamps of the description and value required), shall be punished with a fine not exceeding one hundred Rupees.

[Penalty of vendor selling stamps for higher price than the value denoted thereby.]

XL. Any Government vendor of postage stamps convicted of taking from a purchaser a higher price than the value denoted on the stamps

[ডাকমাস্থলের ইষ্টাম্পের কার্য্য বিশেষমতে নিযুক্ত কার্য্যকারকের কর্তৃত্বাধীন থাকিবার কথা।]

৩৬ ধারা। ডাকমাস্থলের ইষ্টাম্প পূর্ব্বোক্ত প্রকারে প্রস্তুত হইলে পর সেই সকল ইষ্টাম্প মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং যে কার্য্যকারক কি কার্য্যকারকদিগকে আজ্ঞা করেন তাঁহার কি তাঁহাদের তত্ত্ব ও কর্তৃত্বাধীনে থাকিবে। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের অভিপ্রায় মতে রাজস্ব স্বরূপ যে ইষ্টাম্প গবর্ণমেন্টকর্ত্তৃক নির্দ্ধারিত হয় তন্মধ্যে ডাক মাস্থলের ইষ্টাম্প গণ্য হইবে। এবং ডাকমাস্থলের ইষ্টাম্প বিক্রয় করণদ্বারা যে সকল টাকা উৎপন্ন হয় তাহা রাজকীয় খাতা বহীতে ডাকঘরের হিসাবে জমা হইবে ইতি।

[ডাকমাস্থলের ইষ্টাম্প বিক্রেতাদের নিযুক্ত হইবার কথা।]

৩৭ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং ডাকমাস্থলের ইষ্টাম্প বিক্রেতাদিগকে নিযুক্ত করণ ও তাহাদের উপর কর্তৃত্ব করণার্থ বিধি করিতে পারিবেন, এবং তাহাদিগকে যে প্রকারে ও যে নিয়ম ও প্রতিজ্ঞামতে ডাকমাস্থলের ইষ্টাম্প বিক্রয়ার্থে দেওয়া যাইবে এবং ঐ বিক্রেতাদের কোন প্রতিভূ দিতে হইবে কি না ও কত টাকার প্রতিভূ দিতে হইবে এবং তাহাদিগকে পারিশ্রমিক কি ডিস্কৌণ্ট দেওয়া যাইবে কি না ও কত দেওয়া যাইবে, এবং ঐ বিক্রেতারা যেরূপে ও যে প্রকারে আপনাদের হিসাব রাখিবে এবং যে সময়ে কি যেং সময়ে তাহা দিবে এবং যে কোন ইষ্টাম্প বিক্রয় করিয়াছে তাহার উৎপন্ন টাকা অর্পণ করিবে কিম্বা যে ইষ্টাম্প তাহাদের নিকটে গচ্ছিত ছিল তাহা ফিরিয়া দিবে এই সকল বিষয়ের আজ্ঞা তিনি ঐ বিধিতে নির্দ্দিষ্ট করিবেন ইতি।

[বিধিমতে বিক্রেতাদের কার্য্য করিবার কথা।]

৩৮ ধারা। গবর্ণমেন্টের নিযুক্ত ডাকমাস্থলের ইষ্টাম্প বিক্রেতাদের উক্ত বিধিমতে অবশ্য কার্য্য করিতে হইবে। যদি জানিয়া শুনিয়া তাহা কোন প্রকারে লঙ্ঘন করে তবে তাহাদের নামে বিচার সম্পর্কীয় অন্য যে কোন কার্য্য হইতে পারে তদতিরিক্ত তাহাদের দুই শত টাকার অনধিক অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

[বিক্রেতা ইষ্টাম্প দিতে অস্বীকার করিলে তাহার দণ্ডের কথা।]

৩৯ ধারা। কোন ব্যক্তি ডাকমাস্থলের ইষ্টাম্প ক্রয় করিতে চাহিলে এবং তাহার সম্পূর্ণ মূল্য চলন মুদ্রাতে দিতে প্রস্তাব করিলে, এবং যে প্রকারের ও যে মূল্যের ইষ্টাম্প চাহে তাহা গবর্ণমেন্টের নিযুক্ত ইষ্টাম্প বিক্রেতার নিকটে প্রচুর থাকিলেও যদি সেই ইষ্টাম্প বিক্রেতা উপযুক্ত হেতু বিনা তাহা দিতে অস্বীকার করে কিম্বা যুক্তিযুক্ত কারণ বিনা অনাবশ্যক বিলম্ব করে, তবে তাহার দোষ সপ্রমাণ হইলে তাহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

[ইষ্টাম্পেতে যে মূল্য ব্যক্ত আছে তাহার অধিক মূল্যে বিক্রয় করিলে বিক্রেতার দণ্ডের কথা।]

৪০ ধারা। গবর্ণমেন্টের নিযুক্ত কোন ডাক মাস্থলের ইষ্টাম্প বিক্রেতা বিক্রীত ইষ্টাম্পের উপর যে মূল্য ব্যক্ত আছে ক্রেতার স্থানে তাহার অধিক গ্রহণ করিলে

sold, shall be punished on conviction with imprisonment of either description as defined in the Indian Penal Code, for any term not exceeding six months, or shall be liable to a fine not exceeding one hundred Rupees; and shall also be liable to refund to the purchaser the whole amount proved to have been taken in excess, which amount may be recovered by such purchaser before a Criminal Court, in the same manner as any penalty under this Act.

[Franking abolished. Letters on Her Majesty's Service, duly certified as such, how to be charged.]

XLI. Letters and other articles on Her Majesty's Service, certified to be such by the signature of any public Officer authorized in that behalf by the Governor General of India in Council, shall be forwarded by the post, and the postage due thereon shall be charged to or recovered from the several Public Departments to or from which such letters or packets are sent, in such manner as the said Governor General of India in Council shall from time to time direct.

[Penalty for false certificate.]

XLII. Every person who shall, for the purpose of defrauding the Post Office Revenue, wilfully certify by writing on any Official or other letter or packet delivered at any Post Office for conveyance by post, that which is not true in respect of such letter or packet, or in respect of the whole of its contents, or shall knowingly send or deliver, or attempt to send or deliver, for conveyance by post, any letter or packet with any such false certificate thereon; and every person who shall knowingly send, or permit to be sent by post, under colour or pretence of an official communication, any letter, paper, writing or other enclosure of a private nature; and every person who shall aid, abet, or conceal any of the offences in this Section abovementioned, shall, for every such offence, be punished with a fine not exceeding five hundred Rupees.

[Penalty for detaining Mails.]

XLIII. It shall not be lawful for any person, unless acting by express order of the Government to detain, except for a criminal offence, a Post Office messenger whilst carrying the mails, or to detain any carriage or horse upon which the mails are being carried, or on any pretence to open a packet or mail bag or box in transit from one Post Office to another, and every person who shall be guilty

যদি তাহার ঐ দোষ প্রমাণ হয়, তবে তাহার ছয় মাসের অনধিক কাল পর্য্যন্ত ভারতবর্ষের দণ্ডবিধির আইনে নির্দ্দিষ্ট অন্যতর প্রকারের কারাবন্ধন কিম্বা একশত টাকার অনধিক অর্থ দণ্ড হইতে পারিবে। এবং অধিক যত টাকা লইয়াছে প্রমাণ হয় তৎ সমুদয় ক্রেতাকে তাহার ফিরিয়া দিতে হইবে, এই আইন-অনুসারে কোন দণ্ডের টাকা যে প্রকারে আদায় হইতে পারে সেই প্রকারে ঐ ক্রেতা ফৌজদারী আদালতের সম্মুখে নালিশ করিয়া সেই টাকা আদায় করিতে পারিবে ইতি।

[বেমাসুলীপত্র প্রেরণ রহিত হওয়ার কথা। রাজকার্য্যসম্পর্কীয় এই নিদর্শন যে পত্রের উপর উপযুক্ত মতে থাকে তাহার মাসুল যে প্রকারে লওয়া যাইবে তাহার কথা।]

৪১ ধারা। "রাজ কার্য্যসম্পর্কীয়" এই নিদর্শন-লিখিবার ক্ষমতা মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব রাজকীয় যে কোন কার্য্য-কারককে প্রদান করেন, তাঁহার স্বাক্ষরদ্বারা প্রমাণীকৃত উক্ত নিদর্শন যে পত্রের কি অন্য দ্রব্যের উপরে থাকে, তাহা ডাকযোগে পাঠান যাইবে, এবং মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের উক্ত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ যে প্রকার আজ্ঞা করিবেন সেই প্রকারে রাজকীয় যে ডিপার্টমেণ্টে কি যে ডিপার্টমেন্ট-হইতে ঐ পত্র কি পুলিন্দা পাঠান যায় তাহার হিসাবে ঐ পত্রাদির উপর পাওনা মাসুল লেখা যাইবে কি তথায় আদায় হইবে ইতি।

[অসত্য নিদর্শনের দণ্ডের কথা।]

৪২ ধারা। যদি কোন ব্যক্তি ডাকঘর সম্পর্কীয় রাজস্ব চাতুরী পূর্ব্বক হরণ করণাভিপ্রায়ে, কোন রাজকীয় কি অন্য যে পত্র কি পুলিন্দা ডাক দ্বারা পাঠান যাইবার জন্যে কোন ডাকঘরে অর্পণ করা যায় তাহার বিষয়ে কিম্বা তাহার মধ্যবর্ত্তি সকল বিষয়ে যাহা সত্য নয় এমত কোন নিদর্শন তাহার উপর লেখে, অথবা যে কোন পত্রের কি পুলিন্দার উপর এমত কোন অসত্য নিদর্শন থাকে তাহা ডাকের দ্বারা চালাইবার জন্যে জানিয়া শুনিয়া পাঠায় কি অর্পণ করে কি পাঠাইতে কি অর্পণ করিতে উদ্যোগ করে, এবং যদি কোন ব্যক্তি স্বকীয় কর্ম্মের কোন পত্র কি কাগজ কি লিপি কি থামেবন্ধ অন্য দ্রব্য রাজকীয় পত্রের ছল কি ওজর করিয়া জানিয়া শুনিয়া ডাকযোগে পাঠায় কি পাঠাইতে অনুমতি দেয়, তবে সেই ব্যক্তির, এবং যদি কোন ব্যক্তি এই ধারার উপরোক্ত কোন অপরাধের সাহায্য কি সহায়তা করে কি তাহা গোপন করে, তবে তদ্রূপ প্রত্যেক ব্যক্তির তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

[ডাকের পুলিন্দা আটক করিয়া রাখণের দণ্ডের কথা।]

৪৩ ধারা। ডাকঘরের হরকরা যে সময়ে ডাকের পুলিন্দা লইয়া যাইতেছে সেই সময়ে তাহাকে ফৌজদারী অপরাধভিন্ন কোন হেতুতে আটক করিয়া রাখিতে, কিম্বা যে গাড়ির কি ঘোড়ার উপর ডাকের পুলিন্দা চালান হইতেছে তাহা আটক করিয়া রাখিতে, কিম্বা এক ডাকঘরহইতে অন্য ডাক ঘরে চলন সময়ে কোন ছলে কোন পুলিন্দা কি পত্রের থলি কি বাক্স খুলিতে, গবর্ণমেন্টের স্পষ্ট আজ্ঞাক্রমে কর্ম্মকারি ব্যক্তি ভিন্ন

of any of the above-mentioned offences, shall be punished with a fine not exceeding five hundred Rupees.

[Penalty for retaining letters, &c., delivered by mistake.]

XLIV. Every person who shall fraudulently retain, or wilfully secrete, or make away with, or keep or detain, or being required to deliver up by an Officer of the Post Office shall neglect or refuse to deliver up a post-letter or other article which ought to have been delivered to any other person, or a mail bag, box or packet containing a letter or other article which shall have been sent by the post, shall be punished, on conviction before a Criminal Court, with imprisonment of either description as defined in the Indian Penal Code, for a term not exceeding two years, and shall also be liable to a fine.

[Penalties for breach of privilege.]

XLV. *Clause* 1.—Every person who shall convey, otherwise than by the post, a letter not excepted from the said exclusive privilege shall, for every letter so conveyed, forfeit a sum not exceeding fifty Rupees.

*Clause* 2.—Every person who shall perform, otherwise than by the post, any services incidental to conveying letters from place to place, whether by receiving, taking up, ordering, collecting, carrying, tendering or delivering a letter or letters not excepted from the said exclusive privilege, shall forfeit for every such letter a sum not exceeding fifty Rupees.

*Clause* 3.—Every person who shall make a collection of letters for the purpose of transmitting them through the post in a "Clubed" packet, and every person who shall knowingly tender or deliver a letter to be sent in a Clubed packet, shall forfeit for every such letter a sum not exceeding fifty Rupees.

*Clause* 4.—Every person who shall send a letter not excepted from the said exclusive privilege, otherwise than by the post, or shall either tender or deliver a letter not so excepted, in order to be sent otherwise than by the post, shall forfeit for every such letter a sum not exceeding fifty Rupees.

*Clause* 5.—Every person who shall make a collection of excepted letters for the purpose of sending them otherwise than by the post, shall forfeit for every such letter a sum not exceeding fifty Rupees.

*Clause* 6.—Every person who shall carry, receive, tender or deliver a letter, or collect letters contrary to the provisions of Section 3 of this Act, shall forfeit for every such letter a sum not exceeding fifty Rupees.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১৪ নবেম্বর।]

কোন ব্যক্তির ক্ষমতা থাকিবে না। এবং যে কোন ব্যক্তি পূর্ব্বোক্ত কোন অপরাধে দোষী হয় তাহার পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

[ভুলক্রমে দেওয়া পত্রাদি আটক করিয়া রাখণের দণ্ডের কথা।]

৪৪ ধারা। ডাকের পত্র কি অন্য দ্রব্য যে ব্যক্তির নিকটে পঁহুছাইয়া দেওয়া কর্ত্তব্য সেই ব্যক্তি ভিন্ন যদি কেহ ঐ পত্রাদি, কিম্বা ডাকের পত্রের যে থলিতে কি বাক্সে কি পুলিন্দার মধ্যে ডাকের দ্বারা চালান পত্র কি অন্য দ্রব্য থাকে তাহা, চাতুরীক্রমে আপনার নিকটে রাখে কি জানিয়া শুনিয়া লুকায় কি হরণ করে কি কাছে রাখে কি আটক করে, কিম্বা ডাকঘরের কোন কার্য্যকারক তাহা দিতে আজ্ঞা করিলে দিতে ত্রুটি কি অস্বীকার করে, তবে সেই ব্যক্তির দোষ ফৌজদারী কোন আদালতের সম্মুখে প্রমাণ হইলে সে দুই বৎসরের অনধিক কাল পর্য্যন্ত ভারতবর্ষের দণ্ড বিধির আইনের নির্দ্দিষ্ট অন্যতর প্রকারে কয়েদ হইবে ও তাহার অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

[বিশেষ বিধান অমান্য করিবার দণ্ডের কথা।]

৪৫ ধারা। ১ প্রকরণ। কেবল ডাক দ্বারা পত্র প্রেরণের পূর্ব্বোক্ত যে বিধান হইয়াছে তাহাতে যে পত্র বর্জ্জিত নয়, এমত কোন পত্র যদি কেহ ডাকযোগে না পাঠাইয়া অন্য কোন উপায়ে পাঠায়, তবে তাহার সেই প্রকারে প্রেরিত প্রত্যেক পত্রের নিমিত্তে পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

২ প্রকরণ। যদি কোন ব্যক্তি ডাক ভিন্ন অন্য কোন উপায়ে এক স্থান হইতে অন্য স্থানে পত্র চালাইবার সম্পর্কীয় কোন কার্য্য করে অর্থাৎ কেবল ডাক দ্বারা পত্র প্রেরণের পূর্ব্বোক্ত বিধানে যেং পত্র বর্জ্জিত নহে এমত এক কি অনেক পত্র গ্রহণ করে কি লয় কি সাজাইয়া রাখে কি সংগ্রহ করে কি বহে কি দিবার আশয়ে দেখায় কি বিলি করে, তবে এমত প্রত্যেক পত্রের জন্যে সেই ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

৩ প্রকরণ। যদি কোন ব্যক্তি ডাকযোগে পাঠাইবার নিমিত্তে "ক্লবেড প্যাকেট" করণার্থে পত্র সংগ্রহ করে এবং যদি কোন ব্যক্তি জানিয়া শুনিয়া সেই পুলিন্দায় প্রেরণার্থে পত্র দিতে উদ্যত হয় কি দেয়, তবে তদ্রূপ প্রত্যেক পত্রের নিমিত্তে সেই ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

৪ প্রকরণ। কেবল ডাকদ্বারা পত্র প্রেরণের পূর্ব্বোক্ত বিধানে যেং পত্র বর্জ্জিত নয় যদি কেহ এমত কোন পত্র ডাকের দ্বারা না পাঠাইয়া অন্য উপায়ে পাঠায় এবং ঐ প্রকারে বর্জ্জিত না হওয়া পত্র যদি কেহ ডাক ভিন্ন অন্য উপায়ে প্রেরিত হইবার নিমিত্তে দেয় কি দিতে উদ্যত হয়, তবে তদ্রূপ প্রত্যেক পত্রের নিমিত্তে সেই ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

৫ প্রকরণ। যদি কোন ব্যক্তি বর্জ্জিত পত্র ডাক ভিন্ন অন্য কোন উপায়ে পাঠাইবার জন্যে সংগ্রহ করে, তবে সেই ব্যক্তির ঐ প্রকার প্রত্যেক পত্রের জন্যে পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে।

৬ প্রকরণ। যদি কোন ব্যক্তি এই আইনের ৩ ধারার বিধানের বিরুদ্ধে কোন পত্র বহে কি গ্রহণ করে কি দিতে উদ্যত হয় কি পঁহুছাইয়া দেয় কিম্বা পত্র সংগ্রহ করে, তবে তদ্রূপ প্রত্যেক পত্রের নিমিত্তে সেই ব্যক্তির পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে

*Clause 7.*—Every person who shall be in the practice of committing any of the acts mentioned in this Section, shall, for every week during which the practice shall be continued, forfeit a further sum not exceeding five hundred Rupees.

[Penalty for neglect on the part of persons employed to carry Mails.]

XLVI. Every person employed to convey or deliver any mail bag, or box, or any letter or other article sent by post, who shall be guilty, while so employed, of drunkenness, carelessness or other misconduct, whereby the safety of any such bag, box, or letter or other article shall be endangered; or who shall loiter or make delay in the conveyance or delivery of any such bag, box, letter or other article; or who shall not use proper care and deligence safely to convey or deliver any such bag, letter or other article, shall be liable to a fine not exceeding fifty Rupees; and any person employed to deliver a letter or other article sent by the post, who shall not duly deliver the same, shall, within a reasonable time not exceeding twenty-four hours, report the fact at the Post Office where he received such letter or other article and return the same; and if any such person shall wilfully make a false report, he shall be liable to a fine not exceeding fifty Rupees.

[Penalty for stealing, &c., or opening letters, &c., by persons employed in the Post Office.]

XLVII. Whoever being in the employ of the Government in the Post Office Department, shall steal, fraudulently secrete, destroy, throw away or appropriate any letter or other article sent by post, or anything contained in any such letter or other article, or shall mutilate or break open any such letter or other article, or any banghy parcel or box, with the intention of fraudulently appropriating anything therein contained, shall be punished, on conviction before a Criminal Court, with imprisonment of either description as defined in the Indian Penal Code, for a term not exceeding seven years, and shall also be liable to a fine.

[Penalty for fraudulently altering marks on letters, &c., by persons employed in the Post Office.]

XLVIII. Whoever being in such employ as last aforesaid, shall fraudulently put any wrong mark on any letter or other article, or shall fraudulently alter, remove or cause to disappear any mark or stamp which is on any letter or other article; or shall fradulently use or place with or upon any letter or other article, any stamp which shall have been removed from any other letter or other article; or being entrusted with the delivery of any letter or other article,

৭ প্রকরণ। যদি কোন ব্যক্তি এই ধারার লিখিত কোন ক্রিয়া নিত্য করিয়া থাকে, তবে তাহার ঐ ব্যবহার যত কাল চলে তত কাল তাহার ঐ অর্থদণ্ডের অতিরিক্ত প্রতি সপ্তাহ পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

[যাহারা মেইল বহন কার্য্যে নিযুক্ত হয় তাহাদের শৈথিল্য হইলে দণ্ডের কথা।]

৪৬ ধারা। ডাকযোগে প্রেরিত কোন ডাকের থলি কি বাক্স কি কোন পত্র কি অন্য দ্রব্য লইয়া যাইতে কি পঁহুছাইয়া দিতে নিযুক্ত কোন ব্যক্তি যদি সেই কর্ম্ম করণ সময়ে মাতলামীর কি অসাবধানতার কিম্বা অন্য যে অসদাচরণ দ্বারা তদ্রূপ কোন থলির কি বাক্সের কি পত্রের কি অন্য দ্রব্যের আপদের আশঙ্কা জন্মে এমত কোন কর্ম্মের দোষী হয়, কিম্বা তদ্রূপ কোন থলি কি বাক্স কি পত্র কি অন্য দ্রব্য লইয়া যাইতে কি পঁহুছাইয়া দিতে শৈথিল্য কি বিলম্ব করে, অথবা তদ্রূপ কোন থলি কি পত্র কি অন্য দ্রব্য নির্ব্বিঘ্নে লইয়া যাইতে কি পঁহুছাইয়া দিতে উপযুক্ত সতর্কতা ও যত্ন না করে, তবে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইবে। এবং যদি কোন ব্যক্তি ডাকের দ্বারা প্রেরিত পত্র কি অন্য দ্রব্য পঁহুছাইয়া দিতে নিযুক্ত হইয়া উচিত মতে তাহা পঁহুছাইয়া না দেয়, তবে সেই ব্যক্তি চব্বিশ ঘণ্টার অনধিক উপযুক্ত সময়ের মধ্যে ঐ পত্র কি অন্য দ্রব্য যে ডাকঘর হইতে পাইয়াছিল তথায় সেই কথার রিপোর্ট করিয়া ঐ পত্রাদি ফিরিয়া দিবে, যদি জানিয়া শুনিয়া অসত্য রিপোর্ট করে, তবে তাহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

[ডাকঘরে নিযুক্ত ব্যক্তিরা চুরিপ্রভৃতি করিলে কি পত্র প্রভৃতি খুলিলে তাহাদের দণ্ডের কথা।]

৪৭ ধারা। যদি কোন ব্যক্তি ডাকঘরের ডিপার্টমেন্টে গবর্ণমেন্টের কর্ম্মে নিযুক্ত হইয়া ডাকের দ্বারা প্রেরিত কোন পত্র কি অন্য দ্রব্য, কি ঐ পত্রের কি দ্রব্যের মধ্যস্থিত কোন বস্তু চুরি করে, কিম্বা চাতুরী করিয়া গোপন কি নষ্ট করে, কিম্বা ফেলিয়া দেয়, কি আপনার নিমিত্তে লয়, কিম্বা পত্রাদির মধ্যস্থিত বস্তু চাতুরীপূর্ব্বক আপনার ব্যবহারার্থে লইবার নিমিত্তে তদ্রূপ কোন পত্র কি অন্য দ্রব্য কি বাঙ্গির কোন পুলিন্দা কি বাক্স বিকৃত করে কি ভাঙ্গিয়া খোলে, তবে সেই ব্যক্তির সেই অপরাধ ফৌজদারী কোন আদালতের সম্মুখে প্রমাণ হইলে সাত বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত ভারতবর্ষের দণ্ডবিধির আইনের নির্দ্দিষ্ট অন্যতর প্রকারে তাহার কারাদণ্ড হইবে এবং অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

[ডাকঘরে নিযুক্ত ব্যক্তিরা চাতুরীক্রমে পত্রপ্রভৃতির উপরিস্থ চিহ্ন বদল করিলে তাহাদের দণ্ডের কথা।]

৪৮ ধারা। ইহার পূর্ব্ব লিখিত কর্ম্মে নিযুক্ত কোন ব্যক্তি যদি চাতুরীক্রমে কোন পত্রের কি অন্য দ্রব্যের উপর কোন অপ্রকৃত চিহ্ন দেয়, কিম্বা যে কোন চিহ্ন কি ইষ্টাম্প কোন পত্রের কি অন্য দ্রব্যের উপর থাকে, তাহা চাতুরীক্রমে পরিবর্ত্তন করে কি তোলে কি অদৃশ্য করে, কিম্বা কোন পত্র কি দ্রব্য হইতে যে কোন ইষ্টাম্প উঠান গিয়াছে তাহা যদি চাতুরীক্রমে ব্যবহার করে কি অন্য পত্রের কি দ্রব্যের সঙ্গে রাখে কি তাহার উপর বসায়, কিম্বা কোন পত্র কি অন্য দ্রব্য পঁহুছাইয়া দিবার নিমিত্তে প্রাপ্ত হইলে তাহার

shall knowingly demand or receive any sum of money for the postage thereof other than the sum duly chargeable for such postage; or shall aid, abet, or conceal any of the above named acts, shall be punished, on conviction before a Criminal Court, with imprisonment of either description as defined in the Indian Penal Code, for a term not exceeding two years, and shall also be liable to fine.

উপর ন্যায্য যত ডাক মাস্থল লওয়া যাইতে পারে যদি তাহার অধিক জানিয়া শুনিয়া দাওয়া কি গ্রহণ করে, কিম্বা উক্ত কোন ক্রিয়াতে সাহায্য কি সহকারিতা করে, কি তাহা গোপন করে, তবে সেই ব্যক্তির দোষ ফৌজদারী কোন আদালতের সম্মুখে প্রমাণ হইলে দুই বৎসরের অনধিক কাল পর্য্যন্ত ভারতবর্ষের দণ্ডবিধির আইনের নির্দ্দিষ্ট অন্যতর প্রকারে তাহার কারাদণ্ড হইবে এবং অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

[Penalty for incorrectly preparing documents, or secreting documents, by persons employed in the Post Office.]

[ডাকঘরে নিযুক্ত ব্যক্তিরা দলীল অশুদ্ধরূপে প্রস্তুত করিলে কি দলীল লুকাইলে তাহাদের দণ্ডের কথা।]

XLIX. Whoever being in such employ as last aforesaid, and being entrusted with the preparing or keeping of any document, shall, with a fraudulent intention, prepare the document incorrectly, or alter that document, or shall aid, abet, or conceal any of the abovenamed acts, or secrete or destroy that document, shall be punished, on conviction before a Criminal Court, with imprisonment of either description as defined in the Indian Penal Code, for a term not exceeding two years, and shall also be liable to fine.

৪৯ ধারা। ইহার পূর্ব্বে লিখিত কর্ম্মে নিযুক্ত কোন ব্যক্তি যদি কোন দলীল প্রস্তুত করিবার কি রাখিবার ভার প্রাপ্ত হইয়া প্রবঞ্চনার অভিপ্রায়ে ঐ দলীল অশুদ্ধরূপে প্রস্তুত করে কি ঐ দলীলের কথা পরিবর্ত্তন করে, কিম্বা উক্ত ক্রিয়াতে সাহায্য কি সহকারিতা করে কি তাহা গোপন করে কিম্বা ঐ দলীল লুকায় কি নষ্ট করে, তবে সেই ব্যক্তির দোষ ফৌজদারী কোন আদালতের সম্মুখে প্রমাণ হইলে দুই বৎসরের অনধিক কাল পর্য্যন্ত ভারতবর্ষের দণ্ডবিধির আইনে নির্দ্দিষ্ট অন্যতর প্রকারে তাহার কারাদণ্ড হইবে এবং অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

[Penalty for sending letters without charging postage by persons employed in the Post Office.]

[ডাকঘরে নিযুক্ত ব্যক্তিরা মাস্থল না লইয়া পত্র চালান করিলে তাহাদের দণ্ডের কথা।]

L. Whoever being in such employ as last aforesaid, shall send by the post, or put into any mail bag or box, any unstamped letter or other article upon which postage has been paid or charged in the manner prescribed in this Act, intending thereby to defraud the Government of the postage on such letter or other article, or shall aid, abet, or conceal any such acts, shall be punished, on conviction before a Criminal Court, with imprisonment of either description as defined in the Indian Penal Code, for a term not exceeding two years, and shall also be liable to fine.

৫০ ধারা। যে পত্রের কি অন্য দ্রব্যের উপর এই আইনের নির্দ্দিষ্টমতে মাস্থল দেওয়া গিয়াছে কি লওয়া গিয়াছে, যদি পূর্ব্বে লিখিত কর্ম্মে নিযুক্ত কোন ব্যক্তি তদ্রূপ পত্রের কি অন্য দ্রব্যের ডাকমাস্থল গবর্ণমেণ্টহইতে প্রতারণাপূর্ব্বক হরণ করিবার অভিপ্রায়ে তাহা বিনা ইষ্টাম্পে ডাকযোগে পাঠায়, কিম্বা ডাকের থলিতে কি বাক্সে দেয়, কিম্বা উক্ত কোন ক্রিয়াতে সাহায্য কি সহকারিতা করে কি তাহা গোপন করে, তবে সেই ব্যক্তির দোষ ফৌজদারী কোন আদালতের সম্মুখে প্রমাণ হইলে দুই বৎসরের অনধিক কাল পর্য্যন্ত ভারতবর্ষের দণ্ডবিধির আইনে নির্দ্দিষ্ট অন্যতর প্রকারে তাহার কারাদণ্ড হইবে এবং অর্থ দণ্ডও হইতে পারিবে ইতি।

[Any person charged with offence punishable with fine only may be summarily convicted.]

[যে অপরাধে কোন ব্যক্তির কেবল অর্থ দণ্ড হইতে পারে সেই ব্যক্তির দোষ সরাসরীমতে প্রমাণ হইবার কথা।]

LI. Any person, whether a European British subject or not, who shall be guilty of any offence for which, according to the provisions of this Act, he shall be liable to a fine only, shall be punishable for such offence by any Criminal Court upon summary conviction.

৫১ ধারা। যে অপরাধ হইলে এই আইনের বিধানানুসারে কেবল অর্থদণ্ডহইতে পারে, এমত অপরাধে যে কোন ব্যক্তি অপরাধী হয়, সে ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হউক কি না হউক সরাসরীমতে তদ্রূপ অপরাধের প্রমাণ হইলে ফৌজদারী কোন আদালতের দ্বারা তাহার দণ্ড হইতে পারিবে ইতি।

[Conviction to be quashed on merits only. Form of conviction, &c.]

[প্রমাণীকৃত দোষ কেবল মোকদ্দমার দোষগুণ ক্রমে ব্যর্থ হইতে পারিবার ও দোষ প্রমাণ সিদ্ধ করণাদির নিয়মের কথা।]

LII. No conviction, order or judgment of any Criminal Court, shall be quashed for error of form or procedure, but only on the merits; and it shall not be necessary to state on the face of the conviction, order or judgment, the evidence on which it proceeds, but the depositions taken,

৫২ ধারা। কোন ফৌজদারী আদালতকর্ত্তৃক যে কোন দোষ প্রমাণীকৃত হয় কি যে আজ্ঞা কি নিষ্পত্তি হয় তাহা দাঁড়া কি কার্য্যবিধানঘটিত কোন ভ্রমপ্রযুক্ত ব্যর্থ হইবে না, কেবল দোষগুণক্রমে ব্যর্থ হইবে। এবং দোষ সব্যস্তীকরণ কি আজ্ঞা কি নিষ্পত্তি যে প্রমাণক্রমে হয় তাহা ঐ আজ্ঞাপ্রভৃতিতে ব্যক্ত করা আবশ্যক

or a copy of them shall be returned with the conviction, order or judgment, and if no jurisdiction appears on the face of the conviction, order or judgment, but the depositions taken supply that defect, the conviction, order or judgment shall be aided by what so appears in such depositions.

[Magistrate may refer charge to his Assistant.]

LIII. A Magistrate may refer for trial and decision any charge of an offence hereby made punishable by fine only, to any of his Assistants or to any Deputy Magistrate lawfully appointed to exercise the powers of a Covenanted Assistant, and in such case every such Assistant or Deputy Magistrate may exercise all the powers vested in a Magistrate, subject to all the rules applicable to criminal cases deputed to such Assistants or Magistrates acting judicially.

[Fines how levied. Imprisonment if no sufficient distress, &c.]

LIV. All fines imposed under the authority of this Act, for offences punishable by fine only, by any Criminal Court or by any Assistant to a Magistrate or Deputy Magistrate, may, in case of non-payment thereof, be levied by distress and sale of the goods and chattels of the offender, by warrant under the hand of any of the abovenamed Officers. In case any such fine shall not be forthwith paid, any such Officer may order the offender to be apprehended and detained in safe custody until the return can be conveniently made to such warrant of distress, unless the offender shall give security to the satisfaction of such Officer for his appearance at such place and time as shall be appointed for the return of the warrant of distress, and such Officer may take such security by way of recognizance or otherwise. If upon the return of such warrant, it shall appear that no sufficient distress can be had whereon to levy such fine, and the same shall not be forthwith paid, or in case it shall appear to the satisfaction of such Officer, by the confession of the party or otherwise, that he has not sufficient goods and chattels whereupon such fine or sum of money could be levied if a warrant of distress were issued, any such Officer, by warrant under his hand, may commit the offender to prison, there to be imprisoned only, or to be imprisoned and kept to hard labour, according

হইবে না। কিন্তু যে সাক্ষ্য লওয়া গিয়াছে তাহা কি তাহার প্রতিলিপি দোষ সব্যবস্থাকরণ পত্রের কি আজ্ঞার কি নিষ্পত্তির সঙ্গে পাঠান যাইবে, এবং যদি দোষ সব্যবস্থাকরণপত্র কি আজ্ঞা কি নিষ্পত্তি দর্শনে আপাততঃ বিচারাধিপতা দৃষ্ট না হয়, কিন্তু যে সাক্ষ্য লওয়া গিয়াছে তাহাতে ঐ ত্রুটির প্রতিকার হয়, তবে ঐ সাক্ষ্যোতে ঐরূপে যাহা দৃষ্ট হয় তদ্দ্বারা ঐ দোষ সব্যবস্থকরণ কি ঐ আজ্ঞা কি নিষ্পত্তি প্রবলতর হইবে ইতি।

[আসিস্টাণ্টের বিচারার্থে অভিযোগ অর্পণ করিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।]

৫৩ ধারা। এই আইনের দ্বারা যে অপরাধের কেবল অর্থদণ্ড হইতে পারে তৎসম্পর্কীয় কোন অভিযোগ মাজিষ্ট্রেট সাহেব বিচার ও নিষ্পত্তি করিবার নিমিত্তে আপনার কোন আসিস্টাণ্ট সাহেবের, কিম্বা চিহ্নিত আসিস্টাণ্টের ক্ষমতাক্রমে কার্য্য করিতে আইনমতে নিযুক্ত কোন ডেপুটী মাজিষ্ট্রেটের নিকটে অর্পণ করিতে পারিবেন। এবং বিচারকার্য্যকারি তদ্রূপ আসিস্টাণ্ট সাহেবদের কি ডেপুটী মাজিষ্ট্রেটদের প্রতি অর্পিত ফৌজদারী মোকদ্দমার বিষয়ে যে সকল বিধি থাকে, সেই বিধিঅনুসারে উক্ত প্রকার গতিকে সেই প্রত্যেক আসিস্টাণ্ট কি ডেপুটী মাজিষ্ট্রেট মাজিষ্ট্রেটের প্রতি অর্পিত সকল ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন ইতি।

[অর্থদণ্ড যে প্রকারে আদায় করিতে হইবে তাহার কথা। ক্রোক করিবার প্রচুর দ্রব্যাদি না থাকিলে কারাদণ্ডের কথা।]

৫৪ ধারা। যে অপরাধে কেবল অর্থদণ্ড হইতে পারে তাহার নিমিত্তে ফৌজদারী কোন আদালতের দ্বারা, কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের কোন আসিস্টাণ্টের কি ডেপুটী মাজিষ্ট্রেটের দ্বারা এই আইনের শক্তিক্রমে যে সকল অর্থদণ্ডের আজ্ঞা হয় তাহা না দেওয়া গেলে পূর্ব্বোক্ত কোন কার্য্যকারকের স্বাক্ষরিত পরওয়ানাক্রমে অপরাধির কোন মাল ও দ্রব্য ক্রোক ও নীলাম হইয়া ঐ অর্থদণ্ডের টাকা আদায় হইতে পারিবে। যদি তদ্রূপ কোন অর্থ দণ্ড তৎক্ষণাৎ না দেওয়া যায়, তবে পূর্ব্বোক্ত কোন কার্য্যকারক আজ্ঞা করিতে পারিবেন যে অপরাধিকে ধৃত করা যায়, এবং যত কাল ঐ ক্রোকী পরওয়ানা সুবিধামতে ফিরিয়া আনা যাইতে না পারে ততকাল পর্য্যন্ত তাহাকে নির্ব্বিঘ্নরূপে কয়েদ করিয়া রাখা যায়। কিন্তু যদি সেই অপরাধী ঐ ক্রোকী পরওয়ানা ফিরিয়া আনিবার স্থানে ও সময়ে উপস্থিত হইবার বিষয়ে ঐ কার্য্যকারকের সন্তোষমতে প্রতিভূ দিতে পারে, তবে তাহাকে কয়েদ করা যাইবে না। ঐ কার্য্যকারক মুচলকাস্বরূপ কি অন্য প্রকারে প্রতিভূ লইতে পারেন। ঐ পরওয়ানা ফিরিয়া আনা গেলে যদি দৃষ্ট হয় যে অর্থদণ্ড যাহাতে আদায় করা যায় ক্রোক করিবার প্রচুর এমত কোন দ্রব্য নাই, এবং অর্থদণ্ড তৎক্ষণাৎ দেওয়া না যায়, অথবা যদ্যপি ঐ ব্যক্তির স্বীকারক্রমে কিম্বা অন্য প্রকারে ঐ কার্য্যকারকের সন্তোষমতে দৃষ্ট হয় যে ক্রোকী পরওয়ানা প্রবল হইলেও যাহাতে অর্থ দণ্ড কি টাকা আদায় হইতে পারে, ঐ ব্যক্তির এমত প্রচুর কোন মাল কি দ্রব্য নাই, তবে সেই কার্য্যকারক আপনার স্বাক্ষরিত পরওয়ানাক্রমে অপরাধিকে কয়েদ করিতে পারিবেন। এবং যদি

to the discretion of such Officer, for any term not exceeding two calendar months where the amount of the fine shall not exceed fifty Rupees, and for any term not exceeding four calendar months where the amount shall not exceed one hundred Rupees, and for any term not exceeding six calendar months in any other case: the commitment to be determinable in each of the cases aforesaid on payment of the amount.

[Moiety of fines to informer.]

LV. A share not exceeding one moiety of every fine imposed and recovered under this Act, may be awarded to the informer.

[No proceedings to be taken without an order.]

LVI. No proceedings shall be taken for the recovery of any fine imposed under the authority of this Act, for offences punishable by fine only, without an order of Government, or an order in writing under the hand of the Director General of the Post Office, or of a Post-Master General.

[Public servants committing offences in Foreign States in alliance.]

LVII. If any public servant who shall be employed in the Post Office Department, or shall be appointed a vendor of postage stamps, or entrusted by the Government of India or any Local Government with the sale of postage stamps within the Dominions of any Foreign Prince or State in India in alliance with Her Majesty, in which a post shall be established by the Government of India, shall, within the Dominions of such Prince or State, commit any act hereby prohibited, or omit to do any act hereby required to be done, by any person similarly employed, appointed or entrusted as aforesaid within British India, such public servant shall be guilty of an offence, and on conviction thereof, shall be punished in the same manner as if such act had been done or omitted within British India; and every such person may be tried, convicted and punished either by fine or otherwise, according to the nature of the offence, by any Court or Officer duly empowered by the Governor General of India in Council, to take cognizance of offences committed in such Dominions by public servants, or by any Court or Magistrate, or other competent Officer in any part of British India, in the same manner as if the offence had been committed in such part.

অর্থদণ্ড পঞ্চাশ টাকার অনধিক হয়, তবে ইঙ্গলণ্ডীয় পঞ্জিকামতের দুই মাসের অনধিক কোন কাল, যদি একশত টাকার অনধিক হয়, তবে পঞ্জিকামতে চারি মাসের অনধিক কোন কাল, এবং অন্য কোন গতিকে ছয় মাসের অনধিক কোন কাল ঐ ব্যক্তিকে কেবল কারাবদ্ধ করা যাইবে কিম্বা ঐ কার্য্যকারকের বিবেচনামতে তাহার কারাবন্ধন ও কঠিন পরিশ্রমও হইবে। পূর্ব্বোক্ত কোন গতিকে অর্থদণ্ডের টাকা দেওয়া গেলেই কারাদণ্ডের শেষ হইবে ইতি।

[গোয়েন্দাকে অর্থদণ্ডের অর্দ্ধেক টাকা দিবার কথা।]

৫৫ ধারা। এই আইন অনুসারে যে২ অর্থ দণ্ড করা যায় ও আদায় হয়, তাহার অর্দ্ধেকের অনধিক অংশ গোয়েন্দাকে দেওয়া যাইতে পারিবে ইতি।

[আজ্ঞা বিনা মোকদ্দমাঘটিত কার্য্য না হওনের কথা।]

৫৬ ধারা। যে২ অপরাধে কেবল অর্থদণ্ড হয় এই আইনের শক্তিক্রমে অবধারিত সেই অর্থদণ্ড আদায় করিবার নিমিত্তে গবর্ণমেন্টের আজ্ঞা বিনা কিম্বা ডাকঘরের ডাইরেক্টর জেনরল সাহেবের কি পোষ্ট-মাষ্টর জেনরল সাহেবের স্বাক্ষরিত কোন লিখিত আজ্ঞা বিনা মোকদ্দমাঘটিত কোন কার্য্য করা যাইবে না ইতি।

[সন্ধিবদ্ধ ভিন্ন দেশীয় অধিকারের মধ্যে অপরাধি রাজকীয় কার্য্যকারকের কথা।]

৫৭ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর সঙ্গে সন্ধিবদ্ধ ভারতবর্ষের অন্তর্গত ভিন্ন দেশীয় যে কোন রাজার অধীন দেশের কি অধিকারের মধ্যে ভারতবর্ষের গবর্ণমেন্টকর্ত্তৃক ডাক স্থাপিত হইবে, সেই দেশের মধ্যে ভারতবর্ষের গবর্ণমেন্ট কি কোন স্থানীয় গবর্ণমেন্ট দ্বারা ডাক ঘরের সিরিশতায় যে ব্যক্তি চাকরস্বরূপ কিম্বা ডাক মাসুলের ইষ্টাম্প বিক্রেতাস্বরূপ নিযুক্ত হয় কি ডাক মাসুলের ইষ্টাম্প বিক্রয় করণের ভার প্রাপ্ত হয় এমত কোন রাজকীয় কার্য্যকারক যদি পূর্ব্বোক্ত ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত ঐ রাজার অধীন দেশের কি ঐ অধিকারের মধ্যে সেই প্রকারের কর্ম্মপ্রাপ্ত কি কর্ম্মে নিযুক্ত কিম্বা পূর্ব্বোক্তমতে ভারপ্রাপ্ত হইয়া এই আইনের নিষিদ্ধ কার্য্য করে, কিম্বা এই আইনের আদেশমত কার্য্য না করে, তবে উক্ত রাজকীয় কার্য্যকারক অপরাধের অপরাধী হইবে। এবং যদি সেই অপরাধ প্রমাণ হয়, তবে ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে ঐ নিষিদ্ধ কার্য্য করা গেলে কি ঐ আদেশমত কার্য্য না করা গেলে যে প্রকারে দণ্ড হইতে পারিত সেই প্রকারে উক্ত রাজকীয় কার্য্যকারকের দণ্ড হইবে। এবং উক্ত রাজ্যের মধ্যে রাজকীয় কার্য্যকারকেরা যে অপরাধ করে তাহার বিচার মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব হইতে যে কোন আদালত কি কার্য্যকারক উপযুক্তমতে ক্ষমতা প্রাপ্ত হন তাঁহার দ্বারা, কিম্বা ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানের কোন আদালত কি মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা উপযুক্ত অন্য কার্য্যকারকের দ্বারা তদ্রূপ প্রত্যেক ব্যক্তির বিচার ও দোষ প্রমাণীকৃত হইতে পারিবে, এবং অপরাধের ভাবানুসারে অর্থদণ্ডক্রমে কিম্বা অন্য প্রকারে তাহার দণ্ড হইতে পারিবে অর্থাৎ সেই স্থানে অপরাধ করা গেলে যেরূপে হইত তদ্রূপেই হইবে ইতি।

[Letters, &c., suspected to contain contraband articles, or writing in contravention of this Act, how to be dealt with.]

LVIII. If any Officer in charge of a Post Office shall suspect that any letter or other article lying for delivery at his Office, contains any contraband article, or any article on which duty is owing to Government; or that any letter or other article lying for delivery at the Post Office, contains any writing or enclosure in contravention of the provisions of Sections 7, 10, 12, 13, 42, of this Act, it shall be lawful for such Officer to summon the person to whom the letter or other article is directed, to attend at the Post Office by himself or Agent, within forty-eight hours after the arrival thereof at that Post Office, and to open the same in the presence of the person to whom it is directed, or of that person's agent, and if that person shall not so attend by himself or agent, then to open it in the absence of that person. Provided that if the Officer in charge be under the rank of a Post-Master, he shall call in two respectable persons as witnesses before he shall open a letter or other article in the absence of the person to whom it is addressed. Provided also, that in all cases the opened letter or other article shall be subsequently delivered to the person to whom it is addressed, unless it be required for ulterior proceedings, and that the opening of the same and the circumstances connected therewith, shall be immediately reported to the Post-Master General. It shall also be lawful for any Officer in charge of a Post Office to refuse to forward any parcel through the Post Office by sea to any foreign port, or to any place not on the Continent of India, unless such parcel be accompanied by a Custom House Pass.

[Government not responsible for loss.]

LIX. The Government shall not be responsible for any loss or damage which may occur in respect of any thing entrusted to the Post Office for conveyance; and no person employed by the Government in the Post Office Department, shall be responsible for any such loss or damage, unless that person shall cause such loss or damage negligently, maliciously, or fraudulently.

[Governor General in Council may frame Rules.]

LX. It shall be lawful for the Governor General of India in Council from time to time to frame Rules for the conduct of the Post Office not inconsistent with this Act, and therein to prescribe the regulations, conditions, and restrictions

[যে পত্রাদিতে বিনাঙ্গুমতির দ্রব্য কি এই আইনের নিষিদ্ধ লিপি থাকার সন্দেহ হয় তাহা লইয়া যেরূপে কার্য্য হইবে তাহার কথা।]

৫৮ ধারা। যদি ডাকঘরের কর্ম্মের ভারপ্রাপ্ত কোন কার্য্যকারক এমত সন্দেহ করেন যে, পঁহুছাইয়া দিবার নিমিত্তে আপন কার্য্যালয়ে উপস্থিত কোন পত্রের কি অন্য দ্রব্যের মধ্যে বিনাঙ্গুমতির কোন দ্রব্য কিম্বা যাহার উপর গবর্ণমেণ্টের মাস্থল পাওনা আছে এমত কোন দ্রব্য থাকে, অথবা পঁহুছাইয়া দিবার জন্যে ডাকঘরে উপস্থিত কোন পত্রের কি অন্য দ্রব্যের মধ্যে এই আইনের ৭ ও ১০ ও ১২ ও ১৩ ও ৪২ ধারার বিধানের বিপরীত কোন লিখন কি বিবর আছে, তবে এমত কার্য্যকারকের এই ক্ষমতা থাকিবে যে, ঐ পত্র কি অন্য দ্রব্য ডাকঘরে পঁহুছিবার পর, শিরোনামায় যাহার নাম লেখা আছে তাহাকে আটচল্লিশ ঘণ্টার মধ্যে স্বয়ং কিম্বা মোক্তারের দ্বারা ঐ ডাকঘরে উপস্থিত হইতে আজ্ঞা করেন, এবং তাহারই কিম্বা তাহার মোক্তারের সাক্ষাতে তাহা খোলেন। যদি সেই ব্যক্তি স্বয়ং কি মোক্তারের দ্বারা উপস্থিত না হয়, তবে তাহার অনুপস্থানে তাহা খুলিতে পারিবেন। পরন্তু কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক যদি পোষ্টমাষ্টরের পদাপেক্ষা কোন নিম্ন পদস্থ হন, তবে ঐ পত্রের কি অন্য দ্রব্যাদির শিরোনামায় যাহার নাম লেখা আছে তাহার অনুপস্থানে তিনি তাহা খুলিবার পূর্ব্বে দুই জন সম্ভ্রান্ত লোককে সাক্ষী হইবার নিমিত্তে নিকটে ডাকিবেন। আরো যদি উত্তর কালে মোকদ্দমার কার্য্যের নিমিত্তে ঐ খোলা পত্রের কি অন্য দ্রব্যাদির আবশ্যক না হয়, তবে শিরোনামায় যাহার নাম লেখা আছে খুলিবার পরে তাহাকে সর্ব্বদাই দেওয়া যাইবে। এবং তাহা খুলিবার ও তাহা খুলিয়া দেওন সম্পর্কীয় ব্যাপারের রিপোর্ট অগৌণে পোষ্টমাষ্টর জেনরল সাহেবকে দেওয়া যাইবে। আরো ডাকঘরের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারকের এই ক্ষমতা থাকিবে যে, কোন পুলিন্দার সঙ্গে কষ্টম হৌসের ছাড়চিঠী না থাকিলে সেই পুলিন্দা ডাকঘরের দ্বারা সমুদ্রপথে বিদেশীয় কোন বন্দরে কিম্বা ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানভিন্ন অন্য স্থানে চালান করিতে অস্বীকার করেন ইতি।

[ক্ষতির বিষয়ে গবর্ণমেণ্টের দায়ী না হইবার কথা।]

৫৯ ধারা। যে কোন দ্রব্য চালান করিবার নিমিত্তে ডাকঘরে সমর্পণ করা যায় তাহার বিষয়ে যে কিছু ক্ষতি কি হানি হয় তন্নিমিত্তে গবর্ণমেণ্ট দায়ী হইবেন না। এবং ডাকঘরের সিরিশ্তায় গবর্ণমেণ্টের নিযুক্ত কোন ব্যক্তি ঐ প্রকার কোন ক্ষতির কি হানির দায়ী হইবে না। কিন্তু যদি সেই ব্যক্তির অমনোযোগে কি ঈর্ষা কি চাতুরীক্রমে ঐ ক্ষতি কি হানি হয়, তবে সে দায়ী হইবে ইতি।

[মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের বিধি করিতে পারিবার কথা।]

৬০ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই ক্ষমতা থাকিবে যে, ডাকঘরের কার্য্যচলনের বিষয়ে এই আইনের অসঙ্গত না হয় এমত বিধি সময়ে২ করেন, এবং সকল পত্র ও অন্য দ্রব্য যে বিধান ও নিয়ম ও নিষেধানুসারে ডাকে

according to which all letters and other articles shall be posted, forwarded, conveyed, and delivered.

[District dawks.]

**LXI.** It shall be lawful for the Governor General of India in Council from time to time to frame Rules for the management of all or any Zemindaree, Thannah, or other District dawks, and to declare from time to time what portions of this Act shall be applicable to such dawks, and to persons employed in connexion therewith.

[Property sent by the post to be laid in the Post-Master General.]

**LXII.** Whenever an offence shall be committed in respect of any mail bag or box, or any letter or other article sent by the post, it shall be lawful to lay in the charge to be preferred against the offender, the property of such mail bag, box, letter or other article in the Post-Master General of the Presidency; and it shall not be necessary in the charge to allege or to prove upon the trial or otherwise, that such mail bag, box, letter or other article was of any value; and in any charge to be preferred against any person employed under the Post Office for any offence committed against this Act, it shall be lawful to state that such offender was employed under the Post Office at the time of committing the offence, without stating further the nature of particulars of his employment.

[References to Act XVII. of 1854, to be read as made to this Act.]

**LXIII.** References to any Section of Act No. XVII. of 1854 made in any Act passed subsequent thereto, shall be read as if made to the corresponding Section of this Act.

[Interpretation Clause.]

**LXIV.** In this Act—unless there be something repugnant in the subject or context—"Criminal Court" includes every Judge, Magistrate, Justice of the Peace, or Police Magistrate lawfully exercising jurisdiction in criminal cases: "Fine" includes a penalty or forfeiture or a sum of money due upon a forfeited recognizance: "Clubbed Packet" shall be taken to mean a packet containing a collection of letters, not made by an agent of the Post Office, transmitted through the Post Office with the view of the enclosed letters being delivered to more than one person through the agent of the person by whom the packet was made up: "Mails" shall include any letter, parcel or other article conveyed under the provisions of this Act, as well as any box, bag or other article, or any carriage, horse, messenger or other person employed or used by the Post

দেওয়া যাইবে ও ডাকদ্বারা পাঠান ও চালান ও পঁহুছাইয়া দেওয়া যাইবে তাহা নির্দ্দিষ্ট করেন ইতি।

[জিলার ডাকের কথা।]

৬১ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই ক্ষমতা থাকিবে যে, সকল কিম্বা কোন জমীদারীর কি থানার কি অন্য জিলার ডাকের কার্য্য নির্ব্বাহ করণবিষয়ক বিধান সময়েং করেন, এবং এই আইনের যেং অংশ ঐং ডাকের প্রতি ও তৎসম্পর্কে নিযুক্ত ব্যক্তিদের প্রতি বর্ত্তিবে তাহাও সময়েং প্রকাশ করেন ইতি।

[ডাকদ্বারা প্রেরিত দ্রব্যের স্বামিত্ব পোষ্টমাষ্টর জেনরলের প্রতি বর্ত্তাইবার কথা।]

৬২ ধারা। যখন ডাকদ্বারা প্রেরিত কোন পত্রের থলি কি বাক্স কি কোন পত্র কি অন্য দ্রব্য সম্বন্ধে কোন অপরাধ করা যায় তখন অপরাধির নামে যে অভিযোগ করা যাইবে, তন্মধ্যে পত্রের সেই থলি কি বাক্স কি সেই পত্র কি অন্য দ্রব্য প্রেসিডেন্সীর পোষ্টমাষ্টর জেনরল সাহেবের সম্পত্তি বলিয়া উল্লেখ হইবে। এবং সেই পত্রের থলি কি বাক্স কি পত্র কি অন্য দ্রব্য মূল্যবান, এই কথা অভিযোগপত্রে উল্লেখ, কিম্বা বিচারকালে কি সময়ান্তরে প্রমাণ করা আবশ্যক হইবে না। এবং ডাক সিরিস্তায় নিযুক্ত কোন ব্যক্তির নামে আইন উল্লঙ্ঘনের কোন অপরাধ হেতুক কোন অভিযোগ হইলে, সেই ব্যক্তির কর্ম্মের অন্য বিশেষ বৃত্তান্ত না লিখিয়া অপরাধ করণকালে সে ডাক সিরিস্তায় নিযুক্ত ছিল এই মাত্র লেখা আইনসিদ্ধ হইবে ইতি।

[১৮৫৪ সালের ১৭ আইনের উল্লেখ এই আইনের প্রতি লক্ষ হওয়ার ন্যায় পাঠ করিবার কথা।]

৬৩ ধারা। ১৮৫৪ সালের ১৭ আইন প্রচলিত হইবার পরে অন্য কোন আইনেতে সেই আইনের যে কোন ধারার উল্লেখ হয় তাহা এই আইনের তদনুযায়ি ধারার উল্লেখ হওয়ার ন্যায় পাঠ করিতে হইবে ইতি।

[অর্থ করণের ধারা।]

৬৪ ধারা। উল্লিখিত বিষয়ে কি পূর্ব্বাপর কথার সহিত পশ্চাৎ লিখিত অর্থ অসঙ্গত না হইলে এই আইনেতে "ফৌজদারী আদালত" এই কথার মধ্যে প্রত্যেক জজ ও মাজিষ্ট্রেট ও শান্তিরক্ষার্থ জুষ্টিস ও ফৌজদারী মোকদ্দমার আইনক্রমে কার্য্য করিবার ক্ষমতাপন্ন পোলীসের মাজিষ্ট্রেট সাহেবও গণ্য। "অর্থদণ্ড" এই শব্দের মধ্যে অর্থদণ্ড ও সম্পত্তিদণ্ড ও মুচলকা ভঙ্গ হওয়াতে প্রাপ্য টাকা গণ্য। যে সকল পত্র ডাকঘরের কর্ম্মকারকের দ্বারা সংগৃহীত না হইয়া অপর ব্যক্তির দ্বারা সংগ্রহ করা যায় ও তাঁহারই কর্ম্মকারকদ্বারা একের অধিক ব্যক্তিদিগকে সমর্পণ করণাভিপ্রায়ে ডাকদ্বারা প্রেরিত হয়, সেই সংগৃহীত পত্রের পুলিন্দা "ক্লবেড প্যাকেট" শব্দে বুঝাইবে। "মেইল" এই শব্দের মধ্যে এই আইনের বিধানানুসারে প্রেরিত কোন পত্র কি পুলিন্দা কি অন্য দ্রব্য। এবং ডাকপত্র চালানার্থে কি রক্ষাকরণার্থে ডাকঘরের কর্ম্মকারকগণ যে কোন বাক্স কি থলি কি অন্য দ্রব্য কি কোন গাড়ী কি ঘোড়া কি দূত কি অন্য ব্যক্তিকে নিযুক্ত কি ব্যবহার করেন

Office for the conveyance or safe custody of the mails, and "British India" includes the Territories which are now or shall be vested in Her Majesty or Her Successors by the Statute 21 and 22 Vic., cap. 106 *(An Act for the better Government of India.)*

[Short title.]

LXV. This Act may be cited as "The Indian Post Office Act, 1865."

---

STATEMENT OF OBJECTS AND REASONS.

Various amendments of the Post Office Act No. XVII. of 1854, having from time to time presented themselves as desirable, and the phraseology of the existing Act being in some respects obsolete, and several of the Penal Sections having become superfluous by the passing of At XLV. of 1860, (The Indian Penal Code), it is considered expedient to repeal the existing law, and to enact a new one embodying all the alterations both of form and of substance which have become desirable. The principal amendments proposed will be found in Sections 5, 15, 18, 20 and 22 of the Bill.

Section 5 (corresponding with Section 6 of the present law) enacts the rates to be charged on letters, and it is proposed that postage should increase by one anna for each half tola or fraction thereof above one tola, instead of by two annas for every tola or fraction thereof above two tolas, as under the existing law.

Section 15 (corresponding with Section 17 of the present law) enacts the rates to be charged as "Ship Postage" on parcels conveyed by the Indian Post by sea; the proposed alteration being that parcels not exceeding twenty and forty tolas, shall be taxed at the rate of two annas and four annas respectively, instead of at the rate of eight annas which is now leviable on all parcels which do not exceed one hundred tolas in weight.

Section 18 (corresponding with Section 25 of the present law) gives to the Governor General in Council authority to alter all rates of postage, but not so as to increase the rates of letter and newspaper postage.

The authority thus proposed to be given, differs from that possessed under the existing law, in the absence of restriction in respect of increase, so far as the rates of book and parcel postage are concerned.

Section 20 gives to the Governor General in Council authority (which is not possessed under the present law) to fix the rates of postage on letters, &c., conveyed by sea, or partly by sea

সেও গণ্য। "ব্রিটনীয় ভারতবর্ষ" এই শব্দের মধ্যে শ্রীশ্রীমতী মহারাজ্ঞী বিক্টোরিয়ার ২১ ও ২২ বৎসরের আইনের ১০৬ অধ্যায় অর্থাৎ ভারতবর্ষ সুশাসনার্থ আইনক্রমে যে সকল দেশ শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর কি তৎপরে তদীয় রাজ্য প্রাপ্ত ব্যক্তিদের প্রতি বর্ত্তে কিং বর্ত্তিবে সেই সমস্ত দেশও গণ্য হইত।

[আইনের সংক্ষেপ নাম।]

৬৫ ধারা। ভারতবর্ষের ডাকের ১৮৬৫ সালের আইন বলিয়া এই আইনের উল্লেখ হইতে পারে ইতি।

---

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

ডাকঘর বিষয়ক ১৮৫৪ সালের ১৭ আইনের নানা অংশ সংশোধন করা সময়েং বাঞ্ছনীয় প্রকাশ হইয়াছে, এবং বর্ত্তমান আইনের পরিভাষা কালাতিবাহনক্রমে কোনং বিষয়ে অসামঞ্জস হইয়াছে, এবং দণ্ডবিধায়ক তাহার কএক ধারা ১৮৬০ সালের ৪৫ আইন অর্থাৎ ভারতবর্ষীয় দণ্ডবিধির আইন প্রবর্ত্তিত করণক্রমে অনাবশ্যক হইয়াছে, এইং কারণে উক্ত বর্ত্তমান আইন রহিত করা এবং রচনাও ভাব সম্পর্কীয় যত পরিবর্ত্তন বাঞ্ছনীয় হইয়াছে তৎসমুদয়সম্বলিত নূতন আইন প্রচার করা বিহিত বোধ হইল। যে সকল সংশোধনের প্রস্তাব হইয়াছে তাহার গুরু অংশ এই পাণ্ডুলিপির ৫ ও ১৫ ও ১৮ ও ২০ ও ২২ ধারাতে পাওয়া যাইবে।

৫ ধারা বর্ত্তমান আইনের ৬ ধারানুযায়ি। তাহাতে পত্রের উপর মাসুলের হার নির্দ্ধার্য্য হইয়াছে। প্রস্তাব হইল যে চলিত আইন অনুসারে দুই তোলার উর্দ্ধ ওজনের প্রত্যেক তোলা কি তাহার ভগ্নাংশের উপর দুই আনা না লইয়া, এক তোলার উর্দ্ধ আধং তোলার কি তাহার ভগ্নাংশের উপর এক আনা করিয়া মাসুল বৃদ্ধি হয়।

১৫ ধারা বর্ত্তমান আইনের ১৭ ধারানুযায়ি। যে সকল পুলিন্দা ভারতবর্ষীয় ডাকদ্বারা সমুদ্রপথে প্রেরিত হয় তাহার উপর জাহাজীয় মাসুল যে হারে লাগিবে তাহা ঐ ধারাতে নির্দ্ধার্য্য হইয়াছে। প্রস্তাবিত সংশোধন এই, এইক্ষণে যে সকল পুলিন্দা এক শত তোলার অধিক ওজন না হয় তাহার উপর আট আনা হারে মাসুল লওয়া যায়, তৎপরিবর্ত্তে বিশ ও চল্লিশ তোলার অনধিক ওজনের পুলিন্দার উপর ক্রমশঃ দুই আনা ও চারি আনা হারে মাসুল লওয়া যাইবে।

১৮ ধারা বর্ত্তমান আইনের ২৫ ধারানুযায়ি। তাহাতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব ডাক মাসুলের সমস্ত হার পরিবর্ত্তন করিবার ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। কিন্তু পত্রের ও সংবাদপত্রের মাসুলের হার বৃদ্ধি করিতে পারেন না।

এই ধারাতে যে ক্ষমতা প্রদানের প্রস্তাব হইল তাহাতে বর্ত্তমান আইনের প্রদত্ত ক্ষমতার এই বিশেষ, কেবল পুস্তক ও পুলিন্দার ডাক মাসুলের হার বৃদ্ধি করণ বিষয়ে নিষেধ নাই।

ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে সমুদ্রপথে কিম্বা অংশতঃ সমুদ্র ও অংশতঃ স্থলপথে যে পত্রাদি প্রেরণ হয়, ২০ ধারাক্রমে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি সেই পত্রাদির মাসুলের হার

and partly by land, within the limits of British India; these rates being, under existing arrangements, the same as the ordinary inland rates, together with steam postage (in a consolidated form) where the sea conveyance is effected by mail packets under contract or convention with Her Majesty's British Government.

Section 22 gives to the Governor General in Council authority (not possessed under the present law) to declare in what cases registration shall be compulsory, and to direct the levy of a double registration fee on delivery in such cases, in default of pre-payment. The intention of this Section is to provide for the introduction, in the Indian Post Office, of a measure similar to that introduced in 1862 in the British Post Office, the object of which was explained by Her Majesty's Post-Master General to be "to put a stop to the "frequent loss of letters containing coin, forward- "ed through the post without the security of "registration, and to remove from the Officers of "the Post Office the temptation to dishonesty "offered by the passage of such letters."

Two years' experience has proved the utility of the regulation in respect of the British Post Office; and it is, therefore, considered desirable to provide in this Bill for the application of a like measure to the Indian Post Office.

W. GREY.

---

WHITLEY STOKES,
*Asst. Secy. to the Govt. of India,*
*Home Dept. (Legislative.)*

নির্দ্ধার্য্য করিবার ক্ষমতা দান হইল। বর্ত্তমান আইন অনুসারে তাঁহার সেই ক্ষমতা নাই। বর্ত্তমান নিয়ম এই, স্থলপথে চালাইবার হার সাধারণ হারের ন্যায়, তদতিরিক্ত যদি সমুদ্রপথে চালাইবার নিমিত্তে শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর ব্রিটনীয় গবর্ণমেন্টের সঙ্গে মেইলের জাহাজদ্বারা পত্র চালাইবার নিয়ম কি সম্বন্ধ থাকে, তবে ঐ বাষ্পীয় জাহাজের মাস্থল বলিয়া মোটে কতক মাস্থল ধার্য্য হয়।

২২ ধারাতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি যে ক্ষমতা প্রদান করা গিয়াছে তাহা বর্ত্তমান আইনে দেওয়া যায় নাই, অর্থাৎ যেং স্থলে পত্র অবশ্য রেজিস্টরী করিতে হইবে ইহা তিনি নির্দ্ধার্য্য করিবেন, এবং রেজিস্টরী করণের অগ্রিম মাস্থল না দেওয়া গেলে সেই পত্র বিলি করণ কালে রেজিস্টরী করণের দ্বিগুণ মাস্থল আদায়ের আজ্ঞা করিতে পারিবেন। ব্রিটনীয় ডাকঘরে ১৮৬২ সালে যে নিয়ম প্রচলিত হইয়াছে তদ্রূপ নিয়ম ভারতবর্ষীয় ডাকঘরে প্রচলিত করণ এই ধারার অভিপ্রায়। শ্রীশ্রীমতী মহারাজ্ঞীর পোষ্টমাষ্টর জেনরল সাহেব উক্ত অভিপ্রায় এইরূপে ব্যক্ত করেন, যথা যে পত্রের মধ্যে মুদ্রাদি থাকে তাহা রেজিস্টরী করণ দ্বারা সুরক্ষিত না করিয়া ডাকদ্বারা প্রেরণ হইলে অনেক বার অপহৃত হয়, তাহার নিবারণ করা এবং তদ্রূপ পত্র প্রেরণ দ্বারা ডাকঘরের কার্য্যকারকদিগের অন্তঃকরণে অপহরণের যে লোভ জন্মে তাহা রহিত করা অভিপ্রায়।

তদনুসারে দুই বৎসর কার্য্য হইয়া ব্রিটনীয় ডাকঘরে ঐ বিধির উপযোগিতার প্রমাণ হইল। অতএব এই পাণ্ডুলিপিতে ভারতবর্ষীয় ডাকসম্বন্ধে তদ্রূপ নিয়ম প্রচলিত করিবার বিধান করা ইষ্ট জ্ঞান হইয়াছে।

ডবলিউ গ্রে।

---

উইটলী ষ্টোকস।
হোম অথচ ব্যবস্থাপক ডিপার্টমেণ্টে
ভারতবর্ষের গবর্ণমেন্টের আসিস্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

---

## ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 6176.

APPOINTMENTS.

*The 27th October* 1865.

Mr. G. J. S. Hodgkinson to be an Assistant to the Magistrate and Collector of Sarun, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class, described in Section 22 of the Code of Criminal Procedure, in that District.

The services of Baboo Sunjeeb Chunder Chatterjee, Deputy Magistrate and Deputy Collector of Nuddea, are placed at the disposal of the Board of Revenue, with a view to his being employed as a Settlement Officer in Lohardugga.

## বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

৬১৭৬ নম্বর।

নিয়োগ।

১৮৬৫ সাল ২৭ অক্টোবর।

শ্রীযুত জি জে এস হজকিনসন সাহেব সারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের অ্যাসিষ্টাণ্ট হইবেন এবং ঐ জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় লোহারডগাতে বন্দোবস্তের কার্য্যকারকরূপে নিযুক্ত হওনাভিপ্রায়ে রেবিনিউ বোর্ডের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

Baboo Sresh Chunder Viddyarutna, Deputy Magistrate and Deputy Collector of Mymensing, is transferred to Nuddea, and is vested with the powers of a Magistrate in that District.

The following gentlemen to be Members of the Howrah General Hospital Committee, *viz.*:—

Mr. R. W. Pearce.

„ B Gower.

*The 30th October* 1865.

Mr. H. B. Simson to be Superintendent of Stamps and Stationery, Calcutta.

Lord H. Ulick Browne to be a Magistrate and Collector of the Second Grade in Nuddea.

Mr. H. C. Richardson to be Magistrate and Collector of Dinagepore, but to continue to officiate as Additional Judge of Jessore until relieved by Mr. A. Abercrombie, or until further orders.

*The 31st October* 1865.

Mr. R. Porch to have charge of the Sub-Division of Kooshtea, and to exercise the powers of a Magistrate and Deputy Collector in Nuddea. Mr. Porch will also act temporarily as Superintendent of Labour Transport in Kooshtea under Act III. (B. C.) of 1863.

Mr. T. Norman to have charge of the Sub-Division of Meherpore, and to exercise the powers of a Subordinate Magistrate of the First Class, described in Section 22 of the Code of Criminal Procedure, and the powers of a Deputy Collector, in Nuddea. Mr. Norman is further empowered, under Section 38 of the Code of Criminal Procedure, to hold the preliminary enquiry into cases triable by the Court of Sessions or by the High Court, to commit or hold to bail persons to take their trial before such Court of Sessions or High Court, and to exercise all the powers necessary for that purpose.

Mr. James Cameron to be Apothecary to the Calcutta Medical College Hospital.

Mr. R. E. Wrafter to be House Surgeon of the Midwifery Ward in the Calcutta Medical College Hospital.

*The 3rd November* 1865.

Mr. W. H. Verner to be an Assistant to the Magistrate and Collector of Midnapore, and to exercise the powers of a Subordinate Magistrate of the Second Class, described in Section 22 of the Code of Criminal Procedure, in that District.

## LEAVE OF ABSENCE.

*The 30th October* 1865.

Mr. W. W. Hunter, Assistant Magistrate of Kooshtea, for two months, from the 1st proximo, under Section 6 of the Covenanted Service Absentee Rules.

[*Government Gazette*, 14*th November* 1865.]

ময়মনসিংহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্রীশচন্দ্র বিদ্যারত্ন নদীয়াতে নিযুক্ত হইয়াছেন এবং ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

পশ্চাৎলিখিত সাহেবেরা হাবড়ার সাধারণ হাসপাতাল কমিটীর মেম্বর হইবেন, অর্থাৎ—

শ্রীযুত আর ডবলিউ পিয়র্স সাহেব।

„ বি গৌয়র সাহেব।

১৮৬৫ সাল ৩০ অক্টোবর।

শ্রীযুত এচ বি সিমসন সাহেব কলিকাতার ইষ্টাম্পের ও কাগজ কলমাদির সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত লর্ড এচ ইউলিক বৌন সাহেব নদীয়ার দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত এচ, সি, রিচার্ডসন সাহেব দিনাজপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন, কিন্তু যে পর্য্যন্ত শ্রীযুত এ আবরক্রম্বি সাহেবের দ্বারা অবকাশ প্রাপ্ত না হন, কি অন্য আজ্ঞা না হয় সেই পর্য্যন্ত যশোহরের আডিসানল জজের কর্ম্ম করিতে থাকিবেন।

১৮৬৫ সাল ৩১ অক্টোবর।

শ্রীযুত আর পোর্চ সাহেব কুষ্ট্যা জিলাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন এবং নদীয়াতে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন, আরো তিনি কিয়ৎকালের নিমিত্তে ১৮৬৩ সালের ৩ আইনমতে কুষ্ট্যায় মজুর প্রেরণের কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত টি নর্ম্মান সাহেব মেহেরপুর জিলাখণ্ডের কর্ম্মের ভার পাইবেন, এবং নদীয়াতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের এবং ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলীয় অনুসন্ধান করিতে এবং উক্ত সেশন আদালতের কি হাই কোর্টের সম্মুখে যাহাদের বিচার হইবে তাহাদিগকে সমর্পণ করিতে কি তাহাদের স্থানে উপস্থিত হইবার প্রতিভূ লইতে ও তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হইয়াছেন।

শ্রীযুত জেমস কেমিরন সাহেব কলিকাতার মেডিকাল কালেজ হাসপাতালে ঔষধ প্রস্তুত কারক হইবেন।

শ্রীযুত আর ই রাফ্টর সাহেব কলিকাতার মেডিকাল কালেজ হাসপাতালে সূতিকাগারের হৌস সর্জন হইবেন।

১৮৬৫ সাল ৩ নবেম্বর।

শ্রীযুত ডবলিউ এচ বর্ণর সাহেব মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন ও ঐ জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্ম করিবেন।

## ছুটী।

১৮৬৫ সাল ৩০ অক্টোবর।

কুষ্ট্যার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত ডবলিউ ডবলিউ হন্টর সাহেব চিহ্নিত কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামি মাসের ১ তারিখ অবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

Dr. C. O. Woodford, Police Surgeon, for one month, under paragraph 16 of the Uncovenanted Service Absentee Rules, from the date on which he may avail himself of the leave.

*The 31st October* 1865.

Dr. R. F. Hutchinson, Civil Surgeon of Patna, for two months, under the Financial Notification, dated 22nd February 1856.

*The 1st November* 1865.

Mr. H. J. Reynolds, Superintendent of Survey, Third Division, for ten days, to enable him to re-join his appointment at Dacca.

Dr. C. J. Jackson, Civil Assistant Surgeon of Sarun, is allowed an extension of leave up to the 15th January next, under the Financial Notification, dated the 22nd February 1856.

Mr. C. A. Kelly, Officiating Joint-Magistrate and Deputy Collector of Chittagong, for eleven days, from the date on which he may avail himself of the leave, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency.

## NOTIFICATIONS.

*The 27th October* 1865.

Mr. G. V. Thompson, Sub-Assistant Revenue Surveyor, Second Class, 5th Division, Lower Provinces, is permitted to resign from the date on which his services may be dispensed with.

The Lord Bishop of Calcutta has granted a month's privilege leave to the Revd. M. D. C. Walters, Chaplain of the Old Church, Calcutta.

*The 31st October* 1865.

The Right Hon'ble the Secretary of State for India has granted extensions of leave on Sick Certificate to the following Uncovenanted Officers, *viz.* :—

| | |
|---|---|
| Mr. W. Stigant | ... 6 Months. |
| „ E. G. Man | ... 2 „ |

The Secretary of State has also permitted Mr. E. G. Man to return to duty, without prejudice to his appointment, *via* the Cape of Good Hope.

*The 2nd November* 1865.

The leave granted to Mr. A. Pigou, Judge of Hooghly, under orders of the 21st September last, is cancelled at his own request.

*The 4th November* 1865.

Mr. E. D. Lockwood, of the Civil Service, reported his return from leave per Peninsular and Oriental Company's Steamship *Mooltan*, which arrived at the Sandheads on the 1st instant.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬৫। ১৪ নবেম্বর।]

পোলীসের চিকিৎসক ডাক্তর শ্রীযুত সি ও উডফর্ড সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি অচিহ্নিত কার্য্যকারকদের ছুটীর ১৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৫ সাল ৩১ অক্টোবর।

পাটনার সিবিল চিকিৎসক ডাক্তর শ্রীযুত আর এফ হচিনসন সাহেব ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের বিজ্ঞাপনমতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬৫ সাল ১ নবেম্বর।

তৃতীয় খণ্ডের জরীপী কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ জে রেনলড্‌স সাহেব ঢাকায় আপন কর্ম্মে পঁহুছিতে পারিবার নিমিত্তে দশ দিনের ছুটী পাইয়াছেন।

সারণের সিবিল আসিস্টান্ট চিকিৎসক ডাক্তর শ্রীযুত সি জে জাকসন সাহেব ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের বিজ্ঞাপনমতে আগামি জানুআরি মাসের ১৫ তারিখ পর্য্যন্ত অতিরিক্ত ছুটীর অনুমতি পাইয়াছেন।

চট্টগ্রামের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি এ কেলী সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভার উপস্থিত হইতে পারিবার নিমিত্তে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি এগার দিনের ছুটী পাইয়াছেন।

## বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ২৭ অক্টোবর।

বঙ্গপ্রভৃতি দেশের পঞ্চমখণ্ডের দ্বিতীয় শ্রেণীর সব-আসিস্টান্ট রেবিনিউ সরবেয়র শ্রীযুত জি বি তামসন সাহেবের কর্ম্মের প্রয়োজন যে তারিখ অবধি না থাকে সেই তারিখ অবধি তাঁহাকে কর্ম্ম ত্যাগ করিবার অনুমতি হইয়াছে।

কলিকাতার শ্রীযুত লার্ড বিশপ সাহেব কলিকাতার পুরাতন লাল গির্জার পুরোহিত পাদরী শ্রীযুত এম ডি সি ওয়ালটর্স সাহেবকে এক মাস অনুগ্রহের ছুটী দিয়াছেন।

১৮৬৫ সাল ৩১ অক্টোবর।

ভারতবর্ষের পক্ষ মন্ত্রিবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব পশ্চাৎ লিখিত অচিহ্নিত কার্য্যকারকদিগকে পীড়ার সর্টিফিকেটক্রমে অতিরিক্ত ছুটী দিয়াছেন, অর্থাৎ—

| | |
|---|---|
| শ্রীযুত ডবলিউ ষ্টাইগান্ট সাহেবকে | ছয় মাস। |
| ,, ই জি মান সাহেবকে | দুই মাস। |

আরও শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব শ্রীযুত ই জি মান সাহেবকে পদের ক্ষতি বিনা উত্তম আশা অন্তরীপ হইয়া স্বীয় কর্ম্মে প্রত্যাগমন করিতে অনুমতি দিয়াছেন।

১৮৬৫ সাল ২ নবেম্বর।

হুগলীর জজ শ্রীযুত এ পিগু সাহেবকে গত সেপ্টেম্বর মাসের ২১ তারিখের আজ্ঞামতে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

১৮৬৫ সাল ৪ নবেম্বর।

সিবিল কার্য্যে নিযুক্ত শ্রীযুত ই ডি লকউড সাহেব পেনিনস্থলর ও ওরিয়েণ্টেল কোম্পানির মুলতান নামক বাষ্পীয় জাহাজে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন, সেই জাহাজ এই মাসের ১ তারিখে গঙ্গাসাগরে পঁহুছে।

The Revd. John Robinson, Government Bengallee Translator, having resumed charge of his Office on the 3rd instant, the unexpired portion of his leave is cancelled.

---

NOTIFICATION.

*The 2nd November* 1865.

In supersession of the Notification of the 13th July 1864, published at page 1462 of the *Calcutta Gazette* of the 27th idem, it is hereby declared that the under-mentioned Villages shall be united with the Station of Jessore for the purposes of Act III. (B. C.) of 1864:—

Poorana Cusba.
Gope.
Barandi.
Bijpara.
Khurki.
Chunchra.
Sunkerpore.
Moorali.
Bugchur.
Neelgunge.

The following shall be the boundaries of the Union:—

*North.*—A line drawn from the junction of the road leading to the Planters' Club with the Kishnughur road along Northern boundary of the Village Gope, thence across the River Bhyrub, and along the Southern Bank of that river to the Northern corner of Barandi.

*East.*—The Western bank of the River Bhyrub from the Northern corner of Barandi to the Southern boundary of the Moorali Toll-gate.

*South.*—The North side of the road from Moorali as far as its junction with the Western Jessore and Chunchra road.

*West.*—The East side of the Western Jessore and Chunchra road as far as Chooramara tank, thence along the North side of the road bounding Khurki, thence along the Calcutta cutcha road, past the burial ground to the junction of the road leading to the Planters' Club with the Kishnughur road.

---

The following Orders issued by the Government of India in the Home Department, are republished for information:—

*No.* 3166.

The following extract, para. 1, from a Despatch from the Secretary of State, No. 67, dated 8th September, is published for general information:—

With reference to my Despatch of the 30th of April 1864, No. 44, I have to acquaint you that the under-mentioned gentlemen have been appointed Members of the Bengal Civil Service in the following order and to

গবর্ণমেণ্টের বঙ্গভাষার অনুবাদক পাদরী শ্রীযুত জান রাবিনসন সাহেব এই মাসের ৩ তারিখে আপন কর্ম্মের ভার পুন: গ্রহণ করাতে তাঁহার ছুটীর অবশিষ্টাংশ রহিত হইল।

---

বিজ্ঞাপন।

১৮৬৫ সাল ২ নবেম্বর।

১৮৬৪ সালের জুলাই মাসের ১৩ তারিখের যে বিজ্ঞাপন আগষ্ট মাসের ২ তারিখের বাঙ্গলা গেজেটের ৮৪৬ পৃষ্ঠায় প্রকাশ হয় তৎপরিবর্ত্তে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বঙ্গদেশের ১৮৬৪ সালের ৩ আইনের অভিপ্রায় সাধনার্থে পশ্চাৎ লিখিত গ্রাম সকল যশোহর মোকামের সহিত সংযোগ হইবে, অর্থাৎ—

পুরানা কশবা।
গোপ।
বারাণদী।
বীজপাড়া।
খরকী।
চঁচুরা।
শঙ্করপুর।
মুরলী।
বগচর।
নীলগঞ্জ।

উক্ত সংযোগের সীমা এই২, অর্থাৎ—

গোপগ্রামের উত্তর সীমায় কৃষ্ণনগরের পথের সঙ্গে প্লান্টর্স ঘরে যাইবার পথ যে স্থানে মিলে সেই স্থান হইতে যে রেখা ভৈরব নদের উপর দিয়া ও উক্ত নদের দক্ষিণ পারের সঙ্গে২ বারাণদীর উত্তর কোণে পঁহুছে তাহাই উত্তর সীমা।

বারাণদীর উত্তর কোণ অবধি মুরলীর শুল্ক ফটকের দক্ষিণ সীমাপর্য্যন্ত ভৈরব নদের পশ্চিম পার, পূর্ব্ব সীমা।

মুরলী রাস্তার উত্তর দিক অবধি পশ্চিম যশোহর ও চঞ্চুরার পথের সন্ধি স্থান পর্য্যন্ত, দক্ষিণ সীমা।

পশ্চিম যশোহর ও চঁচুরা পথের পূর্ব্বদিগে চুরামারা পুষ্করিণী পর্য্যন্ত, তথা হইতে খরকার সীমাবদ্ধকারি পথের উত্তর দিগে, তথা হইতে কলিকাতার যে কাঁচা রাস্তা গোরস্থান ছাড়াইয়া প্লান্টারস্ ঘরে যাইবার পথ কৃষ্ণনগরের পথের সঙ্গে মিলে, সেই সন্ধি স্থান পর্য্যন্ত পশ্চিম, সীমা।

---

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের পশ্চাৎ লিখিত যে বিজ্ঞাপন প্রকাশ হয় তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে মুদ্রিত হইল।

৩১৬৬ নম্বর।

শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব সেপ্টেম্বর মাসের ৮ তারিখের ৬৭ নম্বরের যে পত্র লেখেন তাহার ১ দফা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

আমার ১৮৬৪ সালের আপ্রিল মাসের ৩০ তারিখের ৪৪ নম্বরের পত্রের উপলক্ষে আপনাকে জানাইতেছি যে পশ্চাৎ লিখিত মহাশয়েরা আপনকার অধীন দেশের যে খণ্ড তাঁহাদের নামের পার্শ্বে লেখা আছে



২

the Divisions of your Presidency placed against their names:—

* * * * * *

Mr. George Toynbee, Bengal.

„ John Foster Stevens, Bengal.

„ Anthony Patrick MacDonnel, Bengal.

„ John George Charles, Bengal.

„ John Scobell Armstrong, Bengal.

„ William Benjamin Oldham, Bengal.

*No.* 3211.

Under Section 9 of Act I. of 1849, the Governor General in Council is pleased to delegate authority to the Commissioners of Patna and Bhaugulpore to receive reports and to issue orders in cases coming under that Act.

---

DECLARATION UNDER SECTION II. OF ACT VI. OF 1857.

*The 3rd November* 1865

WHEREAS it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up, at the public expense, for a public purpose, *viz.*, for the erection of a Police Out-post or Chowkee on the Mozufferpore and Hajeepore Road in the District of Tirhoot, it is hereby declared that, for the above purpose, a piece of land is required measuring one beegah and five cottahs, more or less, and situated on the West of the Byah River, East of the high road going to Hajeepore, South of the house of Chedo Sha and North of his field at Goriah Ghaut, in Mouzah Goriah, Pergunnah Bissarah, in the above District.

2. This Declaration is made, under the provisions of Act VI. of 1857, to all whom it may concern.

---

DECLARATION UNDER SECTION II. OF ACT VI. OF 1857.

|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ধার্য্য করা রাজস্ব। | রাস্তার টাক্স। | মোট। | | |
| ১১ | ১১২ | মৌজে জগদল্যা পং বাহাদুরপুর। | এঃ রুঃ পুঃ ৯০।২।০ | ৫৩৮৵০ | ৷৷০ | ৫৪।৵০ | ১০৭৮০ | এই মাহাল ১৮৬৬ ইং ৩০ আপ্রিল তক হজারা বন্দোবস্ত আছে। |
| ৫৭ | ৫৯৭ | মৌজে জয়রামপুর পরগনে বাহাদুরপুর। | ২৯২।৩।৭ | ২১০।৵০ | ২৵০ | ২১২।।০ | ৪২০০ | ঐ |
| ৫৮ | ৫৯৮ | দিয়াড়া ঝাউ বোনা কাকড়ী বাধা পরগনে কাকজোল। | ৮১১।০।২৬ | ৬৫৯৲ | ৬।।০ | ৬৫৫।।০ | ১২৯৮৲ | ঐ |

J. H. Ravenshaw,
*Collector.*

## জিলা রাজশাহী।

### ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা রাজশাহী।

এতদ্দারা সংবাদ দেওয়া যাইতেছে যে এই জিলার অন্তর্গত নিম্নোক্ত খাষ মহাল গবর্ণমেণ্টের জমীদারি স্বত্ব জিলা রাজশাহীর কালেক্টরি কাছারিতে সন ১৮৬৫ সনের ২০ নবেম্বর মোতাবেক ১২৭২ সনের ৬ অগ্রহায়ণ সোমবার দিবসে বিক্রয় হইবেক।

এই মহাল যে ব্যক্তি ক্রয় করেন তাঁহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেন এবং তদতিরিক্ত প্রতি মহালের খরিদার পুলীষ রক্ষার জওয়াব দিহী করিবেন।

| নম্বর তৌজি। | নম্বর তৌজি। | নাম মহাল ও পরগনা। | জমীর পরিমাণ। এঃ রুঃ পঃ | সদর জমা। মাথকরা রাজস্ব। | সদর জমা। রাস্তাবন্দী ইত্যাদি বাবত। | সদর জমা। মোট | বিক্রীত উচ্চমূল্য। | কৈফিয়ৎ। |
|---|---|---|---|---|---|---|---|---|
| ৭ | ১৫৯১ | কিং বিজোড়া পং নক্করপুর ... | ১৫৫। ৩। ১৬ | ৪০৲ | ।৶০ | ৪০।৶০ | ৮০৲ | সন ১২৭২ সনের জন্য ইজারা আছে |
| ৬২ | ৬৭৭ | কিং দিঘই পং কাটারমল্ল ... | ৬৮। ০। ১৮ | ২৯৲ | ।/০ | ২৯।/০ | ৫৮৲ | খাসে আছে। |
| ৫২ | ৫৯১ | কিং শ্যামপুর পং নক্করপুর ... | ৭৭। ০। ৩ | ২৭॥/ | ।০ | ২৭৸০ | ৫৫৶০ | ইং ১২৬৩ লাং ১২৭২ সন পর্য্যন্ত ইজারার মেয়াদ আছে। |
| ২৪ | ১৬১৬ | চক কচুয়া পং চৌগাঁও ... | ১১৯। ১। ১৪ | ১১৭।৴ | ১৶০ | ১১৮॥৶৹ | ২৩৬৸৶০ | ১২৭২ সালের জন্যে ইজারা আছে। |
| ১১ | ১৬০৩ | মৌজে আড়কান্দী পং কাটারমল্ল | ৩৮। ১। ৩২ | ৬০ | /০ | ।/০ | ১২॥০ | ঐ |

V. Taylor,
*Offg. Collector.*

জিলা রাজশাহীর কালেক্টরী তারিখ ২১ আগষ্ট ১৮৬৫ ইং

## জিলা বাকরগঞ্জ।

### এস্তাহারনামা কাছারী কালেক্টরী জেলা বাকরগঞ্জ।

ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে বাকরগঞ্জের জেলার মধ্যবর্ত্তী পশ্চাৎ লিখিত মহাল গবর্ণমেণ্টের মালিকী স্বত্ব ইংরেজী সন ১৮৬৫ সনের ২২ নবেম্বর মোতাবেক সন ১২৭২ সালের ৮ অগ্রহায়ণ বুধবার বাকরগঞ্জ জেলার কালেক্টরীতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬৫ ইংরেজী তারিখ ২৩ আকটোবর।

২। এই মহাল যে ব্যক্তিরা ক্রয় করেন তাহারা এই ক্রোড়পত্রের শিরোভাগে রেবিনিউ বোর্ডের সেক্রেটর সাহেবের স্বাক্ষরিত বিক্রয়ের নিয়মের অধীনে থাকিবেক।

| রাজকীয় মহালের তৌজির নম্বর। | জেলার বহিতে নম্বর। | মহাল ও পরগনার নাম। | পরিমাণ মত একর। | সদর জমা। | | | নীলামের প্রথম ডাক। | মন্তব্য। |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ধার্য্য করা রাজস্ব। | রাস্তার টাকুস। | মোট। | | |
| ২১ | ১৪০৬ / ৭৬ | গবর্ণমেণ্টের খরিদা জমিদারি পং বুজুরগ ওমেদপুর মোতালক কিসমত সেবালতর জোয়ার তালুক থঞ্জব খাঁ। | এঃ রুঃ পঃ গঃ ৭১০।২৬।২৮৸০ | ১০১ | ৵৭ | ১০৵৭ | ২০৲ | |
| ৪৪ | ১৪০৬ / ১৬০ | পং ঐ কিং বিবাট নাং মুং জয়মাণিক্য বসু। | ২।৩।০।১৯।০ | ৭৷৷২ | ৵৩ | ৭৷৷৵৩ | ১৫৲ | |
| ৫৪ | ১৪০৬ / ১৮০ | পং ঐ কিং মারুখালী মদর হাওলা শিবনারায়ণ দাস। | ১৬।২।৩০।২৬৷।০ | ৫৮৸৶৫ | ।৶১০ | ৫৯।৶৩ | ৯৭৸৵ | |
| ৮৬ | ১৪০৬ / ২৪২ | পং ঐ কিং ভোলানাথপুর তাং রাহাওদ্দী। | ২৬।১।১৭।৪।০ | ১৩১৸৵৬ | ।১৵০ | ১৩৩৶৬ | ২৬৩৸০ | |
| ৮৭ | ১৪০৬ / ২৪৩ | পং ঐ কিং হাটচানটা। | ১।৩।৩৫।০ | ৮৶৩ | ৵৪ | ৮।৭ | ১৬।৵ | |

H. C. SUTHERLAND,
*Collector.*

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত জামস জোন্স সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

# গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, NOVEMBER 21, 1865.

মঙ্গলবার ১৮৬৫ সাল ২১ নবেম্বর।


## GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

No. 6.

*The 13th November 1865.*

THE following Resolution passed by the Lieutenant-Governor of Bengal on this date, is published for general information :—

RESOLUTION.—The Lieutenant-Governor of Bengal is pleased to appoint Saturday, the 25th of November 1865, at 11 A. M., as the time, and the Bengal Council Chamber at Calcutta as the place, for a Meeting of the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making Laws and Regulations, and to summon the several Members of the said Council to attend the said Meeting at the time and place appointed.

By Order of the Lieutenant-Governor of Bengal,

G. S. FAGAN,
*Asst. Secy. to the Govt. of Bengal,
Legislative Department.*

## বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপক ডিপার্টমেন্ট।

৬ নম্বর।

১৮৬৫ সাল ১৩ নবেম্বর।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব অদ্য পশ্চাৎ লিখিত নিদ্ধারণ করিলেন তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

নিদ্ধারণ।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব নিদ্ধার্য্য করিয়াছেন যে ১৮৬৫ সালের নবেম্বর মাসের ২৫ তারিখ শনিবার পূর্ব্বাহ্ণ বেলা ১১ ঘণ্টার সময়ে কলিকাতাস্থ বঙ্গদেশীয় মন্ত্রিসভাগৃহে আইন ও ব্যবস্থা করণে, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের সহকারি মন্ত্রিসভার অধিবেশন হইবে, অতএব সভাগণকে নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে উক্ত সভায় উপস্থিত হইবার নিমিত্তে আহ্বান করিতেছেন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

জি এস ফেগান
ব্যবস্থাপক ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

# CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, L. P.

OCTOBER 1865.

LAND REVENUE.

No. 1.

THOSE officers who have not yet responded to the call in Circular Order No. 2, of July last, are hereby reminded that the Board await copies of their Registers E. and F.

No. 2.

ALTHOUGH the High Court have held (*Selections, Vol. II., p. 234*) that Section 19, Act VI. of 1862, B. C., authorizes a Collector to refer an appeal for trial to a Deputy Collector, the Board of Revenue have no doubt that it was essentially the intention of the Legislature that Collectors only, and not Deputy Collectors, should try appeals under the Rent Laws.

They are, therefore, pleased to direct the following addition to Rent Law Rule XXXI.

[Collectors not to refer appeals for trial by a Deputy Collector, without Commissioner's special sanction.]

13. Appeals should always be tried by the Collector himself. Collectors are never to refer appeals for trial to a Deputy Collector without the special permission of the Commissioner previously obtained. Commissioners are always to report to the Board of Revenue the circumstances under which they may think it necessary to authorize a Collector to delegate this important duty to any of his subordinates. They should give the authority only in case the pressure of business is such as to make it absolutely necessary.

No. 3.

THE subjoined Order by the Government of India in the Financial Department, No. 2143, dated 4th September 1865, is published for general information and guidance.

"In reply to your letter No. 3980, dated 19th June 1865, regarding the limit up to which Treasury Officers should be at liberty to make payments of contingent expenses, I am desired to inform you that at the beginning of each year the Treasury Officer should be furnished, through the Accountant-General, with a list of the amounts up to which he may pass monthly contingent

# বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

১৮৬৫ সাল অক্টোবর মাস।

ভূমির রাজস্ব।

১ নম্বর।

যে কার্য্যকারকেরা গত জুলাই মাসের ২ নম্বরের সরক্যুলর অর্ডরের লিখিত আদেশমতে অদ্যাপি কর্ম্ম করেন নাই, বোর্ডের সাহেবেরা তাঁহারদের E ও F চিহ্নিত রেজিষ্টরের প্রতিলিপি পাইবার অপেক্ষায় আছেন, তাঁহাদের স্মরণার্থে এই পত্র।

২ নম্বর।

বঙ্গদেশের চলিত ১৮৬২ সালের ৬ আইনের ১৯ ধারাক্রমে কালেক্টর সাহেবেরা আপীলী মোকদ্দমা বিচার করণার্থে ডেপুটী কালেক্টরের প্রতি সমর্পণ করিতে পারেন, যদিও হাই কোর্টের সাহেবেরা ইহা নির্দ্ধার্য্য করিয়াছেন, (সংগ্রহ ২ বা. ২৩৪ পৃ.) তথাপি কর আদায় করণার্থ আইন অনুযায়ি আপীল ডেপুটী কালেক্টর বিনা কেবল কালেক্টর সাহেবেরা বিচার করিবেন, ব্যবস্থা কর্ত্তাদের বস্তুতঃ এই অভিপ্রায় ছিল, এতদ্বিষয়ে রেবিনিউ বোর্ডের সন্দেহ নাই।

এই কারণে তাঁহারা কর আদায়ের আইনের ৩১ বিধিতে এই অতিরিক্ত বিধি সংযোগ করিবার আজ্ঞা করিলেন।

[কমিসনর সাহেবের বিশেষ অনুমতি না হইলে ডেপুটী কালেক্টরদের বিচারার্থে কালেক্টর সাহেবদের আপীল অর্পণ না করিবার কথা।]

১৩। আপীলের মোকদ্দমা স্বয়ং কালেক্টর সাহেবের সর্ব্বদা বিচার করা উচিত। কমিসনর সাহেবের বিশেষ অনুমতি আদৌ প্রাপ্ত না হইলে কালেক্টর সাহেবেরা আপীলী মোকদ্দমা বিচার হইবার নিমিত্তে ডেপুটী কালেক্টরের প্রতি কখনও অর্পণ করিবেন না। যখন কমিসনর সাহেবেরা কালেক্টর সাহেবদিগকে আপনাদের অধীন কার্য্যকারকদের প্রতি সেই অতিগুরুতর কর্ম্ম সমর্পণ করিবার অনুমতি দেন, তখন যে গতিকে সেই অনুমতি দেওয়া আবশ্যক জ্ঞান করিয়াছেন, সেই গতিক রেবিনিউ বোর্ডের সাহেবদিগকে সর্ব্বদাই জ্ঞাত করিবেন। যে স্থলে কর্ম্মের বাহুল্য হেতুক তদ্রূপ অনুমতি দেওয়া অগত্যা প্রয়োজন তদ্ভিন্ন তাঁহাদের তদ্রূপ অনুমতি না দেওয়া কর্ত্তব্য।

৩ নম্বর।

ফিনান্সিয়ল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্ট ১৮৬৫ সালের ৪ সেপ্টেম্বর তারিখের ২১৪৩ নম্বরের যে আজ্ঞা প্রচার করেন তাহা সর্ব্বসাধারণের জ্ঞান ও উপদেশার্থে পশ্চাৎ প্রকাশ করা যাইতেছে।

রাজকীয় ধনাগারের কার্য্যকারকেরা নৈমিত্তিক ব্যয়ার্থে যত টাকা দিতে ক্ষমতাপন্ন হন, এতদ্বিষয়ে তুমি ১৮৬৫ সালের ১৯ জুন তারিখে ৩৯৮০ নম্বরের যে পত্র লিখিয়াছিলে, তদুত্তরে এই কথা তোমাকে জ্ঞাত করিতে আমার প্রতি আদেশ হইয়াছে। রাজকীয় ধনাগারের কার্য্যকারকের ক্ষমতাধীন প্রদেশের মধ্যে যত ডিপার্টমেন্ট আছে তাহার প্রত্যেক ডিপার্টমেন্টের নানা সিরিশ্তার নিমিত্তে মাসে২ যত টাকা নৈমিত্তিক

charges for the several establishments of each Department within his District, such amounts being fixed for each Department by its controlling authority. In fixing these limits, the controlling authority must needs be guided by the Budget provision, to which end he must be informed of the District details of that provision.

2. This information he will possess, from the first, in those Presidencies or Provinces where, under paragraph 5 of the Financial Resolution, dated 20th April 1865, (Gazette of 26th April, 1865, page 771,) the estimate for a Department is required by the Local Government from its controlling authority; but in any Province where, or in any Department for which, the Budget Estimate of the Department is required from the Accountant-General, rather than from the controlling authority in the Department, the Accountant-General should communicate to such authority the District details of his estimate and his proposed limits of the monthly payments against the estimate, in order that these limits may be prescribed with the sanction of the controlling authority for observance by Treasury Officers. In practice, it may be found most convenient for the Local Government to obtain each Departmental Estimate from its controlling authority, leaving that authority to obtain from the Accountant-General, if necessary, any details or information which may be required for the preparation of the Estimate. But this is a matter which the Financial Resolution of 20th April 1865, paragraph 5, has left entirely at the discretion of the Local Government or Administration.

3. The limit which thus may be fixed for the monthly payments by Treasury Officers of the contingent charges of a Department, will, of course, be subject to modification during the year by the controlling authority; for instance, the High Court or the Board of Revenue may see fit to increase the provision for expenditure in one District, by reducing it in another, always keeping the total within Budget limits

4. This year the orders on the Budget Estimates of the Local Governments were issued simultaneously with the delivery of the Financial Statement in the Legislative Council, a month before the commencement of the new official year. If, as it is intended, the same course be observed in future, the limits within which Treasury Officers are to make payments may be communicated to

[*Government Gazette*, 21*st November* 1865.]

ব্যয় হইবার অনুমতি হইতে পারে সেই ডিপার্টমেন্টের প্রধান কার্য্যকারক সেই ব্যয় নির্দ্ধার্য্য করিবেন, ও প্রতি বৎসরের আরম্ভে আকৌন্টেন্ট জেনরল সাহেবের দ্বারা রাজকীয় ধনাগারের কার্য্যকারককে তাঁহার সেই কথা জ্ঞাত করা উচিত। উক্ত প্রধান কার্য্যকারক বজেটের নির্দ্ধারিত টাকা দৃষ্টে অবশ্য সেই ব্যয়ের সীমা নির্দ্ধার্য্য করিবেন, এই হেতুক বজেটঅনুসারে যত টাকা উক্ত প্রদেশের পক্ষে নির্দ্ধারিত হইয়াছে তাহা তাঁহাকে জ্ঞাত করা উচিত।

২। ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৬৫ সালের ২০ আপ্রিল তারিখের যে নির্দ্ধারণ ১৮৬৫ সালের ২৬ আপ্রিল তারিখের গেজেটের ৭৭১ পৃষ্ঠায় প্রকাশ হয় তাহার ৫ দফামতে যেং প্রেসিডেন্সীর কি দেশের মধ্যে স্থানীয় গবর্ণমেন্ট কোন ডিপার্টমেন্টের প্রধান কার্য্যকারকের স্থানে ইষ্টিমেট গ্রহণ করেন, সেইং প্রেসিডেন্সীতে কি দেশে ঐ বৃত্তান্ত প্রথম অবধি তাঁহার নিকটে আছে। কিন্তু যে প্রদেশের মধ্যে অথবা যে ডিপার্টমেন্টের বজেট ইষ্টিমেট ঐ ডিপার্টমেন্টের প্রধান কার্য্যকারকের স্থানে গৃহীত না হইয়া আকৌন্টান্ট জেনরল সাহেবের স্থানে গৃহীত হইয়া থাকে, সেই দেশে ও সেই ডিপার্টমেন্ট সম্পর্কে আকৌন্টান্ট জেনরল সাহেবের কর্ত্তব্য যে জিলার বিস্তারিত ব্যয় সম্পর্কে আপনার ইষ্টিমেট এবং সেই ইষ্টিমেটের মধ্যে মাসেং যত টাকা দিবার প্রস্তাব করেন তাহা ঐ ডিপার্টমেন্টের প্রধান কর্ম্মকারককে অবগত করেন, তাহাতে সেই ব্যয়ের সীমা রাজকীয় ধনাগারের কর্ম্মকারকদের দ্বারা সংরক্ষিত হওনার্থে উক্ত প্রধান কার্য্যকারকের অনুমতি ক্রমে নির্দ্ধার্য্য হইতে পারিবে। কর্ম্মপক্ষে বোধ হয় যে প্রত্যেক ডিপার্টমেন্টের ইষ্টিমেট সেই ডিপার্টমেন্টের প্রধান কার্য্যকারকের স্থানে স্থানীয় গবর্ণমেন্টের গ্রহণ করা শ্রেয় হইতে পারিবে, সেই প্রধান কর্ম্মকারকেরা ঐ ইষ্টিমেট প্রস্তুত করিবার জন্যে যে কোন বার্ত্তা কি সূচনা প্রাপ্ত হইতে চাহেন তাহা প্রয়োজন মতে আকৌন্টান্ট জেনেরল সাহেবের নিকট অবগত হইতে পারিবেন। কিন্তু ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৬৫ সালের ২০ আপ্রিল তারিখের নির্দ্ধারিত বিধির ৫ দফাতে সেই বিষয় স্থানীয় গবর্ণমেন্টের কিম্বা দেশ কর্তৃত্বকারিদের স্বেচ্ছাধীন।

৩। রাজকীয় ধনাগারের কার্য্যকারকেরা কোন ডিপার্টমেন্টে নৈমিত্তিক ব্যয়ের নিমিত্তে মাসেং যত টাকা দিতে পারিবেন ইহার যে সীমা পূর্ব্বোক্ত মতে নির্দ্ধারিত হইবে তাহা ঐ ডিপার্টমেন্টের প্রধান কার্য্যকারক বৎসরের মধ্যে অবশ্য মতান্তর করিতে পারিবেন। যথা—হাই কোর্টের সাহেবেরা কিম্বা রেবিনিউ বোর্ডের সাহেবেরা কোন এক জিলার ব্যয় বৃদ্ধি করণাভিপ্রায়ে অন্য জিলার ব্যয় ন্যূন করা উচিত জ্ঞান করিতে পারিবেন। কিন্তু বজেটের মধ্যে সর্ব্ব সুদ্ধ যাহা নির্দ্ধার্য্য হইয়াছে কখন তাহার অধিক ধরিবেন না।

৪। এই বৎসর ফিনান্সিয়ল ষ্টেটমেন্ট যে সময়ে ব্যবস্থাপক মন্ত্রিসভাতে উপস্থিত করা যায় তৎসমকালে অর্থাৎ রাজকর্ম্ম সম্পর্কীয় নূতন বৎসরের আরম্ভ হইবার এক মাস থাকিতে স্থানীয় গবর্ণমেন্টের বজেট ইষ্টিমেট সম্পর্কীয় আজ্ঞা প্রকাশ হয়। উত্তরকালে সেই সময়ানুসারে কার্য্য করিবার অভিপ্রায় আছে। তাহা হইলে রাজকীয় ধনাগারের কার্য্যকারকেরা যত টাকা দিতে পারিবেন তাহা তাঁহাদিগকে এমন সময়ে

them in sufficient time for their guidance in the first month's payments of the new year. But in cases where this may not be practicable, Treasury Officers should, pending orders from the controlling authorities, pass Contingent Bills within the monthly average rate of the previous year, as regards each Officer entitled to draw bills.

5. It is probable that, in the present year, there are cases of Treasury Officers not being informed of the limit for monthly payments of Contingencies. In all such cases they must assume that the bill is within the proper limit, leaving the controlling authority to apply the needful check before affixing his countersignature. But if a bill be in marked excess of the monthly average payments of the previous year, where such average can be readily ascertained by the Treasury Officer, he may require the special sanction of the controlling authority for the payment of the Bill.

6. These instructions relate to the payments by Treasury Officers against Budget provision, as allotted to Districts and Establishments by the controlling authorities; they do not affect the rules which regulate the powers of Commissioners of Divisions, Boards of Revenue, and other controlling authority to sanction expenses without reference to Government. These latter rules will continue to guide the detailed examination of Contingent Bills when submitted to controlling authorities for their countersignature.

---

No. 4.

WITH reference to the subjoined Resolution by the Government of India in the Financial Department, No. 1952, dated 21st August, each District Officer is desired to report, in the following form, to the Commissioner of his Division, within a week of the receipt of this order, what reduction is possible in the staff of orderly peons in his District.

2. As soon as he has received reports from all the Districts in his Division, the Commissioner will submit a well-considered proposition to the Board of Revenue, in the same form, showing the establishment that he recommends for each District.

জ্ঞাত করা যাইতে পারে যে তাঁহারা নূতন বৎসরের প্রথম মাসঅবধি তাহা দেখিয়া টাকা দিতে পারিবেন। কিন্তু যে স্থলে তাহা না হইতে পারে সেই স্থলে ধনাগারের কার্য্যকারকদের কর্ত্তব্য যে ডিপার্টমেন্টের প্রধান কার্য্যকারকের আজ্ঞা না প্রাপ্তিপর্য্যন্ত বিল দিবার ক্ষমতাপন্ন প্রত্যেক কার্য্যকারক পূর্ব্ব বৎসরের মাসেং গড়ে যত টাকা লইতেন তত টাকা পর্য্যন্ত নৈমিত্তিক ব্যয়ের বিল স্বীকার করেন।

৫। বর্ত্তমান বৎসরে নৈমিত্তিক ব্যয়ের নিমিত্তে মাসেং যত টাকা দিতে হইবে এই বিষয় যাঁহারা অবগত নহেন রাজকীয় ধনাগারের এমত কয়েক জন কার্য্যকারক থাকিতে পারেন, তদ্রূপ স্থলে তাঁহাদের কর্ত্তব্য যে বিল উপস্থিত করা গেলে তাহা উপযুক্ত সীমার মধ্যেই জ্ঞান করেন। যদি ব্যয় খর্ব্ব করা উচিত হয়, তবে ডিপার্টমেন্টের প্রধান কার্য্যকারক তাহাতে স্বাক্ষর করণের পূর্ব্বে প্রয়োজনমতে ব্যয়ের নিষেধাদি করিতে পারিবেন। কিন্তু পূর্ব্ব বৎসর মাসেং গড়ে যত টাকা ব্যয় হইয়াছিল তাহা যদি ধনাগারের কার্য্যকারক অনায়াসে নির্দ্ধার্য্য করিতে পারেন, এবং কোন বিল তাহার অত্যধিক দেখেন, তবে ঐ ডিপার্টমেন্টের প্রধান কার্য্যকারকের স্থানে বিলের টাকা দিবার স্পষ্ট অনুমতির অপেক্ষায় থাকিতে পারিবেন।

৬। তত্ত্বাবধারি কার্য্যকারকেরা জিলার ও সিরিশতার নিমিত্তে বজেটের নির্দ্দিষ্ট যত টাকা নিরূপণ করেন তন্মধ্যে রাজকীয় ধনাগারের কার্য্যকারকেরা যেং টাকা দিবেন তৎসম্পর্কীয় পূর্ব্বোক্ত বিধি। কিন্তু যে বিধিমতে গবর্ণমেন্টের অনুমতি বিনা দেশ খণ্ডের কমিসানর সাহেবদের ও রেবিনিউ বোর্ডের ও তত্ত্বাবধারি অন্যান্য কার্য্যকারকদের টাকা ব্যয় করিবার অনুমতি দানের ক্ষমতা আছে এই বিধিদ্বারা সেই বিধির কিছু ইতর বিশেষ হইবে না। নৈমিত্তিক বিল তত্ত্বাবধারি কার্য্যকারকদের দ্বারা স্বাক্ষরিত হইবার জন্যে তাঁহাদের সম্মুখে অর্পিত হইলে তাঁহারা বিশেষ সকল দফার তত্ত্বাবধারণে শেষোক্ত বিধিমতে কার্য্য করিবেন।

---

৪ নম্বর।

ফিনান্সিয়ল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের ২১ আগষ্ট তারিখের ১৯৫২ নম্বরের যে নির্দ্ধারণ পশ্চাৎ প্রকাশ হইতেছে, তদুপলক্ষে জিলার প্রত্যেক কার্য্যকারকের প্রতি আদেশ হইল যে আপনং জিলার মধ্যে যে সকল আর্দ্দলি পেয়াদা থাকে তাহাদের সংখ্যা যে পর্য্যন্ত ন্যূন করা যাইতে পারে এই বিষয়ের রিপোর্ট এই আজ্ঞা প্রাপ্ত্যনন্তর সপ্তাহের মধ্যে পশ্চাৎ লিখিত পাঠে আপনং খণ্ডের কমিসানর সাহেবদের নিকট প্রেরণ করেন।

২। কমিসানর সাহেবেরা আপনং খণ্ডের অন্তর্গত সমস্ত জিলাহইতে উক্ত সংবাদ প্রাপ্ত হইলে পর প্রত্যেক জিলার নিমিত্তে যত জন পেয়াদা রাখিবার প্রস্তাব করেন ইহার সুবিবেচিত পত্র সেই পাঠে রেবিনিউ বোর্ডে প্রেরণ করিবেন।

## *Form of Return.*

| DISTRICT. | NO. OF OFFICERS EMPLOYED IN EACH DISTRICT. | | | | PRESENT STAFF OF ORDERLIES. | | | PROPOSED STAFF OF ORDERLIES. | | | Increase proposed, Col. 11—Col. 8. | Decrease proposed, Col. 8—Col. 11. |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | District Officers. | Covenanted Joint-Magistrate and Deputy Collector. | Sub-Divisional Officer. | Assistant and Deputy Collectors. | Number. | Rate of pay. | Total monthly cost. | Number. | Rate of pay. | Total monthly cost. | | |
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 | 10 | 11 | 12 | 13 |

পাঠ এই।

| জিলা | প্রত্যেক জিলাতে যত জন কর্ম্মকারক। | | | | এইক্ষণে যত জন আর্দ্দলি। | | | যত আর্দ্দলি রাখিবার প্রস্তাব হয়। | | | ১১ ও ৮ ঘর মিলাইয়া যত বৃদ্ধি করিবার প্রস্তাব হয় | ৮ ও ১১ ঘর মিলাইয়া যত ন্যূন করিবার প্রস্তাব হয় |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | জিলার কর্ম্মকারক | চিহ্নিত জইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর | শাখাখণ্ডের কর্ম্মকারক | আসিস্টাণ্ট ও ডেপুটী কালেক্টর | যত জন | বেতনের হার | মোটে মাসিক খরচ | যত জন | বেতনের হার | মোটে মাসিক খরচ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |

3. If more peons are proposed than at the rate of *six* for a District Officer, *two* for a Joint Magistrate and Deputy Collector or Sub-Divisional Officer, and *one* for an Assistant or Deputy Collector, the reason must be fully explained.

৩। যদি জিলার কর্ম্মকারকের নিমিত্তে ছয় জন এবং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর কিম্বা শাখা খণ্ডের কর্ম্মকারকের নিমিত্তে দুই জন ও আসিস্টাণ্ট কি ডেপুটী কালেক্টরের নিমিত্তে এক জন পেয়াদার অধিক রাখিবার প্রস্তাব হয়, তবে তাহার হেতু বিস্তারিতরূপে জ্ঞাত করিতে হইবে।

"Read an endorsement of the Home Department, No. 1072, dated the 30th June 1865, forwarding, for consideration and orders, a proposition from the Government of Bengal for raising the pay of all orderly Chuprassees attached to all Public Offices in the interior, under that Government, who are now drawing Rupees 4 to Rupees 5 per mensem.

বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন অভ্যন্তর দেশস্থ সকল রাজকীয় কর্ম্মাগারে যে সকল আর্দ্দলি চাপরাসি নিযুক্ত হইয়া মাসে চারি টাকা পাইয়া থাকে তাহাদের বেতন বৃদ্ধি করিয়া বঙ্গদেশের গবর্ণমেণ্ট মাসে পাঁচ টাকা দিতে প্রস্তাব করেন। তাহা বিবেচনা করণার্থে ও তদ্বিষয়ের আজ্ঞা করণার্থে হোম ডিপার্টমেণ্টে ১৮৬৫ সালের ৩০ জুন তারিখের ১০৭২ নম্বরের যে পত্র লেখা গিয়াছিল তাহার পৃষ্ঠ লিপি পাঠ করা গেল।

OBSERVATIONS.—As the proposed increase of expenditure has not been provided for in the Budget, the Governor General in Council regrets that the application of the Government of Bengal cannot be entertained for this year; and, if brought for-

মন্তব্য কথা। উক্ত ব্যয় প্রস্তাবিতমতে বৃদ্ধি করিবার কোন নিয়ম বজেটে হয় নাই, অতএব মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনেরল সাহেব আক্ষেপপূর্ব্বক জ্ঞাত করিতেছেন যে বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রার্থনা এই বৎসর গ্রাহ্য হইতে পারে না। উত্তরকালে যদি পুনঃ-

ward at any future time, it should be accompanied by some corresponding diminution of charge.

Compared with the Punjab scale of peons, that proposed by the Government of Bengal, appears susceptible of retrenchment.

For example: the complement of peons for District Officers in the Punjab, where the Deputy Commissioner is not only Collector and Magistrate but Civil Judge also, is regulated as follows:— There is an usher on Rupees 8 monthly, whose duty it is to introduce natives of rank and respectability, and to control the staff of personal and office messengers, on Rupees 5, who are retained to carry messages and letters and keep order in the Court; six is the standard fixed for each District for every kind of duty, and they are entirely under the orders of the Deputy Commissioner; but for each Assistant Commissioner and Extra Assistant, there is one additional messenger, who is at the disposal of that Officer; and one extra messenger is allowed for each out-Station, and one for each Small Cause Court. Assistant Commissioners have also the use of a Muskouree Peon or Sheriff's messenger for duty in Court, whose salary is paid from a fund similar to the Peons' Fee Fund in Bengal.

In Bengal, on the other hand, each Collector and Magistrate is allowed six peons, exclusive of those for the Abkaree, and a further complement of four peons for such Joint Magistrate and Deputy Collector (who corresponds to the Senior Assistant Commissioner with but one peon in the Punjab) and two peons to every Joint or Assistant Magistrate at Head-Quarters, besides a separate complement of peons for Officers in charge of Sub-Divisions, none of the foregoing being paid from the Peons' Fee Fund.

The Punjab scale may not, in all points, be applicable to Bengal; but, after making all allowances for such differences as may exist between the two Governments, there would still appear to be good grounds for assuming that the staff of peons in Bengal is capable of being seriously reduced, without injury to the Public Service.

If, for example, a complement of six peons has sufficed for the Magistrate and Collector in the large and important Cities and Districts, it should be more than enough for the Officers in charge of minor Districts and Stations. The number of messengers should, His Excellency in Council thinks, be regulated in each District by the duties required of them, and if this were done with care and consideration, he is almost confident that a

রায় উপস্থিত করা যায়, তবে তৎসঙ্গে স্থলান্তরে ব্যয় ন্যূন করিবার প্রস্তাবও করা উচিত।

পঞ্জাবে যে পেয়াদারা নিযুক্ত আছে তাহাদের সংখ্যার সঙ্গে মিলাইলে বোধ হয় বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রস্তাবিত পেয়াদার সংখ্যা ন্যূন করা যাইতে পারে।

যথা পাঞ্জাবদেশে যিনি ডেপুটী কমিস্যনর খ্যাত, তিনি কালেক্টর ও মাজিষ্ট্রেট ও তদতিরিক্ত সিবিল জজও আছেন, জিলার সেই কর্ম্মকারকদের পেয়াদা এই২। মাসিক আট টাকা বেতনভোগী প্রবেশক নামক এক জন পেয়াদা উচ্চপদস্থ ও সম্ভ্রান্ত ব্যক্তিদিগকে সমাবেশ করান এবং সাহেবের ও কর্ম্মালয়ের দূতদিগের তত্ত্বাবধারণ করেন। সেই দূতেরা মাসে পাঁচ টাকা পায় তাহারা সংবাদ ও পত্রাদি লইয়া গমনাগমন করে ও আদালতে সুনিয়ম রক্ষা করে। প্রত্যেক জিলার সকল প্রকার কর্ম্মের নিমিত্তে অবধারিত সংখ্যা ছয় জন। তাহারা সম্পূর্ণরূপে ডেপুটী কমিস্যনরের আজ্ঞাধীন, কিন্তু আসিস্টাণ্ট কমিস্যনর এবং অতিরিক্ত আসিস্টাণ্ট প্রত্যেক জনের নিমিত্তে অতিরিক্ত এক জন দূত থাকে, সেও ঐ কর্ম্মকারকের আজ্ঞাধীন। তদ্ভিন্ন প্রত্যেক চৌকীর ও ক্ষুদ্র মোকদ্দমার প্রত্যেক আদালতের নিমিত্তে অতিরিক্ত এক২ জন দূত রাখিবার অনুমতি আছে। আরও আসিস্টাণ্ট কমিস্যনরদের মজকুরী পেয়াদা নামক এক জন দূত থাকে, সে আদালতে কর্ম্ম করে এবং বঙ্গদেশে পেয়াদাদের ফী ফণ্ড বলিয়া সঞ্চিত যে ধন থাকে তত্তুল্য সঞ্চিত ধনহইতে তাহার বেতন দেওয়া যায়।

কিন্তু বঙ্গদেশে প্রত্যেক জন কালেক্টর ও মাজিষ্ট্রেট সাহেবের ছয় জন পেয়াদা থাকে, তদ্ভিন্ন আবকারী কর্ম্মের পেয়াদাগণ, এবং সদর মোকামে যে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরেরা থাকেন তাঁহাদের প্রত্যেক জনের চারি পেয়াদা। (পঞ্জাবে সিনিয়র আসিস্টাণ্ট কমিস্যনর নামক জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের সমশ্রেণীর যে কার্য্যকারক তাঁহার কেবল এক পেয়াদা থাকে।) প্রত্যেক জাইণ্ট ও আসিস্টাণ্ট মাজিষ্ট্রেটেরও দুই২ পেয়াদা। তদ্ভিন্ন শাখাখণ্ডের ভার প্রাপ্ত কর্ম্মকারকদের পরিসংখ্যক পেয়াদা থাকে। অথচ উক্ত কোন পেয়াদা পেয়াদাদের ফী ফণ্ডহইতে বেতন পায় না।

পঞ্জাবে যে নিয়ম প্রচলিত আছে তাহা বঙ্গদেশে সর্ব্বাংশে না বর্ত্তিতে পারিবে। কিন্তু উভয় গবর্ণমেণ্টের অধীন দেশের মধ্যে যে সকল ইতরবিশেষ আছে তাহা সমুদয় বিবেচনা করিলে পর, বোধ হয় রাজকীয় কর্ম্মের কোন ক্ষতি না হইয়া বঙ্গদেশস্থ পেয়াদাদের সংখ্যা অতি ন্যূন করা যাইতে পারে, এমত বিবেচনা করিবার সদ্ধেতু আছে।

ইহার উদাহরণ। বৃহৎ ও গুরুতর নগরে ও জিলাতে নিযুক্ত মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের নিমিত্তে যদি ছয় জন পেয়াদা প্রচুর হয়, তবে ক্ষুদ্রতর জিলা ও স্থানের প্রধান কর্ম্মকারকদের নিমিত্তে সেই সংখ্যা অতিরিক্ত বোধ হইতে পারে। মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুক্ত বোধ করেন যে, প্রত্যেক জিলাতে দূতদের কর্ত্তব্য যে কর্ম্ম থাকে তদনুসারে তাহাদের সংখ্যা নিরূপণ করা উচিত। এই কর্ম্ম মনোযোগ ও সদ্বিবেচনাপূর্ব্বক করিলে তিনি বোধ করেন সংখ্যা ন্যূন করণদ্বারা

sufficient amount would be obtained to pay all Chaprussees at the rate of Rupees 5 a month.

N. 5.

The following is to be added to Miscellaneous Rule LXXVI. The practice of disposing of all the Returns of Wards' and Attached Estates in a single Resolution, and of treating the whole body of such Returns as one case, is found to be very inconvenient.

25B. Each Return, No. XXXI. is to be treated by the Commissioner as a *separate* case, a *separate* Resolution being passed upon it; it should be forwarded, at once, separately to the Board of Revenue, all the correspondence regarding it being kept *separate*.

No. 6.

The Board of Revenue have reason to believe that, notwithstanding the provisions of the VIth Rent Law Rule, it is not generally understood that the decree and the judgment in a case under the Rent Laws are two distinct documents, to which distinct provisions of the law are applicable. It is important to bear this in mind, as, in order to lodge an appeal from the Revenue to the Civil Courts, a copy of the *decree* only is necessary. If the decree is separately prepared, a copy can be given in a few minutes.

The following Rule, in substitution for the existing VIth Rent Law Rule, is published under authority of Government, No. 1242T., dated 11th September 1865. It embraces several points not heretofore provided for.

VI. The *judgment* and the *decree* in a case under the Rent Laws are separate documents. Section 15, Act VI. of 1862, B. C., contains directions for recording the *judgment*. In preparing a *decree*, the provisions of Section 189, Act VIII. of 1859, should be applied as far as they are applicable.

2. The *decree* must be written in the language in ordinary use in the Court. Neither Section 185 nor Section 198 of Act VIII. of 1859 is binding upon Collectors trying cases under the Rent Laws, so that the *law* does not make it necessary that their judgments should be translated into the language in ordinary use in the Court, or that certified copies thereof should be furnished to the parties or the pleaders.

3. The Government have, however, been pleased to direct that the Revenue* Courts, in cases under the Rent Law, shall act as if Section 198, Act VIII. of 1859, was applicable to them. A

*To Board of Revenue No. 1242T., dated 11th September 1865.

যত টাকা রক্ষা হইবে তাহাহইতে সকল চাপরাসি মাসে২ পাঁচ টাকা করিয়া পাইতে পারিবে।

৫ নম্বর।

বিবিধ বিধির ৭৬ সংখ্যক বিধির সঙ্গে পশ্চাল্লিখিত কথা সংযোগ হইবে। অপ্রাপ্ত বয়স্ক বালকদের ও ক্রোকী মহালের সকল রিটর্ণ সম্পার্কীয় লিখিতব্য বাক্য একি নির্দ্ধারণে উল্লেখ করা, এবং সেই সমুদয় রিটর্ণ লইয়া একি মোকদ্দমার ন্যায় কর্ম্ম করার যে রীতি তাহা অতি ক্লেশকর বোধ হয়।

২৫B। কমিস্যনর সাহেব ৩১ নম্বরের প্রত্যেক রিটর্ণ লইয়া তৎসঙ্গে স্বতন্ত্র মোকদ্দমার ন্যায় কার্য্য করিবেন ও তদ্বিষয়ে স্বতন্ত্র নির্দ্ধারণ লিখিবেন। তাহা রেবিনিউ বোর্ডের নিকটে অবিলম্বে স্বতন্ত্র পাঠাইতে হইবে, এবং তৎসকম্পার্কীয় সকল লিখন পঠন স্বতন্ত্র রাখিতে হইবে।

৬ নম্বর।

কর আদায়করণার্থ আইনসম্পার্কীয় যষ্ঠবিধি প্রচলিত হইলেও সেই কর আদায়ের আইনমত মোকদ্দমার ডিক্রী এবং নিষ্পত্তি ভিন্ন২ পত্র, ও তৎসম্পার্কে আইনের ভিন্ন২ বিধান বর্ত্তে। এই কথা সাধারণমতে বুঝা গেল না রেবিনিউ বোর্ডের সাহেবেরা কোন কারণে এমত বোধ করেন। কিন্তু উক্ত বিভিন্নতা স্মরণ করা অতি প্রয়োজন, যে হেতুক রাজস্বসম্পার্কীয় আদালতের আজ্ঞার উপর দেওয়ানী আদালতে আপীল উপস্থিত করণার্থে কেবল ডিক্রীর প্রতিলিপি আবশ্যক। যদি ডিক্রী স্বতন্ত্র প্রস্তুত করা যায়, তবে প্রতিলিপি করিতে কয়েক মিনিট মাত্র লাগে।

গবর্ণমেন্টের ১৮৬৫ সালের ১১ সেপ্টেম্বর তারিখের ১২৪২T নম্বরের পত্র লিখিত আজ্ঞাক্রমে কর আদায়ের আইন সম্পর্কীয় বর্ত্তমান ষষ্ঠ বিধির পরিবর্ত্তে পশ্চাৎ লিখিত বিধি প্রকাশ করা যাইতেছে। ইহার পুর্ব্বে যাহার বিধি হয় নাই এমত অনেক বিষয়ের বিধি ইহাতে হইয়াছে।

ষষ্ঠ বিধি। কর আদায়ের আইনঅনুযায়ি মোকদ্দমাতে, নিষ্পত্তি ও ডিক্রী ভিন্ন২ দলীল হয়। নিষ্পত্তি লিখিবার উপদেশ বঙ্গদেশের চলিত ১৮৬২ সালের ৬ আইনের ১৫ ধারাতে আছে। ডিক্রী প্রস্তুত করণে ১৮৫৯ সালের ৮ আইনের ১৮৯ ধারার বিধান যে পর্য্যন্ত বর্ত্তান যাইতে পারে বর্ত্তান উচিত।

২। আদালতের সাধারণরূপে প্রচলিত ভাষায় ডিক্রী লিখিতে হইবে। কর আদায়ের আইনমতে বিচার করণকালে, কালেক্টর সাহেবেরা ১৮৫৯ সালের ৮ আইনের ১৮৫ ধারামতে বদ্ধ নহেন, ১৯৮ ধারামতেও নহেন। অতএব আদালতের সাধারণরূপে প্রচলিত ভাষায় তাঁহারদের নিষ্পত্তি অনুবাদ করা, অথবা নিষ্পত্তির স্বাক্ষরিত প্রতিলিপি উভয় পক্ষকে কি উকীলগণকে দেওয়া ব্যবস্থামতে আবশ্যক নহে।

৩। কিন্তু গবর্ণমেন্ট আজ্ঞা করিয়াছেন যে, কর আদায়ের আইনঅনুযায়ি মোকদ্দমায় যেন ১৮৫৯ সালের ৮ আইনের ১৯৮ ধারা বর্ত্তে, ইহা ভাবিয়া রাজস্বসম্পর্কীয় আদালত তদ্রূপ মোকদ্দমায় কার্য্য করিবেন। *

* রেবিনিউ বোর্ডের প্রতি ১৮৬৫ সালের ১১ সেপ্টেম্বরের ১২৪২T নং পত্র।

[*Government Gazette*, 21st November 1865.]

single certified copy therefore, both of the decree and of the judgment, is to be furnished to each of the parties to any proceedings in these Courts, or their Agents or Mukhtars, on application to the Court, and on the production of the necessary stamp, where stamps are required by any law for the time being in force.

4. The Government have also resolved that whenever the judgment in any of these Courts is written in any other language than that which is in ordinary use in the Court, a certified translation thereof into the language in ordinary use in the Court, shall be furnished to any of the parties, upon payment of such fees as the Board of Revenue may from time to time direct.

5. For the present, the Board have fixed this fee at Rupees 2 for a 100 words. This fee can only be charged once for each judgment. If both, or all, the parties to the proceedings *unite* in applying for a translation, the charge for translation will be divided equally among them. If a judgment has been already translated, copying fees only are to be charged to any one requiring a copy.

6. The officer presiding in each Court is responsible for the correctness of the translation, and must make his own arrangements for getting the work done for the fees allowed, being careful only that if any officer of the Court is told off for the work, he is not permitted to do it in office hours. *Deputy* Collectors must report their arrangements for the sanction of the Collector. The person appointed to make translations must keep an account in the form, *mutatis mutandis*, of Register No. 68.

7. If more than one copy of either a decree, or of a judgment, or its translation, is required by any party, he must pay copying fees at the rate prescribed in the XXXIst Record Rule.

---

No. 7.

No serious objection having been offered to the measure proposed in Circular Order No. 3 of August, the Board of Revenue are pleased now to direct the following addition to the XVIIth Miscellaneous Rule.

3. *Unauthenticated* copies of any papers filed in the Revenue Courts in a *pending* cause, are to be furnished on plain paper to any of the parties to the cause or their agents, who may apply for them on their supplying paper and depositing the fees of the licensed copyist. *(See Record Rule XXXI.)*

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৫৫ । ২১ নবেম্বর।]

অতএব উক্ত আদালতে কোন বিচার কার্য্যের কোন পক্ষ, কি তাহারদের পক্ষীয় কর্ম্মকারক কি মোক্তারগণ আদালতে প্রার্থনা করিলে. এবং তাৎকালিক প্রচলিত কোন আইন অনুসারে ইষ্টাম্প দিবার আজ্ঞা হইলে প্রয়োজনমত ইষ্টাম্প কাগজ উপস্থিত করিলে, তাহাদিগকে ডিক্রীর এবং নিষ্পত্তির একি কেতা স্বাক্ষরিত প্রতিলিপি দেওয়া যাইবে।

৪। গবর্ণমেণ্ট আরো নির্দ্ধার্য্য করিয়াছেন যে, যখন উক্ত কোন আদালতের সাধারণরূপে প্রচলিত ভাষাভিন্ন অন্য কোন ভাষায় নিষ্পত্তি লেখা যায়, তখন রেবিনিউ বোর্ডের সাহেবেরা সময়ে২ যে ফী নির্দ্ধার্য্য করেন তাহা বাদির কি প্রতিবাদির কোন ব্যক্তি দিলে, আদালতের সাধারণরূপে প্রচলিত ভাষায় ঐ নিষ্পত্তির অনুবাদ স্বাক্ষরিত হইয়া তাহাকে দেওয়া যাইবে।

৫। ইদানীং বোর্ডের সাহেবেরা উক্ত ফী শত শব্দ প্রতি ২৲ টাকা নির্দ্ধার্য্য করিয়াছেন। এক নিষ্পত্তির জন্যে কেবল একবার সেই ফী লওয়া যাইতে পারিবে। যদি মোকদ্দমার উভয় পক্ষ, কি বাদিপ্রতিবাদী সকলে মিলিয়া অনুবাদ প্রার্থনা করেন, তবে অনুবাদ করণের ব্যয় তাঁহারদের হইতে সমানাংশে গৃহীত হইবে। যদি নিষ্পত্তির অনুবাদ পূর্ব্বে প্রস্তুত থাকে, তবে যে কেহ প্রতিলিপি প্রার্থনা করেন তাঁহার কেবল প্রতিলিপি করিবার ফী দিতে হইবেক।

৬। প্রত্যেক আদালতে যিনি অধ্যক্ষ হন তিনি ঐ অনুবাদের যাথার্থ্যবিষয়ে দায়ী, ও যত টাকা ফী নির্দ্ধার্য্য হইয়াছে তত টাকাতে সেই কর্ম্ম নিষ্পাদন বিষয়ে আপনি নিয়ম করিবেন। যদি সেই কর্ম্ম আদালতের কোন কর্ম্মকারকের প্রতি অর্পিত হয়, তবে কাছারীর কর্ম্ম করিবার নির্দ্দিষ্ট সময়ের মধ্যে তাঁহাকে সেই অনুবাদ করিতে অনুমতি না হয়, এই বিষয়ে সতর্ক থাকিবেন। ডেপুটী কালেক্টরেরা কালেক্টর সাহেবের সম্মতি জানিবার জন্যে আপনাদের ঐ নিয়মের রিপোর্ট করিবেন। যিনি অনুবাদ করিতে নিযুক্ত হন, তিনি আবশ্যকমতে কথা পরিবর্ত্তন করিয়া ৬৮ নং রেজিষ্টরের পাঠে হিসাব রাখিবেন।

৭। যদি কোন পক্ষ ডিক্রীর কি নিষ্পত্তির কি তদনুবাদের দুই কি ততোধিক কেতা প্রতিলিপি চাহেন, তবে রিকার্ডের ৩১ বিধির নির্দ্দিষ্ট হারে তাঁহার প্রতিলিপি করণের ফী দিতে হইবে।

---

৭ নম্বর।

আগষ্ট মাসের ৩ নম্বরের সরক্যুলর অর্ডরে যে কর্ম্ম করিবার প্রস্তাব হইয়াছিল তাহাতে কোন গুরুতর আপত্তি না হওয়াতে, রেবিনিউ বোর্ডের সাহেবেরা বিবিধ কার্য্যের সপ্তদশ বিধিতে এই কথা সংযোগ করিতে আজ্ঞা করিয়াছেন।

৩। উপস্থিত কোন মোকদ্দমায় রাজস্ব সম্পার্কীয় আদালতে যে পত্র উপস্থিত করা যায়, যদি মোকদ্দমার কোন পক্ষ কি তাঁহারদের মোক্তারেরা সেই পত্রের অস্বাক্ষরিত প্রতিলিপি প্রার্থনা করেন, তবে তাঁহারা শাদা কাগজ এবং অনুমতিপ্রাপ্ত প্রতিলিপিকারের ফী অর্পণ করিলে, তাঁহারদিগকে ঐ কাগজে প্রতিলিপি দেওয়া যাইবে ( রিকার্ডের ৩১ বিধি দেখ।)

### No. 8.

THE Government of Bengal has been pleased to order that Collectors' Accountants, whom it has been found necessary to displace, as no longer qualified for their office, in consequence of the recent orders of the Government of India in the Financial Department, for the submission of Collectors' Returns to the Accountant-General in the English language, shall be treated, in regard to pension or gratuity, as if they had been "discharged on a reduction of establishment." (*See Pension Rule* 10, *VIII Hume, p.* 632.)

2. If this relaxation of the Rules does not appear to the Collector to meet the requirements of justice and liberality in any particular case, he is to represent the facts, and make a special proposition for the consideration of the Commissioner and the Board of Revenue.

### ৮ নম্বর।

কালেক্টর সাহেবেরা আকৌন্টেন্ট জেনরল সাহেবের নিকটে যে সকল রিটর্ন দেন, তাহা ইংরাজী ভাষায় দিতে হইবেক, ফিনান্সিয়ল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের সম্প্রতি এমত আজ্ঞা হওয়াতে, কালেক্টর সাহেবদের হিসাবী কএক জন তৎকর্ম্মের অনুপযুক্ত বলিয়া কর্ম্মহইতে অবসর পাইয়াছেন। তাঁহাদের পক্ষে বঙ্গদেশের গবর্ণমেণ্ট আজ্ঞা করিয়াছেন যে, কার্য্যালয়ের কর্ম্মকারকদের সংখ্যা ন্যূন করণ কালে যাঁহারা কর্ম্মচ্যুত হন তাঁহাদের পেনশ্যান ও পারিতোষিক প্রাপণের যে বিধি আছে, তদনুসারে উক্ত হিসাবিদের প্রতি কার্য্য হয়। (পেনশ্যনের ১০ বিধি ৮ খা, হিউম, পৃ ৬৩২ দেখ।)

২। যদি কালেক্টর সাহেব বোধ করেন যে বিধি তদ্রূপে শিথিল করা গেলেও কোন ব্যক্তিবিশেষের প্রতি উপযুক্তমতে ন্যায্য ও ঔদার্য্যপূর্ব্বক কর্ম্ম হয় নাই, তবে তিনি তদ্বৃত্তান্ত জ্ঞাত করিয়া কমিস্যনর সাহেবের ও রেবিনিউ বোর্ডের বিবেচনার্থে বিশেষ প্রস্তাব করিবেন।

---

### No. 9.

THE rate levied from Wards' and Attached Estates in 1864-65, in accordance with Circular Order No. 9 of February 1865, provides for all establishments entertained, in Government Offices in connection with the management of such Estates *during the year* 1864-65. It has nothing to do with, and did not provide for the outlay incurred for such establishments during the *previous* year 1863-64. The outlay during *that* year in *Collectors'* offices, was, it is presumed, as a general rule, charged in the accounts of 1863-64; but the outlay in the Board's office could not be so charged: in fact, the orders to Commissioners for its adjustment issued only on the 14th December 1864 (No. 552). In like manner the outlay in Commissioners' offices cannot have appeared in the accounts for 1863-64, but must have been adjusted during the year 1864-65.

2. Nevertheless, the Board of Revenue regret to find that in the accounts of the Wards' Estates for the year 1864-65 (Return No. XXXI.), this charge has, with rare exceptions, not appeared.

3. To adjust the accounts and to provide against loss by the State, it was obviously necessary that the outlay on establishments in Government offices for 1863-64, so far as it had not been previously entered in the accounts (*i. e., certainly* all outlay on account of Commissioners' and the Board's offices, and *possibly* some portion of the charge for Collectors' offices during that year) should be levied and charged in 1864-65, quite

### ৯ নম্বর।

১৮৬৫ সালের ফেব্রুআরি মাসের ৯ নম্বরের সরক্যুলর অর্ডর অনুসারে, অপ্রাপ্ত বয়স্ক বালকেরদের এবং ক্রোককরা মহালহইতে হারানুযায়ি যে টাকা ১৮৬৪।৬৫ সালে আদায় হয় তাহাহইতে ঐ সকল মহালের কর্ম্ম নির্ব্বাহ করণ সম্পর্কে যে সকল কর্ম্মকারক গবর্ণমেন্টের কার্য্যালয়ে নিযুক্ত হন ১৮৬৪।৬৫ সালের নিমিত্তে তাঁহাদের নিয়ম হইয়াছে। তৎপূর্ব্ব বৎসরে অর্থাৎ ১৮৬৩। ৬৪ সালে ঐ কর্ম্মকারকদের নিমিত্তে যে টাকা ব্যয় হয়, তাহার সঙ্গে ঐ নিয়মের সম্পর্ক নাই ও তদ্বিষয়ে ঐ বিধি হয় নাই। সেই বৎসরে কালেক্টর সাহেবদের কার্য্যালয়ে যে টাকা ব্যয় হইয়াছিল, তাহা বোধ হয়, সাধারণতঃ ১৮৬৩। ৬৪ সালের হিসাবে লেখা গিয়াছিল। কিন্তু বোর্ডের কার্য্যালয়ে সেই ব্যয় তদ্রূপে লেখা যাইতে পারিল না। বস্তুতঃ কমিস্যনরদিগের ঐ হিসাব নিষ্পত্তি করিবার আজ্ঞা (৫৫২ নং) ১৮৬৪ সালের ১৪ ডিসেম্বর তারিখের পূর্ব্বে দেওয়া যায় নাই। তদ্রূপেও কমিস্যনর সাহেবদের কার্য্যালয়ে উক্ত ব্যয় ১৮৬৩। ৬৪ সালের খাতা বহীতে লেখা যাইতে পারিত না। তাহাও অবশ্য ১৮৬৪। ৬৫ সালের মধ্যে নিষ্পত্তি হইয়াছে।

২। তথাপি অপ্রাপ্তবয়স্ক বালকদের সম্পত্তির ১৮৬৪। ৬৫ সালের হিসাবের মধ্যে (৩১ নম্বরের রিটর্ণ।) কতিপয় স্থলভিন্ন উক্ত ব্যয় লেখা যায় নাই, ইহা রেবিনিউ বোর্ডের সাহেবেরা আক্ষেপপূর্ব্বক দৃষ্টি করিয়াছেন।

৩। গবর্ণমেন্টের কার্য্যালয়স্থ কর্ম্মকারকাদির জন্যে ১৮৬৩। ৬৪ সালে যত টাকা ব্যয় হইয়াছিল, তাহার যে অংশ পূর্ব্বে হিসাব খাতায় লেখা না গিয়াছে, গত বৎসরের ব্যয় হেতু উক্ত হারানুসারে যে টাকা আদায় হইয়াছে তদ্ভিন্ন ও তদতিরিক্ত সেই অংশ অবশ্য ১৮৬৪। ৬৫ সালে আদায় হইয়া লেখা যাইবে (অর্থাৎ কমিস্যনরদের এবং বোর্ডের কার্য্যালয়ের নিমিত্ত সমস্ত ব্যয় অবশ্য সেই সালের হিসাবে লিখিতে হইবে। কালেক্টর সাহেবদের সেই বৎসরের ব্যয়ের কোন

independently of, and in addition to, the rate levied on account of the expenses of this last year.

4. Collectors are requested to institute an immediate inquiry into this matter, and to effect the needful adjustment now. It is too late for the charge to appear in the Returns for 1864-65 if, as is generally the case, it has not already appeared there; but the amount should be levied and entered in the Collectors' accounts at once, and the balance heretofore entered in Table VI., column XVIII., adjusted accordingly.

5. The adjusted balance of each Estate should be then reported to the Commissioner, and a certificate added that the whole amount of these charges has been credited to Government and debited to the different Estates. The Balances thus shown will be brought forward in Table VI., column I., Return No. XXXI. for 1865-66. The Commissioner will submit an abstract report of the completion of the adjustment, showing the adjusted balance at the credit of each Estate in the whole division at the close of 1864-65, as soon as he obtains his District Returns, and will take measures to ensure the prompt execution of these orders.

6. The adjustment will, it is presumed, affect *Wards'* Estates only, as, until the new rate was introduced, nothing was levied from *Attached* Estates.

---

No. 10.

Owing to the scanty rain-fall this year and to the unusually early cessation of the rains, there is reason to fear a somewhat extensive failure of the rice crops, and considerable difficulty in the way of sowing the cold weather crops over a large part of Bengal.

2. To enable the Board of Revenue to publish reliable statistics of actual prices in various parts of the country, with a view to promoting the natural flow of supplies to the Districts most in need, each District Officer is desired to forward, until further orders, every Monday morning, a Return in the following form direct to the Board of Revenue, sending a duplicate to the Commissioner, and, if there is a line of telegraph near, forwarding the chief facts by telegraph. Should any material alteration occur before Thursday in any week, an intermediate Return should be made on that day. Printed forms will be distributed as soon as possible, without indent, to each officer.

অংশ সেই ১৮৬৪ । ৬৫ সালে লেখা প্রয়োজন হইতে পারে ।) হিসাব নিষ্পত্তি করণ এবং রাজ্যের ক্ষতি নিবারণ জন্যে এই কার্য্য স্পষ্টতঃ আবশ্যক।

৪। কালেক্টর সাহেবদের প্রতি এই আদেশ। তাঁহারা অগৌণে উক্ত বিষয়ের সন্ধান লইয়া প্রয়োজনমতের নিষ্পত্তি এইক্ষণে করুন্। যদি ১৮৬৩। সালের ব্যয় রীতিমতে সেই সালের রিটর্ণে লেখা হইয়াছে, তবে এখন সেই রিটর্ণে লিখিবার অবকাশ হইবে না। কিন্তু টাকা আদায় করিয়া অগৌণে কালেক্টর সাহেবদের হিসাবে লেখা উচিত। এবং ইতিপুর্ব্বে যে বাকী ৬ টেবিলের ১৮ ঘরে লেখা যাইত তাহা তদনুসারে নিষ্পত্তি করা কর্ত্তব্য।

৫। পরে নিষ্পত্তি হইয়া প্রত্যেক মহালের যত বাকী থাকে তাহার রিপোর্ট কমিসানরকে দেওয়া উচিত। ও উক্ত সমুদয় ব্যয় গবর্ণমেণ্টের নামে জমা হইয়াছে এবং ভিন্ন২ মহালের হিসাবে খরচ লেখা গিয়াছে, ইহার সর্টিফিকট সেই রিপোর্টের নিম্ন ভাগে লিখিতে হবে। এতদ্রূপ যে বাকী দৃষ্ট হয় তাহার জের টাকা ১৮৬৫। ৬৬ সালের ৩১ নং রিটর্ণের ৬ টেবিলের ১ ঘরে লিখিতে হইবে। কমিসানর সাহেবেরা আপন২ জিলার রিটর্ণ প্রাপ্ত হইলেই, আপনারদের অধীন সম্পূর্ণ খণ্ডগত প্রত্যেক সম্পত্তির হিসাব নিষ্পত্তিক্রমে ১৮৬৪। ৬৫ সালের শেষে যত টাকা জমা আছে ইহা দর্শাইয়া নিষ্পত্তির কার্য্য সমাপ্তির এক সংক্ষেপ রিপোর্ট অর্পণ করিবেন। এবং এই আজ্ঞানুযায়ি কর্ম্ম ত্বরায় সফল হইবার উপায় করিবেন।

৬। নূতন হার প্রচলিত না হওন পর্য্যন্ত ক্রোক করা মহালহইতে কিছু আদায় হয় নাই, অতএব বোধ হয় হিসাব নিষ্পত্তির উক্ত আজ্ঞা কেবল অপ্রাপ্ত বয়স্ক বালকেরদের সম্পত্তির প্রতি বর্ত্তিবে।

---

১০ নম্বর।

এই বৎসরে অত্যল্প বৃষ্টিপতন ও নিরমিতকালের অত্যগ্রে বর্ষার অন্তর্ধান হওয়াতে ধান্য ফসলের অত্যধিক ক্ষতি সম্ভাবনা, এবং বঙ্গদেশের বহুস্থানে হৈমন্তিক ফসলের বীজ বপনের অত্যন্ত কষ্ট হইতে পারে।

২। যে২ প্রদেশে ধান্য অল্পতর হয়, তন্মধ্যে অনাটন নিবারণার্থে যথোপযুক্ত ধান্যাদি প্রেরণাভিপ্রায়ে, দেশের নানা অংশে ধান্যের প্রকৃত যে মূল্য হয় রেবিনিউ বোর্ডের সাহেবেরা তদ্বিষয়ের বিশ্বাসযোগ্য পত্র প্রকাশ করিতে পারেন, এই হেতুক জিলার প্রত্যেক কর্ম্মকারকের নিকটে এই আদেশ হইতেছে। যত কাল আজ্ঞান্তর প্রাপ্ত না হন, তত কাল পর্য্যন্ত তিনি প্রতি সোমবারে পশ্চাৎ লিখিত পাঠে একেবারে রেবিনিউ বোর্ডের নিকটে রিটর্ণ প্রেরণ করেন, ও তাহার দ্বিতীয় কেতা কমিস্যনর সাহেবের নিকটে প্রেরণ করেন। যদি টেলিগ্রাফের তার নিকট থাকে, তবে মুখ্য বৃত্তান্ত টেলিগ্রাফদ্বারা জ্ঞাত করিবেন। যদি কোন সপ্তাহে বৃহস্পতিবারের পূর্ব্বে মূল্যের গুরুতর অংশে ন্যূনাধিক্য হয়, তবে সেই গুরুবাসরেও তদ্বিষয়ের অতিরিক্ত রিটর্ণ প্রেরণ করিবেন। ঐ রিটর্ণ লিখিবার মুদ্রিত পাঠ প্রত্যেক জন কর্ম্মকারকের নিকটে সাধ্যমতে ত্বরায় প্রেরণ হইবেক। চাহিবার প্রয়োজন নাই।

3. Each District Officer should make immediate arrangements for procuring regular and reliable information of the prices current at each *important* mart in his District, to reach him every Monday and every Thursday morning; but his own Return must never be delayed for any of the outlying Returns, but dispatched *without fail* on Monday or Thursday morning, as the case may be.

৩। প্রত্যেক জিলার অন্তর্গত প্রত্যেক ভারি গঞ্জে যে মূল্য প্রচলিত আছে তাহার বিশ্বাসযোগ্য সম্বাদ প্রতি সোমবারের ও বৃহস্পতিবারের সকালে কালেক্টর সাহেবের নিকটে নিয়ত পঁহুছে ইহার কোন সুনিয়ম তাঁহার অগৌণে করা কর্ত্তব্য। কিন্তু কোন স্থানের সেই সম্বাদ পাইবার গৌণ হইলেও, তিনি কোন ক্রমে আপনার রিটর্ণ পাঠাইতে বিলম্ব করিবেন না। প্রতি সোমবারে কিম্বা প্রয়োজনমতে বৃহস্পতিবারেও তাঁহার সেই সম্বাদ সকালে পাঠাইতেই হইবে, ইহাতে ত্রুটি না হয়।

*Number of Seers of* 80 *Tollahs weight retailed for a Rupee.*

| Names of principal Marts in the District. | Date of latest return from each Mart. | Cleaned Rice in ordinary use. | | | Pulses in ordinary use. | | | Wheat. | | Atta. | | Janerah or Indian Corn and such Grains. | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Dearest sort. | Cheapest sort. | | Dearest sort. | Cheapest sort. | | Ordinary price at this season. | Present lowest price. | Ordinary price at this season. | Present lowest price. | Ordinary price at this season. | Present lowest price. |
| | | | Ordinary price at this season. | Present price. | | Ordinary price at this season. | Present price. | | | | | | |
| | | | | | | | | | | | | | |

৮০ তোলার যত সের টাকায় পাওয়া যায়।

| জিলার প্রধান২ গঞ্জের নাম। | প্রত্যেক গঞ্জহইতে যে তারিখে শেষ রিটর্ণ পাওয়া যায় | সাধারণ লোকের আহারীয় কাঁড়া চাউল | | | সাধারণ লোকের আহারীয় দাইল প্রভৃতি | | | গোম | | আটা | | জনেরা ভুট্টা প্রভৃতি শস্য | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | অত্যধিক মূল্য | অতি সুমূল্য প্রকারের | | অত্যধিক মূ.। | অতি সুমূল্য প্রকারের | | ইহকালীন সাধারণ মূল্য | বর্ত্তমান অল্পতর মূল্য | ইহকালীন সাধারণ মূল্য | বর্ত্তমান অল্পতর মূল্য | ইহকালীন সাধারণ মূল্য | বর্ত্তমান অল্পতর মূল্য। |
| | | | এই কালে সাধারণ মূল্য | বর্ত্তমান মূল্য | | ইহকালীন সাধারণ মূল্য | বর্ত্তমান মূল্য | | | | | | |
| | | | | | | | | | | | | | |

## Income Tax.

### No. 11.

As soon as the Income Tax is finally collected or adjusted in any District, all the papers connected with the tax may be destroyed, except—

1*st*.—Office Registers and Periodical Returns.

2*nd*.—The Rent Rolls described in Section XCVII., Rule 4, Act XXXII. of 1860.

[*Government Gazette*, 21*st November* 1865.]

## ইন্‌ক টাকুস।

### ১১ নম্বর।

কোন জিলার অন্তর্গত ইনকম টাকুস আদায় ও নিষ্পত্তি হইয়া তৎকার্য্য সমাপ্ত হইলে, টাকুস সম্পর্কীয় সমস্ত কাগজপত্র নষ্ট করা যাইতে পারিবে। কিন্তু এই২ কাগজ রাখিতে হইবে অর্থাৎ—

১। আফিস রেজিষ্টর ও নিয়মিত সময়ের রিটর্ণ।

২। ১৮৬০ সালের ৩২ আইনের ৯৭ ধারার ৪ প্রকরণের নির্দ্দিষ্ট রেন্ট রোল অর্থাৎ খাজানার ফর্দ্দ।

These Registers should be stamped A, and the Returns and Rent Rolls B., and deposited as ordinary records in the Record Room.

